

## অচিন্তাকুমার রচনাবলী

ছিতীয় খণ্ড

- EGEN ENEZLESIOS -



### Achintya Kumar Rachanavali (Vol. 2) Achintya Kumar Sengupta (Chronological Collected Writings)

প্রথম প্রকাশ : ১৩৫৯

উপদেষ্টামগুলী:

ডঃ সরোজমোহন মিত্র

শচীক্রনাথ বন্দ্যোপাধ্যায়

নিরঞ্জন চক্রবর্তী

প্রকাশক:
যোগজীবন চক্রবর্তী,
গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড,
১১এ, বৃদ্ধিম চ্যাটার্জী খ্রীট, কলকাতা-১২

মৃদ্রক:
শুকদেবচন্দ্র চন্দ বিবেকানন্দ প্রেস, ১।১এ, গোয়াবাগান খ্রীট, কলকাতা-৬

প্রচ্ছদ-শিল্পী : রূপায়ণ, কলকাতা-৬

আলোকচিত্ৰ: অঞ্চিত দত্ত্ব

#### মূচীপত্ৰ

<sup>'</sup>উপন্যাসঃ আকম্মিক ৩

বিবাহের চেয়ে বড়ো ১২৯

গলপগ্ৰ•থঃ টুটা-ফ্টা ৩৩৩

ট্টা-ফ্টা ৩৩৫ চোখের চাতক ৩৪৯ খাখ্ ৩৫৪ সম্প্যারাগ ৩৭৩ অচল টাকা ৩৯৩ দুইবার রাজা ৪০২

ইতি ৪১৯

অরণ্য ৪২১ ধন্বশ্তরি ৪৪৩ ষে-কে-সে ৪৬৩ দিনের পর দিন ৪৮০ ইতি ৫০৫

কৈশোরক: ৫৩৫

গল্প: গুমোট ৫৩৭ নায়ক-নায়িকা ৫৪১

"পারে যাবার আর কে আছে ?" ৫৪৪

কাকের বাসা ৫৪৬ সবচেয়ে সে আপ্নার ৫৫০

ডোরা ৫৫২ সাত খ্ন মাপ ৫৫৭

প্রবন্ধ: কবি সত্যেন্দ্রনাথ দত্ত ৫৬৭

উ প ক্যা স

আ ক শ্মিক

# শ্রীঅমুদাশকর রায় করকমনেধ্ শ্রীঅচিম্ভাকুমার সেনগুপ্ত

₹5, €, ७0

\*

এই উপন্যাসখানি নামান্তরে প্রগতি-তে ১৩৩৫-৩৬ সালে প্রকাশিত হ'য়েছিল। পরে দেখা যায় 'আকস্মিক' নামই সাথকতর।

অ. কু. সে.

নদীটি ঐথান হইতে বাঁকিয়া একেবারে অস্পষ্ট, অদৃশ্য হইয়া গেছে। এ-দিকটায় অবিশ্রান্ত মাথা খুঁড়িয়া চুল ছিঁড়িয়া একেবারে হয়রান্ হইয়া যেন ঐ বহুদূরে বিদিয়া জিরাইয়া লইতেছে,—চাহিয়া থাকিলে তাহাই মনে হয়! শুধু শুল্ল একটি জলরেথা একটি সম্নেহ ইসারার মত চোথ মেলিয়া থাকে।

পার ধরিয়া বরাবর পাটের ক্ষেত ঘেঁ বাঘেঁ বি করিয়া রহিয়াছে। সেই ক্ষেতের মধ্য দিয়া সরু পথ, কোথাও পথের উপর বিশ্রী কাদা জমিয়া আছে, কোথাও ফণী-মনসার ঝোপ,—সব উত্তীর্ণ হইয়া তবে নদীর কিনারে আসিয়া হাটুরে নৌকা ধরিতে হয়। ছেলেমেয়েগুলি ক্ষেতের মধ্যে ছুটোছুটি লুকোচুরি খেলিতে-খেলিতে আগাইয়া চলে।

ভোর বেলাই সেদিন বর্ষা নামিয়াছে। নদীর পারে আসিয়া নৌকা ভাকিতে যাইবে, এমন সময় অদূরে কি একটা পড়িয়া থাকিতে দেখিয়া বেছারি তাহার মাথার মাটির কলসের ঝাকাটা নামাইয়া রাখিয়া অগ্রসর হইল। বেশি দূর যাইতে হইল না, চেঁচাইয়া উঠিল, -রজনী, রজনী!

রজনী তাহার তরিতর্কারির ঝাঁকা লইয়াই ছুটিয়া আসিয়া কহিল,—আরে, এ যে গিরি-গরলানি!

যাহারা পদরা নিয়া পরপারের লাভের আশায় আদিয়া জুটিয়াছিল, তাহারা দবাই ভিড় করিয়া দাঁড়াইয়া বৃষ্টিতে ভিজ্জিতে লাগিল।

বেহারি ফের চেঁচাইয়া উঠিল, -- ওরে, এখানে যে একটা ছেলে পড়ে' আছে।
শনী তাহাকে কোলে তুলিয়া লইয়া কহিল,—এখনো মরে নি। তোরা যা
কর্বার কর্, আমি চল্লাম বাড়ি। বলিয়াই সম্প্রপ্ত মৃতপ্রায় শিশুটিকে
কাপড়ের মধ্যে বুকের তলায় লইয়া উবু হইয়া উধ্বিয়াসে ছুট্ দিল।

শশীর বৌ নিস্তারিনী উঠানে বসিয়া বৃষ্টির মধ্যেই গত রাজের এঁটো বাসনগুলি মাজিতেছিল, ছুটিয়া আসিয়া কছিল, —দেখি, দেখি, কোথায় পেলে,— কার গো? বেঁচে আছে?

তাড়াতাড়ি শিশুটিকে কোলে লইয়া এঁটো হাতেই উহার গাল টিপিয়া দিল, বুকের কাছে কান নিয়া নিখাস শুনিবার চেষ্টা করিল,— সমস্ত গা বিবর্ণ হইয়া গেছে। স্বামীকে উদ্দেশ করিয়া বলিল,—শিগ্গির আগুন কর খানিক।

পরে শৃষ্টে নিরুপায় ও নিরুৎসাহ দৃষ্টি মেলিয়া নিস্তারিনী বলিয়া উঠিল,— রাথ হরি!

হরি রাখিলেন।

এ-দিকে নদীর পারে ভিড় খুব জাঁকিয়া উঠিয়াছে। বেহারি মুক্কিয়ানা করিয়া বলিল,—যখনই করতাল নিয়ে মাগী গেরুয়া এঁটে কুলের বা'র হ'রে এলেন, তখন এম্নি ধারা কেলেছারি একটা ঘট্বেই, বহুবার বলেছি আমি। বলি নি পঞ্?

পঞ্ একটা যাত্রার আখ্ড়া খুলিয়া বেশ ত্'পয়সা হাডাইতেছে আজকাল।
চেহারাটি আগাগোড়া ইন্ধি-করা, পকেটে গাঁজার কল্কে, কানের পিঠে বিড়ি
গোঁজা, গলায় একটা রুমাল বাঁধা,—চোখ তুইটা যেন সহজে চোখে পড়িতে চাহে
না, একেবারে ভূবিয়াছে। কথা বেশি কয় না, য়া কয় গান বাঁধিয়াই সারে।
লক্ষা ঠাাং তুইটা তুই পাশে তুলাইতে তলাইতে গাহিয়া উঠিল:

তালে-তালে পা' ফেলি' দিত শুধু করতানি,
গোক্ষা গারেতে টেনে ছইল ড্থাও।
আর নাহি করতাল, না'-এ তুলে' দাও গাল,
লগি ছেড়ে অংলেতে এবার উজ্ঞাও।।

রজ্বনী গিরির মৃত্যু-ম্লান মুখের দিকে চাহিয়া মুখ ভেঙচাইয়া বলিয়া উঠিল,— কি কীত্তিই কর্লেন!

পঞ্চ ফের গাহিয়া উঠিল:

এসেছিল কীন্তিনাশা সকল কীৰ্ত্তি নাশে গো ভারে দেখেই হাসে মাটি, ভারেই ভালোবাসে গো।

জন্ত ধমক দিয়া উঠিল-পাম্, পঞ্চ।

পঞ্ দেখিল, কি নিদারণ অসন্থ যন্ত্রণায় গিরির মুখ একেবারে বিক্লুত হইয়া গৈছে, বুকের পাঁজরাগুলির দিকে চাহিয়া মনে হয় যেন বছদিন খাইতে পায় নাই, পা তুইটা একেবারে ক্তবিক্লুত হইয়া গেছে, যেন কোন্ কাঁটা-জঙ্গলে আশ্রয় লইতে গিয়াছিল, পরে নদীর ডাক শুনিরা ছুটিয়া আসিতেছিল বুঝি,—আর ঝাঁপাইয়া পড়িতে পারে নাই,—সাহসেই ক্লায় নাই হয় ত'। কিম্বা, এই মাটির কাছেই হয় ত' উহার একটি ঋণ ছিল, তাহা শোধ করিয়া গেছে।

বেহারি একবার তাহার পা দিয়া গিরির মাথাটা ঠেলিয়া দিয়া কছিল, —
না, নেই—

वस्ती कश्नि,-कि श्र पत १

বেছারি কহিল, —কে ওকে ছোঁবে ? দে বেটিকে নদীতে ফেলে'। বলিয়া পা দিয়া জোরে একটা ঠেলা মারিয়া গিরির মৃতদেহটা আগাইয়া দিল। সকলেই একটা ছইটা করিয়া লাখি মারিয়া সাহাষ্য করিল, তার পরে নদীই কোলে করিয়া লইল।

পঞ্চ গাহিয়া উঠিল :

মেঘের মত-কালো কেশে
নদীতে বাও লো ভেদে,—
মেঘের মত কালো কেশে—

কাহারও আর হাটে যাওয়া হইল না; —গলায় কটি ঝুলাইয়া. দাতে মাশ দিয়া, কপালে রসকলি আঁকিয়া, থোঁপার জুঁইছুল গুঁজিয়া ও হাতে তান্পুরা নিয়া যে সব বৈষ্ণবী বাউরি হয় তাহাদের চরিত্র যে নিয়লয় নয় এই সম্বন্ধেই গবেষণা চলিতে লাগিল। বৃষ্টির দিনটা কাটিল ভালো। তবু খালি এ ওর মুখ-চাওয়াচায়ি করে।

भक् बानिया **इंक्लि, - मनी** ! ह्हलिए बाह् ?

বেহাবি চোথ ছুইটা কপালে তুলিয়া বলিল,—বলিদ্ কি ? আছে ? কেন বাপু ঝঞ্চাট্, একদঙ্গে নদীতে ফেলে' দিলেই ত' চুকে' যেত—

मभौ विनन,—जा कि इम्र विश्वाति ? ह्यानि वि कारि —

বেহারি ম্থব্যাদান করিয়া বলিল,—তুই ওকে পাল্বি নাকি? মরাই যার উচিত, একটা অজ্ঞাত ছেলে,—নোংরা—

ঘরের ভিতর হইতে মুখ ঝামটা দিয়া নিস্তারিনী বলিয়া উঠিল, – নিজ্ঞের ছেলেপিলেনের দিকে চেয়ে যেন এ সব কথা বলা হয়—

সবাই রাগ করিয়া চলিয়া আদিল। সন্ধ্যা না হইতেই শশীর নামে গ্রামে একটা ভীষণ তুর্নাম বটিয়া গেল।

বিকালের দিকে পঞ্চ আদিয়া শশীর দোর-গোড়ায় গাঁড়াইয়া ঠ্যাং ছ্লাইতে-তুলাইতে গাহিয়া উঠিল:

> চন্দ্রেতে বেটুকু দাগ, তারি তরে অমুরাগ, তোমার চোথের মণি কালো, তাই তোমারে বাসি ভালে ;

> > ভাই ভোষারে ভালোৰাসি বে-ফুলটি হয়েছে বাসি।।

গান থামাইয়া ডাকিল, —ওরে শশী, বৌকে বল্ একটু আগুন দিতে, এক ছিলিম সেজে ফেলি, —আর বল্, ছেলেটাকে যেন জিইয়ে রাখে, আমার দলের সধী হবে। সধীরে— স্থর পঞ্চম ছাড়িয়া সপ্তমে উঠে।

প্রার্থনা করিবার কেহই ছিল না বলিয়া নিস্তারিনী আর রহিল না। ছই বার ভেদ বমি হইল মাত্র, তারপর শরীরটাকে বাঁকাইয়া চুরাইয়া 'গোটা তিন মোচড় দিল, মৃহুর্ত্তে বিবর্ণ হইয়া গেল, মুখের মধ্য হইতে জিভটা বাহির হইয়া আসিয়া দাতের কাছে আটুকাইয়া রহিল।

রাথহরি তথন বেশ ডাগর হইয়াছে, - ছয় বছরের।

পঞ্চ আসিয়া কহিল,—থাসা মেয়ে শশী,— ছয়ছোট্ট, তাজা তেল-ফুলটির
মত। আমার মাস্তুত বোনের পিস্তুত ননদ, তুই একটি বার তুধু দেখে আয়।
বলিয়াই গান ধরিল:

ছুরির মত চাউনি চোখের ওলো ছুঁড়ি ঠাকুর-ঝি, তোরে আমি দেখেই ভুলেছি।

শশী কনে দেখিয়া হাঁ-কর। মুখ আর বুজাইতে চাহে না। পরে গলাটা ভিজাইয়া লইয়া বলে,— আমার আর কি, হাড়ি-কলস নিয়েই থাকি.—অস্থবিধে যত রাখ-র। ভারি স্থাওটা ছিল।

সমস্ত দেহে যৌবনের জোয়ার নিয়া দামিনী আদিল, আদিয়াই মাথার ঘোম্টা ফেলিয়া কোমরে কাপড জডাইয়া হাডিকুঁড়ি লইয়া সংসারে মাতিয়া উঠিল। বলিল,—কি ছিরি ঘর-দোরের, এমন জায়গা থেকে য়মও ভাগে। লোকটার চোখে কি ছানি পড়েছে দ

ন্তন করিয়া উম্বন পাতে, উঠান ঝাটাইয়া একেবারে তক্তকে করিয়া তোলে, পিঁড়ে লেপিতে বাসয়া সমস্ত হাত-পা কাদায় মাথামাথি হইয়া উঠে। নিজের মনে বলে,—কোথা থেকে কোথায়—

রাখ ছুটিয়া আসিয়া মা বলিয়া দামিনীকে জড়াইতে যায়, দামিনী লাফাইয়া উঠিয়া দ্ব-দ্ব করিয়া উঠে। শশীকে লক্ষ্য করিয়া বলে,-- আমার বাড়িতে এই সব অনাছিষ্টি কাণ্ড চল্বে না বল্ছি। ঐ বেজমা ছেলেটাকে বা'র করে দাও।

রাথ তাহার আলিঙ্গনোগত হাত তুইটি ধীরে-ধীরে গুটাইয়া আনে। শশী বলে,—তা কি হয় ? দামিনী ঝকার দিয়া উঠে,— না হয়, ত' রইল তোমার এই ছর-দোর, আমি কি ঐ বেজনার ছোঁয়া সইব নাকি? বলিয়া হাতের গোবরের গাম্লাটা ছুঁডিয়া ফেলে।

শশী হাঁ- হাঁ করিয়া উঠিল। বলিল,—তার ব্যবস্থা একটা হবে'খন। যাবার দরকার নেই।

দামিনী ফের কাজে মন দেয়, বলে,—বেশ ভাগর ত' হয়েছে, চা-বাগানের কুলি করে' দাও না—

मनी वहन,--(पश याक्।

দামিনী উঠানেই রাখ-কে একটা কলাপাতা করিয়া ভাত ধরিয়া দেয়, পোষা কুকুরটাকে পাশে লইয়া রাখ তাহাই ছ'মুঠা খাইয়া উঠে। সমস্ত দিন কোথায় ঘুরিয়া বেড়ায় কেহই খবর রাখে না; সন্ধ্যা হইতে না হইতেই আবার ফিরিয়া আদে, কলাপাতা হাতে নিয়া উঠানে তীর্থকাকের মত বসিয়া থাকে, কুকুরটা পাশে ঘুমায়। কোনদিন খাওয়া পায়, কোনদিন বা লাক্রির বাড়ি—দাওয়ায় কাঁথা জড়াইয়া কুকুরটাকে পাশে লইয়াই শোয় আর মা'র কথা ভাবিয়া ফুঁপাইয়া-ফুঁপাইয়া কাঁদে।

পঞ্পায়ই আসে। রান্নাঘরের উদ্দেশে হাঁকে—কি রাঁধ্ছ ঠাকুর-ঝি, দাও
না চাটি থাই। ঘরে চুকিয়াই একটা থালা লইয়া বদে। যা রান্না হইয়াছে
তাহাই থানিকটা দামিনী ঢালিয়া দিয়া বলে,— তরকারিটাতে জুন দিয়েছি কিনা
দেখ ত'।

খাইতে-খাইতে পঞ্চ গাহিয়া উঠে :

কি রান্নাই রে ধেছ বধু, তোমার অন্নে মধু, অকে মধু—

বলিয়াই দামিনীর আঁচল ধরিয়া বলে,—ওটুকু আর নিয়ে যাচ্ছ কেন, ঢেলেই দাও।

দামিনী বলে,—ছাড়, দিচ্ছ।

পঞ্চু ফের গাহিয়া উঠে:

তুমি হ'রো চক্রবদন, আমি হ'ব মুথের আঁচল, তুমি হ'রো নরন-মণি, আমি হ'ব কালো কাজল।

দামিনী ঠোঁটের কোণে উদগত হাসিটি চাপিয়া রাধিয়া গলা ভারি করিয়া বলিল,—আচ্ছা পঞ্চু-দা, গিরি-বোষ্টমির সঙ্গে তোমার বন্ধুর যে অপবাদ রটেছে, সে কি সভািঃ তবে হতচ্ছাভা ছেলেটাকে তাভায় না কেন ? পঞ্চু গানেতেই উত্তর দেয়:

ৰদি পোন অপৰাদ, দিৱো তার সকলি বাদ, আমি গলার পরেছি যে গো কলঙ্কেরি অলঙ্কার— নেই ক' আমার বসন-ভূবণ, তাই ত' পরের মিধ্যা-ভাষণ—

গান শেষ না হইতেই দামিনী ঠোঁট ফ্লাইয়া বলে,—না, ঠাট্টা নয়, পঞ্-দা।
আমি এর একটা হেস্তনেস্ত কর্বই।—বলিয়া মৃথ হাঁড়ি করিয়া ভোলে। জলস্ত
উন্থনের মধ্যে অনবরত কাঠের থোঁচা মারিয়া ক্ষম কোধটা নিবৃত্ত করিতে চায়।

এক-এক দিন শশী আসিয়া পড়ে। দামিনী সম্ভ্ৰন্ত ইইয়া মাথায় ছোম্টা টানিয়া দেয়, পঞ্ শুক্নো ভোব্ড়ানো মুখের উপর তাহার স্বাভাবিক হাসি বিকশিত করিয়া গাহিয়া উঠে:

কেন হেন অবগুঠন, পিপাসী ভ্রমর চাহে মুখ-মধু-লুঠন—

কীর্ত্তনের করুণ স্থর শুনিয়া অবগুঠনাবৃত দামিনীর মুথ রাঙা হইয়া উঠে।
শশী কঠিন হইয়া পঞ্চক বলে,—তুই রোজ দকালবেলার খাওয়াটা এখানেই
সেরে নিবি নাকি ?

যে-গোগ্রাসটা মুখের কাছে তুলিয়াছিল, তাহা অর্ধ পথে শৃত্তে থামিরা রহিল,—পঞ্ তরু হাসিয়াই কহিল,—তোর বৌকে বল্। কিছুতেই না থাইয়ে ছাড়ে না। দামিনীকে বলি, - তোর সঙ্গে তু'টো কথা কয়ে'ই পেট ভরে আমার; তোর বৌ বলে,—আমার ভরে না তাতে, চাট্ট খাও। আর, সত্যিই শশী, তোর এই রায়া-ঘরটিতে এসে চুক্লেই উপোদি পেট্টা চন্চন করে' ওঠে। সেই ছুক্র কাঠ-ফাটা রোদে তিন-কোশ পায়ে হেটে নিজে তু'টো ফুটিয়ে নিতে হবে না ভেবে ভারি আয়েস লাগে। তুপুর বেলাটা নদীর পারে বটগাছটার তলায় ভয়ে' তোফা এক মুম দিই—

কথা শেষ না হইতেই আবার গিলিতে আরম্ভ করে।

শশীর সমস্ত শরীর একেবারে রি-রি করিয়া উঠে। ইচ্ছা করে, পঞ্চর হাড়গিলের মত সরু গলাটা ক্যাক্ করিয়া টিপিয়া ধরিয়া একেবারে চ্যাপটা করিয়া দেয়। রুদ্ধ স্বরে বলে, – তার জন্মেই বুঝি নিজের গাঁয়ের মেয়ে এনে তাকে দিয়ে দানছত্ত খুলিয়েছিন্। এ সব এখানে চল্বে না, পঞ্ছ।

বলিয়াই শশী সামনের ধাইবার জলের গ্লাশটা পা দিয়া লাথি মারিয়া ঘরের বাহির হইয়া গেল।

ঘরের ভিতর হইতে দামিনী ঝন্ধার দিয়া উঠিল,—কেন চলবে না শুনি ? সাত

শো বার চল্বে। আমার ভাতের ভাগ আমি যাকে খুসি তার মুখের কাছে তুলে ধরব। তোমার কি ?

শশী ফিরিয়া দাঁড়াইল। দেখিল, দামিনীর ঘোম্টা খসিয়া গিয়া কতকগুলি কালো চুলের গুচ্ছ কাঁধ বাহিয়া বুকে আসিয়া সাপের ফনার মত লুটাইয়া পড়িয়াছে, আনাবৃত দৃগু মুখ রাগে একেবারে রক্তাভ হইয়া উঠিয়াছে, যেন এখুনিই হাতের থালাটা শশীকে লক্ষ্য করিয়া ছুঁড়িয়া মারিবে।

শশী তেমনি দাঁড়াইয়াই রহিল, কি বলিবে কিছুই ঠাহর করিতে পারিতেছে না যেন। দ্যমিনী হঠাৎ নীচু হইয়া পঞ্জ পাতে ভাত ঢালিয়া দিতে-দিতে জোরে বলিতে লাগিল,—তুমি খবরদার উঠো না, পঞ্-দা—আমার মাথা খাও, ভোমাকে আজ পেট ভরে'ই খেয়ে যেতে হবে। দেখি ওর কি দাধ্যি, আমার গাঁরের লোককে অপমান করে। মাইরি, উঠো না বলছি।

দামিনীর আলুলায়িত চূল প্রায় পঞ্চর পাতে আসিয়া পড়িয়াছে। সেই আনমিত, আয়ত তুইটি চোখের পানে চাহিয়া পঞ্চর আর পলক পড়িতেছে না। বুকের মধ্যে গানের কলি তোল্পাড করিয়া উঠিতেছে বৃঝি। কিন্তু হাত গুটাইয়া কঠি হইয়া বসিয়া রহিল।

শশী উপরের দাঁতগুলি দিয়া নীচের দাঁতগুলি একবার খুব জোরে ঘষিয়া লইয়া বলিল,—এবারে যাও, নিক্ঞ-যাত্রা-পার্টির সখী সাজ্ঞ গে!

বলিয়াই নিমেষের মধ্যে অন্তর্হিত হইয়া গেল।

পঞ্চ ভাতের থালা সরাইয়া রাখিয়া বিরসমূখে কহিল, আমি এবার উঠি, দামিনী। গলা দিয়ে ভাত আর যাচ্ছে না—

বলিয়া দামিনীর মূথের দিকে চাহিল। সে-মূথে আর সেই উজ্জ্লতা নাই, অভিমানে সেই মুথখানি যেন অতিশয় কোমল ও করুল হইয়া আদিয়াছে। তুইটি চোথে একটি নীরব বেদনার অস্পৃষ্ট ধূসরতা ধীরে-ধীরে ঘনাইয়া উঠিয়াছে। পঞ্চ পিঁড়ি হইতে উঠিয়া কহিল,—আমি যাই, দামিনী।

দামিনী প্রথমে কোন কথা কহিল না, ধীরে-ধীরে মাধার উপরে ঘোষ্টাটা একটু তুলিয়া দিল শুধু। পঞ্চ আবার কহিল,— সোয়ামির সঙ্গে ঝগ্ডা করতে নেই।

দামিনী গাঢ়ম্বরে উত্তর দিল, - তবে কেন ও তোমাকে এম্নি খামোকা অপমান করবে ?

পঞ্ কহিল,—করুক্। তবু আমি তোর কেউ নই। দামিনী ঠোঁট ফুলাইয়া কহিল,—না, কেউ নও! এ-রকম দোয়ামির মুখে আগুন। আমি গলার দড়ি দিয়ে মর্ব। তুমি বেছে-বেছে আমার ভালো বর-ই জুটিয়ে দিয়েছিলে, পঞ্-দা। যম-ও ছিল ভালো। বলিয়াই দামিনী ঝর্ঝর করিয়া কাঁদিয়া ফেলিল।

পঞ্চ চলিয়া যাইতে দেখিয়া দামিনী তৎক্ষণাৎ চোখের জল মৃছিয়া দরজার চৌকাঠ ধরিয়া জিজ্ঞানা করিল,—কিন্তু কবে আদবে আবার শুনি ?

পঞ্ ষাইতে-যাইতে বলিল,—আর আস্ব না।

দামিনী উচ্চকণ্ঠে ডাকিয়া উঠিল,—শোন গো, শোন, পঞ্-দা। আমার মাথার কিরে, একটা কথা শুনে যাও, লক্ষ্মী।

**१कृ कितिन।** कहिन,-- कि ?

দামিনী একটু হাসিয়া কহিল, - না হয় রাগ করে' গরিবদের ঘরে আর ভাত খাবে না। কিন্তু তোমাকে তো আর ঠ্যাঙা দিয়ে তাড়া করে' বাড়ির বা'র করে' দিই নি। তুমি এস কিন্তু। তোমার কাছে আমি গান শিখব।

পঞ্ কৌতৃক বোধ করিয়া তাহার কোটরস্থ চক্ষু তুইটা ঠেলিয়া তুলিয়া কহিল, —বলিস্ কি ?

—ই্যা, - মাইরি গান শিথব। গান শেখা হ'লে সধী হ'য়ে তোমার দলে গিয়ে ভতি হ'ব। নেবে ত' আমাকে ?

পঞ্চাই কথা কানে না তুলিয়া কহিল,—এ ভাষ তোর ছেলে উঠোনে পাত পেতে বদে' আছে। ওকে ভাত দে।

বলিয়াই তাড়াতাড়ি পা ফেলিয়া একটা স্থ্য ভাঁজিতে ভাঁজিতে অদৃষ্ঠ হইয়া গেল।

রাখ দেই কখন হইতে পাশে তাহার বুডা কুকুরটাকে লইয়া পাত বিছাইয়া বিদয়া আছে, কাহারও ঠাহর নাই। বাড়ির সাম্নের পচা ডোবায় কয়েকটা ডুব দিয়া কুকুরটাকে আন করাই৸, নিজের পরনের ছোটু কাপড়টুকু দিয়াই ত্'জনের গা মৃছিয়া, পথের পারের একটা কলাগাছ হইতে পাতা ছিঁড়িয়া আনিয়াছে,— মৃপ্থে একটিও রা নাই। শুধু কুকুরটা মাঝে-মাঝে চঞ্চল হইয়া লেজ নাড়িতেছে ও জিভ বাহির করিয়া ক্রধায় হাপাইতেছে। তুইটি ক্র্ধার্ড প্রাণীর ভীত নির্বাক দিষ্টিতে একটি করণ মিনতি মাখানো।

রৌজ রান্নাঘরের চাল ডিঙাইয়া রাখ-র পাতের উপর আসিয়া পড়িয়াছে। কুগুলী পাকাইয়া ঘুমাইবার চেষ্টা করিতেছে।

রাথ এইবার মূথ ফুটিয়া কহিল,—ভাত দিবি নে, মা ? সেই কখন থেকে বসে' আছি। দামিনীর ভাছাতে হঁস্ নাই। পঞ্চলিয়া গেলে কভক্ষণ বিষর্ব মুখে চুপ করিয়া বঁসিয়া রহিল, পরে বনিয়া-বসিয়া এঁটো মাজিল, রালাঘর সাফ্ করিল ও রাখ-র প্রার্থনায় কর্ণপাত না করিয়া একখানা শস্তা লাল সাবান লইয়া ঘাটে স্নান করিতে গেল।

মা-কে অন্তর্হিত হইতে দেখিয়া রাখ নির্ভয়ে অথচ নিঃশব্দে রাল্লাঘরে গিয়া চুকিল। কুকুরটাও প্রভুভক্তির পরাকাঠা দেখাইয়া রাখ-র পদামুসরণ করিল।

ভিন্-গাঁমের হাট হইতে শশী বধন ফিরিয়া আসিল, বেলা তথন গড়াইয়া পড়িয়াছে। রোজ এম্নিই দেরি হয়, বাড়ি ফিরিয়া কোনো দিকে দৃক্পাত না করিয়া গোটা তুই ভূব দিয়া, ভিজা গা ভালো করিয়া না মৃছিয়াই ঢাকা-দেওয়া শুক্নো ভাত গিলিতে বসে। দামিনী দাওয়ায় পড়িয়া-পড়িয়া খুমায় ।

সেই দিন-ও দামিনী গা ঢাকিয়া দিয়া ঘুমাইয়া লইতেছিল বটে, কিছ উঠানের দিকে চক্ষ্ পড়িতেই শশী একেবারে থামিয়া গেল। উঠানের উত্তর দিকে যে একটা কাঁঠাল গাছ ছিল তাহার সঙ্গে রাখ-কে কে আঁটিয়া-আঁটিয়া বাঁধিয়া রাখিয়াছে। দড়ি জোটে নাই বলিয়া রাখ-র কোমরের কাপড়টুক্ পাকাইয়া লইয়া গলা হইতে ক্ষক করিয়া গোড়ালি পর্যন্ত টানিয়া টানিয়া একেবারে চ্যাপ্টা করিয়া দিয়াছে। রোদ্রে রাখ-র সমস্ত মুখ একেবারে ভাজা-ভাজা হইয়া উঠিয়াছে, গাছের গোড়া হইতে কভগুলি পিপুড়ে উঠিয়া কাম্ডাইয়া কামড়াইয়া উহার পা তৃইটার কিছুই রাখে নাই। তাহাই নয়, কে যেন একটা কিছি দিয়া বাড়ি মারিয়া উহার সমস্ত দেহ ফুলাইয়া দিয়াছে। খালি অসহায় ক্ক্রটার আর্তনাদের বিরাম নাই, উঠানটা চিয়া ফিরিতেছে; আর রাখ উহার ধারালো দাঁত দিয়া কাপডটা টুক্রা-টুক্রা করিয়া ছিঁডিয়া ফেলিবার জ্বভার ধারালো দাঁত দিয়া কাপডটা টুক্রা-টুক্রা করিয়া ছিঁডিয়া ফেলিবার জ্বভা নিক্ষল চেটা করিতেছে।

শলী ছুটিয়া আসিয়া কহিল,—কে করেছে এ ¾ রাথ <del>ও</del>ধু বলিল,—মা।

<u>—</u>কেন ?

—ভাত চেয়েছিলাম, তাই—

শশী নিজে চেষ্টা করিয়া কাপড়ের শক্ত গেরো খুলিতে না পারিয়া একথানি দা আনিয়া রাখ-র বাঁধন কাটিয়া দিল। তৎক্ষণাৎ এক লাফে দাওয়ায় উঠিয়া দামিনীর চূলগুলি মুঠার মধ্যে লইয়া প্রচণ্ড বেগে টানিয়া উহাকে ঘুম হইতে জাগাইয়া, চেঁচাইয়া উঠিল,—ছেলেটার এ কি করেছিল্ হারামজ্ঞাদি ?

ব্যাপারটা ব্রিয়া লইতে দামিনীর দেরি হইল না। এক ঝট্কায় নিজেকে
মুক্ত করিয়া লইল,—শুধু কতগুলি কোমল কালো চুল শশীর মুঠোর মধ্যে রহিয়া
গোল। মুথঝাম্টা দিয়া বলিয়া উঠিল,—খবরদার গায়ে হাত তুলো না বলছি,—
সোয়ামিগিরি বা'র করে' দেব। ঐ বেজন্মা চাঁড়ালটা কেন কুক্র নিয়ে রায়াদরে
চুকেছিল,—বেশ করেছি! ধর মুখু আমি চিবিয়ে খাব।

বলিয়া দামিনী পার্শবিত দা খানা রাখ-র উদ্দেশেই ছুড়িয়া মারিল হর ত'। রাখ তখন আপনাকে ঢাকিবার চেষ্টায় উব্ হইয়া বনিয়া কুকুরটাকে একট্ আদর করিতেছে। ধারালো দা কুকুরটার পিঠের উপর আসিয়া ছিট্কাইয়া পড়িল।

একে ভোরবেল। হইতে শশীর মেজাজ তিরিক্ষি হইয়া আছে, তাহার উপর ক্ষার জালায় বৃদ্ধিও বিশেষ ভালো খেলিতেছিল না, দিশাহারা হইয়া দামিনীর পেটের উপর ধাঁই-ধাঁই করিয়া কভগুলি লাখি বসাইয়া দিল। কহিল,—তৃই বড্ড বার বেড়েছিল, মাগী। তুই যাত্রা-দলের সখী হবি, গান শিখ্বি—আমি সব শুনেছি লুকিয়ে-লুকিয়ে—

দামিনী হাউ-মাউ করিয়া কাঁদিয়া চেঁচাইয়া চূল ছি ডিয়া মাথা খুঁড়িয়া ম্থ-খারাপ করিয়া কেলেঙারির আর কিছুই বাকি রাখিল না। বলিল— হ'ব-ই ত' যাত্রাদলের স্থী, তোর কি, – আমি এক্সনি যাচ্ছি বেরিয়ে।

— या ना। – यनी चात्र এक है। नाथि (पथाईन।

দামিনী হাঁডি-কুঁড়ি ভাঙিয়া জিনিসপত্ত ছত্তখান্ করিয়া, ঘরের মধ্যে একহাটু আবর্জনা জড়ো করিয়া গাল মন্দ করিতে করিতে ঘরের বাহির হইয়া গেল।

বাহির হইয়া গেল বটে, কিন্তু ডোবার ওপারে পৃথিবীর বিপুলতা নির্ধারণ করিতে না পারিয়াই ডোবার ধারে বদিয়া পড়িল। ইহার পরে ও ষেন পথ আর চিনে না। ভাবিল, ডোবার ভ্বিয়া মরিলেই বা কি ক্ষতি ? ধীরে-ধীরে পা ভ্ইখানি নামাইয়া জলের মধ্যে ভ্বাইয়া রাখিল। কিন্তু ঘোলাটে জলের মধ্যে হঠাং নিজের নিটোল পরিপূর্ণ যৌবনের প্রতিবিশ্ব দেখিরা দামিনীর আর মরিতে ইচ্ছা হইল না। পা ভ্ইটি টানিয়া ভূলিয়া গায়ের কাপড় ঠিক করিয়া নিজের মনেই ফিক্ করিয়া হাদিয়া ফেলিল।

আবার, অন্তরঙ্গ ঘনিষ্ঠতার মত কালো রাজি নিবিড় হইয়া নামিয়াছে। রোদ্রের প্রথরতায় যে মানি ও অভিমান থাকে, তাহা অন্ধকারে গলিয়া-গলিয়া বেন একটি শাস্ত ক্ষমায় শীতল হইয়া উঠে।

मांयिनी काथाय ७ कान्मिटक वाहित हहेया शम, मनी अकवात शिष्ठन

বিশির্মা দেখিয়া লইবার মত-ও প্রয়োজন বোধ করিল না। রাখ-কে সকে লইয়া বাজারে আসিয়া মৃত্তি ও কেনি-বাতাসা কিনিয়া খেশ অচ্চন্দে চিবাইয়া-চিবাইয়া খাইয়া প্রায় এক ঘটি জল গিলিয়া পেট ফুলাইয়া লইল। বাত্তি ফিরিয়া রাখ-কে পাশে লইয়া দামিনীর পরিত্যক্ত মাত্ত্বের উপরেই বেশ সহজেই চিং হইয়া নাক ডাকাইতে লাগিল।

যাইবার সময় কুকুরটাকে সঙ্গে লইয়া যাইতে পারে নাই বলিয়া রাখ-র ছঃখের বেন আর শেব ছিল না। কুকুরকে থাইতে দিবার মত পরসা নিশ্চমই শশীর নাই, রাথ তাহা ব্ঝিত। তাই নিজের ভাগ হইতে তৃইখানা বাতাসা লুকাইয়া রাখিয়া দিয়াছিল। এখন কুকুরটাকে পাশে শোরাইয়া রাখ সেই বাতাসা তৃইখানা উহাকে খাওয়াইয়া দিতেছে ও খাইতে-খাইতে কুকুরটার দাঁতের ফাক দিয়া বে-শন্দ হইতেছে তাহাই তৃপ্তস্ত্রদয়ে সজ্জোগ করিতেছে। আর, বেখানটা দা-র বাড়ি খাইয়া কাটিয়া গিয়াছে সেই জায়গায় ধীরে-ধীরে হাত বুলাইতেছে।

সন্ধ্যাবেলাই শশী শুইয়াছে, অথচ চোখ ছুইটা জোর করিয়া চাপিয়া ধরিয়াও ঘুমকে আট্কাইয়া রাথিতে পারিতেছে না। খুট্ করিয়া একটু শন্ধ হুইতেই শশী সজাগ হুইয়া উঠিল,— ঘরে দামিনী! দামিনী মাটির উপর অনার্ত বুকটা পাতিয়া হুগোল বাছর উপর মাথা রাথিয়া উব্ হুইয়া পিঠটা উদ্লা করিয়া শুইয়া পড়িল। মুহূর্ত্তমধ্যে শশীর বুকে নিক্ষ কামনা কোটি-কোটি ফলা মেলিয়া দংশন করিতে লাগিল। ইচ্ছা হুইল, দিনে যাহাকে পদাঘাত করিয়াছে, রাত্তে তাহাকে উপবাসী বুকটার মধ্যে টানিয়া লইয়া নিবিড় নিলাক্ষণ নিপীড়নে নিশ্পেষিত করিয়া একেবারে নিংড়াইয়া লয়। কিছু শশীর সাহসে কুলাইল না, অচরিতার্থ বাসনা লইয়া ছুট্ফট্ করিতে লাগিল।

বাহির হইয়া যাইবে বলিয়া ভয় দেখাইয়াও দামিনী আবার অক্কারে তাহারই কাছে ফিরিয়া আসিয়াছে, উঠিয়া সহজ্ঞেই তাহাকে বাহর মধ্যে টানিয়া লওয়া যায়—ভাবিতে শশীর সমস্ত রক্ত টগ্বগ্করিয়া উঠিল। নিজের নিশাস বন্ধ করিয়া সে দামিনীর নিশাসপতনের লঘু শব্ধ শুনিতে-শুনিতে তয়য় হইয়া গেল। সমস্ত গা ঘামে ভিজিয়া উঠিল, অথচ তক্রপোষটা হইতে নীচে নামিবার মত্শক্তি সংগ্রহ করিতে পারিল না।

রাত্রি বোধ হয় তথন বেশ পাকিয়া আসিয়াছে, ছঠাৎ গাঁরের পথে কাহার উচাটন গলার উদাস গান শোনা গেল—

শলী কান খাড়া করিয়া রহিল। দেখিল, দামিনী হঠাৎ উঠিয়া পড়িয়া দয়জা ঠেলিয়া একেবারে ঘরের বাহির হইয়া ক্রেক্কো-

দামিনী যেন ঠাণ্ডা মাটির উপর বৃক্টা চাপিয়া ধরিয়া শুধু ঐ গানটুকু শুনিবার জন্মই এজকণ প্রতীক্ষা করিতেছিল; কাপড়চোপড না গুছাইয়া লইয়া ধড়্মড়্ করিয়া উঠিয়া দরজা খুলিয়া বাহিরে ছুটিয়া আসিল, যেন কে উহাকে একেবারে কেপাইয়া তুলিয়াছে!

मामिनी छाकिन,--- १९ ११ । स्वान अकिरात--

পঞ্ ফিবিল। প্রায় তৃই হাঁড়ি তাড়ি গিলিয়া ঠিক পথ সামলাইয়া চলিতে পারিতেছে না, পিছন হইতে দামিনীর ভাক ওনিয়া নিমেষে নেশা ছুটিয়া গেল। আগাইয়া আদিয়া কহিল,—কে লো,—দামু ?

দামিনী কহিল,—এত রাতে কোণায় ছিলে, কোখেকে আস্ছ ? নেশা করেছ বুঝি ? চোক ছু'টো অমন রাঙা কেন ?

পঞ্ হাসিয়া উঠিয়া গান ধরিল:

ওরে, কালো চোখের মদ খেরেছি, হয়েছি উন্নন, আর মদ খেয়েছি আমার বধুর পর্ণম্ যৌবন।

मामिनी कहिन, - जूमि मृत्थ-मृत्थ এত গান कि करत' वाँध, शक्रु-मा ?

পঞ্চ বলিল, — সবই কি আর মুখে বাঁধি, কত গান মুখন্ত থাকে! এই ত' মজুমদার পাড়ায় গেছ লাম, কেওনের মৃজ্রো ছিল। তুই এখনো ঘুমৃস্ নি যে? শনী কোখায়?

দামিনী মিখ্যা কথা কহিল। কহিল,—সন্ধ্যেবেলা কোখায় যে গেছে, জানি না। ছেলেটাকেও নিয়ে গেছে।

দামিনী অনেক কিছুই আশা করিয়া এই মিথ্যাকথাটি সাজাইয়া রাখিয়াছিল। কিন্তু এই স্থবর পাইয়াও এই নির্জ্জন রাত্তে পঞ্র ঈবং চাঞ্চল্য হইল না লক্ষ্য করিয়া দামিনীর সমস্ত শরীর নিমেষে কাঠ হইয়া উঠিল। তবু কহিল,—পান খাবে, পঞ্-দা ?

পঞ্চ গাহিয়া উঠিল।

তথু পাৰে কি হয় বদি না দাও পয়

এই লোকটা যেন কি বকম, সময়ে-অসময়ে থালি গান গাওয়া ছাড়া ত্নিয়ায় যেন কিছুই করিবার নাই। দামিনী হঠাং অছির হইয়া উঠিল,—আমাকে জোমার সঙ্গে নিয়ে চল, পঞ্চ-দা।

ঘরের মধে। শশী উপরের পাঁটির দাঁত দিয়া নীচের পাঁটিটা চিবাইয়া, বালিশের কোণ্টা মুঠার মধ্যে শঙ্ক করিয়া ধরিয়া দম বন্ধ করিয়া পড়িয়া রহিল।

পঞ্চ কৃছিল,—কোথায় যাবি আমার সঙ্গে ? যাত্রাণলের সখী হ'বি নাকি ? দামিনী কণ্ঠখরে অপার কাকৃতি নিরা কহিল,—তোমার ঘরে একটা লোক নেই বে ভোমাকে ত্'বেলা ত্'টো ফুটিয়ে দের,—ভোমার চেহারা দিন কে দিন কি বক্ষ কাহিল কদাকার হ'রে বাচেছ। আমাকে ভোমার ঘরে নিয়ে চল—

ইহাতেও বেন একটুও বিশ্বিত হইবার নাই,—পঞ্ সফলে গান ধরিল: ওলো স্বি, নামান সনে কোধার বাবি তনি, বাই তথু বাসি ভাত, নালু ও নালুনি।

দামিনী পঞ্চ শির-ওঠা লখা হাত তুইটা ধরিয়া ফেলিয়া বলিল,—স্মামি তোমাকে ছাড়া থাকুতে পারব না। স্মামাকে নিয়ে চল।

পঞ্ছ হাত ছাড়াইয়া লইল না, গান ধরিল:

পারের গুপ্ররি হইরা পারেতে থাকিব, সোনার মালিকা হইরা বুকেতে ছলিব।

দামিনী এইবার একেবারে পঞ্র কণ্ঠপর হইয়া কহিল,—তোমাকে আমি কিছুতেই ছেড়ে দেব না। এখানে থাক্লে আমি মরে' বাব। মাইরি মরে' বাব, পঞ্চু দা।

পঞ্ শুধু কহিল,—আমার আচ্চ মাধার ঠিক নেই, দামিনী। ভারি নেশ। করেছি, কাল ভোরে আবার আসব। গান শেখাব। বলিয়াই গান ধরিল:

বৌৰন আইল দেহে জোরারের জল রে, আমার চোধের জলে পদ্ম টলমল্ রে—

গান গাহিতে গাহিতে টলিতে টলিতে চলিতে লাগিল।

দামিনী দরজা বন্ধ করিয়া তেমনি মাটির উপর বুক পাতিয়া ঝর্ঝর্ করিয়া কাঁদিয়া ফেলিল। উহার পিপাসিত মন বেন এই অন্ধকারে পঞ্চর গানের স্থরকে হাভড়াইয়া ফিরিতেছে।

কিছুক্রণ বাদে বুকের উপর একটা বিষম ভার বোধ করিয়া দামিনী চোথ চাহিয়া দেখিল, শনী তাহার ছুইটা চোথা ছাঁটু দিয়া উহার বুকটা একেবারে জাঁতিয়া ধরিয়াছে। দামিনীর চীৎকার করিবার সামাশ্র অবসরটুকু পর্যন্ত মিলিল না। শনী ভাহার সমস্ত শক্তি তুইটা হাতের শক্ত মুঠির মধ্যে টানিয়া আনিয়া দামিনীর গলাটা টিপিয়া-টিপিয়া পিবিয়া দিতেছে,— সঙ্গে সঙ্গে হাঁটুর গুঁতা দিয়া পাজুরার উপরে প্রচণ্ড বাড়ি মারিতেছে। দামিনী ছুই তিনবার দেহটা মোচ্ডাইবার চেষ্টা করিয়া বেছ দ্ হইয়া গেল। পরে শনী দামিনীর কাপড়ের আঁচলটা জড়ো করিয়া মুখের মধ্যে জাঁতিয়া-জাঁতিয়া শেষ নিখাস লইবার পথটুকু পর্যন্ত বন্ধ করিয়া দিল।

শশী দামিনীর গায়ে হাত রাখিয়া বৃঝিল, বেশ ঠাগু৷ হইয়া গিয়াছে,— দাঁতের
আহিছা/২/২

মধ্যে জিভ্টা আধখানা হইয়া কাটা গিয়াছে, বেন আনকারে উহাকে মুখ ভেঙ্চাইভেছে। পরে বুকের উপর কান পাতিয়া দেখিল,—একেবারে নির্ম। নাড়ী পর্বস্ত নাই।

হঠাৎ কি করিবে শশীর মাধার আদিল না। কিন্তু পরক্ষণেই দামিনীর কোমর হইতে কাপড়টা সর্সর্ করিয়া টানিয়া খুলিয়া ফেলিয়া বেশ করিয়া পাকাইয়া শক্ত করিয়া দামিনীর গলাটা খুব জোরে বাঁধিয়া দিল। নিজে ছই হাত দিয়া ঝুলিয়া একবার বেশ ভালো করিয়া পরীক্ষা করিয়া দেখিল,—আড়ির লখালম্বি বাঁশটা বেশ মজ্বুত আছে কি না। পরে কাপড়টা বাঁশটায় বাঁধিয়া দামিনীকে শৃল্যে ঝুলাইয়া দিল। পা দিয়া যেন মাটি না ছোয়া যায়, হাত তুলিয়াও যেন বাঁশের নাগাল না মেলে,—এমনি অবস্থায় দামিনী লখমান হইয়া রহিল।

পৃথিবীর কাছে উহার আর একটি কথাও বলিবার রহিল না।

শশী দাওয়ায় আসিয়া রাথকে ঠেলা মারিয়া কহিল,- শিগ গির ওঠ রাথ, কাল ভোরে মেলা, চল্ আগে-ভাগে বেড়িয়ে পড়ি—

রাথ পরম উৎসাহে চোখের ঘুমটুকু মুছিয়া ফেলিল। কোমরে কাপড় কাছিয়া লইল। কুকুরটা পর্যন্ত ঘুম হইতে উঠিয়া কি একটা অভিনব অভিযানের ইঙ্গিত পাইয়া লেজ নাড়িতে লাগিল।

শশীর হাত ধরিয়া রাখ চলিয়াছে ; পেছনে কুকুর।

রাখ বলিল,—কখন ভোর হ'বে, বাবা ?

শশী কহিল, —হবে 'থন। রাতারাতি বেরিয়ে না পড়লে কিছুই হ'বে না। মেলার সমস্ত ভারই আমার ওপর—

কুকুরটা কিছুতেই রাথর পিছু ছাড়িতে চাহে না। শশী বিরক্ত হইরা একটা চিল ছুঁড়িয়া মারিল, তবুও কুকুর পিছাইয়া পড়ে না। শশী বলিল,—ওটাকে চিল মেরে তাড়িয়ে দে, রাথ। কোথায় বাবে ও? মারু ত' ঐ চিলটা—

রাখ বিরসম্থে ঢিলটা কুড়াইয়া লইয়া কুকুরটাকে মারিল। কুকুরটা গোঙাইতে-গোঙাইতে ফিরিয়া গেল।

তবুও, রাথ চলিতে-চলিতে বারে-বারে পিছন ফিরিয়া দেখিতে লাগিল কুকুরটা ফের আদিতেছে কি না,— কান পাতিয়া রহিল কুকুরটার অফ্টতম কাতর শকটিও শোনা যার কি না।—কিছুই না, আগে পিছে থালি অন্ধকার, চক্ষু মেলিয়া থাকিলে ভন্ন করে।

याजामला नाम दाथियाहिल निक्श-याजानार्टि ।

একটু ইভিহাস আছে। কয়েক বৎসর আগের কথা, কিন্তু ঘটনাটি পঞ্চর রুকের মধ্যে দাগ কাটিয়া বসিয়া গেছে। ভূলিবার হইলে বহু আগেই ভূলিত।— ভূলিবার নম্ন।

চৈত্রের শেষাশেষি হইতে গাঁরে গাজনের ধ্ম লাগিয়াছে। মূখে তুইটা গুঁজিবার পর্যন্ত পঞ্র সময় নাই। ও-পাড়ার বিষ্টু স্থাক্রাকে গোঁরী সাজাইয়া সমস্ত গাঁরে টানা-পোড়েন্ করিয়া বেড়াইতেছে।

কিন্তু পয়সা কেমন করিয়াই বা হইবে ? গৌরী গাঁজা একটু কম থাইলেই ভালো করিত! ঢাাঙা হ' ত' হ', একেবারে হরের মাথা ছাপাইয়া উঠিয়াছে! তব্, বিষ্টুকেই গৌরী হইতে হয়,—আর যাই হোক্, রংটা ফ্যাকালে হইলেও শাদাটে আছে, আর কোমরও বেশ ঘুরাইতে পারে—

একটা সরু দরজার ফাঁকে এক দঙ্গল মেন্ত্রে জাঁতার্জাঁতি করিয়া জড়ো হইয়া মুখে আঁচল গু জিয়া হাসি চাপে। যাহারা অন্তবয়সী তাহারা কোমর বাঁকাইয়া হাসিতে-হাসিতে একেবারে লুটাইয়া পড়িতে চায়।

তবু প্রসাহয় না।

পঞ্চ ভাবে — গৌরীর পার্ট আর যদি কেউ নেয়!—সত্যিসত্যিই গৌরী।
অমনি থালি হাসিতে পারিলেই হইত বোধ হয়!

তেম্নি একদিন গান্ধনের গান শেষ করিয়া পঞ্ ফিরিতেছিল, বরে ফিরিতে আরো প্রায় মাইল তিনেক চবিতে হইবে। থ্ব ক্লান্ত বোধ করিতেছিল, কিছ জিরাইবার মত সময়টুকুও নাই।

আকাশে খুব মেদ করিয়াছে। মেদের ভারে-ভারে আকাশ যেন মাটির বুকের কাছে নামিয়া আসিয়াছে,—পঞ্ খুব জোরে-জোরে পা ফেলিভেছিল। আর গান-গাহিতেছিল:

ৰাঙা-বৌরের গারে দেব কামরাঙা শাড়ি, গাল্পনে গাঁজা লাগে, বাত্রার লাগে তারি!

কিন্ত হঠাৎ ঝড় উঠিয়া একটা তুম্ল হল্মুল বাধাইয়া তুলিল। ধুলা-বালি উড়াইয়া, নারিকেল স্থপারি মাঁদার গাছ উপ্ডাইয়া, টিনের চাল ছিনাইয়া কেলেন্ডারির আর শেষ রাখিল না। যেন স্থাস্থপ্ত পৃথিবীকে একেবারে অনাবৃত করিয়া ছাড়িবে। দাঁত দিয়া অন্ধকারকে টুক্রা-টুক্রা করিয়া ছিঁড়িয়া বিত্যুৎ ফাটিয়া পড়িতেছে। বৃষ্টিও নামিল বৈ কি—

দস্থ্য ঝড়,—বেন আকাশের টুটি চাপিয়া ধরিয়া বিদ্যুতের বৈত মারিতেছে। নদীও কালায়-কালায় ফুলিয়া উঠিয়াছে, — এখনিই বেন কুল ভাঙিয়া ভাসিয়া পুড়িবে। পথের ঠাহর নাই,—কোন্ দিক যাইতে কোন্ দিকে ছুটিয়াছে পশ্ কিছুই বুঝিডেপারে না। মাঝে-মাঝে উড়িয়া আসিয়া মাটির ঢেলা বুকে লাগে, পা পিছ্লাইয়া পড়ে,—তবু ছোটে। পথে না আছে একটা লোক, না চলে একথানা গরুর :গাড়ি। ঝড় আসিবে বলিয়া সন্ধ্যাসন্ধিতেই সবাই বাড়ি নিয়াছে,— কিছু যাহার বাড়ি নাই—

ঝড় থামে বটে, বৃষ্টি না। ভিজিয়া পঞ্র গা একেবারে ভ্যাপ্ সা হইয়া গেছে, শীতও করিতেছে খ্ব, তব্ দিশাহারা হইয়া চলে। পথ ঘাট ভালো করিয়া চিনিভেপারে না।

না চিত্তক্। পঞ্ গান গায়:

কোষরে ঘ্নসি দেব, গলায় হাঁহলি, পরিরে দেব আপন হাতে বুকের কাঁচুলি। বোঁপার গুলঞ্চ দেব, কানেতে রঙ্গন, পারেতে মল বেঁধে দেব, গলায় আলিঙ্গন।

নদীর কাছে আসিয়া পড়িয়াছে। হঠাৎ পাশে থেকে কে ডাকিয়া উঠে,—কে বায় ?

ভাক শুনিয়া পঞ্ ভরসা পায় বেন, সেই দিকে আগাইয়া চলে, —পায়ের সঙ্গে কি-একটা শক্ত জিনিসের ধাকা লাগে বৃঝি, হাতে তুলিয়া লইয়া দেখে, — মড়ার খুলি একটা। তাড়াতাড়ি ছুঁড়িয়া ফেলিয়া পঞ্ মনে-মনে রাম-রাম করিয়া উঠে।

লোকটা বলে,—এটা বাবা শ্মশানঘাটা, স্বাইকে আসতে হ'বে এথানে একদিন। সমস্ত দল্প যাবে এথানে এসে। কোথায় চলেছে বাপু তুমি ?

পঞ্র শরীর ভরে ছম্ছম্ করিয়া উঠে, মৃথ ওকাইয়া একেবারে এতটুকু হইয়া আসে। মনে হয় বেন একটা মৃতদেহ জল থাইয়া উঠিয়া বদিয়াছে, এখুনি কাঁপাইয়া পঞ্জিবে।

লোকটা বলিল,—বোস। গাঁজা খাও? দেশ্লাই আছে ? থাক্লেও ভিজে ভ্যাব্ভেবে হয়ে গেছে নিশ্চয়। ছাই! বলিয়া তুইটা মড়ার মাথা কুড়াইয়া। লইয়া ঠোকাঠুকি দিতে লাগিল।

ফের বলিল,—এথানে একটা ঘর ছিল, ঝড় একেবারে ফ্রাংটো করে' ছাড়লে।
চিহ্নটি পর্যাস্ত রইল না। এই যে এথানে কত লোক চিতার কাঠের তলায় মাখা
ভাজতে এল,—কা'র চিহ্নটি রইল বাপু? ছাই! ওই যে, কি বল্ত না বিশুপ্রতিত—জ্লবং তরলম,— সেই!

বলিয়াই হাসি। মুখ দেখা যায় না, বৃষ্টির মধ্যে হাসিটা একটা বীভৎস হাহাকারের মত শোনায়। পঞ্জু পিছাইয়া পড়ে। লোকটা বাধা দিয়া বলিয়া উঠিল,—কোথায় যাও হে ছাই ? তন্তম পেন্তে গোলে না কি ? চেনু না আমাকে ?—আমি নিকুঞ,—বছরূপী।

পঞ্ সাহস পাইরা বসিয়া পড়িল। বিলল — আমি পঞ্, যাত্রাদলের অধিকারী।
নিকৃত্ব হাও বাড়াইয়া পঞ্কে জাপ্টাইয়া ধ বল। কহিল — তুমি পঞ্? বা,
তোফা ! শ্মশানের সাথী —

কথাটার মানে অন্তরপ।

তুইজনের পরিচয় ছিল না, শুধু নাম শুনিয়াছে। শাশানেই প্রথম বন্ধুছ। পঞ্চু কহিল,— তুমি এই তুর্বোগে শাশানে বঙ্গে ?

নিকুঞ্জ কহিল, — আর বল কেন? সেই যে কি বলে ছে— রাজনারে শ্মশানে চ,—আমার হয়েছে তাই। ঝক্মারি! খেত তাঁতি তাঁত বুনে'—

#### —ব্যাপার কি ?

—সেই যে জানকী বোষ্টমি,—কি করে'ই বা তুমি চিনবে? আমাদের মিহিরকান্দি গাঁয়ে কুঁড়ে বেঁধে ছিল—বেশ ধাই-গিরি করে' কামাচ্ছিল ত্'পন্নসা, —কত পোয়াতি যে থালাস করেছে, অন্ত নেই। কি ষে তুর্মতি হ'ল ছাই, নিজেই একদিন থালাস হ'লেন ধুতুরো-বিচি থেয়ে। আর বল কেন, কেলেছারি,— কেউ মড়া ছোঁবে না। ছিল আবাগের বেটা নিকুঞ্জ, গেল এগিয়ে। একাই কাঁধে কেলেশ্যশানে নিয়ে এল। গায়ে কি কম জার ভাই ?

পরে গলাটা বোধ করি বৃষ্টির জলেই ভিজাইয়া নিয়া কহিল, —কাঠ-ফাঠ জোগাড় করে' চিতাটা সবে চড়িয়েছি,—ছাই, রাজ্যের বৃষ্টি নেমে এল। জানকী বোষ্টমি মুখ থ্বড়ে পড়ে'ই রইল। কি করা যায় ?—দেশ্লাই আছে ? গাঁজার দম না দিয়ে যে আর পারা যায় না, পঞ্।

পঞ্ উদেগ প্রকাশ করিয়া বলিল, — বসে'-বসে' এম্নি ভিজ্বেই নাকি ভধু ?

- আর বল কেন? ওর ত' ব্যবস্থা একটা করতে হ'বে। বৃষ্টি না থামলে ত' ফরা—
- কিন্তু জল আজ আর থাম্ছে না। তা ছাড়া, আগুনই বা কোথায় পাঝে, কাঠ ভিজে একাকার হ'য়ে আছে। এবার বাড়ি যাওয়া যাক।

নিকৃঞ্চ তাহার বড়-বড় চুলগুলি হইতে জল চিপিয়া ফেলিতে-ফেলিতে বলিল—
ছাই! মবৃ ত' মবৃ, কালকণ দেখে মবৃ। বাড়িতে বোটা নিশ্চয়ই গাল ফুলিয়ে
বসে' আছে, নিশ্চয়ই বুমুতে যায় নি। ঝকুমারি।

পঞ্ তথনিই গান বাঁধিবার লোভ আর সম্বরণ করিতে পারে না। গাহিয়া উঠে: একো খোঁপা বেঁধে বধু গোদা করেছে, চোখের জলে বুকের, কাঁখের কলদ ভরেছে।

নিকুঞ্জ একেবারে থিল্-থিল্ করিয়া হাসিয়া উঠে । পঞ্চর পিঠ চাপ্ড়াইয়া বলে,—আরেকখানা ধর ভাই,—কি করে' মান ভাঙি বৌ'র ?

পঞ্ গান বাঁধে :

কি করিয়া ভাঙি বল বঁধুয়ার মান— চোথের পাতাঃ দেব চুমা, মুখে সাঁচি পান!

নিকুঞ্চ ঘাড় তুলাইতে-তুলাইতে বলে,— তোফা ভাই! চল এবার উঠি, মাগী থাক্ পড়ে' হেথা। আজ আর কিছু হবে না, কাল রোদ্ধুর উঠ্লে দেখা যাবে। বেটির কপালৈ ছিলই তুঃখ!

এই বলিয়া নিকুঞ্জ পার্যন্থিত অর্ধনগ্ন বিকটাক্বতি মৃতদেহটার দিকে তাকাইয়া বোধ করি দীর্ঘনিশাস ফেলিল। আন্তে-আন্তে মেয়েটির পরনের ছেঁড়া গেক্যারঙের কাপড়ের আঁচলখানি ম্থের উপর টানিয়া দিয়া বলিল,— চল পঞ্ছ ভাই, আমার বাড়িতেই চল। সেথানেই ছ'চারটা দম্ দিয়ে যুম মারা যাবে। তোফা! ছেলেন্যাম্থ বোটা নিশ্চয়ই আর জেগে নেই। সে-সব দিন কি আর আছে ভাই— বো
সারা রাত জান্লায় বসে'ই কাটিয়ে দিল সোয়ামির পথ চেয়ে? সে রামণ্ড নেই, অযোধ্যাও নেই।

তুই জন চলিল। বৃষ্টি তথন অনেকটা কমিয়াছে, শুধু তীক্ষ দম্কা হাওয়া হাড়ে-হাড়ে হাহাকার তুলিতেছিল। পঞ্ গুটিস্টি মারিয়া অতি কটে চলিতেছিল, বলিল,—একথানা কাপড় দিতে হ'বে ভাই, আর একটু আগুন।

নিকৃষ্ণ বলিল,—সব দেব ভোকে। কিন্তু বোটা কি কর্ছে এখন, তাই ভাবি। পিসির সঙ্গে গল্প কর্ছে হয় ত',— পিসি বোকে খুব ভালোবাসে, ভারি ভয় বোয়ের, পিসির আঁচল আঁকড়ে' পড়ে' থাকে।

পরে পেছনে শ্মশানের দিকে একবার চাহিয়া কহিল,— ওকে এক্লা ফেলে' চলে' এলাম। আবার শেয়ালে না নিলে হয়! বাদলা রাত,

পঞ্ কহিল,—কষ্টটা যেন ওরই, আমাদের কিছু নয়। নিকৃত্ব কহিল,— তা হ'বে।

শ্মশান হইতে নিকুঞ্জের বাড়ি বেশি দূর নয়, ছই ক্রোশের মধ্যেই। মাঝে একটা বন পার হইতে হয় অন্ধকারে কিছুরই কিনারা মিলে না, একেবারে লেপিয়া গিয়াছে।

শীতে হি-ছি করিতে-করিতে ছুই জনে বাড়ি পৌছিল। উঠানে রাজ্যের গাছ-

গাছড়ার ভাঙা ভালপালা আলিয়া জমিয়াছে, ঘর ছুইখানা এখনো মাখা থাড়া করিয়া আছে দেখিয়া নিকুঞের চোখ জুড়াইল।

নিকৃত্ব বলিল,—দাবায় উঠে এস ভাই। আমি ঘর থেকে কাণড় নিয়ে আদি, —দেখি কি হাল্চাল্—

নিকুঞ্জ ঘরে ঢুকিয়াই চেনা জায়গায় হাত বাড়াইয়া দেশ্লাই পাইল। কুপি জালিয়া দেখিল, বৌ বাদ্লা পাইয়া মেঝেতে চাটাই পাতিয়া দিব্যি ঘুমাইতেছে। ফুলো-ফুলো গাল ছুইটিতে আলো পড়িয়া ভারি স্থন্দর দেখাইতেছিল।

নিকুঞ্জ কাপড় ছাড়িয়া বোঁয়ের একখানি শাড়ি পরিল, নিজের শুক্নো কাপড়-খানি পঞ্কে ধরিয়া দিয়া কহিল,—বোঁ মেঝেতে কাৎ হ'য়ে দিব্যি যুম্চেছ, চলে' এদ ভেতরে - তব্জপোষটায় হ'জনে গড়াই। দাড়াও, আগে হ' ছিলিম্ সেজে নি।

গাঁজার কল্কেতে টান শেষ করিয়া তোব্ডানো গালের ফুটো তুইটা পূর্বাবস্থায় ফিরাইয়া নিয়া পঞ্চু কহিল,— একটা চাটাই-ফাটাই থাকে ত' এথানেই বিছিয়ে রাডটা কাবার করে' ফেলি. বোকে বিছানায় তুলে নাও, নিকুঞ্চ। অভিমানী বো। বলিয়াই ঘাড় ছলাইয়া গান ধরিল:

দিরেছি গাঁজার টান, হরেছি অসাবধান, ও রাই, আর করো না অভিযান!

নিকৃঞ্জ পঞ্চর হাত ধরিয়া একেবারে ঘরের মধ্যে টানিয়া আনিল। ঘরের এককোণে একটি কিশোরী মেয়ে হাঁটু ত্ইটা বুকের কাছে গুটাইয়া লইয়া আঘোরে ঘুমাইতেছে, কতগুলি কোঁক্ড়ানো চুল মুখের উপর ঝাঁপাইয়া পড়িয়া মুখখানি ষেন মুছিয়া ফেলিয়াছে।

নিকুঞ্জ ফু দিয়া কুপিটা নিবাইয়া দিল। পঞ্জে কহিল,—এই বালিশটা নাও, আমার লাগ্বে না। অতিথি মাহুৰ, চাটি বে তোমার মুখে দেব তেমন সঙ্গতি আজকার রাতের কম নেই।—ভাড়ে মা ভবানী! বাক্, মাগ্না ঘুমটা ত' পেলে—

পঞ্ যেন খুসি হইয়াই বলিল,—ই্যা, তাই ঢের। হয় ত' আজ সমক রাতই জলে পচ্তে হ'ত। বলিয়া ত্ব'জনে তক্তপোষের উপর চাঁপিয়া তুইল।

কিন্তু পঞ্র পোড়া চোথে ঘুম আসে না কেন ? চকু ছুইটা মেলিয়া অক্কারে চাহিয়া থাকে; ভাবে, বোটিকে আল্গোছে তুলিয়া তক্তপোষের উপর নিকুঞের পালে শোয়াইয়া দিয়া নিজে বাহির হইয়া যায়।

আর, বোটির কি নিবিড় ঘূম, একট্ও আল্গা নাই। ঘূম বেন সমস্ত শরীরে একেবারে লেপ্টাইয়া রহিয়াছে। যদি চোর আসিয়া সর্বস্থ চুরি করিয়া নেয়, মেয়েটি তাহাও টের পাইবে না। মেয়েমাছ্রের এত ঘূম ভাল নয়। আরেক জন-ও বুমাইতেছে,—আর জাগিবে না। তাহার নাম জানকী।
শ্বশানে এই কন্কনে শীতের রাতে এক্লা ভইরা আছে। নিকৃষ্ণ বলিরাছিল,—
মানীর শ্ব-কট হ'ল। এই বাদ্লা, গায়ে একটা কাপড়-নেই।

তাহার কথাও পঞ্চুর মনে পড়ে।

বোটি এক সময় নিশ্চয়ই জাগিবে, সেই আশায়ই বোধ করি পঞ্চু জাগিয়া ছিল। বোটি জাগিয়া এলো খোঁপাটা বাঁধিয়া লইল, কুপি জালাইল ও কুপির আলোতে কি একটা দেখিয়া একেবারে হুই পা পিছাইয়া আদিল। নিকুক্ত ফিরিয়াছে তাহা সে ঘুমের মধ্যেই বেশ বুঝিয়াছিল, বরং স্বামী আদিয়া আদর করিয়া উহাকে নিজের কাছে তুলিয়া নেয় নাই দেখিয়া অভিমানে দম বন্ধ করিয়া থাকিতে থাকিতে ফের ঘুমাইয়া পড়িয়াছিল। কিন্তু অভিমান কতক্ষণ চাপিয়া রাখা যায় ?

বৌ ভাবিয়াছিল নিকৃষ্ণ বুঝি পিসির সঙ্গেই গল্প করিতেছে।

কিন্তু স্বামীর পাশে শ্যাসহচর ওটি কে? আজ রাত্রে মড়া পোড়াইতে গিয়া জ্যান্ত এটি কে আদিলেন? মুথ পরীক্ষা করিবার জন্মই হয় ত' বৌ ধারে ধারে আগাইয়া আদিল। পঞ্ছ তথন ছই চক্ষ্ চাপিয়া ধরিয়া কি একটা অপ্রত্যাশিতের আশায় একেবারে ঘামিয়া উঠিয়াছে।

, সমস্ত ব্যাপারটার অর্থ করিতে বোটির এক মুহূর্তও দেরি হইল না। তাড়াতাড়ি ছুটিয়া গিয়া পাশের স্বামীকে তুই বাহু দিয়া বিপুল বেগে হেঁচ্ডাইয়া টানিয়া থাক্-যাক্ করিয়া চেঁচাইয়া উঠিল,—চোর, চোর !

নিকৃপ্ত বো-শুদ্ধ ক্ত্ম্ড্ করিয়া নীচে পড়িয়া গেল, পাশের আটচালা হইতে পিলি জলন্ত কৃপি লইয়া ছুটিয়া আদিলেন, নিকৃঞ্জও ঘুমের মধ্যে পড়িয়া গিয়া গোঁ-গোঁ করিতেছে,— সে একটা কাণ্ডই হইয়া গেল ষা হোক।

নিকৃষ্ণ চক্ষ্ কচ্লাইয়া নিমেষে ব্যাপারটা বৃঝিয়া লইতে না লইতেই হো-হো করিয়া হাসিয়া উঠিল। স্থীর ভীত কম্পান্থিত দেহখানিকে বৃক্তের কাছে আকর্ষণ করিয়া কহিল,—দ্ব বোকা মেয়ে, ও চোর নয়, পঞ্। সেই যাত্রায় কেট সেজেছিল, যার গান শুনে আসা অবধি সারা দিন থালি স্থ্র ভেঁজেছিলে—

বোমের লজ্জার আর কুলকিনারা রহিল না। একেবারে একটা একহাত লখা খোম্টা টানিয়া দিয়া মুখ লুকাইয়া থালি জিভ কাটিতে লাগিল।

ৃপিসি বলিল,—এ কী অনাছিষ্টি কাণ্ড বাপু। ছুপুর রাতে কী এ-সব বেলেলাপনা! চোর-চোর শুনে বুকের চিপ্টিপানি আমার এখনো থামে নি।

বলিরাই হাতের কুপিটা মাটির উপর আছ্ড়াইরা বোয়ের পানে একটা বিধাক্ত কূটাক হানিরা তুম্ভুম করিয়া নিজের খরে গিয়া প্রবেশ করিল। পরে বাটি হইতে -থানিকটা সর্বের ভেল ছুই পারের পাতার বেশ করিয়া মাথিয়া, ভেল-চপ্চপে ছুইটা আঙুল নাকের ছুই গর্ভের মধ্যে ঢুকাইয়া দিয়া নাক ডাকাইতে লাগিল।

পঞ্চ তথন ভক্তপোষ হইতে নামিয়া পড়িয়াছে।

পঞ্চ বলিল,—আমি চল্লাম. নিক্ঞ। এমন আরামের রাভটা মিছিমিছি নষ্ট করা উচিত হবে না। বলিয়াই কোন উত্তরের অপেক্ষা না করিয়া নির্বাক্কৃষ্টিতা বোটির পানে একবার চাহিয়া চোরেরই মত টুপ্ করিয়া বাহির হইয়া গেল।

তাহার পর অনেককণ পর্যন্ত দরজাটা খোলাই ছিল। যদি আবার সেই চোর ফিরিয়া আসে! বোটি ধীরে ধীরে দরজাটা টানিয়া দিল শুধু। ধীরে-ধীরে আসিয়া শুইয়া চোধ মেলিয়া কান পাতিয়া রহিল।

বো বলে,—তুমি কেন আমাকে আগে বল্লে না যে ঘরে অতিথি এসেছে ? কি অপমানটাই করা হ'ল !

নিকৃঞ্জ বলে, —সভ্যি, ভারি অক্যায় হ'য়ে গেছে। যাব ? -- ডেকে নিয়ে আস্ব ধরে ?

বৌ নিকুঞ্জের হাতটা চাপিয়া ধরিয়া বলে,— না। তুমি ভারি ইয়ে—। এই ভুলাম পাশ ফিরে।

নিকৃঞ্জ তাহাকে আদর করিয়া বুকের কাছে টানিয়া নেয়। কৃপালের কাছে চুলগুলিতে হাত বুলাইতে বুলাইতে ঘুমাইয়া পড়ে।

বাদলের পরে বাহিরে তথন ফ্যাকাসে জ্যোৎক্ষা ফুটিয়াছে।

খোলা জান্লা দিয়া মেঝের উপর একটুখানি গড়াইয়া পড়ে হয় ত',— সেই
দিকে চাহিয়া চাহিয়া বোটির ঘুমাইবার কথা আর মনেই হয় না। অনেক দিন
আগে 'বিচিত্র-বিলাস' যাত্রা শুনিতে গিয়া যে-কাকুতি কুম্ফের কণ্ঠস্বরে ঝরিয়া
পড়িয়াছিল তাহাই মনের মধ্যে যেন ঘুরিয়া শুমরিয়া বেড়াইতে থাকে, কথা দিয়া
সেই পলাতক স্বাটকে আট্কাইতে পারে না, বিশ্বতির অন্ধকারে খালি খুঁজিয়া
কেরে। রাত্রির ভিক্বা হাওয়ায় কে যেন উহাকে ভাক দিয়া য়ায়।

আঁচলের খুঁট্টি গায়ে দিয়া পঞ্চু সেই বাহির হইয়া গেছে। জ্যোৎস্নায় এইবার পথঘাট বেশ ঠাহর হয়। এই গাঁয়ে গণেশ পৈতৃত্তি কাঠের কারবার করে—তাহাও .মনে পড়িয়াছে। গণেশের মেয়ের বিয়েতে পঞ্চু বিনি-পয়সায় লথিন্দরের পালা গাহিয়াছিল। সেই মেয়েটা বিধবা হইয়াছে,—তাহাও ভূলে নাই।

এই গাঁয়ে ছুই সাহেব নাকি শহর হইতে একবার বেলে-হাঁস শিকার করিতে

আসিয়াছিল। হাঁস মারিতে গিয়া একটা গুলি নাকি গণেশের জামাইর মাথার খুলির মধ্যে দিখা চুকিয়া পড়িয়াছিল। গণেশ খুব তছি করিয়াছিল—সাহেবদের বিরুদ্ধে মামলা করিবে ও চুই সাহেবকে ফাঁসিতে লট্কাইয়া দিয়া মজা দেখিবে। তাহার এই তু:সাহসিক সম্ম শুনিয়া গ্রামের আবাল-বৃদ্ধবনিতা একেবারে ও হইয়া গিয়াছিল, তাহার তুর্ছিকে শাসন করিতেও কম্বর করে নাই; বরং, জয়-মৃত্যু-বিবাহ নিয়তিরই হাত—এই অকাট্য উপদেশ দিয়া তাহাকে নিরুত্ত করিতে চেষ্টা করিয়াছে। গণেশ কাহারও কথায় কর্ণপাত করে নাই, ঘরে দোর দিয়া হত্যাকারীর বিরুদ্ধে অজন্ম গালিবর্ষণ করিয়াছে আর চেঁচাইয়াছে।

क्ट वल,—वण्ड वाष्ट्र (वर्ष्ट्राइ श्रांत्रण । यादव এवाद ।

আর কেহ বলে,— ষাই বল, বুকের পাটা আছে বটে। সাহেবের সঞ্চে দাদ-ফরিয়াদ কর্বি, এ কথা তোরা কেউ মুখে আনতে পার্তিস ?

সাহেব আসিয়া চারখানা দশ টাকার নোটু গণেশের হাতে লুকাইয়া গুঁজিয়া দিল, কহিল,—তোমার মেয়ের টিফিনের জন্মে দিলাম।

মৃহুর্তে কোথা দিয়া যে কি হইয়া গোল কেহই বিশ্বাস করিতে পারিল না। যেআগুন দপ্ করিয়া জ্ঞালিয়া উঠিয়াছিল তাহা নিভিয়া একেবারে জ্ঞাল হইয়া গোল।
গণেশ একেবারে উবু হইয়া সাহেবের বৃট-জ্ঞার গোড়ালি হইতে থানিকটা কাদা
খাম্চাইয়া লইয়া কপালে জিভে ও বুকে মাখিয়া প্রমানন্দে মুখব্যাদান করিয়া
রহিল। যেন একবার বলিতে চাহিল: তোমার বন্দুকটা সঙ্গে করে' নিয়ে আস নি ?
আমার ঘরে আরো হ' একটা নিশ্বমা প্রাণী আছে। মাথা পিছু —

ম্যালেরিয়া ভূগিয়া-ভূগিয়া কন্ধালদার কুৎসিত বদ্রাগী স্ত্রীর কথাই মনে পডিয়া-ছিল বোধ করি। একটা কয়লার ডিপো,—গেলেই পথটা ফর্দা হইত।

শোনা যায় সেই চল্লিশ টাকাই নাকি গণেশের কাঠের কারবারের মূলধন। তা
আর যাই হোক, কারবার ড' বেশ ফাঁপাইয়া তুলিয়াছে। মেয়েটাও ভাতে-ভাত
থাইয়া বেশ একটি ঢোল হইয়াছে, দক্জাল বক্জাতি বৌ-ও ঠ্যাঙা থাইয়া-থাইয়া
মরিয়া সায়েস্তা হইয়াছে। তবে গাঁয়ের লোকগুলি পান্ধি বলিয়াই উহাকে বুড়া:
দেখিয়া আর মেয়ে দেয় নাই।

ভোরের কাছাকাছি,—দাবায় বসিয়া গণেশ ছঁকো থাইডেছিল।
রাস্তা হইতে পঞ্ হাঁক দিল, – গণেশ-কাকা না দক্ষেন আছ ?
আর একটু কাছে আসিতেই গণেশ চিনিল।—আরে, পঞ্ বে? বলি—এই
রাজে, জলে ? বোস্ বোস্, মৃজ্বো পাচ্ছিস কেমন ? আছিস্ বেশ ?

পঞ্ দাঁড়াইরা ছিল। বলিল,—ঘরে তোমার কাঠ কিছু মন্তুত আছে? আমাকে কিছু দিতে হ'বে—

- —তাতে আর কি ? সে ত' ভালো কথা। তোকে আর কে না চেনে, কে না বিশ্বাস করে ? তা, দামটা হু' একদিনেই দিয়ে দিলে চলুবে।
- -- স্থার তোমার টানা হাত-গাড়িটা। কয়েক ঘণ্টা বাদেই ফিরিয়ে দিয়ে যাব।
- —তা বেশ, তা বেশ! ওটার ব্যবহারের জন্ম গাঁয়ের লোক ঘণ্টা পিছু ছ' পরসা ক'রে ভাড়া দেয়। তা, তুই না হয় এক আনা ক'রেই দিস্। এক সঙ্গেই দিবি কিছ। তা, আজ মঙ্গলবার, লন্ধীবারের মধ্যে চাই। মনে থাকে যেন।

পঞ্ কাঠ লইয়া গাড়ি ঠেলিতে লাগিল। গাড়ি লইয়া শ্মশানে আসিয়া পৌছিতে না পৌছিতেই আকাশে আলোর ছোঁয়াচ্ লাগিয়াছে। ইহার মধ্যেই প্রায় চার-পাঁচটা চিতা জ্বলিয়া উঠিয়াছে,—বৃষ্টি থমিয়া গিয়াছে কি না,—এতক্ষণ মড়া লইয়া কেহ আসিতে পারে নাই

তিন-চারথানা গ্রামের মধ্যে এই একটি মাত্র শ্মশান। একটি ঘণ্টাও কামাই যায় নাঃ

চিতার-অগ্নিশিথা যেন হাত বাড়াইয়া প্রজাত-সূর্যকে অভ্যর্থনা করে।

কোন্ ক্থার্ড শকুন আসিয়া জানকীর চক্ষ্ ত্ইটা উপ্ডাইয়া লইয়াছে। বুকের একটা স্তন কোন্ শেয়াল হয় ত' কাম্ডাইয়া ছিনাইয়া নিয়াছে,—পঞ্চ্ আর তাকাইতে পারে না। পরম আদরের সঙ্গে ধীরে-ধীরে চিতায় শোয়াইয়া দেয়।

এক পাশ হইতে বেচারাম বলে, — এ কা'র মড়া জানিস্।
পঞ্ বলে, জানি বৈ কি। হাতে কাজ নেই, তাই—
উদ্ধত প্রতিবাদ উঠে, — তুই ওর মড়া ছুঁলি ষে ?
পঞ্চু উত্তরে গান গাহিয়া উঠে:

ও বে কল-কলছিনী, পায়ে বীধা সোনার ছুঙ্র বাজে মধুর রিনিরিনি।

কেহ বলে,—জাত যাবে, পঞ্। পঞ্চু বলে,—সে ত' অনেক কালই গেছে।

চিতা জলে, আর কুলে-কুলে ভরা নদী ও জলে-ডোবা ধানকেতগুলির দিকে -চাহিয়া-চাহিয়া পঞ্চর চোথ ছলছল করিয়া উঠে।

গান আর মনে পড়ে না।

একদিন বায়, ছইদিন বায়, — আলাপ ক্রমে-ক্রমে জমিয়া উঠিতে থাকে।
ভোরের বেলা পঞ্চক আসিতে দেখিয়া নিকুঞ্জের বে তাড়াভাড়ি বিছানা ছাড়িয়া
রান্নাখরে চুকিয়া উনান জালায়,—চায়ের জক্ত হাড়িতে জল চাপাইতে হইবে।
ভোরবেলা গরম চা-টুকু পঞ্চর এইখানেই খাইয়া যাওয়া চাই।

সেইদিন উঠিতে বোটির দেরি হইয়া গিয়াছিল বুঝি,—এক গা রোদ হইয়াছে।

দ্'টি চোথের কোণে ও ঠোটের ফাঁকে লক্ষার একটি অপরূপ লাবণ্য লইয়া বোটি

রামাঘরে গিয়া ঢোকে, ভক্নো পাতা ধগাইয়া আগুন করে; পঞ্ চায়ের প্রত্যাশায়

দরজায় হেলান দিয়া গুটিস্টি মারিয়া বিসয়া থাকে।

এই ফাঁকে নিকুঞ্চ বেশ একখানি ধারালো দা নিজের গলার মধ্য দিয়া এ-ফোঁড় ও-ফোঁড় করিয়া চালাইয়া দেয়, রক্ত-ও টস্টস্ করিয়া বুক বাহিয়া গড়াইয়া পড়িতে থাকে। ম্থটা হা করিয়া কুঁজো হইয়া রান্নাঘরের দরজার সামনে আসিয়া দাঁড়ায়, যেন নিশ্বাস লইবার জন্তই হাঁ করিয়া রহিয়াছে, এখুনিই মুখ থ্ব ড়াইয়া মাটিতে পড়িয়া বাইবে।

অতি কষ্টে বলে, - এই দেখ, কি হয়েছে আমার!

ফিরিয়া চাহিয়াই বৌ একেবারে হাউ-মাউ করিয়া কাঁদিয়া ফেলে, চুল এলো
করিয়া ঘোমটা খুলিয়া ফেলিয়া আতকে যেন পাগলিনী হইয়া উঠে।

তাহা দেখিয়া পঞ্চর হাসি আর বিরাম মানে না। হাসি শুনিয়া বৌটি ফ্যাল্ফ্যাল্ করিয়া পঞ্চর দিকে চাহিয়া থাকে। ইচ্ছা করে গরম জলের হাঁড়িটা উহার মুখের উপর ছু ড়িয়া মারিয়া মুখটা পোড়াইয়া দেয়।

পঞ্চ বলে,— অত ভয়ের কিছু নয়, বেঠিন। দা-টা কি সত্যই আর গলায় বসেছে,—ওটা ওর চালাকি। এই না হ'লে লোকে পয়সা দেবে কেন ?

বোটি আশন্ত হইতে না হইতেই রাজ্যের লক্ষা যেন তাহাকে বেড়িয়া ধরে। হাঁটুর মধ্যে মুথ লুকাইয়া জিভ কাম্ডাইতে থাকে। এত বোকামিও সে করিতে পারে! ছি!

নিকৃষ্ণ বলে, — আরেক দিন রাক্ষণ সেজে বেরিয়েছিলাম ভাই। রাত্রিবেলা বাড়ি এলে বল্লাম, - আমি মামুধ খাই, বড় বড় বাড়ি খাই, রেলগাড়ি খাই,— আমাকে দেখেই ওর কি কাঁপুনি! যেন অজ্ঞান হ'য়ে যায় আর কি! ম্থোস্টা খুলে' ফেলে' ফুলোনো ভূঁড়ির তলা থেকে জামা-কাপড়গুলি বা'র করে' যে-কে-সেই হ'লে পরে তবে বেচারির কানা থামে।

বে লক্ষায় মাথাটা একেবারে তাহার পায়ের কাছে নামাইয়া আনে।

নিকৃত চলিয়া গেলে বে বলে,—এ ভারি অক্যায়,—লোককে ভয় দেখিয়ে প্রসানেভয়া।

পঞ্চু বলে, — আর আমি কি করে' পয়সা আদায় করি, জান ? কাঁদিয়ে।
বুকের মধ্যে যক্ত কালা জমে, গানের স্থরে তা ঢেলে দিই—

কিছুক্ষণ চূপ করিয়া থাকিয়া আবার বলে, - তোমরা কি করে' থাওয়া-পরার জন্ম পয়সা আদায় কর, শুন্বে ?—একজনকে ভালোবেসে, সেবা করে' তার গলায় সেঁউতি-ফুলের মালা হ'য়ে—না ?

বৌটি লক্ষায় একট্থানি রাঙা হয়।

পঞ্ছ চায়ে চুম্ক দিতে দিতে শুধোয়,—তোমার নাম কি, বোঠান ? বোটি মাথা আরো নামাইয়া আনে। থোঁপা হ'তে ঘোমটাটা একটু সরে। পঞ্ছ ফের বলে,—স্বামীর নাম বল্তে ত'দোষ, নিজেরটা বল্লে কি হয় ? বোটি বলে,—আমার স্বামীর নামেই আমার নাম।

- —তার মানে ?
- —আমার নামের বাঁ দিকে 'নি' বসালেই আমার স্বামীর নাম-

কথাটা শেষ করিতে ন করিতেই কুঞ্চ তুই হাঁটুর মধ্যে মুখ লুকাইয়া হাসিয়া উঠে।

পঞ্চু বলে,—তোমার স্বামী তোমাকে খুব ভালোবাদে ? খোঁপাটা ছই পাশে ছই বার হেলাইয়া কুঞ্চ বলে,—মোটেও না।

—তবে, তোমার চোথের কাজল, কপালের সিঁত্ব মৃছে' গেছে কেন ? চোথের কোলে এথনো ত' ঘুম ঢ়ল্ছে,— কাল রাতে নিকৃষ্ণ খ্বই হুইমি করেছে রুঝি ?

হঠাৎ গরম জলের হাঁড়িটা কুঞ্জের পায়ের উপর আচম্কা গড়াইয়া পড়ে।
মুহুর্তের মধ্যে ষম্রণায় কুঞ্জের মুথ বিবর্ণ হইয়া উঠে। পঞ্ তাড়াতাড়ি উঠিয়া বেড়ায়গৌজা নারকেল-তেলের শিশিটা পাড়িয়া আনিয়া দয় পায়ের উপর ঢালিয়া দেয়,
ধীরে-ধীরে পা হইতে রূপার মলগাছি খুলিয়া রাখে। দেখিতে-দেখিতে জায়গায়জায়গায় ফোয়া বাহির হইতে থাকে। পা-থানি নিজের বাঁ হাতের মধ্যে টানিয়া
লইয়া পঞ্ ভান হাতে তেলপটি লাগায়।

পরে বলে,—আমার জন্তেই ভোমার এই আন্ধেল। আমি কাল থেকে চা থেতে আর আস্ব না।

কৃষ্ণ ক্লেকের জন্ম তাহার ছুইটি কালো চোখ প্রসারিত করিয়া পঞ্ব পানে চাহিয়া থাকে। বাঁকা বিষ্টু চাক্রির থোঁজে শহরে গিয়াছিল। শহরে তথন গাধাবাহিনী শীতলার আধিপতা চলিতেছে। তুই দিন রোজে খ্রিয়া-খ্রিয়াই বিষ্টুর জর হইল। ছেঁড়া চটিক্তাজোড়া শহরের মুখে ছুঁড়িয়া মারিয়া অতিকটে আবার ট্রেনে চাপিয়া বসিল,
— হরি-সমীর্তন করিয়া ভিক্ষা মাগিয়াই দিন গুজুরাইবে।

কিন্তু গাঁরে আসিতে-আসিতেই টের পাইল, মা শীতলা তাঁহার শীতল হস্তথানি সস্তানের গায়ে সম্মেহে বুলাইয়া দিয়াছেন।

তাহার পর পাঁচ-সাত দিন একটা বড কলাপাতায় তেল মাখাইয়া তাহার উপব ভইয়া বিষ্টু থালি-গায় ছট্ফট্ করিতে লাগিল। গ্রামে এই একটা নতুন ফ্যাসাদ জ্টিয়াছে,—গা-টা একট্ উষ্ণ হইলেই লোকের ত্রভাবনার আর অবধি থাকে না, সমস্ক দিন-রাত্রি থালি নিজের নাড়ীই টিপিতে থাকে।

ম্থে এক ফোঁটা জল দিবারও কেহ নাই। একমাত্র বৌ ছিল, কেও ভয় পাইয়া বাপের বাড়ির কোন আত্মীয়ের সঙ্গে অহা গ্রামে গিয়া আত্রয় লটয়াছে। অক্ততজ্ঞতার অভিবাগের কোন অর্থ নাই, পলায়ন করিয়া আত্মরক্ষা করিয়াছে মাত্র। উহাদের জ্ঞাতে বিধবাদের বিবাহ করিবার রীতি আছে, বোঁটি তাহা জ্ঞানিত বোধ হয়।

নয় দিনের দিন সমস্ত শরীর হইতে পুঁজের পচা গন্ধ ছাডিতে-ছাডিতে বিষ্ট্র নিশ্চিম্ব হইল।

কেহই আগাইতে চায় না। শেষকালে পঞ্ই হোগ্লা লইয়া আদিয়া খুব কৰিয়া বিষ্টুকে বাঁধিয়া ফেলিল। পরে লোক ভাকিতে একাই রওনা হইল।

পথে নামিয়াই নিক্ঞের সঙ্গে দেখা, তাড়ি খাইয়া টলিতে-টলিতে চলিয়াছে।

নিকৃত্ত বলিল, গেছ্লাম রাথাল দাসের আছে, ঠেসে তাডি খাইরে দিলে। তিন দিন বাড়ির মুথ দেখি নি, বোঁটা বেঁচে আছে ত'রে পঞ্চু?

মৃত্ত পঞ্চর সমস্ত হৃদয় বেন মর্মান্তিক বাখায় মোচড় দিয়া উঠিল। সংসারে উহার না-হয় কেহ নাই, তাই, ও নেশা করে,—জীবনে উহার নেশাটুকুই সম্বল। কিছু নিক্ঞ,—ষাহার গোলাভরা ধান না হইলেও বুকজোড়া সাত রাজার ধন এক মাণিক আছে, বে ভালোবাসার নেশায় মাতাল হইয়াছে, তাহার এই কদর্ব দারিত্র্য কেন ? একম্থ গদ্ধ লইয়া সেই ভীক মৃত্ল মেয়েটির মৃথের কাছে কি ক্রিয়া মৃথ বাড়াইবে ? পঞ্চর ইচ্ছা হইল নিক্ষের মৃথের উপর তুইটা লাথি মারিয়া উহার নেশা চটুকাইয়া দেয়।

সকাল বেলা চা খাইতে যাইবার সময় পঞ্ট্যাকে আফিং-এর কোঁটাটি গুঁ জিয়া নন্ম অবশ্য। ছোট্ট একটি দানা পাকাইয়া চায়ের সঙ্গে কথন যে টুপ্ করিয়া নিক্ষা কেলে, নিক্ষের বোঁ তাহা টেরও পায় না। বদি টের পাইয়া মিনতি করিয়া উহাকে আধিং থাইতে বারণ করিত, তবে জীবনে কথনও আর তাহা ছুইত না।

এ কয়দিন যাত্রাগানের মহড়া দিতে গিয়া ও-ও সময় করিয়া উঠিতে পারে নাই।

বলের নয়ান্ ঘোষ দয়া করিয়া পাতা ছাঁকিয়া একটুখানি লাল্চে জল গুলিয়া দিয়াছে,
ভাহাই গুধু গিলিয়াছে। সময় করিয়া একবার গেলে পারিত!

পঞ্চু বলিল,—বাঁকা বিষ্টু টে সৈছে—ওর মড়া কেউ ছুঁতে চায় না, বলে: স্ব্যালেরিয়ায় ভূগে মর্তে জানি, সয়; এ-সব বিতিকিচ্ছি ব্যামো ডেকে আন্তে পার্ব না। যাবে আমার সঙ্গে শ্বাশানে ?

নিকুঞ্জ তাহার উক্ততে একটা থাপড় মারিয়া বলিল, —বাব, ধদি ভাই ; হু' হাঁড়ি তাভি দাও।

সাম্নে একজনকে নেশা করিতে দেখিলে চোখে আপনা হইতেই ঘোর লাগে বুঝি। পঞ্চু কহিল, – দেব।

নিকুঞ্জ তথুনিই পঞ্কে জড়াইয়া ধরিয়া উহার তোব্ড়ানো গালে একটা চুমাই ্থাইয়া ফেলিল।

দর্ম দরজা দিয়া তব্তপোষ-শুজু মড়া বাহির হয় না,—শুধু মড়াটাকেই হেঁচড়াইতে-হেঁচড়াইতে পথের উপর টানিয়া আনা হইল। কাহার একণানা ভাঙা নঙ্গ বড়ে চৌকির উপর বিষ্টুকে শোয়াইয়া চারটা পায়ার ফাঁক দিয়া বাঁশ চালাইয়া কাঁধে তুলিয়া লইল প্রথম পঞ্চু আর নিক্সঃ।

তাড়ির লোভে আরো ত্ব' তিনজন লোক ছ্টিয়া গেল। তক্নো জিভগুলি বাহির করিয়া সবাই বার কতক উপরের ঠোঁটটা অসহিষ্ণু ল্কতায় চাটিতে লাগিল,
—বেন কতদিন গলাটা ভিজে নাই, ব্কের মধ্যে না-জানি কি উৎকট পিপাসা
ভামিয়া-জমিয়া কাঠ হইয়া গেছে।

গঙ্গারাম ত' এক লাফ দিয়া বিষ্টুর পা ছুঁইরা বলিয়া ফেলিল, — দিনে পাঁচ বার করে' মর—তোর কল্যাণেই তাড়ির এই ফিষ্টি আমাদের—

কেছ মরিলে বে এত বড় একটা আনন্দ-উৎসবের স্বযোগ হইতে পারে তাহা ইহারা আগে কেহই জানিত না। স্থাপা বলিল,— মর্বার সময় গিন্নির কাছে যদি কিছু রেস্ত রেখে যেতে পারিস্ গঞ্চা, ত' এই শশ্মান-যাত্রীদের নামেই রেখে যাস্ তাড়ি থাবার জস্তু। শ্বশানে আসিয়াই তাড়াতাড়ি চিতা বানানো হইল। চিতার বিষ্টুকে চিৎ-করিয়া শোয়াইয়া হাত পায়ের হাডিগুলি মটুমটু করিয়া ভাতিয়া মাধায় লাক্রির এক বাড়ি মারিয়া ঘিলু বাহির করিয়া আগুন ধরাইয়া দিল।

পরে অঞ্চলি পাতিয়া স্বাই তীর্থকাকের মত পঞ্চর মুখের পানে একদৃষ্টে চাহিয়া বহিল, বন কতকগুলি মাছরাঙা বৃষ্টির জন্ম আকাশের পানে গলা বাড়াইয়া চাহিয়া আছে।

পঞ্ সকলের করপুটে তাড়ি ঢালিয়া দিতে লাগিল। কুকুরের মত জিত বাহির করিয়া একেবারে চটিয়া-প্র্ছিয়া খাইতে লাগিল, যে কয়েক কোঁটা মাটিতে গড়াইয়া পড়িয়াছিল তাহাও ভকাইতে দিল না। নিকুঞ্জ একেবারে একটা মড়ার মাধার কয়াল-করোটি তুলিয়া লইয়া বলিল,—দে, ঢেলে দে, পঞ্চু, একেবারে কাণায়-কাণায় ভরতি করে'—

वाकि हुक् १क् उक्छक् कविशा शिनिशा स्किन ।

নিকুঞ্জ বেন একটা ছুর্ভিক্ষের দেশ হইতে উঠিয়া আসিয়াছে, ছুই চোখে একটা উগ্র বীভৎস লোল্পতা, —যত থায়, ততই মরিয়া হইয়া উঠে। সেই কথন হইতেই বৈ গিলিতে স্থক্ষ করিয়াছে তাহার হিসাব নাই, উহার পিপাসা বেন কিছুতেই নিভিবে না।

চক্ ত্ইটা ঠেলিয়া বাহির হইয়া আসিয়াছে, গায়ের জামা-কাপড় নেশার ঝোঁকে দাঁত দিয়া টুক্রা-টুক্রা করিয়া ছিঁড়িয়া ফেলিয়াছে, বমি করিয়া মৃথখিন্তি করিয়া কেলেছারির আর কুল-কিনারা রাথে নাই।

এখন একেবারে বেচাল্, বেছঁদ্ হইয়া মাটি কামড়াইয়া পড়িয়া রহিয়াছে। একটা ইটের কোণ্ লাগিয়া কপালটা ফাটিয়া গিয়াছিল, রক্ত গড়াইয়া-গড়াইয়া এখন ক্রমশ কালো হইয়া আসিতেছে,—বোধহয় প্রাণ আর নাই!

মধ্যাত্তের রোক্র আকাশ ফাটিয়া গলিয়া পড়িতেছে।

চিতার তলে বেচারা বিষ্টুর কি অবস্থা কেহ তাহার খোঁজ লইবারও দরকার বোধ করিতেছে না, সবাই তাড়ি থাইরা ধেই-ধেই করিয়া নাচিতেছে, টলিতেছে, যাহাকে খুদি গালিগালাজ করিতেছে,—তবে, কেহই বেসামাল্ হইয়া নিকুঞ্জের মজ্মাটি লয় নাই।

চিতা বৃঝি প্রায় নিভিয়া আসিল, বেলাও গড়াইয়াছে, তব্ও নিকুঞ্জ মাধা তুলে: না।

জগু ভূমালি নিকুঞ্জের ক:নের কাছে মুখ নামাইয়া কহিল.—ওরে, আর থাবি ? কিন্তু এ কথার কে উত্তর দিবে ?

মুহুর্তমধ্যে এমন একটা কাণ্ড ঘটিয়া গেল, যাহা যেমন করুণ, তেম্নি বীভৎস।

জপ্ত একবারমাত্ত নিকুঞ্জের বৃক্তের উপর কান পাতিয়া বোধ করি নিশাসপ্তনের শক্টকুই পরীক্ষা করিয়া লইল, কিন্তু একেবারে একটুও দেরি না করিয়া মাতাল নিয়ানের সাহায়ে নিকুঞ্জকে পাঁজাকোলে তুলিয়া লইয়া হরি বোল' করিয়া উঠিল। অক্ত মাতালগুলি সমন্বরে চীৎকার করিয়া উঠিল: হরি বোল!

পঞ্চ তথন মাটি লইয়াছে। ভিতর হইতে কে জিভটা টানিয়া ধরিতেছিল, বলিয়া উঠিল,—দে বেটাকে পুড়িয়ে, ছাতৃ খাইয়ে,—

কেহ কিছুই জিজ্ঞাসা করিতে চাহিল না, সেটুকু জ্ঞানও নিশ্চয়ই কাহারও ছিল না,—নিকুঞ্গকে ধরাধরি করিয়া বিষ্টুর জ্ঞানন্ত চিতার মধ্যে গুঁজিয়া দিয়া স্বাই জ্ফাইল করিয়া উঠিল।

আগুনের আঁচে নিকুঞ্জের অবশ দেহ একবার মোচড় দিয়া উঠিল কি না, কে তাহার থবর রাথে ? তুই অক্ষম তুর্বল হাত দিয়া জলস্ত বহিকুণ্ড হইতে বাহির হইয়া আসিবার জন্ম কতক্ষণ নিক্ষল প্রয়াস করিয়াছিল কিনা কেহ তাহা একবার খোঁজণ্ড করিল না। সবাই মিলিয়া আরো কতগুলি শুকুনো লাক্রি গুঁজিয়া দিল মাত্ত।

সন্ধ্যা হইয়া আদিয়াছে,—এখুনিই কালো রাজি তাহার তুই ভানা মেলিয়া ধরিবে।

পঞ্চর যথন জ্ঞান হইল, তথন রাত্তি গভীর। আকাশে মেঘ করিয়াছে। বিত্ৎ-বিদারণের মত চট্ করিয়া উহার সমস্ত কথা আগাগোড়া মনে পড়িয়া গেল.—
নিক্সকে উহারা চিতার তলায় জোর করিয়া জাতিয়া জাতিয়া পোড়াইয়াছে, নিক্স নিঃশব্দে সেই জালা সহু করিয়াছে, একটি কথা কহিবারও সময় পায় নাই। ও-ও ত' পথের কিনারে বেছঁদ্ হইয়া পড়িয়া ছিল, ভাগ্যিস্ উহাকেও কেহ কাঁধে করিয়া লইয়া যায় নাই!

পঞ্ দৌড়িয়া শ্বশানে আসিয়া দাড়াইল। অন্ধকারে গলা ফাটাইয়া চীৎকার করিয়া উঠিল,— নিক্ঞা!

কিছ সে-ভাকের উত্তর কোথায় ? শাশানে তথনও তার্ডির ইাড়িগুলি গড়াগড়ি যাইতেছিল। পঞ্র মনে হইল নিকুঞ্চ যেন উহার ভাক শুনিয়া পিছনে আসিয়া দাড়াইয়াছে, হাতথানি বাড়াইয়া দিয়া বলিতেছে: আর একটু দিবি ভাই ?

মুহূর্তমধ্যে দেই একখানা হাত যেন শত দহস্র হইয়া উঠিল। যেন এক্লা পাইয়া এখুনিই পঞ্র টুটি চাপিয়া ধরিবে। যেন কে বলিতেছে: বড্ড তেইা ভাই, আরো দে, আরো দে—

পঞ্ শাশান হইতে উধর্বাসে ছুট্ দিল। আকাশে মেঘ করিয়াছিল, কিজ জিচিত্তা/২/০ একটোটাও জল হইল না। সমস্ত আকাশ বেন নিদারুণ তৃষ্ণায় রুদ্ধ হইয়া আছে।

কতদ্ব ছুটিয়াছে কিছুই ঠাহর নাই,—বত ছোটে, মনে হইতেছে নিকৃঞ্জও বেন লখা-লখ, পা ফেলিরা উহাকে অফুসরপ করিতেছে, ও আর-এক ঢোক তাড়ি থাইবার জন্ম হাত পাতিয়া ভিক্ষা মাগিতেছে। মনে হয়, নিকৃঞ্জের পিছনে উহার বো এলোচুলে পাগলিনীর মত ছুটিতেছে, উহার পায়ের মল থসিয়া গেছে, বেণী বাঁধিয়া লয় নাই, হাতে একটা লঠন লইয়া আসিতেছে বৃঝি। পঞ্চ দাঁড়াইল,—না কেফ নয়। আলেয়ার আলো হয় ত'।

পথের ধারে একটা দোকান দেখা গেল। মাচার উপর বসিয়া কুনো বৃড়ি কুলো পাতিয়া এত রাত্রে ভাল বাছিতেছে। পঞ্চ কাছে আসিয়া দাঁড়াইয়া কহিল, - তোর ম্বরে একটু তাড়ি আছে ?

বুড়ি ভাবিল, চোর,— না হয় পাগল,— হাতের কাছের ঠাাডাটা উচাইয়া ধরিল। পঞ্চু কের কহিল,— একটু জল দে, ভারি তেষ্টা পেয়েছে।

বৃড়ি বোধ করি তাহার ছেলেকেই ডাক দিল,-- পঞ্ আর দাঁড়াইল না, ছুট দিল।

বেন এই অন্ধকার পার হইয়া ও কোন প্রভাতের পানে চলিয়াছে !

ভোর হইল। ছই একখানা গল্পর গাড়িও চলিতে হুল করিয়াছে। পথের ধারেই পশ্বু আবার ভইয়া পড়িয়াছিল বৃঝি। ঘুমাইয়া-ঘুমাইয়া বেন কি স্বপ্ন দেখিয়াছে: বেন কে-একটি কলণ মেয়ে ছইটি কাকুভি-ভরা ভিজা চোখ তৃলিয়া পশ্বুর কাছে উহার সন্থালুপ্ত সিঁ খির সিন্দ্র ভিক্ষা করিয়াছে, ছইটি রিক্ত হাত দেখাইয়া সোনার কলণ বাজ্ঞা করিয়াছে,—বেন বলিয়াছে: 'সেই তৃমি আমার পায়ের মল খুলিয়া রাখিয়াছিলে, এইবার পরাইয়া দাও।'—বলিয়া চাঁপার কলির মত হুকোমল ছ'থানি পা-ও দেখাইয়াছে, তাহাতে আল্তার সেই দাগটুকু আর নাই, মুথর মল-ও স্তব্ধ হইয়া গেছে, ধুলায় খনিয়া পড়িয়াছে বৃঝি। ঠোঁটের ফাঁকের সেই হাসিটি চুরি গেছে,—শাড়ির পাড়টিও কাল্লায় ধুইয়া-ধুইয়া শাদা হইয়া গেল।

পঞ্ সেই মেয়েটিকে চিনে। তাহার নামের বাঁ দিকে 'নি' বসাইলেই তাহার স্বামীর নাম!

কুৰকে পঞ্ছ কি বলিয়া মৃথ দেখাইবে ? অভাগিনী হয় ত' এখনো এই খবর পার নাই। কাল রাতেও দরজায় থিল না লাগাইয়া অভিমানিনী, নিক্দেশ স্বামীর জন্ত প্রতীক্ষা করিয়া থাকিতে-থাকিতে মাটির উপরই ঘুমাইয়া পড়িয়াছিল। শিয়রের কুপিটা জ্বলিয়া-জ্বলিয়া নিভিয়া গেছে, তবুও স্বামী ফিরিয়া আসে নাই। কুপির

আলোতে উদ্ভাসিত কুঞ্জর সেই ঘুমন্ত স্ত্কুমার ম্থখানা কল্পনা করিয়া পঞ্চ আপন জ্বদয়ের মধ্যে একটি অপার বিরহ অফুভব করিল।

সমস্ত গ্রাম ঘুম হইতে গা-মোড়া দিয়া উঠিয়াছে।

বিষ্টুর মরার পরদিনই সতু স্থাক্রা উহার ব্যবসাটা বেশ হাত্ড়াইয়া লইয়াছে,—
শোনা বায়, রাজারাতিই নাকি স্বামীর মৃত্যুসংবাদ পাইয়া নিশ্চিম্ব হইয়া বিষ্টুর বে
সত্র পিছু-পিছু বাড়ি ফিরিয়া আসিয়াছে; ঘর দোর নিকাইয়া জ্ঞাল বাঁটাইয়া
নোংরা বিছানাপত্র পোড়াইয়া আবার সব ফিট্ফাট করিয়া তুলিয়াছে। উহার
সিঁহুরটুকু মৃছিয়া ফেলিবারও অবসর জোটে নাই।—সতুই উহাকে একজোড়া নতুন
শাড়ি কিনিয়া আনিয়া দিয়াছে, সক্ষে একটা সিঁহুরের কোঁটাও বৃঝি।

সকাল বেলা উঠিয়াই সতু বিষ্টুর দাওয়ায় বসিয়া হাতুড়ির খুটুখুট করিতেছিল। রাস্তায় পঞ্চকে দেখিয়া বেশ উৎফুল্ল হইয়াই ভাক দিল।

—আরে, নিকুঞ্জ নাকি মরেছে ?

পঞ্ছ ষেন আকাশ হইতে পড়িয়াছে এম্নি ভান করিল। বলিল, — মাইরি ? কি করে' মরল ?

সতু কহিল,—ছিল পাঁড় মাতাল, তাড়ি থেয়ে-থেয়েই প্রাণটা দিলে। এতদিনে শিক্ষা হ'ল —

পঞ্চ যেন হাঁপ ছাড়িয়া বাঁচিল। তাড়ি খাইয়াই মরিয়াছে, — জগু নয়ান গ্রামে তাহা হইলে এই গুজবটাই রটাইয়া দিয়াছে। সবাই মিলিয়া যে সংজ্ঞাহান ছুর্বল নিকুঞ্জকে ধরিয়া জ্ঞলস্ক চিতার চুলার মধ্যে ঠেলিয়া দিয়া পিশাচের মত তাগুব নৃত্য করিয়াছে, সেই কথাটা চিরকালের মত ঢাকা পড়িয়াই রহিল। তব্, যাক্, পঞ্চর বৃক হইতে প্রকাশু একটা পাথর নামিয়া গেছে,—ও এখন বেশ সহজে নিশাস টানিতে পারিতেছে। হাঁা, নিকুঞ্জের শিক্ষা হইয়াছে বৈ কি।

সভু কি ভাবিয়া হঠাৎ নিজেকে সংশোধন করিয়া লইল। কহিল,—কেন তুই ত' ছিলি শ্বাশানে। পুব তাড়ি টেনেছিল বুঝি—

বুকে বল পাইয়া পঞ্চ বলিতে লাগিল,—সে কি একটু-আধটু? হাঁড়ি-হাঁড়ি। কত বাবণ কর্লাম: অত থাস্ নি, নিক্ঞা! আমার কথা কি আর শোনে? মরণদশা বার হয়েছে তার অম্নিই বেজাত খিদে হয়। গেল ঠাণ্ডা হ'রে,— একবার ঠাণ্ডা হ'লে তার আর কি চিকিৎসা চলে?—যতই কেন না কব্রেজ ডাক—

কিছুক্ষণ চূপ করিয়া শৃদ্ধে তাকাইয়া পঞ্ ধীরে কহিল,—ওর বাড়ির সব থবর পেয়েছে ? সতু তাহার দাঁতগুলি বিকশিত করিয়া ধরিল। দাঁতগুলি না বুজাইয়া কহিল,— বাড়িতে ও' এক পিসি,— বাপের পিস্তুত বোন্—

পঞ্চ কহিয়া উঠিল,—কেন, বৌ?

সতু উত্তর দিল না। পিছন হইতে বিষ্টুর ওরফে সতুর বোঁ নং নাড়িয়া বলিল, —সে ত' তুমিই ভালো করে' জান বাপু, কোথায় লুকিয়ে রেখেছ।

- --তার মানে ?
- যেন ক্যাকা! ঘরে গিয়েই থবর দাও গে যে কাঁটা থসেছে। আর কেন?
  পঞ্চু বিমৃত্তের মত বিষ্টুর বোর দিকে চাহিয়া রহিল, মৃথে কোন কথা জোগাইল
  না।

সতু বলিল,—পশুরতে বোটা বাড়ির বা'র হ'য়ে গেছে। সবাই বল্ছে তুইই ওকে সরিয়েছিন —

পঞ্ ধূপ্ করিয়া মাটির উপর বসিয়া পড়িল। উহার চোথের সন্মুখে সমস্ত পৃথিবী ষেন টল্মল্ করিয়া উঠিয়াছে, ভোরের আলো ষেন কে ফুঁদিয়া নিবাইয়া দিল।

বিষ্টুর বৌ ম্থঝাম্টা দিয়া উঠিল, —আর অত নাটুকেপনা না কর্লেও চল্বে।
দিনরাত্রি বৌটার সঙ্গে গুজ্ ভুজ্ —আমরা দেখি নি ? শুনি নি আমরা ? মেয়েটাকে
বোকা পেয়ে খুব হাতসাফাই করে' নিলে যা হোক্! ও মা, এ যে একেবারে আন্ত ভাকাত!

সতু বলিল, —সেই হৃঃথেই ত' নিকৃঞ্চ তাড়ি থেয়ে আত্মহত্যা করল। কম ভালোবাসত বোটাকে ?

বিষ্টুর বে বিলিপ,— ঢাক্ ঢাক্ গুড়্-গুড় কতদিন আর চাপা থাকে, -- একদিন বেরিয়ে পড়বেই পড়বে।

পঞ্ এইবার দপ্ করিয়া জ্ঞানিয়া উঠিল। চন্দু তুইটা পাকাইয়া কহিল, তোর মুখে পোকা পড়বে, হারামজাদি,—কি সতা রে আমার!

বলিয়াই পঞ্ বিষ্টুর বৌর অনর্গল গালিগালাজের প্রতি কর্ণপাত না করিয়া পথ ভাঙিতে স্বন্ধ করিল।

রোদ্র যতই চড়া হইতে লাগিল পঞ্চর মনে হইল ব্যাপারটা আগাগোড়া স্বপ্ন!
কাল রাতে বেশী নেশা করার জন্ম হয় ত' মাথাটা ঠিক নাই। কুঞ্জকে ও ঘরের
বাহির করিয়া লইয়া গিয়াছে এ ব্যাপারটা যতই মিথাা হোক না কেন, ইহার মধ্যে
কোথায় যেন একটু মোহ বহিয়াছে। সত্যিই যদি কুঞ্জ মাথায় ছোট সেই একটুথানি
ঘোষ্টা লইয়া ছু'টি পায়ে অসীম লজ্লার বেড়ি জড়াইলা উহার ঘরে আসে—

আপন বৃকের মধ্যে কাহার ত্'গাছি মলের কুন্তিত লাজুক ঝদ্ধার শোনা যায়,—
পঞ্জাবেশে অভিভূত হইয়া গেল।

ব্যাপারটার মধ্যে বিশাস করিবার কিছুই নাই,—তবুও অন্তমনে হাঁটিতে-হাঁটিতে পঞ্ কথন্ যে নিজের গাঁয়ের ছোট্র ঘরখানির দাওয়ায় আসিয়া উঠিয়াছে, থেয়ালইছিল না। কেবলই মনে হইতেছিল কে যেন ছ'থানি হাত দিয়া দরজা ধরিয়া উহারই জন্ম প্রতীক্ষা করিয়া দাড়াইয়া আছে, উহাকে দেখিয়াই ফিক্ করিয়া হাসিয়া চোথ ছ'টি নামাইয়া লইবে!

সেই কথাই ভাবিয়া হয় ত' পঞ্ এতটা পথ বড়-বড় কদম ফেলিয়া ছুটিয়া আসিয়াছে।
ব্কের ঘাম মুছিয়া লইয়া পঞ্র ইচ্ছা হইল গলায় মধু ঢালিয়া স্বরটা গানের স্বরের
মতই মোলায়েম করিয়া একবার 'কুঞ্জ' বলিয়া ডাকিয়া উঠে। তাহা হইলেই যেন
সেই গৃহ-পলাতকা বধৃটি কণ্ঠস্বরে অন্তরূপ মধুরতা নিয়া সাড়া দিয়া কাছে আসিবে।

পঞ্ কত কথাই ভাবিয়াছিল; —পথের পাশে একটি কনক-চাঁপা গাছ হইতে কয়েকটি ফুল ছিঁডিয়া আনিয়াছিল, কুঞ্জ-র থোঁপায় গুঁজিয়া দিবে।

উত্তরের ভিটায় ছোট একথানি ঘরে—দক্ষিণে একটা অনাবাদি জমি রৃষ্টির অভাবে শুকাইয়। কাঠ হইয়। গেছে, তাহারই প্রাস্ত ঘেষিয়া নদীটি একটি চারু রজতরেথার মত আকা রহিয়াছে। পূবের ভিটায় আর একথানা ঘর আছে, সেই কোন্ এক সালের ঝড়ের বাড়ি থাইয়া সেই যে ত্রিভঙ্গ হইয়া গিয়াছিল—তাহার চেহের। আর বদ্লায় নাই। সেই ঘরেই যাত্রাদলের স্থা ও স্থীরা পার্টের মহড়া দেয়, গাঁজা টেপে, তাড়ি গিলে আর তামাকের ধোয়ার কুণ্ডলা ওড়ায়, -- নেশায় গড়াগড়ি দিতে দিতে সেই ঘরেইই ধুলায়-ধুলায় ধুদুর হইয়া উঠে।

উঠানের ধারে কতকগুলি কলাগাছ,—পঞ্চু নিজ হাতেই পুতিয়াছিল। কলার পচা পাতা সমস্তটা উঠানে একেবারে একহাটু হইয়া আছে, কবে যে ঝাটা পড়িবে, কেহই বলিতে পারে না। সেই দিকে চাহিয়া থাকিতে-থাকিতে পঞ্চু আপন মনে হঠাৎ অফুটশ্বরে ডাকিয়া উঠিল, — কুঞ্চ!

একটা চিল সাম্নের মাঠের উপরে ছায়া ফেলিয়া উড়িয়া গেল।

পঞ্র আর তুইটা ফুটাইয়া লইবার উৎসাহ ছিল না। দাওয়ার উপরেই শুইয়া পডিল।

সন্ধ্যাসন্ধিতে ঘুম ভাঙিয়া গেল। ঘুম ভাঙিয়াই পঞুর মনে হইল ঘরের মধ্যে কে ঘেন অতি ধারে-ধারে চলাফিরা করিতেছে। কাহার বসনের শিথিল আঁচলের একটু থদ্থদ্ আওয়ান্ধ পাওয়া ঘাইতেছে,—পঞু গা ঝাড়িয়া লাফ দিয়া উঠিল। কুঞ্জ আসে নাই ত'?

কিন্তু ঘরের মধ্যে কাহাকেও দেখা গেল না। সেই কবে যে তুটি ভাত খাইয়া গান গাহিতে বাহির হইয়া গিয়াছিল, তাহার পর এটো থালা ও বাটিটা আর মাজা হয় নাই।

কতগুলি উৰ্ত্ত ভাত ছিল, তাহা এতদিনে শুকাইয়া কর্করে, কাঁকরের মত হইয়াছে, – তাহারই লোভে কয়েকটা ইত্ব সোল্লাসে থালার উপর দিয়া ছুটাছুটি করিতেছিল।

পঞ্ছ মর দোর এলো রাথিয়াই বাহির হইয়া গেল। চুরি মাইবার উহার কি-ই বা আছে ? কুঞ্জ ত' আর পথ ভূলিয়া উহার মরে আদে নাই!

রাস্তা চলিবার সময় পঞ্চুর গান গাওয়াটা বহুকালের অভ্যেস। কিন্তু আজ্ব গলার মধ্যে সমস্ত গান যেন কান্নার মত উথলিয়া উঠিতেছে। কোনো ভাষাই তাহার নাই।

পঞ্ আসিয়া নিকুঞ্জের বাড়ীর উঠানে দাঁড়াইল। কতগুলি স্ত্রী-পুরুষ মিলিয়া তথন অফুচ্চকণ্ঠে কিসের একটা জটলা পাকাইতেছে।

পঞ্চ দেখিবামাত্র পিদি একেবারে রণচণ্ডী হইয়া উঠিলেন: মান্ত্রের কর্মন্বর ফতদূর উঠিতে পারে তাহারও এক পদা চড়াইয়া চেঁচাইয়া উঠিলেন,-- এই এসেছে হারামজাদা: ধর্ ব্যাটাকে, ধর্---

কেহই ধরিল না বটে, তবে ঘিরিয়া ধরিল।

পঞ্ বলিল, — কি হয়েছে পিসি ?

পিসি বলিলেন, — কি হয়েছে পিসি! আমার সর্বস্থ লুট করে', আমার ম্থে, কুলে কালি মাথিয়ে – বেটা বজ্জাত, ছুঁচো, গেঁজেল, — আবার বলা হচ্ছে, কি হয়েছে পিসি! আহ্ব নিকুঞ্জ, তার রাম-দাটা দিয়ে তোর ম্ণুটা ছু'ফাঁক করবে, তবে আমার নাম! নিজে যেন হওয়া-হওয়ির কিছু জানেন না। দে না তোরা বেটাকে চড়িয়ে থেৎলা করে'—

নিকুঞ্জের মৃত্যুর থবরটা পিদিকে এখনও শোনানো হয় নাই ভাবিয়া পঞ্চু একট্টু আশ্বস্ত হইল। তবে, সত্যই হয়তো কুঞ্জ ঘরে নাই, তাই পিদি এত মৃথ থিঁচাইতেছেন।

পঞ্ কহিল, শুন্লাম কুঞ্জ-বৌঠানকে নাকি পাওয়া যাচ্ছে না,—সত্যি ?

পিসি এইবার একটা অপ্রাব্য গালি পাড়িয়া বলিয়া উঠিলেন—তুই-ই ত' বোটাকে হাবাগোবা পেয়ে ভূলিয়ে-ভালিয়ে নিয়ে সট্কেছিস্। বো আমার অভি লক্ষ্মী, মৃথে রা-টি পর্যন্ত কাড়ে না। দে, আমার বোকে ফিরিয়ে দে, লক্ষ্মীছাড়া।

বলিয়া পিসি আর কান্না চাপিতে পারিলেন না।

পঞ্চু বলিল,—আমি তাকে নিতে যাব কেন? দেখে এস না আমার ঘর-দোর,
— শৃক্ত পুরী, আগের মতই খাঁ-খাঁ করছে।

ভিড়ের মধ্য হইতে কে বলিল, – হাা, এখন আর ঘরের মধ্যে আছেন কি না, কোন দেশে চালান করে' দিয়েছে কে জানে ?

পঞ্চ ফের কছিল,—তোমার পা ছুঁরে দিব্যি গাল্ছি পিসি আমার কুঞ্জবোঠানের চুলটি পর্যন্ত ছুঁই নি; দেখি নি।

সেই লোকটাই বোধ করি বলিয়া উঠিল, ছুঁতে হ'বে কেন, হাওয়ায় উড়ে' বিলেভ চলে' গেছে।

পিসি পঞ্র কোন কথাই বিশ্বাসধােগ্য মনে করিলেন না। হাত বাড়াইয়া বলিলেন,—দে. আমার সোনার চাঁদ বােকে ফিরিয়ে দে, পােড়ারম্থা। নিকুঞ্চ ফিরে এলে প্রাণ থােয়াবি অকালে, দে, ভালাে চাস ত' এখনাে পাঠিয়ে দে।

— আমি নিই নি। যদি নিতাম, যদি নেবার মত মনে কর্তাম, ত' আর ফিরিয়ে পাঠিয়ে দিতাম না। আমার ভাঙা ঘরে, এই গাঁয়ের স্বাইর চোখের গুপর তাকে নিয়ে বাস কর্তাম। তোমাকেও নিয়ে বেতাম, পিসি। সেই সাহস এই পঞ্চর আছে।

বলিয়া পঞ্চ সমবেত জনতার দিকে একটা ক্রুর দৃষ্টি নিক্ষেপ করিল।

পিদি শোকে একেবারে লুটাইয়া পড়িয়া কহিলেন,—তুই নিদ্ নি ত', কে নিয়েছে হওভাগা? দিন রাত বোটার দক্ষে ফিদ্ফিদ্ ফুটুরফাটুর,— বুড়ি বলে' কি আমার চোথ এড়িয়ে যাবি, হারামজাদা? নিকুঞ্চটা ভালো লোক ভেবে বড্ড নাই দিয়েছিল। আহ্বক্ একবার ফিরে, তোর গলাটা পেঁচিয়ে-পেঁচিয়ে কাট্লে তবে আমার জ্ঞালা যাবে।

পঞ্চু কহিল,— কিন্তু তোমার বোকে ত' তাতে ফিরে পাবে না, পিসি। আর, ধর. যদি আমি তোমার বোকে ফিরিয়ে এনে দি, তুমি তাকে ফের ঘরে নেবে ?

পিসির হইয়া ভিড়ের মধ্য হইতে কতগুলি কণ্ঠ একসঙ্গে জবাব দিল,—কক্থনো না।

—তবে আমি তাকে ফিরিয়ে দেব না। আমি তাকে নিয়ে অনেক দ্রে—শহরে চলে' যাব। তোমাদের যা থুসি তা কর। আদালত খোলা আছে।

বলিয়া পঞ্ছ হন্হন্ করিয়া বাহির হইয়া গেল।

শেষের কথাগুলি এমন জোর করিয়া বলিয়া গেল যে, কুঞ্জকে ও-ই সরাইয়া নিয়াছে, তাহাতে আর তিলমাত্র সন্দেহ নাই। কুঞ্জকে চুরি করিয়া নিয়া উহার লজ্জা বা আতক দ্রের কথা, বরং আনন্দ ও অহতারে যেন বুকটা ফুলাইয়া লইয়া গেল।

পিসি বলিলেন,—ধর্ না স্বাই ব্যাটাকে চেপে। ব্যাটাকৈ স্বাই মিলে দে না চ্যাপ্টা করে'—

কেহই আগাইল না। একজন বলিল,—ওরে বাবা. ওর পিছনে প্রকাও দল, গাঁজার কল্কে ছুঁড়েই সমস্ত গাঁ খুন করে' দিতে পারে। কে যাবে ওকে ঘাঁট্তে? তার চেয়ে আদালত কর্ পিসি।

পিসি মাটিতে বসিয়া পডিয়া বলিলেন,—তোরা এখানে সব দাঁডিয়ে আছিস্ কেন? একটুখানি এগিয়ে ছাখ না আমার নিকৃ ফিরে আস্ছে कি না। সেই যে রাখালদাস হারামজাদার ছেরাদ্ধে গেল,—আর ফির্বার নামটি নেই। তোরা ধা না বাবা ভোঁদা, গোব্দা,—আমার নিকৃঞ্জকে কোন রক্ষে একটা খবর দে—

নিকুঞ্জর মৃত্যুর থবরটা বাহির করিয়া দিবার জন্ম একজনের জিভের ভগায় বোধ করি স্বড্স্থডি লাগিতেছিল, পাশ থেকে আরেকজন চাপা গলায় বলিয়া উঠিল,— থাক্, বুড়ি ত্ব'হু'টো শোক সাম্লাতে পার্বে না।

পিসি ভান হাতের মৃঠিটা শক্ত করিয়া চাপিয়া মাটির উপরেই এক কিল বসাইয়া কহিলেন,— আস্ক্ নিকুঞ্জ! ঐ বাদর বস্মায়েসটার মডা ম্থ না দেখলে আমি এই বাড়িতে এক দিনের জন্মও জল ভোব না। আমি এই মা-বস্মতীকে ছু য়ে দিবিয় করছি।

কিন্তু তবু, নিকুঞ্জ আসিল কই ?

নিকুঞ্জ যেন তাহার বোকে ফিরাইয়া আনিবার জন্ম চিরকালের পথে বিবাগী হইয়া বাহির হইয়া গেচে।

পঞ্চু ভিড হইতে থানিকটা দ্রে সরিয়া আসিয়া একটা আমগাছের তলায় একটি নারীমূর্তি দেথিয়া থমকিয়া দাঁড়াইল। অস্পষ্ট অন্ধকারে তাহাকে ভালো করিয়া চেনা না গেলেও পঞ্চুর মন কি একটা অভাবনীয় প্রতীক্ষায় এতটুকু হইয়া আসিল। কতদিন পঞ্চুকে আগাইয়া দিতে কুঞ্জ এই সিঁতুরে আমগাছটি পর্যন্ত আসিয়া থামিয়াছে, তাহার পর যতক্ষণ দেখা গিয়াছে ততক্ষণ কুঞ্জ এই গাছের ছায়াটি ত্যাগ করে নাই। আজু আবার কি পঞ্চুর সঙ্গে ঘাইবার জন্মই কুঞ্জ দেই গাছতলাটিতে আসিয়া দাঁড়াইয়াছে?

পঞ্চ উৎস্ক হইয়া চাহিয়া দেখিল —হারানি। নিশি লায়েক-এর দ্বিতীয় পক্ষের স্ত্রী,— পাশের বাড়িতেই থাকে। কতদিন কুঞ্চ ও পঞ্চুর গল্প করিবার ফাঁকে এই ব্রীড়াবনতম্থা মেয়েটি একটা ঝুড়ি করিয়া একথানি কুমড়ার ফালি, পুঁইলতার কয়েকটি ডগা, কিছু তরি-তরকারি নিয়া রায়ায়রে ঢুকিয়া ঝুড়িটা নামাইয়া রাথিয়া অয় একটু হাসিয়া বিদায় নিয়াছে। পঞ্কে দেথিয়া মেয়েটি লজ্জায় জড়সড় হইয়া পড়িত দেথিয়া কৃষ্ণ বলিত,—ইনি আমার ঠাকুর-পো রাণী, তোর দাদা হন্। কেইঠাকুর।

মেয়েটি কেইঠাকুরের নাম শুনিয়াই হয় ত' পঞ্র পায়ের থানিকটা দূরে তাড়াতাড়ি হাটু গাড়িয়া বসিয়া চিপু করিয়া এক পেয়াম ঠুকিয়া দিয়াছিল।

সেই মেয়েটির কাছে থামিয়া পড়িয়া পঞ্ছঠাৎ প্রশ্ন করিল,—কোথায় গেল কুঞ্জ ?

হারানি মাথায় ঘোম্টা না টানিয়া দিয়াই কহিল,—রাত আটটা পর্যস্থ ত'
আমার সঙ্গে কত গল্প করে' গেল। নিকুঞ্জ-দার কথা তুলে বললে,—আজ নিশ্চয়ই
উনি ফিরে আসবেন, চা'লের মধ্যে সেই যে কাঁচা আতা লুকিয়ে রেখেছিলাম তা
পেকেছে,—উনি এলেই ওঁকে থেতে দেব। উনি আস্বেন বলে' —এই ছাখ্, পায়ে
কেমন টক্টকে লাল টাট্কা আল্তা পরেছি!—এমন থোঁপা বাঁধতে পারিস্,
উন্থনম্থি? বলে' আমাকে থোঁপাটাও দেখালে। আমি ওকে এইখান পর্যস্থ
আলো নিয়ে এগিয়ে দিয়ে গেলাম। তারপর পিসি ত' বল্পে ঘরে গিয়ে ভয়েছে,
—কিছ ভোরবেলায় উঠেই ওকে আর পাওয়া গেল না। মাঝরাতে উঠে' চলে'
গেছে। কেউ হয় ত' বা জাের করে' ডাকাভি করে' নিয়ে গেছে, হাত ধরে' গুটি-গুটি বেরিয়ে পড়্বার মত মেয়ে সে নয়। পিসি বলে,—জাের করে' ছিনিয়ে নিয়ে
গেলে টেচামেচিতে নিশ্চয়ই পিসির ঘুম ভাঙত। ছাই ভাঙত। সর্যের তেল নাকে
চেলে কুম্ভকর্ণের মত এমন লম্বা-চওড়া এক ঘুম দেয় যে কানের কাছে সমুদ্র এসে না
গর্জালে বুড়ি পাশ ফেরে না। তা ছাড়া হয় ত' বা জাকাতরা ওকে টেচাতেই
দেয় নি।

এক মুহূর্ত চূপ করিয়া থাকিয়া হারানি কৃষ্ঠিত হইয়া কহিল,—সত্যিই,—তৃমি কি জান না, পঞ্-দা ?

পঞ্চ একটু হাসিবার চেষ্টা করিয়া বলিল,—যদি বল্তাম জানি, তা হ'লে সেটা তোমাদের বিজায় লজ্জার কারণ হ'ত, কিন্তু আমার স্থের আর কুলকিনারা গাক্ত না। অত স্থুথ আমার কপালে নেই, দিদি।

হারানি ভিড় হইতে আলগা হইয়াই সমস্ত ব্যাপারটা কতদূর গড়ায় দেখিয়া লইতেছিল। এখন ভিড় ভাঙ্গিয়া পড়িতেছে,— ম্থে-ম্থে কুৎসা-রটনার আর বিরাম নাই। বেহারিই ছিল তাহাদের পাণ্ডা, যেমন ভীক তেম্নি মিণাক। বলিতেছিল,— পঞ্র ঘরটায় একদিন চুপি-চুপি আগুন ধরিয়ে দেওয়া চাই, ভোষল। দেথ্ব, বেটা চুরি-করা বৌ নিয়ে স্বাইর চোথের সাম্নে পূথের ওপর নেমে আসে কি না।

ঠিক আমগাছ তলাটিতেই হারানি ও পঞ্চর মাঝথানে কে একজন আসিরা দাঁড়াইল। উভয়ে চক্ ত্ইটা বড় করিয়া মেলিয়া ধরিয়া দেখিল—নিশি লায়েক্ ঠ্যাং ত্বইটা ছড়াইয়া কট্মটাইয়া চাহিয়া আছে।

চক্ষের পলক পড়িবারও বিলম্ব সহিল না,—নিশি হারানির সমস্তপ্তলি চুল গোছা করিয়া বাঁ হাতের মৃঠির মধ্যে চাপিয়া ধরিয়া ধাঁ করিয়া তাহার গালে এক নির্মম চড় কসাইয়া দিল। কহিল,—কা'র সঙ্গে কথা কইছিস্, শালী ? কথা কইবার আর লোক জোটেনা তোর ?

श्रानि काँ पिया किलिल। कहिल, — आभात पापा रय।

— তোর ভাতারের শালা হয়। বলিয়া প্রহারের অভিনবত্ব দেখাইবার জন্মই হয় ত' নিশি উহার হাঁটটাকে ত্রম্ভাইয়া চোখা করিয়া লইয়া ম্যালেরিয়া-ক্রশ্ন আসম্প্রসবা ককালসার মেয়েটার পাঁজ্বার উপর ঘন-ঘন গুঁতা মারিতে লাগিল। পরে তুই হাত দিয়া হারানির মাথাটা আঁক্ডিয়া ধরিয়া গাছটার সঙ্গে ঠুকিয়া দিতে-দিতে কহিল,— ঘরে ভোর মন টে কে না কেন ? কেন রেরিয়ে এলি রাত্রে ?

বলিয়া হারানির পিঠে এমন এক লাথি মারিল যে হারানি আর দাঙাইতে পারিল না।

পরে ধীরে-ধীরে উঠিয়া হারানি রাজ্যজোড়া লাঞ্ছনা ও অপমানের বোঝা লইয়া ঘরের দিকেই বোধ হয় পা বাড়াইল।

বেহারি মুরুবিয়ানা করিয়া বলিল,—অমন শাসন না করলে কি মেয়েমাস্থ্য সায়েস্তা হয় ? নিক্ঞ রেখেছিল বোটাকে মাথার মণি করে,' বোটা কালনাগিনী হ'য়ে মাথায়ই ছোবল মার্লে।

নিজের চোথের সাম্নে এই ব্যাপারটা দেখিয়া পঞ্চুর সমস্ত রক্ত টগ্বগ করিয়া ফুটিতেছিল। কিন্তু এই অত্যাচারের বিক্লছে উহার প্রতিবাদের অর্থ কোথায়? তবু কিছু একটা না কহিলে উহার কিছুতেই শাস্তি হইবে না।

ও বলিয়া ফেলিল,—তোমার সইয়ের জন্ম চিস্তা কোরো না, হাক-দিদি।
কুঞ্জ আমার কাছেই আছে, আর স্থথেই থাক্বে। এস না, দাও না বেহারী, দরে
আঞ্জন লাগিয়ে।

সকলেই চমকিয়া উঠিয়া পঞ্চর মুখের দিকে তাকাইল। হারানিও একবার পিছন ফিরিল হয় ত'। সেই কণ্ঠস্বরে এতটা দৃঢ়তা ছিল যে অবিশ্বাস করিয়া ভাহাকে মিথ্যা প্রতিপন্ন করিতে কাহারও সাহসে কুলাইল না। কিন্তু এত বড় পাপ করিয়া এত গর্ব যে করিতে পারে, তাহার সঙ্গে কে আঁটিবে ?

পঞ্ আর দাঁড়ায় নাই। ঝোঁকের মাধায় এত বড় কথাট। বলিয়া আসিল বটে, কিন্তু তাহার মিধ্যা যে কত বড়, তাহার ব্যথতা যে কত অপরিমেয় তাহা ভাবিয়া পঞ্র পরিতাপ না হইয়া মর্মান্তিক ত্বংথ বোধ হইল। লোকের সম্থে এত বড় মিধ্যার শৃত্যতা বহন করিয়া ও বেড়াইবে কেমন করিয়া ?

কিন্তু যেথানেই যাক্, কুঞ্জকে ও ফিরাইয়া আনিবেই।

কুঞ্চ উহার, সমস্ত গাঁয়ের লোক তাহা স্বীকার করিয়াছে,—বাছিয়া-বাছিয়া উহাকেই কুঞ্চর পরম-প্রেমিকের সিংহাসনে বসাইয়া মাথায় কলন্ধ-মুকুট দিয়া উহাকে স্বাই রাজা বানাইয়াছে ভাবিতে পঞ্চর গর্বের আর শেষ ছিল না!

পঞ্চ তাড়াতাড়ি চলিতেছিল। স্বাইর সঙ্গে-সঙ্গে উহারও বিশ্বাস করিতে ভারি ইচ্ছা হইল যে হয় ত' কুঞ্জ উহারই গৃহের কোন্ একটি অলক্ষিত কোণে অধান্থে বিদ্যা আছে। ভালো করিয়া খোঁজে নাই বলিয়া দেখা পায় নাই। চট্ করিয়া পঞ্র মনে পড়িয়া গেল,—পূবের ভিটায় যে-ঘরট। দিবা-রাত্র তালা দেওয়া থাকে দেইটা খুলিয়া সেখানে কুঞ্জকে খোঁজা হয় নাই।

কিন্তু যে-ঘর তালা-বন্ধই থাকে তাহাতে ঢুকিবে কেমন করিয়া ? তবু —

পঞু বাড়ি আসিয়া প্রথমেই সেই ঘরটা খুলিয়া ফেলিল। কেইই নাই। শুধু হার্মোনিয়ামের বাক্স বেহালা করতাল—ঐ ধারে পোষাক ও চুলের প্যাট্রাটা,—কবে সেই তাড়ি থাওয়া হইয়াছিল, তাহারই একটা ভাঙা হাঁড়ি পড়িয়া আছে। পঞু দরজা বন্ধ করিয়া নিজের ঘরে আদিল। কই. সেথানে ত' কেহ তাহার জন্ম বিছানা পাতিয়া রাথে নাই।

এঁটো বাসনগুলি তেম্নিই রহিয়াছে।

পঞ্ ধীরে-ধীরে তাহার লঠনটা জালাইয়া লইল। বাঁশের মোটা লাঠিটা জান হাতে লইয়া নদীর পাড় বাহিয়া চলিতে লাগিল।

কুঞ্জকে সে খুঁ জিয়া বাহির করিবেই। তাহার সিঁ থির সিঁ তুরটুকু কথনই মৃছিয়া ফেলিতে দিবে না।

আকাশে সন্ধ্যা হইতেই মেঘ জমিতেছিল,—মাথার উপরের উভত বাধায় দৃক্পাত না করিয়া পঞ্ আগাইয়া চলিয়াছে। কত ঝড়-জঙ্গল, কত ধানের ক্ষেত্ত পার হইয়া, কত ভোবার ধার দিয়া ও চলিয়াছে। তাহার পথ যেন আর ফুরাইবার নহে। কোথাও একটি অম্কূট অথচ পরিচিত শব্দ শোনা যায় না। সমস্ত পদচিহ্ন ধুলায় ও অন্ধকারে মিশিয়া গেছে।

রাত যত বেশি হয় পঞ্চর চলার উদ্ভয় যেন তত্তই বাড়িতে থাকে। লগনটা একবার নাড়িয়া দেখে, সমস্ত রাত্রি জ্বলিবার মত তেল আছে কি না।

ঘরের মধ্য হুইতে কোথাও কোন শব্দ শুনিলে পঞ্চু বেড়ায় একট্থানি কান রাথে। পরে ভাবে, কুঞ্জর গলা এর চেয়ে আরো মিষ্টি, এ কুঞ্জ নয়।

হঠাৎ দিখিদিক বুলায় অন্ধ করিয়া একটা প্রচণ্ড ঝড উঠিল। পঞ্র লগ্নরের শিখাটি নিবিয়া গেল।

পঞ্চু লণ্ঠনটা দূরে ছু ড়িয়া ফেলিয়া অসহায়ের মত মাটিতে বসিয়া পড়িল। ঝড়ের দর্প তথন আকাশে কোটি-কোটি ফণা তুলিয়া দংশনলোলুপ জিহ্বা মেলিয়া কিলবিল করিতেছে।

সেই হইতেই ধাত্রা-দলের নাম নিকুঞ্জ যাত্রা-পার্টি।

যাহাকে একদিন বাঁচিবার অবকাশটুকু না দিয়া ভূল করিয়া চিতায় ঠেলিয়া দিয়াছিল, এমনি করিয়া তাহারই শ্বতিবেশা করিতে চায় বৃঝি! যে অবিচার করা হইয়াছে ইহা যেন তাহারই একটা সহজ প্রতিবিধান। যতদিন বাঁচিবে, পঞ্ নিকুঞ্চকে ভূলিবে না,—আর কাহাকেও ভূলিতে দিবে না।

শুধু কি তাহাই ?

তাহার দক্ষে আরো একথানি ম্থ মনে পড়ে,—ফোলা-ফোলা গাল ত্ইটির চাপে চক্ষ্ ত্ইটি ছোট হইয়া বসিয়া গেছে, ছোট একট্থানি কপাল, চিবৃকটি চোথা হইয়া ম্থের শ্রী বাড়াইতে সহায়তা করে নাই, ঠোঁট ত্ইথানিও ভারি-ভারি! থোপাটা খুব টানিয়া মাথায় উঁচু করিয়া বাঁধিত, ঘাড়ের উপর একটা জডুল ছিল,—পঞ্ সব মনে করিতে পারে।

নিকুঞ্জের নামের মাঝেই তাহার নামটি আত্মগোপন করিয়া রহিয়াছে। তাই হয় ত' বন্ধুর স্থৃতিতে এত সৌরভ!

দামিনীর কাছ হইতে ফিরিয়া আসিয়া নদীর কাছাকাছি পাটক্ষেতের পাশে বসিয়া পঞ্চ অন্ধকার রাত্তে এই সব কথাই ভাবিতেছিল।

এত রাত্ত্বেও কে একটা ছেলে নেংটি পরিয়া নদীতে নামিয়া জাল ফেলিয়া মাছ ধরিতেছে। দূরের চরে এতক্ষণ একটা বাতি জ্বলিয়া এখন নিবিয়া গেল। ঘোলাটে একটুখানি মরা জ্যোৎস্না নদীর উপরে পড়িয়া-পড়িয়া ঘুমাইতেছে। উহার তাড়ি-থাওয়া মুখের উপর দামিনী অদম্য আগ্রহন্তরে তাহার স্থকোমল
মুখখানি চাপিয়া ধরিয়াছিল—সেই ত্রিসহ স্থথের মাদকতা পঞ্চর সমস্ত দেহকে যেন
একেবারে অবসন্ন করিয়া ফেলিয়াছে। আজ রাত্রে চোথের খুমটুকু যেন দামিনীর
চুখনের চিহ্নে মৃছিয়া গেছে। পঞ্ বিসয়া-বিসয়া নিজের বুকের মধ্যে কালো রাত্রির
অসন্থ নিঃশব্দতা অমুভব করিতেছিল।

একবার ভাবিল, দামিনীকে যদি ও ঘরে লইয়া যায়, তবে ওর ঘর কি সহসা আকুল কলহাস্থে ম্থর হইয়া উঠে না ?

যে কুঞ্জকে ও একদিন নিজের গৃহকোণে শুচিম্মিতা গৃহলক্ষীর বেশে কামনা করিয়াছিল, সেই কুঞ্জই কি হঠাৎ আজ তাহার নাম বদলাইয়া ফেলিতে পারে না ? দামিনীর বিদ্যাদীপ্ত অঙ্গ-প্রত্যান্ধের লীলা-বিভ্রমের মাঝে কি সেই লাজুক, ভীক্ষ বধুর স্থমধুর বিষপ্ততাটি ফুটিয়া উঠিবে না ? দামিনীর আয়ত কামনাকাতর চোথের দৃষ্টিতে সেই বধুটির চোথের উদাশুটি কি মুছিয়া ধাইবে ?

ষাহাকে পাইবে, তাহার মধ্যে যাহাকে পায় নাই, তাহার স্বপ্রস্থৃতি কি পুনরায় রঙিন হইয়া দেথা দিবে না? যে পলাতকা একদিন পথে বাহির হইয়া গিয়াছিল, সেই কি এই অবেলায় আশ্রয়ের আশায় তাহার বাড়ির উঠানে পা দিয়াছে?

নদীর পার ঘেঁষিয়া একখানা ডিঙি চলিয়াছে। মাঝি লগির এক-একটা থোঁচা মারিতেছে আর দেশী ভাষায় গান গাহিতেছে:

> "কে রে পাঠাইল ভবে ভোরে— ঘাইতে বইলাছে।

অমুরাপের মাঝি এনে শক্ত করে' দিয়ো পাড়ি,

ওরে আমার মন-বেপারি,

তুকাৰ ছাইড়াছে ভারি (মনা) বিনা বাতাসে।

ভবেতে আসিয়া মনা,

মরণ-কথা শ্ররণ হর না

षिन् छा वा ना, षिन् छा ना ना,

एडे हडेनाट**।** 

ভবে এসে ছিলাম ভাল,

गान পाইबार मिन क्बारेन,

টেলিগেরাপে থবর আইল (মনা)

मका। अहेशारक ।"

হঠাৎ পশ্চুর চোথ ধাঁধাইয়া গিরির গেরুয়াধারী চেহারাটা যেন উচ্ছল হইয়া উঠিল। গিরির কণ্ঠস্বরেও স্থরের এমনি একটা করুণ তন্ময়তা ছিল। গিরি ছিল গিরিমাটির দেশের উচ্ছল নদীর ভরা জোয়ার! গিরি পঞ্চর দাওয়ায় বাঁশের থামটায় ঠেস্ দিয়া বসিত, করতালে তাল ধরিয়া-ধরিয়া গান গাহিত:

> সাগরের যত বাঙী ডাগর জিনিস, নরনে আলেরা জলে, ঠোটে জলে বিব!

কত গানের টুক্রাই ত' পঞ্ গিরির কাছে শিথিয়াছে। গিরি ছ্টামি করিয়া . চোথ মটকাইয়া গান ধরিত:

> গালের উপর চাইলে চুমা, দিয়ে দিলাম ঠোটে,

পঞ্ থানিকক্ষণ চূপ করিয়া থাকিয়া ঠোঁট কুঁচ্কাইয়া গানের স্থরের মিল দিত : তবু জানি প্রাণেশরী,

রাগ কর নাই মোটে।

কতদিন গিরিই পঞ্চুকে তুইটা ফুটাইয়া দিয়াছে। বেড়ার গায়ে ভিক্ষার ঝুলিটা লট্কাইয়া রাথিয়া গিরি কোমরে কাপড় বাঁধিয়া রান্নায় মাতিয়াছে,—সেই সব দিন পঞ্চুর টাঁস্কটা সামনের মাঠের মতই থাঁ-থা করিত বলিয়া তেমন কিছুই জোগাড় করি ত পারে নাই। গিরি কড়াতে কলাই-শাকের ঘণ্টটা নাড়াচাড়া করিতে-করিতে গান ধরিয়াছে:

'কই মাছের ঘণ্ট খেরো কলাই শাক দিয়ে। হ'ল নাক অধিবাস, আলকে বাসি বিয়ে।'

তাহার পর হঠাৎ থামিয়া যায় নাই, এক গা ফাব্রু লামো লইয়া আরো ত্'লাইন বাঁধিয়া ফেলিড:

> বাসি বিরে কালরাত্রি—শুইতে আছে মানা, মোর ছরারে পড়ল না ক' শুল-রাত্রির হানা।

বলিয়াই পঞ্চর পুলকিত মুখের পানে চাহিয়া খিল্খিল্ করিয়া হাসিয়া উঠিত। একথানা কলাপাতা ছিঁড়িয়া আনিয়া নিজের জন্ম ভাত বাড়িয়া লইতে গেলে পঞ্ যখন বারণ করিত, গিরি বলিত,—আমার জাত কি আর আছে ?

পঞ্চু বলিত, — রেঁধে দিলে জাত মারা যায় না, একপাতে খেলেই যায় ? তোর বৃদ্ধিকে বলিহারি, গিরি।

বলিয়া গিরির হাতটা নিজের থালার রাশীকৃত ভাতের মধ্যে গুঁজিয়া দিত।

থাওয়া-দাওয়া সারিয়াই গিরি বেড়ায়-গোঁজা ভিক্ষার ঝুলি ও করতাল জোড়া লইয়া ঘর ছাড়িয়া পথে নামিয়া আসিত,—উহাকে ফিরাইয়া আনিবার জন্ত পঞ্চুর বুকের মধ্যে লক্ষ-লক্ষ কথা আঁকুপাকু করিতে থাকিলেও একটিও কথা মুখে জুয়াইত ্না। গিরি ষাইবার সময় একবারও পিছন চাহিত না পর্যান্ত,—দ্র হইতে উহার চিকণ গলার গান শোনা ষাইত:

'কাটিল ভিঙার কাছি উড়াইল পাল, উত্থান নদীতে ভিঙা বার ভাটিয়াল।'

পঞ্চও আর মরের মধ্যে বসিয়া থাকিতে পারিত কি ?

তাহার পর গিরির সঙ্গে দেখা হইলেই পঞ্ নানা রকম ইয়ার্কি করিত। একদিন গিরি ভর্-ত্পুরে চাড়ালপাড়ার পুকুরে স্নান করিতে নামিয়াছিল। হঠাৎ পার হইতে পঞ্চু গান গাহিয়া উঠিল:

"(क त्रभनी तमरणो काल नियम्,

म्थथानि পृज्ञिया-ठाष--- (त्राष्ट (परम् ।'

দেইদিন লজ্জায় গিরি অনেকক্ষণ জলের মধ্যে ডুব দিয়া ছিল। বছ পরে মাথা চাড়া দিয়া উঠিয়া দেখিল, পঞ্চু তথনো দাঁড়াইয়া ফ্যাল্ফ্যাল করিয়া উহাকে দেখিতেছে আর গাহিতেছে:

চাড়ালপাড়ার পচা পুকুর আচল ধরে' টানে, এতামার বৌধন কইছে কথা জলের কানে-কানে।

গিরি ভিজা গা লইয়া উঠিয়া আসিতেই পঞ্চ ফের গাহিল:

স্থলতানী মোহরের যত তোমার সোনার তন্ত্র, ভূরতে রেখেছ এঁকে ছিরামচন্দের থকু।

গিরি জল হইতে উঠিয়া পড়িয়া পঞ্র মৃগ্ধ চক্ষ্ অম্পরণ করিয়া পুলকাঞ্চিত হইয়া উঠিত। কহিত,—আমাকে ভালো দেখে একট একতারা দিতে পারিস্? পঞ্চু বলিত:

> ভোষার মিটিয়ে দেব আশ, আমার দে শুধু করমান।

সেইদিন রাত্রে হঠাৎ সমারোহ করিয়া রাজাধিরাজের মত ঝড় আসিয়াছিল। বাতি নিবিয়া গেলে পর পঞ্চ আর বাতি জালায় নাই। তক্নো মাটি যেন বৃষ্টির পদশব্দের প্রতীক্ষায় স্তব্ধ হইয়া জপ করিতেছে, তেমনিই পঞ্চ ফু বৃজিয়া যেন কাহার আক্ষিক আগমনের প্রত্যাশায় বসিয়া ছিল, না-ই বা থাক তাহার আড়ম্বর, হোকই বা না লে-নিরাভরণা!

বৃষ্টির সঙ্গে-সঙ্গে সেও অসিল বৈ কি।

পঞ্চ ভাবিয়াছিল, গিরি কাছে আদিয়াই বৃষ্টির ম্থরতার দক্ষে ছন্দ রাখিয়া গান গাহিয়া উঠিবে। এমন একটা রাত্তে চির-প্রত্যাশিতার মত গিরি উহার ঘরে আদিয়া ঠাই লইয়াছে, ভাহার মধ্যে ষে কত বড় একটা তৃপ্তি আছে তাহা পঞ্ নৃতন করিয়া প্রথম আবিষ্কার করিল।

গিরি কোথায় যে তাহার তালি-দেওয়া ভিক্ষার ঝুলিটি রাখিয়া আসিয়াছে কে জানে ? হাতের সঙ্গে দড়ি-জড়ানো সেই করতাল-জ্যোড়াটিও নাই। যেন অনেক দ্র হইতে ছ্টিয়া-ছুটিয়া শ্রাস্ত হইয়াছে,-- থালি তাহাই নহে, গিরি আজ তেমন করিয়া হাসি-পরিহাসের ঠাট্রা-মসকরার ঝাল্-মশ্লা মিশাইয়া কথা কহিতেছে না।

পश्रू विनन, कि ला विधुम्यी ?

গিরি কথা কহিল না, চক্ষু বৃজিয়া থাম্টায় ঠেদ্ দিয়া পা ছড়াইয়া বসিয়া রহিল। দিগস্ত ব্যাপিয়া তথন কালো আকাশের বেদনা নামিয়াছে।

থানিকক্ষণ চুপ করিয়া থাকিয়া গিরি কহিল,—আজ থুব ঝড়-জল হবে। পঞ্চ কহিল,—তা ত' দেথ তেই পাচ্ছি।

তাহার পর হঠাৎ পা ত্ইটি গুটাইয়া লইয়া গিরি কহিল,— তোর ত' থাওয়া-দাওয়া হ'য়ে গেছে, একটা গল্প শুন্বি ?

## —যদি শোনাও।

ঝুঁটিবাঁধা থোঁপাটা থিসিয়া গিয়াছিল, চুলগুলি গিরিবালা আর বাঁধিয়া লইল না।
গিরির যে এত চুল ছিল—পঞ্চুর কাছে এই অভিজ্ঞতাও অত্যন্ত আনন্দদায়ক
বলিয়া মনে হইল। জোয়ারের শেষবেলাকার জলটুকুর মত গিরির যোঁবন তথনও
যাই-যাই করিয়া যাইতে পারিতেছিল না.—মত্ততার মোহটুকু পার হইয়া একটা
মধুর মদিরতার অবসাদ সমস্ত দেহে যেন মৃচ্ছিত হইয়া আছে। যেন আর নিমন্ত্রণ
নয়, আহ্বান নয়,—শুধু একটি সম্মেহ সম্বোধন, একটি কৌতুহলহীন জিজ্ঞাসা! যেন
সন্ধাবেলার শিশিরম্থিত পদ্মের মত!

গিরি বলিতে লাগিল,—চন্দনগঞ্জের জমিদার,—বড় শহরে বাগানবাড়ি ছিল একটা, জানিস্?

नमीत ख्लादा ठनमनगञ्ज।

গিরি বলিয়া ষাইতেছিল: পাঁড় মাতাল ছিল,—দেদার পয়সা। দাসদাসী লোকলম্বর গাড়ি-পালকি—কিছুরই অভাব হয় নি কোনোদিন।

পঞ্ হঠাৎ প্রশ্ন করিল,—নামটা জানি কি ?

গিরি নাম বলিতে ষাইতেছিল,—হঠাৎ জিভ্ কাটিয়া ফেলিয়া অসংযত বসনাকে যেন শাসন করিয়া লইল। নিজেকে সাম্লাইয়া লইয়া কহিল,—চেহারাও ছিল তেম্নি ভূষ্তির মত, ইয়া ভূঁড়ি, ঝাঁটার মত গোঁফ, ঝেঁটে চৌকো চেহারা, প্রায় একটা পিপে। হোঁদলকুৎকুৎ আর কাকে বলে? তবু—

গিরি বে কোন্ধার গিরা পৌছিবে পশ্চু ভাহার দিশা পাইভেছিল না । বাহিরে তথন বৃষ্টির বড়-বড় ফোটা পড়িভেছে।

গিরি বলে,— সেই জমিলারের হ'ল মরণদশা,— বাত পিত্ত কফ সবগুলো একসঙ্গে মাথা চাড়া দিয়ে উঠ্ল। কত কব্রেজ ডাজার ওঝা হাকিম পিল্পিল্ কর্তেকর্তে এল গেল,—তব্ বাব্র বস্তার মত হোঁৎকা ভূঁড়ি শুকিয়ে শুকিয়ে মাটির সরার মত চিম্টে হ'য়ে আসে,— বাব্ যায়-যায়! সায়া চল্দনগঞ্জ নিঝুম,—পাখীটি পর্যস্ত রা কাড়ে না। সমস্ত লোক ফিস্ফাস্ ক'রে কথা কয়, হাট বসে না, আওয়াজ হ'বে বলে' গরুর গাড়ির চলা বন্ধ। কত পূজা, কত দেব-মানৎ কিছুতেই কিছু না। এই যায় ত' লেই যায়।

—বাব্র মা ছিলেন পরম সভী,— হাতের নোয়া খুইয়েছিলেন বটে শিশুকালে,
কিন্তু একদিনের তরেও একাদশীতে ফোঁটাটি জিভে তোলেন নি, মন্ত্র আওড়াতে না
পেরেই মাটির শিবঠাকুরটি গড়ে' ঘণ্টার পর ঘণ্টা তার মাধার ওপর কোশা থেকে
জল ফেলেছেন,— চোথের থেকেও। শুনেছি, দেই মাকে মদ খেয়ে বাবু এসে লাখি
মেরে তিনমাস বিছানায় শুইয়ে রেখেছিলেন। সেই মা, সেই মা কি করেছিলেন
জানিস ?

পঞ্চু কহিল—পেটের ছেলে মেরে ফেলেনি কেন ?

গিরি তাড়াতাড়ি তুই হাত জোড় করিয়া জমিদারের মাতার উদ্দেশ্তে নমস্কার করিয়া বলিল,— দেই মা নয়, পঞ্চু, সেই মা নয়। ওরা তো তুধু গর্ভধারিণী,—এ ছিলেন একেবারে থাটি মা। চন্দনগঞ্জে সাঁকোর ধারে সেই যে মঙ্গলচন্তীর মন্দির আছে, মা সেথানে গিয়ে ছেলের জন্ম হত্যা দিয়ে পড়্লেন। মাটির ওপর বুক পেতে মা-চন্তীকে বললেন: হোক্ সে মাডাল, তাকে তোর রাখ্তে হ'বে, মা। ওর কচি বৌর ইহকালটা চিবিয়ে থাস্ নি, রাক্ষ্সি।

গিরিকে থামিতে দেখিয়া পঞ্ কহিল,—তারপর ?

— দিন ষায়, রাত ষায়,—পড়ে' থেকে-থেকে মা একেবারে আম্সি হ'য়ে গোল। ওদিকে ছেলে বমের দক্ষিণ দোরে গিয়ে ধারা মারে-মারে, এম্নি সময় চণ্ডী প্রভ্যাদেশ কর্লেন। স্থপনে বললেন: এখানে কিছুই হ'বে না, হতভাগী। কল্কাভার উত্তর সীমানায় পঞ্চবটীতে বুঙো শিবের ষে ভালা মন্দির আছে, সেইখানেই বুক দিয়ে পড়ে' থাক্ গো।

বুড়ি মা তথুনিই ছুট্ল কল্কাতা। সেই মন্দির খুঁজে তেম্নি আবার বৃক্ষ দিয়ে পড়্ল। এদিকে ছেলে চোখ বোজে ত' চোখ বোজে।

— এমন মাকি কোপাও আছে পঞ্ছ অচিন্ধা/২/৪ পঞ্ কহিল,—তারপর ? বুড়ে বোকা শিব মুখ গোম্রা করে'ই রইল ?
গিরি ঘাড় তুলাইয়া কহিল. বুড়ো শিবের সাধ্যি কি, পঞ্ ? এমন মারের
চোখের জল খেয়ে বুড়ো শিবের জনেক দিনের ভূকা মিটে গেল। স্বপ্নে এসে
দাঁড়ালেন, জটায় তাঁর সাপের ফণা, কোমরে তাঁর বাঘছাল, হাতে তাঁর ভ্যক!

- -- कि वनरनम ?
- —বললেন: বদি তোর পুত্রবধ্ গঙ্গায় একারটা ডুব দিয়ে আমার মন্দিরের এক ক্রোশ দ্ব থেকে রাজপথ দিয়ে দিনের বেলায় 'গণ্ডী' দিতে-দিতে এসে আমার কাছে , স্বামীর প্রাণভিক্ষা চায়, দেব ভোর ছেলের জীবন।

পঞ্চু বলিল, - বুড়ো শিবের ভারি আন্দার ! ছ'ছিলিম কড়া গাঁজা চেয়ে নিলেই ত' পারত! বল্লেই পারত: ল্কিয়ে-ল্কিয়ে চোয়া কোকেনের বাব্সা কর্, কোকেন কোনোদিন খাই নি।

গিরি বলিতে লাগিল,— মায়ের সে কী ফুর্ডি, পঞ্চু, যেন যুদ্ধ জয় ক'রে ফিরেছে। ইচ্ছা করে যেন পাখীর মতো উড়াল্ দিয়ে তখুনিই ঘরে ফিরে যায়—

পঞ্চ কহিল,— ঘরে গিয়ে বুঝি দেখ্লে যে, ছেলে ইতিমধ্যে দিব্যি পটল তুলেছে ?

পাগল! ছেলে তখনো ধুক্ধুক্ করছে—বছিরা সব হাঁ। সবাই বলেছিল চিবিশ ঘণ্টার মধ্যেই টে স যাবে, চবিশ ঘণ্টা ছৈড়ে চবিশ দিন—কণী কিছুতেই লগা হয় না। মা বাড়ি এসেই বৌ'র হাত হ'টো জাপ্টে ধরে' কেঁদে বললেন: তোর স্বামীকে বাঁচা, পোড়ারম্থি,— যম-হারামজাদাকে ভোর হাতের নোয়া খুল্তে দিশ্ নি।

- —বৌ আকুল হ'য়ে জিগ্গেস করলে: কি, কি ? কেন মা ? কি হয়েছে ?
- —মা বললেন: কল্কাতা চল্, বোঁ। আমি লোকজন পাইক-পেয়াদা দব ঠিক কর্ছি।
  - -- वल' भव कथा थूल वनलन व्यक्ति।
  - পঞ্ কহিল,—বৌ ঘাড়টা শব্দ করে' রইল ?
- —হাজার হোক, জমিদারের মেয়ে, গুর আঠারো বছর ধরে' আকাশে যতবার চাদ উঠেছিল, ততবারের হুধা ছেনে গুর রূপ,—রাজি হ'ল না, পঞ্। বললে: লক্ষ-লক্ষ লোকের হুমুখ দিয়ে খোলা রাস্তার গুপর দিয়ে উব্ হ'য়ে সাষ্টাঞ্চ কর্তে-কর্তে আমি খেতে পার্ব না, মা। স্বর্ণের পর্ণস্ত দেখ্তে মানা আমাকে, তারই আলোকে কাতারে-কাতারে লোকের লোভী চোখের গুপর দিয়ে বুকে হেঁটে থেতে বুক আমার ফেটে যাবে। তা কিছুতেই হ'বে না।

মা বললেন : ওলো, বৃক ভো ভোর এম্নিই ফাট্বে—

পঞ্কছিল — বৈ ব্ৰি বললে: ফাটুক্! না? এমন বে বিধবা হয় না? হয়েছিল ত'?

গিরির কণ্ঠশ্বর আর্দ্র হইয়া আসিতেছিল, গলা থাখ রাইয়া বলিল,—বৌ বললে হ প্রম্নিই ঘদি বিধাতা বিরূপ হ'ন্ ত', হ'বেন—আমার কপাল ঘদি তিনি পোড়ান্ ত', পোড়াবেন, —কিন্তু আমি মৃথ পোড়াতে পারব না, মা; কিছুতেই না! আমাকে দিয়ে এম্নি কতকটা কুৎসিত কস্বৎ করিয়ে নিলেই বিধাতা খুসি হ'য়ে আমার আমীকে ফিরিয়ে দেবেন, সেই বিধাতায় আমার বিশাস নেই। বুড়ো শিবকে আমি এত বড় অমাহ্যবিক ঘুস্ দিতে পার্ব না, মা।

পঞ্মুথ থিঁচাইয়া কহিল,—মাগী থিরেস্তান্ ব্ঝি ? তা, থুব্ডোমুখি এখন স্থালোচাল আর কাঁচকলা দিছ গিল্ছে ত' ?

—বে গেল না ত' গেলই না। মা আবার পাগলিনী হ'য়ে শিবের দরজার হত্যা দিরে পড়লেন। বললেন: ছেলেমাহুব বেটাকে বাগাতে পার্লাম না, বাবা। তুমি আমাকে দিয়েই আমার ছেলের জন্ম যা-খুনি করিয়ে নাও। আমার ছেলের প্রাণ রক্ষা কর ভোলানাথ, ভালো হ'লে আমার ছেলের আবার বিয়ে দেব—সতী নারীর সঙ্গে।

পঞ্ কহিল,—বুড়ো শিব মৃথ ভার করে' রইল না ত' ? মৃথ ফুটে কথা কইল ?
গিরি কণ্ঠস্বরে অপূর্ব তরায়তা নিয়া কহিল,—মায়ের চোথের জলে পাথর শিব
আবার জেগে উঠলেন, পঞ্ । সেই পঞ্চবটীর জঙ্গলের মধ্যে সেই বুড়ো শিবের
মন্দিরের উই-খাওয়া ঝঝর্রে চোকাঠ ধরে' কেউ এত চোথের জল কেলেনি,—বুড়ো
শিব ক্বতার্থ হ'য়ে গেছেন, — তাঁকে এত গোরব এর আগে আর কে দিয়েছিল ?
বুড়ো শিব আবার মৃথ ফুটে কথা কইলেন।

পঞ্ কোতৃহলী হইয়া প্রশ্ন করিল, —িক বললেন ?—িগরি !

গিরি তথন অকারণে হঠাৎ চুপ করিয়া গিয়াছিল। পুঞ্র ভাকে হঠাৎ সজাগ
হট্য়া বলিতে লাগিল,—বললেন: এক কান্ধ কর্, মেয়ে। বৌ বদি গর্রাজি, তবে
সোনাগাছিতে ভোমার ছেলের একটি রক্ষিতা আছে তাকেই ধর্ গে বা।—মা ত'
অবাক্, এমন কথা জান্তেন না আগে, শোনেন নি কখনো। আবার ক্রিব্লেন
গাঁয়ে। দেওয়ানকে জিগ্গেস করে' ঠিকানা জান্লেন। আবার সেই রাজেই
এক্লা কল্কাতায় চলে' এলেন।

গিরি আবার কিছুক্ষণ চূপ করিয়া থাকিয়া বলিতে লাগিল,—সেই রাজটা এখনো আমার স্পষ্ট মনে আছে, পঞ্ । সেদিনো আকাশ ভেঙে এম্নি অক্ল কারার বস্তা নেমেছিল,—আমার দোতলার খবে মেহগনি কাঠের খাটের উপর বসে' এপ্রাঞ্জে একটা বুন্দাবনী সারং বাঞ্চাচ্ছিলাম।

পঞ্ছ তাহার সাম্নে গিরির পা তৃইথানি পাইয়াই তাড়াতাড়ি খপ করিয়া ধরিয়৷ টেচাইয়া উঠিল,—তুই ? তুই গিরি ?

গিরি উদাস কঠে বলিতে লাগিল, —হাঁা, আমিই। সেই রাতের কথাটা ভাব তে আজো আমার গা শিউরে ওঠে, পঞ্। সেই অবিরল জল-ঝড়ের মধ্যে আমার দাসীর সঙ্গে একটি বৃদ্ধা পাগলিনীর মত ছুটে এসে আমার পা জড়িয়ে ধর্লেন। আমি দাসীর দিকে ফ্যাল্ফ্যাল্ করে' তাকিয়ে রইলাম। কে, জানিস ত', পঞ্?

- জমিদারের মা।
- আমার পা হ'টো জড়িয়ে ধরে' বললেন: আমার ছেলেকে বাঁচাও, মা।
  পঞ্ হঠাৎ কেপিয়া উঠিয়া দাত কড়্মড়াইয়া বলিল,— বল্লি না কেন: ওর
  বৌ কোধায় ? আমি ওর কে ?

গিরি বলিয়। চলিল, — সেই সন্দেহ কি আমার মনেও ছিল না, পঞ্ ? ছিল। তবু বথন শুন্লাম বৃড়ো শিব বলেছেন আমার সাষ্টাঙ্গেই তিনি খুসি হ'য়ে জমিদারের প্রাণতিক্ষা দেবেন, তথন মনের মধ্যে খুব বড়-রকমের একটা গর্ব বোধ কর্লাম। ভাব্লাম, — আমার আবার কি দম্মান, আমার আবার কি খ্যাতি! দেহকে ধতই কেন না গয়নায় আর শাড়িতে সাজিয়ে রাখি, ষতই কেন না মাজি ঘবি, — আমার দেহ ত' পথের ধ্লারই সামিল। আমি ত' পথের লোকের লোভী চাহনিকে ভরাই না.—আমি ত' সেই বৌটির মতই সতী নই, পঞ্। মায়ের পায়ের ধ্লো নিয়ে বল্লাম: আমি যাব, মা।

পঞ্চ চীৎকাৰ কারয়৷ উঠিল,—গেলি ?

—গেলাম, পঞ্। দব গয়নাগাটি খুলে' ফেল্লাম। পরের দিন মায়ের হাত ধরে'-ধরে' গঙ্গায় গায়ে একাল্লটা ডুব গুনে'-গুনে' দিয়ে নিলাম, ভাই। জীবনে কত অত্যাচার সয়েছি,— কিন্তু শত অপমান ও যন্ত্রণার বিনিময়ে কোনো বড় হথ পাইনি। কিন্তু, আমার 'ধোগ্যতা যে কতথানি, দে-দিন হঠাৎ তা টের পেয়ে আমার হথের আর শেষ ছিল না। মায়ের সঞ্চে সেই আগের রাতটা আমার কত শাস্তিতেই যে কেটেছে!

অন্থির হইয়। পঞ্চ কহিল,—সভ্যি-সভ্যিই রাস্তার থোয়ার ওপর দিয়ে হুঁই মাইল উবু হ'মে-হ'মে বুকে ইেটে গেলি, গিরি ?

—গেলাম বই কি, ভাই। তুই এই কথা ভাব্তে পারিস্থে একটি গৃহস্বধু মা করতে পারত,— আমারে। তাই করবার যোগ্যতা আছে!

- —ভার চেরে চের বেশি আছে। সেই মাগী ত' এগোল না **খামীর প্রা**ণ বাঁচাতে। তুই ত' গেলি।
- হুই কোশ বৃকে হেঁটে-হেঁটে বৃড়ো শিবঠাকুরের কাছে জমিদারবাবুর প্রাণ ক্রের-চেয়ে গেলাম, পঞ্। বেতে-বেতে তৃপুর গলে' সন্ধা হ'য়ে গেল। পথে সে কি লোকারণা, এ ওর মাথা থায়, এম্নি। তথন দেহে যৌবন ছিল, রূপ ছিল,-লোকের লোলুপ দৃষ্টি আকর্ষণ করার মত সবই ছিল। কিন্তু তার বিরুদ্ধে প্রতিবাদ করা ত' আমার শোভা পেত না। সব চাইতে কী ভালোই লেগেছিল, পঞ্, যখন লোকের সন্ধিন্ধ প্রশ্নের উত্তরে মা বল্ছিলেন: এ আমার ছেলের বৌ,—চন্দ্নগঞ্জের জমিদারের স্ত্রী। বলে' মা সবাইকে এর অর্থ বৃঝিয়ে দিয়েছিলেন।

পঞ্ বলিল, - अभिनात ভালো হ'য়ে উঠ্ল ?

-- উঠ্ল বৈ কি! বুড়ো শিবের কথা কি না ফলে' পারে ? তা ছাড়া সেই সতী-লন্দ্মীর সিঁথির সিঁত্র কে মোছে ? যথন বেলাশেষে সেই মন্দিরে এসে দাঁড়ালাম, পঞ্চ,—সে কী ভিড়! দেখ্বি, দেখ্বি তুই ?

হঠাৎ একটা বিত্যাৎ ঝলসিয়া উঠিতেই গিরি তাহার বুকের কাপড়টা সরাইয়া ফেলিয়া পঞ্চুকে তাহার অনাবৃত বৃকটা দেখাইয়া দিল। অসংখ্য ক্ষতের চিচ্ছে সেই বৃকথানি একেবারে কলঙ্কিত হইয়া গেছে। কত যে কাল্শিরার দাগ আঁকিয়া-বাঁকিয়া বসিয়া গেছে তাহার ইয়ন্তা নাই। বাঁ দিকের স্তনটা রাস্তার ধারালো ইটের খোঁচায় একেবারে চ্যাপ্টা হইয়া বসিয়া মরিয়া গেছে,—সে এক বীভংস দৃষ্টা। উটুকু আলোর মধ্যে পঞ্চুর দেখিয়া লইতে একটুও দেরি হইল না। পঞ্চু শিহরিয়া উঠিল।

গিরির তুই চোথের কোণ বাহিয়া দরদর করিয়া জল গড়াইয়া পড়িতেছে। করুণ স্বরে ফের বলিতে স্কুক করিয়াছে: সেই যে বেরিয়ে এলাম, আর ফিরি নি। কোথায় বা সেই মেহগনি কাঠের খাট, কোথায় বা সেই হীরে-জহরৎ! মা চেয়েছিলেন বটে জমি-জমা দিয়ে কুতজ্ঞতার ঋণ শোধ কর্তে, কিন্তু যে সতিটে একবার বেরুতে পার্ল পঞ্চু, তুচ্ছ তার কাছে রাজার সিংহাসন! ভেসে পড়্লাম। কিন্তু উপায় নেই, পঞ্ছ।—আমার পেটে জমিদারের ছেলে। বলিয়া গিরি তুইট্বা হাত উঠাইয়া মুখ ঢাকিল।

পঞ্ছ মাটির উপর একটা ঘৃষি মারিয়া চুপ করিয়া রহিল।

— আমি মায়ের সেই কথা মনে করে' কত আশায় বুক বেঁধে চন্দনগঞ্জ গিয়েছিলাম আজ। গুনলাম জমিদার সেই বোটিকে ত্যাগ করে' সত্যি-সত্যিই আবার বিয়ে করেছেন,—সেই বোটির অপরাধ,—সে পথ দিয়ে বুকে হেঁটে কেন খামীর প্রাণ ভিক্না করে নি। সেই বিয়ের রাভেই মা'র-ও দম নাকি হাঁপকাশে থেমে গেছে, তবু উৎসব থামে নি।

গিরি বলিয়া চলিল, — বৈঠকখানায় বসে' বাবু তখন গুড় গুড়ির নল মুখে গুজে' বিমৃচ্ছিলেন, কাছে দাঁড়িয়ে তেমনি মৃচকে' হাসবার চেষ্টা করে' বল্লাম: চিনক্তে পারেন ?

বাবু ঝিমূনি থামিয়ে চোথ বড় করে' বললেন: কে, গিরি ? এ বেশ হঠাৎ ? ব্যবদা ছেড়ে দিলে বুঝি ? বৃন্দাবনে যাচ্ছ ? রেল ভাড়া চাও ?

থানিকক্ষণ ওর মুখের দিকে চেয়ে থেকে বল্লাম: আমার দিকে এত তাকাচ্ছেন কি ? আপনার জিনিস আপনার হাতে ফিরিয়ে দিতে এসেছি।

বুঝেও না বোঝার ভান করে' বাবু বল্লেন: কি জিনিস ? সেই পিশুলটা ? বদি চালাতে শিথে থাক ত' নিয়ে যাও।

বল্লাম : চালাতে শিখলে পিন্তলের ম্থটা নিজের বুকের মধ্যেই নিয়ে বেতাম। সে কথা থাক, আপনার ছেলে আপনি নিয়ে আমাকে ছুটি দেবেন ?

—আমার ছেলে ? তার মানে ?—বাবু একটা চীৎকার করে' উঠে'ই তথুনি আরেকটা চীৎকার করলেন: এই, কুট্র-স সিং,— নিকালো হারামজাদিকে।

কী আশ্বর্ধ প্রভাৱক জমিদারের এই চাকরগুলো! আমাকে আর একটা কথা কইবারো সমর দিল না ওরা, চূল টেনে লাথি মেরে গালিগালাজ দিয়ে ঘাড়ে রজা মেরে ওরা আমাকে বা'র করে' দিলে। কোথায় গেল ভিক্ষার ঝুলি, কোথায় বা রইল করতাল। দেখলাম দোতলার জানলার কাছে দাঁড়িয়ে বাবু আর ভা'র নতুন বা এই দৃষ্টটি উপভোগ করছেন। ভাবলাম নদীতে ভূবে' সব শেষ করে' দি। কিন্তু ভীরুর মত কেনই বা ডুবব ? আমি কি আমার ছেলেকে ভয়ু করি ?

পঞ্ছ তাহার ভান হাওঁটা বার কতক মোচড়াইয়া শক্ত করিয়া লইয়া অন্ধলার ব্রের মধ্যে লখা বল্পমটা খুঁ জিবার জন্মই হয় ত' ঘরে চুকিয়াছিল, — যেন সোজাস্থজি এখনই গিয়া চোখা বল্পমটা দিধা জমিলারের পেটের মধ্যে সেঁধাইয়া দিবে। কিন্তু বল্পমটা খুঁ জিয়া পাইয়া বেশ উচু করিয়া বাগাইয়া ধরিয়া দাওয়ায় আদিয়া দেখিল, গিরি কখন বৃষ্টির মধ্যেই চলিয়া গেছে।

বল্লমটা লইয়া একা-একা চন্দনগঞ্জের গাঁরে গিয়া উঠিবার মত উৎসাহ পঞ্চর এক নিমেবেই উবিয়া গেল। বল্পমটা হাতে লইরাই পঞ্ বোকার মন্ত সামনের মাঠের দিকে একদৃটে চাহিরা বহিল।

নদীর জলের উপর ভোরের আলোটি টল্টল্ করিয়া উঠিয়াছে। মাছ-ধরা ছেলেটা সমস্ত রাভ ধরিয়া মেছনৎ করিয়া কভ মাছ পাইয়া কখন যে পাট-ক্ষেতের মধ্য দিয়া চলিয়া গিয়াছে, কে জানে।

পঞ্ উঠিয়া পড়িল। পূব-আকাশে শুকভারাটি তথনো জ্বলিতেছে। পঞ্চপথ চলিতে চলিতে গাহিয়া উঠিল:

> 'বোল বছরের টাটুকা মেরে দতেরে বিরেছে পারা, আখির মারে রেখেছে বেঁখে পর্ভাতিরা তারা।'

কতদ্র আসিয়াই **জগু ভূমালির সক্তে দেখা। মাথার কতগুলি বাঁশ লইরা** চলিয়াছে। মেলার মুথেই হয় ত'।

জগু বলিল,—যাবি নে মেলায় ? জমিদার একটা যাত্রা গানের বায়না দিতে চায়,—পরস্ত তক্। 'হুরথ'-এর পালা সেরে দিয়ে আদি, আয়। তোড়জোড়ে বেশি হাঙ্গাম নেই।

পঞ্চু তুড়ি দিয়া, কমুই তুইটা তুইদিকে প্রসারিত করিয়া কহিল,—যাত্রা করে ফাৎবা লে কে.—সব তুই ভার নে জগ,—আমি চল্লুম।

—কোপায়

পঞ্চলিতে চলিতে ঘাড়টা বাঁকাইয়া পিছন ঘুরিয়া গিয়া একবার তাকাইল মাত্র। যেন ও এই রাজ্য হইতেই কোধায় উড়িয়া চলিয়াছে।

জন্ত পারে গিয়া নৌকা ধরিল।

কিসের যাত্রা ? পঞ্ সব ছাড়িয়া-হড়িয়া দামিনীকে নিয়া গ্রামান্তরে গিয়া ছোট একথানি বাসা বাঁধিবে:। দামিনী হাঁড়িতে ভাত ফুটাইবে, আর পঞ্ ভাতের টগ্রগের সঙ্গে সঙ্গে গানের গিট্কিরি দিবে। গান শিথিতে চাইলে দামিনীকে ঘরের বাহিরে মাঠে আসিয়া পঞ্র কোলে মাথা রাখিয়া ভইতে হইবে,—পঞ্ উহার ম্থের দিকে চাহিয়া চাহিয়া গান শিথাইতে শিথাইতে ম্থটা উহার ম্থের উপর তেমনি চাপিয়া ধরিয়া গান গাওয়া বন্ধ করিয়া দিবে। তাহাতে দামিনীর গান শেখা হোক, বা না হোক্—দামিনীর ত' ভারি আসিবে বাইবে!

পঞ্ খুব জোরে পা চালাইভেছিল। পৌছিতে পৌছিতে রোদ উঠিয়া যাইবে হয় ত'।

বে একজনের জন্ত বাঁচিলে বাঁচিবার মানে হয়, সেই একজনকে বেন পঞ্চু নিজের

বুকের মধ্যে আঁক্ডাইয়া ধরিয়াছে। পঞ্চুর মনের আঞ্চাশে ধালিগানের পাখী পাখা মেলিতেছিল।

শনীদের বাড়িতে আসিয়া যথন পৌছিল, উঠানে তথন রাজ্যের ভিড় লাগিয়াছে। ব্যাপার কি ?—পশ্ ছই হাতে ভিড় ঠেলিয়া ভিতরে ঢুকিয়া পড়িয়া একেবারে হততম্ব হইয়া গেল। কে একটা মেয়েমায়্ব অনার্তদেহে উপুড় হইয়া মাটিতে সটান পড়িয়া আছে, – চন্দনগঞ্জের সেই কাণা দারোগাটা ছোট একটা থাতায় বেঁটে একটা পেন্দিল দিয়া কি সব হিজিবিজি লিখিতেছে আর নয়ান্ জব্ধব্ হইয়া ঢোঁক গিলিয়া দারোগাকে কি সব বলিয়া যাইতেছে। চারিদিকে চাপা গলায় টেচামেচির চেষ্টা চলিয়াছে।

পঞ্ আসিয়া নয়ানকেই প্রথম প্রশ্ন করিল,—কে ও ? কি হয়েছে ?

নয়ানের এখন উত্তর দিবার সময় ছিল না, দারোগাকে কি একটা বেফাঁস কথা বিলিয়া ফেলিয়া এখন সেটা এড়াইয়া ঘাইবার জন্ম ফিলি আঁটিতে ব্যস্ত ছিল। উত্তর না পাইয়া পঞ্ গাঁই করিয়া নয়ানের গাল বাড়াইয়া একটা চড় বসাইয়া দিল। নয়ানের মত্লবটা সেই এক চড়েই ফাঁসিয়া গেল বোধ হয়, সেও উত্তরে হাত তুলিতেছিল, দারোগা বাব্ খপ্ করিয়া ধরিয়া ফেলিলেন।

পঞ্ চট্ করিয়া ভূল্ঞিত মেয়েটার মাখাটা ঘুরাইয়া চিৎ করিয়া দেখিয়া একটা কর্মশ আর্তনাদ করিয়া উঠিল।

দামিনীর ম্থ হইতে গলা পর্যন্ত ফুলিয়া একেবারে একটা ঢাক হইয়া গেছে, ঠোঁট ছুইটা ভারি হইয়া ঝুলিয়া পড়িয়াছে, বিবর্ণ দাঁতগুলির ফাঁক দিয়া জিভটা খানিক বাহির হইয়া আসিয়া আর পথ পায় নাই। সহজে গা বাহিয়া উঠিবার জন্ত কতগুলি পিঁপড়ে সোজা পথ খুঁ জিয়া পাইতেছে না।

'পঞ্ছ দামিনীর মূথের কাছে হাঁটু গাড়িয়া বিসিয়া পড়িয়া শুধাইল,—এ কাণ্ড তোর কে করল, দামিনী—

ভিড়ের মধ্য হইতে কৈ গলাটা শানাইয়া লইয়া উত্তর দিল,—গলায় দড়ি বেঁধে বেটি সার্কাস দেখাচ্ছিলেন।

দারোগা এইবার পঞ্চকে লইয়া পড়িলেন। পঞ্চ দাঁড়াইয়া করজোড়ে বলিতে লাগিল,— মন্ত্র্মদারপাড়ায় কীর্জন লেরে রাত ত্'টোয় বাড়ি ফিরছিলাম, — দেখি দামিনী বাইরে। শশী তার কুড়ানো ছেলেটাকে নিয়ে কোথায় নাকি গেছে— আমাকে বলেলে। ত্'টো পান থেয়ে টলতে টলতে চলে' গেলাম। ভারি নেশা করেছিলাম কিনা—

পঞ্ আবার নামিনীর কাছে বসিয়া পড়িয়া কহিল,—কেন গলায় দড়ি দিতে
কোলি হতভাগী, এই ত' আমি এসেছি। রাতটুকু আর সইল না শতেকখোয়ারি ?
নয়ানটা হো-হো করিয়া হাসিয়া উঠিল।

হঠাৎ উঠিয়া পাঁড়য়া নয়ানের গালে ফের আর একটা তুর্দান্ত চড় ক্সাইয়া । কামিনীর মৃতদেহের উপর পা ফেলিয়া ডিগ্রাইয়া গিয়া পঞ্চু একটা ঝড়ো হাওয়ার মৃত ছুট লাগাইল। দারোগাবাবু বলিয়া উঠিলেন,—ধর্ বেটাকে।

অনেক দ্র ছুটিয়া আসিয়া পঞ্চ দাঁড়াইয়া পড়িল। কি করিবে ভাবিয়া ঠিক করিতে পারিল না। নিজের গায়ের জামাটা টানিয়া পড়্পড় করিয়া ছিঁড়িয়া ফেলিল।

একটা রাখাল-ছেলে পথের পাশে বসিয়া গরু চরাইতেছিল। পঞ্চু কাছে আসিয়া কহিল,—মৃড়কি থাবি ? হাঁ কর তবে।

ছেলেটা খুসি হইয়া এত বড় একটা হাঁ করিয়া বদিল ধেন আকাশ গিলিয়া খাইবে। পঞ্ রাস্তা হইতে এক মৃঠি ধূলা কুড়াইয়া লইয়া তাড়াভাড়ি ছেলেটার মুখে ঢালিয়া দিল।

ছেলেটা এক ম্থ ধূলা লইয়া মৃথ ভেঙ্ চাইয়া বলিয়া উঠিল,—গরুর মাংস থা তুই—
পঞ্চু ছুটিতে ছুটিতে আবার নদীর পারেই আসিয়া পড়িয়াছে। যদি দামিনীকে
ও কাছে পাইত, তবে উহার এই নিদারুণ বোকামির জন্ম লাফ দিয়া লম্বা পা-টা
মুখে তুলিয়া জোরে একটা লাখিই বসাইয়া দিত হয় ত'।

এতদিন পঞ্চ বেশ বাঁচিতেছিল, কিন্তু হঠাৎ আজ দামিনীর আকস্মিক তিরোধানের সঙ্গে সঙ্গে উহার মনে হইল—কাহার জন্ম আর বাঁচিবে, কাহাকে পাইবার আশায়?

রাতারাতি উহার পৃথিবীর সবগুলি পথ যেন হারাইয়া গেছে -

নদী হইতে ক্রোশখানেক দ্রে চন্দনগঞ্জ,—উত্তর-বরাব্র একটা রেল্-লাইন বছদ্র পর্যস্ত বিস্তৃত হইয়া গেছে। আগে কোনদিকে কিছুমাত্র দৃক্পাত না করিয়া ক্র্ল্ছসাইয়া গাড়ি চলিয়া যাইত,—ইদানিং এথানকার জমিদারকে সেলাম ঠুকিবার জন্ম দাঁড়াইয়া একট জিরাইয়া লয়, সেই সময়টুকুর মধ্যেই যাত্রীদের ভিতরে একটা নিষ্ঠুর হুড়াযুদ্ধি বাধিয়া যায়।

কাজে কাজেই একটি ইষ্টিশান্ আছে। টিনের চাল, ছেঁচা বাঁশের বেড়া, কয়েকটি পাতাবাহারের সারি। ইষ্টিশান্টি টিম্টাম করিয়া চলে। জমিদারের মোটর আসিলে ও পাকা রাস্তা বসিয়া গেলেই ইষ্টিশান্টি উঠিয়া যাইবে।

বেশ বড় গ্রামখানি। ধান হয় প্রচুর,—শ' ধানেকের বেশি চে কি নিরমিজ উঠা-নামা করে।

ধান হয় বটে, কিন্তু বেশির ভাগ চাষীরাই ধার করিয়া বসিয়া আছে। বছরে শভকরা আশি-নবৰ ই টাকা হলেও ভাহারা সাদা তমহকে আর ধার পায় না। তাই গ্রামে বেশ জমি-বন্ধক চলিভেছে। কর্জ করিয়া চাবের জমি হস্তান্তরিত করিয়া ফেলিয়া বেচারা চাষীদের এখন দিন মন্ত্রি করিয়া বা পরের জমি চবিয়া ভাভ জোগাইতে হয়।

ঠিক বছরের শেষে ঘরে যখন ফদল আসে,— জমিদার তথন প্রামে এক মেলা। জাঁকাইয়া তোলেন। মেলা মাস গড়াইয়া চলে।

মেলার থাজ্না দিতে হয় জমিদারকেই,—কিন্তু তাহাতেও জমিদারের পেট ভরে না বলিয়াই মেলাতে জ্য়ারিদের ভিড় করিয়া আসিবার নিমন্ত্রণ হয়। তাহারা বে-টুকু জায়গা জুড়িয়া বসিয়া থেলা চালায় তাহার থাজ্না হাজার ছাপাইয়া উঠে।

নানা রকম দোকান,—লাল পুতুল হইতে স্থক করিয়া লাল বোতলের !

মেলার এক কোণে পাশাপাশি কতগুলি কুঁড়ে-ঘর বাঁধা হয়। ইহার মধ্যে বাহারা বিদেশিনী ও একটু সঙ্গভিপন্ন তাহারাই আলাদা তাঁবু গাড়িয়া বসে,—টুল টানিয়া রাস্তার পাশে বসিয়া ঝিকে দিয়া পায়ের পাতায় টাট্কা আল্তা পরাইয়া নেয়। বেমন কেহ-কেহ চা-এর দোকানে ঢোকে. তেমনি কেহ-কেহ বার-কতক এদিকে-ওদিকে চাহিয়া এই তাঁবু বা কুঁড়ের মধ্যে গা-ঢাকা দেয়।

ইহাতে জমিদারের পাওনার ঝুলিটা আরো ভারি হইয়া উঠে।

চৈত্রের শেষাশেষি। মেলা বসিয়াছে। আশে-পাশের গ্রামগুলি তাজ্জব ব্যাপার দেখিবার জন্ম ভাঙিয়া পড়িয়াছে। মৌচাকে কে ঢিল ছুঁড়িয়াছে বৃঝি।

দকাল হইতেই দোকানদারদের মধ্যে একটা কানাঘুষা চলিতেছিল। বিদেশ হইতে কতগুলি ভদ্রলোকের ছেলে দল বাঁধিয়া মেলা ভণ্ডল করিয়া দিবার জন্ম লাঠি পাকাইভেছে। জমিদারের লোকেরাও নাকি তলে-তলে ছুরি শানাইভেছে,—সমস্ত আঁটবাঁট বাঁধিয়া আনাচে-কানাচে পাহারা বসাইয়াছে!

শহরের ছেলেরা নাকি জমিদারের কাছে আর্জি করিয়াছিল যে, দোকানের খারের ঐ সার-বাধা কুঁড়ে-দরগুলিতে এইবার যেন আর বাসিন্দারা আসিয়া ব্যবদা না ফাদে। জমিদার তাহাতে কান পাতেন নাই। তাই, শহরের ছেলেরা ঠিক করিয়াছে, আগুন ধরাইয়া ঐ কুঁড়ে দরগুলিকে নিমূল করিয়া দিবে। মেলা বসিতে না বসিতেই থবরটা চতুর্দিকে রাষ্ট্র হইয়া নিয়াছিল। কতগুলি লোকানদার ভর পাইয়া ভরিতয়া গুটাইয়া লইডেছে দেখিয়া জমিলারের খোদ্
দরোয়ান ক্টুস্ সিং লাঠি ঠুকিয়া ও গোঁক চুম্রাইয়া বিভর অভয়দান করিতে সিয়া
উপস্থিত সবারই মনে ভীতি সঞ্চার করিতেছিল। স্বপক্ষে নিখরচায় এত বড় একটা
পালোয়ান পাইয়াও বেয়াড়া দোকানদাররা সক্ত্ হয় না দেখিয়া ক্টুস্ এক জনের
পিলে-ফোলা পেটে একটা লাঠির খোঁচাতা লাগাইয়া বলিয়া দিল,—বে আজ মেলা
ছাড়িয়া পথে পলাইবে লাঠির খোঁচাটা ভাহার পেট ছাড়িয়া হঠাৎ ভড়াক্ করিয়া
ভবল-প্রমোলান্ পাইয়া একেবারে মাথায় উঠিবে। যদি কেহ যুঝিতে আসে, ভাহাকে
ছটাইয়া দিবার ভার সকলের। – দোকানিরা মুখ কাঁচুমাচু করিয়া বসিয়া পড়িল।

মেয়েগুলির কানেও খবরটা উঠিয়াছিল। কিন্তু তাহারা ভড় কায় নাই মোটেই, বাঁকা-চাহনি ছুঁ ড়িয়া বলিয়াছিল: আফ্বন না ছোঁড়ারা!

এমন ভাবে জমিদারের দরোয়ানকে আশাস দিয়াছিল, যেন যে ডাকাত পড়িবে বিলিয়া এত ঢেঁড়া দেওয়া হইতেছে তাহাগা উহাদেরই সম্মানিত অতিথি! ভয়ের কিছুই নাই, নয়নের তৃলে উহাদের অফ্রম্ভ বাণ আছে। সকাল হইতেই মেয়েদের বণসজ্জা চলিতেছে,—কাজল, আল্তা, গিল্টির গয়না আর মাটির খুরিতে ধান্তেশ্বরী।

শশীর হাত ধরিয়া রাখ-ও মেলায় আসিয়াছে। সারাটা পথ রাখ থালি সেই সঙ্গীহীন কুকুরটার গোণ্ডানিই শুনিয়াছে। এতক্ষণে পথ চিনিয়া চিনিয়া ও হয় ত' ঘরের দাওয়ার সেই পরিচিত কোণটিতে গিয়া কুগুলী পাকাইয়া চূপ করিয়া শুইয়া আছে। কে উহার গায়ে একটু হাত বুলাইয়া দিবে ?

রাখ শনীর হাতটা টানিয়া ধরিয়া কহিল, বাবা, ঐ একটা কোট ঝুল্ছে; কেন' না,—আমার কুকুরের গায়ে পরিয়ে দেব। ওর গায়ে ভারি পোকা পড়েছে, —রান্তিরে থালি ছটফট করে।

मनी উদাসীনের মত খালি বলল, পয়সা নেই।

ইহার উপর কথা কহা মানেই যে গালের উপর বাবার গিঁটওয়ালা পাঁচটা আঙুলের বাড়ি থাওয়া তাহা রাখ বিলক্ষণ বৃষিত। তাই রাখ একবার মাত্র টোক গিলিয়া গলাটা চুলকাইয়া চুপ করিয়া রহিল। কিছু মনের মধ্যে কেবলই একটা প্রশ্ন খ্রাফিরা করিতে লাগিল,—এত লোকের মধ্যে তথু উহাদের ছইজনেরই পয়সা নাই কেন? ঐ যে একটি ছোট্ট মেয়ে একটা বাঁদি কিনিয়া অর্থকের বেশি মৃথে প্রিয়া গাল ছইটা ফুলাইয়া ফুলাইয়া শব্দ করিতেছে, ও পয়সা পাইল কোথা হইতে ? পােকানির কাছে ভিক্ষা চাহিলেও পাওয়া যাইবে না। রাখ যদি আয় একট্ট

ঢ্যাঙা হইত, তবে দোকানিকে চকুর পলক ফেলিবার নময় পর্বস্ক না দিয়া হাত বাড়াইয়া ঝুলস্ক কোট্টাকে ছিনাইয়া লইয়াই চোঁচা ছুট্ দিত—

রাখ নিশ্চিম্ন হইয়া মনে মনে ছবি আঁকিতে হৃদ্ধ করিল। —রিজন কোট্টা কুকুরের গায়ে উঠিয়াছে, কুকুরটা ল্যাজ নাড়িয়া কান ছইটা নামাইয়া দিয়া কাই-কুঁই করিয়া কত ভাবে বে আনন্দ জানাইতেছে তাহার আর ইয়তা নাই। হঠাৎ উহার মা বেন রায়াঘর হইতে ছুটিয়া আলিয়া একটা চেলাকাঠ লইয়া কুকুরটাকে আক্রমণ করিল, —কুকুরটার জামা টানিয়া কুটি-কুটি করিয়া ছিঁড়িয়া ছিঁড়িয়া উনানের মধ্যে ফেলিয়া দিতে লাগিল। রাখ-র হাতের ঢিল থাইয়া কুকুরটা বেমন গোঙাইতেছিল, পোষাকি কোট্ হারাইয়া এখন বেন তেমনিই ককাইতেছে। কুকুরটা বেন রাখর মতই গরিব,—অবোলা!

ভাবিতে ভাবিতে রাথ কথন্ থামিয়া পড়িয়াছিল বুঝি, হঠাৎ শশীর হাতের এক কাঁকানি থাইয়া সচেতন হইয়া উঠিল। পেছন ফিরিয়া চক্ তুলিয়া আরেকবার সেই রঙিন কোট্টা দেখিয়া লইয়া রাথ ফের চলিতে লাগিল। কিন্তু এই পথে লোভের বন্ধ অসংখ্য হইলেও লাভের আশা একেবারে শৃগ্য ভাবিয়া রাথ পা চালাইতে আর জোর পাইতেছিল না। কুকুরটার মতই ঘরে ফিরিয়া যাইতে ইচ্ছা করিতেছে।

গত রাত্রে যে তাহার পেলব সর্বাবয়বে এমন একটা উত্তপ্ত মাদকতা লইয়া কাছে আদিয়াছিল, আজ প্রত্যুবেই সে সহসা হিম পাষাণ হইয়া যাইবে, এক নিমেষে তাহার যৌবন-শ্রী থসিয়া বাসি হইয়া পচিয়া উঠিবে, এই কথা তাবিতে তাবিতে পঞ্চু অভূতপূর্ব বিশ্বয়ে একেবারে অভিভূত হইয়া গেল। কোথায় যে বেদনা লাগিল, তাহার 'ষাদ তিক্ত না মধ্র,—তাহা হদয়ঙ্গম করিবার পর্যন্ত তাহার অবসর মিলিল না। দামিনীর মৃত্যুটা তথু যে অস্বাভাবিক তাহাই নয়,—আগাগোড়া অসম্ভব। দামিনী যে মরিতে জানে, ও এমন করিয়া মরিতে জানে, উহার তরা-ভাত্রের নদীর মত ফেনিল মদির গৌবনও যে সহসা ভকাইয়া একেবারে নিশ্চিক্ত হইয়া ঘাইতে পারে,—পঞ্চর কাছে ইহা একটা পরম রোমাঞ্চকর অভিজ্ঞতা! পঞ্চর মনে পড়িল, একদিন রায়েদের পুকুরের ঘাট্লায় বসিয়া ও সন্ধ্যাকালে বাশি বাজাইতেছিল। বালি বাজাইতে বাজাইতে এত তল্ময় হইয়া পড়িয়াছিল যে, কথন পালের বুনো কোপ হইতে একটা গোথ রো সাপ উঠিয়া বাশির স্করে মৃদ্ধ হইয়া উহার বৃক্ষ ও গলা জড়াইয়া ধরিয়াছিল, তাহা মোটেই টের পায় নাই। সাপ ফলা বিভ্রত করিয়া

উহার ঠোঁটের কাছে যখন আনজে ঘন ঘন নাচিতেছিল, পঞ্ দেখিতে নাজান কৰিছা একিব বিজ্ঞান বিশ্ব কৰিছা কৰিছা

পঞ্চ ষতই এই কথা ভাবে, বেদনায় বিহবল হয়, বিশ্বয়ে বিমৃত হইয়া পড়ে।
কেন ষে হঠাৎ দামিনী গলায় দড়ি বাঁধিয়া লম্বা হইয়া পড়িল, এই প্রশ্নের কোনো
একটা সহজবোধ্য সত্ত্তর না পাইয়া পঞ্চ বেশি মাথা ঘামাইতে না পারিয়া অবশেষে
ইহাই ভাবিয়া লইল ষে, দামিনী পঞ্চরই জন্ম আত্মহত্যা করিয়াছে। এবং এক সময়ে
এই কথাটাই বিশ্বাস করিয়া বিদল। মরিয়া না হয় দামিনী আজ্ব পঞ্চর বাছর
সমস্ত নাগালের বাহিরে চলিয়া গেছে, কিছু সভিটেই যদি অভিমানিনী দামিনী না
মরিত, তবে মরীয়া হইয়া পঞ্চ আজ্ব যে কি কাণ্ড করিয়া বিদত, ভাবিতে পঞ্চর
সমস্ত শরীর কন্টকিত হইতে লাগিল।

অথচ, কাল রাতে মত্ত অবস্থায় কিছু অন্তায় করিয়া বসে সেই ভয়েই ত' পঞ্ দামিনীর ঘরে গিয়া আশ্রয় নেয় নাই.— উহাকে সিঁথির সিঁত্র লইয়া স্বচ্ছদেশ মরিবার অবকাশ দিয়াছে! দামিনীকে নিয়া ও কোথায়ই বা রাখিত, কি-ই বা থাইতে দিত! তাড়ি ও কোনোদিনই ছাড়িতে পারিবে না. দামিনীকে ত' আর ঘেনা করিয়া উহার বমি ধুইতে হইল না! পঞ্ছ তাহার মহন্দ্ দিয়া দামিনীর সতীত্ব রক্ষা করিয়াছে।

কিন্ত দামিনীকে বোকা বলিতেই হইবে ! ও ত' আর শশীর হাদ্গগনের শশী হইয়া বিরাজ করিতে চায় নাই,—বাহু বাড়াইয়া ও ত' রাহুকে নিমন্ত্রণ করিয়া-ছিল-ই। দড়িটা গলায় না বাঁধিয়া চোথে বাঁধিয়া কোনো রকমে বাকি রাডটা কাটাইয়া দিলেই ত' চলিত ! দামিনীটা বে এত মিনি-ম্থো পঞ্ছানিত না।

যাক্, দামিনী মরিয়াছে, আপদ গেছে। একটা লোক আদিয়া জুটিলে তক্লিফের আর অন্ত থাকিত না, পদে পদে খুঁটিনাটি লইয়া কত যে নট্থটি বাধিত, তাহার ইয়ন্তা নাই। যাক্, ভালই হইল,—পেট ঢাক করিয়া তাড়ি থাওয়া যাইবে. কেহই নাক সিঁটুকাইতে আদিবে না। চারিদিক যেন মূহুর্তে ভারি ফাঁকা, খোলসা হইয়া গেছে। পঞ্র বাড়ি নাই বাক্স নাই, কেহ উহার জন্ত তাড়ি বাড়িয়া বিদিয়া নাই, যথন খুসি বাড়ি ফিরিলেই চলিবে, একেবারে না

কিরিলেও কাহারো কিছু আসিয়া যাইবে না ভাবিতে পঞ্ যেন হাঁপ ছাড়িয়া লাক দিয়া উঠিল। নিজের এই নিঃস্বতা ও নিঃসক্ষতার মধ্যে বে একটা খুব বড় আধীনতা আছে তাহার আস্বাদ যেন ও আজ প্রথম অস্কুতব করিল। যদি চার, শনীকে ও আবার আর একটি না হয় যোগাড় করিয়া দিবে;—কাদখিনী বা কদখ,
—উহার কিছুই লাগিবে না। পঞ্ আছে বেশ।

মেলায় গিয়া তাড়ি কিনিতে হইবে,—দামিনীর গলার দড়িটা যেন উহারও গলায় দাগ কাটিয়া-কাটিয়া একেবারে কাঠ করিয়া ফেলিয়াছে।—একটা গাছের তলায় বসিয়া এতক্ষণ বোধকরি পঞ্চু চোখের জলে গলাটা ভিজাইবার উপক্রম করিতেছিল, হঠাং তড়াক্ করিয়া উঠিয়া চলিতে ক্ষক করিল। গলা ছাড়িয়া মহানক্ষে গান করিল:

কেষমে কাট্ৰে আয়ার দিন ? হাঁড়িতে নেই চালের ছিটে, ছূপিতে নেই কেরোসিন।

গলা আরো চডাইয়া দিল:

( আমি ) রেড়ির তেলে বাগিরে টেড়ি, চালকুষ্ড়ো করব কেরি, বুথে মেথে আলকাভরা ( আমি ) সাজিব সৌধীন ।

নদীর কাছাকাছি আসিয়া স্থর-ফের্তায় ফের গান ধরিল :

তাইরে নাইরে নাইরে না,—

° সংসারে মোর নাই দেনা।

নাই কো হল, খাই ওবুধ

ভাতের ক্যান্ আর তাড়ির কেনা,

তাইরে নাইরে নাইরে না ।

একটা ভিঙি লইয়া পঞ্চু নদী পার হইল। জমিদারের যাত্রা-গানের বায়নাটা লইবে কিনা তাহাই মনে মনে নাড়াচাড়া করিতেছিল,—হঠাৎ মেলার একট্ কাছাকাছি আসিতেই কিসের একটা সম্মিলিত কোলাহল শুনিয়া পঞ্র পা ত্ইটা মুহুর্তের জন্ম স্থির হইয়া গেল। কোলাহলটা উৎসবের নয়, তাহার উগ্রতা মনকে উন্মন্ত করিয়া তোলে না, আতত্তে কন্টকিত করিয়া তোলে!

এতকণ আন্তে আন্তে চলিয়া পঞ্চুর দেহে একটা নিরানন্দ শৈথিল্য আসিরা-ছিল —হঠাৎ অবদর বিষয় মন চালা হইয়া উঠিল। একটা কিছু করিতে পাইরা বাঁচিয়া বাইবে ভাবিয়া পঞ্ মেলার মূখে ছোঁ-মারা চিলের মত ছুট দিল। কিছ মেলার কাছে আসিয়াই পঞ্ ছুইটা চোথ বুজিয়া শক্ত করিয়া চাপিরা মূহুর্তেকের জন্ম একেবারে স্তব্ধ হুইয়া গেল।

সমস্ত মেলায় আঞ্জন লাগিয়াছে। কে এক পাইকার শহর হইতে এসেজ্ আনিয়া দেহাতি লোকদের হক্চকাইয়া দিবে বলিয়া এক আলিশান্ দোকান কাদিয়াছিল —সেই গলিত দাছ পদার্থগুলি পাইয়া আঞ্জন একেবারে লালায়িত হইয়া উঠিয়াছে। দব্মার বেড়া হইতে স্থক করিয়া থড়ের চাল—কিছুই বাকি বহিল না, নিমেবের মধ্যে পুড়িয়া পুড়িয়া ছাই হইতে লাগিল। সমস্ত লোক ভুবল অসহায়ের মত দ্রে সরিয়া আঞ্জনের শিখা কতদ্র উঠে তাহাই ক্যাল্ফ্যাল্ করিয়া দেখিতেছে ও আর্ড কোলাহল করিতেছে।

নদী মেলা হইতে বেশ একটু দ্বে. জল তুলিয়া আনিবার কিছুমাত্রই স্থবিধা নাই। বিস্তৃত মাঠের মধ্যে মেলা,—আগুন কাহারও ঘরে গিয়া পড়িবার সম্ভাবনা নাই ইহাতেই যেন গবাই নিশ্চিম্ভ হইয়া আছে। মেলার দোকানিরা গবাই বিদেশী, ঠকাইতে আসিয়াছিল ঠকাইতে আসিলে কাহারো ভালো হয় না, এই স্থতীত্র কোলাহলের মধ্যেও এই নীতিবাক্য উচ্চারিত হইতেছিল। আর জমিদারের লোকসান হইলেই ত' ইহাদের আসান্। হাঁ করিয়া দাঁত মেলিয়া চীৎকারের তীক্ষতা বাড়ানো ছাড়া ইহারা আর কিছুই সাহায্য করিল না, সক্ষমওছিল না বোধ হয়।

সহস্র লোকের ভীভি-বিহবল করুণ চোথের সামনে মেলা অদুশ্র হইতে লাগিল,
—বেন ভোজবাজি! ধুমাবগুঠনের আড়ালে স্থা বিবর্ণ বিমলিন হইয়া আছে,
বাতাস ঠাণ্ডা হইয়া গায়ে বিধিতেছে।

ইহারই মধ্যে কোপা হইতে জমিদারের থোদ দরোয়ান হঠাৎ লাঠি ও লাঠিয়াল লইয়া মেলার মধ্যে হড়ম্ড করিয়া পড়িয়া দোহান্তা বাঁল চালাইতে লাগিল। এই ভয়াবহ সর্বনাশ কে বা কাহারা করিয়াছে, ভাহারই এভক্ষণ হদিল্ করিতে গিয়া বার্থ হইয়া অনজোপায় কুট্রুল্ সিং ভাহার খোট্টাই ক্রোধের পরিমাণটা বত্ত-ভক্ত জাহির করিবার জন্ম যেন একেবারে উত্যন্ত হইয়া উঠিয়াছে। প্রজ্ঞলন্ত বহি-কুণ্ড হইতে কোনো অর্ধদম্ম প্রব্য উদ্ধার করা বায় কি না, ভাহারই আশায় কয়েকটি গরিব দোকানি ভখনো সেইখানে রহিয়া গিয়াছিল, ভাহাদেরই একজনের মাধায় একটা লাঠি প্রবল জোরে আসিয়া পড়িল।

আগুনের দক্ষে বজের কোথাও নিশ্চর একটা মিল আছে,—তাহা ছাড়া সকাল হইতেই পঞ্চর হাত তুইটা মারাত্মক রকমের কিছু একটা করিয়া বসিবার আগ্রহে নিস্পিস্ করিতেছে, আগুন ও তাহার মধ্যে দোকানির মাধার রক্ত দেখিরা। উহার সমস্ত রক্ত অগ্নিশিথার মত্ই নাচিয়া উঠিল। কুট্রুস্ সিং-এর এক অসাবধান চেলার তুর্বল হাত হইতে সহসা লাঠিটা ছিনাইয়া লইল. এবং চক্কের পলক পড়িবার পর্যন্ত অবসর না দিয়া সেই ভিডের মধ্যে লাঠি চালাইয়া দিল। কিন্তু সেই পলকের মধ্যেই সেই আহত দোকানিটি অকত্মাৎ স্থানপরিবর্তন করিয়াছে বলিয়াই, পঞ্চুদেখিল,—তাহার লাঠিটাও সেই দোকানির মাথায়ই পড়িয়াছে এবং উহার ঘা-টা আরো বিস্তৃত ও গভার করিয়া দিয়াছে। উহারই মাথায় আরেকটা বাড়ি মারিয়াও উহাকে একেবারে সাবাড় করিয়া দিয়াছে। উহারই মাথায় আরেকটা বাড়ি মারিয়াও ভাবিতেছিল, কিন্তু সেই নির্বাক্ত অজ্ঞান ভূশায়িত দোকানির গায়ের উপরে হঠাৎ একটা প্রকাণ্ড আগুনের ঢেলা পড়িয়া পঞ্চুর সমস্ত চিন্তার মীমাংসাংকরিয়া দিল। সেই আগুনের তলেই সেই দোকানির চিতা তৈরি হইয়া গেল।

কথন ও কে যে পঞ্কে আঘাতে জর্জবিত করিয়াছে যাহার জন্ম ও সহসা প্রতিহিংসায় ক্ষিপ্ত দিয়িদিক্জানশ্রু হইয়া মাস্থবের মাথা লক্ষ্য করিয়া লাঠি ছুঁড়িতে লাগিল, তাহার কারণ পঞ্চ নিজেও ভাবিয়া পাইত না। তব্ও, হাতে লাঠি ও তাহা প্রয়োগ করিবার স্থযোগ পাইয়া কেনই বা যে চুপ করিয়া বিসয়া থাকিবে, তাহারও কোন হেতু নাই। কুটুদ সিং-এর এক চেলার কাঁথে একটা বাড়ি লাগিতেই সে এমন উর্ধেশাসে ছুট দিল যে তাহার কাপড়টা পেছনে পড়িয়া রহিল কি না তাহা দেখিবার পর্যন্ত তাহার সাহস হইল না। তুর্ঘটনার কারণ কতদ্ব বিসদৃশ হইতে পারে কতকটা সেই ভয়ে, এবং নিকপায় চেলাকে বিকটতর অপমান হইতে রক্ষা করিবার ইচ্ছায় কুটুদও খদিয়া পড়িল। পঞ্চ্ যথন উহাদেরই পশ্চাজাবন করিয়া বাহিরের মাঠে আদিয়া পড়িল তথন আগুনের সঙ্গে সঙ্গে উহারাও অদৃশ্য হইয়া গেছে।

হঠাং সেই বিরাটকায় ভন্মস্থুপের পানে তাকাইয়া পঞ্চুর মন নিদারুণ তৃংথে হায়-হায় করিয়া উঠিল। সেই দোকানিটার কথা মনে পড়িল। তাহাকে এখন টানিয়া বাহির করা যায় কি না, তাহাও একবার ভাবিয়া লইল। তাহাঃ ভাবিয়া আবার সেই দিকেই পা বাড়াইল, কিছু কিছু দ্ব আসিয়া পা আর চলিতে চাহিল না। দেখিল, সেই রাশীকৃত অক্লারের মধ্যে তৃইটা নরদেহ যেন বাহির হইয়া আসিবার জন্ম প্রাণণণ চেইা করিতেছে। কোমর হইতে মাথা কিছুই দেখা যাইতেছে না, যেন কি একটা ভারি জিনিস পড়িয়া চাপা গিয়াছে, পা শ্ক্তে তুলিয়া মৃক্তির জন্ম বার্থ সংগ্রাম করিতেছে শুধু। পঞ্চু তাড়াভাডি হাতের লাঠিটা মাটিতে ফেলিয়া দিয়া একজনের পা ধরিয়া সজোরে টান মারিল,—যে লোকটা বাহির

হইয়া আদিল, সে জগ; ছাইয়ের ওঁডার সে একেবারে বিবর্ণ, বিষ্ণুত হইয়া গেছে। পঞ্চু সচকিত হইয়া ভিজ্ঞাসা করিল,—কে ? এ কি ?

এক-মৃথ কালি লইয়া দম্বণংক্তি বিকশিত করিয়া জগকে হাসিতে দেখিয়াও পঞ্ছু আশস্ত হইতে পারিল না, মনে হইল সেই দোকানিটার মত জগও নিশুরই পুড়িরা মরিয়াছে,—এ তাহারই প্রেতমৃতি ! সঙ্গে বে লোকটা ছিল, সেও সাড়া পাইয়া সোজা হইয়া বসিল। ছাই ও কাদায় তাহারও সমস্ত দেহ লিগু হইয়া আছে, কালি-পড়া হাঁড়ির মত মৃথ,—তব্ও পঞ্ছু তাহাকে চিনিতে পারিল,—জগ-র সঙ্গী নয়ান্! পঞ্ছু মাটি হইতে তাড়াতাড়ি লাঠিটা তুলিয়া হাঁকিল,— কি করছিস্ তোরা এখানে ? বেঁচে আছিস তো ? নইলে, বল, মারি এই লাঠিটা—

জগ ইতিমধ্যে আরেকবার দাঁত বাহির করিতে যাইতেছিল, ভয় পাইয়া তাড়াতাড়ি থাড়া হইয়া উঠিল: দারোগাগিরি কবে থেকে পেলি, পঞ্ছু? লাঠিটা আমার হাতে দে ভাই. এই জঞালের তলায় হাত বাড়িয়ে বাক্সটার নাগাল পাচ্ছি না, লাঠিটা দিয়ে টেনে আনি।

সমস্ত ব্যাপারটা পঞ্চর কাছে তথনো পরিকার হয় নাই বলিয়াই সে বিশ্বয়াবিষ্ট বড় বড় চক্ষ্ ত্ইটাকে প্রকৃতিস্থ করিতে পারিতেছিল না; এমন সময় নয়ান তেমনি দাত মেলিয়া বলিল,— জানিস-ই ত', কারো সর্বনাশ, কারো পোহ মাস। কারো বাতের প্রলেপ, কারো বা তুলোর লেপ। ছাইয়ের নিচে আমরা ছাতু কুড়োচ্ছি, ভাই। এই ভাখ—

বলিয়া টাঁ্যাক হইতে কতগুলি ঝক্ঝকে টাকা বাছির করিয়া পঞ্কে দেখাইয়া ফের বেশ ভালো করিয়া টাঁয়কে গুঁজিয়া লইল।

भक्ष् करिन, — চুরি কর্ছিস ?

জগ বলিল,— এ কা'র জিনিস কি করে' বুঝ্ব যে তাকেই ফারয়ে দিজে হ'বে। কা'র প্রমাণ হ'বে শুনি '

নয়ান কথাটা সম্পূর্ণ করিয়া দিল: টাকায় কারো নামু লেখা থাকে ?

পঞ্চর সেই চড় ছইটার ঝাঁঝ এখনো বেন নয়ানের গালে লাগিয়া আছে; ভাই কোনো উপায়ে পঞ্র হাতের ঐ উছত অবাধ্য লাঠিটা করায়ত্ত করিতে পারিলেই সম্প্রতি সব ল্যাঠা চুকিয়া যায়, তাই পঞ্কে প্রস্কুক করিয়া এই ছাইয়ের গাদার মধ্যে চুকাইবার আশায় নয়ান্ বলিল,— তুইও আমাদের মত উব্ হ'য়ে পড়্প্,—কভগুলি কর্করে টাকা হ'লে তাড়ি কিনে চুচ্চুরে মাতাল হওয়া যাবে।

জগ বলিল,— একে আর চুরি বলে না পশু, তাড়ি জোগাড়ের কারিকুরি।

পঞ্জিভ্দিয়া ওক্নো ঠোঁট ছইটা একবার চাটিয়া লইয়া উহাদের সক্তে অচিত্য/২/৭ 'বোম্ ভোলানাথ' বলিয়া ভিড়িয়া ঘাইবে কি না ভাহাই ভাবিতেছিল বোধকরি, হঠাৎ কে একজন উহার হাঁটু তুইটা জাপ্টাইয়া ধরিয়া ভেউ-ভেউ করিয়া কাঁদিয়া উঠিল। পঞ্চাহিয়া দেখিল,— রাথ! — আতকে কাঁপিতেছে।

পঞ্চু উদ্বিগ্ন হইয়া জিজ্ঞাসা করিল,—তুই এথানে কোখেকে এলি ? রাথ কাঁদিতে কাঁদিতে বলিল,—বাবার সঙ্গে এসেছিলাম — —কে তোর বাবা ?

হঠাৎ এই প্রশ্নটা জিজ্ঞাসা করিয়া উহার ত্রহতোটা একবার মাত্র মনে-মনে পরিমাপ করিয়া লইয়া বিমর্থতার সঙ্গে উদ্বেগ মিশাইয়া পঞ্চু প্রশ্ন পাল্টাইল: কোথায় তোর বাবা ?

রাথ হাতের মৃঠি দিয়া চোথ কচ্লাইতে-কচ্লাইতে কহিল,—ভিডের মধ্যে কথন যে বাবা আমার হাত ছেড়ে দিয়েছে, দেখি নি। কোথাও থুঁজে পাচ্ছি না। তারপর আগুন লেগে গেল। তু'টো গরু মরেছে পঞ্চু-কাকা,—ভাগ্যিস্ আমার কুকুরটাকে আনিনি।

পঞ্চ কহিল, চল্, ভোর বাবাকে খুঁচ্ছে' দেখি গে।

বলিয়া পৃঞ্ রাথকে কোলে তুলিয়া লইল। জগ ও নয়ান পৃঞ্র পরিত্যক্ত লাঠিটা লইয়া ফের সেই ভস্মজুপের মধ্যে চুকিয়া পড়িল কি না তাহা দেখিবার জক্তও একবার ঘাড় ফিরাইল না। তথন রোজের তেজ খ্ব বাড়িয়া গেছে, - রাথ-র ঘুইথানি স্ক্মোন স্কুমার হাত দিয়া পঞ্চ নিজের গলাটা জড়াইয়া লইল, কহিল,— তোর খ্ব থিদে পেয়েছে, নারে ?

রাখ ঘাড় তুলাইয়া কহিল,—মোটেই আমার খিদে পায় নি. পঞ্-কাকা। এত বড় ধাড়ি ছেলেকে তুমি কেন কোলে করেছ? আমাকে তুমি নামিয়ে দাও, আমি তোমার সঙ্গে খুব হাট্তে পারব।

পঞ্ তবু রাখকে কোল হইতে নামাইতে চাহিল না, আপনার বিশাল বিস্তৃত বুকটার উপর উহাকে নিবিড় করিয়া জড়াইয়া রহিল। উহার গায়ে ও যেন গিরির সোরভ পাইতেছে, উহার ছইটি আয়ত চঞ্চল কালো চোখে গিরির সেই গর্ব জালতেছে বুঝি, উহার কথার গিরির সেই অপূর্ব মাধুর্ব! নদীর পারে সন্থ প্রস্তুত রাখকে সেইদিন উহাকেই ঘরে লইয়া বাইবার কথা ছিল, কিছু একফোঁটা শিশুর প্রাণরক্ষা করিতে পারে তেমন সম্বল ত' উহার কিছুই ছিল না, তাই নিস্তারিনীর হাতে উহাকে সঁপিয়া দিয়া নিস্তার পাইয়াছিল। কিছু আজ ? আজ রাখ ত' বেশ ভাগর হইয়াছে।

পঞ্ কহিল, —সভািই ভাের খিদে পায় নি ?

রাথ পঞ্র কাঁধের উপর মাধাটা ছইবার নাড়িয়া কছিল,—একটু-একটু পাচ্ছে!

পঞ্ছাসিয়া কহিল,—আর থানিক বাদেই খুব ভাল করে' পাবে 'খন। চল্ আমার ঘরে। শশা থাবি ? ঐ ডোবাটার ধারেই শশার কেত। চল, ঢুকে পড়া যাবে। আমি থাকতে তোর ভয় নেই, রাথ।

রাথ কাঁধ হইতে মূথ তুলিয়া কহিল.—আমার ভয় করে এ কথা তোমায় কথনো বলেছি ? দিনের বেলা আবার ভয় কিসের ? কিন্তু, বাবাকে খুঁজবে না ?

পঞ্চ বেন এই অত্যন্নকালের মধ্যে সেই কথাটাই ভূলিয়া গেছে। রাখ-ও যে সংসারে ওরই মত নিরাত্মীয়. এই বৃঝি উহার ধারণা; তাই রাখ-র এই কথায় পঞ্ যেন চাবুক থাইল। বলিল এই খুঁজছি।

তথন ধারে-ধারে ভস্মাভূত মেলা-প্রাঙ্গণে আবার লোক জমিতে স্ক্রুক করিয়াছে।
কেহ ক্ষতির পরিমাণ করিতে চেষ্টা করিতেছে, কেহ বা সহাস্ভূতি দেখাইতে
আলিয়া ছই একটা জিনিস কোঁচড়ে টপ্-টপ করিয়া তুলিয়া লইতেছে। ইহাদের
মধ্যে জগ ও নয়ানের সাহসই তারিফ করিবার মত।

শনীকে কিন্তু এ-দিক ও-দিক কোথাও খুঁজিয়া পাওয়া গেল না। পঞ্র মনে হইল এই মেলায় আসিয়া শনী হঠাৎ কাহারো ন্থে দামিনীর আত্মহত্যার সংবাদ পাইয়া তৎক্ষণাৎ বিবাগী সাজিয়াছে। দামিনী ত' শনীরই সর্বস্থ ছিল,—এ-কথাটা শ্বীকার করিতে পঞ্চর মনে ব্যথা জাগিলেও ইহার চেয়ে সভ্য ত' আর কিছু নাই। তাই তাহাকে খোয়াইয়া শনীর আর রহিল কি ? শনী ত' জানে না, দামিনী কাহাকে পাইবার আশায় এই মুদীর্ঘ প্রতীক্ষার ব্রত উদ্যাপন করিতে না পারিয়া গলায় দড়ি দিয়াছে—তাহা হইলে হয় ত' ও এত স্বছেন্দে সন্মানী হইয়া বাইতে পারিত না; - হায়, শনীর ভূলের মধ্যেও কত মধু আছে। সভ্যই ত', রাথকে ও কোথায় রাখিবে,—কাহার জন্ম রাখিবে ? তাই ভিড়ের মধ্যে নির্মম শনী উহার হাত ছাড়িয়া দিয়া আলগা হইয়া গেছে। শনী কিছুই দোষ করে নাই।

দামিনী গলায় দড়ি দিয়াছে, ভালই করিয়াছে। যা হোক, শশীর বিশাস ভাঙিয়া যায় নাই ত'! নাহুবের জীবনে সেইটাই কি কম লাভ ? দামিনী কাল রাত্রে গলায় দড়ি না দিয়া আজ যদি পঞ্র এই তুইটা বাসনাব্যাকুল বাছর মালা গলায় ত্লাইত, তাহা হইলে এই পৃথিবীতে শশী দাঁড়াইত কোথায় ? দামিনী মরিয়া ভালই করিয়াছে। দামিনীর বিরহে শশী বে অমৃতের আখাদ পাইয়াছে— দামিনীর আয়ু আর ঘণ্টা-করেক টনটনে থাকলেই, সেই বিরহ উগ্র বিষের জ্ঞালায় একেবারে কালো হইয়া উঠিত ! দামিনী শশীকে ভাল না বাসিলেও শশী ত" উহাকে পঞ্চ চেয়ে এক তিলও কম ভালবাসিত না ! দড়িটা ত' তখন শশীরই গলায় উঠিত ! যাক্, শশী বাঁচিয়া গেছে—ও আবার বিয়ে কন্ধক,—তাতে কাহারও কিছু ক্ষতি নাই ।

তবু, ইহারই মধ্যে পঞ্ আর একবার অকমাৎ ভাবিয়া লইল.— দামিনী আর কয়েক ঘণ্টা সবুর করিয়া গেল না কেন ?

আরো থানিকক্ষণ থোঁজাখুঁজি করিয়া পঞ্চু বলিল, —শশী এথানে নেই। তোর কিছু ভয় নেই, রাথ। আমার কাছেই থাকবি।

তারপর হঠাৎ স্বরটা আর্দ্র করিয়া কহিল.—তোর মা'র জন্তে মন কেমন করবে, রাখ ?

রাখ তেমনি ঘাড় তুলাইয়া কহিল — মোট্টে না। মা-টা থালি আমাকে মারত।

- —বাবার জন্মে ?
- উছঁ। আমাকে মারত না, কিন্তু কুকুরটাকে ভারি মারত। কুকুরটার জন্ত ভারি মন কেমন করবে। আমি বাড়ি ফিরে না গেলে কলাই-শাকের ক্ষেতে ও আমাকে খুঁজে' বেড়াবে।

চলিতে চলিতে পশ্চু বলিল,—আমি তোকে একটা কুকুর দেব,—খুব ভালো দেখে। তুলোর মত তুল্তুলে নরম, ঠিক মাখনের মত। দাড়াতে বললে হ'পা তুলে' দাড়াবে, শুতে বললে শোবে, হাঁচতে বললে হাঁচবে।

বিপুল উৎসাহে রাখ পঞ্র গলাটা নিবিড়তর করিয়া জড়াইয়া ধরিয়া মৃথের: কাছে মুখ নিয়া কহিল : সত্যি দেবে ? মাইরি ?

--পঞ্চু কহিল-দেব।

রাখ-র উৎসাহ আরো বাড়িয়া গেল। পঞ্চ ম্থটা উহার ত্ই হাতের মধ্যে রাখিয়া কহিল—খুব ভালো দেখে দেবে ? ইাচতে বললে হাঁচবে ? ঠিক ?

- -- हैं।, स्वर्थ निम्।
- यि विन, िष् इ'रा **ए**रा भा नाहा',—नाहारव ?
- **一**初 -
- —ভাই দিয়ো, পঞ্ কাকা। দেখো, আমি ঠিক লক্ষ্মী ছেলের মত থাকব। সেই বাড়িতে তেমনি আমার একটা মা আছে ? দেখো আমি কক্থনো তার মার থাব না। আমি সারাদিন কুকুর নিয়ে খেলা করব। আমার ঐ আগের কুকুরটা,—জান পঞ্চু কাকা—ঘেমন বোকা, তেমনি বুড়ো! মাংস চিবোবার দাঁত নেই, তাই মুড়ি খায়। কোন্ বাড়ি থেকে ঘি খেয়ে এসেছিল, গায়ের সব লোম পড়ে' গেছে,—

— যত রাজ্যের পোকা কিলবিল করছে। ভারি ঘেরা করে আমার। একেবারে হুডাছাড়া, – মরুক গে ও !

রাখ মনে মনে সেই অনাগত কুকুরের ছবি আঁকিতে লাগিল। জামা ছিঁজিয়া উহার গলায় ও বখলদ বাঁধিয়া দিবে।

ভোবার ধারে শশার ক্ষেত্র. - কেহ ঝাঁকা বাঁধিয়া দেয় নাই বলিয়া মাটির উপরই লতাগুলি কোনো রকমে আঁকিয়া-বাঁকিয়া বাঁচিয়া আছে। রাথকে কোলে লইয়া পঞ্চু সেই দিকেই আগু বাড়াইল। রাথকে কিছু চাবাইতে না-দেওয়া পর্যান্ত পঞ্চুর কিছুই ভাল লাগিতেছে না।

কতদ্র আগাইয়া আদিয়া পঞ্চু দেখিতে পাইল নিকটবর্তী ভোবার ধারে খেজুর গাছের তলে বিদিয়া এক দঙ্গল মেয়ে তারস্বরে জটলা পাকাইতেছে। পঞ্চু শশার ক্ষেত বাঁয়ে রাখিয়া তাড়াতাড়ি পা চালাইয়া কাছে আদিয়া পড়িল।

প্রথমতঃ চট্ করিয়া ব্যাপারটা ব্ঝিতে না পারিলেও কাছাকাছি আসিয়া পঞ্র আর কোনো সন্দেহই রহিল না। কিন্তু মেয়েগুলির কাঙাল হতচ্ছাড়া অবস্থা দেখিয়া পঞ্র বৃক ফাটিয়া কারা বাহির হইতে চাহিল। চুল এলোমেলো, কাহারো কাপড় প্রায় পৃড়িয়া গেছে, মৃথে গায়ে ছাই মাথানো — উহাদের বীভৎস ও নিল'জ্জ দারিত্র্য দেখিয়া ও অসহায় আর্তনাদ শুনিয়া পঞ্র অন্তশোচনার যেন অবধি ছিল না। কুল থোয়াইয়া আসিয়া এই অগ্নিকৃত্তে সকল ডালি দিয়া ইহারা একেবারে অকুলে পড়িয়াছে! কিছুই বাঁচানো যায় নাই।

ইহারই মধ্যে একটা মেয়ে গলা ছাড়িয়া চেঁচাইতেছিল। আগুনে তাহার দব গিয়াছে, – তাহার টাঙ্কেব মধ্যে কত বাবুর কি-কি উপহার ছিল ভাহার একটা ফিরিস্তি দিয়া সে তাহার কালা ফেনাইতেছিল। তাহার কাপড় পুড়িয়াছে, সঙ্গে স্থও পুড়িয়াছে। এখান হইতে যে যাইবে তাহার টেনভাড়া পর্যান্ত ভাহার নাই। তাহার কি উপায় হইবে ? গলায় দড়ি দিবার মত কাপড়টুকু পর্যান্ত ভাহার কোমরে রছিল না!

কতকগুলি কচি শশা ছিঁ ড়িয়া আনিয়া আর একটা মেয়ে কাম্ড়াইয়া কাম্ড়াইয়া থাইতেছিল। সে হাসিয়া কহিল —ম্থ যথন পুড়েছে. তথন আর ভাবনা কি বিধৃ, বাকি কাপড়টুকু দিয়ে গাছকোমর বেঁধে গাছে ওঠ্ গে —

বে-হাসি লইরা কথাটা শুরু করিয়াছিল কথা সারা হইলে তাহা একেবারে একটা তুবড়ির মত ফাটিরা পড়িতে লাগিল। মেয়েটি হাসিতে জানে।

কিন্তু এমন করিয়া হাসিতে জানে, পঞ্ছ তাহা কোন দিন জানিত না।

তাড়াতাড়ি রাথকে কোল হইতে মাটিতে হুম্ করিয়া নামাইয়া দিয়া হুই বাহ-অর্থোনুক্ত করিয়া ডাকিয়া উঠিল, — কুঞ্চ !

কুঞ্জর হাসি তথনো থামে নাই। সে পুরামাত্রায় হাসিয়া তবে পঞ্চুর পানে তাকাইল,— তাহার ত্'টি চোথে তথনো হাসি টল্টল্ করিতেছে।

পঞ্চু একাস্ত পরিচিতের মত জিজ্ঞাসা করিল,—চিন্তে পাচছ ?

শশা চিবানো বন্ধ করিয়া কুঞ্জ কহিল,— খুব পাচছি। ভালো? ঐ ছেলেটি কে ? তোমার ? কবে বিয়ে কর্লে ?

এই এক মূহুর্তের মধ্যেই একাস্ক অগোচরে পঞ্চুর মনে একটা মর্যাস্কিক বেদনা জমিয়া উঠিতেছিল, সহসা আনন্দ-তবঙ্গের আঘাতে সমস্ক ক্ষোভ যেন নিমেষে অপস্ত হইয়া গেল। বিস্ময়াবিষ্ট তুই চক্ষু প্রসারিত করিয়া নিরাকুল নিরুদ্বিশ্ন উদাসীনের মত দাড়াইয়া রহিল।

কুঞ্চ গায়ের উপর কাপড়টা গুটাইয়া লইবার ব্যর্থ চেষ্টা করিয়া বলিল, - কি আর দেখছ ? সব গেছে আমাদের, - মাথায় যে ঘোম্টা টান্ব, তা পর্যাস্ত কাপড়ে কুলোচ্ছে না। দেখেছে, কেমন ফোস্কা পড়েছে ? বেরিয়ে কি আস্তে পারি ছাই! দক্ষি-যজ্ঞি!

বলিয়া কুঞ্জ তাহার অনাবৃত বাহু ও পিঠটা পঞ্চুকে দেখাইল।

তব্, পঞ্র জিভের ভগায় কোন কথা জুয়াইল না। ও যেন অগ্নিকাণ্ডের মতই একটা পরম বিশায়-বপ্ত নিরীক্ষণ করিতেছে। দামিনীর মৃত্যুর মতই যেন এ অসম্ভব!

এ কয় বৎসরে কুঞ্জ-র কত পরিবর্তন হইয়াছে ! আরো কত ঢাাঙা হইয়াছে, সেই গোল-গোল ফোলা-ফোলা নিরীহ মৃথথানির রেথাগুলি যেন বৃদ্ধিতে ও ব্যাভিচারে তীক্ষ হইয়াছে, সেই সদা-শক্ষিত অপুর্ব কুণ্ঠার রমণীয়তা কাটিয়া গিয়া একটি চটুল প্রগল্ভতা দেখা দিয়াছে,— ইাটুর মধ্যে মৃথ লুকাইয়া গোপন হাসিটি আর নাই,—উহার হাসি আজ কি চঞ্চল ও অজত্র ! তবু কুঞ্জকে পঞ্চর ভারি ফ্রন্সর লাগিল। ঘাড়ের উপর সেই কালো জডুলটি তেমনি অক্ষয় আছে।

সেই কৃষ্ণ আর নাই,—নাই থাক্, তবু ত' এ কৃষ্ণই। এ কৃষ্ণই ত' একদিন সেই কৃষ্ণ ছিল। কৃষ্ণ বলিয়া ভাকা মাত্রই ত' পঞ্চর সমস্ত আত্মা সমূদ্রের মত ত্লিয়া উঠিয়াছে—কতদিন ধরিয়া উচ্চকণ্ঠে এই নামটি ও উচ্চারণ্ করিতে ছালয়া গিয়াছিল,—হয় ত' ইহজীবনে ঐ একটি শব্দ উহার জীবনের অভিধান হইতে একেবারে লুগ্ত হইয়া ঘাইত। ও যে কৃষ্ণ-র দেখা পাইয়াছে, এই ঢের।

কিন্তু কুঞ্জ-র তুর্দশা দেখিয়া পঞ্চুর চোখ কাটিয়া জল আসিতে লাগিল। উহার

গলার ও গালের হাড় ঠেলিয়া বাহির হইয়াছে, সেই ছোট চক্দু ছুইটি কোটরে চুকিয়া আয়তনে বড় দেখাইতেছে, সেই নধর তক্ষলতা ধৌবনকে ধরিয়া রাখিতে পারে নাই, ভারি রুশ ও কর্কশ হইয়াছে। তবু, তবু,—সেই কুঞ্জ,— যে অছরোধ করিলে পঞ্ছ তারি পর্যন্ত ছাড়িয়া দিতে পারিত,—সেই কুঞ্জ, একদিন স্পর্শ করিবার লোভে যাহার পা ছুইটি লুকাইয়া জড়াইয়া ধরিয়াছিল।

আজো, কৃঞ্জ-র এই অধঃপতনের দিনেও পঞ্চু কেন যে তাহার নিজের ব্যবহারে একটি সৌন্দর্য-মণ্ডিত সকোচ বোধ করিতেছে, বুঝা কঠিন।

কুঞ কহিল, তোমার দেখা পেয়ে ভালোই হ'ল। এই দেখেছ কাপড়ের ছিরি!—কিছু আর নেই। একেবারে ফতুর হ'য়ে গেছি, ভাই। এসেছিলাম বিবি সেজে, এখন একেবারে বাঁদির বেহন্দ। ঢালের বদলে ঢোল সপ্তদা করেছি। বলিরা ফের ঘা-গুলি দেখাইয়া কুঞ্জ খিল্-খিল্ করিয়া হার্সিয়া উঠিল। বলিল,—ভারি খিদে পেয়েছে, শশা খাচ্ছি। তোর গানটা কি না, বিধু?

কাপড় খসা, চকু বসা, তাড়াই বশা, থাছিছ শশা!

বলিয়াই আর এক চোট হাসি।

কুঞ্জ কোথা হইতে এত কথা শিথিল ? এত হাসি লুকাইয়া রাথিয়াছিল কোথায় ?

কুঞ্জ খার-একটা শশায় কামড় বসাইয়া কহিল,—তোমার ধাজা-গান কেমন হচ্ছে ? কথা কইছ না কেন গো ? আমরা ত' সব বেকার ;— যে রকম সব ফোস্থা পড়েছে গায়ে,—প্রায় মাস খানেক লাগবে ঘা ভকোতে। চল, স্বাই মিলে ভোমার দলে ভিড়ে নেচে নি দিন কয়েক। বিধু খুব ভালো নাচ্তে জানে। সেই না কি গান গাইত সেই হোঁৎকা-মতন মাড়োয়ারিটা ?

না.চ আমার বিধুবালা, (আর) নাচে বুড়ো ঝুন্ঝুন্য়ালা।

হাসি থামাইয়া কুঞ্চ গন্ধীর হইয়া ফের কহিল,—ই্যা ভালো কথা, **জামাকে** একখানা কাপড় এনে দিতে হবে, ভাই।

পঞ্র মুথে কথা ফুটিল: দিচ্ছ।

জামাটা আগেই পথে ছিঁড়িয়া ফেলিয়াছিল; এইবার কাহাকেও বিরুক্তি করিবার অবকাশ পর্যন্ত না দিয়া পঞ্ কোমরের কাপড়টা খুলিয়া লইয়া মাঝামাঝি ছিঁড়িয়া ফেলিয়া কুঞ্জ-র গায়ের উপর ছুঁড়িয়া দিয়া কহিল,—কোনো বক্ষে এ দিয়ে গা-টা ঢেকে দিয়ে চল আমার সঙ্গে— কুল চোথ মটুকাইয়া প্রশ্ন করিল,—কোথায় ? পঞ্চু কহিল,—আমার বাড়ি।

শুনিয়া কুঞ্জ-র লুটাইয়া-লুটাইয়া হালি! বলিল,—শুনেছ মালী, মামায় বাড়ি নিয়ে বেতে চায়!

মাসীটি প্রোঢ়া, তিন দিন হইতেই খেনো গিলিতেছিলেন, না দামলাইতে পারিয়া যখন বমি করিতে ঘাইবেন, তখন মেলায় আগুন ধরিয়াছে। মেয়ের দল মাসী ও তাহার বগলের নীচে শক্ত-করিয়া-আঁক্ড়ানো মদের বোতলটা বাঁচাইতে গিয়া নিজেদের কিছুই বাহির করিতে পারে নাই। বমিতে মাখামাখি হইয়া মাসী ধ্লায় গড়াগড়ি ঘাইতেছিল; জড়িত ধরে কহিল,—বাড়িতে সতীন আছে, মার্বে তিন লাখি। সেই যে কি আছে না লো ছেনালি—

বাড়িতে বৌ গোরাডি, নোরামি মার্লে তিন লাখি।

কুঞ্জ গাল তুইটা ফুলাইবার চেষ্টা করিয়া বলিল, তা'লে যাব না, ভাই।
পঞ্চ অধীর হইয়া কহিল, না, কেউ নেই। তুমি চল, কুঞ্জ। পিঠের ঘা-গুলো
খুলে রেখো না, ওঠ। চচ্চড়ে রোদ্ —

ঘা-গুলির ষন্ত্রণা অসহু বলিয়া, না পঞ্চুর আহ্বানে মৃগ্ধ হইয়া কে জানে, কুঞ্চ দাঁড়াইয়া নিজের অর্ধদ্যা বসনাঞ্চলে শরীরের নিমার্ধ ভালো করিয়া ঢাকিয়া পঞ্চুর দেওয়া ছিন্ন কাপড়টায় পিঠের উপর দিয়া মাথায় ঘোমটা টানিয়া দিল।

পঞ্ছ হাত বাড়াইয়া কহিল,—এসো।
মাসী কহিল,—চল্লি ছুঁচোম্থি ?
কুঞ্জ হাসিয়া কহিল:

व्यांति घृत्त मिन छुड़े, चाडे मारे चृत्त छुड़े।

আর একটা মেয়ে কুঞ্জ-র এই সোভাগ্যে হিংসায় জ্বলিয়া মরিতেছিল। এই দ্রদেশে ছদিনে পড়িয়াও উহার কাঁদিবার স্থোগ মিলিল না? সমস্ত হারাইয়াও ঠোটের হাসিটি হারাইল না? এত বড় সর্বনাশের দিনেও পাশে দাড়াইবার মত উহার বন্ধু আছে?

कुछ कहिन,--- हन ।

পরে বিশ্বিত বিধুর দিকে চোখ ফিরাইরা কহিল,—কি দেখছিস, বিধু—ক্ষেতের থেকে ছিঁড়ে ছিঁড়ে শশা খা'। ট্যাং-ট্যাং করে' শশুরবাড়ি বাচ্ছি।

পিছন হইতে রাখ চেঁচাইয়া উঠিল—শশা দেবে না, পঞ্চ কাকা ?

পঞ্ছ শুর্ কহিতে পারিল,—চল, বাড়িতে আছে। এথানকার শশা থেলে অস্থথ করবে। পোকা পড়েছে।

চলিতে চলিতে কৃষ্ণ কহিল,—নিয়ে যাচ্ছ, কিছু কেলেম্বারি হবে না ত' ?

পঞ্হাতের মুঠা ছইটা শক্ত করিয়া ব'লল, কোন্ শালার সাধ্য কিছু বলে?
তোমার ঘা-গুলো শুকোলেই তোমাকে অনেক দ্বে নিয়ে যাব. অথখানে আমাদের
কেউ চেনে না। যাবে?

কৃষ্ণ আন্তে ঘাড় নাড়িয়া কহিল-ন্যাব। বেখানে তোমার খুসি---

আজ ষদি বেহারি বাঁচিয়া থাকিত ও এই পথে এখন দেখা হইয়া যাইত ! উদরি-রোগ ভালো করিতে গিয়া গ্রামের কবিরাক্ত 'বিষস্গ বিষমেষধম্' আওড়াইয়া উহাকে ধৃতুরার গোটার সক্ষে মাকাল ফল খাওয়াইয়া মারিয়াছে। ও বাঁচিয়া থাকিলে পঞ্চু কুঞ্জকে উহার বাড়ির উঠানের উপর দিয়াই লইয়া ষাইত।

চলিতে চলিতে পঞ্চ ডাকিল.—কৃঞ্জ!

- **一**香科?
- --- না, এম্নিই ডাকছি। ঘায়ে খুব ব্যথা হচ্ছে ?
- —বিশেষ না। তুমি বেশ ভালো আছ ?
- —ই্যা। তুমি ?
- —আমিও।

উহাদের পিছনে পিছনে রাথ আসিতেছিল। পরে উহার মনে হইয়াছিল মাটির উপর কুঞ্জর পরিত্যক্ত কতগুলি শশা তথনো পড়িয়া আছে, কিন্তু এখন দৌডিয়া গিয়া লইয়া আসিতে আসিতে উহাদের নাগাল পাইবে না ভাবিতে রাথ ভারি বিমর্ব হইয়া গিয়াছিল। সতিয়ই উহার ভারি কুধা পাইয়াছে।

भक्ष् भिह्न कि विद्या किश्न, — हम् ए भी किहम ना, दाथ ?

রাথ কহিল—পাচ্ছি না ? এই দেথ—বলিয়া দৌড় দিয়া উহাদের ত্ইজনকে কাটিয়া বাহির হইয়া বহু দৃরে দাড়াইয়া হাঁপাইতে ও জিরাইতে লাগিল।

উহারা তিনজনে আসিয়া নৌকা ধরিল।

নোকায় চাপিয়া পঞ্ কুঞ্জকে কহিল – আমার কাছে বে যাচ্ছ কুঞ্জ, আমার ত' কিছু নেই –

কুঞ্চ কহিল, আর আমার আজ কি-ই বা আছে ? তোমার ছেঁডা কাপড় খানাই ত' আমার আজকের সম্বল।

পঞ্ মৃশ্ব হইরা কুঞ্চকে দেখিতে দেখিতে কহিল তবু আমার ভাকে তৃমি এলে ? কুঞ্জ কহিল, ভাকবার মতো ভাকলে কে না এসে থাকতে পারে, বল ? ভাকবার মতো ভাকতে কি আমি জানি ? জানতাম না ত'। হঠাৎ কি ভাবিয়া পঞ্চু কহিল, - ওদের কি হ'বে ?

--- হাতে গয়না আছে, রেল-ভাড়ার জন্ম ভাব্তে হ বে না। শহরে একবার গড়িয়ে পড়্লেই আর কি!

পঞ্ প্রশ্ন করিল,—আর তুমি ?

কুঞ্জ কিছু উত্তর দিতে না পারিয়া ছইটি পরিপূর্ণ উদার দৃষ্টি পঞ্চুর মূথের উপর মেলিয়া ধরিল।

রাথ নদীতে পা তুইটা ডুবাইয়া বিদয়া নদী দেখিতেছিল, কুঞ্জ সহসা তাহাকে বুকের কাছে টানিয়া নিয়া কহিল, তোমার নাম কি, থোকা ?

কুঞ্জর জন্মই রাথর শশা থাওয়া হয় নাই ভাবিয়া রাথ চটিয়া উত্তর দিল— স্মামার নাম নেই।

পঞ্চুর এলো ঘর আলো করিয়া কুঞ্জ আসিল।

ঘর থালি রাথিয়া যে-দিকে চোথ যায় উধাও হইয়া যাইবে, এ-কথা থানিক আগে যে কি করিয়া ভাবিতে পারিয়াছিল, ভাবিয়া পঞ্চ ভারি আশ্চর্য হইয়া গেল। কুঞ্চ যে-দিন থোয়া গিয়াছিল সে-দিনও পঞ্চ এতটা অভিভূত হয় নাই।

এখন, পঞ্চু খালি ভাবিতেছিল, ঘরটাকে মেরামত করিতে হইবে, ঘরামি লাগাইয়া দর্মার বেড়াগুলিকে টেঁকসই না করিলেই নয়। মাটিতে গুইলে কুঞ্জর নিশ্চয়ই অক্থ করিবে,—মাটিতে মাত্র বিছাইয়া শুইবার অভ্যাসও তাহার আর নাই,—একখানা তক্তপোষ চাই,—বিছানা, বালিশ,— পঞ্চু মৃনে মনে আরও অনেক দরকারি জিনিসের ফর্দ করিয়া ফেলিল। রাখ-র জন্ম একটা কুকুর যোগাড় করিতে হইবে।

কোথা হইতে পয়সা আসিবে সেই প্রশ্ন একবারও পঞ্চুর মনে মাথা চাড়া দিয়া উঠিল না, -নিজে যে একেবারে গরিব, ত্ইদিন যে উহার হাঁড়ি চড়ে নাই, এই সব কথা পৃষ্ণু নিমেবে ভূলিয়া যাইতে শিথিয়াছে। এত সব অত্যাবশুকায় কাজ ফেলিয়া উহার বিবাগী হওয়াটা যে কত বড় বোকামিই হইত,—এই কথা ভাবিয়া পঞ্ছ শিহরিয়া উঠিতেছিল। যাহারা বিবাগী হয়, ফিরাইয়া আনিবার মতো তেমন লোককে হারাইয়াছে বলিয়াই হয় ত' তাহারা আর ফিরে না, ভাসিয়া পড়ে।

পঞ্চুর অন্তরে আজ উৎসবের বাশি বাজিয়াছে। দামিনীকে হারাইয়া পঞ্ এই গাছটার তলায়ই একটু বসিয়া জিরাইয়া লইয়াছিল,— সেই গাছের দিকে চাহিয়া পঞ্র মনে হইল প্রত্যেকটি পাতা যেন অত্যম্ভ স্থলর ও স্থাই, ছায়াটি খ্ব ঠাণ্ডা, গাছের চূড়ায় বাসা বাঁধিয়া বাবুই পাথী তুইটা না জানি কতই স্থাথ আছে!

মেলা ভণ্ডুল হইয়া গেলেও লোকের মজা দেখা তথনও শেষ হয় নাই। তাই গ্রামের পথে তথনও বেশ ভিড় রহিয়াছে। পাছে লোকের বাজে ও সন্দিশ্ধ প্রশ্নের জবাব দিতে দিতে হায়বান্ হইতে হয়. সেই ভয়ে কুঞ্জ ও রাখর প্রায় দশ বার গজ পিছনে পঞ্চু হাঁটিতেছিল, এবং সামনে থাকিতে কুঞ্জর দিকে চাহিতে অপূর্ব কুণ্ঠা ও আনন্দের ভারে চোখ বারে বারে মইয়া পড়িতেছিল এখন দ্রে যাইতেই পঞ্চু হই চক্ষু তুলিয়া শুধু কুঞ্জকেই নয়, মাঠ, আকাশ,—সমস্ত কিছুই যেন তন্ন তন্ন করিয়া নিরীক্ষণ করিতে লাগিল। কিন্তু, সমস্ত আকম্মিক চেতনার মধ্যেই ল্ক্কায়িত একটি আঘাত থাকে বলিয়া হয় ত' পঞ্চু নিজেরও মনের মধ্যে কোথায় যেন একটি বেদনার সাড়া পাইতেছিল। মনে হইল, কুঞ্জ স্থথে নাই,—চট্টলতার কোশলে ও উহার ছঃথকে আড়াল করিতেছে,—উহার সমস্ত চলাটির মধ্যে যেন একটি পরিশ্রান্ত বেদনা মাথা।

বাড়ির কাছে আসিয়া ঘর-দোরের ছিরি দেখিয়া পঞ্চুর সমস্ত গা ছি-ছি করিয়া উঠিল। কি নোংরা আবর্জনার মধ্যে ও কুঞ্জকে লইয়া আসিয়াছে ! পঞ্চু হাসিয়া লক্ষা ঢাকিবার চেষ্টা করিয়া বলিল, দর-দোর ভারি বেহাল হ'য়ে আছে। তু'মিনিটে সব গুছিয়ে নিচ্ছি।

কৃঞ্জ বাধা দিয়া কহিল,—থাক, আমিই পারব।

পঞ্চু আশ্চর্য হইয়া বলিল-—তুমি ?

ছিল্ল ছোট্ট কাপড়টুকু দিয়া গাছকোমর বাঁধিয়া কুঞ্জ কহিল,—হাা, আমি। তোমার যদি লাগে ছু' মিনিট, আমার এক পলক। বলিয়াই দাওয়ার কোণ হইতে একটা ঝাঁটা তুলিয়া কাজে লাগিয়া গেল।

মৃথ চুণ করিয়া পঞ্চ কহিল, --তোমার যে ভারি কট হ'বে

कुछ फिक कविया शिमया विलल, - कष्टे ना कवरल कि जाव क्षेष्ट श्रात ?

ইহার কিছুক্ষণ পরেই কুঞ্জ ভূক তুলিয়া জিজ্ঞাসা করিল, পয়সা-টয়সা কিছু আছে ? ভারে ত' মা ভবানী ! নতুন ক'রে উত্তন পাততে হ'বে পর্যস্ত ।

পঞ্চু কথায় এনাবশুক জোর দিয়া কহিল,— না থাকে, জোগাড় করতে কতক্ষণ ?
কুঞ্জ কহিল—তাই জোগাড় কর গে। ছেলেটা গেল কোথায় ? সারাদিন ওর
পেটে একটা দানা পড়ে নি।

রাখ তথন সামনের একটা পেয়ারা গাছের মগ ভালে উঠিয়া ভাঁসা-কাঁচা নির্বিশেষে পেয়ারা চিবাইতেছে। পঞ্চু বাহির হইয়া পড়িল। জগু-নয়ানের মতো বেপরোয়া হইয়া সেই ভস্কুপের মধ্যে মাথা গলাইয়া দিলেই ভালো হইড, — ইত্যবসরে কুঞ্চ নিশ্চয়ই আর উড়িয়া ষাইত না। কিন্তু, কে জানে।

কোনো রকমে টাকার যোগাড় হইল। গণেশ পৈতৃত্তি দিনে টাকায় দশপয়সা স্থদে দশটাকা ধার দিয়া ফেলিল। নোটটা টাঁাকে গুঁজিয়া লইয়া পঞ্ ফের চন্দন-গঞ্জের দিকে ছুটিল।

ছুটিল সত্যসত্যই। থালি, মাঝে-মাঝে টাঁয়াকে হাত দিয়া দেখিতেছিল নোট্টা বাহাল-তবিয়েত আছে কি না। মাধার উপরে রৌস্ত তথন ফাটিয়া পড়িতেছে. হাওয়ায় গায়ে ছাাকা লাগিতেছে,— কিন্তু এ-সব দিকে ক্রক্ষেপ করিবার মতো সময় ত' পঞ্চুর নাই।

ঘূরিয়া-ঘূরিয়া পঞ্ অনেক বাজার করিল। এই ছোট নোটটা দিস্তা থানেকের মতো হইলে ও সমস্ত বাজারটাই মাথায় করিয়া কুঞ্জ-র পায়ের গোড়ায় পৌছাইয়া দিত হয় ত'। কিন্তু এই নোটটুকু ছোট হইলেও ঋণের আকারটা ভাবিয়া লইবার মতোও তাহার অবদর মিলিল না।

বাজ্ঞার হইতে গন্ধমাদন মাথায় করিয়া পঞ্ যথন বাড়ি ফিরিল, বেলা তখন গড়াইয়া গিরাছে। রাথ তখন দাওয়ায় পড়িয়া ঘুমাইতেছে, আর কুঞ্জ বেড়ায় পিঠ দিয়া সম্পুথের মাঠের দিকে স্থির উদাসীন দৃষ্টি মেলিয়া একেবারে প্রতিমার মতো ন্তক্ষ হইয়া বসিয়া আছে।

কিন্তু পঞ্র চেহারাটা চোখে পড়িতেই নিমেষের মধ্যে কুঞ্জ আগুনের মতো দপ্ কিয়া জ্ঞলিয়া উঠিল: তুমি কেমনতর লোক শুনি ? আমাদের ত্'টোকে তুমি জ্ঞনাহারে মার্বে নাকি।

পঞ্ ম্থ কাঁচুমাচ্ করিয়া বলিল,—ফের চন্দনগঞ্জে যেতে হয়েছিল; সব ত' আর এ-গাঁয়ে পাওয়া যায় না। তোমার এ গাঁ ছাড়ার পর থেকে ত' রাতারাতি আর সব কিছু শস্তা হ'য়ে যায় নি।

—তা জানি। বলিয়া কুঞ্জ দাড়াইলল। বলিল, - একটা কাপড় এনেছ ত' আমার জন্মে?

পঞ্ ভাড়াতাড়ি মাথার উপর হইতে চিৎ-করা তক্তপোষটা নামাইল,— তাহারই উপর জিনিসপত্র গাঁদি করা আছে। কৃষ্ণ কহিল —হঠাৎ এই তক্তপোষটা কিনলে . বে?

## —ভোমার জন্মে।

কুঞ্চ বিজ্ঞপ করিয়া কহিল —কেন আমি কি রাণী ভিক্টোরিয়া নাকি ?

—কে বল্লে, নও ?

গন্ধীর কুঞ্জ গন্ধীর হইয়া গেল, কিন্তু বেশিক্ষণ না। কি-একটা দেখিতে পাইয়া আন্তুল দেখাইয়া একটু নীচু হইয়া জিজ্ঞাসা করিল.—কি ওটা ?

— ছোট্ট একটা কুকুর-ছানা। মধ্তদেনের কাছ থেকে চেয়ে আন্লাম,—রাথ-র জন্তে।

কৃঞ্জ তাড়াতাড়ি হাত বাড়াইয়া কুকুরের বাচ্চাটাকে একেবারে বুকে তুলিয়া লইল। গায়ে হাত বুলাইতে-বুলাইতে কহিল, বাঃ, কি ফুল্মর মিট্মিট ক'রে চাইছে
—নাকের ডগাটা কি স্থন্দর তুলতুলে। সবে হয়েছে, না ?

কুকুরটাকে পাইয়া কুঞ্জ-র চোখে যেন ঘোর লাগিয়াছে।

পঞ্ একটা পুঁটুলি বাহির করিয়া অপূর্ব মেহের সঙ্গে কহিল—তোমার জন্তে এই কাপড়খানা এনেছি —নাও।

একখানা পাছা-পেড়ে ভূরে শাড়ি, চওড়া লাল পাড়, পাটের স্থতোয় বুটা তোলা। তাঁতি বাজারে অনেক ঘুরিয়া ঘুরিয়া বেশি টাকা ধার রাখিয়া ও এই শাড়িখানি যোগাড় করিয়াছে –শাঙিখানির প্রতিটি হতা ও যেন উহার স্থশীতল স্থেহরসে সিক্ত করিয়া দিয়াছে, শাড়িখানি উহার অপর্যাপ্ত মমতার মতোই কুঞ্জর সর্বাঙ্গ বেইন করিয়া থাকিবে।

কিন্ত শাদির চেহারা দেখিয়া কৃষ্ণ হাসিয়া একেবারে কৃটিকৃটি হইয়া গেল। সে হাসি বেমন চমকপ্রদ তেমনিই নিষ্ঠর। এ বেন বিদ্যুতের মতো সমস্ত আকাশ ঝলসাইয়া দিয়াই নিভে না, ছুরির মতো বুকটা এ-প্রাস্ত হইতে ও-প্রাস্ত বিদীর্ণ করিয়া দেয়।

একখানা সাদাসিধে কাপড় হইলেই কুঞ্জর চলিত—এ কথা যদি পঞ্চ আজ কোনোমতেই বিশাস না করিতে পারে, তাহা হইলে সভিাই কি তাহার কিছু অপরাধ আছে ? কুঞ্জর তৃটি হাতে ত' সেই আগেকার মোটা চুড়ি নাই ; ভায়মন-কাটা বালা—এমন কি বে চোখ সে আগে সরমের ভারে • অর্থভূট করিয়া রাখিত তাহা এখন পূর্ণচন্দ্রের মতো মদিরায়ত হইয়া উঠিয়াছে —কুঞ্চ যে হাসিয়া হাসিয়া এমন করিয়া হাপাইতে পারে, তাহাও কি পঞ্চ আগে জানিত ? উহার কি দোষ ?

তবুঁনে হ্বর মোলায়েম করিয়া কছিল—কিন্ত এ পরলে ভোমাকে সভ্যিই ভারি । মানাবে, কুঞ্চ।

কৃষ্ণ তথনো পাঁজরাটা চাপিয়া ধরিয়া হাসিতেছে; তাহারই এক ফাঁকে দম লইয়া মুথ ঝামটা দিয়া কহিল— দুর ঢ্যামনা! পঞ্চ অভিমান করিয়া কহিল — তবে দিয়ে দাও আমার শাড়ি। তোমার পরে' কাজ নেই।

হাসি বন্ধ করিয়া কুঞ্চ কহিল—তং দেখে আর বাঁচিনে। এই বুড়ো বয়সে এখনো এই তিন পেড়ে কাপড় পরে' বেহায়া সাজি ! মাগো !

পঞ্চর ইচ্ছা হইল খুব কড়া-কড়া কথা শুনাইয়া কুঞ্জর হাসির ঝাঁজটা একেবারে বিষের মতো তিক্ত করিয়া দেয়, কিন্তু চট করিয়া মৃথে কিছু জুয়াইল না বলিয়াই থালি কহিল—যাক, আমার শাড়ি পরে' তোমার আর কট করে' বেহায়াপনা করতে হ'বে না। ফিরিয়ে দাও, আমি ফের চন্দনগঞ্জে গিয়ে বদলে আনছি। একথানা আট-পোরে কন্তাপেড়ে শাভি হ'লেই ত' চলবে ? শুধু শুধু বেশি দাম দিয়ে তোমার হায়া কমিয়ে ত' কিছু লাভ নই! দাও। বলিয়া পঞ্চ হাত বাড়াইয়া দিল।

সেই হাতে কাপড়টা না ফেলিয়া কোলের কুকুর-ছানাটাকে ফেলিয়া দিয়া কুঞ্চ কিল—নাও। আর আদিখ্যেতা করতে হ'বে না। ঢের হয়েছে। ফের উনি চন্দনগঞ্জে যান, আর আমি ঘুমন্ত ছেলেটাকে পাশে নিয়ে ম্থ গুঁজে একা-একা বোবার মতো বসে' থাকি! কে বললে তোমাকে? চমৎকার হয়েছে, কেয়াবাৎ হয়েছে, জেরি গুড় হয়েছে। বলিয়া শাড়িটা লম্বালম্বি অবস্থায় নিজের কাঁধে ঝুলাইয়া, পরে লখালম্বি করিয়া আরবার কোমরেও বাঁধিয়া লইল।

কুঞ্জ আবার কহিল, — আমার হাসি পেলে হাস্বো না বৃঝি ? বা রে ! আমি তোমার মতো ম্থ ভার করতে জানি না, থই ফোটার মতো বকর্-বকর্ করতে ভালোবাসি। দেখো, এই শাড়ি পরে' কেমন সাজি, তোমাকে তাক লাগিয়ে দেব, গাঁয়ের যেই দেখুবে হাঁ হ'য়ে থাকবে।

নিমেবের মধ্যে পঞ্চর মৃথ উচ্জ্জল হইয়া উঠিল। স্লেহার্দ্র চক্ষ্ দিয়া শাড়িটিকে আগাগোড়া বেন ধুইয়া দিল।

জিনিসপত্রের মধ্য হইতে একটা ছোট ঠোঙা বাহির করিয়া পঞ্ কহিল,— তোমার জন্য চা এনেছি; তৃমি চা খেতে খ্ব ভালোবাস, – সে কথা আমি ভূলি নি।

কুঞ্জ নির্লিপ্তের মতো কহিল, চা ত' আমি থাই না। সে কবে ছেড়ে দিয়েছি।
---ছেড়ে দিয়েছ ? বল কি ?

—হাঁা, ও সব হাঙ্গাম করবার মতো সময় নেই বাপু! কে অতসব যোগাড়-বস্তুর করে? তা ছাড়া,—চা-এর রং একেবারে ফ্যাকাসে,— রংটা আরো একটু লাল হ'লে বরং—বলিয়া কুঞ্জ হাসিল।

কিন্তু পঞ্চর সমস্ত অন্তরাত্মা বলিয়া উঠিল : ছি ছি !

কুঞ্জ কহিল, - বলি, চা'ল ভা'ল কিছু এনেছ, না অষ্টরস্কা ! সেই কথন থেকে উত্তন পেতে, জল তুলে, শুকনো পাতা কুড়িয়ে সব ঠিকঠাক করে' বসে' আছি।

- —এনেছি বৈ কি দব, বা তোমার চাই।
- —ছাই এনেছ। বলিয়া কৃঞ্জ রাঁধিবার আবশ্যকীয় জিনিসপত্র লইয়া দাওয়ায় উন্তনের ধারে গিয়া বসিল।

পঞ্চু দেখিল, ইতিমধ্যে কুঞ্জ সবই যোগাড় করিয়া ফেলিয়াছে,—সমস্ত জায়গাটি পরিছন্ন, একেবারে তকতক করিতেছে। দেখিয়া-দেখিয়া পঞ্চুর চোথের পাতা ভিজিয়া উঠিল। কহিল, তুমি অত সব মেহনৎ করতে গেলে কেন? আমিই ত' পারতাম ---

—ছাই পারতে। বলিয়া ক্ঞ হাঁ ড়ির জলের মধ্যে চা'ল ছাড়িয়া দিতে লাগিল। পঞ্ কুর্রের ছানাটা নিপ্রিত রাথর বুকের কাছে পরম স্লেহে নামাইয়া রাথিয়া. একলাই তরুপোষটা লইয়া ঘরে ঢুকিল। উত্তরের জানালার ধারে তরুপোষটা আড় করিয়া পাতিয়া একবার দেখিয়া লইল সমস্ত ঘরটির সঙ্গে ইছা ঠিক মানানসই হইল কিনা। বেশ হইয়াছে. উত্তরের জানালাটা খুলিলেই শেতটগরের গাছটা; একেবারে বেড়ার গা ঘেঁ দিয়া উঠিয়াছে. তাহার একটি কাঙাল কাহিল ভাল জানালা দিয়া গলাইয়া যেন হাতছানি দিয়া ভাকিতেছে। তুইটি তুর্বল ফুল ফুটিয়াছে, —ভারি ভীক্ষণ শুইয়া শুইয়া কুঞ্জ ইচ্ছা করিলে দেবদাক গাছের আগায় চাঁদও দেখিতে পারিবে।

সন্ধ্যা হয় হয়। আকাশে তারারা ফুটি ফুটি করিতেছে। তুইটি হাতে অঞ্জ্ঞ আদর চালিয়া পঞ্ কুঞ্জর বিছানা পাতিল,—রাথকেও এইথানেই শুইতে হইবে। পঞ্ একটি পিদিম্ জালাইয়া দের্থোতে বসাইয়া বিছানার শিয়রের কাছে রাখিয়া দিল। ছেঁ দা ওয়া দ-হীন বালিশটার ধারে তুইটি শ্বেভটগরের কুঁড়িও রাখিতে ভূলিল না।

রাথকে পাঁজাকোলে করিয়া ঘরে নিয়া বিছানাটার একধারে শোয়াইয়া দিবে বলিয়া পঞ্ছ দাওয়ায় আসিল। আসিয়াই একেবারে চক্ছ ছির। কৃঞ্জ কথন্ যে রাধিবার ফাঁকে তাহার পরনের ছেঁড়া কাপড়টি বল্লাইয়া পঞ্চর-দেওয়া লাল-পাড় ড্রে শাড়িথানি পরিয়াছে, পঞ্ছ মোটেই টের পায় নাই। ইহারই মধ্যে প্রানো কাপড়টার পাড় ছিঁড়িয়া ফিতা করিয়া খোঁপাও বাঁধিয়া লইয়াছে,—কলাপাতায় তেল মাথিয়া আগুনে ধরিয়া কাজল বানাইয়া চোখের ধারে রেখা টানিয়াছে। মরি মরি,—পঞ্ছ তাহার চোখের দৃষ্টি স্থকোমল করিয়া স্থনিবিড় মমতায় চাহিয়া রহিল। ক্ঞাকে যেন উড়াইয়া নিতেছে।

কুঞ্জ পঞ্চুর কাছে আগাইয়া আসিয়া কহিল,—সিঁত্রের কোটো আছে ?
—সিঁত্রের কোটো ?—পঞ্চু আকাশ হইতে পঞ্চিল।

ক্তাকামি করিয়া কৃষ্ণ কহিল,—হাঁা গো হাঁা,—সিঁছুরেই কোটো ! থাকলে দাও না, সিঁথেয় পরি।

ভ্যাবাচাকা হইয়া পঞ্চু বলিল, —সিঁত্র আমি কোথায় পাব ? আমি কি সিঁত্রের বেসাতি করি ?

মৃথ গন্তীর করিয়া কুঞ্চ বলিল,—তাও ত' বটে, তোমার ঘরে ত' আর লন্দ্রী' নেই আন্তাকুঁড় থেকে কুড়িয়ে এনেছ একটা—

পঞ্চর চোথের দিকে চাহিয়া কুঞ্জ থামিয়া গেল। বলিল, রোজ এমনি সদ্ধেবেলা আমার বিয়ের লয় আসে কি না,—তাই অভ্যেস হ'য়ে গেছে। আজই বা তার নড়চড় হ'বে কেন ? বলি,— বিকেলে তোমাদের গাঁয়ে শাঁথ বাজে না ?— বলিয়া কুঞ্জ মুখ টিপিয়া হাসিল।

শহরে থাকিয়া-থাকিয়া কুঞ্জ অনেক কথা শিথিয়াছে,— কিন্তু কথাগুলির উচ্চারণের মধ্যে বে কি অপূর্ব মাদকতা আছে পঞ্ তাহা সমস্ত দেহমন দিয়াউপলব্ধি করিল। প্রথমে কোনো কথাই কহিতে পারিল না,—কিন্তু কথা বলিতে যাইয়াই টের পাইল চোথের পাতা ভিজিয়া উঠিয়াছে! ঐ অর্ধচক্রাকার স্থচাক ললাটে বে-স্থানর সিন্দুরবিন্দুটি শোভা পাইত, তাহা ত' পঞ্চুই মুছিয়া লইয়াছিল।

কুঞ্চ এক গাল হাসিয়া কহিল — ষাই বল ভাই কপালে সিঁত্র নিয়েই ত' বেরিয়ে গেছলাম, আমার এয়োভির চিহ্ন আমি জলাঞ্চলি দেব কেন ? থাকুন তিনি স্থান।

বলিতে বলিতে হঠাৎ কুঞ্জর স্বর যেন ভারি হইয়া চক্তৃ তুইটি ক্ষণকালের জন্ম । স্থিমিত হইয়া আসিল।

ক্ষেন উথলাইয়া পড়িতেছিল, হাতা দিয়া ভাতগুলিকে বার কতক ঘাঁটিয়া তেমনি আহলাদের স্বরে কহিল,— তোমাদের গাঁয়ে এমনি আর আছে ?

পঞ্চু কহিল,—এখানে নেই, তবে মিহিরকান্দিতে আছে দর কয়েক।

— মিহিরকান্দি? মিহিরকান্দি? দাঁড়াও, আমি চিনি সে-জারগা। সেখানে যাওয়া যায় পঞ্-দা?

পঞ্ কোন কথা কহিল না। কুঞ্জ আপন মনেই কহিল,—এই পোড়াম্থ আর কাকেই বা দেখাব ? যাবার জায়গাই বা কোথায় ?

- কিন্তু তোমার থাকবার জায়গার কি সত্যি**ই অভাব হ**য়েছে, কুঞ্চ ?
- —অভাব হয় নি, না ? রাঁধতে-রাঁধতে দেখছিলাম গাবগাছের আগায়

কালো-কালো বাছড় ঝুলছে,— দেখতে থুব ভালো লাগছিল। কত কথাই মনে পড়ছিল যে—

হঠাৎ পঞ্ প্রশ্ন করিল,—মিহিরকান্দি বুঝি খুব মিষ্টি, না ?

কথার হুঁরে কুঞ্চ প্রথমে একটু ঘাবড়াইয়া গিয়াছিল, সামলাইয়া লইয়া কহিল,— ছাই! মিষ্টি না হাতী? মিষ্টি হ'লে বৃঝি সেই গাঁ ছেড়ে কেউ শহরে গিয়ে ঘর বাবে ? বলিহারী বৃদ্ধি ভোমার! আর এই ঘরটা তেতো বলে'ই ত' সেবে এখানে হাঁড়ি ঠেলছি! বেশ!

- —তবে সেখানে ষেতে চেয়েছিলে কেন!
- —ও হরি ! ঘটে তোমার এতটুকু বৃদ্ধিও নেই ? সেইখানে যে আমার কুস্মি থাকে, বাবুর সঙ্গে শহর থেকে গাঁরে বেলে-হাঁস শিকার করতে এসেছে — সে যে আমার সই । পৃথিবীর কোন থবর রাখ না,— সাধে কি আর অজ-পাঁড়াগেঁরে বলে ? রামকেষ্ট !

পঞ্ হঠাৎ গন্তীর হইয়া কহিল,— দেখানে তোমার ধাওয়া হ'বে না।

কুঞ্জ-ও মূথ গন্তীর করিয়া বলিল,—কে যেতে চায় সেখানে? বেশ ত',— তোমার হুকুম তালিম করতেই ত' আমি এখানে এসেছি!

कुक म्थ फित्रारेशा तान्नाग्र मत्नानित्वन कतिन।

রাখ ও পঞ্চকে খাওয়াইয়া নিজে কিছু খাইয়া বা না খাইয়া কুঞ্চ বখন উঠিল রাত তথন অনেকটা। রাখ কুকুর-ছানাটাকে লইয়াই তজ্ঞপোষের উপর একধারে গিয়া শুইয়া পড়িল। নৃতন পারিপাধিক অবস্থার মধ্যে পড়িয়া রাখ-র কাছে সমস্ত কিছুই খ্ব আক্র্রজনক মনে হইতেছিল। বাড়ি ফিরিয়া ঘাইবার তাড়া নাই, ঠাগুা মাটির বারান্দায় শুইতে হইল না, কেমন পেট ভরিয়া ভাত খাইল—রাখ-র বিশ্বয়ের আর অবধি ছিল না। পরিচিত গৃহকোণের জন্ম উহার এতটুকুও বেদনা-বোধ নাই। এই ভাল! এই ছোট একরত্তি কুকুর-ছানাটাকে উহার বড় করিতে হইবে, সম্থের ছই পা তুলিয়া দাঁড়াইতে বলিলে দাঁড়াইবে, ধ্লায় গড়াগড়ি দিতে বলিলেও আপত্তি করিবে না। ভাবিতে-ভাবিতে রাথ ঘুমাইয়া পড়িল।

কৃষ্ণ দরজায় হাত রাখিয়া কহিল,—ভেজিয়ে দেব নাকি ?
পঞ্ কৃষ্ণ-র প্রদারিত বাহু তুইটির পানে তাকাইয়া কহিল,—দাও।
হাসিয়া কৃষ্ণ বলিল,—তুমি কোথায় শোবে ?
—রোজ রাত্রে দেখানে শুই,—এই দাওয়ায়।

কুঞ্জ থিলখিল করিয়া হাসিয়া কহিল.—আর, ঘরের মধ্যে বৃঝি ইছর আর আরম্বার ফুলশ্যা ? একবার শহরে গিয়ে বৃদ্ধিটায় কিছু পালিশ দিয়ে এস গে। অচিন্তা/২/৬

কণ্ঠন্বরে অপূর্ব ম্নেছ ঢালিয়া পঞ্চু কহিল, - তুমি একদিন এই ঘরে আসবে সেই আশায় আমার ঘরের দরজা খোলা রেখেছিলাম, কুঞ্চ ---

— স্থার দেই দরজাই বৃঝি স্থামি এসে তোমার মুখের ওপর বন্ধ ক'রে দেব ? তোমার মাতৃরটা নিয়ে ভেতরে চলে' এস শিগ্গির। স্থামার ভারি ঘুম পাচ্ছে। পঞ্চু তবু নড়িল না।

কুঞ্জ অভিমান করিয়া কহিল.—আমাকে তোমার এতই ঘেলা ? তবে আমার হাতে ভাত থেলে কেন ?

পঞ্চু হাসিয়া কহিল,—ঠিক তার উন্টো, কুঞ্চ। তুমি যাও. শোও গে, ঘুমে তোমার চোথের পাতা ঢুলছে। দেরি কোরো না।

कुक पत्रका तक ना कतियार निःगत्म विद्यानाय नुरोहेया পড़िन।

পঞ্চু হাঁকিয়া কহিল,—দরজাটা বন্ধ ক'রে দাও। আমি বুঝি রাত জেগে-জেগে দাওয়ায় বদে' তোমাকে পাহারা দেব ? আমার চোথে বুঝি ঘুম নেই ?

ভিতর হইতে কুঞ্জ-র কোন সাড়া পাওয়া গেল না। পঞ্চুর মনে হইল কুঞ্জ নিশ্চরই অভিমানে মৃথখানি মানতর করিয়া চক্ষু বৃজিয়া একান্ত ছুঃখীর মত শুইয়া আছে; একবার ইচ্ছা হইল, কুঞ্জ-র কপালের কাছের চূলগুলি একটু আদর করিয়া স্পর্শ করে, আদর ঢালিয়া উহাকে ছুইটি কথা কয়। কিন্তু পঞ্চু মাটির দেওয়ালে পিঠ দিয়া তেমনি বসিয়াই রহিল।

পঞ্চু ষেন তৃথ্যির রসে একেবারে নাহিয়া উঠিয়াছে। কে ভাবিয়াছিল, পলাতকা কৃষ্ণ আবার একদিন ভীক্ষ বনকপোতীর মত তাহারই ভগ্ন নীড়ে ফিরিয়া আসিবে! — পঞ্চর চক্ষ্ রাত্রির আকাশের মত কোমল ও আর্দ্র হইয়া উঠিল। অনেক রাতে কৃষ্ণপক্ষের বিবর্ণ শীর্ণ চাঁদ দেখা দিল, তাহারই আবছা আলো যেন সম্প্রেহ সান্ধনার মত দাওয়ায় ল্টাইয়া পড়িয়াছে। চাহিয়া-চাহিয়া পঞ্চর চোথ জুড়াইল। সমস্তটি দাওয়া একেবারে তক্তক্ করিতেছে. —কৃঞ্জ-র কল্যাণহস্তের সেবায় কোথাও আর এতটুকৃও খুঁত নাই; উঠান হইতে শুক্ষ করিয়া সমস্ত কিছুই যেন শ্রীমন্ত ইইয়া উঠিয়াছে। পাওয়ার চন্দ্রালোকে নারিকেল গাছের পাতাগুলি শির-শির করিয়া কাপিতেছিল, —তাহারই দিকে চাহিয়া পঞ্চ শুক্ষ হইয়া বিসিয়া রহিল।

আজ সমস্ত দিনটা আগাগোড়া কি ভাবে বে কাটিয়া গেল পঞ্ছ ভাবিয়া থৈ পাইতেছিল না। দামিনী গলায় দড়ি বাঁধিয়া বুলিতে না ঝুলিতেই এ কোথা হইতে আসিয়া পেলব বাছলভা দিয়া উহাকে বেড়িয়া ধরিল। থলি উজাড় করিয়া দিয়া আসিয়া হাটের মাঝে ধূলার নীচে কী মণি মিলিল আজ। জগতে এ কথা কে কবে ভাবিতে পারিয়াছে ? দামিনী যদি আজ বাঁচিয়া থাকিত, তবে পঞ্ছুটিয়া

গিয়া সবারই আগে উহাকেই এই শুভসংবাদ চেঁচাইয়া শুনাইয়া আসিত। দামিনীকে মনে-মনে গালি দিয়াছিল বলিয়া পঞ্ ভারি ক্লেশ বোধ করিতে লাগিল, মনে-মনেই সেই গালিগুলি ফিরাইয়া লইয়া নিজেকে জথম করিল। কিন্তু দামিনী এত বড় ভূল করিতে গেল, কেন ? দামিনীকে পঞ্চাহিয়াছে বটে, কিন্তু ভালবাসিতে ত' চাহে নাই। তুইটা জলজ্যান্ত চক্ষ্ থাকিতে মাহুবে এমন ভূলও কথনো করে!

হঠাৎ পঞ্চর মনে হইল কে যেন নারিকেল গাছটার নীচে আসিয়া দাঁড়াইয়াছে। ঠাহর করিয়া দেখিল, দামিনী। যেন উহার দিকে কোতৃকপূর্ণ দৃষ্টি মেলিয়া নিষ্ঠর উপহাস করিতেছে, যেন আঙুল নাড়িয়া উহাকে কি শাসাইতেছে, যেন ও ইহার মর্মান্তিক প্রতিশোধ নিবে। পঞ্চর ভারি ভয় করিতে লাগিল। পরক্ষণে চক্ষ্ ত্ইটা ভালো করিয়া কচলাইয়া লইয়া দেখিল, — না, কেহ নয়; রাতের বাতাসে ধীরে-ধীরে একটা কলাগাছের পাতা নাড়িতেছে।

কুঞ্জ হয় ত' এতক্ষণে ঘুমাইয়া পড়িয়াছে.—কিন্তু খোলা দরজাটা দিয়া মৃথ বাড়াইয়া একবার দেখিয়া লইবারও উহার সাধ হইল না। উহার মনে আর যেন এতটুকু উরেগ এতটুকু ফেনিলতা নাই। সম্প্র থেমন ছই তীরের বন্ধনের মধ্যে পরিপূর্ণ ও স্থগভার. তেমনিই পঞ্চুর হৃদয়ের মধ্যে কোথা হইতে যেন একটি প্রশান্তিপূর্ণ সংযম আসিয়াছে। কুঞ্জ-র আবির্ভাবে পঞ্চুর ক্লিপ্ট মন যেন মৃত্বুর্তের মধ্যে একেবারে পবিত্র পরিচ্ছন্ন হইয়া উঠিয়াছে.—উহার দেহে নৃতন শক্তি আসিয়াছে। মনে স্কোমল প্রসন্ধতা, অপর্যাপ্ত সৌলর্ষ ও আশা,—কিন্তু হৃদয়ের কোন আনাচে এতটুকু লোভও উকি মারে নাই। কুঞ্জ-র আসিবার দিন যেন পঞ্চুর মৃক্তি-সানের দিন।

মনে মনে পঞ্চু আরো কত কাজ গুছাইয়া লইতে লাগিল,—এখানেই কিছু
একটা ক্লাজকর্মের যোগাড় করিয়া লইয়া কিছু পয়দা জমাইয়া ও কুঞ্জকে শহরে
লইয়া যাইবে। শহরের কথা ভাবিতে পঞ্চুর গা আনন্দে শিহরিয়া উঠিল, ও মেন
চক্ মেলিয়া সম্পূর্ণ করিয়া দমগ্র ছবিটাকে দেখিয়া লইতে পারিতেছে না। শহরে
গিয়া ও ছোট একথানি একতলা বাড়ি কম দামে ভাড়া লইবে। এ গ্রাম হইতেই ত'
কত লোক কল-কারখানায় গিয়া মাধা গুঁজিয়াছে,— মূথে ভাত গুঁজিবার সঙ্গতির
অভাব পঞ্চুর সেখানে কখনই হইবে না। সেই শহরে কম ভাড়ার একতলা
বাড়িটির একটি ছবি মনে-মনে আঁকিয়া-আঁকিয়া পঞ্চু মৃদ্ধ হইয়া গেল। ঝুল-মাথা
রান্ধাহরটিতে ভোরের রোক্ত আদিয়া পড়িয়াছে, কুঞ্জ বঁটির উপর বিদিয়া তরকারি
কুটিতেছে, পঞ্চু দ্বে বিদিয়া অল্প-অল্প ঠাট্টা-মদ্করা করিতেছে আর হাদিয়া
কৃষ্ণ কুটিকুটি হইয়া ফাটিয়া পড়িতেছে। আজ সন্ধ্যায় তরকারি কুটিবার সময়

কুঞ্চকে যে কত স্থন্দর দেখাইতেছিল, তাহা পঞ্ছাড়া পৃথিবীতে চোখ ভরিয়া আরু কে দেখিল!

যাত্রাদলের পোষাকের ট্রান্কটা কাঁথে করিয়া পঞ্চু গাঁরে-গাঁরে আর ঘুরিয়া বেড়াইতে পারিবে না। ও এখন জুড়াইতে চায়। বেদের মত ঘুরিয়া-ঘুরিয়া ও একেবারে ক্লান্ত হইয়া পড়িয়াছে। এখন একটু ঘুমাইতে পারিলে ও বাঁচে। আর কিছু নয়,—কুঞ্জ যদি দ্রে দাঁড়াইয়া উহার আঁচল দিয়া একটু হাওয়া করে তাহা হইলেই যথেষ্ট।

পশু দেয়ালে পিঠ দিয়া তেমনিই বসিয়া রহিল। ও আজ সমস্ত রাত জাগিয়া কুঞ্জকে রক্ষা করিবে। কুঞ্জ ঘরের ভিতর শুইয়া আছে,—এত বড় সোভাগ্য এর আগে কাহারও ঘটিয়াছে বলিয়া পশু শোনে নাই।

ঘরের ভিতর তব্রুপোষের উপর শুইয়া কুঞ্জ-রও ঘুম আসিতেছিল না। বালিশে চিবুক রাখিয়া উবু হইয়া শুইয়া দেই তথন হইতেই উত্তরের থোলা জানলাটা দিয়া বাহিরের দিকে চাহিয়া রহিয়াছে। থালি মাঠ আর মাঠ মলিন জ্যোৎস্লায় ঝিম্ঝিম্ করিতেছে, — কোথাও এতটুকু সাড়া নাই। নিজের নিখাসের শব্দ শুনিতে শুনিতেই উহার নিখাস ভয়ে বন্ধ হইয়া আসিতেছিল। চুপ করিয়া পড়িয়া থাকিতে থাকিতে উহার থালি মনে হইতেছিল কে যেন উহার কানের কাছে ম্থ আনিয়া উহাকে মৃত্কঠে ডাকিতেছে! না, কেহ না, পাশে রাথ অঘোরে ঘুমাইয়া! উহার ঘুমস্ত ম্থখানা কি স্কলব! কুঞ্জ আদর করিয়া উহার কপালের চুলগুলি ধীরে ধীরে মাথায় তুলিয়া দিতে লাচিল।

মাঠের মধ্য দিয়া গ্রামের পায়ে-চলা বালির রাস্তা,— আঁকিয়া-বাঁকিয়া কত দ্র বে চলিয়া গিয়াছে, কিছুরই ঠিকানা নাই। কুঞ্চ বারে বারে চক্ষু মেলিয়া ব্যাকুল বেণুস্বরের মত সেই উধাও পথটি অমুসরণ করিতে গিয়া বারে বারেই চোখ বুজিল। পথটি যেন পরিপ্রান্ত হইয়া দিগস্তশেষের অন্ধকারে গিয়া আপ্রায় লইয়াছে। ঐ পথ দিয়াই হয় ও' মিহিরকান্দি যাওয়া যায়। এই পথ ধরিয়া এথন হাঁটিতে স্ক্রুকরিলে হয় ত' ভাের হইবার আগেই সেই পিটালি গাছটার পাশে সেই পরিচিত উঠানটিতে গিয়া ও দাঁড়াইতে পারিবে। এখন না জানি তিনি কি করিতেছেন! নিশ্চমই ঘুমাইয়া আছেন। পাশে তাহার রাঙা শাড়িপরা টুক্টুকে বৌ, লজ্জায় বিছানার সঙ্গে যেন একেবারে লেপ টাইয়া রহিয়াছে, — কুঞ্চ নিজে ষেমন আগে লক্ষায় হাঁটুর মধ্যে মৃথ লুকাইয়া হািদ লুকাইত। সেই মেয়েটির ফ্লো-ফ্লো ট্যাপা ট্যাপা গালে নিকুঞ্জ হয় ত' তেমনি করিয়া চুম্ থায়, মেয়েটি তেমনিই হয় ত' একেবারে সরমে মরিয়া যায়। হয় ত' সেই মেয়েটির কোল ঘেঁষিয়া একটি

টুকটুকে ছেলে, কচি কচি ত্ন'টি মৃঠি তুলিয়া থেলা করে,—কুঞ্জ আর ভাবিতে পারে না, মাঠের দিক হইতে চোথ ফিরাইয়া রাথ-র মৃত্রিত পদ্মের মত স্থন্দর মৃথথানার উপর রাথে!

জীবনের বাকি রাতগুলির মধ্যে একটা রাত উহার এমন করিয়া কাটিবে কুঞ্চ তাহা কোনোদিনই ভাবে নাই। সর্বস্ব থোয়াইয়া পঞ্চ পিছু-পিছু উহাকে স্থ করিয়া এই পোড়ারম্থ পাড়াগাঁয়ে আসিয়া রাত কাটাইতে হইবে, শহর ছাড়িবার সময় কুঞ্চ কি তাহা অন্থমান করিতে পারিয়াছিল ? অথচ সেই অগ্লিদম্ব প্রান্তরের পারে প্রফুল্লম্থে পঞ্চ্ যথন কাছে আসিয়া দাঁড়াইল. তথন কী অভাবনীয় আনন্দের সম্ভাবনায় কুঞ্চ-র আপাদমন্তক রোমাঞ্চিত হইয়া উঠিল! নিমেযের মধ্যে কুঞ্চ-র মনে হইল, নিকুঞ্চ মেন উহাকে ডাকিয়া নিবার জন্ত নিজে সাধিয়া লোক পাঠাইয়া দিয়াছে। তাই পঞ্চ্ যথন বলিল: চল,—তথন কুঞ্চ এমন ভাবে উহার সঙ্গ লইল মেন এতকাল ও ইহারই জন্ত প্রতীক্ষা করিতেছিল। বাড়িউলি ও সহমাত্রিণীদের বিশ্বয়ের শেষ ছিল না,—কিন্তু নতুন একটা বাবু পাক্ড়াইয়াছে - এমনি একটা বিকৃত অর্থ ইঙ্গিতে উহাদের বুঝাইয়া দিয়া অন্তরে কী ব্যপ্রতা নিয়াই পঞ্চ্ব ডাকে পা বাড়াইয়া দিল! চুপি-চুপি একবার নিকুঞ্জকে দেখিয়া লইতে উহার ভারি সাধ গিয়াছে।

মনে-মনে কুঞ্জ-ও ছবি আঁকিতে পারে। যেন এই ভার হইল, বোটি গোবরছড়া দিয়া ভিটে-মাটি লেপিয়া পাতা জালাইয়া নিকুঞ্জের জন্য চা তৈরি করিতে বিলিল। নিকুঞ্জ তেমনই মিথ্যামিথ্যি গলার মধ্য দিয়া কাটারি চালাইয়া দিয়া হয় ত' বোটির কাছে আসিয়া দাঁড়াইল; বোটি এতদিনে ছল ধরিয়া ফেলিয়াছে বলিয়া আর ভয় পাইল না, বাটি করিয়া চা ধরিয়া দিল। সেই কলাইকরা কোণ-ভাঙা বাটিটি কি এখনো বাঁচিয়া আছে? চা থাইয়া বোটির গাল তুইটা টিপিয়া দিয়া নিকুঞ্জ এই বাহির হইয়া গেল, – নিকুঞ্জর চলাটিও ও ভোলে নাই। বোটি যখন চলে তথন উহার কছই তু'টিতে কুঞ্জর মত তেমনি ছোট-ছোট তু'টি টোল পড়ে কি না কে জানে! – লাউয়ের মাচায় লাউ ঝুলিয়া রহিয়াছে, বড় বড় মোলায়েম পাতাগুলিতে শিশির পড়িয়াছে, ডগাগুলি রোগা আঙুলের মত যেন নড়িয়া-নড়িয়া ভাকিতেছে, – কুঞ্জ সমস্ত মনে করিতে পারে।

শেষ রাত্রে পঞ্চু বোধ করি ঘুমাইয়া পড়িয়াছিল,—ধড়্মড়াইয়া জাগিয়াউঠিতেই দেখিল চারিদিক বেশ ফর্সা হইয়া আসিতেছে। চট্ করিয়া উহার সমস্ত কথা বিদ্যাৎক্রনের মতই মনে পড়িয়া গেল। কুঞ্জ,—কুঞ্জ,—সমস্ত হৃদয় বেন কথা

কহিয়া উঠিয়াছে। কিন্তু ঘরে গিয়া দেখিল, কুঞ্চ নাই,—তক্তপোষের এক পাশে পড়িয়া রাথ তথনো ঘুমাইতেছে শুধু।

মুহূর্তমধ্যে সমস্ত কিছুই যেন ওলোট্পালোট হইয়া যাইতেছিল, কিন্তু বাহিরের মাঠের কাছে নারিকেলতলায় কুঞ্জকে দেখিতে পাইয়া পঞ্ আশস্ত হইল। কুঞ্জ চিত্রার্পিতের মত সন্মুখের বিস্তীর্ণ মাঠের মুখোমুখি দাঁড়াইয়া আছে। পঞ্ছটিয়া আসিয়া কহিল,— কথন তোমার ঘুম ভাঙ্ল ? আমি ত' একট্ও টের পাইনি।

চোখে হাসি ভরিয়া কুঞ্জ বলিল,— ভারি পাহারা দেওয়া হচ্ছিল। যদি চোর এসে দরজা খোলা পেয়ে নিয়ে যেত চুরি করে' ? আমি কিন্তু টুঁ শব্দও করতাম না। পঞ্চু কহিল – নিতে পারলে ত' ?

কুঞ্জ তেমনি হাসিয়া উত্তর করিল, -- হাা, আমি যেন সেই চোরের আশায়ই বসে' থাকি! খাঁচার দরজা খোলা পেলেই পাখী পালায়।

পঞ্চু বলিল, – আমার পাথী ছাড়া পেলেও আবার উডে' এসে জুড়ে' বসে।

- इम ? क्षाँठ कुँठ कारेश कुङ करिन।
- —ইস্ না টিস্ ! পঞ্চ ঠাট্টা করিতে গিয়া হাসিয়া ফেলিল।

হঠাৎ কুঞ্জ উচ্ছুদিত হইয়া কহিল,— কি স্থন্দর এই ভোরবেলাটা, - ভারি চমৎকার! হাওয়া না পেয়ে শহরে প্রাণ আইটাই করছিল,— থালি ধেঁায়া আর ধুলো! এখানে এসে বাঁচলাম। খুব স্থন্দর, না?

পঞ্চ সর্বান্তঃকরণে বলিল,—স্থন্দর !

গ্রামে এত সৌন্দর্য ছিল কোনো দিন পঞ্চুর চোথে পড়ে নাই, কিন্তু কুঞ্চ-র কথায় সায় দিয়া ও সমস্ত দেহ-মন দিয়া যেন এই সৌন্দর্যটি অফুভব করিল।

কুঞ্জ বলিল,-- এই পথটা অনেকদূর চলে' গিয়েছে, না ? কি স্থন্দর সরু রাস্তা; থোকা-থোকা অশোকফুল ফুটেছে বুঝি!

পঞ্চু কহিল, -- মিহিরকান্দি ছাড়িয়ে তেলগোলা পেরিয়েই খাল

- —মিহিরকানি ছাড়িয়ে ? বল কি ? সে ত' বছদূর, না ?
- —না, এমন আর দূর কি! মাইল পাঁচেকের বেশি নয়।

মাইল পাঁচেক! সে না জানি ক' কদম হাঁটিলে তবে পৌছুনো যায়। কুঞ্জ-র একবার তাঁহাকে দেখিতে ইচ্ছা করে,—একবার তথু তাঁহাকে দ্র হইতে প্রণাম করিয়া আদিবে।

পঞ্ছ কহিল,— চল না, এই রাস্তা ধরে' থানিকটা হেঁটে আসি। এথনো কারু ঘুম ভাঙে নি।

कुक थूमि श्हेशां कशिन,--- हन।

## পরে রাম্ভায় পা দিয়াই বলিয়া উঠিল,—কি স্থন্দর রাম্ভা !

মিহিরকান্দির রাস্তাটি যেন কুঞ্জ-র চোখে: লাগিয়া রহিয়াছে। কাজে-অকাজে সব সময়ই উঠানে নামিয়া আসিয়া পথশেষের দিগন্তরেখা পর্যন্ত চোখ বুলাইয়া লয়, শিশিরসিক্ত প্রভাতবেলাটিরই মত মুখখানি নম্র, কোমল হইয়া আসে।

কুঞ্জ উন্থনের কাছে বিসিয়া চা বানায়, পঞ্চু ঝাঁকা হইতে কুম্ডোফুল ছিঁ ড়িয়া আনে। হাসিতে-হাসিতে কাছে আসিয়া বসে, বলে, তোমার থোঁপাটা এগিয়ে আন, কুঞ্জ, একটি ফুল গুঁজে' দিই।

কুঞ্জ তেমনি লজ্জার ভান করিয়া তৃই হাঁটুর মধ্যে মূখ ঢাকিয়া হাসিতে চেষ্টা করে, সেই ফাঁকে পঞ্ছ দড়ি-বাঁধা খোঁপার ফাঁকে ফুল গুঁ জিয়া দেয়।

কুঞ্জ বলে,—তুমি ভারি হুষ্টু হ'য়ে উঠেছ—
পঞ্চ বলে,— আর তুমি মিষ্টি —
বলিয়াই ছভা কাটে:

চিষ্টি মিঠা, মিষ্টি চুমা মিষ্টি তোমার চা, আর মিষ্টি তোমার হাতের আঙ্ল, মিষ্টি দ্ব'টি পা।

কুঞ্জ থিল্থিল্ করিয়া হাসিয়া উঠিয়াই পঞ্চুর বাহুতে একটা চিম্টি কাটিয়া দেয়; বলে,— থাও মিষ্টি।

চা খাইতে-খাইতে পঞ্ছ ফট করিয়া বলিয়া বলে,—আগু-পিছু ছুইই হ'ল, মাঝেরটা আর বাকি থাকে কেন ?

বাকি থাকে বটে, কিন্তু গরম গ্লাশটার কিনারা ছুঁইবার জন্ম কুঞ্জ যখন তার ভীক্ষ ভঙ্গুর ঠোঁট ত্'টি প্রায় ছুঁচলো করিয়া আনে, পঞ্চু তাহাই তাকাইয়া দেখে। কুঞ্জ চোথ ত্'টি একটু নীচু করিতে করিতে কথা-ভরা আভা লইয়া আচন্ধিতে একবার পঞ্চুর দিকে তাকাইয়া ফেলে।

হঠাৎ কাঁচের প্লাশটা মুখ হইতে নামাইয়া লইয়া কুঞ্চ হাসিয়া উঠে; ঐ দেখ; রাথ-র কাগু।

রাথ উঠানে তথন সার্কাস দেথাইতেছে,—আশে-পাশের ছেলেমেয়েরা আসিয়া ভিড় পাকাইয়াছে। রাথ-র নবলন কুকুরটা চিৎ হইয়া শুইয়া, তাহার বুকের উপর পাতলা একটা তক্তা, এবং তাহারই উপরে চারি পা রাথিয়া ও-পাড়ার মিনি বিড়ালটা দাঁড়াইয়া যেন একেবারে ঘাবড়াইয়া গেছে। এই মিনিকে পাক্ড়াইয়া বশে আনিবার জন্ম কাল সমস্ত দিন ধরিয়া রাথকে কম মেহনৎ করিতে হয় নাই। পিঁড়ি ছুঁড়িয়া উহার পিছনের পা ভাঙিয়া দিয়া পরে গলায় দড়ির গেরো দিয়া তবে উহাকে কাবু করিতে হইয়াছে।

কিন্তু সমস্ত ব্যাপারটার পিছনে রাখ-র মহৎ উদ্দেশ্ত ছিল। উহার নিজের নাহয় বন্ধু জুটাইতে বেগ পাইতে হইবে না—ইতিমধ্যে তু' একটি জুটিয়া উহার
কম্ইয়ের গুঁতার অভিজ্ঞতাও লাভ করিয়াছে; কিন্তু টেবি কুকুরটা বন্ধু-বিহনে কি
করিয়া দিন কাটাইবে ? টেবির সঙ্গে মিনির বন্ধুতাটা কায়েমি করিয়া লইবার জন্তুই
রাখ এই কসরৎ দেখাইতেছিল।—মিনির গলার দড়িটা রাখ-র হাতে ধরা, রাখ-র
ম্থে খই ফুটিতেছে,—সে-ভাষার অনর্গল অজ্প্রতাই আছে, অর্থ নাই, – স্বাই
ভাবিতেছে এ নিশ্চয়ই কোনো গৃঢ় মন্ত্র,—নতুবা এমন একটা অভাবনীয় ন্যাপার
সম্ভব হইতে পারে ? রাখ প্রহারের প্রচণ্ডতায় ও আলোকিক মোলিকতায় সকলের
চোখে বড়ো হইয়া উঠিল। রাখ মিনিকে 'ঠ্যাং তোল' বলিয়া তাহার ভাঙা পায়ে
একটা লাঠির খোঁচা মারে, মিনি পিছনের পা-টায় ফের ঘা খাইয়া তুলিয়াই রাথে যা
হোক্। স্বাই বিশ্বয়ে শব্দ করিয়া উঠে।

ঘরে বসিয়া কুঞ্চ একেবারে গড়াইয়া পড়ে, বলে,—দেখ দেখ রাখ-র ওস্তাদি।
পঞ্চু রাখ-র দিকে না চাহিয়াই অঞ্চলিতে করিয়া কুঞ্চ-র হাসির মৃক্তা কুড়াইয়া
লয়। অতি সম্তর্পণে টাাক হইতে একটি কোটা বাহির করিয়া বলে,—তোমার জন্য
সিঁহুর এনেছি, সিঁথিতে পরিয়ে দি এস।

- সিঁতুর ? কুঞ্জ-র মূথের হাসি হঠাং গুকাইয়া যায়।
- —ই্যা, তৃমি চেয়েছিলে, সিঁত্র না আঁকলে তোমাকে নাকি আর মানায় না, চেনা-চেনা লাগে না!

একটু হাসিয়া কুঞ্চ কহিল,—দাও আমার হাতে।

পঞ্ কিছুতেই হাতে দিবে না। বলিল,—না, আমি এঁকে দিই।

কি ভাবিয়া মাথাটা নীচু করিয়া কৃঞ্চ পঞ্চর দিকে আগাইয়া আদিল। পঞ্চ তাহার আঙুলের ডগায় সমৃস্ত বিশ্বের স্নেহের স্পন্দন লইয়া অতি ধীরে-ধীরে কৃঞ্জ-র সীমস্তে ক্ষীণা তড়িজ্বতার মত সিন্দুর লেখা আঁকিয়া দিল। আঁকিয়া দিবার সময় বাঁ হাত দিয়া কৃঞ্জ-র মৃথখানি কতক্ষণ স্পর্শ করিতে হইয়াছে।

কৃষ্ণ বখন মৃথ তুলিল, পঞ্ আর চোথ ফিরাইতে পারিল না। কৃষ্ণ-র ছই চোথে কারার সম্দ্র ছলিয়া উঠিয়াছে। সহসা ছই হাতে মৃথ লুকাইয়া কৃষ্ণ ফুলিয়া ফুলিয়া কাঁদিয়া উঠিল। পঞ্চর মৃথে কথা নাই, সারা শরীর যেন বিশায় ও বেদনায় শিথিল হইয়া আসিয়াছে। উহার চোথ কৃষ্ণ-র সিঁথির কোলে ঐ সভ্তদীপ্ত সিন্দুর-রেথাটির উপর,—বাহা উহার ভালোবাসার অঞ্চণাভার মত শোভা পাইতেছে।

ঘর ছাড়িয়া বাহিরে আসিয়া পঞ্ও হঠাৎ বিমনা হইয়া পড়িল। একদিন কুঞ্জ-র সিঁথি হইতে ঐ সোনার কণাটুকু ও-ই চুরি করিয়া নিয়াছিল। কিছ তাহা ত' কুঞ্জ জানে না! তবে উহার ছই চোথ ছাপাইয়া কান্নার উজান ভাকিল কেন? কুঞ্জকে ভালবাসিয়া উহার বৈধব্যবিধানের প্রায়শ্চিত্ত কি হয় না কখনো? কুঞ্জ ত' দেহের পসারিনী হইয়া ঘ্রিয়া বেড়াইতেছিল, পঞ্র স্থেহে কি উহার ম্জিস্লান হয় নাই?

কতক্ষণ পরেই কৃঞ্জ আসিয়া হাজির,—ঠোটের কোণে সেই তীক্ষাগ্র চটুলতা, ছু'টি জ্ররেখায় যেন সেই কোতৃক-কোতৃহল। আসিয়াই বলিল, তুমি এমনি দিন-রাত আমাকেই আগলাবে নাকি ? কাজকর্মে বুঝি ইস্তফা দিলে ?

কুঞ্চকে সহজ ভাবে কথা কহিতে দেখিয়া পঞ্চুর মনে ভরসা হইল। রসিকতা করিয়া কহিল,—আমার ত' ফেরাই নেই, এক তুরুফের জোরেই খেলে থেতে পারব। আর কাজ নয়, কুঞ্জ - এবারে এক কাজ করি এস। একটা নৌকোর বন্দোবস্ত নিই,—পাল তুলে ছেড়ে দিই, হ'জনে জলে পা ত্বিয়ে বসে'-বসে' গল্প করি

সকাল সন্ধ্যা তুপুর রাত। নৌকোতে খাই; শুই-ও নৌকোয়। তুমি আর আমি।

--আর রাথ ?

পঞ্ছ যেন হঠাৎ চাবুক খাইল। তবু সামলাইয়া বলিল,—ও পরের ছেলে, পথেই ভাসবে। ও আমার কেউ নয়।

—আর আমিই ষেন তোমার কেউ। আমিও ত' পথের ফিরিউলি, দোতে ভেসে চলেছি, তুমি কুড়িয়ে নিলে বলে' ত' হেথায় আমার এত ঠাট়। কিন্তু আমি রাখ-র চেয়েও বৃদ্দি।

পঞ্চুর কণ্ঠ পর্যস্ত উত্তপ্ত ভাবাকুলতা উদ্বেল হইয়া উঠে,—প্রকাশ করিলেই তাহা অর্থ হারাইবে।

— যাই বল বাপু, বেটাছেলে মেয়েমাছবের আঁচল ধরে' থাকবে, সে আমার ভালো লাগে না। গা-গতর দিয়ে থেটে চল, ত্'টো পয়স্থা এলে ধারগুলো শোধ দিয়ে নিশ্চিম্ভ হ'তে পারবে। নইলে সকাল-সন্ধ্যা ফষ্টি-নষ্টি আর ভালো লাগে না, ভাই।

পঞ্ সায় দিল: ঠিক, কুঞ্জ। কিন্তু এখানে নয়। চল, শহরে যাই। একটা ফিটার-মিস্ত্রীর কাচ্চ অন্তত জোগাড় হবে, গাঁইতি নিয়ে রাস্তাও ত' থোঁড়া চলে। ছোট্ট একটি মেটে ঘর,—কত আর ভাড়া?—রাথকে না হয় ইম্বলে ভর্তি করে' দেব। আমরা বুড়ো হ'লে রাথ আমাদের থাওয়ারে। এ মজা মন্দ নয়, কোধায় ছিলে তুমি, কোধায় আমি, আর কে রাথ

কুঞ্চ সামনের দিকে ঘাড় তুলিয়া কহিল,—শহরে মানে ? তোমার যেমন বৃদ্ধি ! শহরে তোমার মেটে-ঘরের জন্তে আমার বৃক্ত ফেটে যাচ্ছে কি না!

সতিই ত'। মেঘলোক হইতে পঞ্ আবার কঠিন মাটিতে পা নামাইল।
কুঞ্জ যেন পঞ্র সঙ্গে কট্ট-সন্থের তপস্থা করিতে বসিয়াছে আর কি! শহরে তেতলার'
উপর কুঞ্জর কোঠা ছিল, কুঞ্জই সে-দিন রাত্রি জাগিয়া-জাগিয়া গল্প করিয়াছে—
প্রকাণ্ড দেয়ালগিরি, মেহগনি কাঠের খাট, - কত তার গয়না, আস্বাব, — এক
বাবু তাহাকে ছোট দেখিয়া মোটর-গাড়ি কিনিয়া দিবার জক্ত কত সাধিয়াছে।
সেই জীবন কুঞ্জ-র আর ভালো লাগে নাই বলিয়াই ত' এখানে থাকিয়া য়াইতে
চায়। আবার শহরে যদি পায়ের ধূলা দিতেই হয়, তবে শহরের ধূলা গায়ে
মাথিতেই বা কতক্ষণ! বাকি দিনগুলি কুঞ্জ পঞ্চুরই হাতের মুঠায় একটিএকটি করিয়া গুণিয়া দিবে – পঞ্চুর আর এই মামার বাড়ির আবদার করিতে
হইবে না।

পঞ্চ ভারি দমিয়া গেল। ভালবাদিলেই বৃঝি সহজ অধিকারের লিপ্সা আদে, ভাবে, ভালোবাসার মধ্যেই ত' ত্রিভুবনের দাম দেওয়া হইয়াছে। পঞ্ব সেই মোহ যেন সহসা টুকরা-টুকরা হইয়া থসিয়া গেল। কোথাকার পঞ্চ,—পরনের কানি জোটে না, তাহারই ঘরে কিনা তাহারই অশ্রুর সমূদ্রে কিনা লক্ষীকে সে কয়েদ করিয়া রাখিবে ? ক্য় ত' আর মাটির ঢেলা নয় যে পা দিয়া মাড়াইয়া গেলেই চলে, কুয় আজ সাপের মাথার মণি,— দংশনে মরিয়া গেলেও মণি মেলে না।

পঞ্র ভাবান্তর লক্ষ্য করিতে বুদ্ধিমতী কুঞ্জ-র দেরি হইল না। মোলায়েম করিয়া কহিল,— শহর আমার জহর, গাঁ আমার জহরৎ। এইথেনেই আমার বাসা। কে আমাকে নড়ায় এখান থেকে!

তু'টি কথাতেই ফের পঞ্চর আশা হইল। একবার আশা করিতে স্থক্ষ করিলে চট করিয়া রাশ বাগানো ষায় না— আশার বৃঝি পাখা আছে! বলিল,— তা হ'লে বেকারই বদে' থাকি, গান বাঁধি, তবলা বান্ধাই, আর তোমার রাভা ঠোঁটে তোঁট ভাঙি!

কুজ-র রাগ নাই; বলে,—তুমি থাক বেকার, আর আমি করি চাকরি, সে হ'বে না আর। বলি,— গানই বাঁধ না। যাত্রাদলটা জাঁকিয়ে তোল, আমি না হয়।
ঘুঙুর বেঁধে নেমে যাব।

পঞ্ মাতিয়া উঠিল: সে ভারি চমৎকার হয়, কুঞ্চ। নামবে তুমি ?

- —আমি ত' নেমেই আছি।
- —তা হ'লে, ও:, আমি তা ধারণাই করতে পারি না, কুঞ্চ,—চন্দনগঞ্জ থেকে

মিহিরকান্দি আমি একেবারে ক্ষেপিয়ে দেব। আমি রাজা, তুমি মহারাণী, তুমি নাচ্তে জান, কুঞ্জ ? সভ্যি ?

- মহারাণী বুঝি নাচে ?
- নাচে নাচে একশো বার নাচে, রাথকেও একটা ছোটখাটো পার্ট দিয়ে চুকিয়ে দেব, বেশ করবে, ওর মধ্যে জিনিস আছে। বেশ, ভালো কথা মনে করিয়ে দিয়েছ, সংসারে যে আমার আরো কিছু করবার আছে তোমাকে পেয়ে ভুলেই গেছ্লাম। তুমি সঙ্গে থাকলে আমি কি না করতে পারি ? সাতটা বাঘের রক্ত যেন আমার শিরার-শিরায় টগ্বগ্ করে' ওঠে। তোমার জন্ম আমি মরে' থেতে পারি, কুঞ্জ।

কিছুক্ষণ স্তব্ধ থাকিয়া পরে চোথে চঞ্চলতা আনিয়া কুঞ্জ কহিল,— কিন্তু আমাকে নিয়ে যদি সাত-বাঘে কাড়াকাড়ি পড়ে' যায় ?

পঞ্র ম্থ ম্হুর্তে আবার ফাটা ফান্থদের মত চুপদাইয়া গেল। সতাই ত',—
সেই ভয় ত' প্রামাত্রায়ই আছে, বদি কেহ ক্য়কে ফুদলাইয়া ফুঁ দিয়া উড়াইয়া
নেয়! পঞ্চ চোথে যেন অন্ধকার দেখিল। ঝড়ে উহার নোকা যেন টল্মল্
করিতেছে। ও ত' উহার সহকর্মী দঙ্গীদের চরিত্র জানে,—দেই বীভৎস জঘন্তজীবন-যাপনের ঘটনাবলীর কথা মনে করিয়া ঘণায় পঞ্র দেহ কন্টকিত হইয়া
উঠিল। জগ হয় ত' তাড়ি খাইয়া ঘরময় বিম করিয়া চোথ উন্টাইয়াছে, তব্লায়
চাটি মারিয়া চোথের তারা ছইটা তেরছা করিয়া বৃন্দাবন হয় ত' বস্তহরণের পালা
জমাইয়াছে, –নয়ান্টা এমন বিট্কেল, হয় ত' ক্য়-র ম্থের দামনেই গাঁজার কল্কেটা
তুলিয়া ধরিবে। ক্য় যে পাঁকের পোকা. পঞ্চ মনে-মনে এ কথা বিশ্বাদই করিতে
পারিল না, ক্য়র আতিথা যে অতি-অবারিত দে-দম্বন্ধে পঞ্চুর হিংসার অবধি নাই।
দেই নরকক্ত্রের কাছে ও কিছুতেই অতদীর চারা পু তিতে পারিবে না। পঞ্চু গা
ঝাড়িয়া না করিয়া উঠিল।

- —তা হ'বে না, কুঞ্জ। যাজাদল আমি ফের জাঁকাচ্ছি বটে, কিন্তু তোমাকে খরের বা'র হ'তে হ'বে না।
- —কেন, আমি কি দিনুকের সোনা যে বাইরে বেরুলেই পেতল হ'য়ে যাব ? ঘড়েই রাথ আর ঘরেই রাথ আমি যে-মাকাল দেই মাকাল! তুমি কি কাঁচি দিয়ে আমার ভানা হ'টো কেটে দিয়েছ ? উড়তে আমি ভূলে গেছি ?
  - —তুমি সত্যি চলে' যাবে, কুঞ্চ ? কিন্তু যাত্রাদল ত' ভদ্রলোকের নয়।
- আর আমি কোন্ লাট ! যাও, যাও, তোমার মুখভার করতে হ'বে না, তুমি লেগে যাও দেখি। দিনরাত পুরুষমান্থবের আল্নেমি আর দেখতে পারিনে।

উৎসাহিত হইয়া পঞ্চ বাহির হইয়া গেল।

কৃষ্ণ রামাঘরটিতে আবার আসিয়া বসিয়াছে। উত্থন হইতে হাঁড়ি নামাইয়া ছই হাঁটু জড়ো করিয়া তাহার উপর বাঁ গালটি কাৎ করিয়া রাখিতে-রাখিতে কৃষ্ণ কাঁদিয়া ফেলিল। ও বেন ছংখের ভার বহিতে পারিতেছে না,—আর কত দিন ফাঁকি দিয়া ফাঁক খুঁজিবে ? কেন আসিয়াছে এখানে, কাহাকে চায় ও ? এই ছ্রাশা উহার কেন ? দেখিতে-দেখিতে ও একেবারে গো-মূর্থ হইয়া গেল নাকি ?

তাঁহাকে কৃঞ্জ একটিবার শুধু দেখিবে। যদি কাছে আসিতে দেন, তবে ঘৃই পা জড়াইয়া ক্ষমা চাহিবে। ক্ষমা হয় ত' সে পাইবে না, না পাইলেও একবার প্রাণ ভরিয়া চাহিয়া লইবে। ও সভ্যিই এমনি প্রাণ ভরিয়া কিছু চাহিতে চায়,—ও উহার দরিন্ত ঘুংখী অতীতকে অতি-আকুল চিত্তে যাক্সা করিতেছে। তাঁহাকে ঘুংস্থ দেখিলে কৃঞ্জ শহরে গিয়া কিছু টাকা পাঠাইয়া দিবে, তাঁহার নবজাত সন্তানটিকে অপরিতৃপ্ত মাতৃম্বেহে চৃষন করিবে, বিতীয় বধূটিকে বন্ধু বলিয়া সন্তাষণ করিবে —কল্যাণ-করম্পর্শে সমস্ত সংসার ক্ষণেকের তরেও স্বেহরস্নিক্ত করিয়া দিয়া আসিবে। সেই পরিচিত গৃহকোণের অতি-আত্মীয় প্রথমরোদ্রপাত দেখিয়া ও উহার কদর্য জীবনের পদ্ধিলতা ভূলিতে চায়। তাঁহাকে আরেকবার ভালবাসিতে সাধ হয়, তাঁহার জন্ম একটি অনতিবাক্ত বেদনা বহন করিবার স্বযোগ হইতে ও কেন বঞ্চিত হইল ?

নিজে ভাবিয়া নিজেই কুঞ্জ আশ্চর্য হইয়া যায়। একটা নিরক্ষর বর্বরপ্রায় চাষার ছেলেকে দে শহরে হইয়া আজো ভূলিতে পারিল না ? তাই কিনা তাহার গ্রামের লোকের দেখা পাইয়া দে জ্ঞাকামি করিয়া নাকি-স্থ্রে কাঁদিবার জন্ম পোড়া পিঠ লইয়া এখানে জমি লইয়াছে ? বলিহারি! মাদি শুনিলে রাগ করিয়া গায়ে ফিনাইল্ ঢালিয়া দিবে। নৃতন বাব্-শিকারের লোভ দেখাইয়া দে নিজেই কিনা বেচাল হইয়া গেল! 'হাউদ-অফ্ লর্ড্, হাড়িয়া কিনা তালপাতার ঘরে আদিয়াছে! লক্ষে ঠুংরি ছাড়িয়া দে চাপকান পরিয়া যাত্রাদলের মোক্তার হইবে! মাদি, একবার দেখিবে এদ, কুঞ্জ একেবারে বকিয়া গেছে।

কিন্তু একটিবার তাহাকে না দেখিয়া গেলেই বা কি করিয়া চলে ? মনে পড়ে নিকুন্ত-র সেই প্রশস্ত ক্ষারবন্ধ, তাহার উপর মাথা রাখিয়া কুল্ল কত রাত্রি ঘুমাইয়াছে, মদ খাইয়া নেশায় ঝিম্ হইয়াও তাহার আজকাল ঘুমের মত ঘুম নাই, রাত্রি যে নিঝুম সে-কথাও সে ভূলিতে বসিয়াছিল। পাশের ঘরের শৈলরও আগে-আগে বাড়ির জন্ম ভারি মন কেমন করিত, সন্ধ্যা হইলেই আয়নার কাছে বসিয়া চূল বাঁধিতে-বাঁধিতে তৃঃখিনী বিধবা মা'র জন্ম কত কাঁদিয়াছে;— সেদিন অস্থে বেহুন্

মেয়ে বাবুর কাছে বায়না ধরিয়াছিল: আমাকে মা'র কাছে পাঠাইয়া দাও, শ্মশানে কিম্বা সেইথানেই আমাকে রাখিয়া এন!...কুঞ্জ-র ঘরে ত' কত লোক আসিয়াছে, লালসালিপ্ত ক্লমিকুল.— চোখে উল্পন্ত বুড্কুল, তুই হাতে দানের অক্তমতা, কিন্তু কুঞ্জ একটিরো ম্থ আলাদা করিয়া মনে করিতে পারে না। অথচ, চোথ বুজিলেই কুঞ্জ থালি তাহাকে দেখে, সেই গলায় দা চালাইয়া হাসিম্থে চা চাহিতে আসিত। কুঞ্জই তাহার গলায় দা বসাইয়াছে!

দিন তিন চাবের মধ্যেই পঞ্ যাত্রাদল জমাইয়া ফেলিল। দেখিতে দেখিতে পঞ্র অধুনা-অব্যবহৃত ছোট ঘরটিতে তুম্ল তুফান লাগিয়া গেল। দকাল হইতে স্থক করিয় রাত্রি বারোটা পর্যন্ত হলা চলে, হার্মোনিয়ামের বেলো ফাটে, চাঁটি খাইয়া তবলা পটল তোলে, হাঁড়ি ছোঁড়াছুড়িতে পট্কাবাজির খেলা হয়। মাথায় দীর্ঘ ঘোম্টা টানিয়া কুঞ্জ গৃহাস্তরালে লুকাইয়া থাকে।

সবাই পঞ্কে পাইয়া বসিয়াছে। বলে,—লুকিয়ে লুকিয়ে আর যা কিছু কর, বিয়ে করলে কেন ? থাওয়াও বাপু, তাড়ি নয়, পোলাউ-উ!

वृन्मावन हिं। हा हिया वरन, - थूबि कदि हा मिर्य एएड वन ना, जाहे।

পঞ্চু অপরাধীর মত আসিয়া দাঁড়ায়,—-কুঞ্জ-র কাছে ও যেন উহার ব্যক্তিত্ব খোয়াইয়াছে। বলে,—-ওদের মাতামাতিতে তুমি বিরক্ত হ'য়ো না, কুঞ্জ। ওরা অম্নি ধারা, তাড়ি ছাড়া ওদের উৎসাহ আসে না, চা খেয়ে ওরা খিদে মারে। ওদের তুমি কমা কর।

কুঞ্জ-র কণ্ঠস্বর অস্পাই হইতে গিয়াই করুণ হইয়া উঠে: আমি ক্ষমা করবার কি ? আমি ত' এর চেয়েও কুৎসিত পঞ্চু-দা। কিন্তু তুমি থাওনি ত' ?

- না, কক্থনো না, - তোমার পা ছু য়ে বলতে পারি, কুঞ্চ-

বলিয়া কুঞ্জ-র মলিন পদপদ্মকলি তৃটি স্পর্শ করিবার লোভেই পঞ্ছ হাত বাড়াইল। বলিল,—তৃমি যাতে খুসি হ'বে না, সে কাজে আমার মন ওঠে না। তাড়ির হুখ ত' একটুখানি, বমি বা হজম ঘাই করি না কেন, ফুরিয়ে যায়। কিন্তু আমি এমন জিনিস চাই কুঞ্জ, যা ফুরোয় না, যত থাই ততই থিদে পায়। বলিয়া পঞ্ছু তুই চক্ষু স্নেহে দ্রব করিয়া কুঞ্জ-র চোথের উপর আনিয়া রাখিল।

ঢোঁক গিলিয়া বলিল,—তোমাকে একটু কট করতে হ'বে, কুঞ্চ। এই অসময়ে ওরা চা চাইছে। আজু সারাদিন কেউ বাড়ি বাবে না,—রোদ্ধুরে ক্রোশ ভাঙবার তাগদ আর কারুর নেই এখন, থানিক বাদে স্বাই মাটি নেবে। তুমি ওদের জ্ঞাে যদি একটু চা বানিয়ে দাও,— স্বই ত' আছে, আমি কুমােরবাড়ি থেকে খ্রি এনে দিছি।

- বানিয়ে দেব বৈ কি। রাখ কোথায় ?
- —মহড়া দিচ্ছিল ত'। দেখো, কি স্থন্দর করবে ও রুষ্ণের পার্ট।
- ---রাথকে এথানে পাঠিয়ে দাও।

পঞ্চ গিয়া রাথকে পাঠাইয়া দিল। রাথ আসিতেই কুঞ্জ বকিয়া উঠিল,- তৃই ওথানে দাঁড়িয়ে কি দেখ ছিস্ রে ছোঁড়া ?

ছই চক্ষ্ বিক্ষারিত করিয়া কথা টানিয়া টানিয়া রাথ কহিল —কল্সী কল্সী গিল্ছে, মা; বিন্দে-দা নাচতে-নাচতে আছাড় থেয়ে পড়ল, হি হি হি; আর, জ্ব্য-খুড়ো এমন থেপে গেছে মা, গা থেকে ছেঁড়া জামাটা খুলে ফেলে লাউ-বিচির মত দাঁতগুলো দিয়ে টুক্রো-টুক্রো করছে। পঞ্চু কাকাই সব বমি কাচাচ্ছে মা।

কুঞ্জ হঠাৎ প্রশ্ন করিয়া বদিল: ওথানে নিকুঞ্জ বলে' কেউ আছে ?

—নিকুঞ্জ ? দাঁড়াও,—দাঁড়াও আমি জিগগেস করে' আসি।

কুঞ্চ তাড় তাড়ি রাথ-র হাত ধরিয়া ফেলিয়া বাধা দিল। কহিল,—তোকে আর ফোঁপরদালালি করতে হ'বে না। নিকুঞ্চ বলে' কাউকে ডাকতে শুনেছিদ ?

রাথ মাথাটা একেবারে কাঁধের উপর কাৎ করিয়া ফেলিয়া কহিল, শুনেছি বৈ কি! নিকুঞ্জ —নিকুঞ্জ, কত তাকে ভাকা হ'ল। দেই ত' স্থামাদের যাত্রায় নারদ সাজবে।

কুঞ্জ জিজ্ঞাসা করিল, কি রকম চেহারা বল্ ত' ?

- চেহারা ? তা আবার কে না জানে ? তুমি যাকে খুসি জিগ্গেস কর না সবাই ব'লে দেবে। দেখো, যাত্রায় বুড়ো হ'য়ে যথন দাড়ি নাচাবে তথন কেমন মানায়!
  - বলি দেখ্তে ফর্সা ? লম্বা ?
- —দেখতে ? অত-শত জানি না, হাাঁ। লম্বা,—আমি কি হাত দিয়ে মেপেছি ? দেখতে ঠিক নারদের মত।

কণ্ঠস্বরে ভর্মনা নিয়া কুঞ্জ কহিল,— তুই মিথ্যে বল্ছিস্, রাখ। কেউ নেই নিকুঞ্জ বলে'।

—নেই ? নিকৃঞ্জ ত' কোন্ ছার নিকৃঞ্জ-র বাবা আছে। আমি যাচ্ছি হিড়হিড় ক'রে টেনে আন্ছি হেতা। বলি গে—মা বল্ছে: নিকৃঞ্জকে নারদের মত দেখ্তে নয়। দেখবে তার দাড়ি ? ভূড়ি ছাড়িয়ে গেছে।

রাথ-র হাত চাপিয়া ধরিয়া কুঞ্জ কহিল,—খুব তাড়ি থাচ্ছে রে, রাথ ?

-- শুধু থাছে, ডিগ্বাজি থাছে। আছো মা, টেবিকে একটু তাড়ি খাইয়ে দেব ?

- —আচ্ছা, তোর পঞ্চু-কাকা থাচ্ছে না ?
- এক ফোঁটাও না। সবাই পায়ে ধরে' সাধ্ছে, পঞ্-কাকার পা একটুও টল্ছে না কিছা। তাড়ি খেলে পঞ্কাকার নাকি বিয়ে হ'বে না, মা। আমিও খাব না তা'লে।
  - —তুই যা এখন। চান করে' আয়। রাখ এক গা তেল মাথিয়া ছেঁড়া গামছা লইয়া পুকুরে ঝাঁপাইতে গেল।

রাখ-র কথা হয় ত আগাগোড়াই মিখ্যা, তব্ও কুঞ্চ কান থাড়া করিয়া রাখিয়াছে—যদি এই কদর্য কোলাহলের মধ্যে একটি অতীত-পরিচিত কণ্ঠয়রের সে নাগাল পায়, যদি একটি অতি-আদৃত হাস্তকলরোল তাহার ব্কে আসিয়া ধীরে-ধীরে ভাঙিয়া গিয়া ঘুমাইয়া পড়ে, যদি তাহার গ্রাম্য উচ্চারণের স্বাভাবিক কর্কশতা তাহার হংপিগুকে মন্দিরের ঘণ্টার মত স্পন্দিত করিয়া তোলে! সেই সমবেত চীৎকারের মধ্য হইতে কুঞ্চ স্বরগুলিকে বাছিয়া লইতে পারে না, তবু হাতড়াইয়া-হাতড়াইয়া মনে-মনে শ্রান্ত হইয়া পড়ে।

কুঞ্জ বানিয়া-বিদিয়া চা বানায়, আর চায়ে চিনি ঢালিবার সময় হালয়মধ্ গালিয়া প্রতাকটি খুরিতে ঢালিয়া দেয়, য়দি ইহার একটিও নকুঞ্জ-র ম্থে ওঠে। কুঞ্জ-র হাতের চা থাইতে সে কত ভালবাসিত। সে কি কুঞ্জ-র হাতের চা পাইয়া আজ একটিবার তাহার হাত তু'থানির কথা মনে করিবে? কুঞ্জকে সে কি ভূলিয়া গেছে? আজ য়দি তাহার সাম্নে আধ-ঘোম্টা টানিয়া ম্থে সেই গ্রাম্য মধুরতা মাথিয়া সলজ্জ চোথ তুইটি ঈধং আনমিত করিয়া দাঁড়ায়, তবে কি সে তাহাকে চিনিতে পারিবে না? পঞ্চুকে চোর ভাবিয়া য়দি সে তেমনি আংকাইয়া উঠিয়া নিকুঞ্জকে কম্পিত বাছলতা দিয়া জড়াইয়া ধরে, তবে নিকুঞ্জ কি তাহাকে নিশিপাওয়া তু:য়প্রের মতই ছুঁড়িয়া ফেলিয়া দিবে? ভাবিতে-ভাবিতে টস্টস্ করিয়া ছ্'টি ফোটা চোথের জল একটা খুরির মধ্যে করিয়া পড়িল। ভগবান কন্ধন, এই খুরিটিই যেন নিকুঞ্জ-র মূথে উঠে, - এই অঞ্চবিন্দু তুইটিই যেন তাহার চুম্বন লাভ করে! থাক সে তাড়ি, —যাক সে অধঃপাতে

এক দিন পঞ্ছ আসিয়া থবর দিল: মহড়া ত'প্রায় দেরে এনেছি, কুঞ্জ। চন্দনগঞ্জে একটা বায়নাও মিলে' যাবে চট্ করে'। ওরা একদিন নেমন্তর থেতে চাইছিল – ভাকব ?

থোঁপা বাঁধিতে-বাঁধিতে কুঞ্চ কহিল,—পয়সা কই ?

— সবাই চাদা করে' থাবে। তুমি যদি ওধু দয়া করে' চাট্ট রে ধে দাও। বেচারাদের ভারি পোলাউ থাবার সথ,—বাপের বয়সে অনেকে থায়ও নি।

কুঞ্জ এক কথায় রাজি হইয়া গেল দেখিয়া পঞ্চু যেন তত সুখী হইতে পারিল না। ভাবিয়াছিল ইহার জন্ম কত সাধাসাধি করিতে হইবে, চাই কি—অন্ধরেধের প্রাবল্যহেতু হয় ত' কুঞ্জ-র হাত তুইটি ফস্ করিয়া ধরিয়া ফেলিয়াই জিভ্ কাটিয়া বসিবে, খোঁপা ফেলিয়া দিয়া পিঠের উপর কেমন করিয়া চুলের ভূপটা ভাঙিয়া ছত্রখান হইয়া পড়ে তাহাই দেখিবে, রাগ করিয়া ভাত খাইবে না, জ্যোৎস্লা উঠিলে গান গুনাইবে না, হাঁড়ির মত ম্থ করিয়া থাকিবে। কুঞ্চ কি না বোকার মত হাঁ করিয়া বসিল!

এই নিমন্ত্রণ করিয়া কিসের সম্বন্ধটো যে পঞ্চু পাকাপাকি করিয়া তুলিতে চাহিতেছে তাহা কৃঞ্জ বুঝিয়াছিল। কৃঞ্জ মনে-মনে হাসিল, তবু কি জানি কি আশা করিয়া মাথা হেলাইয়া সম্বতি দিয়া বসিল। বলিল, আমার কি, নিঝ'ঞ্চাটে রেঁধে দেব।

ধামা করিয়া কত জিনিসই আদিয়া গেল,—পঞ্চুর আনন্দে আজ আকাশ ভরিয়া রোদ উঠিয়াছে। চাঁদা অবস্থি কেহই দেয় নাই, গণেশ পৈতৃণ্ডির কাছ থেকেই পঞ্ আবার বিগুণ স্থদে ধার আনিয়াছে। সকলের কাছে পঞ্চু বলিয়া বেড়াইয়াছে,— তাহার অন্তঃপুরে ঐ যে একটি নিঃশন্ধচারিণী অবগুঠনবতী নব্যুবতী আছে, তাহাকে সে ভালবাসিয়া অশুজলে অভিষেক করিয়া বরণ করিয়া লইয়াছে, সে তাহার জীবন-যামিনীর জ্যোৎস্না-জোয়ার, তাহাকে পাইয়া পঞ্চু মাহুষ হইয়া গেল। সমস্ত অবরতা বিসর্জন দিয়া পঞ্চু এখন একেবারে সন্ত্যাসী বনিয়া গিয়াছে।

আগে, বিবাহ করিবে না বলিয়া যে প্রতিজ্ঞা করিয়াছিল, তাহা লইয়া ইয়ার বন্ধুরা ঠাট্টা করিলে পঞ্চুর ভারি ভাল লাগে। কুঞ্জ-র ত্ইথানি অনভিরেথাসন্ধূল সেবাম্মিয় করতল মনে করিয়া ও ভগবানকে মনে-মনে ধন্থবাদ দেয় — আবার ত' কুঞ্জ-র দেখা পাইল, আবার ত' সেই দিন গভীর রাত্রে চুপি-চুপি কুঞ্জ-র ঘরে চুকিয়া উহার চুর্ণ চুলগুলি আদর করিয়া উহার ম্থ হইতে ললাটের উপর তুলিয়া দিয়াছিল! তাই, কুঞ্জ-কে দিয়া রুঁাধাইয়া ক্ষ্মার্ড গরীব বন্ধুদের থাওয়ানোর মধ্যে যে গোরব আছে তাহার তুলনা কই ? উহার নিজের জীবনে একটি পরম পরিত্থি আদিয়াছে বলিয়াই ও স্বাইকে সেই ভৃগ্রির ভাগ বন্টন করিয়া দিবে; প্রভাতের আনন্দ যেমন আরক্ত আভায় সমস্ত আকাশময় ব্যাপ্ত হইয়া পড়ে, তেমনি পঞ্চুর ভালবাসাও আজ উৎস্ব-উল্লাসের মধ্যে বিকীর্ণ হইয়া পড়িবে। কুঞ্জকে আজ উহার কী যে ভাল লাগিতেছে বলা ধায় না। স্বল্পভূষণ তুইখানি হাত একটি কোমল অথচ অফুচচারিত

প্রেমবাণীর মত বেন উহার প্রতি উৎস্থক হইয়া রহিয়াছে। ক্ষীণরেখা ক্রলভার উপরে ক্ষান্থতি গুল্ল ললাটটি শরৎকালের আকাশাংশের মত উহার চোথে মধুর লাগিতেছে। ইচ্ছা করে, উহার বিশ্বপ্রাবী প্রেমে কুঞ্জকে স্নান করাইয়া দের। বাছর কাছে কুঞ্জিত শেমিজের প্রান্ত হইতে শাড়ির পাড়টি পর্যন্ত পঞ্জে একেবারে অভিভূত করিয়া ফেলিল। এত দিন কুঞ্জকে ছাড়া ও যে কি করিয়া বাঁচিয়া ছিল ভাবিতে গেলে পঞ্চুর নিশাস বন্ধ হইয়া আসে।

সারা দিন ধরিয়া কৃঞ্জ কত কি ষে রাঁধিল তাহার অস্ক নাই। উহার পরিক্লাপ্ত মলিন ম্থখানির পানে চাহিয়া-চাহিয়া পঞ্চ একটি স্বদ্রবিস্তৃত সহাস্কৃতি অস্কর করিয়াছে,—কৃঞ্জ ষেথানেই পা পাতে, সে-জায়গাটিই পঞ্চর কাছে পবিত্র তীর্থভূমি হইয়া উঠে,—উহার নবপল্লবপেলব ঠোঁট ছইটি নাজিয়া-নাজিয়া যে-কথা কয়টি উচ্চারণ করে তাহাই ইইমন্ত্রের মত পঞ্চ বুকে দগিয়া রাখিতে চায়। ললাটে বিন্দ্-বিন্দু ঘর্মরেণ্ দেখা দিয়াছে, ইচ্ছা করে চুম্বনে সেই শ্রমমালিশ্রট্ক মৃছিয়া লয়। সেবাপরায়ণা কৃঞ্জ-র আজ প্রগল্ভতা নাই, তুই চোথে যেন বেদনার বাষ্প জমিয়াছে। পঞ্চ ভাবে,—কৃঞ্জ-র এই শ্লেহ-সেবার ম্লা সে কোথা হইতে কুড়াইয়া আনিবে ?

রন্ধন যেন কুঞ্চ-র তপণা,—কুঞ্জ তাহার অবিচল তন্ময়তা লইয়া কাজে লাগিয়াছে। তাহার ঠোটের কোণে সেই চটুল স্ফৃতি নাই, একটি কোমল বেদনা যেন অধরশয়নে মুমাইয়া রহিয়াছে; উহার দুই উনুখ করতলে যে-সেবা আজ উৎসারিত হইতেছে সে সেবায় নিজেই একটি অক্কত্রিমতার স্বাদ পাইয়া কুঞ্জ স্তব্ধ হইয়া গেছে।

সন্ধ্যাশন্ধিতে পাত পড়িল,—রানাঘরের বাহিরের সমস্ত কাজ রাখ তদারক করিতেছে। কোলাহল করিতে-করিতে সকলে থাইতে বসিল। পরিবেষণ করিবার জন্ম কুঞ্জ-ই প্রস্তুত হইতেছিল, পঞ্ আসিয়া বাধা দিল। বলিল,—তা হ'লেই জানা-জানি হ'য়ে যাবে, কুঞ্জ,—কেলেকারির সীমা থাক্বে না। তা ছাড়া ঘরের বৌ কি আর পরের সাম্নে বেরোয় ?

कुङ कठिन श्हेशा किश्न, - आिश कि घरतत रवी रव आभारक माना कत्र्र ?

পঞ্চ তাহাকে আড়ালে নিয়া কহিল, আন্তে। এদের কাছে ত' ঘরের বো বলে'ই চলে' যাচ্ছ, নইলে তোমার সতীত্বের দৌড় জেনে সবাই হয় ত' পাতেই হাত মাখ্বে না। তা ছাড়া, যদি কেউ তোমাকে চিনে ফেলে?

—কে **খার চিন্**বে বল ?

পঞ্ছ কি কহিবে এক মুহুৰ্ত ভাবিয়া লইল, বিবেককে একটা ধমক দিয়া কহিল,— কেন, নিকুঞ্জ ? অচিন্তা/২/৭ —কে ?—তিনি এসেছেন ? কুঞ্জ-র কেশাগ্র থেকে পাল্লের নখ পর্যন্ত বিম্কিম্ করিয়া উঠিল: এসেছেন তিনি ?

নিরুষেগ কঠে পঞ্চু বলিল,—এসেছে বৈ কি! তাই ড' বলি, দেখে ফেল্লে আমাদের নিয়ে কেলেকারি আর কুলুমের অস্ত থাক্বে না।

বাসনটা এইবার পঞ্চর হাতে তুলিয়া দিতে ক্স আপত্তি করিল না। বেড়ার কান পাতিয়া ক্স চূপ করিয়া বদিয়া রহিল, — কোন কাজে উহার আর স্পৃহা নাই, মায়া নাই। পঞ্চ নিজেই সব দেওয়া-থোয়া থেকে স্থক করিয়া দেখা-শোনা করিতেছে। কুস্ত-র এই উদাসীন্তের কারণ কি ? কুজ কহিল, চটু করে' মাধা ধরে' গেল —

পঞ্চু বলিল, — তা আর আশ্চর্য কি, এতক্ষণ আগুনের কাছে বসে' ছিলে। তা' হ'লে বিছানায় শোও গে। আমি আর রাখ-ই দেখ ব 'খন।

कुक करिन, - ना, এই বেশ चाहि। विनया विषया विषया विश्व गाया निर्व बाधिया विनन।

কুঞ্চ-র যে মাথা ধরিয়াছে এই কথাটিও বন্ধুমহলে জানানো চাই,—কুঞ্চ-র হাসিটি ছপুর-বেলায় চায়ের চেয়েও মিষ্টি, তাহা পর্যন্ত বলিয়া পঞ্চু বন্ধুবুন্দের রসগ্রাহিতার প্রতিকা করে। একজন বলিল,—রান্ধা যা হয়েছে, মনে হচ্ছে যেন স্বর্গসভায় স্থা খাচছি। যাই বল, তোমার চোরাড় হাত ছু'টো না দেখিয়ে, পরিবেষণ করুতে স্থাময়ীকে একবার পাঠিয়ে দাও না।

ঘরে বসিয়া কুঞ্জ শিহরিয়া উঠিল—এই হয় ত' নিকুশ্বর গলা। উহাকে কত দিন সে স্থাময়ী বলিয়াছে।

আরেক জন কহিল,—তোরও যেমন কথা ! তোর বাড়ি গেলে তোর বউকে দিবি ভাত দিতে ?

নিশ্চয়ই, এ নিকুঞ্জর গলা না হইয়াই যায় না। নইলে এত সহামুভূতি লইয়া কে আর কথা কহিবে ? বেড়ায় কান পাতিয়া এই স্বরটি বাছিয়া লইবার জন্ম বিসয়া থাকিতে-থাকিতে কুঞ্জ একেবারে ঘামাইয়া উঠিল।

পাতে দই পড়িয়াছে,—এইবার সকলের উঠিবার পালা। হঠাৎ কুঞ্চ একটা বাসন পঞ্চর হাতে ধরিয়া দিল। কহিল,—ভূলে এই ইলিশ মাছের ভিমভাজাগুলো দেওয়া হয় নি—দিয়ে এস গে।

পঞ্ কহিল,-এখন ? থাওয়া ত' ওদের ফুরিয়ে গেছে।

—তুমি যাও না নিয়ে।

কৃষ জানে, নিকৃষ্ণ এই ইলিশমাছের ভিমভাজা থাইতে কী-ই যে ভালবাসিত ! এই ভিমভাজা থাইবার জন্ম নিকৃষ্ণর স্থানকালপাত্রের বিচার-বোধ ছিল না। মধ্য রাত্রে উহার ঘুম ভাঙাইয়া কেহ যদি এক টুক্রা ভিম-ভাজা মুথের সামনে আনিয়া ধরিত, নিকুঞ্চ বেমালুম তাহা মুখে পুরিয়া ফের ঘুমাইরা পড়িত। তাই, আজ কুঞ্চ পঞ্চক বিশেষ করিরা ডিমওলা ইলিশমাছ আনিতে বলিরাছিল।

কিন্তু ভিম-ভাজা কেহই পাতে লইল না। পশ্চুর পরিণীতাকে উদ্দেশ করিয়া শুনাইয়া-শুনাইয়া সবাই ঠাট্টা করিতে লাগিল। ঘরে বসিয়া কুঞ্জ-র বিশ্বয়ের আর শেষ রহিল না,—তবে কি নিকুঞ্জ আলে নাই ? নিকুঞ্জর ফচির কি হঠাৎ এই অভাবনীয় পরিবর্তন হইয়াছে ?

রাত্তির মাঝামাঝিতে সমস্ত পাট চুকিয়া গেলে কুঞ্চ পঞ্চক সোজাস্থলি প্রশ্ন করিল: সত্যি বল, উনি এসেছিলেন ?

পঞ্ বিরক্ত হইয়া কহিল,—কে উনি ? নিকু ?

- —হাা। এসেছিলেন ?
- হঠাৎ আজকে তোমার পতিপ্রেম উথ্লে উঠল বে ? নিকুকে এতদিনে পছন্দ হ'ল বুঝি!

কুঞ্জ-র সর্বশরীর রি-রি করিয়া উঠিল। বলিল,—বল, এসেছিলেন কিনা। তাঁর সঙ্গে আমার দেখা করবার বিশেষ দরকার আছে।

পঞ্চু এবার আর সহিতে পারিল না, অমান্থবিক ঈর্বায় তাহার শিরা-উপশিরাগুলি পর্যন্ত শূলবিদ্ধ সাপের মত মোচড় দিয়া উঠিতে লাগিল : দেখা করবার দরকার, না পিঠে লাথি থাবার দরকার ! জান, জীবনে তোমার সঙ্গে ওর যদি কোনোদিন দেখা হয়—ও শাসিয়েছে—দা দিয়ে তোমাকে টুক্রো-টুক্রো করে' ফেল্বে—দা শানিয়ে রাথতে ও ভোলে নি ।

দাঁত দিয়া ঠোঁট কাম্ডাইয়া কুঞ্জ নিজেকে সংযত করিল। কহিল,—পরের ঘরের প্রসাদ থাওয়ার চেয়ে আপনার ঘরের লাখি থাওয়াও ভালো।

পঞ্ছ হাসিতে গিয়া বিকট চাৎকার করিয়া উঠিল। বলিল, — অত পোষাকি সতীপনা এতদিন তোমার কোথায় ছিল, কুঞ্জ ? ধোবাবাড়ি ছিল বৃঝি ? একটা সামান্ত বেশ্যা হ'য়ে তুমি যে সীতা-সাবিত্রীর বিহার্দেল দিছে। তোফা!

- —হাা, দিচ্ছি বৈ কি। এই বেশ্যাই তোমার মত পঞ্চাশটা কুকুর রেখেছে পা চাট্বার জন্তো। তুমি সাতা-সাবিত্রীর কি ব্রুবে ?
- কুকুরের সংখ্যা হয় ত' একান্নই হ'ল আজ থেকে,—কিন্ধ এই কুকুরটির শুধু
  জিভই নেই কুল-সতী, দাঁত আছে। এ-কুকুর কাম্ডাতে জানে। তোমার ষত
  সতীপনা, তার দোঁড়ের খেলা এই ঘরের মধ্যেই হ'বে এবার থেকে। বলিয়াই পঞ্
  ভাড়াভাড়ি দরজা বন্ধ করিয়া কথিয়া দাঁড়াইল।

পঞ্চু যেন রাতারাতি মরীয়া হইয়া উঠিয়াছে, —কুঞ্চ রীতিমত ভয় পাইয়া গেল। পঞ্র ব্যবহারে ছর্জয় বর্বরতা আসিয়াছে, তাহাকে জয় করিতে হইবে। কুঞ্চ আসম ঝটিকার ভয়ন্তরতাকে এক নিমেধে আলোকরমণীয় করিয়া তুলিল। কণ্ঠস্বর অভূতপূর্ব স্মিয় মাদকতা লইয়া কহিল,—তাই ত' বলি পঞ্চু-দা, এই বেড়া টপকে আমার আর যাবার জায়গা ত্রিভূবনে কোথাও নেই। আমি তোমারই ঘরে বন্দিনী হ'য়ে রইলাম।

পঞ্চর নিষ্ঠ্রতা যেন দমিয়া আদিল, তবুও সন্দেহের কুয়াসা যেন একেবারে পরিষ্কার হইয়া গেল না। কহিল,— এথানে তোমাকে নিয়ে আমার আর থাকা চলবে না, আমার সঙ্গে তোমার বেরিয়ে পড়তে হ'বে।

তৎক্ষণাৎই সায় দিয়া কুঞ্জ বলিল,—তা কি আমি আর ব্রুতে পারছি না, পঞ্-দা? সাধ করে' ধখন তোমার বাহুর ফাঁস গলায় জড়িয়েছি তখন সেই ফাঁস জড়িয়েই আমাকে মরতে হ'বে।

- —তবে, তথু-ভগু কেন আমাকে কেপিয়ে দাও—কেন আমার সমস্ত পৃথিবী অন্ধকার করে' ভোল ?
- —সেই অন্ধকারে তোমার জন্ম আবার ভোরের আলে। জ্ঞালব বলে'ই। কে সে নিকুঞ্জ ? -- তাই না আমি শহরে ছুটি গয়না আর বিলাসের লোভে—আর, সেই গয়নাও তো গায়ে রইল না, যা রইল কাটার মত বিধৈ রইল, তাই না এলাম আমি তোমার কাছে, তোমাকে ভালোবাসতে।

পঞ্জল হইয়া গেল। বলিল, – রাত ত' চেঁচিয়ে প্রায় কাবার করে' আনলে, এবার ঘুমোও দেখি। কালই আমরা বেরুব। এ জায়গার জল-বায় তোমার সইবে না। বলিয়া পঞ্জরজা খুলিয়া দাওয়ায় গিয়া মাতুর বিছাইল।

কুঞ্জ শুইল বটে, কিন্তু চোথের পাতা এক করিতে পারিল না। ঘরের সমস্ত অন্ধকার যেন অটল পাথরের মত উহার মৃথ চাপিয়া ধরিয়াছে। হঠাৎ কোথা হইতে একটা পাথী ভাকিয়া উঠিতেই কুঞ্জ ধড়মড় করিয়া উঠিয়া বসিল — আর সময় নাই। জানালা দিয়া চাহিয়া দেখিল, পশ্চিম কোণে চাঁদ অন্ত যাইতেছে — জ্যোৎস্না উহারই ছংখের মত ফ্যাকাসে, বিবর্ণ হইয়া আসিয়াছে। একটুথানি জ্যোৎস্না রাখ-র গায়ে আসিয়া লুটাইয়া পড়িয়াছে—সে-জায়গাটিতে হাত রাখিয়া কুঞ্জ রাখকে স্পর্ণ করিল। এই অপরিচিত ছেলেটির জন্ম কুঞ্জ-র মাতৃত্বেহ যেন সহসা বিধুর হইয়া উঠিল, ধীরে-ধীরে রাখ-র কপালে একটি স্বল্পমুট চুগুন রাখিয়া সে উঠিয়া দাড়াইল। বেড়ায় কান

পাতিয়া শুনিল, খুব বড়-বড় নিশাস টানিয়া পঞ্ তথনো নিশ্চিম্ভ শারামে ঘুমাইতেছে — হয় ত' কুঞ্চকে লইয়া নিকদেশ পাড়ি জমাইবার স্বপ্ন দেখিতেছে, তাই মুখে একটি প্রসন্ন প্রশান্তি আসিয়াছে ! কুঞ্চ রাখকে আবেকবার দেখিয়া লইয়া দরজা খুলিয়া বাহিরে আসিয়া দাঁড়াইল। পঞ্চ টের পাইল না।

উঠান ছাড়াইয়া কুঞ্জ রাস্তা লইল, পিছে পিছে কেহ আসিতেছেনা ত' ? বারে-বারে কুঞ্জ পিছন চায়, আর তাড়াতাড়ি করিয়া পা চালাইবার চেষ্টা করে। উহার কেবলই মনে হয়, কে যেন প্রার্থনাব্যাকুল দৃঢ় নিষ্ঠুর বাহু মেলিয়া উহাকে ভাকিতেছে, —পিছনে ও সমূথে তুই জায়গা হইতেই। পিছনের আহ্বান অবহেলা করিয়া কুঞ্জ উন্মুখ সম্মুথে বাঁপ দিবার জন্ম চলিল।

এত দিন এখানে রহিল,—এত করিয়াও নিকুঞ্জ-র দেখা মিলিল না। তবে কি নিকুঞ্জ এখানে নাই ? এ জায়গা চাড়িয়া তাহার কোথাই বা যাইবার আছে ? —কুঞ্জ পথ ভাঙিয়াই চলিল। এই পথ ধরিয়া বরাবর গেলেই মিহিরকান্দি পৌছুনো যায়,—এ-কথা পঞ্চুর কাছ হইতে কতবারই ও জানিয়া লইয়াছিল। এই পথই কুঞ্জ-র শেষ প্রত্যাশা —এ-পথই কুঞ্জ-র পরমমহান কাবাস্ষ্ঠি।

ভোর হইতে বেশি বাকি নাই, সলজ্জা গ্রামবধৃটি তথনো যেন অবগুঠন মেলিয়া ধরিতে পারিতেছে না, স্থার সঙ্গে তাহার শুভদৃষ্টি হইবে। রাত্রিটুকু থাকিতেথাকিতেই কুঞ্জ-র মিহিরকান্দি পৌছনো চাই। মিহিরকান্দি পৌছিয়া কি করিয়া নিকুঞ্জকে দেখিয়া লইবে, তাহারই নানারকম কন্দি আঁটিতে গিয়া বারে-বারেই শিহরিয়া উঠিতেছিল। ইাটিতে-ইাটিতে উহার পা ভাঙিয়া পড়িতেছে, তবুও বিরাম মানিতেছে না। যতই চলে, ততই পথ যেন আর ফুরাইতে চায় না, উহার আশার মত পথও যেন অসীম হইয়া উঠে।

রাতের সর্বশেষে অন্ধকারটুকু বোধকরি কুঞ্জ-রই চোথের জলে নাহিয়া লইবার জন্ত প্রতীক্ষা করিতেছিল। মিহিরকান্দিতে আদিয়া কুঞ্জ কোথায় কাহারও পাতা পাইল না। দিশাহারার মত কুঞ্জ চারিদিকে চাহিতে লাগিল,— যেন উহার চোথের সম্থ হইতে সমস্ত পৃথিবী কপুরের মত উবিয়া গেছে, ও যেথানে দাঁড়াইয়া আছে তাহারই নীচে যেন পাতাল হাঁ করিয়া বহিয়াছে। কোথায় বা সেই ঘরছয়ার, কোথায়ই বা নিকুঞ্জ! সমস্ত মাঠ বিরহী চিত্তের মত থা থা করিতেছে। সেই পরিচিত প্রক্র-মাঠ,—কিন্তু বাড়িঘরের চিহ্নটুকু পর্যন্ত নাই,—যেন ঝড়ে সব লোপাট হইয়া গেছে—থালি গৃহহীন ভিত্তিগুলি সিন্দুরহীন বিধবাললাটের মত নিঃশব্দে হাহাকার করিতেছে। সেই উন্মীলীয়মান উবালোকে কুঞ্জ-র কঞ্জণ কণ্ঠে

চীৎকার করিয়া উঠিতে ইচ্ছা হইল—যেন সেই আর্তনাদে সমস্ত জলম্বল নিকুঞ্জ-র কণ্ঠস্বরেই প্রতিধ্বনি করিয়া উঠিবে !

দক্ষিণের ভিটার কাছে দেই পেঁপে-গাছটি দাঁড়াইয়া আছে —ভারি বিবর্ণ চেংারা,
—উঠানে কত যে আগাছা বাড়িয়াছে তাহার অন্ত নাই —কুঞ একটা মাটির টিপির উপর বিদয়া পড়িল। একদিন ছোট ভাইটির মৃত্যুসংবাদ শুনিয়া কুঞ এই টিপির উপর বিদয়া কত কাঁদিয়াছে, নিকুঞ্জ পাশে বিদয়া কত সাস্থনা দিয়াছে সেই সব কথা ভাবিয়া কুঞ্জ-র তুই চোখ ছাপাইয়া জল পড়িতে লাগিল। সেই দিনগুলিকে কি আর ফিরাইয়া পাওয়া যায় না ? কোথায় গেলে নিকুঞ্জকে পাওয়া যাইবে ?—কুঞ্জ-র চোথে নিকুঞ্জ আকাশের স্থর্গের মত বড়ো হইয়া দেখা দিল। সেই আবির্ভাবের জ্যোতির্ময় আক্ষিকতা ও যেন আর সহিতে পারিতেছে না।

নদীর পারে কুঞ্জ যখন আসিয়া পৌছিল, তখন একটা নৌকা যাত্রী লইয়া চন্দন-গঞ্জে যাইবার জন্ম তৈরি হইয়াছে। কুঞ্জ মাথায় ঘোম্টা টানিয়া তাহাতে চাপিয়া বিদল।

পরে চলদনগঞ্জ হইয়া কুঞ্জ শহরে ঘাইবার জন্ম ট্রেন লইল। একটা প্রায়ান্ধকার কুঠরীতে বিসিয়া কুঞ্জ আপন মনে থিলথিল করিয়া হাসিয়া উঠিল। সমস্ত বাাপারটা এখন তাহ'র কাছে একটা বিরাট প্রহসনের মত ল গিতেছে। সে নিজেকে উপহাস করিল, পঞ্চুকে উপহাস করিল। এত দিনে কত টাকা ধে লোকসান হইয়াছে তাহার সংখ্যা নির্ণয় করিতে গিয়া ও মনে-মনে ভাগাকে ভৎ দনা করিল। শহরে গিয়া বিধ্ব সঙ্গে কথা কহিবার সময় সমস্ত ব্যাপারটায় কিরপ রঙ চড়াইবে তাহাই ভাবিতেভাবিতে ও তর্ময় হইয়া গেল।

নিকুঞ্জ-র সঙ্গে দেখা হয় নাই—তাইতেই ত' আজ ও নিজেকে একেবারে পরিপূর্ণভাবে মৃক্ত ও রিক্ত মনে করিতেছে। কিন্তু, নিকুঞ্জ-র সঙ্গে এত দিনেও উহার দেখা হইল না, এত কাছে আসিয়াও, - এই কথাটিও কুঞ্জ ভূলিতে পারিতেছে কই ?

গাড়ি তথন চলিতে স্থক করিয়াছে। কিসের একটা শব্দ হই তই কুঞ্চ চমজিয়া চাহিয়া দেখিল, পঞ্চলন্ত গাড়িতে লাফাইয়া উঠিয়া মাটি হই তে রাথকে টানিয়া তুলিতেছে। নিমেৰে কুঞ্জ-র মুখ ছাইয়ের মত পাংগু হইয়া গেল।

## कुछ-त्र मृक्ति नारे।

माता পথ কেই काराखा मक्त्र कथा क्टर नार,--यन हिंदारे ना। श्राप्त वाकि

এগারোটার সময় গাড়ি বখন কলিকাভার ছ্য়ারে পৌছিল, পঞ্ নামিরা পড়িয়া প্রশ্ন করিল: এখন কোখায় যাবে ?

কণ্ঠবরে অভাবনীয় স্বস্তুতা নিয়া কুঞ্জ কহিল,— আপাতত আমার ঘরেই চল. কাতটা সেখানে কোনো রক্ষে কাটিয়ে সকাল বেলা ধা-ছোক একটা বন্দোবস্তু করা ধাবে 'খন।

ইক্সপুরীর কল্পনা করার সাধ্য পঞ্চুর নাই, তাই শহর দেখিয়া পঞ্চুর বিশ্বিত না হইবার কিছুই ছিল না, কিন্তু কুঞ্জ-র এই কথায় পঞ্চু বেন সেই ইক্সপুরীর রাজত্ব পাইয়া বিদিল। কুঞ্জ এমন ভাবে কথাটা কহিল যেন তাহারা বহু পরামর্শ করিয়া বহু দৃর দেশ হইতে ত্ইটি বিচ্ছিন্ন নদী-রেখার মত প্রবাহিত হইয়া এখানে আদিয়া মিলিয়াছে। প্রাটকর্ম পার হইবার সময় কুঞ্জ বা হাতে রাখকে টানিয়া ধরিয়া ভান হাতে ঘোষ্টাটা ম্থের উপর থানিক নামাইয়া দিয়া পঞ্চুর হাত ধরিবার জন্ম বাড়াইয়া দিল—কে বলিবে কুঞ্জ পঞ্চুর স্বী ছাড়া আর কিছু ? এত মমতার সহিত এত আত্মীয়তার সহিত পঞ্চুর হাত আর কে ছুইয়াছে ?

আনাড়ী পঞ্চুকে দিয়া কিছু হইবে না,—তাই রাস্তায় পড়িয়া কুঞ্চকেই গাড়ি লইতে হইল। ঠিকানা জানিয়া লইয়া সহিস্ লাগাম টানিয়া দিল।

সারা রাস্তা কুঞ্চ অবিশ্রান্ত বকিয়া চলিয়াছে। পঞ্চুকে এই কথা বুঝাইতে আর বাকি রহিল না যে, পঞ্চুরই জক্ত ও পঞ্চুরই হাত ধরিয়া ভরসাহীন ভাবস্থাতের নদীতে সাঁতার কাটিবে। ও যে মোটেই একাকী পলাইয়া আসিতেছিল না, মিহিরকান্দিতে কুস্মির থোঁজ করিয়া উহার কলিকাতা বাইবার আগে উহাকে গাড়িতে তুলিয়া দিতে আসিয়াছিল মাত্র, এবং উহার পাশে যে প্রগাল্ভা গ্রাম্য কিশোরীটি বসিয়াছিল সেই যে কুস্ম, ( যাদও সে কলিকাতার আগেই নামিয়া গিয়াছে ) পঞ্চুকে গাড়িতে ঠিক সময়ে উঠিতে দেখিয়া উহার যে আনন্দে আর নামিয়া যাইতে ইচ্ছা হইল না, কলিকাতাতেই যে নৃতন সংসার পাতিবে — এই ভাবে সমস্ত ব্যাপারটার ব্যাখ্যা করিয়া কুঞ্চ পঞ্চুকে একেবারে জল করিয়া দিল। নিজের সোভাগ্যের কথা বিশাস করিবার মত স্বথ বোধ করি মান্থবের আর কিছুই নাই,— সেই সোভাগ্য বতই কেন না অসম্ভব হোক। মান্থব যত অসহায়, ততই বিশাসপরায়ণ।

সেই বিশাস করিয়াই পঞ্ কুঞ্জ-র নির্দেশমত একটা সরু গলির মাধায় একটা তেতলা বাড়ির দোর-গোড়ায় নামিয়া পড়িল। কলিকাতার গরিব পাড়ায় তিনটি প্রাণীর বাসোপযোগী একখানা মেটে ঘরের কত ভাড়া হইতে পারে, একটা চাক্রি-বাক্রি জুটাইয়া লইতে পঞ্কুর যতদিন দেরি হইবে সেই কয় দিন কুঞ্জ-ম কয়খানা গয়না বাধা পড়িতে পারে, রাখকে ইস্কুলে পড়াইয়া মাহুষ করিতে কয় বছর লাগিবে

এবং কতদিনে সেই টাকাটা রাখকে দিয়া উন্থল হইবে — কৃষ্ণ গাড়িতে বসিয়া বসিয়া তাহারও হিসাব করিয়াছে। একটি সেবান্নিগ্ধ-সংসার-নিকেজনের স্থপ্প দেখিয়া-দেখিয়া পঞ্চুর নিশ্বাস ভারি হইয়া উঠিল।

কৃষ্ণর পদাহসরণ করিয়া সিঁজি বাহিয়া রাখ ও পঞ্চু উপরে উঠিতে লাগিল। কিলিকাতার একটা ষ্টেজে মফংখল হইতে কতগুলি লোক থিয়েটার করিতে আসিয়াছিল, —কাল তাহাদের থিয়েটার শেষ হইলেও গলাবাজি এখনও শেষ হয় নাই, আজ রাত্রে ছয় সাত জন মিলিয়া বাছিয়া-বাছিয়া বিধু-র ঘরেই ফুর্তি করিতে আসিয়াছে। বিধু-র ঘরে ফরাস বিচাইয়াও এত লোক ধরিবে না বলিয়া বিধু-র অফরোধে বাজিউলি কৃষ্ণর ঘরের দরজা খুলিয়া দিয়াছিল; চাই কি আজিকার মত রোজগার বিধু-র যদি মাসে সাত দিন হয়, তাহা হইলে এই বরই উহার কায়েমি হইয়া বাইবে। —দরজার কাছে হঠাৎ কৃষ্ণকে দেখিয়া বিধু ও তাহার সঙ্গীগুলি সমন্বরে উল্লাসধ্বনি করিয়া উঠিল, বিধু চীৎকার দিল আনন্দে, কৃঞ্জ-র আকন্মিক মাবির্ভাবে; লোকগুলি চেঁচাইল নেশার তাড্যে, আরেকটি সঙ্গিনী পাইবার সলোভ সম্ভাবনায়। কৃষ্ণকে পাকডাও করিরা ঘরের মধ্যে ছিনাইয়া লইবাব জন্ম লোকগুলি হঠাৎ দরজার সন্মথে ভিড় করিয়া আসিল।

একজন বলিয়া উঠিল: চলে' এদ দজনি, এক ঢোক এক টাকা করে'। খাবে যত, পাবে তত—

এই সব মাতালের নির্লক্ষ আচরণে ক্স একট্ও ভড কাইল না, বরং যাহা করিয়া বিদিল তাহার যেন আর তৃলনা নাই। বিশ্বয়ক্তিত পশ্চাংবর্তী পঞ্চকে দেখাইয়া কুষ্ণ মাতালগুলিকে লক্ষ্য করিয়া বলিয়া উঠিল: আমাকে আপনারা বাঁচান, আমাকে বাঁচা বিধু —বলিতেই-বলিতেই কুম্ব কাঁদিয়া ফেলিল আর কি।

—কেন, কেন, কি হয়েছে ?

সকলে কুঞ্জকে ঘিরিয়া দাঁডাইল।

কুল্প-র বিপদ যতই গুরুতর হোক না কেন, পঞ্চু আজ আর তাহার রক্ষাকর্তা নয়। তাই পঞ্চরই চোথের উপর আঙুল উচাইয়া কুল্প আহত কর্কশ কর্চে বলিল,— এই লোকটার থপ্পর পেকে আপনার। আমাকে বাঁচান – এই লোকটা আমার সর্বনাশ করেছে, আমাকে মদের সঙ্গে বিষ থাইয়ে মেরে ফেল্তে চেয়েছিল, আমার জিনিসপত্র গয়নাগাঁটি সব কেড়ে নিয়েছে। তব্ ওর থাঁই মেটে না, এখানে পর্যন্ত ধাওয়া করে' এসেছে—

দৃপ্ত কণ্ঠখনের সঙ্গে কৃঞ্জ-র সমস্ত দেহ কাঁপিয়া উঠিতেছে। মৃহুষ্ঠ মধ্যে যে কী হইয়া গেল তাহা আয়ত্ত করিয়া লইবার মত অবদর পর্যন্ত পশ্ব মিলিল না,—একবার মাত্র মনে হইল সমস্ত কলিকাতা-শহরটা বেন স্ষ্টির প্রদোষকালে আদিয়া টুক্রা টুক্রা, ছিন্নভিন্ন হইয়া ষাইতেছে। মুহূর্ত-মধ্যে লোকগুলি কাণ্ডাকাণ্ড জ্ঞান হারাইয়া পঞ্চুকে আক্রমণ করিয়া বদিল। সেই আক্রমণের হিংম্রতার চেয়ে অপ্রত্যাশিত আকম্মিকতাই পঞ্চুকে বেশি অভিভূত করিয়া ফেলিল,—এত বড় সর্বনাশের জন্ম পঞ্চু মোটেই তৈরি ছিল না, এবং সেই সর্বনাশের চেহারা দেখিয়া স্বয়ং কুঞ্জ-ই আতক্ষে আর্তনাদ করিয়া উঠিল।

ইহারই মধ্যে বিধু শুধু একবার পুলিশ ডাকিয়া তাহার হাতে পঞ্চুকে সমর্পণ করিবার কথা তুলিয়া তাহার কিঞ্চিং বৃদ্ধিমন্তার পরিচয় দিয়াছিল। কিন্ধু আইন যাহারা নিজের হাতে লইয়াছে তাহারা পরের কাছে নালিশ করিয়া নিজেদের তুর্বলভার প্রমাণ দিতে চাহে না। তাই সোভার বোতল, ডিকাণ্টার, ট্রে, জূতা, চেয়ার — কিছুরই অভাব হইল না; সপ্তর্থী-বেষ্টিভ অভিমহার মত পঞ্চু একটা ঢিলও কুড়াইয়া পাইল না — অপমানে যঞ্জণায় চাংকার করিতে গিয়া কুঞ্জ-র কাছেই করুণ কর্পে ককাইয়া-ককাইয়া সাহায্য চাংহয়া বিদল।

পৃথিবীতে সব কিছুরই শেষ আছে, তাই পঞ্চর-ও লাঞ্চনার একটা সমাপ্তি মিলিল। কিন্তু সেই সমাপ্তি আয়ুর সমাপ্তির অত্যন্ত সমীপবর্তী বলিয়াই পঞ্চর মনে হইল। কতক্ষণ ঝিম্ থাইয়া বিসিয়া থাকিয়া ত্ই হাতে মাথার রক্ত মৃছিতে-মৃছিতে পঞ্
অন্ধকার সিঁড়ি দিয়া নামিয়া যাইবার জন্ম পা বাড়াইল, কিন্তু পা চলিতে চাহিবে
কেন ? পঞ্চাল সামলাইতে পারিল না।

এই এক মন্দ ফ্যাসাদ হইল না, —কুঞ্জকেই ফের শুশ্রাষা করিতে হইতেছে। শুধু ঘাড় ধান্ধা দিয়া বাহির করিয়া দিলেই চলিত। নিজে যত বড়ই বিশ্বাসঘাতকতা কক্ষক না কেন, তাহার মধ্যে পাপের চেয়ে কৌতৃকই বোধকরি বেশি ছিল, কিন্তু সেই কৌতৃকের সাক্ষী হিসাবে একেবারে মৃত্যুকে নিমন্ত্রণ করিয়া আনিতে হইবে, এত বড় নিষ্ঠুরতা বিধাতাকে মানাইলেও নগণ্য কুঞ্জকে মানায় না। অগত্যা, পঞ্চুর রক্তাক্ত মাথাটাকে কোলের উপর তুলিয়া লইয়া কুঞ্জকেই বরফ লাগাইতে হইল।

হায়, নির্বোধ নিশ্চেতন পঞ্চ তাহা জানিতেও পারিল না। জানিতে পারিলে হয় ত' এমনি ভাবেই শুইয়া থাকিতে-থাকিতে ইহকালের জন্ত আর জাগিতে চাহিত না।

বাড়ির আর সব বাসিন্দারা (মায় বাড়িউলি) এই অভাবনীয় ব্যাপারে একেবারে ঘাবড়াইয়া গেছে। তাই পঞ্চুর একট্ জ্ঞান হইতে না হইতেই একটা লোক একটা পাড়ি লইয়া আসিল। পাঁজাকোলে করিয়া পঞ্চুকে তাহারই মধ্যে ঠেলিয়া-ঠুলিয়া

বসাইয়া দিল। গাড়োয়ান ছাড়া সঙ্গে আর লোক রহিল না, – গাড়োয়ানকে ভারি রকমের বকশিস্ দেওয়া আছে।

পঞ্র তিরোধানের পর বিধুর ক্তি আর জমিল না,— মদের সঙ্গে মান্তবের রক্ত মিশিয়াছে। কুঞ্চ এক ফাঁকে খোলা বারান্দায় নিজের আঁচল পাতিয়া ভয়ার্ত স্তন্তিত রাখকে বৃকে লইয়া ভইয়া পড়িল। মাতালগুলি ক্তি জমাইবার আশায় কুঞ্চকে খুঁজিয়া ফিরিতেছিল। শেষকালে বারান্দায় এক পার্যে শায়িত নারীমূর্তি দেখিয়া কুঞ্চকে চিনিয়া লইতে উহাদের দেরি হইল না। কুঞ্চ একটি কিশোর বালককে বৃকে জড়াইয়া ধরিয়া য়ৃত্তগুইের মা'র মতই খেন ঘুমাইতেছে। সেই অবস্থা হইতেই মাতালগুলি হয় ত' কুঞ্চকে হাত ধরিয়া টানিয়া তুলিত, কিন্দু বিধু গিয়া বাধা দিল। শত হইলেও বিধু মা'র মর্যাদা রাখিতে জানে।

এদিকে, পঞ্চর যথন জ্ঞান হইল, আকাশে চাঁদ অন্ত যাইতেছে। পথে উহাকে কে বে কথন শোয়াইয়া দিয়া গেছে থেয়াল নাই,— নির্জন পথ, একটা গাড়িও চলিতেছে না। পঞ্চর অত্যন্ত পিপাসা বোধ হইল; বহ কটে ফুটপাথ হইতে একটু সরিয়া আসিয়া মৃথ বাড়াইয়া নর্দমাটার নাগাল পাইল। জিভ দিয়া কতগুলি তুর্গন্ধ কাদা লেহন করিতে-করিতে হঠাৎ উহার অভ্রভেদী মূর্থতার কথা মনে পড়িয়া গেল, —ইচ্ছা হইল ফটপাথের পাথরের উপর মাথাটা ঠুকিয়া-ঠুকিয়া শরীরের বাকি রক্তটুকুও বাহির করিয়া দেয়। কিন্তু শরীরে তাহার ততটুকু শক্তিও আর নাই।

তব্ও, কুঞ্জ-র অব্যাহতে কোথায় ? রাথ উহাকে বাঁধিয়া রাখিয়াছে।

রাথকে লইয়া এ এক নৃতন বিপদ হইল। এই বাড়িতে উহাকে লইয়া বাস করা কেমন করিয়া সম্ভব হইতে পারে গুকুঞ্জকে কি তাই বলিয়া দোকান গুটাইতে হইবে নাকি গুকোথাকার কে রাথ তাহার জন্ম না খাইয়া মরার মত সন্তা মাতৃত্বেহ কুঞ্জ-র নাই।

কুঞ্জ আবার নৃতন করিয়া দোকান জাঁকাইয়া তোলে — চাকর দিয়া সমস্ত ঘর ফিট্ফাট্, দেয়ালে চুণকাম করিয়া লওয়া চাই। সম্ভব হইলে এ-বাড়ি ছাড়িয়া ষাওয়াই ঠিক হইবে — এতাদনের গা-ঢাকার পর এ-বাড়িতে হয় ত' আর পসার জামিবে না!

সে-দিন সন্ধাবেলা কুঞ্চ রাস্তার ধারের জ্ঞানালার কাছে চুপ করিয়া বসিয়া ছিল। রাথ কোপায় একটু বেড়াইতে গিয়াছে, কুঞ্চ বারে-বারে উহাকে সাবধান করিয়া।

দিয়াছে যেন ভূলক্রমেও ফুটপাথ ছাড়িয়া রাস্তায় না নামে,— যেন নাক-বরাবর থানিকটা পিয়া আবার পেছনে ফিরিয়া সোজা বাড়িতেই চলিয়া আসে—উহার মা উহার জন্ম উহার জন

কে উহার মা ? কুঞ্চ কি ছাই তাহা ভাল করিয়া জানে ? ও ত' কুঞ্চরই মত গৃহহীন, বৃস্কচ্যত। একদিন এই আশ্রেরহীনতাই কুঞ্চকে উন্মন্ত করিয়া তুলিয়াছিল,— পৃথিবীতে আপনার বলিতে কেহ নাই এই চিন্তার মধ্যে বোধকরি একটা বৈরাগ্যপূর্ণ স্বাধীনতা আছে,—কুঞ্চ এই স্বাধীনতারই উপাসিকা ছিল। কৃঞ্চ নিজেকে স্রোতের ফুলের সঙ্গে তুলনা করিত, যেন ও এই স্পেষ্টর প্রবাহে গা ঢালিয়া দিয়াছে.— নিরাশ্রয়, বৃস্কহীন, বিগতসোরভ! নিজের পরিণাম চিন্তা করিয়া কুঞ্চ আর-আর সবাইর মত শিহরিয়া উঠিত না; পিছন হইতে কেহই উহাকে ডাকিবার নাই, সন্মুখেও কেহ উহাকে ইসারায় পথ দেখাইয়া দিবে না, ও স্বচ্ছন্দগামিনী জলধারার মত ভাসিয়া চলিবে। উহার আকাশে উষা নাই, সন্ধ্যাও কবে আসিবে কে জানে.— ও সধ্যাহের প্রথব রোল্রে পাথা মেলিয়া দিয়াছে।

জানালা দিয়া প্রকাণ্ড জনপ্রবাহের দিকে চাহিয়া থাকিতে থাকিতে কুঞ্জ-র হঠাৎ মনে হইল, যেন অতি নিকটেই রাথ-র মা'র বাসা। রাথ রাস্তায় বাহির হইতেই উহার চিরপ্রতীক্ষমানা বিষাদিতা মা উহাকে চিনিয়া ফেলিয়া ধরিয়া রাথিয়াছে। হঠাৎ মনে হইতেই কুঞ্জ-র আপাদমস্তক শিহরিয়া উঠিল, যদি রাথ আর ফিরিয়া না আসে! কুঞ্জ তাড়াতাড়ি উঠিয়া রাস্তায় চাকর পাঠাইয়া দিল—চাকর রাথকে ভাল করিয়া চেনে না,—তব্ও কুঞ্জ-র যে স্বস্তি নাই। সন্তানবিরহবাথায় কুঞ্জ একেবারে অস্থির হইয়া উঠিয়াছে।

রাথ ফিরিয়া আসিল বৈ কি। কুঞ্চ তুই হাত দিয়া রাথকে একেবারে বুকে চাপিয়া ঝরঝর করিয়া কাঁদিয়া ফেলিল। রাথ মুথ তুলিয়া লইয়া চক্ষ বড়ো করিয়া বলিতে লাগিল: দেই পয়সাটা দিয়ে নাগরদোলা চড়ে' এলাম মা. তাইতেই ত' দেরি। কত মা গাড়ি, কত মোটর, —ওদের সঙ্গে পাল্লা দিয়ে আমারো ছুটতে ইচ্ছা করে। আমার জন্যে এত ভয় কিদের মা, আমি কি কচি থোকা নাকি, আমার নাক টিপলে তুধ পড়ে ? তুমি যে মা আমার চেয়েও ছেলেমান্তব। বলিয়া রাথ নিজের ছোট শার্টিটা তুলিয়া কুঞ্জ-র চোথের জল মুছাইয়া দিতে লাগিল।

রাত্রে কুঞ্জ আর বাঁধে নাই,—চাকরকে পাঠাইয়া ময়রার দোকান হইতে খাবার কিনিয়া আনিল—রাথ প্রথম এই লুচি থাইতেছে। রাথকে নিজ হাতে থাওইয়া আঁচাইয়া নিজের কোলের উপর শোয়াইয়া দিল।

পাশের ঘরের বিধু কৃঞ্জকে ত্রে খেলিবার জন্ম অন্মরোধ করিতে আসিল—

ভাহাদের একজন থেড়ু কম পড়িয়াছে। কুঞ্জ-র ষাইতে ইচ্ছা হইতেছিল না, কিন্তু বিধু যথন উহার অস্বাভাবিক সেহের উপর বিজেপবাণ বর্ষণ করিতে লাগিল, তথন কুঞ্জ নিজের মনেই হাসিয়া উঠিল। সতাই ত'ও নিতান্ত বাড়াবাড়ি করিতেছে,—এই অনাস্বাদিতপূর্ব সেহের জন্ম ও কোনোকালে প্রস্তুত ছিল না, তাহার জন্ম না ছিল সাধনা, না বা ছিল অস্তুলীন এইটি আয়ব্রাতীত আকাজ্জা; কুঞ্জ-র অতীত জীবনের সঙ্গে ইহার সঙ্গতি নাই, ঘর ছাড়িয়া বাহির হইয়া পড়িবার মতই ইহা বিশ্বয়জনক। তাই কুঞ্জ বিধু-র রসিকতার কোনো পান্টা জবাব না দিয়াই উহার ঘরে গিয়া তাস কুড়াইয়া লইল।

বিধু ঠাট্টা করিয়া বলিল,—সেই যে আছে না—

উ ক্লেণেছে ঝড়ো হাওয়া,
হাল ছেড়ে দে, খাকুক বাওয়া
পা ছড়িয়ে বাজাই বালি,
জলের ডলেই কালীবানা!

ওঁর হয়েছে সেই দশা। কোথা থেকে এক ছেলে কুড়িয়ে এনে উনি একেবারে বাল্মীকির তপোবনের সীতা হ'য়ে উঠ্লেন। গেল ব্যবদা, গেল ফুর্তি! ফ্যা ফ্যা করে' মর্বি কুঞ্জ, এখনই ত' গুছিয়ে নেবার সময়। নইলে দেথ্লি ত' চোথের গুপর কাদি-মাসির মরণটা—

সত্যই ত', কুঞ্জর বোকামির আর শেষ নাই, পথের থেকে একটা দোনার শিকল কুড়াইয়া আনিয়া গণায় ফাঁসি দিয়াছে। কুঞ্জ হাসিতে-হাসিতে সাম্নের টেবিলের উপর হইতে মদের গ্লাশ তুলিয়া চুমুক দিল।

বিধু বলিল,—যদি বলিস ত' ছোড়াটাকে একটা বিড়ির দোকানে চুকিয়ে দি। বেহাই পাবি কুঞ্জ, রেহাই পেয়ে হাই তোল্—আমরাও আগের মতো ত্' এক ফোঁটা পেসাদ পাই।

রাথর মত না হইলেও মদ কুঞ্জ ভালবাদে। কিন্তু আর থাইতে তাহার দাধ হইল না। রাথ বিভির দোকানে চুকিয়াছে, ঘাড় কামাইয়া চুল ছাঁটিয়া পথের নোংরাছেলেগুলির দঙ্গে শিদ দিতে দিতে পাড়া বেড়াইতেছে, থাবারের পয়সা দিয়া তাড়ি থাইয়া নর্দমায় গড়াগড়ি ঘাইতেছে—ভাবিতে কুঞ্জ একেবারে ভয়ে ত্রথে ঘামাইয়া উঠিল মদ করিবার জন্ম যিনি দ্রাক্ষা স্বষ্টি করিয়াছিলেন, সৌন্দর্যলানে স্লিয় ও পবিত্র হইবার জন্মই বৃঝি তিনি বারাঙ্গনার বুকে মাতৃত্বেহ দিলেন। কুঞ্জ অপ্র দেখিলেও তাহা অলভেদী হিমালয়কে নিশ্চয়ই স্পর্শ করিতে পারে না, তাই রাথকে বড় জ্বোর একটি সাধারণ স্বল্পবিত্র কোরাণী-রূপেই কল্পনা করিয়া তাহার স্থথের আর

মতে নাই। ছোট সংসারে পরিমিত জীবনষাপন, স্বন্ধ, সংষত ও সহজ্ঞ রাখ-র জন্ত মনে মনে ও এই ছবিটিই ফাঁকিয়া রাখিয়াছে। নিজলুষা উষার মত একটি নম্র নতচক্ মেয়ে রাখ-র জন্ত অনির্বাণ একটি মমতা লইয়া আসিবে, একটি অবিচল নিষ্ঠা, একটি স্থকোমল সান্ধনা, কুঞ্জ ইহার চেয়ে বেশি আর কী প্রার্থনা করিতে পারে ? ও নাহ্ম কাদি-মাসির মত পচিয়া পচিয়া এক-একটা করিয়া অঙ্গ থসিতে থসিতে মারা যাইবে, রাথ একটি শুচিম্মিতা সতী মেয়ের স্থমির সারিধ্য ও সঙ্গ লাভ করিয়া জীবনে উজ্জ্বল হইয়া উঠুক,—কুঞ্জ-র মনে হয়, এই দায়িত্ব যেন বিধাতা উহার স্থম্মে স্থাপন করিয়াছেন। কথাটা মনে হইতেই কুঞ্জ হঠাৎ হাতের তাসগুলি চিৎ করিয়া ফেল্মা উঠিয়া দাড়াইল।

এই বারেই বিবি পড়িত, বিধু বিরক্ত হইয়া বলিল, — কি হ'ল আবার—
কুঞ্জ আঁচলটা গুছাইয়া লইয়া কহিল, ছেলেটার মশারি টাঙানো হয়নি, আসচি
টাঙিয়ে —

বিধু পা দিরা সবগুলি তাস ঠেলিয়া দিয়া কহিল, আর আসতে হ'বে না। তবু খদি নিজে পেটে ধরতিস্, অত ফাঙলাপনা করে' বেড়াতে হ'ত না। -

কুঞ্জ নিজের ঘরে আদিয়া আলো নিবাইয়া চুপ করিয়া বদিয়া রহিল। ও যে কি করিবে কিছুই বুঝিয়া উঠিতে পারিতেছে না। ও যথন মিহিরকান্দি হইতে পলাইয়া আদিবার সময় উৎফুল্ল হইয়া ট্রেনে চাপিল, তথন উহার কক্ষণাহীন পিপাসার্ত অতীত জীবনটাই ত' উহাকে আবার লুক করিয়াছিল সেই লোভের মধ্যে মাদকতার ত' এতটুকু অভাব ছিল না। পঞ্চকে ও ভালবাসে নাই, তাহাকে খেদাইয়া দিয়া ও এতটুকুও খেদ অফুভব করিতেছে না, বরং ভৃপ্তিই লাভ করিয়াছে। কিছু এই ফুর্বল ভীক ছেলেটার শিথিল আলিঙ্গন হইতে নিজেকে মৃক্ত করিয়া লগ্যা কি এতই কঠিন? কোথা হইতে একটা কাঙাল ভিক্ককে উহার সম্মুখে দাঁড় করাইয়া দিয়া বিধাতা উহার হৃদয়ে অজন্ম স্বেহ্মধা ঢালিয়া দিলেন; কঞুস্ কুঞ্জ আত্ত সহসাল একেবারে উদ্ধার দানশীলতায় ফতুর হইতে চায় কোন্ সাহদে?

ঘুমন্ত রাখ-র গায়ে হাত ব্লাইয়া দিতে-দিতে কুঞ্চ ভাবিতে লাগিল—জীবনে ও এমনিই একটি ছায়া চাহিয়াছিল, প্রীমাবসানে একটি বিস্তীর্ণ ও স্থাীতল মেঘছায়া। আজ যদি বিশ্বতির চিতাভশ্ব হইতে নিকুঞ্চ আসিয়া উহাকে কের ভাক দেয়, তবে ও কখনই রাথকে ফেলিয়া স্বামীর অনুগামিনী হইতে পারিবে না। সতা কথা বলিতে কি, ও ত' স্বামীর জন্মই স্বামীকে ভালবাসে নাই, এই সম্ভানের জন্মই ভালবাসিয়াছিল; ও, তাই ভালবাসিতে এত ভাল লাগিয়াছিল। তাই সেদিন কুঞ্চ খখন মিহিরকান্দিতে লুকাইয়া গিয়া গৃহহীন শৃন্ত ভিটাগুলির উপর দাঁড়াইল, তথন

নেথানে রোন্ত্রের রিজতা বিরাজ করিতেছিল,—কুঞ্জ নৃতন মৃক্তির আনন্দে হাততালি দিয়া উঠিয়াছিল আর কি। কিন্তু বিধাতা তাঁহার স্নেহসিক্ত কল্যাণকর পর্শের মত রাখ-র বৃত্তৃক্ হৃদয়টি কুঞ্জ-র কাছে পৌছাইয়া দিয়াছেন, প্রত্যাহার করিবার মত শক্তি কুঞ্জ-র কোথায় ? এরপ কেন হইল—কুঞ্জ কেন কাদি-মাসির মত পচিয়া-পচিয়া মরিবে না ?

রাথ-র ললাট চুম্বন করিতে কুঞ্জ নত হইল। কিন্তু এইমাত্র মদ থাইরা ঠোঁট ছুইটা নিশ্চয় কল্ষিত হইয়া আছে,—কুঞ আলো জালাইয়া জল লইয়া মৃথ ধৃইতে বিদিল।

বাড়িউলি থেঁকাইয়া ওঠে: ছেলে নিয়ে আদিখ্যেতা করবার জায়গা এ নয় বাপু। সম্নেদিনি হ'তে হয়, শিবমন্দিরের উঠোনে পাকুড়তলায় বসে' গাঁজার কল্কে ধর গে, — না-হয় ছেলের হাত ধরে' ভিথ মাগ' গে যাও,—হেতায় এ সব পোষাবে না। দেড় মাসের ওপর হ'য়ে গেল ভাড়া বাকি,—তোমায় বসে'-বসে' জিরোবার জন্ম আমি দোর থোলা রাথ ব চল্বে না বাপু, তুমি পথ দেখ। পালের গলির স্থালা আস্বে বলেছে পায়ব্রিশ টাকা দেবে, দিভেও পারবে, তাকেই আমি আনব। তুমি তোমার ছেলে কোলে নিয়ে রাস্তায় নেমে ধেই-ধেই কর গে যাও। সাত দিনের মধ্যে ভাড়া চুকিয়ে যদি না সর, তবে আমাকে পুলিশ ডাকতে হ'বে।

নিশ্চরই, ভাড়া দিতে হইবে বৈ কি, কিন্তু কোথা হইতে দিবে ? বেচিবার মত গহনাও তেমন তাহার নাই, গলায় যে মটর-মালাটা আছে তাহা বেচিতে বড় কট হইবে; তবে কি কুঞ্জ রাখকে ঘাড় ধরিয়া বাড়ির বাহির করিয়া দিবে ? বিধূ-র কাছে ছেসিং টেবিলটা বেচিয়া দিলে কেমন হয় ? কিন্তু কুঞ্জ-র অসময় বৃঝিয়া বিধূ কুড়ি টাকার বেশি দিতে চাহিবে না। ও থাক্, বড় হইলে রাখই না-হয় উহা ব্যবহার করিবে – এই প্রকাণ্ড আলমারিটাতে রাখ-র ভাবী বধৃটি তাহার জামা-কাপড় রাখিলে তাহা অন্তক্ষ হইবে না। ঘর-ভাড়া শোধ করিয়া দিতে কুঞ্জ-র জিনিসপত্র বেচিয়া ফেলিয়া ছত্রখান করিয়া দিতে হইবে - একেবারে এমন কি হইয়াছে ? কিন্তু, উপায়ই বা কোথায় ? রাখকে নিয়া ও কোথায় দাঁড়াইবে ?

ইহার চেয়ে রাখর মৃথের উপর দরজা বন্ধ করিয়া দেওয়াই কি বৃদ্ধিমতীর কাজ বন্ধ ? প্রথম-প্রথম না-হয় একটু কট হইবে, তা' সকলেরই হইয়া থাকে, ড্রেসিং টেবিলটাকে বিক্রি করিলেও হইবে—পরে আবার সেই সহজ ও স্থারিচিত, গভাত্থগতিকতা, কালক্রমে কাদি-মাসির মত তেমনি পচিয়া-পচিয়া মরা! কোথায় বা রাথ, কে বা তাহার মা!

কৃষ্ণ হাঁপাইয়া উঠে, কিন্তু বাড়িউলির অনর্গল বকর-বকরের বিরুদ্ধে একটিও কথা ভূলে না।

সেদিন রাজ্ঞ কুঞ্জ-র ভেজানো দরজায় কে যেন তুইটা টোকা দিল। টোকা ভিনিয়া কুঞ্জ চমকিয়া উঠিল—প্রতিশোধ লইতে পঞ্ ফিরিয়া আসে নাই ত' ? শীত বেশ পড়িয়া গিয়াছে, রাথ বড়ো মাষ্টারের কাছে একপৃষ্ঠা প্রথম ভাগ পড়িয়া ছেঁড়া কম্বলের নীচে ভইয়া ঘুমাইয়া আছে। (বড়ো মাষ্টারটি আগে কবিরাজি করিতেন, — এ'ান হইতে বাহির হইয়া রোজ গঙ্গালান করিয়া বাড়ি ফেরেন এবং গুণিয়া-গুণিয়া নামজপের সঙ্গে এক শ' আটটা ভূব দেন। পড়াইবার সময় বাড়ি হইতে কুশাসন নিয়া আসেন এবং যতক্ষণ থাকেন বাঁ হাতের অঙ্গুষ্ঠের মূলে পৈতাটি জড়াইয়া রাথেন। কুঞ্জ দিনে একবার করিয়া পা না ছুইয়া দ্রে গড় হইয়া প্রণাম করে ও প্রতাহ এক মুঠো চাল ও একটি করিয়া পয়না দেয়,—মাষ্টারের তাহাই মাহিনা।)

কুঞ্চ দরজার কাছে আসিয়া প্রশ্ন করিল : কে ?

- আগে থোল: না---

গলার স্বরটা পঞ্চর নয় নিশ্চরই, তব্ ঠিক ঠাহর করিতে দেরি হইতেছিল বলিয়া কুঞ ভীষণ বিরক্ত হইয়া ফের শুধাইল : বলি বাপ মা কিছু নাম রেখেছিল ? নাম বল্তে বাধে কেন ?

উত্তর হইল: নাম আছে বৈ কি, পকেটে দামও আছে। আমি সনৎ গো সনৎ, শোভাবাজারের —

নামটা অত্যন্ত পরিচিত,—কুঞ্জ দরজা খুলিয়া দিল।

যে-লোকটা ঘরে চুকিয়াই র্যাপারের তলা হইতে ছুইটা বড়-বড় মদের বোতল বাহির করিয়া ধরিল তাহাকে ঠিক একটা থাড়া ছ্-পেয়ে কাঁকলাশের মত দেশিতে। সমস্ত গায়ে একটা বীভংস বিবর্ণতা, বেশভ্যাও নেতান্ত অপরিক্ষার। এই দারিদ্রোর গর্ব করিয়া বেড়ানোই তাহার কান্ত,—দারিদ্রা-মোচনের প্রতিজ্ঞা নহে। সংসারের কাছে সনৎ নির্দয় অবিচারে লান্থিত ও কতবিক্ষত হইয়াছে, এই পরাজয়ের কালিমা ম্থে মাথিয়া বেড়াইতে সে গভীর আনন্দ পায়। ঘরে স্ত্রী উপবাসে আছে, হাত্রি ভোর হইলে হয় ত' মেয়েটাকে আর জীবস্ত দেখা যাইবে না,—সনতের মত ছংখী আর পৃথিবীতে কে আছে, অতএব হাতে যা কয়েকটি টাকা আছে তাহা দিয়া চাল ভাল ও মেয়ের জন্ম ঔষধ পথা না কিনিয়া মদ থাইয়া তৃংথ ভোলাই কি খুব চমৎকার নছে ? এই বাড়িতেই ত' কতদিন টাকা দিবার সময় সনৎ ভাল করিয়া কাকুতিপূর্ণ কণ্ঠে বিলিয়াছে: টাকাটা থাকলে মেয়ের একটা জামা হ'ত,—এই শীতে একটি জামা

নেই। কোনো কোনদিন কুঞ্জ-র মন গলিয়াছে, টাকা নেয় নাই। সেই টাকা দিয়াই সনৎ আবার অগ্যত্ত মাশুল জোগাইয়াছে। এই মেয়েটিই সনতের একমাত্ত মূলধন।

মনে মনে সনৎকে কুঞ্জ ঘুণা করিলেও আজ হঠাৎ একেবারে অনেকগুলি টাকা চাহিয়া বিদিল। সনতের আজ ইহাতে আর আপত্তি নাই, তুইটা ভারি পকেট বাজাইয়া এমন শব্দ করিল যাহা কুঞ্জ জীবনে কোনোদিন শোনে নাই। তবু কোতুহলী হইয়া জিজ্ঞাসা করিল: ভোমার মেয়ে কেমন আছে ?

সনৎ টেবিলের উপর বোতল তুইটা শব্দ করিয়া রাথিয়া দিল। কহিল, —মেয়ে ? মেয়ে পটল তুলেছে। তাই ত' তার মৃত্যু-উপলক্ষে এই উৎসব করতে এসেছি।

कुछ कश्नि, - वन कि ? औ ?

— সে বজ্ঞ দেরি করছে; দেরি না করলে বৈধব্যটা আর সইতে হ'ত না— বিধবা হ'লে অবশ্রি থরচ আর কি কম্বে!—এথনো ত' তাই। যাক্ গে সে-কথা. চাকরটাকে ভাক।

কুঞ্জ সে-কথা কানে না তুলিয়া কহিল,—কোথেকে টাকা পেলে ?

আলোয়ানটা কোমড়ে জড়াইয়া লইতে-লইতে সনৎ বলিল, - সে-কথা কাল-জিগ্গেস কোরো। - হঠাৎ ঘুমস্ত রাখ-র উপর নজর পড়িতে বিশ্বিত হইয়া জিজ্ঞাসা করিল: ৪ কে শুয়ে ? লোক ?

কৃষ্ণ ধীরে কহিল,—আমার ছেলে।

কথা শুনিয়া সনৎ এমন বিকটম্বরে চীৎকার করিয়া উঠিল যে রাথ ভয় পাইয়া ধড়্মড় করিয়া উঠিয়া বিদল। পরে তাহার মনে হইল মা নিশ্চয়ই এই অপরিচিত লোকটার হাতে বিপদে পড়িয়াছে, তাই সে ঘুমে-জড়ানো হুই চক্ষে প্রতিশোধের তেজ লইয়া মাকে ধরিয়া দাঁড়াইল। কুঞ্জ কহিল,—যা ঘুমো গে; আমার মাথাটা একট্ ধরেছে, পরে আসছি।

রাথ আবার কমলের নীচে গিয়া শুইল। শুইয়া-শুইয়া শুনিতে লাগিল কুঞ্চ বলিতেছে: এই ঘর থেকে বেরিয়ে চল, আমার না থাক্, আমার ছেলের আসার পর থেকে এই ঘরের একটা পবিত্ততা হয়েছে—তাকে নষ্ট হ'তে দেব না।

কুঞ্চ-র হঠাৎ বেন কী হইয়া গেল। শীতের রাত্রে মদের বোতল ও পকেট-ভরা টাকা দেখিয়া মাথা ঘূরিয়া উঠিল - উহার সত্য-সত্যই আর ফিরিবার পথ নাই,—আর, ফিরিয়া গেলেই কোথায় আশ্রয় পাইবে ? কাদি-মাসির মত মৃত্যুই ওর ললাটে লেখা আছে, –স্বাই তাই মরে; উহাদের পাড়ায় থালি একজন বার্গিরি করিয়া গলায় দড়ি দিয়াছিল,—আত্মহত্যাটা কাদি-মাসির মৃত্যুর চেয়ে লোভনীয় নয়। রাখ

না-হয় বথিয়াই গেল—তাহাতে কুঞ্জ-র এমন কি বার আলে ! পেটে ধরিয়াও কেছ কুঞ্জ-র মত ছেলে লইরা এমন ক্যাকামি করে না।

তবুও, কুঞ্বকে বলিতে হইল: একটা ট্যাক্সি নিয়ে এস।

নিশ্চয়ই, উহাকে টাকা রোজগার করিতে হইবে—ও ত' আর তাহার জন্ম না থাইয়া প্রাণ দিতে পারে না। কৃষ্ণ সতাই এ কয় দিন ভারি বাড়াবাড়ি করিয়াছে, দোরগোড়া হইতে সকলকে ফিরাইয়া দিয়াছে, রাখকে থাওয়াইয়া ঘুম পাড়াইয়া নিজের চোথে ঘুম আনে নাই— এমন ছাাবলামো কৃষ্ণকে নিশ্চয় মানায় না। 'এই ত' গুছিয়ে নেবার সময়',—বিধু ঠিকই বলিয়াছিল। সতাই ড', রাখ-র জন্ম উহার দায়িত্ব কি ? গায়ে পড়িয়া এমন আদিখ্যেতার বিক্লজে বাড়িউলি যে মৃথ বাঁকাইয়া ওঠে, ঠিকই করে। কৃষ্ণ নিশ্চিম্ভ হইল, মনে-মনে স্বন্ধি অম্বত্ব করিল। পৃথিবীয় ধ্লিলিপ্ত পথে আর-একটি শিশু-পথিক না হয় বাহির হইয়া পড়িবে—তাহার জন্ম কৃষ্ণ-র এমন কি মাথা-ব্যথা ?

ট্যাক্সির নাম শুনিয়া রাথ ফের কম্বল ছুঁড়িয়া উঠিয়া দাঁড়াইল। বলিল,— আমারো মাথা ধরে' গেল মা, আমিও বেড়াতে যাব ট্যাক্সি করে'—

ট্যাক্সি চড়ায় যে কি হৃথ, রাখ তাহা কল্পনা করিতে পারে মাত্র। রাস্তায় এত যে গাড়ি-মোটর ছুটাছুটি করে তাহাদের দিকে চাহিয়া থাকিতে-থাকিতে রাখ আনন্দে আত্মহারা হইয়াছে,—উহাকে যদি চাকার সঙ্গেও বাধিয়া নেয়! এই রকম ছোটার মধ্যে যে কী উন্মাদ আনন্দ আছে তাহা রাখ অস্পষ্টভাবে ধারণা করিতে পারে; উহার মাষ্টার-মহাশয় বলিয়াছেন, পৃথিবী হইতে হৃক করিয়া স্বাই ছুটিয়া চলিয়াছে— রাখও এমনিই ছুটিতে চায়, এত জোরে ছুটিতে চায়, যাহাতে সকলের মনে হইবে রাখ দ্বির হইয়া আছে,—যেমন এই পৃথিবী।

কুঞ্জ বলিল,—এখন ঢের রাত হয়েছে, বেড়াতে গেলে ঠাণ্ডা লাগবে যে—
এই সব কথায় কি রাথকে নিবারণ করা যায় ? রাথ গোঁ ধরিয়া বসিল, রাজ্ঞে
হোক্ বা দিনে হোক্, যথন একবার স্থবিধা মিলিয়াছে সে কিছুতেই তাহা হাত-ছাড়া
করিবে না। রাখ যাইবেই; কালা জুড়িয়া দিয়াছে।

অবাধ্য ছেলের কি আনার ! কুঞ্চ রাগিয়া উঠিল : না তুমি বেতে পারুৱে না ৷ ছেলেমাহুর রাজে বেরোয় বৃঝি ? ওয়ে থাক চুপ করে'—

ইতিমধ্যে সনৎ গাড়ি লইয়া আসিয়াছে। রাথ তাহার কাছে গিয়া মিনজিক্ষা কণ্ঠে বলিল,—আমাকে বেড়াতে নিয়ে যাবে ভদ্ৰলোক ?

মেয়ের মৃত্যু-উপলক্ষে উৎসব করিতে আসিয়াছিল বলিয়াই বোধহয় সনতের অভিযা/২/৮

মেজাজে আজ ঝাঝ আনিয়াছে, দে থেঁকাইয়া উঠিল: বা বাং, পড়ে'-পড়ে' যুঝো গে, তোর জন্মই ত' পথে বেকতে হ'ল। ইপিড়।

কিন্তু না, এত সহজে রাখ-র হাল ছাড়িলে চলিবে না। আল্মারি হইতে কুঞ্চন্ত্রন লাড়ি খুলিয়া পরিয়াছে, ট্যাল্পিডে কি-সব জিনিসপত্র উঠিতেছে,—নিশ্চয়ই উহাকে এখানে ফেলিয়া মা কোখার পলাইয়া বাইবে। রাখ-র ভারি ভয় করিতে লাগিল,—ও কিছুতেই ইহাদের সঙ্গ ছাড়িবে না। রাখ ঘরের বাহির হইয়া পড়িল।

নিজেকে কুঞ্চ আর দমন করিতে পারিল না, মৃহুর্তের মধ্যে রাথ-র গালে ঠাস্-ঠাস্
করিরা কতগুলি চড় বসাইয়া দিল। ব্যথার চেয়ে বিশ্বরের পরিমাণই বেশি, কিছ
সেই বিশ্বর অন্তর্হিত হইবার আগেই কুঞ্চ রাথকে সজোরে এক ধাকা দিয়া ঘরের
মেকের উপর ফেলিরা দিয়া দরজায় শিকল লাগাইয়া জ্তার ফট্-ফট্ করিতে-করিতে
সনতের পিছু-পিছু সিঁডি দিয়া নামিয়া গেল।

নীচে নামিবার সময় সনৎ গন্ধীর হইয়া বলিভেছিল: ছেলেপিলেদের শাসন না করলে চলে ? ঐ চড়ই ওর ঘুমের ওষুধের কান্ধ করবে 'খন।

কুঞ্চ কোনো কথা না কহিয়া ট্যাক্সিতে গিয়া উঠিয়া বসিল।

কুঞ্চ বখন বাড়ি াফরিয়া আদিল তখন রাত অনেক হইয়া গিয়াছে। একে শরীর সৃষ্ট ছিল না, তাহার উপর শীতে সর্বদেহ জমিয়া ঘাইতেছে—এখন কোনমতে শব্যার আশ্রের লইতে পারিলেই বেন বাঁচে। কিছু শিকল নামাইয়া দরজা খুলিয়া কুঞ্চ ঘরের বে-অবস্থা দেখিল তাহাতে কোখার রহিল তাহার ঘুম কোখার গেল তাহার নেশা! কুঞ্চ বাগিবে না কাঁদিবে কিছুবই দিশা পাইল না।

রাধ তথন পর্বন্ধ যুমার নাই, আলো আলিরা জান্লার কাছে বসিয়া এতক্ষণ হর ত' কুল-বই প্রতীক্ষা করিতেছিল। কিছু বরের ত্রী দেখিরা তাহা সন্দেহ করিবার কোনো হেতুই রহিল না। এতক্ষণ জাগিরা-জাগিরা রাধ কাপড়ের আল্মারির কাঁচ হইতে কুল করিয়া ড্রেলিং টেবিলের আয়না, বাঁধানো ছবির কাঁচ, বোতল, পেরালা, মাশ, বড়ি—সব টুক্রা-টুক্রা করিয়া ভাঙিরাছে; আল্মারি হইতে কুল-র দামি-দামি শাড়ি বাহির করিয়া দেশলাই ধরাইরা পূড়াইরাছে, বরের কোণে পিতলের বাল্ডিতে বে জল ছিল তাহা বিছানার লেপে ঢালিয়া দিয়াছে—এতক্ষণ এই ছোট ঘরটিতে বেন একটা উদ্ভূত্থল তুকান চলিতেছিল! রাখ-র পায়ের তলা কাটিয়া গিয়া গল্-গল্ করিয়া রক্ষ বাহির হইতেছে তবু কান্ধি নাই, বালিশের নীচে বে কর্মটা পয়সা ছিল ভাহাও বাগ করিয়া (ও নিজের লোভ সম্বরণ করিয়া) রাক্ষায় ছুঁড়িয়া দিয়াছে,

কোথা হইতে একটা ছুবি বাহির করিয়া কৃষ্ণ-র পরিতাক্ত চটি জুতা জোড়া পর্যন্ত কুটিকুটি করিতে বাকি রাখিল না।

ব্রের এই অভাবনীয় দৃষ্ট দেখিরা সহসা কুঞ্জ-র সমস্ত বৃদ্ধি ঘূলাইরা উঠিল। রাখ তথনো নিবিট মনে একটা কেরোসিনের কুপি জালিরা কুঞ্জ-স মেজেন্টা রঙের দামি গরম জ্যাকেট্টা পূড়াইতেছে – কুঞ্জ একেবারে দিখিদিক্জানশ্যু হইরা রাখ-র উপরে ঝাঁপাইরা পড়িল। ছই শক্ত ফ্লুড় মৃঠিতে রাখ-র মাথার সবগুলি চুল লইরা এমন ঝাকানি দিতে লাগিল যে, এবারো অভিমানে ভরে বিশ্বরে বেদনার রাখ-র মৃথ দিয়া কথা ফুটিল না।

—হতভাগা ছেলে, এ কী করেছিন্ তুই ? - এরি জল্ঞে আমি দুধ দিয়া কেউটে
পূষ্ছিলাম গো! এমনি করে' আমার সর্বনাশ করলি—পথে ভাসালি ? আমি এই
নিয়ে স্থের স্বর্গের স্বপন দেখছিলাম। তোকে আমি পুলিশে দেব—বলিয়াই কুঞ্জ
রাখ-র ঘাড় ধরিয়া টানিয়া তুলিল এবং পা তুলিয়া উহার পিঠে এমন এক লাখি
মারিল বে, রাথ দরজা দিয়া ছিট্কাইয়া বারান্দায় ছম্ভি থাইয়া পড়িল। অবনেকক্ষণ
পর্যন্ত একটা গোঁ-গোঁ শব্দ হইয়া অবশেবে থামিয়া গেল আর শোনা গেল না।

ক্ষ এই বার নিজের চুলগুলি ধরিয়া দেয়ালে মাথা ঠুকিতে ঠুকিতে কায়া ছড়িয়া দিল: আমার সব গেল গো সব গেল,—আমার জন্তে সংসারে একটা ধড়-কুটোও বইল না। ছোঁড়া আমাকে সর্বস্বাস্ত করলে—আমায় পথে বসালে, অথচ এই ছেলেটার জন্তে ভগবান আমাকে কত কটই সইতে দিলেন। ছি ছি ছি। দেখে যা বিধু, ছেলে নিয়ে বাড়াবাড়ি করবার ফল দেখে যা—

কুঞ্চ দেয়ালে মাথা ঠোকে আর মাঝে-মাঝে বিপর্বস্থ বিশৃত্যল ঘরের ত্রবস্থা দেখিয়া হাহাকার করিয়া উঠে। একে শরীর অভিশর ক্লান্ত, ভার উপর নিমেবের মধ্যে হৃৎপিও যেন ছিল হইয়া গেল—কুঞ্জ-র শাড়িটা ছাড়িবার পর্বস্থ অবসর বিলিল না; শিরুরে সেই কেরোসিনের কুপি লইয়াই মেঝের উপুর গা ঢালিরা ঘুমাইয়া প্রিল।

খুম যথন ভাঙিল, শেষ বাত্রির অন্ধকার বেশ পাংলা হইরা আসিরাছে। খভাবত কুঞ্চ পাশ ফিরিয়া ভাকিল: রাখ! পরে ধীরে-ধীরে ব্যাপারটা অস্ট হইরা তাহার মনে পড়িল; মনে পড়িল, কাল রাত্রে পিঠে লাখি মারিয়া রাখকে ও ঘরের বাহির করিয়া দিয়াছে। রাখ নিশ্চরই সারা রাত্ত্রি শীতের মধ্যে ঐ খোলা বারান্দায় পড়িয়া পড়িয়া কাঁদিয়াছে,—কভক্ষণ উহার করুণ কালা শোনাও গিয়াছিল বৃথি—উহার না ভানি কী নিদারুণ চোট-ই লাগিয়াছে! কুঞ্চ কি পাষাণ! একবার ইচ্ছা হইল বারান্দা

হইতে রাখকে ডাকিয়া আনে, আবার ঘুই বাছ স্বেহসিক্ত করিয়া উহাকে বুকের মধ্যে আকর্ষণ করে, কিন্তু শরীর এখনো অবসন্ধ, নিস্তেজ !

দিনের আলো স্পাইতর হইতেই কুঞ্চ ধড়্মড় করিয়া বিছানার উপর উঠিয়া বিদিন। অনেক দিন এত বেলা করিয়া ঘুম ভাঙে নাই,—প্রাসন্ধ প্রভাতের পানে চাহিয়া কালকের কুংসিত রাত্রির কথা মনে করিয়া কুঞ্চ-র সমস্ত দেহ লক্ষায় ঘুণায় কাঁটা দিয়া উঠিল। সহসা খেয়াল হইল, সনং বে অনেকগুলি টাকা দিবার প্রলোভন দেখাইয়াছিল তাহার একটি টুকরাও কুঞ্চ-র করতলগত হয় নাই, গলায় অবশিষ্ট যে মটর-মালাটা ছিল তাহাও কথন অদৃশ্ব হইয়া গিয়াছে! আর রাখ-ও বিতাড়িত, পলাতক। কুঞ্চ মরীয়ার মত খোলা দরজা দিয়া বাগাদদায় আসিয়া দাঁড়াইল।

কিন্তু বারান্দায় তথন কে তাহার জন্ম অভিমানে মৃথ ভার করিয়া বিদিয়া পাকিবে ? শৃন্ম বারান্দার দিকে চাহিয়া কুঞ্জ একেবারে স্তব্ধ হইয়া গেল,—কোপায় রাখ ? সিঁড়ি দিয়া তব্তব্ করিয়া নীচে নামিয়া আসিল; সেথানে কম্বল মৃড়ি দিয়া দারোয়ানটা ঘুমাইতেছে—রাথ-র কোপাও পাতা নাই! দারোয়ানের মাধায় কয়েকটা ঠেলা মারিয়া কুঞ্জ ব্যাকুল স্বরে কহিল.— হাঁা, সিধুয়া, রাথ কোথায় জানিস্ ?

নিজার অকালমৃত্যুতে সিধুয়া প্রায় ক্লথিয়া উঠিয়াছিল, কিন্তু কুঞ্জকে চিনিতে পারিয়া আমৃতা-আমৃতা করিয়া কহিল,—মাঝ রাতে বেরিয়ে গেছে দিদিমণি !

—বেরিয়ে গেছে ? বলিস্ কি রে ? তুই যেতে দিলি কেন পাজি ? কেন তুই আমাকে খবর দিলি না ? কোথায় ওকে বা'র করে' দিলি ?

সিধুরা কহিল,—সবে তুমি তথন মোটরে করে' ফিরেছ। ও আমাকে এসে বললে: দরজা ছেড়ে দাও সিধুরা, মা'র মদের দরকার হয়েছে, মদ কিনে আনছি।

—আর তুই তাই ওকে ছেড়ে দিলি আহামক কোধাকার ? অত রাত্তে বাড়ির বাইরে মদ মেলে ?—আর তাই নিয়ে আসবে ঐটুকুন ছেলে ? তুই করলি কি গাধা ?

ষেন সব দোষ সিধুয়ার। সিধুয়া গায়ের উপর ফের কম্বল টানিতে-টানিতে কহিল,—তথন সবে আমার গাঁজার নেশাটা লেগে এসেছে – আমার কি অতশত বোঝবার অবস্থা ছিল ?

হতাশ হইয়া কুঞ্জ রাস্তায় নামিয়া আসিল। সেই পথের ঠিকানাই বা কি, শেষই বা কোথায় ? এই পথ যেন কুঞ্জ-র চিরবিরহক্লিই ত্থেময় কঠোর জীবনযাপনের মতই দীমাশৃষ্ঠ ! কুঞ্জ যেন মহাসমূদ্রে পড়িয়াছে—এই প্রকাণ্ড নগরীর কোথায় তুইটি মাত্র হস্ত-পরিমাণ ভূমিথণ্ডের উপর রাখ বিরাজ করিতেছে এখন – কে বলিয়া দিবে ? কুঞ্জ দিশাহারার মত অগ্রসর হইল। রাস্তায় তখন প্রথম জল দেওরা হইতেছে, আলো জালিয়া ডিপো হইতে ট্যাম ছাড়িয়াছে, তু' একটা করিয়া দোকান পুলিতেছে—কিন্তু

কুঞ্চ আর কতদ্র চলিবে ? রাস্তায় যাহারা বাহির হইয়াছে তাহারা কুঞ্চকে দেখিয়া কি ভাবিতেছে সেই বিষয়ে হঠাৎ সচেতন হইয়া কুঞ্চ নিজের দিকে তাকাইল। ছি, ছি, কালকের রাত্রির শাড়িটা এখনো বর্জন করা হয় নাই। এই কথা মনে হইতেই কুঞ্চ আর পা চালাইতে পারিল না, তাড়াতাড়ি বাড়ি ফিরিয়া আসিল।

বিধু তথন বাল্তি করিয়া জল লইয়া ঘর ধুইতেছিল, কৃঞ্জ তাহার কাছে আদিয়া কাঁদিয়া পড়িল। বলিল — রাথকে খুঁজে পাছি না, বিধু। রাত্রে ট্যাক্সি করে' বেড়াতে বেতে চেয়েছিল, ঘরে শেকল বন্ধ করে' রেখে গেছলাম—এসে দেখি সমস্ত ঘর তছ্নছ্ তোলপাড় করে' ছেড়েছে। ওকে তাই মেরেছিলাম বিধু, ও রাগ করে' চলে' গেল। ওকে ভীষণ মেরেছিলাম, হাতের মৃঠিতে চুল উঠে এসেছিল, ভাঙা কাঁচে পা কেটে গিয়ে রক্ত পড়ছিল —তা দেখেও হতভাগী আমি নেশার ঝোঁকে তাকে ধাক্ষা মেরে ঘরের বা'র করে' দিলাম ভাই, - তাকে কোখায় খুঁজব বল, কে আমাকে ঠিকানা দেবে ?

কুড়ানো বা পাতানো ছেলের ক্ষণিক অন্তর্ধানের জন্ম এমন করিয়া ব্যাকুল হইয়া কাঁদা-কাটা করার অভ্যাস কোনো কালেই বিধু-র নাই, এই সবের রসগ্রাহিতাও তাহার ধাতে সয় না, তাই সে পরম প্রসম্বতার ভান করিয়া কহিল,—যদি গিয়ে থাকে ভালই ত', পথের কাঁটা খসেছে। কট করে' শীতের রাতে ট্যাক্সি নিয়ে বেকতে হ'বে না। জল দিয়ে ঘর দোর সাফ্ করে' নাকে তেল দিয়ে ঘ্মিয়ে শরীরটা তাজা করে' নে—তাইতেই তোর হ'বে ভালো।

কুঞ্জ অব্ঝের মত কহিতে লাগিল: তুই বলিগ্ কি বিধু ? সেই কন্কনে শীতের রাতে আমি ছাড়া আর কেউ এমন করে' শিশু-ছেলেকে ঘরের বা'র করে' দিতে পারত ? তবু আমাকে সে মা বলেছিল, তাকে নিয়ে আমি সোনার ভবিশ্বং তৈবি করেছিলাম।

বাড়িউলি আসিয়া বলিল,—অত সোহাগীপনা করনার কিছু দরকার নেই, ক্লিদেয় পেট চোঁ চোঁ করলে আপনিই ফের ফিরে আদবে—যাবে কোথায়? তোর মত মরে-ঘরে ত' ওর জত্যে মায়ের দল ভাতের থালা নিয়ে বসে' নেই! কুকুরের মত জিভ মেলে আবার এথানে এসেই ভিড়বে 'থন। সকালবেলায় মরাকায়া কেঁদে বাড়ি-ঘর-দোর অপয়া করে' দিস্নে বলছি। ঘরে গিয়ে দরজা বন্ধ করে' যত খুসি চোথের জল নেল গে যা—

কিন্ত থাওয়ার সময়ও উত্তীর্ণ হইয়া চলিল, রাথ-র ফিরিবার নাম নাই। আজ সারাদিনে কি উহার ক্থা পাইবে না? রাথ ফিরিয়া আসিবে ভাবিয়া কুঞ্চ ভাল করিয়া রাঁথিয়া রাথিয়াছে, রাথ নিশ্চয়ই আবার আসনপিঁড়ি হইয়া ছোট্ট থালাটিতে ভাত লইয়া বসিবে, এত বড় পৃথিবীতে কুঞ্জ-র কোল ছাড়া উছার স্থানই বা কোখার আর ? বেলা গড়াইয়া আসিল, কুঞ্জ সেই বিশৃত্বল ঘরের মেঝের উপর বুক দিয়া পড়িয়া রহিল। রাথ নাই, তাছার অর্থ কুঞ্জ-র সত্যই সতীত্ব নাই, মা'র মছিমাটুকু হইতে পর্যস্ত সে বঞ্চিত, নির্মল স্লেহের স্থানে তাছার চিত্ত শুচি হইতে পারিবে না।

থাইবার সময় গেল, রাত্রিতে ঘুমাইবার সময় পর্যন্ত আসিল, কুঞ্জ ঘরে আলো আলিল না, বাহিরের জনযাত্রার দিকে একদৃষ্টে চাহিয়া রহিল। এই পৃথিবীতে রাথ বলিয়া যে কেহ ছিল, কাল মধ্যরাত্রে কেহ যে উহাকে নির্মমভাবে প্রহার করিয়া বাড়ি হইতে তাড়াইয়া দিয়াছে, আজ সমস্ত দিন ধরিয়া যে উহার কোন থাওয়া মিলে নাই —ইহাদের দিকে চাহিয়া এই কথা কে বলিবে ? সেই অক্ষকার ঘরে বসিয়া কুঞ্জ-র এমন করিয়া চোথের জল ফেলার স্থায়া ব্যাখ্যা কোথায় ? প্রতিবেশিনীরা আসিয়া সান্ধনা দেয়: ওর চলে' যাওয়াতে তোর সঙ্গে আমরাও পরম নিশ্চিম্ভ হয়েছি, কুঞ্জ। ছেলে নিয়ে বাবুগিরি কি আমাদের পোষায় ? মেয়ে হ'লে বরঞ্চ ছ'টো কানাকড়ির জরসা থাকে। ও ছেলে দিয়ে তোর মরণের সময় ম্থাগ্নি হ'ত না, বরং যদ্দিন বেঁচে থাকতিস্ তন্ধিন মুখে আগুন দিত। ও গেছে ভালোই হয়েছে—ট্যাক্সি করে' বেড়াতে নিয়ে যাস্নি, বলে' তোর ঘরের কী হাল করলে দেখলি ত' ? গেছে, আচলের গেরো থসেছে—

কি ভাবিয়া কৃষ্ণ আলো জালিল। দশ্যি ছেলেই ত'— কৃষ্ণকে একেবারে রিজ্ঞানিক্ষল করিয়া ছাড়িয়াছে। রাথ যেন এক রাত্রের মধ্যেই তুর্দান্ত ঝড়ের মত কৃষ্ণ-র হৃদয় একেবারে চূর্ণ-বিদীর্ণ করিয়া দিয়া গেছে, – এই কলন্ধিত জীবনের সঙ্গে তাহার আর কোন সম্পর্ক রাথিবারই স্থযোগ রাথে নাই। কৃষ্ণ থানিকক্ষণ কি ভাবিল, তাহার পর হাঁটুর উপর চিবুকটা স্থাপন করিয়া গভীর অভিনিবেশসহকারে কালকের ব্যবহৃত্ত শাড়িটা ধারে-ধারে পুড়াইতে বসিল।

তাহার বড় ঘরটা স্থশীলাকে ছাঁড়িয়া দিয়া কুঞ্চ একতলায় একটা বন্ধ কুঠুরীতে আসিয়া আশ্রয় লইয়াছে। এই ঘরে আগে কয়লা ও ঘুঁটে রাখা হইত। এই ঘরের একটি অতি কুম্ব জানালাই কুঞ্চ-র চিরপ্রতৌকামগ্র চক্ষুর মত নিনিমেষ হইয়া রহিল।

বার্থকা সমীপবর্তী হইতেই বাড়িউলি বৈধব্যযাপন ক্ষ্ণ করিয়াছিল, অনেক চাছিয়া-চিন্তিগা কুল তাহার নিকট হইতে একথানি থান্-কাপড় লইয়াছে, সেই ছিন্ন-প্রায় শালা কাপড়টিই যেন কুল-র অশ্রুধীত বিধাদাছেন্ন মাতৃক্ষেহের নির্মল, প্রভিক্ষ ব!

**श्रीय मान ছয়েক ফ্রাইতে চলিল. কৃঞ্জ-র যৌবনও যেন সেই সঙ্গে জুড়াইয়া** 

আর্সিরাছে। উহার চেহারা দেখিলে আজ বোধ হর পঞ্ও মুণায় মৃথ কিরাইরা নিত,

ঐ দেহটাকে আলিঙ্গনের মধ্যে আরন্ত করিতে পারেন নাই বলিরা বোকার মন্ত আর
আফ্শোষ করিত না। কয়লার মরে ক্ঞ-র স্থান হইয়াছে, ঠিকই হইয়াছে, —কে
বলিবে এই ক্ঞ-র জন্মই কেহ আকাশে অট্টালিকা বানাইয়াছিল,—বাউপুলে হইয়া
সংসারী হইবার স্থপ্ন দেখিয়াছিল! খাইতে ফটি নাই, স্থান করিবার কথা প্রায়ই মনে
থাকে না,—সমস্ত বাড়িতে দীর্ঘরাজিব্যাপী যে স্থখোৎসব চলে তাহাকে মনে-মনে
অভিসম্পাত দেয়। ক্ঞ নিজে গৃহাবক্ষম হইয়া বাছর ব্যাকৃল কামনাকে দ্রে
পাঠাইয়া দিয়াছে, দেই শুভকামনাটি পৃথিবীর প্রতি শিশুর ললাট স্থা করিতে
থাকে!

মাঝে-মাঝে দোর-গোড়ায় আসিয়াও বসে,— কেছ কোন প্রশ্ন করিলে ভাছার উত্তর দেয় না, বোবার মন্ত বসিয়া থাকে, লোকগুলি গালি পাড়িতে-পাড়িতে ভিড়ের মধ্যে লুকাইয়া পড়ে। কুঞ্জ-র জীবনে আর বেন কোন উপলক্ষ্য নাই,— আত্মহত্যা করিবার মন্ত কাপড় বা বিষ কিনিবার মন্ত পয়সাও ভাহার ষথেষ্ট নয়। বাড়ির সকলে উহাকে ঠাই। করে,—সবারই উচ্ছিট কঙ্কণার সঙ্গে-সঙ্গে বিক্রপণ্ড উহাকে কুড়াইতে হয়।

ইহারই মধ্যে একদিন ছপুর বেলা রাস্তা দিয়া কাহাকে বাইতে দেখিয়া কুঞ্ছ উচ্চস্বরে ডাকিয়া উঠিল: সিধুয়া ও সিধুয়া, ঐ বে একটা বান্তিল্ হাতে করে' এক বাবু যাচ্ছেন, তাকে এক ছুটে, ডেকে নিয়ে আয় ত'! এক্সনি বা ছুটে, তোকে অনেক বক্শিস্ দেব।

অনেক বক্শিদের পরিমাণবিচার করিবার পরিশ্রম না করিয়াই সিধ্য়া ছুট্ দিল, এবং এক শত গুণিবার মত সময়টুকু না বাইতেই ফিরিয়া আসিয়া কহিল, সেই বাবু কিছুতেই আসবেন না দিদিমণি।

কৃঞ্জ মরীয়া হট্য়া কহিল,—তুই একটা আন্ত অন্ধৰ্ক, সিধ্য়া। এখনো বড় রাস্তার মোড়টা পেরোন নি, যা ছুটে কের, বল গে—এ-বাড়িতে ভীষণ অন্থ্—হিক্কা উঠেছে— এই যায় কি সেই যায়, আপনাকে একটুখানি দেখে বেতে বলছে। যা শিগ্গির, সিধুয়া, তোর পায়ে পড়ি।

নিধ্য়া তব্ দেরি করিতেছে দেখিয়া কৃষ্ণ আবার উহাকে একসকে গালি পাড়িল ও পায়ে পড়িল। নিধ্য়া বলিল,—কয়েকটা পয়সা নিয়ে বাচ্ছি দিদিয়ণি, বদি মোড় পয়্ত বেতেই হয় তবে কিছু তামাক নিয়ে আসা বাবে! ভূমি কিছু তেব না, আমি বাবুর কোটটা চিনে রেখেছি। পাঁচ মাইল এগিয়ে থাকলেও ছুটে আমি ওকে ধরতে পারি,—কিচ্ছু ভেবো না তৃষি, দরকার হ'লে ওর বাড়ি পর্বন্ধ ধাওয়া করে' হিড় হিড় করে' টেনে আনৰ 'খন।—বলিয়া সিধুয়া পরসার জন্ম দেয়ালে-টাঙানো ফতুরাটার পকেট হাতভাইতে লাগিল।

সিধ্যার সক্ষে সেই কয়লার ঘরের অতি সন্নিকটে যে আসিয়া দাঁড়াইল তাহাকে দেখিবামাত্র কুঞ্জ-র সর্বাঙ্গ পুলকাঞ্চিত হইয়া উঠিল। সিধুয়া আঙ্ল দিয়া ঘর দেখাইয়া দিল, তাহাই লক্ষ্য করিয়া দরজার কাছে গিয়া অবিনাশ প্রশ্ন করিল: অন্থথ কা'র ?

ৰুঞ্জ দরজার সামনে আসিয়া দাঁড়াইল, ক্ষীণ একটি হাসিতে ঠোঁট ছুইটা একট বিস্তৃত করিয়া কহিল,—আমার। চিনতে পাচছ ?

রিশেষ করিয়া না হইলেও চিনিতে অবিনাশ পারিয়াছে। চটিয়া গিয়া কহিল,—
দিনে তৃপুরে লোক ধরবার এই সব ফাঁদ খুলেছ নাকি তোমরা ? এই তোমার হিক্কা
উঠেছে ? তোমাকে নিয়ে যমে-মান্থবে টানাটানি ?

কুঞ্চ তেমনি হাসিরাই বলিল,—রোদ্ধুর থেকে হঠাৎ অন্ধকারে এসে ঠাহর করতে পারছ না, চেয়ে দেখ দিকি ভাল করে'।

এই বার অবিনাশ চিনিল। অবিনাশ গত বংসর মেডিকেল কলেজ হইতে ডাক্তার হইয়া বাহির হইয়াছে,—সবল স্বাস্থ্য, অগাধ বিত্ত, কাল্কিমান দেহাবয়ব। পঠদ্দশায় অবিনাশ পা পিছ্লাইয়া কুঞ্জ-র ঘরে আসিয়া অতিথি হইয়াছিল। এবং কুঞ্জ-র যত কিছু বিলাসসামগ্রী ( যাহা রাথ ভাঙিয়া দিয়া গিয়াছে ) সব এই অবিনাশেরই প্রীতি-উপহার! কুঞ্জ ও অবিনাশের সোহার্দ্য হৃদয়কেও অম্বর্জিত করিয়াছিল, এবং কুঞ্জ-র জীবনে এয়ন দিনও গিয়াছে যথন অবিনাশের দিনে অবিনাশ না আসিলে আজিকার মতই চোথের জল ফেলিতে কার্পায় করে নাই। কুঞ্জ-র দেহটা অবিনাশের কাছে ডাক্তারি শাস্ত্রের তথ্যের চেয়েও বড়ো সভ্য বলিয়া মনে হইত, এবং সেই জ্যাই উহার কোমল ছুইটি করতলে চুম্বন করিয়া অবিনাশ করতলের নীচেকার হাড়ের বিভিন্ন সমাবেশের কথা একেবারেই মনে রাখিত না।

শ্বিনাশের মুখে বিভূষণার ভাবটা লক্ষ্য না করিয়াই কুঞ্চ ঠোঁটের হাসিটি মিলাইতে না দিয়া স্থর করিয়া কহিল.—চিনতে পাচছ কি ?

কঠিন খরে অবিনাশ বলিল,—দৃষ্টি ও খরণশক্তি কোনোটাই লোপ পায় নি।
কিন্তু কি করে' যে একটা সামাগ্র মেয়েমাহ্ব অস্থথের মিথ্যা ওজুহাতে রাস্তা থেকে
ভন্তলোক ধরে' আনতে পারে, আপাতত সেই বোধটাই লোপ পাচ্ছে।

কুঞ্চ নড়িল না; কহিল—সামান্ত মেয়েমাহ্ব বলে'ই পারে। আর তোমরা ভাক্তার বলে'ই গারের চামড়ায় অস্ত্র্য লেখা না থাকলে একেবারে হাঁপিয়ে ওঠ নদেশছি। বলি,—ভোমার বুক দেখবার সেই যন্ত্রটা পকেটেই আছে ত' ? ভোমার নসেই যন্ত্র কি বুকের কালা শোনা যায়, ভাস্কারবাবু ?

অত-শত বাক্-বিতত্তা করিবার অবসর অবিনাশের নাই, তাই রিরক্ত হইয়া কহিল,—অকারণে দাঁড়িয়ে-দাঁড়িয়ে ফ্যাশানেব্ল কথা বলবার সময় আমার আপাতত নেই, অতএব আমি চললাম—

কুট বাধা দিয়া কহিল,— যাবেই ত', তবু আমার ঘরে আরো একটু জিরিয়ে নাও না। ডাক্তার হ'য়ে রোদ-বে ঘোরার পরামর্শ তুমি দাও কাউকে ?

কুঞ্জকে অপমান করিবার উদ্দেশ্যে অবিনাশ বলিল,— এই সব পল্লীতে পদার্পণ করবার দ্বণা অর্জন করবার মত শিক্ষা আমি লাভ করেছি—

- —সে তোমার সৌভাগ্য ! কিন্তু আমার ঘরে গিয়ে একটু বসলেই তোমার জাত-ব্রাহ্মণত্বের খোলস খনে' যাবে না নিশ্চয়ই ।
- তা হয় ত' বাবে না, কিন্তু তোমার ঘরে গিয়ে নিজেকে কুতার্থ মনে করে' তোমাকে দক্ষিণা দেবার মতো অবস্থা আপাতত আমার নেই; এবং দেই অপব্যয়কে আমি আর ক্ষমার চক্ষে দেখি না।
- কুঞ্জ কি-একটা রূঢ় কথা বলিতে ষাইতেছিল, থামিয়া গেল। কোমলম্বরেই কহিল,
  —অথচ একদিন এই কুঞ্জকে দক্ষিণা দিয়ে-দিয়েও তোমার দক্ষিণহস্ত ক্লাস্ক হয় নি।
  তোমার কাছে আজ আমি দক্ষিণার ভিখারী হ'য়ে হাত পাতি নি, তোমার অপমানই
  আমি মাথা পেতে নিয়ে খুসি হ'লাম। কিন্তু, বিনা-দক্ষিণায় আমাদের ঘরে স্বয়ং
  ভগবানও এসে থাকেন শুনেছি—এবং তুমি নিশ্চয়ই তাঁর চেয়ে বেশি পবিত্র নও।

অবিনাশ চঞ্চল হইয়া উঠিল; বলিল,—নিরাকার ভগবানে আমি বিশাস করি না; আমার অনেক কাজ, আমি চললাম। আর দেখা হ'বে না।

কৃষ্ণ আবার বাধা দিল। কহিল,—দেখা না হওয়াটা এমন কিছু আশ্চর্য নয় যে তাকে আবার মনে করিয়ে দিতে হ'বে। তবু, মনে আছে এই দামান্ত মেয়েমাত্র্যটাকে নিয়েই একদিন কী কাণ্ড করেছিলে, তা'কে বিয়ে করে' দৃষ্টাস্ত দেখাবে বলে' মাধা উচু করেছিলে—

- 一ছ ছ!
- —নিশ্চয়ই ছি ছি ! সে-দিন তোমার এ-জ্ঞান পর্যন্ত ছিল না।

অবিনাশ কহিল,—সে-দিন ছিল না বলে'ই আজো আমাকে সে-দিনকার মতই কোমার ঐ ভ্যাপ্ না ঘরে বসে' মদের বোতল আর তবলা নিয়ে বসতে হ'বে এ-যুক্তি পোষণ করবার মত আম্পদ্ধা আর রেখ না। রত্বাকরকে যদি চিরকাল ভাকাতিই করতে হ'ত তা হ'লে আর রামায়ণ হ'ত না। — অত বড়-বড় কথা ব্রতে পারব না, কিন্তু জানতে পারি ভোমার নতুন রামায়ণটি কি ?

অবিনাশ কণ্ঠবরে অসীম স্নেহ চালিয়া কহিল,— আমার স্ত্রী, — আমি মাস থানেক হ'ল বিয়ে করেছি অধবরদার, কুঞ্চ, ছি, তোমার নামটা মূখে আনব না ভেবেছিলাম —থবরদার, আমার স্ত্রীর সম্বন্ধে কোন মন্তব্যই তুমি করতে পারবে না।

ঞ্জিভ কাটিয়া কুঞ্জ কহিল, – ছি, আমি ততথানি মন্দ নই, অবিনাশবাব্। লক্ষীর আবির্ভাবে তোমার জীবন যদি বৈকুণ্ঠ হ'য়ে থাকে—

কথার মধ্যপথে অবিনাশ উচ্ছু সিত হইরা উঠিল: হাঁা, আমি একেবারে মাটিতে ঠেক্তে-ঠেক্তে পাহাড়ের সব-চে উচু চূড়ায় এসে নিখাসের জন্ম প্রচুর বাতাস পাচ্ছি; আমি বেঁচে গেছি, কুঞ্জ। যদি স্থযোগ পাও, তুমিও যেন এমনি কোনোদিন বেঁচে ওঠ, এই তোমাকে আশীর্বাদ করি।

কুঞ্জ-র ছুই চোথ ফাটিয়া জল বাহির হুইল। কাপড়ের প্রান্তে চক্ষু মৃছিয়া কুঞ্জ কহিল, - ঐ প্যাকেটের মধ্যে কি ?

ওঁর জন্য শাড়ি কিনে নিয়ে যাচ্ছি, আর –

- কিন্তু আমার কথা তাঁকে কোনোদিন বলেছ, যার জন্মে তোমার এই ভালোহওয়ার এই অর্থটা এত উজ্জ্বল বলে বোধ হচ্ছে ? আমাকে একদিন ভালো না
  বাসলে তোমার স্ত্রীকে কি তুমি এমনি ভালোবাসতে পারতে ? বা, তার কোন অর্থ
  থাকত ?
- তোমার কথার কোন অর্থই হয় না, কুঞ্চ। সেই অবিনাশ মরে' ভূত হ'রে গৈছে আমি তাকে বহু দূরে ফেলে এসেছি। তোমরা তার অর্থ ব্রবে না, সেই জন্তেই তোমাদের সামান্ত বলি, মান্ত করিনে।
  - তুমি ষে বড্ড ঘামছ, এক মাশ জল এনে দেব ?
  - ভেষ্টা পেয়েছে বটে খুব, কিন্তু ভোমার হাতের জল ত' আমি থাব না।

কুঞ্জ-র আর সন্থ হইতেছিল না; কহিল — আচ্ছা, আর দেরি করে' লাভ কি ? বাডি গিয়েই তেষ্টা মেটাবে 'খন।

কোন কথা না কহিয়াই অবিনাশ চলিবার উপক্রম করিতেছিল, কুঞ্জ তাড়াতাড়ি অগ্রসর হইয়া কহিল. আশীর্বাদ করে' গেলে, দাড়াও, প্রণাম করি।

শর্প হইতে আত্মরক্ষা করিবার জন্ম অবিনাশ বোধকরি হটিয়া বাইতেছিল, কুঞ্চ পায়ের কাছে হাটু গাড়িয়া বসিয়া কহিল, পা ছুঁয়ে তোমাকে অন্তচি করে' দেব না, ভন্ম নেই। আমি ভোমার জ্তো ছুঁয়ে প্রণাম করছি। বলিয়া কুঞ্চ অবিনাশের জ্তা হইতে ধুলা লইয়া তাহার ললাটে ও জিহলাগ্রে শর্প ক্রিয়া মাটির উপর প্রণত হইয়া

পড়িল। বথন উঠিল, চোথের জলে তাহার মুখ ভালিয়া গিরাছে, — অবিনাশ দাঁড়াইয়া। নাই, — কথন চলিয়া গিরাছে কে জানে।

## क राम या वित्रा छाकिन।

সন্ধা হইতেই কুঞ্জ-র অর আসিয়াছিল, তুয়ারের কাছে কাহার পরিচিত কণ্ঠের ভাক শুনিয়া একেবারে লাফাইয়া উঠিল, বাতি আলিবার পর্যস্ত তর সহিল না। তুর্বল কম্পিত হস্তে চ্য়ার খুলিয়া কিছুই আর দেখা গেল না, খালি রুঞ্চপক্ষের বিবর্ণ টাদ সম্মুখন্থ অট্টালিকার ভিড়ের ফাঁকে ক্লান্ত মুখ বাড়াইয়া চাহিয়া রহিয়াছে। রোগজীর্ণ দেহ লইয়া কুঞ্চ বাড়ির বাহির হইয়া গলির আনাচ-কানাচ খুঁজিয়া বেড়াইতে লাগিল, হয় ত' রাখ তুয়ামি করিয়া এখানেই কোথায় লুকাইয়া আছে, তাহাকে দেখিতে পাইলেই খিল্খিল্ করিয়া হাসিয়া উঠিবে!

কৃষ্ণ চৌকাঠের কাছে বসিয়া পড়িয়া হাঁপাইতে লাগিল, - এত বড় নিরাশা সে খেন আর সহা করিতে পারিতেছে না। রাস্তার ওপারে একটা পাঞ্চাবির মিঠাইর দোকান তথনো খোলা আছে; কৃষ্ণ তাহাকে জিজ্ঞাসা করিল এই মাত্র কোন একটি ছেলে এই বাড়ির দরজার কাছে ভাকিয়া গেল কি না। প্রশ্নের কি উন্তর হইতে পারে কৃষ্ণ তাহা জানিত, তবু এই নিদারণ নিঃসহায়তার মূহুর্তে জিজ্ঞাসা না করিয়াও পারিল না। কৃষ্ণ আর কতকাল এমনি করিয়াও পারিল না। কৃষ্ণ আর কতকাল এমনি করিয়াও পাড়িয়া থাকিবে পূ

কুঞ্চকে একবার দেখিবে এদ। তাহাকে আর চিনিতেই পারিবে না, শরীর একেবারে ভাঙিয়া পড়িয়াছে, চূলে জট ধরিয়াছে, কাপড়ে চিমটি কাটিলে হাতের সঙ্গে ময়লা উঠিয়া আদিবে—বাড়িতে সবাই এখন তাহাকে পেত্নী বলিয়া ভাকে!' তবু সে আজিও অনন্তমনে রাখ-র প্রতীক্ষা করিয়া আছে, রাখকে আর একবার না দেখিয়া, তাহার ললাটে স্লেহাশ্রুবিন্দু না ঢালিয়া সে কিছুতেই মরিবে না।

এই কুৎসিত বাাধিক্লিষ্ট চীরবাসা কুঞ্চ-রই জীবনে বোধকরি হঠাৎ একদিন সোভাগোর উদয় হইল! বাড়িউলি আসিয়া ডাক দিল: কোথায় লো কুঞ্চ, কে খুঁজছে দেখ।

ঠাপ্তা মেঝের উপর জরজপ্ত দেহ পাতিয়া কুঞ্চ একটু ঘুমাইতেছিল বোধকরি, হঠাৎ বাড়িউলির উল্লাসিত ভাক শুনিয়া একেবারে চমকিয়া উঠিল রাখ এতদিনে ফিরিয়া আসিল বৃঝি! অন্ধকারে তৃই তিনবার দেয়ালে শুঁতা থাইয়া দরজা খুলিয়া দিতেই বাড়িউলির সঙ্গে মুখোমুখি হইয়া গেল। বাড়িউলি কর্কশক্ঠে বলিয়া উঠিল: সংক্ষার সময় নবাবজাদির ঘুম হচ্ছে! দেখ্ দরজার গোড়ায় কে এসেছে! কুঞ্জ ব্যাকুল কণ্ঠে কহিল,—কে এসেছে ? রাথ ? কোথায় ?

বাড়িউলি মৃথ ঘ্রাইয়া বলিল,—দে-ছোঁড়া মরতে আসবে কেন ? দেখ গে—মন্ত বাবু, হাতে পাঁচটা আওটি, সিন্ধের জামা, হাতির দাঁতের—

কৃষ্ণ একেবারে বসিয়া পড়িল, তাহার তুর্বল মন যেন এই প্রচণ্ড বার্থতার ধাকায় একেবারে গুঁড়া হইয়া গেল, তবু কণ্ঠস্বরে প্রয়োজনাতিরিক্ত ঝাঁঝ নিয়া কহিল,—এ তোমার ভারি জুলুম মাদি! আমি মরছি ব্যায়রামে—আজ দতেরো আঠারো দিন মুখে ভাতের গরাস তুলছি না, চিতার পোড়াকাঠের মত চেহারা হ'য়ে গেছে—আর তুমি আমার জন্ম স্থ করে' বাবু পাকড়ে' এনেছ ? কে সেই লোকটা ? দাও বা'র করে'—

বাড়িউলি ক্ষিপ্ত হইয়া উঠিল; কহিল,—তাকে বা'র করব না তোকে লো হারামজাদি? সথ করে' কেন লোক ভাকতে যাব না শুনি? বলি, এই যে হু'মাস হ'রে গেল, রোজগার বন্ধ,— বাড়িভাড়া দিয়েছিস্ পোড়াম্থি? তিনি বসে'-বসে' হাত পা শুটিয়ে তাঁর সথের ছেলের জন্তে চোথের জল ফেলবেন, আর আমি তাঁকে সেই জন্তে মাগনা ঘর ছেড়ে দেব! কী আমার আবার রে! যা, যা, তুই আমার ঘর থেকে এক্ষ্নি বেরিয়ে যা! অস্কুথ করেছে হাসপাতালে গিয়ে মর না।

কে আর একটি মেয়ে কাছে আসিয়া দাঁড়াইয়াছিল, তাহাকে উদ্দেশ্য করিয়া বাড়িউলি কহিতে লাগিল: কে একজন বাবু এসেছে,—কুঞ্জকে ভেকে দিতে বললে। পুরোনো চেনা লোক, নাম বলল নিকুঞ্জ। তাই ওঁকে থোঁজ দিতে এসেছিলুম, তাইতে মাগীর কী তেজ, কী ফোঁস্ফোঁস্থনি? কেন, পুরোনো লোকের খেকে তুটো টাকা চৈয়ে নিয়ে চিকিছে করা না,—এদিকে আমার ভাড়া চুকিয়ে দেবার ত' নাম নেই,—মরতে বসে' তেজ দেখালে চলে কি?

নিকৃষ্ণ, নিকৃষ্ণ আসিয়াছে ! কৃষ্ণ-র আপাদমন্তক লক্ষায় ঘুণায় কণ্টকিত হইয়া উঠিল ! এত দ্র দেশে এত্দিন পরে তিনি পথ চিনিয়া কলছিনী কৃষ্ণ-র ঘরে আজ অতিথি হইতে আসিয়াছেন ! এই ঘরে ? এই খানে বসিয়াই কি সে এতদিন তাহার স্বামীর প্রতীক্ষা করিতেছিল ? কিন্তু, সত্য কথা বলিতে কি, নিকৃষ্ণকে ত' সে আর চাহে না, নিকৃষ্ণ না আসিয়া যদি রাথ আজ হাসিম্থে কাছে আসিয়া দাঁড়াইত—বিভাড়িত বঞ্চিত রাথ, তবে কি কৃষ্ণ-র ঘরের ও হৃদয়ের অন্ধকার একসঙ্গে স্থান্ধ-সিঞ্চিত হইয়া উঠিত না ? তব্ও কোত্হলের বশবর্তী হইয়াই নিক্রপায় নিক্রৎসাহ কৃষ্ণ কঠোর হইয়া কহিল,—ভেকে দাও মাসি, কিন্তু বোলো পঞ্চাশ টাকা দিতে হ'বে—

হ্যা, পঞ্চাশ টাকা দিতে হইবে ! কুঞ্জ-র বাড়ি-ভাড়া চাই—এই বাড়ি ও সহজে ছাড়িতে পারিভেছে না। এই প্রকাণ্ড পৃথিবীতে একমাত্র এই সামাগ্র বাড়িটিই রাথ-র নিজের বলিয়া চেনা। পথ ভূলিয়া হয় ত' রাথ আবার এই বাড়িতেই ফিরিয়া আদিবে। এই বাড়ি ছাড়া যায় না। ইহার চৌকাঠে কুঞ্চ কামড় দিয়া পড়িয়া থাকিবে।

খামী আদিতেছেন, আহ্বন — কিন্তু পঞ্চাশটাকা গুনিয়া না দিলে কুঞ্জ নড়িতেছে না। দোহাগপনা করিবার সময় আর উহার নাই— ও ব্যবদা করিতে বদিয়াছে। ইয়া, ছেলের জন্মই ড'। কুঞ্চ তুই হাতে নিজের অলক্ষ্যে চুলগুলি তাড়াতাড়ি ঠিক করিয়া লইল।

অপর মেয়েটি ক্ঞর চেহারা নিয়া অন্তচকঠে কি-একটা ব্যঙ্গ করিয়া অদৃষ্ঠ হইতেই একটি লোক ক্ঞ-র কাছে অন্ধকার ঘরের সম্মুখে আসিয়া দাঁড়াইল। এই নিক্ঞ, তাহার স্বামী,—যাহার জন্ম দে একদিন সীমাশ্ম পথে বাহির হইয়া পড়িয়াছিল। সেই দিন তাহার দেখা পাইলে ক্ঞকে হয় ত' এমন করিয়া মরিতে হইত না; ছি ছি —তাহার স্বামীও এত নীচে নামিয়া আসিয়াছেন। ক্ঞ নড়িল না, ত্ই হাঁটুর মধ্যে মুখ ঢাকিয়া একমনে মৃত্যু কামনা করিতে লাগিল।

লোকটি কাছে আসিয়া অন্ধকারে কুঞ্জকে ঠাহর করিতে না পারিলেও আন্দাক্তে কহিল,—আলোটা জ্ঞাল। ভাল আছ ত' কুঞ্জ ?

খামী তাহার খোঁজ পাইলেন কি করিয়া ? কুঞ্জ গৃহত্যাগিনী হইবার পর হইতে তিনিও কি তাহাকে উদ্ভান্ত হইয়া খু জিয়া বেড়াইতেছেন নাকি ? এত দিন পরে কি এমনি অনাকাজ্জিতভাবেই তাহাদের দেখা হইবে ? কিছু খামীর পুনঃদর্শনলাভের জক্ত সম্প্রতি কুঞ্জ-র মনে ত' বিলুমাত্রও ব্যাকুলতা ছিল না, — তাঁহাকে ত' বহু পূর্বেই বিশ্বতির কূলে সমাধি দেওয়া হইয়াছে — আজ রাখ আসিয়া দাঁড়াইল না কেন ? কুঞ্জ-র জীবনে খামী-সারিধ্যের আর মূল্য বা আনন্দ কোথায় ? অধিকছ্ক যে-খামী পথের পাঁকে পা পাতিয়াছেন ! রাখ, রাখ কি কভু পথ চিনিতে পারিবে না ? দিকুঞ্জকে দে এই কথা বলিয়া দিবে, তিনি খেন কুঞ্জ-র প্রতি দয়া করিয়া রাথকে খুঁজিয়া এই ঘরের ত্র্যারের কাছে পৌছাইয়া দেন !

এই কথাটা মনে-মনে নাড়া-চাঙ়া করিতে-করিতে কুঞ্চ বাতি জ্বালিল। সহসা বেন একটা শ্বশানশায়ী করাল দেখিয়াছে, তদধিক আতত্তে লোকটি পিছাইয়া আসিল,— তাহার গলা চিরিয়া কথা বাহির হইল: তুমি, তুমি সেই কুঞ্চ—

ওয়াল্-ল্যাম্পটায় চিমনি আর বদানো হইল না, কৃষ্ণ-র হাত হইতে মেঝের উপর পড়িয়া চিমনিটা টুকরা হইয়া গেল। কৃষ্ণ-রও বিশায়ের আর অবধি রহিল না, উদ্দীপ্ত কঠে কহিল,—আর তুমি···

পঞ্ আর একমূহুর্তও দাঁড়াইল না, যেন উলঙ্গ বীভংস মৃত্যুকে মুখোম্ঞি

্দেখিয়াছে,—উধ্ব খাসে চলিভে আবম্ভ করিল। চলিভে-চলিভে যথন সে গঞ্চার নির্জন পাড়ে আসিয়া দাঁড়াইল, তথন সে হাসিবে না হাছাকার করিয়া উঠিবে কিছুই বুঝিতে পারিল না। এই তাহার মানসপ্রতিমা ? ইহারই পিছনে লে কক্ষ্মন্ত উদ্ধার মত কামনার বহিক্ও লইয়া ছুটিয়াছে – তাহার ক্পরমণীয়তার স্থাসদ্ধানে ! ইহারই নাম ভালবাসা, এইটুকু মাত্র তাহার আয়ু, তাহার ভবিস্তং ! কুঞ্চ যেন আজ তাহার অপরিচিত অতীতের ক্যাল-মূর্তিতে আসিয়া দেখা দিয়াছে, চোথে তাহার সেই উজ্জল ভবিন্ততের ইদারা কই, দেহস্থবমায় প্রোঢ়ত্বের মলিনতা আদিয়াছে। আজো কৃষ্ণপক্ষের পাণ্ডর চাঁদ দেখা দিল, ম্মূর্র রোগবিক্বত ম্থের অন্তিম হাসির মত, -পঞ্র দিকে চাহিয়া বেন বিজ্ঞপ করিতেছে। পঞ্চু গা হইতে সিঙ্কের জামাটা খুলিয়া ফেলিল, হাতের चार्डिश्विन चाक्त्रात्र त्नाकात्म व्वित्रात्रा चात्र श्विश श्हेर्य मा. धत्रा পড़िर्य। কুঞ্জ-র দর্মার চৌকাঠ মাড়াইতে হইলে অনেক অঙ্গাভরণ আবখ্যক, তাহাই ভাবিয়া -পঞ্ এতদিন জুয়াচুরি করিয়াছে, পকেট কাটিয়াছে, গড়িয়াহাটা রোডে টাকার লোভে কাহাকে খুন-ও করিয়াছিল বুঝি - সবই কৃষ্ণ-র জন্ম ! একটি দীর্ঘ পরিপূর্ণ রাত্রি-ব্যাপী কুঞ্জ-র পরশতপ্ত প্রেম পাইবার জক্ত । পর্যাপ্ত টাকা ঢালিলে কুঞ্জ আর কোন্ মুখ ফিরাইয়া থাকিবে, -আর, চুরি ভাকাতি করা ছাড়া পঞ্চুর এত টাকা রোজ-গারেরই বা আর কি পথ ছিল? কিন্তু তাহার এত দিনের গোপন ও গভীর প্রত্যাশার পর, এই স্কঠোর তপস্থার অবসানে কৃঞ্জ-র সঙ্গে এই রূপেই মিলন ঘটিবে, বিধাতা ষে পঞ্চুর সঙ্গে এত বড় একটা মারাত্মক রসিকতা করিবেন এ কথা কে জানিত ? কুৎসিত কুঞ্জ, বিগতবোৰনা কুঞ্জ, ব্যাধিজর্জর কুঞ্জ—কোধায় তাহার সেই যৌবন-লাবণ্য , তাহার দেই মদিরায়ত চকুই বা কোথায় ? পঞ্চু কুঞ্চকে ভালবাসিয়াছিল, শবীরী কুঞ্চকে ! সেই কুঞ্চ বেন আজ তাহার পরবর্তী নরকজীবনের ছায়ারই মত আসিয়া দাঁডাইয়াছে।

গারে-পারে যত সব জামা জুড়া চড়াইয়াছিল সব খুলিয়া একত্র করিয়া পঞ্ গঙ্গার ফেলিয়া দিয়া উঠিয়া দাঁড়াইল। রাত্রি গভীর হইয়া জালিয়াছে, এথানে বেশিক্ষণ খাকিলে পুলিশের দৃষ্টি জডিক্রম করা যাইবে না, জডএব গেঞ্চির উপর কোঁচার খুটটি টানিয়া দিয়া খালি পারেই চলিতে হৃক্ষ করিল। কিন্তু কোধায় যাইবে, তাহার ঠিকানা কি পঞ্চ জানে!

পঞ্ তবু অন্তমনত্ক ভাবে পা চালাইতে লাগিল। একটা আকাশচারী উদা যেন মাটিতে পড়িয়া পাধর হইয়া গেছে। পঞ্চর কোনদিকে হঁস্ নাই, না-চলিয়া উপায় নাই বলিয়াই সামনের দিকে নিজের দেহটাকে কোনমতে ঠেলিয়া নিতেছে। ছই-একটা লোকের গায়ে গিয়া পড়িল বুঝি,— একজন গালি দিয়া উঠিল, আর একজন ্লাথি তুলিল। পশুর জ্রক্ষেপ নাই--কোনরূপে পথ পার হইতে পারিলেই ভাহার চলে। কিন্তু পথের দীর্যভাই পথের শেষ নয়।

হঠাৎ মনে হইল যেন ক্থা পাইতেছে। রাস্তার ঐ পারে দোতলায় একটা হোটেল দেখা গেল। সিঁড়ি দিয়া নীচে রাস্তায় নামিতে গিয়া একটি ভদ্রলোক চিৎ হইয়া গড়াইয়া পড়িলেন—পা টলিতেছে। পঞ্চু সেথানে গিয়া ভরা পকেট তুইটা উপুড় করিয়া দিয়া আসিবে। নহিলে এই অবসাদ, এই ব্যর্থতা ও ভূলিবে কি করিয়া?

পঞ্ রান্তার উপর আদিরা পড়িল। বোধহয় তথন আর একবার কুঞ্জ-র কথাই তাবিয়া লইতেছিল। উহার চেহারা কী হইয়া গেছে,—কেন এমন হইল —কিসে? বোধহয় খ্ব অভাবে পড়িয়াছে, অনেকদিন পেট ভরিয়া খাইতে পায় নাই হয় ত'। অভাস্ত কয় বলিয়া মনে হইল - চিকিৎনা করিয়া স্থছ হয় না কেন ? টাকার দয়কার হইলে পঞ্ ত' সেথানে গিয়াই পকেট ছইটা ঢালিয়া দিয়া আদিতে পারে। ভান পা-টা কোন দিকে বাড়াইবে—এই এক মূহুর্তের চিস্তার মধ্যেই একটা দক্ষিণাভিম্থী যান্ত্রীবোঝাই মোটর-বাস্ পঞ্চকে সরিয়া যাইবার পথ না দিয়া একেবারে ঘাড়ের উপর আসিয়া পড়িল। সমবেত কোলাহল যা হইল তাহাতে পঞ্চর শেষ নিশাসপতনের অফ্ট শক্ষট্কু আর শোনা গেল না। চাকার তলায় পড়িয়া পঞ্ প্রথমে চ্যাপ্টা ও পরে দলা পাকাইয়া গেছে।

নিজে সাধিয়া এত বড় একটা ধনী লোক কৃঞ্জ-র ঘরে অতিথি হইতে আসিয়াছিল, তবু তাহাকে কুঞ্চ ধরিয়া রাখিতে পারিল না, বোধ হয় অপমান করিয়াই
তাড়াইয়া দিয়াছে—সমস্ত ব্যাপারটায় বাড়িউলি চটিয়া একেবারে আগুন হইয়া গেল।
নিজে না হয় কদর্য বলিয়া মনোনীত হইল না, তবু বাড়িতে আরো পাঁচজন ছিল—
এই বাড়ির বিক্লমে নিশ্চয়ই একটা হুর্নাম প্রচলিত হইবে—এই সব যতই ভাবে,
বাড়িউলি তত ক্লিপ্ত হইয়া উঠে।

ইহার মধ্যে অখ্যাত একটা গলি হইতে একটি শীর্শকায়া কালো মেয়ে স্থান-পরিবর্তনের আশায় পূর্বনির্দেশমত বাড়িউলির কাছে আসিয়া আশ্রয় চাহিল। বেশি ভাড়া সে দিতে পারিবে না, ছোট একখানা ঘর হইলেই তাহার চলিবে — ওধু এই অভিন্নাত গলিটাতে আসিলে তাহার বরাত ফিরিতে পারে সেই আশায়ই সে এখানে আসিয়াছে। অতএব ব্যাপারটা কুঞ্জ-র পক্ষে স্থাকর হইল না।

কৃষ্ণ জরে বেছঁ স্ হইয়া পড়িয়া ছিল। বাড়িউলি প্রথমে তাহাকে শাসনের স্থরে বলিল—ঘর ছেড়ে দে কৃঞ্চ, আমি এথেনে ধর্মশালা খুলে বসিনি। ঘরে থাকতে হ'লে প্রসা দিতে হ'বে, উঠে যা।

দাড়া দিবার মত শক্তি কুঞ্চ-র ছিল না; বাড়িউলির আদেশ ক্রমশ: তীব্রভর্ক হইতে লাগিল, তবু সে মাটি আঁক গ্রাইয়া রহিয়াছে। আরো কিছুক্ষণ অপেকা করিয়া রাগটা বাড়াইয়া নিয়া বাড়িউলি নিজেই কুঞ্চ-র চুল ধরিয়া টানিতে-টানিতে পিঠে একটা লাখি মারিয়াই দরের বাহির করিয়া দিল। সেই নবাগত বেয়েটি দর কাঁকা পাইয়া ইতাবসরে তাহার জিনিসপত্র লইয়া বাস্ত হইয়া উঠিল।

সন্ধা ঘনতর হইয়া আসিয়াছে। কুঞ্জ কাঁদিতে-কাঁদিতে বার কতক পথের ছুই সীমা দেখিয়া লইল—বাদি ইহারও মধ্যে রাখ আসিয়া পড়ে। কিছুই আশ্চর্য না। এইরূপ একটা ব্যাপার ঘটিলে পৃথিবী আর রসাতলে যাইবে না।

অলক্ষী কুঞ্চ এখুনি বাড়ির বাহির না হইলে সিধুয়া তাহাকে ঠেডাইয়া হাড় ওঁড়া করিয়া দিবে, বাড়িউলির এই হুকুম হইয়াছে। তাই বাইবার আগে কুঞ্চ আরো একবার তাহার পশ্চাতের পথের দিকে কয়েক মূহুর্তের জন্ম সভৃষ্ণ চোথে চাহিয়া রহিল —মনে হয় পৃথিবীব্যাপী মানবজনতার মধ্য হইতে রাখকে পৃথক ও বিচ্ছিক্ষ করিয়া লইবার মত তাহার দৃষ্টির তীক্ষতা নাই কেন ?

চলিতে পা চাহে না, তবুও তাহাকে ষাইতে হইবে।

নিকৃঞ্জ আদে নাই, রাখও আদিবে না, যে আদিবে সে মৃত্যু—ভাছারই সন্ধানে কৃষ্ণ বিপুল রাজ্বপথে পা বাড়াইল।

একটু যায়, আবার বসিয়া পড়ে, — হাঁপায়; ঘনায়মান প্রদোষান্ধকারে আবার-রাখ-র জন্ম হুই স্তিমিতজ্যোতি আঁথির প্রদীপ জ্ঞালিয়া ধরে।

আবার পথ নেয়।

## विवादस्त्र ८ दक्त वरका

শ্রীবৃদ্ধদেব বস্থ করকমপেষু

## व्यथम तम्था द्वितः।

চক্রধরপুর স্টেশনে গাড়ি থামতে কী আহলাদেই আটখানা হয়ে ফাজিল মেয়ের মতো বৃষ্টি নেমে এল। ব্যস্ত পদশব্দ ও আকুল জলধ্বনি ছাপিয়ে কার একটি সলজ্জ ও সহাস্ত কণ্ঠত্বর শোনা গেল। আর্তনাদের মতো অথচ আনন্দ দিয়ে ভরা। কেন কে জানে প্রভাতের মন বলে উঠল ওরা এই গাড়িতেই উঠবে। মেয়েটিকে অভ্যর্থনা করবার জন্তেই যেন অন্ধকার আকাশের এই অপ্রত্তর আয়োজন। আজকের বাও তাই বাউলিনী, টেনের গর্জন নয়, যেন নিশীড়িতা বস্কুন্ধরার কারা।

মেয়েটি গাড়িতে উঠে চূল এলো করে দিল, শাড়ির আঁচল দিয়ে মাথাটা মূছে বুক ঢেকে ফের আগের জায়গায় রাখল। ফের খোঁপা তৈরি করে চূলের কাঁটা **গুঁজ**তে লাগল।

ঠুমকি নাচে বৃষ্টি না ঝরলেই বৃঝি ভালো ছিল। কামরায় আরো বেশি লোক উঠত। না ঘুমিয়ে তাকিয়ে থাকবার কারণ ঘটত না।

সঙ্গের ছেলেটি মারি মজাড়ে, আম্দে। বেমন চোকালম্থাল তেমনি জোরালো জোয়ান। গায়ের পোষাক সাহেবী।

অশ্রু পাড়ির চারদিক একবার চেয়ে নিয়ে বিছানো কম্বলটার উপর পা তুলে বসল। কোণের ঐ ছেলেটির দিকে চেয়ে কেমন বেন ওর একটু ভালো লাগল— এমনিই, একেবারে অকারণ। যেমন পথে যেতে যেতে ফুটস্ত বকফুল ওর ভালো লাগে, কুরচি করমচা ভালো লাগে, যেমন ভালো লাগে গলামাটি, কালো মেঘের টেউ। ঐ ছেলেটির ওর্ধু ম্থে-চোথে নয়, কুল দীর্ঘ দেহ ঘিরে এমন একটি কঠিন বিদাস্ত যে অশ্রু ম্য় হয়ে কয়েক সেকেগু বেশিই তাকিয়ে ফেলল। কে জানে কেন ইচ্ছে করল ঘটি কথা কই—সাদাসিধে কথা, কোথায় যাচ্ছেন, কেন যাচ্ছেন, কবে ফিরবেন, কোন টেনে ফিরবেন ?

কী কান্ত করেন, কত টাকা মাইনে পান, এ-সব জানতে ইচ্ছে করল না। কিছা
কোথায় আপনার বাড়ি, বাড়িতে কে কে আছে — তাও না।

অঞ্চ চঞ্চল হয়ে বললে – দাদা, থাবারের ঝুড়িটা কোথায় ? গাড়িতে উঠেই খিদে পেয়ে গেল। এখুনি না খেলে লুচিগুলি সব স্থতলা হয়ে যাবে। এস, হেল্প করে। স্থামাকে।

প্রভাত এই বলেই নিজেকে প্রবোধ দিচ্ছিল—এরা সব মোমবাতি, এক ফুঁমে নিবে বাবার মতো। এদের আছে কেবল ঠাট-ঠমক, এরা ঠোঁটে-কলা। মেজাজ অত্যন্ত টেড়া, মন দেমাকে ছাপাছাপি। তার চেয়ে তমালখ্রামলা সত্রীভুকটাক্ষা গৃহকোণের সান্ধনালন্দ্রী ঢের ভালো। এরা বংদার, ভেজাল, রোথো—তার চেয়ে গেঁয়ো ছুটুলে বউও ভালো।

হাড়ির জলে জীয়ল মাছের মতো প্রভাতের মন আইটাই করে উঠল।

থাওয়া শেষ করে আশ্রু বলে উঠল—জল। তুমি কী হতভাগা দাদা, জলের কুঁজোটাই ফেলে এসেছ। পরে স্বর নীচু করে বললে,—ওঁর কাছ থেকে একটু জল চেয়ে নাও না।

থাবার ভাগ দিল না, জলের ভাগ নিতে এসেছে ! এমনি একটা কথা যে বলা: যায় প্রভাত তা ভাবতেই পারল না। নিজের হাতে জল গড়িয়ে দিলে। মাশটা অঞ্চই নিতে চাইল হাত বাড়িয়ে। তার পাশ কাটিয়ে প্রভাত মাশটা দাদার হাতেই এগিয়ে দিলে।

প্রভাত আবার ভাবতে চেষ্টা করল—এদের থালি বেশভূষার চটক, তুই চোখে ঠেকার ঠিকরে পড়ছে—এর চেয়ে হোক না দে কেলেকুষ্টি, নাই বা জানল কানড়া ছাদে খোঁপা বাঁধার আর্ট—নাই বা হলো লেথাপড়ার ফুলঝুরি—তব্ও তা ঢের: জালো। পাতাবাহারের চেয়ে ঢের ভালো বনতুলসী।

অঞ নীরেনকে বললে—ওর সঙ্গে একটু আলাপ করো না দাদা। তুমি কী রকম, মুখ বুদ্ধে বসে থাকতে ভালোও লাগে তোমার !

প্রভাতের সঙ্গে নীরেন মাম্লিভাবে কথা পাড়ে, প্রভাত থালি কাটা-কাটা উত্তর দেয়, জের টানে না। তাই আলাপ গড়াতে চায় না। গায়ে পড়ে কত আর কথা পাড়া চলে ?

কিন্ধ প্রভাত ভাবে, মেয়েটি কথা বলছে না কেন ? ওর চোথে কেন এমন প্রদাসীক্তা, কেন এমন নীরবতা ? ছটি চোথ থেকে খেন অন্ধকারে শিশিরের মতো মমতা ঝরে পড়ছে। ওর তন্ত গ্রীবা, তন্ত ছটি পদতল—দব কিছুই ষেন অহেতুক উৎস্থক্যে সিন্ধ হয়ে রয়েছে। প্রভাত জানলা দিয়ে মৃথ বাড়িয়ে ভিজে অন্ধকার দেখে আর ভাবে—কে জানে, এও বৃঝি একরকম কথা বলা।

কিছ সে কথোপকথনের পাত্র সে নয়।

থুখুরো কাঁচা ঘর, দোরগোড়ার দাঁড়িয়ে তুফান একটা তুড়ি দিলেই সাবাড় ।
মৃত্যুলয়ার বাপ, মা'র আয়ুতেও ফুঁলেগেছে—সব কটি অপোগও লিণ্ডই রোগা
ভিগভিগে, কিন্তু সবাই পেটগজন্দর। এ জীবন একটা অনাবাদি জমি, ওধুকাঁটাজঙ্গলে বোঝাই। বিয়ে করে চার হাজার টাকা পণ পাবার আশা—তাই বা কতদিন।
আর তার থেসারত একটা মেয়ে-ব্যাভাচি, তারই সঙ্গে নটথটি করে জীবন কাবু ও

কাবার করে দেওয়া। পাস্তাভাত আর পাকালমাছ থাবে, দশটা-গাঁচটা করবে—
একটা সম্ভান চিতার আরেকটা আঁতুড়ে—এমনি হতে-হতে যে কটা হাতের গাঁচ
থাকবে—কী করবে তারা? কোথায় তাদের ঘর, তাদের ভবিশ্বৎ?

দম বন্ধ হয়ে আসে—প্রভাত কামরার মধ্যে মৃথ টেনে এনে আবার চেয়ে দেখে রেয়েটির মৃথখানিতে যেন একটি স্থকোমল সহাস্থৃতি। কল্পা-কাটা খদ্দরের চাদরটা যে গায়ে টেনে দিচ্ছে তাও যেন তাকেই স্লেছ করে—জানলার কাঁচটা তুলে দিচ্ছে, যেন বলছে, গায়ে একটা কাপড় জড়াও আর কিছু না পেলে কাপড় ছাড়া আর উপায় কী—ভারি ঠাণ্ডা আজ, জানলাটা অমন হা-হা করে খুলে রেখো না।

নীরেন ঘুমিয়ে পড়েছে— অশ্রু হেলান দিয়ে আধন্তয়ে ট্রেনের আলো দেখছে, দেখছে আলোর পোকা, বাইরের বিশাল অন্ধকার আব থেকে-থেকে ঐ ছেলেটির মৃথ
— তার দৃঢ় দেহের ভঙ্গি— সে যেন আরেক অন্ধকার। মাঝে মাঝে চোথের উপর
চোথ এসে পড়ছে — পুরুষালির সহজ তেজে উচ্চারিত, চাপা ঠোটের কোণে ব্যক্তের ধারালো হাসির আভাস। আশ্রুর্য, কথা কইছে না কেন ? কথা কইবার ছল খুঁজছে
না কেন ? কত সহজেই তো বলতে পারে, এবার ঘুমোও, জল থাবে, জানলাটা বন্দ
করে দিই ? ছাই, কী বলতে হবে তাও আমিই শিথিয়ে দেব ?

তন্ত্রমধ্যা আরুচ্থোবনা রহসাময়ী স্থামরী তার ত্ই চোথ স্নেহে ও বন্ধুতায় করুণায় ও কুশলজিজ্ঞাসায় টইটুমূর। আর জিজ্ঞাসার নীচেই তো পিপাসার বাসা— প্রভাত জানলা দিয়ে মুখ বাড়িয়ে আপন মনে বললে, বিধাতা, আর রসিকতা কেন ?

সঙ্গে মালপত্ৰ বলতে ছোট একটা স্থটকেস ও বিছানার একটা কন্ধাল—'ক্ৰগ'-এ গাড়ি দাড়াতেই প্ৰভাত লাফিয়ে নেমে গেল। যেন যত তাড়াতাড়ি পালানো যায়, যত তাড়াতাড়ি ঝেড়ে ফেলা যায় মন থেকে।

অরণোর মতোই গভীর গহন। যা তৃত্মবেশ তার আকর্ষণই বুঝি বেশি তুর্বার। ছটি নুহুর্তের জন্মে যা স্থায়ী তা ছটি নুহুর্তের পরেই বিদায় দেওয়া ভালো।

কিন্ত বিকেলের পড়ন্ত আলো মেয়েটির চোথের পাতায় পড়ে ঝিকমিক করে উঠবে এ একেবারে কল্পনাতীত। স্থির মাটিতে সেই চলন্ত ট্রেনের চঞ্চল মেয়েটিই তো! পরনে আটপোরে শাদা জমির পাতলা শাড়ি, নিবিড় মমতায় সর্বাঙ্গ বেষ্টন করে রয়েছে—তুথানি পা'র থানিকটা শন্থের মতো শাদা ব্কের থানিকটা খোলা, তাতে সদ্ধার স্লেহচুম্বনের আলো।

অশ্রর স্থাপিও পূজার ঘণ্টার মতো বেজে উঠল।—দাদা, ঐ যে উনি, উনি এখানেই এসেছেন দেখছি। ডাকো না ওঁকে।

ধুলোয় একবার সোনার পিন হারিয়ে ফের সেটাকে পেয়ে অঞ্চর যতথানি

আহলাদ হয়েছিল, ত র একচুল কম নয়। তথু আনন্দ নয়, দেখা পেয়ে সে বেন নিশ্চিত হয়েছে—এমনি। হৃদয়ের মধ্যে কোন জায়গাটা যেন বেজুত লাগছিল — ঠিক হয়ে গেল।

নীরেন গায়ে পড়ে ধ্ব আলাপ করল এবার, অশুও লক্ষালুলভার মতো ম্থ ঝেঁপে রইল না—অশু এবার মোটুসকি।

সব চেয়ে বে প্রশ্নটা জরুরি সেটাই আগে করল আঞা।—কবে ফিরছেন ?

- --- কাল।
- —কাল ? কোন টেনে ?
- —এই ট্রেনেরই ডাউনে।
- ——আমরাও ঐ টেনেই কাল ফিরছি। উলসে উঠল অশ্রু। চমৎকার হবে, একসঙ্গে সবাই হল্লা করে যাওয়া যাবে। আপনি তো রাস্তায় একবারও চোথের পাতা এক করেন না দেখলাম।
  - সবাই বদি ঘুমোয় তবে রাত জেগে দেখবে কে ?
  - —ট্রেনে রাত জেগে কতই না দেখবার জিনিস !
  - —কেন, আপনার ঘুমটুকু!

কী তুর্ধবের মতো কথাটা বললে কিন্তু কত না আত্মীয়তা মিশিয়ে ! কে জানে ঘুম দেখতে উঠে এসেছিল কিনা, সুয়ে পড়েছিল কিনা স্বপ্লের মতো !

তাড়াতাড়ি অক্ত কথা পাড়তে হয়।—কেন এসেছেন এখানে ?

ছোট করে একটা দীর্ঘখাস ফেলে প্রভাত তাড়াতাড়ি বললে,—এথানে আমার দিদি থাকেন, তাঁর সঙ্গে দেখা করতে। আপনারা ?

—দাদাটা শিগ্গিরই কালাপানি পেরোবে কিনা, তাই যাবার আগে সমস্ত আত্মীয়-স্বন্ধনের সঙ্গে ঘুরে ঘুরে দেগা করা হচ্ছে। আমি থানাদার হয়ে বেরিয়েছি। কী, ভালো করিনি ? ঝিলকিয়ে হেসে উঠল অঞা।

প্রভাতের মন্তব্য করার আগেই নীরেন বললে—বোকা মেয়েটাকে কত বললুম, বি-এ পাশ করলি, চল আমার সঙ্গে। ভয়েই ঘাবড়ে গেছে। বিলেভ দেশটা যে মাটির এ মোটা কথাটাই ওকে বোঝাতে পাচ্ছি না।

—মাটির যে তাতে সন্দেহ কী, কিন্তু আমাদের নিজের দেশটা যে সোনার। তোমরা এক-একটা দিগগজ হও গে, আমরা আমাদের দেশী সংসারে শান্তির নিকেতন গড়ে তুলি। কী বলেন ? প্রভাতের দিকে তাকাল অঞ্চ।

প্রভাত কী বলবে ভেবে পেল না। দে কিছু বললে না বলে অশ্রু অভিমানের ভাক করে চুপ করে রইল। প্রভাতের মনে হলো অশ্রুর নীয়বতাগুলিও মদের ফোঁটার মতো ।

- —চলুন, আমাদের মালীমার বাড়ি চলুন। নীরেন প্রভাত্তের হান্ত ধরক।
  অঞ্জার নিজের ইচ্ছাটা প্রবল করতে চাইল।—এপুনি বাড়ি ফিরব তী, চলো
  ঐ ঘুমন্ত নদীটার পারে বেড়াই।
- —ভাহলে একটা টাঙ্গা নিই। বলে চলভি একটা টাঙ্গাকে নিজেই ভেকে বসল অঞা।

এখন গোলমাল বাধল কে কোধায় বলে ! গাড়োয়ানের পালে একজনের না বলে গড়াস্কর নেই ।

— উনি অতিথি মাহ্য্য, উনি গাড়োয়ানের সঙ্গে বসবেন কী। **অঞা প্রা**য় শাসন করে উঠল। প্রভাতকে লক্ষ্য করে বললে,—আপনি চলে আক্ষুন পিছনে।

তাহলে বৃঝি অঞ্জর পাশেই বসতে হয়। **নীরেনের উপস্থিতিতে সেটাও** বিসদৃশ।

কিন্তু কা হঠকারী মেয়ে— বলে বসল, তোমরা ছজন পিছনে কোনো, আমিই লামনে যাচ্ছি।

সেটাও অসম্ভব।

णारे नौरतन ভाड़ा निरंत्र ठाकाठा विनात्र करत निन।

তারপর হেঁটেই চলল তিনজন—মার্কখানে অশ্র, কখন আবার কথার ঝোঁকে, কথারই কারসাজিতে প্রভাতের বাঁ পাশে।

আন্ধকারে পথ হারিয়ে তিনজনে অনেক পরে মাসীমার বাড়ির হ**ঞ্চিস পেজ।** সারা পথ অশ্রের কথাই পাঁচকাহন— আর অবান্তর কথাই বে শ্রোভার গুলে এমন অনর্গল হতে পারে তা এই নির্জন মাঠ-বন কোনোদিন এর আগে প্রত্যক্ষ করেনি।

মাসীমা অপরিচিতকে দেখে সরে যাচ্ছিলেন, অঞ্চ ঘোষণা করে বসল, ও দাদার বন্ধু, তোমার লচ্ছা পাবার কিছু নেই মাসীমা।

তারপর প্রভাতের কাছে সরে এসে বললে—বস্থন। পরের মতো ওরকম জবুধবু হয়ে কেন ? বেশ করে হাত-পা ছড়িয়ে বস্থন— কম তো আর মোরা হয়নি। টোচট থেয়ে-থেয়ে আমার বুড়ো আঙ ল ছটো তো খেঁতলে গিয়েছে।

- —কই, দেখি। সাহস করে দিব্যি বলতে পারল প্রভাত। তুহাতের তুটো বুড়ো আঙুল একত্র করে দেখাল অঞ্চ।
- (म की ?
- —পায়ের বুড়ো আঙুল বুঝি দেখানো বায় ?

ত্বজনেই অবাধে হেলে উঠল।

সকাল বেলা দিদি বেমন বড়ে পাশে বসিয়ে থাইয়েছিল, অঞাও যেন ততথানি বড়ে নিজের হাতে থাবার সাজিয়ে এনেছে।

থালা দেখেই প্রভাত পেছিয়ে গেল। -- পারব না।

আশ্র আরো এগিয়ে এল।--- খুব পারবেন। আমি বলছি পারতে হবে।

- —অহুথ করবে।
- —অস্থুপ করলে সেবা করবার জন্তে আমি গ্যারিন্টি রইলাম।
- —সত্যি ?
- —এক সন্তিয় নয়, তিন সন্তিয়।
- -- बाद र्या वस्थ ना करत ?
- —ভাহলে আমার সেবা করবেন।
- —আপনার সেবা ! প্রভাত যেন ফাপরে পড়ল। -- কী করে ?
- —আবার থেতে এসে।

আন্ধকারে অপ্রত্থ থানিকটা পথ এগিয়ে দিল। বললে—কাল খুব দকাল বেলায় ঘুম থেকে উঠেই চা না খেয়েই চলে আসবেন এথানে। খুব থানিকটা বেড়ানো যাবে। কী. চাকর ডাকিয়ে লগ্ঠন দেব একটা ?

- —না, দরকার নেই। অন্ধকারে একা-একা ফিরে ষেতেই ভালো লাগবে।
- —হোঁচট খেয়ে পড়লে কিন্তু সে সেবার ভার আমার উপর নেই। আচ্ছা, আচ্ছা, তাও নেওয়া যাবে, কিন্তু আলো নিলে ভালো হতো।
  - —আমার কালোই ভালো। অন্ধকারেই বেরিয়ে গেল প্রভাত।
    - —কাল আসবেন কিন্তু মনে করে। কেমন থাকেন আমার জানা চাই।

প্রভাত মনে স্থির করল, কাল কক্থনো ওদের বাড়ি যাবে না—থেয়ে দেয়ে এমন গভীর ঘুম দেবে যে ন'টার আগে আর উঠবে না। বিধাতা, আর কেন ?

কিছ ষতই ভরপেট থাক, যুম এল না প্রভাতের।

ষাট টাকা মাইনের কেরানী—দে কী করে শিয়রে স্বপ্ন নিয়ে গুম ষায় ? ষাট টাকার মধ্যে বাড়িভাড়া আঠারো, রুগ্ন বাপের কবরেন্দ্রি চিকিৎসা বাবদ বারো, বাজার খরচ দৈনিক পাঁচ আনা করে ন টাকা ছ আনা—ছোট বোন ত্টোর বিয়ের জক্তে কুড়ি টাকা করে জমাতে হবে—আর বাকী দশ আনার উপরই তার প্রভূত্ব—দে বিভিই থাক আর টামেই চড়ুক।

বিধাতাকে এ পর্যস্ত কম খুখ দেওয়া হয়নি। কত বলেছে, আরো গোটা কুড়ি দাকা বাড়িয়ে দাও, অন্ধ ভাইটাকে স্থলে ঢোকাই, বোন ফুটোকে বিয়ের নৌকোয় পার করি, মা'র স্থবিধের জন্মে একটা ঝি রাখি। কত বলেছে। বিধাতা শুনেও শোনেননি, মুখ ফিরিয়ে রয়েছেন।

একটা টিউশানির জন্তেও কত হাঁটাহাঁটি করেছে। হবে-হচ্ছে করে লাগছে না শেষ পর্যস্ত । .

অগত্যা বাবা তার জন্মে বিয়ে ঠিক করলেন। চার হাজার টাকা বরপণ পাওয়া যাবে, সেইটেই আকর্ষণ। মেয়ের খুঁত আছে বলেই অতগুলো রূপোর চাকতি। একে অমাবস্থা তায় একথানা পা ছোট। তা সে যাই হোক, টাকা পাওয়া নিয়ে কথা। টাকাই কর্সা, টাকাই কুলীন। টাকারই সমস্ত অবয়ব অনবস্থা।

এ-দব কথা অশ্রুকে বলা যায় না। অন্তত এখুনিই বলা যায় না। আর যখনই বলা তথনই তার উধর্ষাস পলায়ন।

তব্ যতকণ ঘুম না আসে স্বপ্ন জেগে থাক শিয়রে।

मिमिल अर्थ प्रथएन।

থাকেন বাংলার সীমানা পেরিয়ে মধ্যপ্রদেশের এক বুনো গাঁয়ে—তাঁকে বিয়ের নায়রী করে নিয়ে আসতে প্রভাত রওনা হলো। আগের পক্ষের দিদি—চবিশ বছর বিয়ে হয়েছে, সেই থেকেই দেশছাড়া। স্বামী সামান্ত মাইনে নিয়ে একটা ইছ্ল মান্টারি করেন। ঐ জংলা বুনো খোট্টা দেশেও সদলে মা-ষ্টার পথ চিনে আসতে বেগ পেতে হয়নি। বাবা বারণ করেছিলেন—শুধ্-শুধ্ টাকার আদ্ধ, শ থানেকের উপর এতেই বেরিয়ে য়াবে, হাফ-টিকিটই লাগবে হয়তো খান ছয়েক। প্রভাত বলেছিল—দিদি না এলে বিয়ের সমস্ত বাজনা বুজে য়াবে।

দীর্ঘ চবিবশ বছরের নির্বাসিতা নারী বাঙলার সবুজ সান্তনাসিঞ্চিত নীড়ের জক্তে বাহর ছই ব্যাকুল জানা বিস্তার করে দিয়েছে। সবুজ মাঠ কত দিন দেখেনি—কুয়ে-পড়া নীল আকাশ। এখনো নদীতে বকের জানার মতো শাদা পাল তুলে ঘোমটা-দেওয়া বউয়ের মতো নোকো নাচে, পানকোটি ডুব দেয় জলে? মাছরাঙা—গাঙশালিক? ছেলেরা উঠোনে তেমনি কানামাছি খেলে? মেয়েরা মাঘমগুলের ব্রত্ত করে? আর তেমনি কাঠগোলাপ ফোটে—সজনে ফুল? হাওয়ায় তেমনি পাটের থোপা দোলে আর? সালিধানের চিরে পাওয়া যায় ? কাউনের চাল?

ক্ষণ তামাটে মাটির নিরানন্দতা সমস্ত দেহে—হঠাৎ যেন বাংলার শ্রামল মাটির স্বেহরসে স্নান করে ওঠে। বলে, আমিই সব নিতকাম করব তোর বিয়ের, যাত্রাকলস আকব, পিঁড়িচিত্র করব, উল্ দেব, কুলোতে পঞ্চপ্রদীপ সাজিয়ে বরণ করব, দোরে সক্ষেদট দেব— স্বপ্ন না দেখে মাছবের উপায় কী। জীবনে সোভাগ্যের মৃথ দেখে না বলেই তো সে স্বপ্ন দেখে ! স্বপ্নই তো একমাত্র সোভাগ্য।

কিন্ত, কী আন্দৰ্য, সকাল ন'টার আগেই ঘুম থেকে উঠল প্রভাত। স্বপ্ন শুধু শুধু মানুষ ঘুমিয়েই দেখে না, কখনো কখনো দিনের আলোয় খোলা চোখেই দেখে। আৰু সকালে ইচ্ছে করলেই সে অশ্রুকে দেখতে পারে এই অমুভবটাও ভো একটা স্থান্থ মতো।

দিদিকে বললে—এথানে এসেই এক বন্ধু জুটে গেল। একটু দেখা করে আদি। শিগ্রিরই ফিরছি তামরা দব রেডি হয়ে থাক।

অশ্র দাঁড়িয়ে আছে দোরগোড়ায়—যেন প্রতীক্ষার প্রতিমা।

- —এই আপনার ঘুম ভেঙেই আসা ?
- —স্বামার ঘুম তো এখনো ভাঙেনি। হাসিভরা বিহবল চোখে তাকাল প্রস্তাত।
- -कन, को श्ला ?
- —আপনি ছোঁবেন তবে তো ঘুম ভাঙবে।
- —কেন, জর হয়েছে নাকি ? মশ্রু প্রভাতের কপালে একটু হাত রেখে ব্যাখ্যাটা সরল করতে চাইল।

কিন্তু প্রভাত তাকে তরল হতে দিল না। নিজের হাতের মধ্যে অশ্রুর হাতথানি টেনে নিল। কেন যেন মনে হলো এ হাতের মধ্যে অনেক-অনেক ভবিয়াৎ।

বাঁ-বাঁ। রোদ - হঠাৎ যেন জ্যোৎসার মতো মিঠে লাগে, প্রভাতের মন মদির হয়ে উঠেছে। না, বিয়ে করে তার জাবনের সমস্ত সম্ভাবনার পথ সে বন্ধ করে দেবে না। এখুনি তার ঘরবন্দী হবার সময় আসেনি। না, টাকাই জীবনের সব কিছু নয়। মাছ্ম শুধু ফটিতেই বাঁচে না। যদি জীবনে সে একটা প্রেম পায় তা বিবাহের চেয়ে বড়ো।

দিদি দোরগোড়ায় দাঁড়িয়ে, প্রভাতকে রাস্তায় দেখতে পেয়েই টেচিয়ে উঠলেন—তোর আক্রেনটা কী রকম ওেনি? সেই কখন থেকে খাওয়া-দাওয়া সেরে বেঁধে-ছেঁদে তৈরি হয়ে আছি, তোর আর দেখা নেই। বন্ধুর বাড়িতে এতক্ষণ না থাকলেই নয় ? এখন কখন খাবি, কখন যাবি। মোটেই আর ঘণ্টা-খানেক বাকি গাড়িছাডবার—

- थवत्र ভाला नत्र, मिमि।
- -कन, की रुला?
- —কলকাতা থেকে টেলিগ্রাম এসেছে, বাবার হঠাৎ ট্রোক হরেছে। বিয়ে পিছিয়ে গিয়েছে। স্মামাকে এক্সনি ফিয়ে যেতে হবে।
  - मिनि किंदम र्फेटनम वामारक निया हन।

- —না, বিয়ে যখন হচ্ছে না —প্রভাত যেন এখুনি বেরিয়ে পড়তে পারলে বাঁচে।
- —সে কী, ছটি খেয়ে যা।
- থাবার সময় নেই। স্টেশনে যা পাই থেয়ে নেব। তুমি কেঁদো না—বাবা ঠিক ভালো হয়ে যাবেন। তারপর পিছন ফিরে বললে—বিয়ের দিন ঠিক হলে আবার আসব। নিয়ে যাব তোমাকে।

দিদি স্থাদর করে সেজেছেন। অব্যবস্থাত পুরোনো ক'থানা গয়না গায়ে দিরেছেন, কপালের মধ্যিথানে ডগডগে সিঁত্র—কাপড়ের পাড়টা চওড়া লাল।

তাঁর চোথেমুথে সর্বাঙ্গে সোনার বাংলা দেশ দেখার স্বপ্ন।

কে জানে, মিথো দিয়েই সে স্বপ্ন ভরা। তাই আবার মিথো দিয়েই সে স্বপ্ন ভেঙে দিল প্রভাত। স্বপ্ন ভেঙে যাওয়াও জীবনের আরেক স্বপ্ন।

প্রভাত স্টেশনে পৌছে বাবার কাছে তার পাঠাল—বিয়ের দিন পিছিয়ে দিন,
আমার শরীর অত্যন্ত অফুস্থ ।

মধ্যপ্রদেশের উপর মধ্যরাত্রি—কামরায় চতুর্থ লোক ওঠেনি। উঠলেও তারা অস্তিত্বহীন।

সন্ধে হতেই নারেন শুয়েছে—থানিকক্ষণ বকবকানির পর অশ্রুও চুলে পড়েছে। বলেছে, আপনিও আমার মাথার সঙ্গে মাথা ঠেকিয়ে উলটো দিকে গা টান করে শুয়ে পড়ুন।

কী অপার অকূল ভয়ন্বর নিস্তন্ধতা ! প্রভাত শিয়রে বদে একবার অশ্রুকে দেখতে লাগল । মৃত্ব নিখাসের তালে সোনার গাগরী ছটি অতি ধীরে ত্বলছে । সমস্ত মৃথে লাবণ্যময় প্রশাস্তি । মৃত্রিত ছটি ঠোঁটে যেন স্তন্ধতার সঙ্গাত – ললাট যেন শ্বেতপদ্মের পাপড়ি, ব্রততীর মতো লীলায়িত ছটি বাছ – কানে এককালে ছল পরবে বলে যে জায়গাটা ফুঁড়েছিল সেটাও অনেকক্ষণ দেখলে । স্বতহ, স্মুখ্যমা—ওর নবযৌবনের সৌরভে প্রভাতের সমস্ত দেহ উনুথ ও উল্পাসিত হয়ে উঠল । ইচ্ছে হলো ওর কপালে কোমল করে ডান হাতটা একটু রাখে ।

কিন্তু কে জানে হয়তো ছোঁয়া পেয়ে জেগে উঠবে। জেগে-ওঠাটা এই ঘূমিয়ে-থাকার মতো স্থন্দর নাও হতে পারে।

দেখল অশ্রর পা-ত্থানি বেখানে শেষ হয়েছে সেথানে বেঞ্চিতে বেশ থানিকটা জায়গা আছে – শীর্ণ হয়ে বসা যায় হয়তো। মনে হতেই প্রভাত মাধার দিকের জায়গা ছেড়ে পায়ের কাছটিতে গিয়ে বসল। দেখল শাড়ির প্রাস্থটা বেশ থানিকটা উচ্তে উঠে গেছে। প্রভাতের বুকের ভিতর একটা ঠাণ্ডা আনন্দ অজানা ভয়ের মতো

শিউরে উঠল। মনে হলো বহস্ত-মন্দিরের কটা শিঁ ড়ি বেন হঠাৎ আবিষ্কৃত হয়ে গেছে। প্রভাত সম্বর্গণে হাত বাড়াল—না, অনাবৃত পায়ের উপর রাখল না, শাড়ির প্রাক্তের ধারটুকু ধরে আন্তে নীচের দিকে টেনে দিল।

রহস্ত উন্মোচনে নয়, বহস্ত আবরণে। ভঙ্গুরতা, তোমার নামই রমণী—বলেছিল শেকসপিয়র। প্রভাতের বলতে ইচ্ছে হলো, রমণী, আবৃতিই তোমার নাম। যতক্ষণ আবরণ ততক্ষণই তুমি রহস্যের মন্দির। অনাবরণে তুমি রহস্যের গবেষণাগার।

- —এ কী, আপনি পায়ের দিকে বসেছেন ? ঝট করে উঠে পড়ল অঞা। প্রভাত লক্ষিত হবার ভান করে বললে—কোণের দিকটায় পিঠ রেখে বসে ঘূমোব ভেবেছিলাম।
- দরকার নেই ঘুমিয়ে। আহ্বন গল্প করি। অশ্রু বেশ থানিকটা কাছাকাছি হয়ে বসল।
  - —হাা, তাই ভালো। ক্বতজ্ঞ মুথে স্বস্তির নিশাস ফেলল প্রভাত।

কিন্তু চলন্ত ট্ৰেনে রাত্রির রহস্যপুরীর দরজায় বসে নির্জনে যে কী গল্প করা যায় ত্বজনে কেউই কিছু ভেবে পেল না। অথচ শুদ্ধ হয়ে থাকাটাও ভয়ন্ধর লাগছে।

- —তার চেয়ে এক কাজ করা যাক। অশ্রু চঞ্চল হয়ে উঠল—আপনি বরং গুয়ে পড়ুন, আমি জেগে থাকি।
- —এমন কথা মহাভারতে লেখে না। প্রভাত বললে—বরং আপনি শুয়ে ঘূমোন, আমি বলে ঘূমোই।
- আপনি যে তাহলে কত ঘুমোবেন জানা আছে। অঞ্র গলায় ছোট একটু স্কুষ্টীমির টান।
  - তাহলে এই বেশ আছি, ত্বন্ধনেই বসে বসে ঢুলি।
- —এটা কোনো কাজের কথা নয়। অশ্র প্রায় শাসনের স্থর আনল। ধখন একজনের লম্বা হবার মতো যথেষ্ট জায়গা আছে তখন আপনার সেটা সন্থাবহার করা উচিত।
- —আমার ? প্রভাতের খেয়াল হলো একই কথার আবর্তের মধ্যে ওরা ঘূরছে অথচ এই তুচ্ছ কথা-কাটাকাটি কী স্থকর!
- হাা, আপনার। কলকাতা পৌছেই তো আপনার আপিদ সেই দশটাপাচটা। কি, ঠিক নয়- ? রাতে ঘুমিয়ে না নিলে আপনি কাঞ্চ করবেন কী করে ?

অশ্র কণ্ঠে কী যেন অকথিত মমতা, প্রভাতও অলক্ষ্যে সিম্ব ২তে সিম্বতর হলো
—কিন্তু আপনি ?

- আমার কী! আমি তো গড়িয়ে গড়িয়ে সারা ছুপুর শোধ তুলব। শব্দ করে . হেসে উঠল অঞ্চ।

- —তা তুলুন। কিন্তু রাত জেগে পরের দিনে আপিদ করা, আবার আপিদ করে কের রাত জাগা. এ আমার অভ্যেদ হয়ে গেছে—
- —এ আপনার কেমনতরো আপিস ? বেশ, অঞ্চ হঠাৎ উৎসাহী গলায় বললে— আপনি তবে আপনার আপিসের গল্পই বলুন।

প্রভাত ব্রুল অশ্র এই পথে তার সাংসারিক পরিচয়টা জেনে নিতে চায়। আশ্চর্য, সে কিছু লুকোল না, মিথ্যের ময়্রপুচ্ছ ধরল না, ঠিক-ঠিক সব কথা উজাড় করে ঢেলে দিল।

ঘুম থেকে উঠে বাজার করতে যাই। বাজার করে আসতে-আসতেই আপিসের বিলা হয়ে যায়। হেঁটেই যেতে হয় কিনা। পাঁচটা পর্যন্ত কলম পিষি। কলম পিষে যথন হেঁটে বাড়ি ফিরি তথন সজে হয়ে যায়—একটা পাখরের বাটিতে ঠাণ্ডা জল নিয়ে তাতে থানিকক্ষণ বাঁকানো আঙুলগুলো ডুবিয়ে রেখে সোজা, কর্মঠ কয়ি। পরে আবার রাস্তায় বেকই। টিউশানির সন্ধান করি। গান নেই কবিতা নেই খেলাগুলা নেই সন্ধী নেই বই নেই—কোনো আমোদ-প্রমোদ নেই—আমোদের মধ্যে রাত জেগে ছারপোকা মায়া আর সঙ্গীর মধ্যে চিরক্রয় অন্ধ ভাইটা, রাজে ওর কাছে তই কিনা। কোনো স্বপ্ন নেই—না, আছে, চাকরিতে একটা লিফ্ট পাই কিনা—প্রাইভেটে এম-এ-টা পাশ করে নিতে পারি কিনা। পরে হঠাৎ যথন আপনাকে দেখলাম—

মৃহুর্তের মধ্যে প্রভাত যেন কী হয়ে যায়— কে জানে সে নিজেই স্বপ্ন হয়ে উঠল কিনা—অশ্রুর উৎস্ক হাতের ওপর তার হাতথানি উপহার দিতে এতটুকুও কুঠা করে না, বলে চলে—হঠাৎ যথন আপনাকে দেখলাম, আপনি প্রতিবেশী আত্মীয়ের মতো আমার সঙ্গে কথা কইলেন, স্নেহ করে খেতে দিলেন, এই উষ্ণ সামিধ্যটুকু দিলেন—ভাবতে অবাক লাগল এর জন্মে আমার কী তপস্যা ছিল ? অযোগ্য হতভাগ্য—একটা অক্ষম গরীব কেরানী—

অশ্রম চোথ অজানা ব্যথায় ছলছল করে উঠেছে। অযোগ্য তো এমন করে টানে কেন ? ওর বাইরের ফক্ষতা কেন অমন ত্র্বার রহক্ষের ইঞ্চিত দেয় ? মনে হয় বেন সমতল ভূমির উপর হঠাৎ একটা পাহাড় এসে দাড়িয়েছে। যোগ্যতার হিসাবে পাহাড়টার আর দাম কী, কিন্তু কী তুর্ধর্য আকর্ষণ দিয়ে ভরা!

প্রভাতের হাত আরো একটু শক্ত করে, আপনার করে ধরল আই। বললে —
কিন্ত আপনাকে দেখেই আমার মন যে কী ভীষণ স্থাত্ হয়ে উঠেছে সে কথা কে
বলে ? আমি যেন হঠাৎ নিজেকে আবিকার করে বসলাম—-সে যে কী, কেমন,
বোঝানো যায় না। তারপর একটু থেমে চঞ্চল হয়ে বললে—কিন্তু মাহুষকে কেন এত

ছাথ মইতে হবে ? ভালোবাসা না পাওয়ার ছাথের চেরে না থেতে পাওয়ার ছাথ, বোগে ভূগে পছ্ হওয়ার ছাথ কী প্রচও! আপনি কেন এত ছাথ পাবেন ? না, আপনাকে আমি পেতে দেব না।

প্রভাত একটু হাসল। বললে – আমার কথা কে ভাবে ? কিন্তু যথনই ভাবি অছ ভাইটা একদিনের জন্তেও দিনের আলো – মহমেণ্ট দেখতে পাবে না – কাঁদে আর বলে, আমাকে মহমেণ্ট দেখাও, মা। উঃ, আমি যদি অন্ধ হতাম! তাহলে তোমার মুখও তো দেখতে পেতাম না কোনোদিন—

चित्र क्रांच्य क्रांच्य वनल-चात्र चामि विष এथन चच्च हरें!

ক্থাটার মধ্যে-কি লঘুতার স্থ্র বাজল ? তবে কেন আদ্ধ হওয়ার নীরন্ধ্র যন্ত্রণাটা বীকার করতে চায় না ? অঞ আদ্ধ হবে কেন ? তার জীবনে সর্বাঙ্গে উচ্ছুসিত সাফল্য-বিলাস, সে কেন দৃষ্টিহীন হতে যাবে ?

প্রভাত হাছটা ছেড়ে দিতে বাচ্ছিল, অঞ্চই অন্নমতি দিল না। একটু বুঝি বা কাছে টানল।

তবে অন্ধ হবার কি আর কোনো অর্থ আছে ?

—তোরা এখনো ঘুমোসনি ? নীরেন নড়ে-চড়ে উঠল।

প্রভাত আর অশ্রও নড়ে-চড়ে বসল। কথাও বন্ধ হলো। হাতের স্পর্শ টুকুও বিচ্ছিন্ন হয়ে গেল। তবুও মনে হলো স্তব্ধতাও বুঝি আরো কত কথা কইতে পারে। আর স্পর্শহীনতাও আনতে পারে কত গভীর সংযোগের আসাদ।

ভোরবেলা রূপনারানের ওপর দিয়ে যথন ট্রেন যাচ্ছে তথন ওরা পরস্পরের মূথের দিকে চাইল—ছজনের মূথেই যেন অপার্থিব আনন্দের আভা, যা পৃথিবীর কান্না দিয়ে তৈরি।

স্টেশনে গাড়ি বথন থামল তথনই অশ্রু বলতে পারল—আপিস সেরেই কিছ আমাদের বাড়ি আসবেন। আসবেন অবস্থি। আমি পাথরের বাটিতে বরষ গলিরে রাথব। আপিসের কাজের ভিড়ের মধ্যে পড়ে ভুলে বাবেন না বেন। দেখবেন—

পরে একটু কাছে এসে বললে—আমি না ভুললে কি করেই বা ভুলবেন দেখব। আসা চাই কিন্তু, আমি পথ চেয়ে থাকব। বুঝলেন, পথ চেয়ে থাকব।

হাা, পাহাড়ই হেঁটে আসবে।

এথানে ওথানে করে, বন্ধুদের মেসে খেয়ে-শুয়ে, আশিসে কলম শিবে প্রভাত .চার দিন কাটিয়ে দিল যা হোক। ছুনো উৎসাহে ও থাটে—খেটে এত ভৃপ্তি বেন ও আর কোনোদিন পায়নি – ছাত্র্য থারাপ হলে আর কেউ অন্থ্যোগ দেবে এই
আশার নিজের কাহিল দেহটার ওপরেই মায়া পড়ে। আপিসে হিসেব মেলায় আর
মনে-মনে কান পেতে পোনে, ট্রেনের চাকার শব্দ, রক্তের গভীরে অস্ভব করে সেই
হাতের মধ্যে হাত তেকে রাথা – সেই—

বাড়ি বথন কেরে, সমস্ত ইট-কাঠ যেন একসঙ্গে বিদীর্ণ হয়ে যায়—কী হয়েছিল তোর ? ঐ এক টেলিগ্রাম করেই আর কোনো থবর নেই ? তুই কি কসাই ?

- —অস্থ করেছিল। অস্থাের ওপর কী হাত আছে ? প্রভাত মাকে প্রণাম করে, ছোট ভাইবানগুলিকে একটু অকারণ আদর করে।
  - --এখন কেমন আছিস ? মা গারে হাত রাখেন।
- ---এখন ভালোই আছি। ভরা গলায় বলে ওঠে প্রভাত। এত ভালো সে আর কোনোদিন থাকেনি। ভালো-কথাটা বলা যায় এই যেন সে ভূলে ছিল!

রোগশব্যা থেকে বাবা চেঁচিয়ে প্রঠেন - হতভাগাটা বেতে না বেভেই ব্যামোয় পড়ল ! তথনই বলেছিলাম ঐ অজাত দেশে গিয়ে কান্ধ নেই । আর এমন কী ব্যামো -হলো বে একেবারে বিছানা নিতে হলো ! অলক্ষ্ণে কোথাকার ! এ দিকে এত বড়ো দাঁওটা গেল ফসকে — ওরা অক্ত জায়গায় ভিড়েছে । এবারে কলা চোবো —

প্রভাত স্বস্তির নিশাস ফেলে। অন্ধ ভাইটির রুখু মাধায় হাত বুলিয়ে দেয়। কিন্তু সংসার কী করে চলবে ?

বিধাতাই এর বন্দোবন্ত করে দিলেন—একাস্ত মাম্লিভাবে। আয় না বাড়িয়ে ব্যয় কমালেন।

তিন দিনের আড়াআড়িতে ছটি বোন কলেরাতে মারা গোল - এক থালায় করে একই বাদ্রি থাবার থেয়েছিল ছম্বনে।

ছটি প্রাস বুজল —কুড়িটাকা করে আর জমাতে হয় না। এ ক'দিনে যা জমেছিল বাবা একদিন রাগ করে তাই তুলিয়ে আনলেন। আজেষাজে থবচ করে দিলেন উড়িয়ে।

আপিস থেকে ফেরবার সময় প্রভাত মাঠে অনেকক্ষণ জিরিয়ে নের আজকাল —
এক দমকে অনেকগুলি কদম আর ফেলতে পারে না। শোকাচ্ছর প্রদারে ওর
অর্থভুক্ত অপরিচ্ছর বোন ছটির মুখ মনে পড়ে—সংসারের সমস্ত উৎপীড়ন ও অপমান
নির্বিবাদে একান্ত অপরাধীর মতো বহন করত ওয়া — একখানা ভালো কাপড় পরেনি
কোনোদিন, মুখ ফুটে কোনো আবদার করেনি, মা'র সঙ্গে-স্কলে রেঁথেছে, বাসন
মেজেছে, কাপড় কেচেছে — আর ওদের বিয়ে দিতে পরিবার সর্বস্বান্ত হবে এই ভয়ে
বালিশে মুখ গুঁছে থালি কেঁলেছে। বদি ওয়া বাঁচত—প্রভাত ভাবছিল—ওয়া শত

কুৎসিত হলেও ওদের হৃদয় কি আর কারু হৃদর ছুঁরে বাজিরে ধন্ত করে দিতে: পারত না ?

কিন্তু শোক নিয়ে বিমর্থ হয়ে কভক্ষণ থাকবে প্রভাত ? জীবনে শোকের অপর পার থেকে যে ভালোবাসা ডাকছে। শোক চলে যায় কিন্তু ভালোবাসা যে যায় না। সময় তো শোককে অস্পষ্ট করে কিন্তু ভালোবাসাকে উচ্ছল করে রাখে।

অশ্র প্রভাতকে একেবারে ওর তেতলার ঘরে নিয়ে এল, বিছানা পেতে দিল, বললে,—হেটেই এসেছ মনে হচ্ছে, শোও, শুয়ে পড়ো লক্ষীটি—

প্রভাত বললে – বিছানা দেখে শোবার লোভ হচ্ছে, কিন্তু তার দরকার নেই —

—লোভের জিনিস যদি সহজেই পাওয়া যায় তবে নিয়ে নিতে হয়। দরকারের কথা ভাবারই দরকার করে না।

অঞ্চ উচ্ছল চোথে সপ্রতিভের মতো বললে। তাকে এখন কী অভুত দেখাছে ! চুলগুলি বোষ্টমীদের মতো ঝুটি করে বাঁধা, একথানি আটপোরে পাতলা শাড়ি পরনে - কুচকুচে কালো চওড়া পাড় –গায়ে ভধু একটা শেমিজ –শাদা নয়, গোলাপী।

- বাড়িতে কে আছে, দেখে কী ভাববে। প্রভাত তবু দ্বিধা করে।
- —ভর তৃপুরবেলা, বাড়িতে এখন তেমন কেউ নেই। অঞা বলে অকপটে থাকলেও আমার ঘরে কেউ উঁকি মারতে আসবে না। আর এলেও দেখবে আমি আমার এক প্রান্ত বন্ধকে আমার বিছানায় বিশ্রাম করতে দিয়েছি।

প্রভাত যদি বা বিছানায় বসে, ওয়ে পড়তে সঙ্কোচ করে।

অঞ নিজেই আবার নিজের কথার জের টানে—কোখেকে কে কী দেখে কেলে সেই তয়ে জানলা-দরজা বন্ধ করে রেখে বাঁচা ষায় না। তারপর, কী সাহস মেয়েটার —দিব্যি হাসিম্থে বলে—এখন তো আর দরজা বন্ধ করছি নাথে লোকে কিছু অনুমান করবে।

এখন করছে না, পরে একদিন করতে পারে !

ফিটফাট নরম বিছানায় গা এলিয়ে শুয়ে পড়ে প্রভাত। সাহস-ভরা শ্বরে জিগগেস করে—ভুমি কোথায় ঠাই নেবে ?

—আমি তোমার শিয়রে বসব।

প্রভাত যেন এতথানি ভাবতে পারেনি। ভাবতে পারেনি মদিরার পাত্ত এমনি স্থাবার মমতার মধুরে ভরে যাবে।

সত্যিই শিয়র ঘেঁষে বসে অঞা। কাঁঠাল চাঁপার কলির মডো কোমল ও গুক্ত

আঙ্কগুলি অভি ধীরে ধীরে প্রভাতের কপালে ও চুলে বুলোর, আদর করে। ধেন আঙ্লের ফাঁক দিয়ে সমস্তটি স্থায় জলের মতো ঢেলে-ঢেলে দিতে চায়।

নিস্তন ত্ৰপহর--একটা কাকের পর্যন্ত ডাক নেই।

প্রভাত ওর বোন ছটির কথা ছাড়া অস্ত কথা মনে করতে পারে না। মমতার এমন দ্রব এখন পরিবেশ। বলে—মা শোকশয়ায় একান্ত প্রান্ত—এ কদিন প্রভাতকেই ছবেলা রাঁখতে হচ্ছে—কট্টের চেয়ে মালিয়াই যেন বেশি—কত দীর্ঘ দিনের মেয়াদ কবে ফুরোবে কে বলতে পারে ?

প্রভাতের চোথের উপর অঞ্চ তার হাত রাখে।

—এ চোখে জল নেই, না, জালাও নেই। প্রভাত বলে—তুমি বে হাত রেখেছ, চোখে এখন তথু স্বপ্ন—অসম্ভবের স্বপ্ন।

আঞ্রর ইচ্ছে হয় বলতে—আমাকে নিয়ে চলো তোমার বাড়ি, তোমাদের জন্তে ছুটো ভাত ফুটিয়ে দিয়ে আসি। মা'র সেবা করি— একটু বা তোমার।

বলতে পারে না।

প্রভাতের বলতে ইচ্ছে হয়-- আমাদের ঘর পচা নোংরা ব্ড়ো, তব্ তুমি সেথানে গিয়ে পা রাথবে ? কেনই বা রাথবে ? কিন্তু যদি রাথো— লক্ষীর 'পাড়া' পড়বে, তোমার এই কল্যাণদৃষ্টি এই স্নেহস্পর্শ এই অমলিন সারিধ্য পেয়ে আমি আমার সমস্ত দারিদ্রা ভূলতে পারব। কিন্তু তুমি—তোমার সন্তোব কোথায় ?—ছি:, আমি একটা কী! অধ্যাধ্য কেরানী—এম-এ-টা পর্যন্ত পাল করতে পারিন।

পারে না বলতে।

আশ্রু প্রভাতের ঘাড়ের তলা থেকে বালিশটা দরিরে ওর মাথাটা নিজের প্রদারিত কোলের উপর টেনে নেয়। প্রভাত তার অন্থিরতাকে প্রাণপণে শাস্ত করে রাথে। আশ্রুর কোমল ও উত্তপ্ত বুকের আভাসের ছারা তার মুখের উপর ছুঁয়ে ছুঁয়ে যায় তবু সে উবেল হয় না। শক্ত সংযমের মধ্যে সমস্ত আবেগকে ধরে রাথে।

প্রভাতের দীর্ঘ দৃঢ় শরীরের প্রতি মারার অশ্রুর ঘুমস্ত যৌবন মর্রের মতো সর্বাক্রে পেশ্য মেলে ধরে।

আঞা বলে— একটা বাইক কিনে নিলে তোমার খুব স্থবিধে হবে। আমি টাকা দেব, মনোমত দেখে একটা কিনে নিও। কি, মোটর-বাইক কিনবে? সঙ্গে সাইড-কার?

ছুই চোথে রহস্তময় ইঙ্গিড--অথচ ক্ষেহে কী নত্র!

আঞা আদরে উচ্ছল হয়ে নিজেই ছয়ে পড়ে বৃকটা ওর মূথের উপর চেপে ধরে, বলে— এবার থেকে একদিনও হেঁটে আপিস ঘেতে পাবে না, যদিন না বাইক হয়।
আচিজা/২/১০

ট্রামে করে বেতে হবে। বাড়িতে একটা ঠাকুর রাখো সম্প্রতি, দে-ই রাঁধুক —িবি কি চাকর যা স্থবিধে হয়, একটা রাখো। বুঝলে ? সব আমি দেব।

প্রভাত চোথ তুলে বলে—তুমি পাগল হয়ে গেছ নাকি ? পাগলি !

—পাগলি মানে? আমার বাস্কে যে কতগুলো টাকা পড়ে আছে তা দিয়ে কী হবে তনি? আর শোনো, এবার থেকে আপিসেই টিফিনের বন্দোবস্ত কোরো—পেট তরে যেন—শরীর নিয়ে গাফিলতি কোরো না। আমি না হয় পাগলি, কিন্তু তুমি লন্দ্রীটি হয়ে আমার কথা তনো—কেমন?

কোলের থেকে ধীরে ধীরে প্রভাতের মৃথ তুলে একটু কী ভেবে বালিশের ওপর রেখে অঞ্চ উঠে দাঁড়ায়। আলমারি খুলে কভগুলি আনকোরা জামা বের করে বলে
— তোমার জন্মে এই কুটো পাঞ্চাবি করেছি সেদিন ভিজে এদে যে জামাটা ছেড়ে গেছলে দেটার মাপে। আর এই কটা রুমাল। খবরদার, তুমি কিন্ত একটুও আপত্তি করতে পারবে না— ধোপাবাড়ি থেকে কাচিয়ে এনে গায়ে দিয়ে একদিন আদতে হবে কিন্তু—তোমার নেমস্কম্ম রইল।

সমস্তগুলি জামা ও রুমাল পরিপাটি করে ভাঁজ করে একটা খবরের কাগজ দিয়ে জড়ায়, পরে একটা লাল স্থতো দিয়ে বাঁধে, বাড়তি স্থতোটা দাঁত দিয়ে কাটে, থুতিয়ে মেঝের উপর ফেলে দেয়।

এগুলি অশ্র বসে বসে ওর জন্মেই তৈরি করেছে, ওকে শ্বরণ করে—মৃথ হয়ে প্রভাত তাই ভাবে—আর কে জানে কেন ওর ছোট বোন ঘূটির কথা মনে পড়ে যায়।

প্রত্যেকটি জামা ও রুমালের কোণে প্রভাত ও অপ্রের ইংরিজি আছাক্ষর হুটি একত্রে গাঁথা আছে—প্রভাতের চোথে তা এখনো পড়েনি। তবু মৃথ ফুটে বলতে পারে না অপ্রা।

তুমি বলতে পারবে না—ভাষার বদলে বিধাতা মাহ্বকে এ অভিশাপ দিয়েছেন। বিধাতাও বলতে পারেননি।

অঞ্র স্টোভ ধরায়। নিমকি ভাজে। বলে—আমার পাশে এসে বোসো।

প্রভাত ওর কাছে বসে বলে—ভাবতেই পাচ্ছি না তুমি রাঁধছ আর আমি তোমার কাছটিতে বসে আছি।

- আর কার জন্তেই বা বাঁধছি ?
- —আমার জন্মে।

অক্ট ছটি কথা, কিন্তু সম্পূর্ণ বলা হলো না। জীবনের আসল রান্না কার জন্তে রীধবে ?

তুজনে একসঙ্গে চা থায়। নিমকি আবার পরস্পরকে থাইয়েও দেয়। আঙু লগুলো

ভাড়াভাড়ি সরিয়ে নিম্নে অশ্রু একটু হাসে—নিমকির সঙ্গে আরো কী যেন সে দিয়ে দিছিল, শেষ পর্যস্ত বাঁচাভে পেরেছে !

- —কী দিনা, আঙুল কামড়ে দিয়েছে! নিজেই আবার চোখ পাকিয়ে নালিশ জানায়।
- —কই দেখি। হাত ধরবার জন্মে প্রভাত হাত বাড়ায়। বলে—দাও, ওযুধ লাগিয়ে দিই।
  - বিষের ওমুধ বলে বিষ্ট আবার দেবে তো ? শব্দ করে হেসে ওঠে জঞা। সন্ধ্যা হয়ে আসে।

বেমন একসময় বিছানা ছেড়ে উঠে পড়তে হয় তেমনি আবার এক সময় বাড়ি ছেড়ে চলে যেতে হয়।

যাবার সময় অশ্রু বললে দয়া করে এই দশটা টাকা নিয়ে যাও— প্রভাত তু হাত সরে গিয়ে বললে — তুমি কি বৃদ্ধিশুদ্ধি খুইয়ে ফেললে নাকি ? অশ্রু তেমনি সহজ্ঞ স্থরে বললে—মোটেই না। তোমার কষ্টের সময় বন্ধুর থেকে নিতে কিছুমাত্র সঙ্কোচ করা উচিত নয়। আমি যে তোমার বন্ধু — সধী।

- —আমার যে টাকার কষ্ট তা তুমি কি করে বুঝলে ?
- —দে বোঝার অন্তদুষ্টি আমার আছে।
- অন্তদুষ্টিতে শুধু এইটুকু বুঝলে ? গভীর করে তাকায় প্রভাত।
- হাা, অন্তত এটুকু বৃঝি যে তোমার অন্তর্গ ষ্টিই অল্প। স্থন্দর করে কটাক্ষ করে
  অশ্রদ্ধ-নাও, এসো এগিয়ে, পকেটে ফেলে দিচ্ছি। যে ক'দিন যায়। এসো
  - —ধার দিচ্ছ ? প্রভাত হঠাৎ কী রকম গম্ভীর হয়ে যায়।—ধার তো আমি চাইনি।
- আমি কোনো জিনিসই ধার দিতে শিথিনি। আমার ব্যবসাদারি বৃদ্ধি অত
  ধারালো নয়। অশ্রুকেও কেমন একটু বাঁকা শোনায়।
  - তবে ভিক্ষা ?
- ছি:, কী বে বলো ধা-তা। এসো, গুঁ ড়িগুঁ ড়ি বৃষ্টি হচ্ছে, তোমার মাধায় একটা কমাল বেঁধে দিই। নাও, ছুইুমি কোরো না। আপিদে টিফিনের একটা ব্যবস্থা করে ফেলো। পরে আর ছ-চার দিনের মধ্যে—এ কি, যাচ্ছ যে ?

প্রভাত ফিরে না তাকিয়েই বলে—তোমার কাছে অর্থ ভিক্ষা করতে আসিনি।
অশ্রুর হে চোথ বাধার করুণ হয়ে আসে—তোমাকে অপমান করলাম বৃঝি?
বা রে, আমি বৃঝি তোমার পর ? আমার কাছ থেকে বৃঝি নেওরা যায় না ?

শেষের কথাটা যেন অনেক দূর পর্যস্ত গিয়ে স্পর্শ করে। প্রভাতের পা চলতে চায় নাঃ কতদূর গিয়েই ফের ফিরে আসে।

আঞ্র সেই বিছানায় উবু হয়ে ভয়ে আছে, বালিশের ওপর চুলগুলো এলো করে: দেওয়া—সেমিজের ধারে খোলা থানিকটা পিঠ—সারা মেঝেয় নোটটা টুকরো: করে ছেড়া।

খোলা পিঠের উপর হাত রাখে প্রভাত। বলে— ওঠো, এবার বে তুমি ছুই্টুমিকরছ। সত্যি সত্যিই, পকেটে একটাও প্রসা নেই—কি করে যাব তবে ? হেঁটে ? সে যে অনেকদ্র। ওঠো।

তারপর অশ্রুর হাত ধরে সম্বেহে আকর্ষণ করতে চায়। আরে কিছু বলতে চায় হয়তো। অশ্রু পাথর হয়ে থাকে। তাকে বুঝি টলানো যায় না।

এতক্ষণ কাঁদেনি—অঞ এবার কাঁদে। কেন ত্ হাত বাড়িয়ে টেনে তুলে নিতে। পারে না ? সংসারে অর্থ ই কি একমাত্র শক্তি—পুরুষত্ব শক্তি নয় ?

ঐশ্বৰ্যই সব, মাধুৰ্য কিছু নয় ?

খানিককণ সেই কামা দেখে মেঝের খেকে নোটের কয়েকটা ছেঁড়া টুকরো কুড়িয়ে নিম্নে প্রভাত চলে যায়। পায়ে হেঁটেই।

চোথের জলেই বৃঝি তৃপ্তির সম্জ।

किन्न जेभाग्न की चान्यक ना कां मिरा ? भूकवरावत रहरा कि मञ्जा वरा ना ना ?

অশ্রুর বাবার দক্ষে প্রভাতের আলাপ সেই প্রথম – যেদিন স্বাই নীরেনকে জাহাজে তুলে দিতে ঘাটে জড়ো হয়েছিল। তেজী টগবগে ঘোড়ার মতো নীরেন, প্রভাতের হাতে ঝাঁকুনি দিয়ে বললে—চললাম ভাই, তোমার চেনাশোনা স্বাইকে আমার কথা বোলো—গুরুজনদের প্রণাম দিও, চিঠি লিখলে জবাব দিতে ভূলো না।

একটা গরীব কেরানী, মইয়ের একেবারে শেষ ধাপে দাঁড়িয়ে আছে। সামাস্ত্রণ একটা আপিসে রোখো চাকরি—কিছুই বলবার মতো নয়। প্রভাতকে দেখে অঞ্চর বাবা দম্বরমতো বিরক্তই হলেন। প্রথম দর্শনে লোকের প্রতি মামুষের দ্বণাও হয়।

তা দেখতেও যদি ভালো হতো। কালো ঢ্যাঙা রুক্ষ টান-টান চেহারা। কেমন একটা বস্তু অনার্যতা। এ কি স্থবাদে তাঁর ছেলে-মেয়ের বন্ধু হয় ?

গাড়িতে উঠে অশ্র বলে—আপনিও আমাদের সঙ্গে আন্থন না প্রভাতবারু, আপনাকে একেবারে নামিয়ে দিয়ে যাব।

বাবা গন্ধীর মুখে বলেন—তাহলে আমার দেরি হয়ে যাবে। বেশ একটু বিরক্ত হয়েই বলেন।

আক্র নীরবে গুধু একটু হাসে। সেই হাসিটুকু সর্থল করেই একা-একা চলে যার: প্রভাত। আঞ্চন তৃপুরটা স্থরে-ভরা মোহময়। কিন্তু বারটা যে রবিবার সেটা বৃশি প্রভাতের খেয়াল নেই।

খাটে বসে অশ্রু খোলা চুলে বই পড়ছে আর ম্খোম্খি চেয়ারে বসে প্রভাত তাকে দেখছে বিভোর হয়ে। যেমন অমাবক্সা রাত্তির আকাশ দেখে, নিবিড়ক্সাম অরণা দেখে। আর চকোর যেমন মেঘকে বলে সরে থাও, চাঁদের আভাসটুকু অন্তত দেখি, তেমনি ওর ত্ই চোখ অশ্রুর গায়ের আঁচলকে বলছে, দয়া করে একটু অসতর্ক হয়ে থসে পড়ো।

হঠাৎ ঘরের দরজা খুলে যায়।

যিনি দোর ঠেলে সবলে ঢোকেন তিনি অশ্রুর ক্লেঠতুতো বড়দা—পত্নী-বিয়োগের পর থেকে ব্রহ্মচারী আছেন বলে ধার গর্ব।

- —কী করছিল ? কেউটের চোথে তাকিয়ে জিগগেস করেন অশ্রুকে।
- --পড়ছি।

অশ্রু যে আসলে পড়ছে না, শুধু ভালো দেখাবার জ্বেন্সই বইটা **খুলে রেখেছে** তা বুঝে নিতে ব্রন্ধচারীর দেরি হলো না।

- —তুই পড়ছিস তো **উ**নি কী করছেন ?
- -- উনি শুনছেন।
- যথন ঘরে ঢুকি তথন তো কই শব্দ করে পড়া ভনিনি।
- -তথন একটু থেমে ছিলাম-
- -- বেশ. পড়, আমিও শুনি। ব্রন্ধচারী আরেকটা চেয়ারে বলে পড়ে।

অশ্রু থাট ছেড়ে উঠে দাঁড়ায়।—ইচ্ছে হয় তুমি পড়ো।

ব্রহ্মচারী বইটা নেড়েচেড়ে দেখল সেটা একটা বিলিতি উপন্থাস, তথুনি সেটা ছুঁতে ফেলে দিয়ে বলে – বেশ, আমিই পড়ব, আমার ঘর থেকে বাধানো গীভাথানি নিয়ে আয়—

আঞা বলে—সে বই তে। কবে তোমার থোকার ত্থ গরম করতে আগুনে বিসর্জন দিয়েছি। বলে বেরিয়ে বায় ঘর ছেড়ে।

অশ্রর বাবা যথন ব্যবসার থাতিরে বাইরে যান তথন এই ব্রহ্মচারী দাদাই শাসনের চাব্কটা তুলে নেন হাতে। বাবা হলে শুধু লাগাম টানেন, ব্রহ্মচারী আবার নেই সঙ্গে চাব্কও হাকড়ান।

প্রভাত সেদিন বাড়ি ফিরে এসে অনেক রাত পর্বন্ত জেগে ওর বুমস্ত জর

ভাইটিকে দেখতে লাগল। হঠাৎ মনে হলো—ওরও চোথ বেন ক্ষয় হয়ে গেছে, ও আর কিছু দেখতে পাচ্ছে না—বেন পৃথিবী হঠাৎ অস্থ্পপঞ্চা অন্তঃপুরিকার মড়োই ক্রিয়াতীত হয়ে গেছে—তার মনিহারি দোকানের ঝাঁপ পড়ে গেছে, চিচিমের গুহা আর খুলবে না কোনোদিন।

হেঁটেই আপিস যায়, হেঁটেই ফেরে—ছ্-এক বেলা নিজের হাতে রাঁথেও, বাবারু গা-হাত-পা টিপে দেয়, বাজার-দর নিয়ে মা'র সঙ্গে ঝগড়া করে।

মা বলেন—কবে মরণ হবে ?

প্রভাতের মৃথ দিয়ে বেরিয়ে আসে—আমার মরণ দেখেই যেন হয়।

এক এক দিন অশ্রুদের গলিটাও মাড়িয়ে আসে—এমনি বেড়াতে-বেড়াতে।

খাঁচার পাখি অশ্র-নাঙালী গৃহস্থের মেয়ে যেমন হতে হয়। সোনালী লতার মতো বাড়তেই পেয়েছে—এই যা, নইলে না আছে বিদ্রোহ, না আছে ফল-ফলানো। কাঁচের বাসনের মতো ঠুনকো, তুর্ একটু উষ্ণ চা খাওয়ার জন্তে। চুপ করে বঙ্গে খালি জামা সেলাই করে নানা রঙের ছিটের. তসরের, কত কী, কবে দেবে এবং দেবেই বা কিনা তাই ভাবে, আর বিয়ের যে সম্বন্ধগুলি আসে কে জানে মনে তার সঙ্গে মেলায়।

শোবার আগে ঈশ্বরকে ভাকে—ও যেন ভালো থাকে, ওর স্থন্দর শরীর যেন স্থন্দর থাকে, ওকে আর কষ্ট দিও না, ওকে একটা ভালো কাজ পাইয়ে দাও। নয় তো যদি পারে আমাকে যেন ভূলে যায়, আমি বড়লোকের মেয়ে বলে আমাকে যেন দ্বণা করে।

জানলায় বদে দ্র পথের দিকে চেয়ে থাকে — বহুদ্র পর্যন্ত গুর অম্লান গুভেচ্ছাটি পাঠিয়ে দেয়। রাতে শুয়ে ভাবে পাশে বৃঝি এদে শুয়েছে, দেই দীর্ঘচ্ছল ঋজু দেহ নিয়ে, আপন মনে চঞ্চল-চপল আদর করে, তেমনি বৃকের মধ্যে মৃথটা চেপে ধরে, কপালের ঘাম আঁচল দিয়ে মৃছে দেয়।

হঠাৎ ব্রহ্মচারী বড়দা একদিন বিয়ের জন্মে ক্ষেপে ওঠেন। যেন ক্ষেপে ওঠাই স্বাভাবিক। বয়স গড়িয়ে যাচ্ছে—জোয়ারের উলটো টানে একা আর গুণ টানা হয়ে উঠবে না।

টাট্ট্র ব্যাড়ার মতো বউ, টগবগ করে ফেরে। মঠবাসিনীর বিলিতি সংস্করণ বুঝি!

চিঠি লিখে একটি ছেলেকে দিয়ে অঞ্চ প্রভাতের কাছে পাঠাল।

ত্মি একটিবার এসো। কন্দ্রীটি এসো। কতদিন তোমাকে দেখিনি। আমার প্রার্থনায় ভালো আছ নিশ্চয়ই আর আমার প্রার্থনা সন্ত্বেও আশা করি আমাকে একেবারে ভোলোনি। একবারও দেখতে ইচ্ছে করে না, অস্তত দেখা দিতে ? এসো, আনেক কথা আছে। বড়দা তো উদার হয়ে নিজে গিয়েই তোমাকে নেমস্তর করে এসেছেন। তবে আর ভাবনা কা ? এসো কি ।

ইতি-তে শুধু অশ্রু লেখা নয়— তোমার অশ্রুমতী।

বড়দা যে কেন তাকে নেমস্তর করল কে বলবে। নতুন বিয়ের খুশিতে মনে বুঝি বদায়তা জেগেছে, কিন্তু কে জানে হয়তো বা অপ্রক্র প্ররোচনায়। অপ্রক্রই বা কেন তাকে আহ্বান করবে ? তার অক্ষমতা তার অপদার্থতা কি প্রমাণের আরো অপেকা রাখে ?

প্রভাত তবু গেল — একটু বেশি রাত করেই। ত্ব-চারজন চেনা লোকের সঙ্গে ত্ব-চারটে মাম্লি কথা-টথাও কইল, খেল, বাজে ক'টা ঠাট্টা-ইয়ার্কি করতেও কৃষ্টিত হলো না।

আঞা চরকির মতো ঘুরে বেড়াচ্ছে - কত কাজ ওর, সবথানেই ওকে দরকার।
কী স্থান্দর সেজেছে—বহুদিনকার আগের সেই চেনা দেহলতা আজ ষেন নতুন রহস্যে
চেকে এসেছে। নতুন করে ফের ষেন চেনাতে চায় -- যতই চিনবে ততই ষেন নতুন
হবে। ছিঁড়ে কেড়ে উড়িয়ে দিয়ে সব একেবারে শেষ করে দেওয়া যায় না ? লোভ
শেষ করে দেয়, ভালোবাসা নতুন করে রাথে। রতির শেষ আছে, আরতি
অস্তহীন।

মৃথে কেমন স্থন্দর উদাসীল্যের ভাব—প্রভাতকে দেখেও একটু কোতৃহল নেই, জিজ্ঞাসা নেই—এক মৃত্তুর্ভ দাঁড়িয়ে ওর চোথে চোথ ফেলবারও যেন সময় নেই। ও যেন কে—ওকে অশ্রু যেন কোনোদিন দেখেছে বলেও মনে করতে পারছে না।

এসো, অনেক কথা আছে। সে কথা কথন কইবে ? জেগে না ঘুমিয়ে-ঘুমিয়ে। কোন সে বিশ্বয়ের জাগরণ, কোন সে বিশ্বতির ঘুম ?

অনেক কথা আছে- তারায় ভরা কালো আকাশটারও যেন সেই কথা।

নীচের তলায় কোণের দিকে একটা নিরিবিলি ঘরে নোয়ানো চেয়ার টেনে প্রভাত গা এলিয়ে বসে পড়ে। না, সে প্রতীক্ষা করে যাবে। এক সময় অঞ্চ ঠিক তাকে খুঁজতে আসবে—তাকে না জানিয়ে প্রভাতের চলে যাওয়া অসুভব। খুঁজতে এসে ঠিক তাকে এই কোণের ঘরে আবিষ্কার করবে। তারপর এক মৃহূর্তে একটি অপরূপ পরিচয় সংঘটিত হবে। দেবতারা দেখবার জঞ্চে চক্ষু মেলে থাকবেন।

বসে থাকতে থাকতে প্রভাত বৃধি ঘূমিয়ে পড়ল।

বরবধ্র ফুলশব্যা আজ — মৃথর উৎসব সমাপ্ত হয়ে গেছে শুধ্ একটি কক্ষ ছাড়া — সে কক্ষ নিশ্চয়ই এখন আর এন্ধচারীর নম্ন। সে কক্ষ কবির।

প্রকাশু বাড়িটা তর তর করে খুঁজে অঞা সেই নীচের ঘরে এল। এসেই মুদ্ধ হয়ে গেল—ছই চোখে জল ভেকে এল। কী স্থলর ঐ ঘুমটুকু ! ইচ্ছে করল এক চুম্কে ঐ ঘুমটুকু ও পান করে ফেলে—এক চুম্কে এবারের এই জীবন।

অঞ্চ প্রভাতের কাছে এসে দাঁড়াল। অন্ধকারে মনে হলো সে বৃঝি নিজেও আর জেগে নেই। আন্তে প্রভাতের কপালে ডান হাতথানি রাখল, জামার বোতামগুলি খুলে আন্তে বৃকের ওপর। রাখতেই তার সমস্ত দেহ সেতারের মতো ঝঙ্কার করে উঠল। মনে হল এই ক্ষণিক একট স্পর্শে ই ও যেন ওর আলাদা অন্তিত্বের কথা ভূলে যেতে বসেছে।

ভারপর প্রভাতের একখানি হাত সে নিজেই তুলে নিল, রাখল নিজের গালে, গলার নীচে, বুকের কাছে। তারপর কী জানি কেন, পা ছুঁয়ে প্রণাম করে বসল।

অথচ জাগাতে পারল না।

— যাই একটা বিছানা নিয়ে আসি। অঞ বিছানা আনতে চলে গেল উপরে। ফিরে এসে দেখল, প্রভাত ঘরে নেই, উঠে চলে গেছে। ঘুম ভাঙাতে পেরেছে নিঃসন্দেহ, কিন্তু জাগাতে পারেনি।

কিছ যে জেগে উঠবে সে তো জানে সে কত বড়ো ছন্নছাড়া। যোগ্যতার বাজারে যুক্তির মাপকাঠিতে তার দাম তো ফুটো পয়সারও কম। তরু প্রাণের আকাজ্জা যুক্তি মানে না কেন ? কোন নিয়মে প্রাণের আকাজ্জাই যোগ্যতার বরাসন অধিকার করে বসে?

ভধু চাই—এই প্রাবদ্যেই কি পাওয়া চলে ? যদি ওপক্ষও চায় তবে আর বাধা কিসের, কোন সমাজনীতি, কোন অর্থনীতি ?

এ তো শুধু চাওয়া নয়, এ যে আবার টিঁকিয়ে রাখা। ভালোবাদাকে চেলে দিয়ে বিষেতে শ্বায়ী করা।

হায়, ঢেলে দিলেই বুঝি সেটা আর ভালোবাদা থাকল!

ওপক্ষে বে ওটা ভালোবাসা সেটা তৃমি ব্রুছ কী করে ? হয়তো বা সেটা আলোয়ার আলো—ছলনার শিখা।

বেষন ছলনার শিখা ঐ শোরের পাশে দাঁড়ানো স্থন্দরী মেয়েটি। স্থন্দরী না হোক, নেজেছে তো স্থন্দর করে। রুশ দেহলতা দিরে নেই স্থচারুতা, প্রতীক্ষারত ভঙ্গিটা বিরহবেদনার তুলি দিয়ে আঁকা। সব চেয়ে আশ্চর্য, তার পাতলা শাড়ির নীচে পোলাণী সেমিজের আভাস।

প্রভাত তার ঘরে চলে আসে। সেই তেমনি বিছানা পাতা। পরিপ্রান্ত জীর্ণ শরীর বিছানায় ঢেলে দিয়ে প্রভাত থানিকক্ষণ চুপচাপ তারে থাকে। মেয়েটি শিয়রে না ব'সে পায়ের কাছে বসে। কতদিন অঞ্রর পা ত্'থানি দেখেনি, দেখেনি চোখত্টি, শোনেনি মুখের কথা, পায়নি হাতের ছোঁয়া।

প্রভাত মেয়েটিকে বলে কাছে সরে এসো।

মেয়েটি উৎসাহিত হয়ে কাছে ঘন হয়ে আসে।

তার শুকনো বিবর্ণ হাত প্রভাত টেনে এনে কপালে রাখে, জামার বোতাম খুলে বুকের উপর—কই, এডটুকুও তো আগুন লাগে না।

মেয়েটি একফাঁকে উঠে দেয়ালগিরির আলোটা কমিয়ে দিয়ে এলে ফের বসে।
এবার ঘনতর হয়ে। প্রভাতের দেহ দ্বণায় কিলবিল করে ওঠে। সরে গিয়ে বলে—
আলোটা বাড়িয়ে দাও, ঐ আলোই তোমার অবগুঠন।

মেরেটির সময়ের দাম আছে, তাই বিরক্ত হয়ে হাত পাতে টাকা চায়। এথানেও টাকা।

কত কর্টের টাকা –তাই অকাতরে প্রভাত দিয়ে দেয় মেয়েটাকে।

- —এ কি, তুমি চলে যাচ্ছ কেন গ
- —ষাতে আবার আরেকদিন আসতে পারি।
- -- তা এসো না আরেকদিন। আব্দ কি দোষ হলো?
- তুমি তো আমার বউ নও, তুমি আমার বন্ধু, আমার স্থী—
- তাহলে টাকা দিচ্ছ কেন ? টাকা ক্ষেত্ৰত নিয়ে যাও। মেয়েটি তার আঁচলের প্রস্থিটা খুলে ফেলে।
- —না, না, তোমার যে বজ্জ অভাব—তোমার ল্যাদেশ তেল নেই, পলতেটা দশদশ করছে।

প্রায় ছুটে রাস্তায় নেমে পড়ে প্রভাত। বাড়িতে এসে দেখে—একটি ছেলে তার জন্তে অপেকা করে বসে আছে।

- **一(季?**
- वाभि जिल्ल, अमिनित जारे।
- কী মনে করে ?
- —আপনার একটা চিঠি আছে।

জ্বালোর সামনে ধরে এক নিশ্বাসে ছোট্ট চিটিটা পড়ে ফেলে প্রভাত।

—বাইরে তোমাকে খুঁজে না বেরিয়ে নিজের মধ্যে তোমাকে দেখছি। তোমার দরীর ভালো নেই, তুমি খুব কটে আছ, এই কেবল আমার মনে ডাক দিছে। তিহ্বর সঙ্গে হুটো লাইন লিখে পাঠিও। আশা করি এত তাড়াতাড়ি আমাকে ভুলে বাওনি। এই সঙ্গে তোমাকে একশোটা টাকা পাঠাছি—তুমি নিয়ো, তোমার ছুটি পায়ে পড়ি—একটুও সঙ্কোচ কোরো না লক্ষ্মীটি। কেন নেবে না ? আমি যে তোমার বন্ধু, বন্ধুর চেয়েও বেশি—পরমাত্মীয়। তোমার অভাব যদি কিছু পুরণ করতে না পারি তবে আমার টাকার তো কোনো দামই নেই। নিয়ে।—এমনি করেই তো আমাকে নেওয়া। প্রণাম নিয়ে।, সেই সঙ্গে অনস্ত ভালোবাসা। ইতি। তোমার অশ্রমতী।

মৃথে যা আসত না কলমে তাই এনেছে। আশায় যা নেই তাই রেখেছে ভালোবাসায়।

বছর পনেরোর ছেলে— তিম্ন পকেটের থেকে নোটের তাড়া বের করে প্রভাতের হাতে তুলে দিতে চায়।

প্রভাত গুটিয়ে গিয়ে বলে—ও তুমি ফিরিয়ে নিয়ে গাও। বোলো, আমি বেশ ভালোই আছি।

- —কিন্তু ফিরিয়ে নিয়ে গেলে পথে পকেট কাটা যাবে বলে দিদি ভয় দেখিয়ে দিয়েছে। তিন্তু সরল চোথে হাসে।
  - এত বড়ো পকেটমার থেকে যথন রেহাই পেলে তথন আর ভয় নেই।
- —না, আমাকে মাথার দিবাি দিয়ে বলেছে, যদি ফিরিয়ে আনিস তবে তুই
  একটা আন্ত বোকা।
- তৃমি তো ফিরিয়ে নিয়ে গিয়েই ভালো করে প্রমাণ করতে পারবে যে তৃমি বোকা নও। ছ ত্বার ট্রামে যাওয়া-আসা করলে তোমার পকেট মার গেল না। কেউ ফিরিয়ে দেবার পর সে টাকা ফেলে দিয়ে গেলে কেউ বৃদ্ধিমান বলে না। তৃমি অশ্রুকে বোলো আমি বেশ অচ্ছন্দেই আছি—
- —কিন্তু আপনার শরীর তো খুব খারাপ দেখাচ্ছে। আপনার মা বলছিলেন প্রায়ই জর হয় আপনার।
  - -- ও কিছু নয়। একটু সাবধানে থাকলেই সেরে যাবে।
  - কিন্তু 

     ত্র চোথে বেন অশ্রবই করণা আর ক্ষেহ নিয়ে তাকায় ছেলেটি।

প্রভাত তিমুকে রাস্তায় অনেক দূর পর্যন্ত এগিয়ে দেয়—নানান খুঁটিনাটি প্রশ্ন করে—সমস্ত দিন দিদি কী করে—কলেজ কি এখনো চলছে ? না কি বিয়ের তোড়ে জোড় হচ্ছে ? বাইরে বেরোয় না কখনো ?

- আপনি যান না কেন ?

ŧ

- আদার বেপারী কি জাহাজের খোঁজে বেতে পারে ? আমি বে যাই তোমাদের বাড়ির লোক পছন্দ করে না।
  - কিন্তু দিদি তো করে।
  - সে আর কতদিন! আন্তে-আন্তে অক্সরকম হয়ে যাবে।
  - আপনি যদি বলেন আমি দিদির সঙ্গে আপনার দেখা করিয়ে দিতে পারি।

প্রভাত নিজেকেই অন্তব্দপা করে হাসল। শেষকালে কিনা এই একরন্তি ছেলেটার কাছ থেকে সাহায্য নিতে হবে! রাস্তার থানিকদ্র এগিয়ে দিতে-দিতে প্রভাত বললে, তুমি টাকাটা ফিরিয়ে দিয়ে বোলো, প্রভাতদা তোমাকে ঢের-ঢের ধন্যবাদ জানিয়েছেন - এই টাকাটা যেন রেথে দেন, প্রভাতদা মরে গেলে তা দিয়ে তার চিতায় যেন একটা ছোটু স্বৃতিচিক রাথেন —কিংবা আর কোনো স্থ্যোগ্য বন্ধুকে উপহার দিয়ে দেন। বলতে পারবে ? পারবে না ?

তিম্ব উত্তর দেয় - না। ও দব বুঝি কেউ কাউকে বলে ?

যে কথাটা বলবার, যেটা মর্মের কথা, তাও তো বলা যায় না। সেটা হচ্ছে এই

- তুমি এমনি করে বারে-বারে আমার অপদার্থতাকে প্রমাণিত কোরো না। তুমি যদি
আমার বউ হতে, তবে অপদার্থ স্বামী হয়েও আমি তোমার থেকে দামান্ত টাকাপ্রদা কি, ধ্লো-বালিও স্বচ্ছন্দে নিতে পারতাম। কিন্তু আমার বন্ধুস্বটাকে ছোট
করে দিও না। নিদ্ধিকন হয়েও তো মহামহিমান্তি বন্ধু হতে পারি। যার টাকা নেই,
তার কি আর কিছুই নেই, কিছুই থাকতে পারে না ? যার টাকা নেই তার কি
থাকতে পারে না ভালোবাদার ভাণ্ডার ? কুবেরের ভাণ্ডারের চেয়েও যা বেশি ?

তৃমি যদি আমার বউ হতে—এমন অসমসাহসিক কথাও ভাবা যায় ?

তৃমি যদি আমার বন্ধু থাকো — এ বৃঝি তারও চেয়ে ত্ঃদাহদিক। বিয়ে বড়ো জিনিদ হতে পারে, কিন্তু বন্ধুতা বৃঝি তারও চেয়ে বড়ো ▶

হাঁা, বন্ধুতা — স্থী-পুরুষে বন্ধৃতা – একসঙ্গে সংসার না করেও বন্ধৃতা। সঞ্জান, সক্রিয়, সংযত বন্ধৃতা।

বিয়ে করে উদয়ান্ত একসঙ্গে থেকে তে। পরস্পরকে ক্ষয় করে ফেলা। অবারিত সান্নিধাই তো অনাদরের হেতু। অভ্যাস থেকেই শৈথিলা, বিম্থতা। রক্তের মধ্যে জরার প্রবেশ। আর এই বন্ধৃতায় জরা নেই, বার্ধক্য নেই, নেই ক্ষয়-ভয়। আকাজ্রা সব সময়েই অনির্বাণ। পুরুষ সব সময়েই দৃঢ়কায়, স্ত্রী সব সময়েই স্থিরশ্রী। রক্তের মধ্যে যন্ত্রণার চিরন্তন আনক্ষ

বন্ধুতা তো সহস্থিতি কই ? থেকে-থেকে থেমে-থেমে এক-আধবার দেখা হবে

ভো ? যে পলতের মূথে আগুন জলছে সেটাকে মাঝে-মাঝে উসকে না দিলে চলবে কেন ? কী করে আশন্ত হবে যে প্রদীপের মাঝে স্নেহতেল তেমনি সঞ্চিত আছে ?

বছর ঘুরে যায়—দিনের পর রাত পোহায়—আর দেখা নেই, চিঠি নেই, কিছু নেই।

ভিমুত্ত একবার আসে না পথ ভূলে।

কিন্তু মন বলে, এ বন্ধর আর বিকল্প নেই। যে ভালোবাসা অন্তরে একবার দেখা দিয়েছে সে আর উৎথাত হবে না। কী তার আশ্চর্য শক্তি, দৃঢ়প্রোথিত হয়ে মাথা উচু করে বেঁচে থাকবে। যতই গাছগাছালি বসাও না কেন, সেই বনম্পতিকে আড়াল করতে পারবে না।

কিন্তু এ কী অভাবনীয়!

অশ্রুর বিয়ের নিমন্ত্রণ-চিঠি এসে হাজির। শুধু ভাকে আসেনি— অশ্রুর সেই ব্রহ্মচারী বড়দা—আর ব্রহ্মচারী নন, এখন কর্মচারী —নিজেই একথানা বয়ে নিয়ে এসেছেন।

—মেয়ে কিছুতেই বিয়ে করবে না—পাঁচ কাহন নিজেই বলতে লাগলেন বড়দা—
কিন্তু জিগগেদ করি, করবিটা কী ? মেয়ে হয়ে যথন জন্মেছিদ তথন বিয়ে করা ছাড়া
তোর আর কী করবার আছে ? মেয়ের কিছুতেই মন ওঠে না, কোনো পাত্রই পছন্দ
হয় না। মেয়ে বড় হয়েছে, জাের জবরদন্তি করে তাে আর গছিয়ে দেওয়া যায় না।
শেষকালে আমরা বললাম, বেশ তাে, তাের যদি কোনাে লাভার-টাভার থাকে, বল,
তার দক্ষেই লাগিয়ে দি। তথনাে মেয়ে চুপ, ঘাড় নেড়ে বললে, নেই তেমন কেউ।
কিন্তু কতদিন আর ঘাড় বাকা করে থাকবে—বয়দের একটা ধর্ম আছে তাে।
ভারপর এমন পাত্র।

তুর্বল রেখায় সম্মতির হাসি হাসল প্রভাত।—তা তো ঠিকই !

পাত্রের কথা না তনেই ঠিকই বলছ কা ! এ তো তথু বর নয়, বিধাতার বর।
বড়দা আবার পঞ্চথ্ হয়ে উঠলেন বি-দি-এদ ছেলে, ছেপ্টি ম্যাজিট্রেট । কদিন
পরেই মহকুমা, তারপর একেবারে জেলার দশুমুশ্রের কর্তা। বিস্তর মাইনে, প্রতাপপ্রতিপত্তি—আরাম, স্থ, ভৃপ্তি। মেয়ে এবার লাফিয়ে উঠল—নেচে নয়, লাফিয়ে
উঠল—আর 'না' করবার ত্র্দ্ধি করল না। এই আদছে রবিবার বিয়ে—তোমার
তো ছুটি, মেতে অস্থবিধে হবে না। যেয়ো, দেখে এসো—

- 🗕 কোনো লাভার-টাভার আছে কিনা। বিদ্রূপের স্থরে বলে উঠল প্রভাত।
- ७ नव ट्लियानिव थ्यम क्लवनरस्ट मर्छा । · कारनाहे नाग तारथ ना । यनि

বড়মানবি প্রেমও হয় বড়জোর দিন ছুয়েকের দমানি—বিরের পর একটা সন্তান জন্ম হওয়ার পরেই ঠাণ্ডা – বাস, থতম।

বৰিবারের তৃপুর বাড়িতে বসেই কাটাচ্ছে প্রভাত। এখন বিকেন হরে এল।

ভাবছে বাবে কিনা বিয়েতে। একবার কৃত্রিম সাজে দেখে আসবে কিনা অঞ্চকে। কেমন রঙ মেথেছে, গয়না চড়িয়েছে, শুভদৃষ্টির জক্ষে চোথে কেমন এনেছে কোঁতৃহল। আবার ভাবছে যে আটপোরে সাজে রয়েছে তার মনশ্চকে, তাই অকয় হয়ে থাক। পুতৃল ভেঙে যাছে তো যাক, প্রতিমাকে নই করি কেন ?

আশ্চর্য, কানাকড়ির সামর্থ্য নেই, পর্বতপ্রমাণ অভিমান আছে। একবেলার ভালোবাসাকেই মনে করছে একজন্মের ভালোবাসা। একটি মৃত্ উষ্ণ ঘন স্পর্শকেই মনে করছে নগানিতল সমুদ্রের অবগাহন।

আকাশ ধূসর হয়ে এল প্রভাত উঠি-উঠি করছে – দরকা ঠেলে ভিতরে কে চুকল।

- —কে ? প্রায় ভয় পেয়ে চেঁচিয়ে উঠল প্রভাত।
- আগন্তক ঘরে ঢুকে দরজা ভেজিয়ে দিল।
- —এ কি, তুমি ? অা ? মৃঢ়স্বরে উচ্চারণ করল প্রভাত।
- হাা, ছুঁয়ে দেখ আমি, ভৃত নই। অঞ তক্তপোশের ধারে এসে প্রভাতের দিকে হাত বাড়িয়ে দিল।
  - —তোমার **আজ** বিয়ে না ?
  - —বিয়েই তো।
  - হয়ে গেছে ?
  - —এथरना তো हिरनत चाला फ्रिया यात्रनि । हिन थोकरा कथरना विरत्न इत्र ?
  - তাহলে পরে হবে। প্রভাতের গলার কাছে দলা পাকিয়ে উঠল।
  - হবে কি গো, হচ্ছে এই তো হচ্ছে।
  - —হচ্ছে ? সোজা হয়ে উঠে দাঁড়াল প্রভাত।

প্রভাতের ত্ কাঁধের উপর ত্তি হাত অশ্র মালার মতো করে রাখল। বললে— এবার তবে মালা বদল করো।

প্রভাত তুর্ধর্ব ছুই বাহুতে অপ্রকে তার বুকে জড়িয়ে ধরল। বনলে—এই মালা। বদল, জন্ম বদল, এই মুখচক্রিকা—

আলিঙ্গন থেকে ফের বেরিয়ে এল অঞা।—আমি এবার চলে যাব।

-- চলে যাবে ?

তবে কি প্রভাত আশা করছে অঞা এই বাড়িতে আন্তানা নেবে ? এই ভাঙা

পুখুরো সাঁগতসেঁতে বাড়িতে ? এই অল্প মাইনের ঘর-বারান্দায় ? এই বিবর্ণ পরিবেশে ? শরীরের শক্তিই তো আর জীবনের স্বাস্থ্য নয়। এইথানে বসে সে তার উজ্জ্বল অন্তিত্বে মর্চে পড়তে দেবে ? আর সেটাই কি হবে প্রভাতের স্বপ্লের অন্থবাদ ? চলে যাবে না তো কী, নিশ্চয়ই চলে যাবে।

কিছ অঞা বললে অন্ত কথা। বললে - আমি পালিয়ে এসেছি।

- —কোথায় ? আবার একটা অবাস্তর প্রশ্ন করল প্রভাত। নিশ্চরই তার কাছে নয়। তার কাছে এলে প্রভাত তাকে আটকে রাথছে না কেন ? কেন যেতে দিছে ? বিয়ে হয়ে যাবার পরেও তার অধিকার খাটাছেে না কেন ? না, সেই তো যেতে দিছেে, ছেড়ে দিছেে। সে জানে এই ছেড়ে দেওয়ার মধ্যেই ভালোবাসা। অনেক কিছু বাকি রাথার মধ্যেই জীবনের সজোগ।
  - —চলেছি জলপাইগুড়ি। অস্পষ্ট আলো সত্ত্বেও হাতবড়ির দিকে তাকাল অঞা।
  - —দেখানে কী ?
- —চাকরি পেয়েছি। টিচারি। আজকের দার্জিলিং মেলেই পালাব। বাড়িতে কেউ জানে না।
  - কেউ জানে না। নিপ্পাণ কণ্ঠে কথাটা শুধু আওড়াল প্রভাত।
- —শুধৃ তিহু জানে। তার হাত দিয়েই স্থটকেস বেজিংটা পাচার করেছি সে-ই ট্যাক্সি এনে দিয়েছে।
  - -छावि १
- হাা, ট্যাক্সি নিয়ে সে তো রাস্তার মোড়ে অপেক্ষা করছে। তাই বেশিক্ষণ দেরি করবার সময় নেই। বাড়িময় এতক্ষণ হৈ-চৈ পড়ে গিয়েছে নিশ্চয়—সবাই হয়তো চারিদিকে রেরিয়ে পড়েছে খুঁজতে—যাই, পালাই—
  - —চলো তোমাকে দেইশনে পৌছে দিই—

খুব বীরত্ব দেখাল যা হোক। প্রভাত নিজেই নিজেকে টিটকিরি দিল। তিন্থ যা পারল তার ততটুকুও মুরোদ নৈই।

আশ্রুই তাকে নিরস্ত করন। বললে—খুঁজতে লোক নিশ্চয়ই তোমার বাড়িতে আসবে, হয়তো এক্নিই এসে পড়বে। তোমাকে তথন বাড়িতে না দেখলে সিদ্ধান্ত করবে তোমার সক্ষেই পালিয়েছি। ওদেরকে তেমন কিছু আভাস দেওয়া ঠিক হবে না। শেষে স্টেশনে না ধাওয়া করে।

না, প্রভাত বাড়িতেই থাকবে। তার বাড়িতে থোঁজ্ব করতে এসে লোক তাকে দেখে বুঝবে তার সাধ্য নেই যে অশ্রুকে নিয়ে পালাতে পারে। তার অকর্মণ্যতায় সকলে নিশ্চিম্ব হবে।

## অঞ্চ দরজার দিকে এগুলো।

- --এখুনি ঘাবে ?
- এ প্রশ্নটাও কাপুরুষের প্রশ্ন। কিন্তু তাকে যে যেতে দিচ্ছে ছেড়ে দিচ্ছে এটাও তো প্রেমেরই সংযম। নইলে কি ইচ্ছে করছে না অশ্রুর ঐ মৃথ ঐ বৃক, বসনাস্তরালের সমগ্র দেহের প্রতি রোমকৃপ অক্তম মদির চুম্বনে পাণ্ডু করে দিতে ?
- —হাঁা, ষাই, ওদের স্টেশনে থোঁজ করতে আসার আগে অন্তত দার্জিলিং মেলটা বেরিয়ে যাক।

আর অশ্ররই কি ইচ্ছে হচ্ছে না তার আগে অস্তত একবার রথের চাকার তলায় মাটির ঢেলার মতো নিজের অন্তিছটা প্রভাতের বিক্ষারিত বৃকের নীচে গুঁড়ো করে কেলে।

—চলো তোমাকে ট্যাক্সি পর্যস্ত এগিয়ে দিয়ে আসি।
তারো দরকার নেই। দেরি দেখে তিন্ত নিচ্ছেই ট্যাক্সি নিয়ে এগিয়ে এসেছে।
আর কালহরণ করা গেল না। উঠে পড়ল অঞা।

কিছু একটা বলতে হয় বলে প্রভাত বললে—ঠিকানা দিয়ে চিঠি লিখে। কিছু।

ট্যাক্সি বেরিয়ে গেল। কথাটা কেউ গুনল বলে মনে হলো না।

তিন বছর পরে ফের যবনিকা উঠলো। রঙ্গমঞ্চে একা প্রভাত।

প্রভাতের মাইনে এবার ন-এর কোঠায় পৌচেছে যা হোক, তেমনি বছর থানেক আগে বাবাও বাতের ব্যথার থতম হয়েছেন। সংসারে মা আর প্রভাত; আর সেই ছংগী অন্ধ ভাইটি,— ছোট হাত তুলে ঘরের দেয়াল ছুঁয়ে ছুঁয়ে মহুমেন্টের স্থা দেখে। টিম্টাম্ করে সংসার চলে। প্রভাত সকালবেলা টিউশনি করে বাজার এনে দেয়; মা-ই রাঁধেন, —মা'র সঙ্গে-সঙ্গে প্রভাতও সকালবেলাটা নিরামিষ থায়। আপিস থেকে থেটেখুটে এসে ছোট ছাতে একটু পাইচারি করে, মা'র সঙ্গে সংসার সম্বন্ধে একটু মনক্ষাক্ষি চলে, কোনোদিন বা মাঠে থেলা দেখে আসে। রাতে তোলা-উহনে মা মাছ ভেজে স্থান করে বিছানায় নাটু-কে বৃকে নিয়ে শুয়ে পড়েন। প্রভাত অনেক রাত করে শোয় — জেগে জেগে ততক্ষণ বই পড়ে; ভাবে, উপক্যাসের হ'এক পৃষ্ঠা লিখতে চেষ্টা করে, কাটাকুটি করে ছিঁড়ে ফেলে দেয়। এবার একটি টুকটুকে বৌ নিয়ে এলে ভারি মানায় কিন্ত। প্রভাতের ওদাসীম্বাকে আর ক্ষমা করা যায় না।

মা কিছু বলতে এলে প্রভাত হেলে বলে,—দেখ মা, পুরুষমান্থবের ল্যাঠা কম ।
কাছাটা নামিয়ে দিয়ে বেরিয়ে পড়লেই হলো। পেগু থেকে হরিবার পর্বস্ত রাজা খোলা।
মা বলেন,—কিন্ত এই শৃল্প প্রীতে মন আর টে কৈ না, খা খা করে। হাঁপিয়ে উঠছি।

প্রভাত সরাসরি বলে,—তবে তুমি দিদির কাছে দিন করেকের জন্মে জিরোও-গে। নাটু-কে অন্ধ-ইন্থুলে ভর্তি করে দি।

या এक हे दिशा विलन—कि**ड** विराय पूरे कदवि ना किन ?

— বিয়ে কেন-ই বা বে করবো তারো কোনো তালো কারণ তুমি দেখাতে পারবে না। বে-সব কথা তোমার জিভের গোড়ায় আসছে তা আমি জানি, মা। বজ্জ বাজে ও সেকেলে। বিয়ে করছি এ-ব্যাপারের চেয়ে কাকে বিয়ে করছি এইটেই বড়ো কথা। তাকে পাওয়া যায় না, মা।

या मनिश्व रात्र श्रम करतन,-कारक ?

প্রভাত হেনে বলে,—যাকে পাওয়া বায় না, তাকে।—তারপর কথাটাকে সহজ করে দেবার চেষ্টায় বলে বিয়ে আমি একেবারে করবো না এমন আমার ধৃষ্পৃত্তঙ্গ পণ নেই। তোমাদের এই বিয়ের প্রথাটা বড্ড পুরোনো হয়ে গেছে, তাকে আমি একটু ঝালিয়ে নিতে চাই। দরকার হয়েছে।

মা কি-যেন বলতে চান, প্রভাত বাধা দিয়ে বলে চলে—তেমন পরীক্ষার ষদি স্থযোগ না জোটে, আমি না-হয় প্রতীক্ষা করেই থাকবো। দেহের সেবাদাসী এনেক জোটে মা, আত্মার দ্বনীরই দেখা মেলে না।

মা বলেন,—আত্মা কি দেহ থেকে আলাদা ?

প্রভাত জবাব দেয়: কিন্তু সেবাদাসী আর পূজারিনী এক নয়, মা।

মা বলেন,—কিন্তু সেই স্থপ্পভলের ত্বেথ যে আরো ভীষণ। পূজারিনী বথন ভূথারিনী হয়ে ওঠেন ?

- —দেই তো আমার ভয়, মা।
- —ভয় না থাকলে ভালোবাসা হয় কি করে ?

মা'র মূথে এত সব কথা ভনে প্রভাত বিশ্বিত হলো। মা'র বৈধব্যদীপ্ত ললাটে-ভেজবিতা, সমস্ত শরীর থেকে পবিত্ততা বিকীপ হচ্ছে।

প্রভাত মাধ্যে জড়িরে ধরে স্নেহান্ত কঠে বললে—বাংলা দেশের মেয়েদের জো ভূমি চেন না মা, ভারা স্বামীকে মা'র কোল থেকে কেছে রাখে। সংসারের শেব প্রান্তে মাকে নির্বাসন দিরে বৌরেরা স্বামীর কাঁথে সওরার হয়ে রাজত চালার। ভোমার ছেলে হয়ে তোমার এই লাহ্মনা সইবো না, মা! প্রভাতের পিঠে হাত বুলুতে-বুলুতে মা মিশ্বররে বলেন—বাঙলাদেশের ক্ষেমেনর আমি চিনি না, তুই চিনিন ? আমি বেন বিলেভ থেকে উড়ে এসেছি। বাঙলা দেশের মেরের মতো মেরে আছে ভ্-ভারতে? দেখিন, তোর বৌ আমাকে মাখার করে রাখবে।

কথোপকখনকে প্রভাত আরো স্বচ্ছ করে তোলে। বলে—ভারপর বৌ এলে তৃমি আমাকে ফেলে নাট্-কে তৃলে নেবে,ওকেই আঁকড়ে ধরবে তখন। আমি তখন ভোমার পর হয়ে গেছি। পরের মেয়েকে ভেকে এনে এত হালামায় কাজ কি, মা? এই আমরা আছি বেল। স্থথের চেয়ে স্বস্থি ভালো।

ৰা বলেন— স্বস্তির চেয়ে ভালো স্বাস্থ্য। আমার হাতে একটি সম্বন্ধ আছে, লন্ধী মেরে, তাকে পেলে আমার সংসারে সোনার ফসল ফলবে। সামনের প্রাণে পেরোলেই অমানে আমি উৎসব লাগাবো।

প্রভাত হেদে বলে – তোমার এই ছোট বাড়িতে কুলুলে হয়।

মা বলেন — স্বপ্ন দেখতে ছোট বাড়ি বাধা দেয় না। আয়, মা-কালীর প্রসাদটুকুনে দিকি।

হাত পেতে সন্দেশটুকু নিডে-নিতে প্রভাত বলে—তোমার ঐ কালীর মতো একটি মেয়ে জুটিয়ে দিতে পার তো দেখ। আর লন্ধী নয়, ত্'একটা কালী পেলে দেশের হয়তো কালিমা ঘোচে

## বঙ্গমঞ্চে একা প্রভাত।

নিজের ছোট ঘরটিতে এক। প্রভাত তার ভাঙা চেয়ারে চুপ করে বদে আছে,—
সামনের কেরোসিন-কাঠের নড়বড়ে টেবিলের ওপর ছোট টাইম্পিস্ ঘড়িতে ছুটো
বাজে— প্রভাতের চোথে ঘুম নেই।

ন্ধানশাগুলি খোলা, ক্লম্পক্ষের ক্যাকাদে জ্যোৎন্ধা মেঝের এক ধারে এলিয়ে পড়েছে। অন্থির পদে থানিকটা পাইচারি করে প্রভাত আবার এসে চেয়ারে বসলো।

এক-এক করে তিনটি বছর থসেছে; আশ্চর্য, হিসেব করে দেখলো এক-হাজার পাঁচানকাই দিন। দিখধুর ছিন্ন কণ্ঠছার থেকে এতগুলি মুক্তো! প্রভাত তা ধুলার ছড়িয়ে দিয়ে এসেছে, কুড়িয়ে রাখেনি। তিনটি বংসরকে মিনিটে ভাগ করতে প্রভাত হাঁপিয়ে উঠলো,—এতগুলি মুক্ত ধরে সে বরাবর নিখাস নিয়েছে, ক্লান্তিতে থেমে পড়েনি। তিন বছর পেরিয়ে এসে আবার ও চেনা আকাশের হাতছানি পেল। অচিছা;বি:>

প্রভাত এতদিন বেঁচে ছিল কী করে ? এতদিন স্বচ্ছক্ষচিন্তে নিশাস গ্রহণ করবার জর সামর্থ্য ছিল বলে ও একেবারে অবাক হয়ে গেল। আনন্দে আত্মহত্যা করা ষায়—এমন কথা অবিশ্বি প্রভাত কোনোদিন শোনেনি, কিন্তু জগতে এমন ব্যাপারও আজ সম্ভব হতে পারে। চেয়ার ছেড়ে উঠে প্রভাত জানলায় এসে দাঁড়ালো। আকালের আরো বড়ো হওয়া উচিত ছিল, জীবনকে এত ক্ষণস্থায়ী করে বিধাতার স্ষষ্টি-কোশলের এমন কী মর্যাদা হয়েছে!

প্রভাত ভাবছিলো এমনটি না হয়েই যায় না। দিনের আলোয় আকাশের তারা কতক্ষণ লুকিয়ে থাকবে—অন্ধকারে আবার তারা চোথ চেয়েছে। একমাত্র আশাই আকাশ উত্তীর্ণ হতে পারে—সেই আশা কি ধূলায় লুক্তিত হবে ? বিচ্ছেদে প্রভাতের বিশাস নেই, সেই ছেদ গুধু ছন্দেরই রূপান্তর। এ যে ঘটবে প্রভাত জানতো, ভালো করেই জানতো। না ঘটেই যে পারে না! এ ঘটবে বলেই প্রভাত তুই হাতে এতগুলি দিন-রাত্রির উদ্বেল সমুদ্র সাঁতরে এসেছে!

এই নিয়ে বোধ হয় তিরিশবার চিঠি পড়া হল :

জলপাইগুডি

হাতের লেখা বদলাতে পারে কিছু আমি বলতে যাকে বৃক্তি তা বদলায়নি। চিনতে পাচ্ছ তো? তোমার সেই অঞা।

বহুদিন পরে তোমার মনের মৃকুরে আবার আমার ছায়া ফেললাম। নিভৃতে আবার আমাদের শুভদৃষ্টি হোক।

চিঠি লিখো শিগ্ গির। পরে অনেক কথা আছে, ইতি।

অস্পটরূপে জানতো বটে আবার ডাক পড়বে, কিন্তু আজ কেন বে হঠাৎ ডাক পড়লো সেই সমস্যারই সমাধান হচ্ছে না। প্রভাত বেমে উঠলো। ভাবলো, বে-দিনই ডাকতো সেই দিনই এমনি চমকে উঠবার কারণ ঘটতো, আজকের বিশেষ কোনো উত্তরের জল্মে অধীর হওয়া নিতান্ত বোকামি! চল্লের উপর পৃথিবীর ছায়া কভন্দণ থাকে জ্যোতির্বিদরা তা নিয়ে আঁক কয়্ক,—চাঁদও খ্রছে, পৃথিবীও খ্রছে। প্রভাত তর্ক কয়বে না, বিশ্বাস কয়বে।

রাইটিং প্যান্ত-এর থান কশেক পাতা ছিঁড়ে প্রভাত তথু এইটুকু লিখতে পারবো:

ভালো করে চিনতে পাচ্ছি না। তুমি আমার সেই আঞা ? তুমি আমার সেই মনোহংসের সরসী ?

ফেরত ভারেই চিঠি এলো:

তোমার সেই অঞ্চ বটে কিন্তু গলানো অঞ্চ নয়। একটু কঠিন, জমাট বরফের মতো। অথচ ঠাণ্ডা।

মনে হলো তুমি ভালো আছ। অনেক দিন কোনো খবর পাইনি—তাই চিঠি
লিখতে ভারি ভয় হচ্ছিল। আরো মনে হলো আমাকে একেবারে ভূলে বাওনি।
আমি লিখিনি বলে তোমাকেও লিখতে হবে না—এ নিয়মটা ভারি সভ্য নিয়ম।
আমি অত সভ্যতা পছক্ষ করি, না। আমার নামে নিশ্চয়ই অনেক গুজব ভনেছ।
ইন্ধল-টিচারি করতে এলে অনেক আজগুবি গুজবের পদরা বইতে হয়। আমি আর
বইবো না ভাবছি বেরুবো।

বেরুবো,— তোমার সঙ্গে। তুমি আমার এই চিঠি পেয়েই এখানে চলে আসবে।
চাকরি করছ নাকি আজকাল ? অত ছোট চিঠি লিখতে ভোমাকে কে মাধার দিবি্য় দিয়েছিলো শুনি ? যদি চাকরি থেকে ছুটি না পাও কাজে ইস্তফা দিয়ে আসবে।
আমি এই তিন বছরে মন্দ টাকা জমাইনি। পুরুষই থালি সংসার বহন করবার গর্ব ভোগ করবে আর খ্রী-জাতিকে রুপাপাত্রী করে রাখবে—এটা একটা বর্বর প্রথা।
বন্ধুখের বেলায় divine right of sex খাটে না, বুঝলে ?

টাকার কথা শুনে এবারো ধদি অপমানিত বোধ কর, তাহলে বৃশবো তোমার ছেলেমানিই আজে বোচেনি। তুমি এখনো সেণ্টিমেন্টাল যুগে বাস করছো। তিন বছরের অদর্শন মনের একটা খুব ভালো স্বাস্থ্যকর টনিক, তুমি কি বল ? আবার আমরা পরস্পরকে নতুন করে দেখবো—জলপাইগুড়ি স্টেশনের প্লাটক্ষরে।

ই্যা, ভালো কথা - এই প্রশ্নটা মন থেকে তাড়াতে পাছিছ না, বিশ্নে করনি তো ? যদি বিশ্নে করে থাক, তবে দিন কয়েকের জন্মে বোয়ের সঙ্গে ধর্মঘট করে এখানে হাওয়া বদলে যেয়ো। আর যদি ধর্মঘট করার অস্থ্রবিধে ঘটে, ভোমার ধর্ম যাবলে তাই করো। এসো কিন্তু। কেমন ? ইতি।

পড়ে প্রভাত লাফিয়ে উঠলো। জলপাইগুড়িটা কলকাতা থেকে তিন শো বারো মাইল দ্বে কেন ? মৃহুর্তে মাইলের পর মাইল উড়ে যাবার জন্ত মানুষের আয়ন্তাধীন কোনো যন্ত্র এতদিনে আবিষ্কৃত হওরা উচিত ছিলো। স্থইচ টিপলেই বেমন অতি-সহজে ইলেকট্রিক আলো জলে ওঠে, তেমনি মনে করা মাত্রই প্রিয়ার সলবীর আবির্ভাবের কোনো একটা উপায় উদ্ভাবনের জন্তে কোনো বৈজ্ঞানিক গবেষণা করছেন না কেন ? মোট কথা, মানুষের একজোড়া পাথা থাকলে ভালো হতো. সেকেণ্ডে দে-পাথা তিন শো মাইল পার হয়ে যাবে। সত্যি, অপ্রক্ষেক সে ভালো করে মনেও করতে পারছে না—সব কি-রকম ঝাপসাং হয়ে আসে। তিন বছরের আগের অপ্রক করনা করে ওর ভৃথি হয় না, ও নতুন অপ্রকে দেখতে চায়, অনাবিদ্ধৃত অপ্রকে। নৃতনতর উপলব্ধির আশায় প্রভাত ব্যাকুল হয়ে উঠলো।

চিঠিটা জামার পকেটে ত্মড়ে রেখে তক্ষ্নিই মা'র কাছে গেল ছুটে। মা
'ব্ধন রান্নাঘরের দাওয়ায় বসে বঁটি পেতে তরকারি কুটছিলেন। কাছে বসে নাটু;
আপু নিয়ে লোফবার চেষ্টায় ব্যর্থ হয়ে আপন মনে থিল্থিল্ করে হাসছে।

প্রভাত প্রসন্ন মৃথে বললে — মা, আমি জলপাইগুড়ি যাচছি। মা প্রশ্ন করলেন — হঠাৎ ?

প্রভাত মেঝের ওপর বদে পড়লো। বললে — একটি বন্ধু ডেকেছে, মা। মা'র আবার সন্দেহ করবার কারণ ঘটলো। বললেন — কে বন্ধু ?

প্রভাত জবাব দিলে: তাকে তুমি চিনবে না মা।

—কলে**ভে**র বন্ধু <sup>γ</sup> ছেলেবেলার <sup>γ</sup>

প্রভাত না বলে পারলে না : বছ জন্মের। কথাটাকে ঠিক ব্যাখ্যা করা যাবে না, মা। মোটকথা, জলপাইগুড়ি আমাকে যেতে হবে। তোমার অমুমতি চাই।

মা বললেন – আমার চেয়ে আপিসের অন্তমতির দাম বেশি। ছুটি পাবি এ-সময় ? কি রে, কথা বলছিস না কেন ?

প্রভাত বলে বসলো: ছুটি ধদি না পাই, চাকরিতে দেলাম ঠুকেই আমাকে ছুটতে হবে।

মা এবার রীতিমত ভর পেলেন। বললেন—এমন তোর কে বন্ধু ? বলি, ভালোদ চাকরি দেবে ?

প্রভাত হেসে বললে—চাকরি কেড়ে নিয়ে বাউপুলে করে ছাড়বে। আরু চাকরি পোষাবে না, মা।

মা'র তরকারি কোটা বন্ধ হয়ে গেল। বললেন—হেঁয়ালি রাথ। কি ব্যাপার খুলে বল।

প্রভাত কুণ্ঠা দমন করে অঞ্চর চিঠিটা মা'র হাতে তুলে দিলো! চিঠি পড়ে মা'র মুখ গেল শুকিয়ে। চিঠিটা মূড়তে-মূড়তে বললেন—এ আমি পছন্দ করি না। এর জন্মে চাকরিতে জলাঞ্চলি দিয়ে সংসার ফেলে উধ্বর্খাসে ছুটতে হবে, এটার মধ্যে বে অসংযম আছে তাকে আমি খুণা করি। তোর মুণ দিয়ে এমন কথা বেরুলোঃ কি করে ?

প্রভাতের এবার লজ্ঞা করতে লাগলো। বললে—আচ্ছা, আপিলে একটা

জরথান্ত করে দিচ্ছি—আজই। যদি ছুটি না মেলে ? তবে আমাকে এথেনেই চুপ করে বদে থাকতে হবে ? এতটা সংযমই কি ভালো ?

মা কি বলতে বাচ্ছিলেন, প্রভাত বাধা দিয়ে বললে,—তোমার উপদেশের উপদেশের উপকারিতা সম্বন্ধ আমি সন্দিহান নই, চাকরি বাঁচিয়ে রেথেই আমি কলকাতা থেকে পা বাড়াবার চেষ্টা করবো, কিন্তু যদি ফসকে যায়, যাবে। জলপাইগুড়ি যাবে। মানে, আমার দিন কয়েক অহুথ করবে—ছুটি পাবো বোধ হয়। যদি না-ই পাই, তোমাকে জানিয়ে রাখা ভালো মনে করে চিঠিটা আর লুকোলাম না। জীবনে মাহুর হু'টি নারীর আশ্রয় পায়—এক মা আর প্রিয়া। তুমিও আমার বন্ধু, মা। এ আনন্দ তোমার কাছ থেকে লুকিয়ে রাখি কি করে ?

মা ফটু করে বলে বসলেন – কিন্তু অঞ্চ তোকে বিয়ে করবে ?

- —কথাটাকে পালটে বলো মা, তৃই কি অপ্রকে বিয়ে করবি ? সে সম্বন্ধে কোনো সিদ্ধান্ত আজ তোমাকে জানালে তুমি ভীষণ চমকে উঠবে; সে-সিদ্ধান্তটা আমারো নবলবা। পরে তোমাকে জানাবো, মা; নিশ্চয়। বিয়েটাকেই নরনারীর সম্পর্কের চরম পরিণতি মনে করে আত্মবঞ্চনার দিন চলে গেছে। বিয়ের চেয়ে বন্ধুতাটাই বড়ো জিনিস।
  - ··· কিন্তু সে-বন্ধুতা টি কলে হয় !
- যদি না টেঁকে, তবে তাকে রঙীন স্থতো দিয়ে বেঁধে আটকে রাখা যায় না, মা। পেয়ে হারানোর চেয়ে হারিয়ে পাওয়া চের ভালো।

মা মৃথ ভার করে বললেন—কিন্তু ষে-মেয়েটিকে আমি ঘরের বে করব বলে ঠিক করে রেখেছি তাকে তৃই কিছুতেই ফেলতে পারবি না, প্রভাত। এ-সব হভচ্ছাড়া প্রেমে স্থফল হয় না কোনোদিন।

— স্থফলের জন্মে তো সেই অন্তান-তক বসে থাকতে হবে। তার আগে পূজো।
একটা লম্বা ছুটির দরখাস্ত করে দি। কিছু পাওনাও হয়তো আছে। তিনটি প্রাণীর
জন্মে দরকার হলে আর একটা ছোটথাটো চাকরি বাগিয়ে নেওয়া মাবে হয়তো।
কিন্তু শুভদিন মাহুষের ভাগ্যে ঝাঁকে-ঝাঁকে আসে না, মা। সময়ের চুলের ঝুঁটি
আাকড়ে ধরা চাই। বলে প্রভাত বেরিয়ে গেল।

মা তক্ষ্মি মনে মনে ছেলের ওভবৃদ্ধির জয়ে মা-কালীর কাছে মানত করলেন। ঘরে গিয়ে প্রভাত কালি-কলম নিয়ে বসলো। কেবলই অহভব করতে লাগল অগ্র নতুন, এখনো নতুন। চিঠিটা হলো এইরূপ:

আপিসে দরখান্ত করে দিলাম। শনি, রবি নিয়ে সম্প্রতি তিন দিনের ছটি পাবে।

মনে হচ্ছে। তিন বছরের পর তিন দিন যথেষ্ট নর, জানি। কিছু কোনো মেরের জন্তে চাকরিতে ইস্তফা দিরে আসার সেন্টিনেন্টাল যুগ আমরা পেরিয়ে এসেছি। সোভাগ্যবশতই বলতে হবে। কেন না, বন্ধুতা টেনে গেলেও চাকরিটা টিকে থাকবে। অরসমস্যার দিনে সেটা কম কথা নয়।

মোটকথা, শুক্রবার ভোরে স'পাঁচটার সময় স্টেশনে থেকো। যদি একাস্তই ছুটি না পাওয়া যায়, টেলি করবো। কিন্তু, পারবো কি না গিয়ে ? মা সংযম অভ্যাস-করতে বলেছেন; তিন বছরের সংযম কি যথেষ্ট নয় ? অঞ্চ কি বলেন ? ইতি।

নাটুর মাথায় হাত বুলিয়ে প্রভাত মা'র পায়ের ধ্লো নিলে। বা বগলে ছোট বেডিং ও ডান হাতে স্টকেস নিয়ে প্রভাত তিন-নম্বর বাস ধরতে বেরিয়ে পড়লো।

মা নাট্-কে নিয়ে শুভে এলেন। সারা রাত তাঁর চোথে খুম এল না,—
ত্শিক্তায় মন তাঁর ভারাক্রান্ত হয়ে উঠেছে। তবু ভাগ্যিস, তিন দিন ছুটি পাওয়া
গোছে। সোমবার সকালেই যে প্রভাতের ফিরে আসা চাই এ-বিষয়ে তিনি মাধার
কিরে দিয়ে দিয়েছেন,—প্রভাত তা থেলাপ করবে না। এতদ্র অধঃপতন তার হবে
না হয়তো,—কিন্ত বলা কি যায় ? বালুচরে পা আটকে যেতে কতক্ষণ ?

ষে-মেয়ে বিয়ের সভা থেকে লুকিয়ে বেরিয়ে পড়তে পারে তাকে তিনি পুত্রবধ্রপে কল্পনা করে স্থা পান না। তিনি তো আর জানেন না সেই মেয়ে কেন বেরিয়ে
এসেছিল। জানলেও হয়তো ক্ষমা করতেন না, কেন না এত বড়ো বিজ্ঞোহাচরণের
মধ্যে সাহসের চেয়ে নির্লক্ষতাই প্রকাশ পেয়েছিলো বেশি। অগ্রর পরিবার তাই
তার ম্থের উপর তাদের বাড়ির সদর দরজা বদ্ধ করে দিয়েছে—ও আজ পথচারিনী,
মাথায় ওর কলক্ষের কুলো; এই মেয়ের জন্তেই ছেলে তাঁর বেহেড হয়ে ছুটে গেল
ভাবতে মা চোথের জলে বালিশ ভেজাতে লাগলেন।

কিন্তু এ-কর দিনে প্রভাতের চেহারা এত স্থাপর ও সতেজ হয়ে উঠেছে — ওর মূথে দীপ্তি, কাজে-কর্মে উৎসাহ — ছেলেকে এমন প্রদন্ধ তিনি আর দেখেননি আগে। মরা শাথায় নতুন পাতা গজিয়েছে। প্রভাত যেন এ-ক'টা দিন সেতারের তারের মতো বেজেছে — হাতে ওর স্পর্শমণি! বিধাতা মাম্বকে খুশি করেন, কিন্তু এমন সর্বস্থান্ত হবার লোভ দেখিয়ে কেন ? রিক্ততা না এলে কি পরিপূর্ণ মৃক্তি নেই ?

মা তাঁর তর্জনী ও মধ্যমা—এই আঙুল ত্'টিকে তুলে ধরে নাটু-কে বললেন— একটা আঙুল ধর তো নাটু।

মধ্যমা ধরলেই প্রভাত গুভেলাভে সোমবার ভোরে ফিরে আসবে, নচেৎ— ভর্জনী-সহদ্ধে কিছুই তিনি ভেবে ঠিক করতে পারলেন না। আদ্ধ ছেলে মা'র হাতথানি অক্তব করে আঙুল ধরবার জন্তে মৃঠি মেললো। মা তাঁর নিজেরই অজানতে মধ্যমাটি নাটুর প্রসারিত করতলে ধীরে এনে অর্ণ করালেন বোধ হয়। নাটু নিবিড় করে মৃঠি চেপে ধরলো। অভিতে মা'র বৃক্তরে গেল। এবারে ছ্মোবার জন্তে চোখ বোজা বাবে।

দার্জিলিং মেল তো ছাড়লো। বারাকপুরের পর শিষ্ড দিয়েছে।

ইন্টার ক্লাসের টিকিট। প্রভাত ভেবেছিলো কোনো রক্ষে একটু জায়গা করে সভর্গকিটা পেতে লম্বা হয়ে পড়বে। একেবারে পার্বজীপুরে গিয়ে জাগবে—টাইম্-টেবল্ মিলিয়ে দেখলো তখনো বেশ অন্ধকার থাকবে, বাড়িতে হলে ভি. লা-মেয়ারের কবিতা পড়তো; কিন্তু টেনে এর পর আর ও চোখের পাতা এক করতে পারবে না—জানলা দিয়ে স্ক্রবিস্তীর্ণ মাঠের দিকে চেয়ে থাকবে। ওর চোখের সামনে আস্তে-আস্তে অন্ধকারের পদা উঠে যাবে, ওর চোখের সামনে আকাশ উদ্যাটিত হবে—ভাবতে ওর রোমাঞ্চ হচ্ছিল। টেনে বসে শেষ রাজিটুকু জাগার মতো স্থা নেই।

একে আর ভিড় বলে না,—প্রভাত সতর্বঞ্চ পাতলো। গাড়ি ছাড়তেই ওরে পড়লো। কন্তু না আছে লাজিলিং মেল-এর শিন্ত, না আসে ব্য! ব্য না এলে ও মনে-মনে অনেক আজগুরি ছবি আঁকে; হয়তো পুরীর সমূপ্র সাঁতরে বাচ্ছে; হয়তো মোহনবাগানের হয়ে সতেরো মিনিটে সাতটা গোল স্বোর্ করলে; হয়তো বা বিলেতের কোয়েকার সোসাইটি ওকে বক্ততা দিতে নিমন্ত্রণ করে প্যাসেক্র পাঠিয়ে দিয়েছে; ও সমূপ্র দিয়ে নয়, ওভারল্যাও-এ দেশ দেখতে-দেখতে রওনা হলো—বোপাদেই আটকা পড়ে গেল ব্রি, যদি যেতে হয় টেনে নয়, উড়ো জাহাজে যাবে এবার। কিন্তু আরু 'মনের মুকুরে বার ছায়া পড়েছে' কোনো আঁচড় টেনেই তাকে আড়াল করা গেল না। সে একেবারে ঘন হয়ে তপ্ত হয়ে পাশে বলল—কতক্ষণ পরে, কি আশ্রুর, ওয়ে পড়ল। এত ছোট বেঞ্চিতে ছ'জনে যে পাশাগানি কি করে শোয় ঢাকাচুকি দিয়ে, ভাবাই যায় না। মুশকিল! টেনের আন্তে চলাটাও কথনো-কথনো হার্টের পক্ষে বিপক্ষনক হয়ে ওঠে। অভঞ্জক গাড়ির শেকল টেনে

প্রভাত উঠে বসলো। এক বৃগ কাটিয়ে এসে এককণে কি না রানাঘাট। আকাশে মেদ করেছে বৃথি। বৃষ্টি হলে মন্দ হয় না, বৃষ্টি থামবার আশায় কান শেন্তে থেকে কভকণ কাটিয়ে দেওয়া বায় তাহলে। বৃষ্টি তো এক সময়ে থামবেই। সক্রে একটা বই বা খবরের কাগজ পর্যন্ত আ্নেনি যে পড়বে। কী-ই বা পড়তো ? একটা ছবির বই আনলে ফল হতো না, কিংবা যোগাড় করে কোনো posnography। মনোযোগ আটকে থাকতো হয়তো। আছো, অঞ্জ, কোনোদিন ও-সব বই পড়েছে ? বাক গে, পাশের ভন্তলোকের সঙ্গে আলাপ করা যাক:

- —কন্দুর যাচ্ছেন ?
- রংপুর। পার্বতীপুরে গাড়ি বদল করতে হবে। হাঙ্গামা মশাই। শেষ রাত্রেই ঘুমটা চেগে আসে। পড়ি ঘুমিয়ে, পার্বতীপুর পার হয়ে যাক। টিকিট ছিল সেকেগু জাসের—ভেবেছিলাম গার্ডকে পার্বতীপুরে জাগিয়ে দেবার কথা বলে নবাবি করে একটু ঘুম্ব, কিন্তু শালারা একটা বেঞ্চিও থালি রাখেনি। টিকিট বদলাবারো সময় হলো না। একেই বলে ভাগ্য, মশাই। টাকাও গেল, টাকও ঢাকলো না।
  - —বার্থ আগে রিজার্ত করেননি কেন ?
- —এই ছর্ভোগ সইতে। দূর থেকেই ভোগ করছি আর কি ! এখন পৌছতে " পারলে হয়। পেছনে শনি বেশ শানিয়েছে বুঝলাম। ট্রেনে এখন কলিশান না ছলে বাঁচি !

প্রভাত চমকে উঠলো। সতিটি তো, যদি ঘূর্জয় ধাকা লেগে ছার্জিলং মেল খান-থান হয়ে বায় ! এতে আশ্রুর্ব হবার তো কিছুই নেই,—হামেশাই তো হছে । ঢাকা মেল উল্টোল, গয়া এক্স্প্রেস এক্সা হয়ে গেল । প্রভাত আরেকটু হলে টেচিয়ে উঠছিল আর কি ! কিন্তু না, দার্জিলিং মেল এত দুর্বল হবে না ৷ কে জানে ? টাইটানিকো তলিয়ে গেছে ৷ ও যদি আজ মরে বায়—ওর চোথের সামনে আকাশ বদি আজ আর আত্মপ্রকাশ না করে — কি হয় তাহলে ? ও আকাশের ওপারে চলে গিয়ে অশ্রুকে অশ্রু-সমুদ্রের পার থেকে ল্ট করে নিয়ে যাবে ৷ মৃত্যুর পরেও কি মাছ্রের সাজগোজ থাকে ? অলিভার লজ্-এর ওপর ওর আয়া আছে ৷ কিন্তু এ প্রান্থের সাজগোজ থাকে ? অলিভার লজ্-এর ওপর ওর আয়া আছে ৷ কিন্তু এ প্রান্থের তো উত্তর নেই ৷ জানলা দিয়ে বাইরে তাকিয়ে ঈশ্রের কাছে আজকের রাতের জীবনটুকুর জল্মে ভিক্ষা,চাইলে এমন কি অপমান হবে ? ঈশ্বর নাই-বা পাকলেন, তার জল্মে একটু প্রার্থনা করলেই কি গঙ্গার জল ভকিয়ে যাবে ? সত্যি কথা কলতে কি, ওর প্রতাহের ভূগোলে অট্রেলিয়া বলেও তো কোনো দেশ নেই ৷ ভাই বলে মনে-মনে দেশ বেরিয়ে এলে ওকে মারে কে শুনি ?

বসে, ওয়ে, স্টেশনে থাবার থেয়ে, সিগারেট ফুঁকে, মনে-মনে আঁক কয়ে, বাজীদের চেহারা দেখে-দেখে, তাদের মনের অবস্থা আন্দান্ধ করে-করে ( একটি বাজীপ্ত প্রেমে পড়েনি ) প্রভাত কোনোরকমে রাভ প্রায় কাবার করে এনেছে। ক্ষাঞ্জিকিং মেল বেসামাল হয়নি বা হোক। আকালে আলোর ছোঁরাচ লাগলো

বৃথি। ত্থিকটা করে পাখি উড়তে তক্ষ করেছে। ফুরফুরে তাদের পাখা। খুরো আকাশের চোখ। বৃষ্টি না হয়ে ভালোই হয়েছে। হয়তো ঠিক সময়ে অঞ একে প্রাটকর্মে পৌছতে পারতো না। আকাশের রসিকতা করার একটা সময়-অসময় আছে। ঘোড়ার গাড়ের গাড়ের গাড়ের অথথা কট হতো।

মাইল-পোস্ট-এর দিকে তাকিয়ে দেখলো জলপাইগুড়ি পৌছুতে আর মোটে দাত মাইল বাকি। এবার অছন্দে দার্জিলিং মেল ডিরেইলড হতে পারে,—প্রভাত দাত মাইল পায়েই মেরে দিতে পায়রে খ্ব। গ্রে খ্লীট-এর মোড় থেকেও হাজরা রোড পর্যন্ত অনেক হেঁটেছে, অনেক। কিন্তু না, দার্জিলিং মেল বেশ ভদ্র। বাধ্য ছেলেটির মতো স্থড়স্থড় করে এগিয়ে চলেছে। হাা, আর ছই কদম। এঞ্জিনের ফুঁ-টা আরো জারে হওয়া উচিত ছিল। জলপাইগুড়িটা যেন কিছুই নয়!

আঃ! ফিলিপ সিজ্নির হাত থেকে জলের গ্লাশ পেয়ে মৃম্যু সৈনিক এর চেয়ে বেশি আরাম পায়নি। প্রভাত তাড়াতাড়ি বিছানাটা গুটিয়ে নিলে। ভগবান নেই এমন কথা যদি এখন কেউ বলতে আসে, প্রভাত তার সক্ষে আদপেই তর্ক না করে একটা ঘুসি মেরে বসবে হয়তো, কিন্তু তারো কাজ নেই—গোলমাল বাধতে পারে। তার চেয়ে সোজাস্থজি নেমে পড়াই ভালো। টেনটা থাম্ক। চলস্ত ট্রাম থেকে নামবার ওর রীতিমত অভ্যেস আছে। কিন্তু চলস্ত ট্রেন থেকে কায়দা করে নামবার কোনো মানে হয় না,—প্রাটফর্ম পালিয়ে যাচ্ছে না। আরে মশাই, দরজার কাছে মাল-পত্তর নিয়ে এত ভিড় করলে কি চলে সমস্ত দিন ধরে আপনিই নামবেন নাকি ? আচ্ছা ভদ্রলোক তো!

প্লাটফর্ম। তাহলে নামা গেল ! দার্জিলিং মেল-এর জন্যে আর ভাবনা নেই। পাতালে যাক। প্রভাত পা বাড়ালো।

কে যেন এগিয়ে আসছে। সেই শাড়ি-রাউজের প্যাকেট। মেয়ে নিশ্চরই। প্রভাতের ততটুকু দৃষ্টিশক্তি আছে। নেহাৎই বাঙালী হয়ে জন্মছে নইলে প্রভাত নিশ্চর নাম ধরে ডেকে উঠতো। অনর্থক লোকদের হকচকিয়ে দিয়ে লাভ নেই। এখন অন্ধকারো ফুরিয়ে গেছে। কণ্ঠশ্বরটা নিশ্চরই সঙ্গত হতো না।

হাা, অশ্রুই বটে। প্রভাত ঠিক চিনতে পেরেছে, নিশ্চরই। চেহারাটা একটু ভালো হয়েছে মনে হচ্ছে, ভালো হয়েছে মানে অল একটু মোটা হয়েছে। বিয়ে না হয়ে বাঙালী মেয়ের স্বাস্থ্য ফেরার দৃষ্টাস্ত দেখে প্রভাত মনে মনে খুলি হয়ে উঠলো। মাঝে ওর কানে একটা উড়ো খবর এসেছিল বে অশ্রর ফুস্কুসের ফেঁসে

যাবার সভাবনা হরেছে,— কথাটার কান দিলেও প্রাধান্ত দেরনি, কারণ অপ্রবা আহ্বান যে কোনোকালে কের প্রশুত হবে এ-ধারণা তথন ছিলো না। ফলাফল জানবার জন্তে তাই উৎস্থক হয়নি। এই মোটা হওরাটুকু হয়তো লেই 'আটো ভ্যাক্সিন'-এর—ঠিক ফল নর, ফুল!

বহরে বেড়েই বদি থেমে পড়ত তাহলে পিপের মতো গড়গড়িয়ে গড়িয়ে দেওয়া
কেত হয়তো। কিন্তু না; মাথায়ও অঞ্চ বেশ ঢাাঙা হয়েছে! য়াশের কিনারা বেয়ে
উপচে-পড়া উচ্ছুসিত হয়রার ফেনার মতো অঞ্চর যৌবন, উষার অঞ্চলি-উৎসারিত
আলোর নিবেদনের মতো। কথাটাকে ছোট করে বলা যেতে পারে—একটা
কনকটাপা, উগ্র, উজ্জ্বন, মদির! এত রূপ যেন আর কোনোদিন দেথেনি—ঝড়ে
নয়, সম্ফ্রে নয়, য়ৃত্যুর হুগন্তীর আবির্ভাবেও নয়। জীবনে যেন জোয়ার ডেকেছে।
ছুই চোথে এত রূপ যেন কুলিয়ে উঠছে না। প্রভাত যেন তার চোথের সামনে
অরোরা-কে দেথছে। ও পা বাড়ালো।

পায়ে গ্রিশিয়ান শ্রাণ্ডেল, এবং পায়ের পাতা থেকে শুক্র করে আটপোরে চপ্রভা-পাড় শাড়িটি দেহবল্পরীকে বল্পভারেরে মতোই আবেষ্টন করে উঠে গেছে. মাথায় ছোট একটুথানি ঘোমটা, হেয়ারপিন দিয়ে আঁটা নয়। অতএব এগিয়ে আসতে গিয়ে মাথার কাপড গেল থসে, এবং সেটা ফের তুলতে গিয়ে থোপার ওপর বেকায়দায় হাতটা লাগতেই থোপাটা কাধ বেয়ে পিঠের ওপর ভেঙে পড়লো। চুলে অগ্র কি তেল মাথে? এত ঘন পুঞ্জিত হলো কি করে? আছা শিঙ্গড় হলে অগ্রক কেমন মানাবে? ঠোটে তার জন্ম লিপস্টিক দেওয়া চলবে না? অগ্রের ঠোট ছটি ভারি হয়ে ভালোই হয়েছে। মেয়েদের পাতলা ঠোট ব্যক্তিত্ব-ব্যঞ্জক নয়। নিশ্চরই অগ্রের আজ ঘুম থেকে জাগতে দেরি হয়েছে, তাই শাড়িটা তাড়াতাড়ি বদলে আসতে পারেনি। শাড়ির কৃঞ্চনগুলি শোভা হয়ে বিরাজ করছে। মৃথের উপর ঘুমের যে মলিনতাটুকু লেগে আছে তা ঘুমেরই মতো স্ক্রের।

ত্'জনে এগিয়ে আসতে লাগলো। ওদের ভান হাত চুটোতে কথন কে কর্টেইল হয়ে গেল কেউই ঠিক ঠাওরাতে পারলো না ! ত্'টি দেহ ধেন নদীর সেতৃর তুই পারের স্তস্তের মতোই অবিচলিত রইলো—বীণার মতো ঝন্ধার দিয়ে উঠলো না যা হোক। কারণ হয়তো এই য়ে, ওরা য়েন এমনি পরস্পরের স্পর্লাভের অভ্যাসে এথানে এখন অসাড় হয়ে গেছে। সভ্যিকারের কারণ খুঁজতে গেলে দেখা যায় বেশিক্ষণ হাতে হাত ঠেকিয়ে থাকা যায় না। ভীষণ ভিড়, লোকের ভত্তনয়—চোথের।

আল্ল কথা বলতে পারলো : এই তোমার জিনিস ? চলো।

প্রভাত অশ্রর চোথের দিকে তাকিয়ে বললো –কোথার ?

—আমার হাতে স্থটকেশটা দাও। আপাতত একটা ঘোড়ার গাড়িতে তো গিরে উঠি, — যাবার জায়গা আছে।

প্রভাত প্রতকেশটা ছাড়লো ন)। বললে—এটুকু ভার বইবার আমার ক্ষমতা। আছে। চলো।

গাড়িতে ওঠবার আগে পা-দানিতে পা রেথে আল একটু পিছন ফিরে বললে— স্টকেসটা আমার হাতে দিলেই ভালো করতে, কেননা রাজ্যি তদ্ধু লোক আমার দিকে এমন ভাবে চাইছিল যে তোমার সঙ্গে আমার সম্পর্কটা যেন কত সন্দেহের! এই সব লোকগুলোর ফাঁসি হয় না কেন?

প্রভাত দেখলে কথা বলতে ওর রীতিমত অস্থবিধে হচ্ছে। স্নায়্গুলো হঠাৎ যেন নিস্তেজ হয়ে পড়লো। ট্রেনেই রোজকার মতো মূলার্-এর কতকগুলি 'ফিগার' করে এলে পারতো। এত অবসন্ধ লাগবার তো কথা নয়! সমস্ত রাত্রি ধরে বে-জিভে ওর কথার স্থান্ত্রভির শেষ ছিল না সে-জিভ হঠাৎ মরে শুকিয়ে গেল নাকি? এত ঢোক গেলবার অভ্যেস ওর কোনো কালে ছিলো না বলেই তো মনে হচ্ছে।

প্রভাতের মুথোম্থি বসে অশ বললে পাশে বসলে কথা বলার অস্থবিধে হবে। তারপর হুই চোথে একটি কমনীয় কোতৃক নিয়ে গুধালো: তারপর ?

প্রভাত পা ত্টো একটু ছড়িয়ে, বুকটা সামান্ত একটু ফুলিয়ে স্নায়্গুলোকে শাসন করলে; বললে — তারপর আর কি ? জলপাইগুড়ি চলে এলাম। এখন জল পাই তিবেই হয়।

আশ্র দাঁত দেখা গেল। প্রভাত মুক্তো কোনোদিন দেখেনি, তবু তা'বলে সারি দারি মুক্তো অমন হলে তার অমর্যাদা হবে না। বললে,—জল না পাও, জলপাই পাবে। দাঁত যাবে টোকে।

প্রভাত। দে-জল্পনা করেই তো এসেছি।

অশ্র । দাঁড়াও, দেখি আর হয় কি না। (ভেবে) হয় না, না হোক, (খেমে) তারপর, আছ বেশ ?

প্রভাত। ছিলাম বেশ। এখন কেমন খেন খুলিয়ে উঠছি।

আক । কেন ?

প্রভাত। তাই বদি জানতাম তো ছুটি না পেয়েও ছুটে আসতাম না।

অঞা। ছুটি পাওনি ? কি হবে তবে ?

প্রভাত। কি আবার হবে ? আমার অস্থ করতে পারে না ? ( একটু হেদে )। আমার অস্থই তো করেছে।

অঞা। (চমকিত) অমুথ ?

প্রভাত। (দিব্য কইতে পারছে) অত্থ ছাড়া আর কি ! নইলে স্কু থাকলে কেউ এমনি হস্তদন্ত হয়ে ছুটে আনে নাকি ?

ष्यः। ( शश्चीद ) कथां हो किर्तिस नाथ, नहेल कथा कहेता ना। .

প্রভাত। এর ওপর আবার যদি কথা না কও, তাহলে দয়া করে কোচোয়ানকে গাড়ি হাসপাতালে নিয়ে যেতে বলো। হাসপাতাল থেকে পরে একেবারে পাতালে।

আঞ্র খিল্থিল্ করে হেসে উঠলো। পরে গম্ভীর হবার ভান করে বললে— কালই তোমাকে কলকাতায় ফিরে থেতে হবে ?

প্রভাত। কালই। এটা কলি; তাই তোমার এ কথায় আশ্চর্য হলে শোনে কে ?
ভানেছি আজ রাত্তেই ট্রেন আছে। যাবার সময় নিশ্চয়ই এবার ঘুম্তে পাব।

অঞা। তোমার সারা রাস্তা একটুও ঘুম হয়নি ? কাল রাতে ভারি গরম :ছিলো, না ?

প্রভাত। তাই তোমারো বুম হয়নি মনে হচ্ছে।

অশ্র । না, তা কি আর হয়েছে ! যুমিয়ে-যুমিয়েই তো চেহারা ফিরিয়ে দিলাম । প্রভাত । এবার আমাকেও যুমোবার জন্তে ফিরিয়ে দাও ।

অশ্র । আহা ! তোমার সঙ্গে as if আমার কোনো কথা নেই !

প্রভাত। আছে নাকি ? কতটুকু সময় লাগবে ? বলেই ফেল না।

অঞা। ঐ ত বললাম : তারপর ?

প্রভাত। 'ভারপর'-এর কোনো উত্তর হয় ?

অঞা। উত্তর যদি কিছু না-ই হয় চুপ করে থাকো। মাথায় অতগুলো চুল রেখেছ কেন ?

প্রভাত। তুমি রেথেছ কেন ? সন্তিা, তোমাকে বে কী স্থন্দর দেখাছে !

অঞ্চ<sup>্</sup> আর গোঁফ জোড়া নিম্পি করে তুমি যে কী অপরূপ হয়েছ বাদরের মতো—

প্রভাত। আমার অপমান বোধ করা উচিত কি না, তুমি বল। তোমাকে চামচিকে বললে তুমি চিম্টি কেটে দেবে না ?

জ্ঞা। (অন্তমনক্ষ) দেব তো, কিন্তু এসে পড়লো যে। তুমি এখানে নামা।
এই ডাক-বাংলো। সঙ্গে টাকা আছে তো ?

গাড়ি থামতেই প্রভাত নেমে পড়লো। ডাক-বাংলোর বেয়ারা এসে জিনিদ কুটো ভেতরে নিরে গেল। অঞ্চ গাড়ি থেকে মুখ বাড়িয়ে বললো,—বিকেলে স্মানবো। ছপুরে একটু বুমিয়ে নিয়ো কিন্তু। স্মামি স্মাণে থেকেই এখানে সব বন্দোবস্ত করে রেখেছি—ভোমার ভাবতে হবে না।

গাড়োয়ানকে গাড়ি-ভাড়াটা দেওয়া দঞ্চত হবে কি না প্রভাতকে ভাববার অবকাশ না দিয়েই গাড়ির চাকা চারটে ঘুরে গেল।

সেই গাড়ি করেই অঞা তার স্থলের কোয়ার্টারে ফিরে এল। ভাড়া চুকিয়ে ভিতরে বারান্দায় চুকেই দেখলে বৃলু (আরেকটি শিক্ষন্পিত্রী) মুখে টুখ-ব্রাশ চুকিয়ে এক-মুখ ফেনা করে কেলেছে। অঞা ছুটে এসে এমন বেগে তার গলা জড়িয়ে ধরলে যে কতগুলি ফেনা বৃলুর গিলে ফেলতে হলো। অঞা প্রায় চেঁচিয়ে উঠলো: সেএসেছে।

বৃশু নিজেকে ছাড়িয়ে নেবার চেষ্টা করে বললে – ছাড়্ রাক্ষ্সি। কে এল ?
আলিঙ্গন একটু শিথিল করে অশ্রু কানে-কানে বললে—আমার রাজপুত্ত।
আমার চোথে যদি দেখিস তবে তুইও তাকে রাজপুত্ত বলবি।

— তাহলে বন্দীদশা খুচলো ? এই তিন বছর মাস্টারি করে এখন বৃঝি বিশ্নে করে বয়ে যাবার সথ হয়েছে। হবে কবে শুনি ?

অশ্র বুলুর গাল টিপে দিয়ে বললে - যমের বাড়ি গিয়ে।

বুলু বললে—বি-এ পাশ করে সবাই এম.এ-ই পড়ে শুনেছি। কেউ কেউ দেখছি প্রেমে-ও পড়ে। য়্যান্দিন তো কৈ শুনতে পাইনি।

- তোকে শোনাবার জ্বতো আমার ঘুম হচ্ছিল না। কাল সারা রাত আমার হে খুম হয়নি, তা অবিভি অন্ত কারণে।
  - —কি কারণে **?**
  - —সভয়ে বলবো, না নির্ভয়ে ?
  - —সভয়ে।
- তাহলে বলি, রাত বারোটা পর্যন্ত একজামিনের কাগজ দেখেছি -- বারোটার পর থেকেই আমি নির্ত্তয়, বুলু। তারপর আর যুম আসেনি। বই পড়বার জন্ত টেবিলে বসতে গিয়ে ভুল করে জানলায় এসে দাঁড়ালাম। জানলা থেকে এঞ্জিনের ধোঁয়া দেখা যায়।
  - ---রাজপুত্রকে কোথায় সিংহাসন দিলি ?
- —ভাক-বাংলোর। হানরে বলতে পারতাম বটে, কিছ সেটা তোর প্রশ্নের ঠিক বাভাবিক উত্তর হতো না। চা-র জল চাপিয়েছিল ? চা থেয়েই খুম নেবো লখা। জাগাসনি পোড়ারম্থি।

বলেই অঞ অন্তর্হিত হলো।

অশ্র জীবনের আজকের এই ছোট দিনটুকু নিয়েই একটা প্রকাণ্ড উপক্সান লেখা চলে - জেম্ন জয়েন বেমন Ulysses লিখেছে। একটি দিন — অর্থাৎ সকাল আটটা থেকে রাত তিনটে পর্বন্ধ (ঠিক পুরো একটি দিনো নয় )—তাই নিয়ে সাড শো বজিশ পৃষ্ঠার বিচিত্র উপক্সান। অশ্র এত ধারে ধারে গত রাজি যাপন করেছে বে তার প্রতিটি নিখান-পতন নিয়ে একেকটা পরিচ্ছেদ হতে পারে। সেই রাজি নিয়ে উপক্সান লিখতে গেলে অশ্রুর নামান্ত একটা জীবনে ধরবেই না।

অশ্রু Ulysses-এর সেই ব্লুম-এর কথা হঠাৎ ভাবতে বসলো। ব্লুম জাতিতে জু, ভাবলিনের একটি দাদা দিধে কেরানা ব্যান্ধে কাজ করে বোধ হয়। ব্লুম থ্ম থেকে ওঠে; লোবার ঘরে বিছানার ওপর তার স্ত্রী মলি-কে অর্ধনিদ্রিত অবস্থায় ফেলে রান্নাঘরে ঢোকে, দেখান থেকে বড়ো-হল্টায়; দেখানে বদে একটা পুরানো খবরের কাগজ পড়ে; এবং প্রাতঃকৃত্য শেষ করতে-করতে নিজের ভবিষ্যৎ দাহিত্য-স্টেই সম্বন্ধে নানা রকম জন্ননা কল্পনা চালায়। অভুত লোক! তারপর মাংদের দোকানে গিয়ে 'কিড্নি' কেনে, একটা ঝি দেখে কামমোহিত হয়। তারপর বাড়ি এদে 'কিড্নি'টা নিজেই ভাজে; ওপরে স্ত্রীর কাছে খাবার নিয়ে যায়। তার সঙ্গে আলাপ জমাবার চের্রীয় অনেকটা সময় হেলাফেলা করে — নীচে মাংস পোড়ার গন্ধ পেয়ে সিঁড়ি দিয়ে নেমে যায় ফের রান্নাঘরে। এই সব। তারপর ফের রান্তায়; স্থানের দোকানে; শবাহুগমন-মিছিলে; একটা খবরের কাগজের আপিসে; একটা রেন্টুরেন্টে; লাইব্রেরিতে; মদের হোটেলে; সমুজের পারে; হাসপাতালে; বেশ্চালয়ে— ( সেখানে ব্লুম থাকে অনেকক্ষণ—ইউলিসিসও Circe-এর গুহায় অনেক দিন ছিল, না? ) সেখানে মদ খেয়ে শ্রান্ত হয়ে সে ক্টিফেন্ ভেড্লাস-এর সঙ্গে বাড়ি ফিরে আসে।

গল্পের শেষ ভাগের কথা ভাবতে গিয়ে লক্ষায় অশ্রুর গা কাঁটা দিয়ে উঠলো। ব্যাপারটা কিছু নয়,—অতি সামান্তই; ব্লুম-এর স্থী মলি স্বামীর কাছে শুতে যাচ্ছে! ওটা জয়েস্ না লিখলেও পারতো। কিছু কেনই বা লিখবে না?

শ্বনেছে বইটা নাকি জন্নাল। হবে-ও বা। জল্ল অবিশ্বি এক নিশ্বাদে পড়তে পারেনি, কিন্তু ছাড়তেও পারেনি। কোনো বিষয় বিষয়-হিসেবেই যে কী করে জন্নীল হতে পারে জল্ল তা কিছুতেই বোঝে না। এ নিয়ে ও কত তর্ক করেছে—প্রাথমিক প্রথাগুলোকে বন্ধুদের মন থেকে ছিঁড়তে পারেনি। যা কিছু দোর হতে পারে স্টাইলের বা লিখনভঙ্গার। Ulysses-কে দে কারণে নির্বাসিত করলে জল্লর ছ্থে হতো না। জল্ল যে-কারণে লগুনে ও নিউ ইয়র্কে Ulysses-এর লাম্বনা হয়েছে. দে-কারণটাকে উপহাস করতে পারলে মামুখের উপকারই হতো। মাহুযের হৃদয়

আছে আছা আছে বলতে পারো, কিন্ত শরীর আছে বলতে পারে না। থেতে পারবে, ঘুম্তে পারবে, কিন্ত আসঙ্গ-লিপার বেলার তথু মুখ বুজলেই চলবে না, সন্তরমতো জিন্ত কটিতে হবে। বার্ণার্ড শ-এর মতো জিন্ত বার করে জ্যাঙ্চাবার যো নেই। অস্তুত এ দেশে।

মনে-মনে এ-সব নিয়ে অশ্রু অনেক কিছু-ই তর্ক করতে চাইলো, কিছু তর্ক করতে চিন্তার পারম্পর্য রাথার জন্তে যে সবল ও অনন্ত অভিনিবেশ দরকার এ-রক্ষ উচাটন মন নিয়ে তার সাধনা চলে না। অতএব পাশ-বালিশটা বৃক থেকে ছুঁড়ে ফেলে অশ্রু বিছানার উপর উঠে বদলো। এত রাজ্যির চুল নিয়ে ওর আপদ হয়েছে —একটু নাড়াচাড়া করতে গেলেই ঘাডের ওপর দিমে সাপের মতো এঁকে বেঁকে এসে পিঠ বেয়ে কোমরের ওপর ল্টিয়ে পডে বাতে-বারে থোঁপা বাঁধার হাঙ্গাম অনেক,—তব্ ও পিন আটকাবে না। চুল বাঁধতে বাধতে নজরে পডলো - সেল্ফ এর ওপরকার টাইম্পিন্-এ মোটে ছটো বেজেছে। ইচ্ছে হলো ঘডিটা মেঝের ওপর আছড়ে মারে। জানলা দিযে বাইরে তাকাতে মনে হয়েছিলো রোদ খিতিয়ে এ:সছে বৃঝি , এখন ভালো করে ঠাওর করলে আকাশটা তামাটে, থমথমে, ধীরে ধাঁবে মেঘ জমছে। পরনের শাড়িটাকে পরিপাটি করবার চেটা করতে করতে অশ্রু বিছানা থেকে নেমে পডলো। খালি পা, জুইফুলের মতো শাদা, ধবধবে। ন্থখানি বেন রপোর পিল্মুক্তের ওপর সোনার প্রদীপ!

শাড়িটাকে গুছোতে-গুছোতে হঠাৎ অশ্রুর মনে হলো এই বেশেই বেরিয়ে পড়লে কেমন হয়! বিকেল বলে এমেছে বলেই বে কাঁটায় কাঁটায় কথা রাখতে হবে এতটা বিলিতি কায়দা তাকে না মানালে মহাভারত এ ক' ঘণ্টায় অশুদ্ধ হবে না আশা করি। কুঁড়েমি খুব ভালো জিনিস,—অশ্রু কুঁড়েমি খুব পছন্দ করে। মাহ্মর আরেকট্ট কুঁড়ে হতে শিখলে আরো থানিকটা সভ্য হতে পারতো। নিশ্রমই। তর সয় না বলে ছুটতে গিয়ে অকারণে এত সব কাগু করে বসছে যে কোনো দার্শনিকই তার তারিক করতে পারছেন না। একট্ট কুঁড়ে হলে লেখকেরা বই লিখে তক্ষ্নি ছাপতে ছুটতো না. - পরে দেখতে পেতো কলম কি রকম কাঁচিয়েছে। কাঁচির দরকার। বৈজ্ঞানিকেরা আরেকট্ট কুঁড়ে হলে, অকারণ বন্ধপাতির উৎপীড়নে পৃথিবীর যন্ত্রণা এত বাড়াতো না। কবিরা যদি আরেকট্ট কুঁড়ে হতো তবে দেখতে পেতো বিনিয়ে-বিনিয়ে কথায় কাঁছ্নি গাওয়া কোনো ভল্লাকের পোষায় না,—আরাম-কেদারায় গুয়ে একট্ট 'য়াম' খেলে বরং কান্ধ দেবে। নেপোলিয়ান খুব বড় বীর বটে, কিন্তু পৃথিবীতে এন্সাইক্লোপিডিয়া বলে কোনো বই না থাকলে অশ্রু অহ

চেয়ে বরণীয়। কোনো কাজ তক্ষ্নি-তক্ষ্নি করে ফেলাটা নিভাস্ত সহজ্ঞ, একেবারেই সাধারণ; কিন্তু তাকে পিছিয়ে রেখে-রেখে তার জটিলতা বাড়িয়ে তবে তাকে সম্পন্ন করার মধ্যে বেশি বীরত্ব। ঠিক সময়ে স্টেশনে গিয়ে টিকিট কেটে ট্রেনে চাপার মধ্যে গৌরব কিছুই নেই, কিন্তু ট্রেন ছাড়বার সময়টুকু বাড়িতে বসে হাই ত্লে কাটিয়ে দিয়ে পরে হেটে যাবার মধ্যে মূর্যতাই আছে এ-কথা বেনে বা বণিকেরা বলতে পারে—অশ্রুর মত উল্টো। মাহুষের সময় কম—ঘড়ির কাঁটা নাকি অহর্নিশি তাই বলছে, ঘড়ির এই গায়ে-পড়া অভিভাবকত্ব বরদান্ত করবো না; অশ্রু ঘড়ির কাঁটা ভুরিয়ে পাচের কোঠায় প্রমোশন দিলে। এই ওর বিকেল।

অর্থাৎ কুঁড়েমি করা দ্রে থাক্, সময়নিষ্ঠা-পালনের ধৈবঁটুকুও ওর পোষাবে নাণ্ডান। সময় দিয়েছে বলে তার আগে যাওয়া যাবে না এমনিই বা যদি কোনোনিয়ম থাকতো তবে আয়ুর অধিকারী হয়ে এনে এই বিস্তীর্ণ আকাশের নীচে শিশুমুত্যু ঘটতো না। এমন দৃষ্টাস্ত বা কেন ? একটু মাথা ঠাণ্ডা করে ভাবলে অশ্রু এর চেয়েও অনেক থেলো নজির দেখাতে পারবে। কিন্তু না, সত্যি সময় নেই—অশ্রুর বলে আসা উচিত ছিল ছুপুরেই যাবে। বিকেলের চেয়ে ছুপুরটাই বেশি রোমান্টিক—অমাবস্থার নিশীথ রাত্রির চেয়েও। প্রেম-বর্ণনায় একমাত্র কালিদাস ছাড়া আর কোনো কবি ঘাম বা মাছির কথা উল্লেখ করেনি বলেই কেউ তাঁর সমকক হতে পারলো না। রইলো পিছিয়ে। অশ্রু এবার কাব্যরচনায় মনোনিবেশ করবে। লুডোভিচিকে পথে না বসিয়েও ছাড়ছে না। কিন্তু এক্ট্নিই কাগজ পেন্সিল নিয়ে না বসলে রাতারাতি নোবেল প্রাইজ হস্তান্তরিত হচ্ছে না এই যা সান্থনা। ততকলে শাড়িটা বদলে নিলে কাজ দেবে। অশ্রু টাঙ্ক খুললো।

মেঘ করে এসেছে বলেই ওকে ফিকে সবুজ রঙের শাড়ি পরতে হবে এমন কবিজ্ব করবার দিন গেছে। ও সাদাসিধে শাদা শাড়িই পরবে। মেঘ কেটে গিয়ে রাত্রে বে স্তিমিত জ্যোৎস্নাটুকু ফুটবে বা বে ভীক রজনীগন্ধাটুকু ঠোঁট মেলবে তারই আভাস। ওই ভেবেই যদি শাড়িটা গায়ে জড়ায় কবিষটা যে তাতে বেশি সমৃদ্ধ হবে তা নয়, বয়ং উন্টে আরো জলো ও ফিকে হয়ে যাবে। যাক। অঞ্চ আপন মনেই একটু হাসলো। মোট কথা, সম্প্রতি শাড়ির কিছু অভাব হয়েছে। যা একখানা খদ্দর আছে সেটা গায়ে চড়ালে ঢের বেশি ক্যাশানেবল হয় বলে তাতেও ওর আপত্তি। এই বেশ। এতেই ওকে উড়িয়ে নেবে। বাকল-পরার দিন ফিয়ে এলে অঞ্চ আবার এসে ভারতবর্ষেই জন্মগ্রহণ করবে'খন—আজকের দিনে – মোহিনী-মিল্-এর এই শাড়ি ওকে আবৃত করক। মোহিনীর সঙ্গে এতেই ওর মিল হবে।

রূপচর্চায় অশ্রু একজন পুরো আর্টিস্ট এতদিন উদ্দেশ্রহীন হয়েই অঙ্গ-সঞ্জা

করেছে—নিজেকে ভৃতি দেবার জন্তেই। অবিশ্রি অলহারের আড়ম্বরে নয়, একমাত্র লাভি-পরার স্কা স্থাকিতার। কিছু আজকের শাভির আঁচলটা কিছুতেই ব্কের ওপর দিয়ে ঠিকমতো লতিয়ে উঠছে না। কারণ আজকে ও একটি বিশেষ প্রকাকে মৃশ্র করতে চায়,—প্রেমিকের অস্তরে স্বাস্থা ও স্থবমা-সঞ্চার করার পক্ষে নারীসৌন্দর্বের উপকারিতায় ওর অগাধ বিশ্বাস। এ কথা বেশি মনে করেই ওর শাভি পরায় দেরি হচ্ছে। তাই বলে ব্লুর সাহায্য নেওয়া দরকার নেই। ব্লু এ-সব ব্যাপারে অত্যক্ত স্থল, হয়তো পেছনের দিকে কতগুলি কুটি দিয়ে বসবে! মা গো! এর চেয়ে মরে বাওয়া ভালো।

শাড়ি পরা তো হলো—ওমা, বৃষ্টি এসে গেল বে! চড় মেরে ঠাট্টা! অপ্রারকট্ হলে কেঁদে ফেলেছিলো আর কি! বৃষ্টিতে ভিজে অভিসারে বাওয়ার নিয়ম অবিশ্বি আছে—কিন্তু আশ্চর্ব, সেই বৃগে কোনো অহ্বরাগিণীরই পুরুসি হয়নি! তথনকার দিনের বেরসিক কবিদের শাপ দিয়ে রসাতলে পাঠিয়ে অপ্রাঞ্চনায় এসে দাড়ালো। এত জােরে বৃষ্টি না এলে বেন পৃথিবী আর বাস্থ্কির শিরোধার্য খাকতাে না! এই বর্ষায় কত কবির কলমের মর্চেই যেন মুছে বাচ্ছে। বিধাতা যে মঙ্গলময় নয় এর একটা সন্থ প্রমাণ পেয়ে অপ্রাপ্ত বিশাতা বলে কাঁদতে চাইলা। সত্যি, এ সময়টার্টা করুই বা কাটবে ? ঘ্রিয়ে ? কার সঙ্গে ঘ্রিয়ে ? বই পড়ে ? তেমন কোনাে বই পৃথিবীতে লেখা হয়নি। একট্ সেলাই করলে কেমন হয় ? নিজের কপালটা ? একটা চিঠি ? কাকে ? ধ্যকে ?

বিরসম্থে জানলা থেকে ফিরে এসে অশ্রু ঘড়ির কাঁটাকে প্রকৃতিত্ব করলে।

যাই বলো, এখন গেলে হয়তো দেখত প্রভাত ডেক্-চেয়ারে ভরে ঘুম্ছে। তুপুর
বেলার পুরুষের ঘুম ভারি বিশ্রী দেখতে, ভারি বিশ্বাদ! তাছাড়া বৃষ্টি এসে পড়ায়
তুপুরবেলার নিজস্বভাই হারিয়ে গেল— এই নির্জনতার চেয়ে সেই নিজনতা চেয়
বেলি অর্থজ্ঞালক, চের বেলি স্কুলাই ছিলো। বৃষ্টিতে প্রেমালাপ জমে যা ভীক,
অর্থজুট, অনতিব্যক্ত —নিজের দামর্থ্যে ভর দিয়ে দাড়াতে পারে না বলে, চতুর্দিকে
মেঘের রহস্তাবগুর্গন টেনে কোনোরকমে মুখ বাঁচায়,—ঠুন্কো, পল্কা, পান্সে!
রোজনীপ্ত তুপুরের প্রেম ক্রাই, নির্ভাক, প্রথর—প্রতিটি বাক্য তরবারির তড়িৎবিকাশের মতো দৃয়, তেজস্বী, ধারালো। স্বচত্ত্ব ব্যক্ত, প্রচণ্ড কলহাক্ত। উলঙ্গতা
আছে বলেই তার উজ্জ্বলতা। বাইরের আকাশের সঙ্গে সঙ্গতি রাখতে গিয়ে কণ্ঠজুরে
ক্রন্তিমতা আসে না, না বা আচরণে জড়তা। দৃষ্টি সেখানে বাম্পাকুল নয়; কঠিন,
কুষার্ড। দেহে মলার বাজে না, বাজে দীপক! তুপুরের প্রেমে সভীবিরহবাধী শিবের
আশীর্বাদ!

অচিন্ত্য/২/১২

চাদ প্রান ক্ষুব্দু জান্ত্রালের অঞাতে ভিজে ফ্যাকানে, ভ্যাপদা হয়ে গেল। অঞার জুরিবৃদ্ধ প্রশুদ্ধ প্রশুদ্ধ দুরুতি। কথার মূল্য রাথতে গিয়ে বিকেলে বখন ও বাবে তখন দুর্ঘটিক স্কৃত্রের জুদুরু প্রতীতা হয়ে দব একেবারে মাটি করে দেবে। তখন আকাশ স্কানেরে ক্রুভিবৃদ্ধ রুদ্ধের প্রতীত তখন গোধ্লিবেলা। গোধ্লির চেয়ে তুপুরের ধ্লিই ওর বৃত্তি প্রদ্ধের ক্রুভিবৃদ্ধ নুষ্ঠাকে কিছু না পেয়ে অঞা গেল বৃল্ব সঙ্গে আলাপ করে bored হুত্তে,। প্রত্তি বৃদ্ধি প্রকৃত্রে মূল্যালা চা করিয়ে নিলে মন্দ হয় না।

াদিবাদিক প্রক্রেসমধ্যে শাস্ত হলো। থামতে তাকে হতোই। সমস্ত কিছুরই একটা বাভাবিক অবদান আছে--এ একটা বড়োরকমের আশস্তি। নইলে স্বয়ং বিধাতাই ক্রিট্রেলন, ক্লাপিয়ে, ব্লিপ্রিট্রাও একদিন চলতে চলতে থেমে পডবে যাক গে চুল্লোয়, ক্লাম্লুকের বিদ্রুক্তলেই তো তার ধ্মকেতুর সঙ্গে বাছনিবদ্ধ হবাব লগ্ন নয়। সম্প্রক্রেক চুল্ল ক্রেন্দ্রেক্ত্রিক স্ভুট্ঠে পডলো।

দ্যাদ পার্টের, ব্লীকে শুর্তারে পুর্তিছে, ব্লু ওধোলো: সেজে-গুজে কোথায যাচ্ছিদ প্রাচ্চারম্থি ব্লি শ শাস্তাস

हा, ব্লাচ্ছ ন্মীচু,কল্পে,ব্লেথেই অঞ্চ বললে—এই যদি সাজার উদাহরণ হয তবে তোর স্মানিষ্ট্র প্রাণিতামহা ইড়-এর-লক্ষায় জিভ কাটবার আবদরকার হবে না। বাঁচলাম। ক্লিন্ত জুত্বো ক্লোপ্তায় নুক্তিযেছিস, বল্।

िक्कशास्त्र (हांश क्रुड्न, ब्लू हब़ाट्न- वामि कि कानि ?

— অবিশি ইভ বা উর্বশী কারুরই জুতো-পরার অভ্যেস ছিল না, — আমি তো তারেরই রুমুন্মনী। সর্বাহ্বভূক্তি, শাকা ভালো। চাইনে জুতো। তোদের পাউরুটির কুরুর রুমুন্মনী। সর্বাহ্বভূক্তি, শাকা ভালো। চাইনে জুতো। তোদের পাউরুটির কুরুর রুমুন্মনী রাজের প্রাক্তির কুরুর মৃক্তপদে তা ফিরিয়ে নেব দেখিল। বলে অশ্রু ছুলুর প্রেলিনিট্রা রাজের প্রাক্তির কেতে চেডে বসিরে, মাধার কাপডটা তার ওপর স্থাবৃত্তি। করে চাপিরে, বেরিয়ে প্রত্রেলা। সামনের মাঠে— ভিজা নরম সর্জ মাঠে। স্মানি ক্রুলুতা ছুটে এল। অশ্রু পিছন ফিরেও তাকালো না। ক্রুল্বলু ক্রিয়ে স্মান্তের ক্রুলুতা ছুটে এল। অশ্রু পিছন ফিরেও তাকালো না। ক্রুল্বলু ক্রিয়ে সার্বি, মাজিলের ক্রুলুতা হুটে এল। অশ্রু পিছন ফিরেও তাকালো না। ক্রুল্বলু ক্রুলুতা ক্রুলুতা ক্রুলুতা হুটে এল। অশ্রু পাতনীয় লাগছে। রাস্তায় একটা গাল্লের তালার ক্রিয়া, ক্র্রান্তরের, চুমোর মতন নরম লোভনীয় লাগছে। রাস্তায় একটা গাল্লির ক্রুলুতা ক্রিয়ার মালিক ক্রুলুতা ক্রিয়ার পা পাততে হবে ভেবে অশ্রুর মালি ক্রুলুতা ক্রিয়ার ক্রিলা ক্রিয়া থানিক ক্রুলুতা ক্রুলিকা ক্রিয়ার পা পাততে হবে ভেবে অশ্রুর মালিকার ক্রুলুতা ক্রুলুতা ক্রুলুতা ক্রুলুতা ক্রুল্ব জুলুরে তালা তার মানায়, ও রঙের কালো পারিষ্টাত্রের ক্রুলুতা ক্রুলুতা ক্রুলুতা ক্রুলুতা ক্রিয়ান ক্রেরতা পারে। হাওরাতে একটা শিতনীত ক্রুলুতা বিদ্যান ক্রিয়াল ক্রিয়ালের উপর অস্তুত একটা থদরের চাদর জডানো উচিত ছিলো। আলিকন বছকাল স্থায়ী হতে পারে না,—এক ফাঁকে ঠাণ্ডা

লেগে যেতে পারে। সর্দি হলে প্রেম জমানো ভারি কটকর ব্যাপার। বারে বারে হাঁচি এলে কোনো কথারই গান্তীর্য থাকে না। হামলেট যথন ওফিলিয়ার ঘরে এসেছিলো, কিংবা ওথেলো যথন নিস্তিতা ভেদ্ভেমোনার শহ্যাপার্থে, তথন ত্'টি মেয়েই যদি হেঁচে উঠতো ভাহলে ত্' ত্'টো খুন বেঁচে যেতো। বেঁচে যেতো বটে, কিন্তু শেক্সপিয়ার বাঁচতো না। অতএব একটা গাড়ি নেওয়াই যুক্তিসক্ষত হবে।

রাস্তা। গেল মিনিট পাঁচেক কেটে। আকাশের রং বদলাতে শুরু করেছে—
এ রঙ-এর পা-পোষেও অশ্রুর মন উঠবে না। এবারে আবার রৃষ্টি নেমে এলেই
অশ্রুকে বাধ্য হয়ে প্রতীক্ষমানা প্রিয়ার চোথের জলের সঙ্গে তার উপমা দিতে হবে।
না, রৃষ্টি আসবার আগেই বিধাতা বৃদ্ধি করে রাস্তার উপর একখানা ভাঙা গাড়ি
এনে দিলেনা বৃদ্ধি করে, — দয়া করে নয়। কারণ, অশ্রুকে ভিজতে হলে বিধাতারই
হতো মৃশকিল, কেননা অশ্রু ডাক-বাংলোয় না গিয়ে সোজা বাড়ি ফিয়ে যেতো—
একটা ন্তন প্রেমাভিনয় দেখবার আনন্দ থেকে বিধাতা অকারণে বঞ্চিত হতেন। বাঙলাদেশের বিধাতার ভাগা ভালো। গাড়িটা থামিয়ে অশ্রুপা-দানির কাদা থেকে শাড়িটা
বাঁচিয়ে বসে পড়লো। গাড়ি চললো গড়িয়ে—গদাইলম্বরি চালে। গাড়োয়ানকে
তাড়া দেবে ভাবলে, কিন্তু অশ্বিনীকুমার হু'টিকে সায়েন্তা করা স্বয়ং সায়েন্তাখাঁরো
কর্ম নয়। গাধা পিটিয়ে যে ঘোড়া করা যায় অশ্রুর আর সংশয় রইলো না।

ভাক-বাংলোটা তাহলে আছে—উড়ে যায়নি। বিধাতার অমাম্বিকতার তালিকায় এ-ব্যাপারটা আজকের বিকেলের জন্ম অস্তত অস্তর্ভুক্ত হয়নি বলে অপ্রান্থার নিশ্বাস ছাড়তে গিয়ে বাধা পেল। কেননা, নিশ্বাস এত ক্রত হওয়া উচিত —বারান্দায় প্রভাত, সশরীরে—চীনের দেয়ালের মতো। দৃষ্টি গিয়ে ঠেকলো, রইলো আটকে। অপ্রকে গাড়ি থেকে নামতে দেখে প্রভাতই এল ছুটে—দ্রে বল দেখতে পেয়ে গোল-কিপার যেমন ছুটে আসে। বললে,—বিকেল মরে বাসি হয়ে গেল, — এতক্ষণে বুঝি যুম ভাঙলো তোমার ?

আঞা বললে,—গাড়োয়ানটাকে পয়দা দিয়ে বিদেয় কঁর তো আগে—পরে বিকেলের বিকল হওয়ার কাহিনী বলা যাবে।

পকেটে হাত রেখে প্রভাত বললে,—সাড়িটাকে না ছাড়টোই তো ভালি হিটেটা;
ক্ষেত্রামন্ত্র না হী ক্ষাত্র না না না না না না না ক্ষাত্র ক্ষাত্র কিছে।
ভালিক ক্ষাত্র কটু বেইনে বললে তিনার বেমন বৃদ্ধি তি ভৌমার পাত্রি কিছে।
ভালিক ক্ষাত্র কটু বেইনে বললে তামার কির্তি চাঁও তিনি কিছিল কিন্তু ক্ষাত্র কিন্তু কি

গাড়োয়ান বিদায় নিতে প্রভাত বললে,—তোমার বে খালি পা ়

খুকির মতো হাত তুলে আঞা বললে,—তবে কাঁথে তুলে নাও। সামনে একটা থাঁড়ি বা নর্দমা পড়লে আমাকে নিয়ে জগলাস্ ফ্যায়ারব্যাহসের মতো না হয় কসরৎ দেখিয়ো। হাঁটতে আমি খুব পারবো; হাঁটতে আমার ভালো লাগে। এসো শিগ্গির।

রাস্তা বেশ নির্জন, — রৃষ্টি পড়ে আকাশ তাজমহলের মেঝের মতন ঠাণ্ডা হয়ে গেছে—তাজমহল অশ্র কোনোদিন দেখেনি, আকাশকেও ছোঁয়া গেল না—কিছে উপমা তার জন্তে আর অসার্থক হবে না। চোথ দিয়ে ছোঁয়া, চোথ দিয়ে ছবি আঁকা। এই চোথ দিয়ে মৃত্যুর পরে নতুন তারার নতুন গ্রামের ছবি আঁকতেও ওর ভাবতে হয় না। নিশ্চয়। সেই গ্রামের রঙ এখনকার সাতটা রঙের থেকে আলাদা আরেকটা—সেই জীবনের অহভুতি আরো বছবিচিত্র,—মাটির দেহ নিয়ে তার সম্পূর্ণ কয়না করা যায় না। সেথানে আলো নেই, থালি অন্ধকার। ধুসর অম্পষ্টতা। অপরিচয়ের গভার সম্পর্ক। প্রয়োজনের বোঝা Lethe-র পারে ফেলে এসেছে। সেথানে—সেই চিরস্থান্তের দেশে স্থচির-ফর্নতা। অথচ কী আনন্দঘন উজ্জ্বল জীবন! সেই বচনাতীত অহভুতিতে অশ্র উত্তীর্ণ হবে কবে থ

বৃষ্টির পর আকাশকে নীল চোথ ভাবলে দিগস্থরেথাকে মনে হবে ঠিক ভূকর মতো বাঁকা। এক ঝাঁক পাথি বেরিয়ে এসেছে। পাথার অস্ট্র ঝাপটা শোনা গেল। আকাশ খেন শব্দ করে তার আনন্দ জানালো। হাঁটতে হাঁটতে অস বললো— ভূপুরে ঘূমিয়েছিলে?

প্রভাত রেইন-কোটটা ভান কাঁধের ওপর গুছিয়ে রাখতে রাখতে বললো—তুমি আস-আস করে ঘূমুনো আর হয়ে ওঠেনি। বাদলা-হাওয়া লেগে মন ভিজে ঘদি সেন্টিমেন্টাল হয়ে ওঠে তাহলে তোমার হাঁচি পাবে না আশা করি। কদিন পর দেখা হলো বল তো—অধচ মনে হয় যেন 'সেদিন সকাল'।

আশ্রু নীরব হয়ে রইলো। প্রভাত বলে চললো: যেদিন পিওন ভোমার চিঠি দিয়ে গেল সেদিন ক্যালেণ্ডারে কোন তারিথ ছিলো জানি না, কিন্তু মনে হয়েছিলো সেদিনই আমার জন্মদিন। কেন আবার হঠাৎ ডাকলে বল তো ?

আঞা বললে— এই জন্মেই সন্ধেবেলাটা আমি পছন্দ করি না,— নিজের মনের চেহারার ভালো করে ঠাহর হয় না। সব ঝাপসা হয়ে আসে। তুপুরেই সেইজন্মে আসতে চেয়েছিলাম। বেশ একটা সহজ্ব স্পষ্টতা থাকে। কেন আবার ভাকবো? খুশি!

প্রভাত। তিন বছর পরে আবার মনে করলে— এর কি কোনো কারণ নেই ?

আঞা। তিন বছর পরে আমার দাঁতে বাধা হয়েছে -এরো কি কোনো বিশেষ কারণ আছে ? তোমাকে ভীষণ করে মন চাইলো—দেখি ভোমাকে পাওয়া ষায় কিনা। দেখলাম তুমি তেমনি অপরূপ।

প্রভাত। চলো, নদীর ধারেই যাই।

অঞা। বেশি নির্জনতা আমার পছন্দ হয় না, আমি হাঁপিয়ে উঠি। সেই জন্মেই কলকাতায় বাবো--- কালই। তোমার সঙ্গে।

প্রভাত। কলকাতায় কেন ?

আঞা। সব কেন-র উত্তর দিতে গেলে কোটি কোটি কেনোপনিবদেও কুলুবে না। তোষার নাম প্রভাত কেন ?

প্রভাত। কলকাতায় তো একলাই বেতে পারতে, আমাকে এতটা দৌড়িয়ে এনে কী লাভ হলো ?

আশ্রা সব কাজই একলা করতে হবে বিধাতা মেয়েমামুখকে এমন দিব্যি দিয়ে দেননি। কলকাতায় যাবো কারণ জলপাইগুড়িতে আর জল নেই; তোমার সঙ্গে যাবো কারণ তোমার সঙ্গে এক গাড়িতে ট্র্যাভেল করতে আমার ভালো লাগবে। খুব।

প্রভাত। আমার তো না-ও লাগতে পারে।

অশ্র । বলো কি, এ আমি বিশাসই করবো না । আমি এখনো বুড়ি হইনি । প্রভাত । হওনি নাকি ?

আঞা। যাক, দরকারি কথাগুলি সেরে নি। আপাতত কলকাতার গিয়ে আমাকে এক হোটেলে উঠতে হবে—বাড়ির দরজা তেমনি বন্ধ। দরজার গোড়ায় বসে ধরা দেবো আমি তেমন ধার্মিকও নই, দরজা যে ভেদ করবো তেমন ধরুর্ধরও নই। অতএব—

প্রভাত। হোটেলে?

অঞা। হাা, আকাশ থেকে পড়লে বে! গ্রাও হোটেলেই উঠতাম, কিছ নেকায় থরচ। ত্' একদিন হলে খুব চাল করে থাকা থেতো – কোনো সাহেবের সঙ্গে বন্ধুতা করবার ফ্যোগো মিলে থেতো হয়তো, কিছু প্রায় এক হপ্তার ওপর কলকাতায়ই জিরোতে হবে। অতএব—হাা, অতএব ক্যালকাটা-হোটেলেই ব্র নেবো।

প্রভাত। তোমার স্কিম তো খুব ইনটারেন্টিং। তারপর ? আমি থাকবো কোথায় ?

অঞা। দেখা করতে আসতে পারো দিনের বেলায় – রাত্রে বাইরের লোককে

ম্যানেজার নিশ্চয়ই allow করবেন না। আমারো ঘুমানো চাই তো। বিকেলে আসবে—অনেক জিনিস-পত্ত কেনার দরকার—কুকার, হোল্ডঅল—

প্রভাত। সেফ্টিপিন; হেয়ারক্লিপ —

অঞ্চ। কেন য্যাদিন কলকাতায় থাকবো তা আন্দান্ধ করতে পেরেছো?

প্রভাত। কি করে পারবো ? সাত দিন থেকে কলকাতাকে কেন সপ্তম স্বর্গ করে তুলবে তা তোমার বিধাতাই জানেন। মিস্ মেয়ো বোধ হয় য়্যাদ্দিনও ছিলো না।

অঞা। বোকার মতো ধা-তা বোলো না। থাকব মানে থাকতে হবে।

প্রভাত। নিশ্চয় ! বোকার মতো মানে মূর্থের মতো।

অঞা। কেননা কলকাতাতে নেমেই তুমি হাওড়া গিয়ে কোনো গাড়িতেই বার্থ রিজার্ভড পাবে না। পুজোর আগে কি রকম ভিড় হয়েছে আইডিয়া আছে তোমার পূ

প্রভাত। পাঁজির পাতায় কথন পূজো আসে তারই আইডিয়া নেই—

অঞা। অতএব---

প্রভাত। অতএব-

আঞা। অতএব বার্থ পাবার জন্ম অপেক্ষা করতে হবে। সাত দিন আগে টিকিট পাওয়া যাবে— দেখা যাক, অস্তত শেয়ালদা-দিল্লি প্যাসেঞ্চারে পাশাপাশি চুটো বেঞি পাওয়া যায় কি না। একেবারে পাটনায়--

প্রভাত। বলিহারি ! আমি ভাবছিলাম ধে-রকম কথার কদম ছুটিয়েছ, বৃঝি ফংচু হয়ে কাম্স্কাট্কা যাচছ ! পাটনা ? আমাদের বভিবাটি কি দোষ করলো ?

অশ্র তোমার মাথায় যে গোবর তা এতক্ষণে বুঝতে পারলাম। যুক্তিটা শোনো --

প্রভাত। পাটনা যাবার পক্ষে আবার যুক্তি আছে নাকি ?

অশ্র । প্রতি একশো মাইল অস্তর একদিন করে ব্রেক-জার্নি পাওয়া যায়—দে জ্ঞান তোমার আছে ? আমাদের টিকিট তো লাহোরের - এগারো শ নিরানকাই মাইল। ই, আই, আর-এর' টাইম্-টেব্ল আমার মৃথস্থ। প্রথমেই নামবো পাটনায়।

প্রভাত। তবু তোমার পাটোয়ারি বৃদ্ধিকে তারিফ করতে পারছি না, অঞ্চ। পাটনায় নামবে হাইকোর্ট দেখতে ? একা চড়ে যাবে দেখতে তুমি ?

আঞা। পাটনায় নেমে যে নালন্দায় যাওয়া যায় পুরোনো পাটলীপুত্তে— ইতিহাস তো পোকায় কেটেছে। তাছাড়া, নেথানে আমার একটি বন্ধু আছে।

প্রভাত। আশা করি পুরুষ।

জ্ঞানি ক্রাম্থ কালো কোরো না। সমান sex-এ স্ভিত্তারের বৃদ্ধুছ হয়না। প্রভাত। বুঝলাম। তারপর ? পাটনা থেকে কোথার ? বক্সান্থ ক্ট্রাচ। শুল অক্স। সে বুঝি এক শো মাইল পেরিরে ? প্রভাত। আমি তো আর টাইম্-টেব্ল ম্থত্থ করিনি। তা নাই। ক্লান্ত অক্স। তারপর সটান এলাহাবাদ!
ক্স: তালাম্ব প্রভাত। আঃ, একটা জায়গার নাম করলে বটে।

আই। তার মানে ? পাটনার থেকে এলাহাবাদে এমন কি ত্রেদি ভ্রেক্স্মুস্ত একেবারে গদ্গদ হয়ে উঠলে যে— দ হর্ত্যক:কটাীাদ

প্রভাত। দেখানে হাইকোর্ট তো আছেই, যমুনাও আছে। চ। তাভছে আঞা। কেন, পাটনায় বুঝি গঙ্গা নেই ?

প্রভাত। কোথায় গঙ্গা, কোথায় যমুনা ! এসে মিললো এলাছাহাকে । জিলাকা গঙ্গাও আছে । জী শ্লীগোচাত

অঞা। লোহার শিকলে যমুনা তো সেখানে বন্দী। তাভাই

প্রভাত। তবু তার সঙ্গে গঙ্গার তুলনা হয় না। যমূনা গঙ্গার মতো ক্ষেষী নর, শিবের জটার তার জন্ম নয়; সে নিতান্ত নিরাভরণা, শীর্ণকায়া, বির্ফ্ট্রাইক্টিণ। ভারি লক্ষ্মী নদীটি। তুংখিনী। পূর্ববঙ্গে এমনি একটি নদী ্ছে, ভারি নাম শীতলকক্ষা।

আঞা। তুমি যদি যমুনা নিয়ে আমন কবিত্ব করো তাহলে এলাহাবাদ ।বাঁজীয়া বন্ধ করে দেব। ইচ্চাপ ১৫.

প্রভাত। কিন্তু আর কোথায় বাবে? পশ্চিমে বতই এগোও ব্যূন্টিই তুমি ছাড়তে পারবে না। অতীত রাতের একটি বিষয় স্বৃতির মতো তোমার মঁট্রা<sup>শ্</sup>লৈণি থাকবে। বেশ, এলাহাবাদ থেকে?

অশ্র । পরে বিবেচনা করা যাবে। এখন এসো ফেরা যাক।
ভাতের হাত নিজের হাতে টেনে নিল অশ্র।
ু

1 525

অশ্বকার হয়ে এসেছে,— মেঘের আড়াল থেকে চাঁদ মুখ বাড়িয়েছে দেশের্ক্স-জনের মুখ খুশি হয়ে উঠলো। অশ্র বললে – খানিকটা ডান-হাতি গেলেই আমানের হস্টেল,আমাকে পৌছে দিয়ে ফিরে বেতে পারবে তো? দিব্যি ফুটফুটে জ্যোৎস্না উঠেছে। প্রভাত রেইন-কোটটা অন্ত কাঁথের ওপর তুলে নিতে-নিতে বললে—এত্যক্ষিতা

জ্যোৎস্নার উপকারিতার একটা উদাহরণ পাওয়া গেল। নইলে এতদিন জেরৎস্নায় বরাবর কবিদের পেট কেঁপেছে। আটা। বাজে কথা বলো না। বেডে পারবে তো একা ? প্রভাত। না-হয় একটা গাড়ি ডেকে নেবো। আটা। হাা, তাই নিয়ো। গাড়ি তোমার জন্ম গড়াগড়ি যাছে কি না! প্রভাত। কেন, তোমার হস্টেলে একটু জায়গা হয় না?

আঞা। হয় ! এই বে একসঙ্গে একটু হাঁটলাম তাতেই বাঙলা দেশে এতক্ষণে হয়তো ভূমিকস্প হচ্ছে। হয়তো দেখতে পাবো কালকেই খান তিনেক ট্রান্সকার সাটিফিকেটের দরখান্ত পড়েছে।

প্রভাত। কারণ ?

অশ্র । কারণ আমার গায়ে সীতা-সাবিত্রীর পালিশ নেই । সীতা তবু রামায়ণে ( বাক্সীকির রামায়ণে ) পাতালে প্রবেশ করবার আগে রামকে যাচ্ছেতাই করে গালাগালি দিয়েছিলো, আমার সে-গালাগালি দেবারো অধিকার নেই ।

প্রভাত। দীতা আবার রামকে বকলো কখন ?

আঞা। শুধু বকা, জন্তর মতো মা-বাপ তুলে। সংস্কৃত জানো তো মূল বাল্মীকি পড়ে দেখো।

্প্রভাত। আমার পড়ে কাজ নেই। বান্মীকির চেয়ে বাঙালির রামায়ণ চের ভালো।

আঞা। মিথ্যে বানানো বলে—কিন্তু এর বেশি আর পা বাড়িয়ে কাজ নেই। এর পরেই ত্বল-কম্পাউত, যদি ওথানে এসে পড় তাহলে ইম্পুল হয়তো উঠে যাবে।

প্রভাত। বলো কি ? সত্যি, স্বামি কিন্তু এত সহচ্চে ছুল উঠে যাওয়ার খ্ব পক্ষপাতী।

আঞা। আর পক্ষ পেতে লাভ নেই। আমি চললুম। ছুটো মূথে গুজেই দেব লখা খুম। তারি ঠাণ্ডা মিষ্টি রাত।

প্রভাত। বটে ! আর আমি এমনি দাঁড়িয়ে থাকবো ?

অঞা। দাঁড়িয়ে থাকবে কেন, ডাক-বাংলায় ফিরে যাবে। একা যাবার অভ্যাস কর। (গন্তীর) একাই ষেতে হবে। আর মায়া বাড়িয়ে কান্ধ কি। তবে ঐ কথা রইলো, কালই কলকাতা যাচ্ছি। ঠিক থেকো। আমি জিনিসপত্র নিয়ে হুড়ম্ড় করে গিয়ে পড়বো কিছা।

প্রভাত। তা তো পড়বে, কিন্তু কখনো কথা হয়নি ! তোমার একার কথাতে চললে এই ইন্মুলো চলতো।

আঞা। (ভেতরে যাবার জন্ত পা বাড়িরেছে) ইছুল না চললেও দার্জিলিঙ্-মেশ্ চলবে। এখন যাও, মেয়ে-ইছুলের দিকে হাঁ করে চেয়ে থাকা ভন্ততা নয়। প্রভাত। আর মেয়ে-স্কুলের কম্পাউণ্ডের কাছে ছেড়ে দিয়ে বাওরাটাই বেন ভক্ততা। এ-সবো কি বাল্মীকির রামায়ণ থেকে শেখা নাকি ?

আই । তোমার সঙ্গে বকর-বকর করতে পারি না। কাল—কাল আবার দেখা হবে। বলে অই ভেডরে চুকলো।

কিন্তু এ-সব ক্ষেত্রে পেছন ফিরে তাকাবার সনাতন একটা রীতি আছে অঞ্চ তার লোভ সম্বরণ করতে পারবে কেন ? ব্যাপারটা ওর ভালো লাগলো না। চেয়ে দেখলো প্রভাত পকেট থেকে ক্ষমাল বার করে নেড়ে-নেড়ে ওকে ভাকছে। এ বে দেখছি ভারি সেকেলে, অঞ্চ থাপ্পা হয়ে ফিরে এল।

আই। এখনো দাঁড়িয়ে আছ বে ?

প্রভাত। তোমার ধাবার পরমূহুর্তেই ধদি চলে ধাই তবে ছবিটায় সামঞ্জ্য থাকে না। যেখানে র্যালেন্স নেই সেখানে সৌন্দর্বও সেই। দৃষ্ঠটায় কি রকম ধেন একটা ফাঁক থেকে যাচ্ছিল। হতে গল্সোয়ার্দি কিংবা ওনিল্, ব্ঝতে সমস্ত দৃষ্ঠটা কেমন নড়বড়ে বেথাপ্লা, বেজুত, ঠেকছে।

আই । আমি তো ভাবছিলাম, বাড়ি ফিরে তবে কবিত্ব করবো। তুমি যে একবারে লোক হাসালে। একেবারে ক্রমাল তুলে ডাকাডাকি। একবার একটা এক্সিন বাঁচাবার জন্যে একটি মেয়ে রেললাইনে দাঁড়িয়ে ক্রমাল তুলেছিলো জানি। তোমার মতো বিপদ বাড়াতে নয়। যদি কেউ দেখে ফেলতো ?

প্রভাত। তবু তোমার 'দেখে-ফেলার' ভয় গোল না। যতই তড়পাও, লোক-নিন্দার হক্ষাহয়া ওনে তুমিও ল্যাঞ্চ গুটোও। দেখতো তো বয়ে যেতো। ক্ষমালে কি আছে, তা তো আর দেখতে পেতো না।

অঞা। কমালে কি আছে ? দেখি ? সেই জন্তে ডাকলে ?

প্রভাত। ডাকবার একটা কারণ দেখাতে হলে ক্লমালের রহস্ত আমি দেখাবো না।

षा । मा, मा ; तिथि।

প্রভাত। ( ক্রমানটা হাতের মুঠোর মধ্যে চেপে ধরে ) চোথ বোজ।

অঅশ্র । বা:, চোথ বুজে কথন আবার কে দেখতে পেয়েছে !

প্রভাত। সত্যিকারের সব দেখা চোখ বুজেই ঘটেছে, অঞা। চোখ বোজ।

আ
। ( চোথ বুজে ) আমি বোকার মতো চোথ বুজলাম। দেখাও দেখি—

প্রভাত। আর আমি বৃদ্ধিমানের মতো---

আল্লা হেনে বললে তমি তো ভীবণ villain। আচ্ছা, যদি কেউ দেখে একেলতো! প্রভাত। তুমি তো আর দেখতে পেতে না।

অঞা। এবারে তোমার দৃষ্ঠ তার পূর্ণ নাটকীয়তা লাভ করেছে ?

প্রভাত। করেছে, কিন্তু ভোমাকে কি রকম ঠকালাম বলো ভো! অন্ধকারে চোথ বৃদ্ধে রুমাল দেখা! চলো হস্টেলে, এই গল্প স্বাইকে বলে আসি।

षक्ष । नवारे थायक त्रत्व ।

প্রভাত। এ কী রকম হলো জানো? একবার এক মান্ত্রাজি ভদ্রলোক ভিক্টোরিরা মেমোরিয়াল্ হল্-এ নিবিষ্টমনে ছবি দেখছেন - যতই দেখেন ততই আবিষ্ট হন। এমন সময় পেছন থেকে একটি মারহাটি ভদ্রলোক বললেন: এক চোখ বুজে তাকান, ছবিটা খুলবে। মান্ত্রাজি ভদ্রলোক এক চোখ বুজবার কসরৎ করতে গিয়ে ক্ষণকালের জন্মে তু'চোখই বুজে ফেললেন, আর সেই ফাঁকে তাঁর পকেট থেকে মনিব্যাগটি অদৃশ্র হয়ে গেল। তাঁর সর্বস্থ ! তেমনি—

অঞা । তেমনি কি ? একটাচু মৃতেই আমার সর্বস্ব লুট হয়ে যায় না বোকারাম— বলেই ফের পা বাড়ালো।

প্রভাত। ( বাধা দিয়ে ) যাচ্ছই তো, তোমার একখানা হাত দাও। দেখি তুমি নার্ভাস হয়েছো কি না। ফ্লাক্রাস্ত কীট্সের হাত ধরে কোল্রিজ নাকি মৃত্যুকে স্পর্শ করতে পেরেছিলো।

অশ্র । এবার মৃথ ফুটে চাইতে পারছো ! হাত তো একবার দিয়েছি ।

প্রভাত। সে চলবার হাত, বলবার হাত নয়। এবার বলবার হাত দাও। হাত চাওয়া ষায়, কিন্তু চুমু চাওয়া যায় না। কিন্তু চাইলেই কি পাওয়া য়য় ? কখনো কখনো ছিনিয়েই নিতে হয়। প্রথম চুমুমাত্রেই ভাক, সাবানের বুদবুদের মতো। প্রস্ফুটিত হতে না হতেই য়য় শুকিয়ে। আমার কি, স্বয়ং কছল্ফ ভ্যালেন্টিনেরো। প্রথম চুমুতে চোথ চেয়ে থাকলে কেন জানি বাধে যেমন প্রথম কবিতার ছল্ফে বাধে।

অশ্র । এখন তো দেখর্ছি কিছুতেই বাধছে না। তুমি যাবে না ? প্রভাত। যাচ্ছি। এক কান্ধ কর - হাাঁ, আমি যাচ্ছি; তুমি বরং আমার যাবার

পথে একদৃষ্টে চেয়ে থাকো।

অঞা। হেনে ) তাই সই।

প্রভাত। (পেছন ফিরে) দরকার হলে রুমালের বদলে আঁচল উড়োতে পারো। অন্ধকার রাস্তায় প্রভাত ধীরে ধীরে অদৃশ্য হয়ে গেল। অশ্রু তথনো একটি-চিত্রলেখার মতো দাঁড়িয়ে। ভাক-বাংলোয় ফিরে এসে প্রভাত বেয়ারাকে ভেকে তাড়াতাড়ি রাত্রির থাওয়া সেরে নিলো। একে আর রাত বলে না, — কলকাতায় তো এখন সবে সন্ধা — কিছ এরি মধ্যে এদেশের ঘুম এসেছে। প্রভাত বারান্দায় ভেক-চেয়ারটা টেনে আনলো। কিছ চুপ করে বলে থাকা সম্ভব হলো না। পাইচারি করে সমস্ত শরীরটাকে চঞ্চল, অছির, বেগময় করে রাখতে চায়। আলস্য আজ ওকে ভৃপ্তি দেবে না। এই উচ্ছলতা কমে এসে যখন মাত্র উফ্চতায় পর্যবসিত হবে তখনই কবিতা লেখা সন্তব। ওয়ার্ড-সোয়ার্থের কবিতার এই সংজ্ঞায় সে বিশ্বাস করে। মক্তৃমি-সম্বন্ধে সত্যিকারের কবিতা লিখতে হলে ইন্ধি-চেয়ার আর ইলেকট্রিক পাথা চাই। প্রেমিকার অন্তর্ধান না ঘটলে প্রেমের কবিতায় প্রাণ আসে না।

যাক কবিতা, কাব্যের চেয়ে মাতুষ বড়ো। লক্ষ এপিকে একটা মাতুষের সতা চরিত্র বর্ণনা চলে না — সে এত বিচিত্র, এত বছল-প্রকাশময়! কাল প্রভাত ছিল সামান্ত কেরানী, পাঁচ আঙুলের একটা আঙুল,— অজ্ঞাত, অবজ্ঞাত, —নেহাৎই সাধারণ ! ওর অস্তিত্ব সম্বন্ধে উদাসীন না থাকবার কোনো কারণই কাল ছিল না। বিকেল পাঁচটায় ভ্যালহোসি স্বোয়ারের চার ধারে কেরানীর যে বিপুল ঢল নামে তারই অন্তরালে আত্মগোপন করে ছিলো,—ওকে দেখান থেকে অপকত করে নিলেও সে মিছিলের তাল কাটতো না। ও এত অপ্রয়োজনীয়। ভগবানকে ও এইজন্তেই কোনোদিন ডাকেনি যে, ভগবান বলে কেউ থাকলেও ওর কথা নিশ্চয়ই আর কানে তুলবেন না। এত তুচ্ছ লোকের এত অকিঞ্চিৎকর প্রার্থনা শোনবার জন্মে তাঁকেও কান থাড়া করে রাথতে হবে – ভগবানকে এত ছোট বলে কল্পনা করতে ওর বাধতো। দেই প্রভাত আজ কয়েক ঘণ্টায় যেন থোলদ বদলে ফেলেছে। পৃথিবীর মাথার উপরে যে এত বড়ো একটা আকাশ আছে সে-কথা আজকে রাতে হঠাৎ আবিষ্কার করে ওর তৃপ্তির যেন আর শেষ রইলো না। সব চেয়ে আশ্চর্য, সেই আকাশের মুকুরে প্রভাত নিজের মুথের ছায়া দেথছে—এবং ওর মুথ যে কত স্থন্দর তা ও এই প্রথম টের পেলো। ওর নার্সিসাস্-এর কথা মনে পড়ে। নার্সিসাস্ ঝর্ণার পাশে **দাঁ**ড়িয়ে নিচ্ছের ছায়া দেখে মুগ্ধ হয়ে গিয়েছিলো—নিচ্ছেরই সঙ্গে সে প্রেমে পড়লো, নিজেরই বিরহে কাঁদলো, নিজেকেই পাবে না ভেবে অসীম বেদনায় আত্ম-হত্যা করলো। সে কী অপূর্ব মৃত্যু ! নার্দিদাস্ ফুল হয়ে জেগে উঠলো ঝর্ণার উপর !

প্রভাত ভাবলো আমরা প্রিয়াকে ভালোবাদি না, ভালোবাদি আমরা আপন আত্মাকে—যে-আত্মা নারীকে প্রিয়া করে দেখেছে। তাই দে আমাদের দব চেয়ে বড়ো বন্ধু, যার মধ্যে নিজেকেই বেশি করে দেখতে পাই। যে-প্রতিভায় আমরা প্রস্তরের বেদীতে দেবীর মৃতি প্রতিষ্ঠা করি তার জন্তে আমাদের অহঙারের অস্তঃ

কৈ ? প্রেমে আমাদের আন৵ যতো, অহঙ্কার তার চেয়ে ঢের বেশি। এই অহঙ্কারে বিধাতাও আমাদের সমকক নন। তাই প্রেম যথন মরে, বেদনার চেয়ে অপমান এই জাল্পেই বেশি লাগে যে, অহঙ্কার যায় ধূলিসাৎ হয়ে। অহঙ্কার যাওয়া মানে নিজের কাছে ব্যক্তিত্ব হারানো। নিজের কাছে লঙ্কাই সব চেয়ে বড়ো লঙ্কা।

নইলে অশ্র তো এখানে গোণ, ও যে কেরানী ছাড়া আর কিছু, ওরো যে এত বড়ো বায়ুমণ্ডলে নিশ্বাস ফেলবার অধিকার আছে, আকাশের আশ্বাদ নেবার —তা ওকে বোঝালো ওর গ্রুজাগ্রত বৃদ্ধি, নব-উল্লেষিত প্রতিভা! যেখানে হৃদয় জাগে, বৃদ্ধি থাকে খুমিয়ে, সেখানে প্রেমের স্বভাব হয় ছিঁচকাঁছনে সাঁতসেঁতে— আর যেখানে হৃদয় নেই, থালি বৃদ্ধি, সেখানে প্রেম অর্থ সকালে উঠে গরম হুধ থাওয়া ও কাণ্ট-এর Critique of Pure Reason পড়া! কিছু বৃদ্ধির সঙ্গে হৃদয় মেশাতে হবে! তাহলে ছটো প্রেমপত্র লিথে ছ'রাত পাশাপাশি ওয়ে ছটো হাই তুলে পুরাম-নরক থেকে রক্ষা পেয়ে কায়ক্রেশে বাকি জীবনটা কাটিয়ে দেওয়া বাবে যা

ভাবতে বদলে মন বে বাঁধা দড়ক দিয়ে না চলে অলি-গলিতে গড়িয়ে পড়ে এর জন্তে প্রভাত মনকে শাসন করে মোড় ফেরালো। এমন সময় ও কোনোদিন সংসারের ভাবনা না ভেবে বারান্দায় বসে জ্যোতির্বিভা আলোচনা করবে এ-কথা ওর জন্মাবার ছ'দিনের দিন মা'র আঁতুড় ঘরে ঢুকে ওর ভাগ্যবিধাতা নিশ্চয়ই ওর কপালে লিথে রেখে যাননি। ও যেন ফের নতুন মুখোশ পরে অশ্রুর কাছে আবিভূতি হলো—তার মানে ও ওর দিতীয় চরিত্রাভিব্যক্তি আবিদ্ধার করেছে। ব্রাউনিঙ মনে পড়ে:

"God be thanked, the meanest of His creatures Boasts two soul-sides, one to face the world with, One to show a woman when he loves her."

কণাটা সত্যি, কবিতায়ো শোনায় ভালো; কিন্তু ষে-মৃথ করে আমরা এই
নিরাপদ রক্ষ সংসারের বিরুদ্ধে দাঁড়িয়ে যুদ্ধ করি, প্রেয়সীর কাছে সে-মৃথ তুলে
ধরতে পারবো না কেন, লজা কিসের ? প্রেয়সীর কাছে দাঁড়াতে হলেই সে-মৃথে
মেকি পাউভার ঘষতে হবে—এই কয়না-বিলাসের তাৎপর্য কোথায় ? প্রেয়সীও
আসবার সময় তাঁর আটপোরে আধ-ময়লা শাড়িখানি ছেড়ে জরির চুম্কি দেওয়া
বেনারসি পরে এসে একেবারে নক্ষত্রমন্তিত অমাবস্যা-রাত্রির উপমেয়া হয়ে উঠবেন—
এরি বা কাব্যগত প্রয়োজনীয়তা কিসে ? প্রভাত কেরানী, ক্ষুত্রবর্থপী ৄত, লোভী,
সংকীর্ণচিত্ত—এ-সব পরিচয় একদম লুকিয়ে লেকাফাত্রতা হয়ে অঞ্র কাছে এসে

**(१४) (१८८—উ**मार, महाञ्च्य, हेजामि—! किन? क्या करवाद रामासा यमि अङ লুকোচুরি—বেখানে অজম আত্মপ্রকাশের তাগিদ—তবে প্রেম করার চেয়ে ত্ব'ছিলিম তামাক থাওয়ায় বেশি লাভ। এমনি করে পোষাকি কাপড়-চোপড় পরে পরস্পরকে দেখা দিতো বলেই ওথেলো আর ডেস্ডেমোনার মধ্যে এমন প্রকাণ্ড ফাঁক রয়ে গেল। ভেদ্ভেমোনা ভালবেদেছিলো যোদ্ধা ওথেলোকে, ঘরোয়া ওথেলোকে নয়,—ফলে তার বুক পেতে ছুরি খেতে হলো। প্রেয়নীর কাছে মুদ্রাদোষ দেখানো · निरंदेश चाहि - এই निरंत्र वाणि-वाणि वहें लिशा शला - किन वाश्व, मूजारमांव निहें অথচ মাতুষ-এমন অমাতুষ আছে ক'টি ? সব সময়ে নিজের সঙ্গে বঞ্চনা করে একটা ক্বজিম উজ্জ্বলতার মুখোশ পরে নিজের মহিমা বাড়াতে হবে - এই আত্ম-অপমান প্রত্যেক প্রেমিক কি করে সহু করেন ? পাছে ব্যক্তির স্বরূপ জানলে প্রেয়সী নাকের ওপর কাপড় টেনে যান পিছিয়ে ! যেখানে এত ভয় এত সন্দেহ সেখানে প্রেমের ফাঁসি হওয়াই তো উচিত একশোবার। ষাকে জানতে চাইবো তাকে জানাবো না— এ অসামঞ্চস্যের কথা প্রেমের বেলায় ওঠে কেন ? তাই প্রতিমূহুর্তে প্রেমিক-প্রেমিকারা পরস্পরকে ঠকাচ্ছে। এবং সেই কারণেই "love-marriage" আর টিকছে না, উঠছে হাঁপিয়ে, পদে পদে অমিল, – পোষাকি কাপড়-চোপড় উইয়ে क्टिंग्ह । कीर्ग तमत्नद्र जना त्थरक मादिखा পড़्ह द्विदार्थ ।

প্রভাত কথাগুলো নিয়ে মনের মধ্যে এমন ভাবে নাড়াচাড়া করছে যেন অঞ্চ পর দেহের কূলে এসে একদিন উত্তীর্ণ হবেই। এমনি একটি বিশ্রী আশা করাও প্রেমের ব্যাপারে স্বাভাবিক; প্রেমও তার একটা নিশ্চিম্ব সহজ্ঞ পরিণতি থোঁজে, হয় বিরহে বিশ্বতি, নয় বিবাহে বৈক্লব্য! প্রভাত ক্ষণবদ্ধুতার উপযুক্ত দাম দিতে জানে, তাকে আটকে রাথবার জন্মে তার গলায় দড়ি চাপিয়ে তার নিশাস বন্ধ করে দিতে হবে এই বর্বরতা দে পছন্দ করে না। সে Moment Musical-এর ভক্ত।

তার কারণ প্রত্যেক ভালোবাসাই গভীর বন্ধৃতায় দৃদ্দীভূত হয়ে ত্ই দেহ আর ত্ই আত্মার ব্যবধান ঘোচাবে— মেয়েদের এমন প্রেমে প্রভাত বিশ্বাসবান নয়। এ-কথা টের পেলে অশ্রু নিশ্চয়ই কোমরে কাপড় বেঁধে একেবারে মারম্থো হয়ে উঠতো,—এমন সব তর্ক করতো হয়তো যার যথার্থ্য প্রমাণ করতে প্রভাতকে এনসাইক্লোপিভিয়া প্রাস করতে হতো। কথাটা ওর তর্কের দিক দিয়ে ওঠেনি, অয়ভূতির দিক থেকে উঠেছে—তর্ক অবশ্র ও-ও করতে পারে না এমন নয়। মেয়েমাছ্বের সঙ্গে তর্ক করায় এই অস্থবিধে যে, সব কথা বলা বায় না, দাঁতের ফাঁক দিয়ে কথা বেরুবার আগে জিভ কাটতে হয়—মেয়েরা সব ঠুন্কো পুতুল, গায়ে

আঁচড় লাগবে। পাঞ্চা করতে হলে সমতল জারগায় দাঁড়ানো উচিত। সম্ভ্রমের সিংহাসনে বসিয়ে মেয়েদের সঙ্গে প্রেম করা চলতে পারে, তর্ক করা নয়। তাঁদের দয়া করে নেয়ে আসতে হবে।

মেয়েদের প্রেম সম্ভতির জন্তে, ব্যক্তির জন্তে নয়। মেয়েরা ভালোবাসে স্বামীনামক একটা গুণবাচক বিশেষণকে, কোন বস্ক্ত-বিশেষকে নয়। তাই স্বামী যথন ময়ে তথন স্বী কাঁদে বিধবা হলো বলে, অনেক অস্থবিধায় এবারে তাকে পড়তে হবে বলে। মেয়ে হয়েছে প্রতিমা, পুরুষ হয়েছে প্রতীক। এই হয়ে মিলে আমাদের প্রেম। শিশুকাল থেকে শিব গড়ে স্বামীর পূজাে করে যে-ভাবটি মেয়েরা মনে মনে লালন করে যৌবনােদাম হতেই সে-ভাবটি যে-কেউর প্রতি আরােপিত করে মেয়ে হয় পতিব্রতা। সে-সােভাগা তােমারাে জুটতাে, আমারাে জুটতাে, ও-পাড়ার পঞ্চাননাে অযােগা হতাে না।

বিশেষ করে বাঙালী মেয়েদের দোষ দেওয়ায় বাহাছরি নেই —বিশেষ অঞ্চর অমুপস্থিতিতে। বায়রন যে বায়রন সেও পর্যন্ত ভার Sardanapalus-এ মেয়েদের প্রশংসায় পঞ্চমুথ হয়ে উঠেছে। বায়রনকে ক্ষমা করা ষেতে পারে কেননা, ভাব-প্রকাশের বিচিত্রভাই কবি-প্রতিভার বিশেষত্ব। নায়ীর যা মূল্য তা কী সে স্পষ্ট করে তার মধ্যে নয়, কী সে সয়্থ করে তার মধ্যে। সয়্থ করাটা ভীকর ধর্ম। সয়্থ তাকেই করতে হয় প্রকৃতি য়াকে বেঁধেছে; তাই সেটা তার কৃতিত্ব নয়। খুব তীত্র বেদনা বা আনন্দ অমুভব করবার তার ক্ষমতা নেই এবং সেই জল্পেই সে তেমন সাহিত্য স্বষ্টি করতে পারেনি য়া অমরত্ব লাভ করতে পেরেছে। অমরত্ব লাভ করাটাই অবশ্যি সাহিত্যিক উৎকর্ষের চিহ্ন নয়। তবু অমরত্ব লাভ করা দ্রে থাক, ত্রটো নাম করা য়ায় তেমন নামও মেয়েদের কোনো বাপ-মা রাথেনি। এবারে অঞ্চ নিশ্চয়ই মারতে আসতো। মেয়ে স্বষ্টি করতে পারেনি? কেন ? মাদাম কুরি? বিজ্ঞানের কথা ছেড়ে দাও, সাহিত্য। কেন ব্যারেট ? উওসেট ? শীলা কেইশ্রিথ ? চুপ কর অঞ্চ, হাসিয়ো না বলছি। তার চেয়ে বলো না কেন অম্বরণা দেবী!

मनात्र कामण थरात्र वाहेरत वरम थाकरण পूर्वभूकरवत्रा छैकात्र भारत ना। अवात घूम् ना सक। घूम् छ सावात ज्ञारा अकहा निगारतहे थाख्या यरण भारत। निगारतहे, रमख थाख्या; कल, रमख थाख्या! ज्ञात हुम्, रमख थाख्या! वाढ्या जाया क्रिया त्महे, - रम ज्ञाल ज्ञा

একটা দার্শনিক তথ্য নিম্নে আলোচনা করছি ভাবলে শিরদাঁড়াটা ভেক-চেয়ারের ওপর আলগোছে নেতিয়ে পড়ে। সব মিথ্যে, বাজে, বিশ্বাদ !

একবার নাকি ছই চীনে ভন্তলোক বার্লিনে গিয়েছিলো থিয়েটার দেখতে। ছ'জনেরই সমান বিজে, ছ'জনেই সমান বিজ কিছুতেই হার মানবে না। সে তেমনি ঠায় চুপ করে বসে-বসে সেই ছুর্বোধ্য ভাষা গিলতে লাগলো। একেই বলে রসগ্রাহিতা। প্রথম জন হচ্ছে জ্যোতির্বিদ পণ্ডিত—সারা সৌরজগৎ ঘুরে বেড়ায়, অথচ না পায় বি; আরেকজন হচ্ছে দার্শনিক পণ্ডিত— ছক্তের্য রহস্ত হাতড়ে বেড়ায়, অথচ না পায় অর্থ না বা রস! আমি করবো কাব্যস্কটি, আমার পেছনে থাকবে সমালোচক, আমি গাইবো গান,পিছনে আসবে স্বরলিপি। আমি সুর্বের চারধারে গ্রহ নক্ষত্রগুলোকে ঘুরিয়ে দিলাম— সে ঘোরার তাপ-নির্ণয় করতে ভিড় করে এল অসংখ্য বৈজ্ঞানিক। সমালোচকের আবদারে কবির কলম বেঁকে যায় না—পিথাগোরাস না এলেই পৃথিবী বুঝি হয়ে থাকতো চ্যাপটা, আর সুর্য বেচারা ঘুরে-ঘুরে দম খোয়াতো!

যাই বলো রসগ্রাহিতাই হচ্ছে সভ্যতার পরম পরিচয়। স্টিটা তত দামী নয়,
যতটা তার রহস্ত-উদ্ধার। বুনো অসভ্যরাও এমন স্টি করেছে যার অর্থ ও মর্যাদা
তারা বুঝতো না বলেই তারা অসভ্য—কিন্ধ তাতে যদি আমাদের তাক্ লাগে তবেই
বুঝব আমরা সভ্য হয়েছি। নাঃ, এ ভীষণ বাড়াবাড়ি হচ্ছে। আর পিন্ ফুটিয়ে
সিগারেট থেয়ে কাজ নেই। ঘুম্নো যাক। কুঁজো থেকে বেয়ারা জল এনে দিলে,
প্রভাত তা দিয়ে ঘাড় ধুতে বসলো।

অশ্রম জিনিস-পত্তের ফিরিস্তি শোন: একটা প্রকাণ্ড ট্রান্ধ— বুকে হাতি না নিয়ে এ ট্রান্ধটা নিলে রামম্তির থ্যাতি এক তিল কমতো না. প্রকাণ্ড বেজিং—তাতে বুঝি থাটের গদি থেকে শুরু করে পা-পোষ পর্যন্ত আছে—ছটা ঋতুর ছ প্রকার শ্যার সরঞ্জাম; তাছাড়া ছোট ছটো স্থটকেস; একটা থাবারের বাক্স বেতের তৈরি; একটা ফোল্ডিং রকিং চেয়ার—একটি না হলে অশ্রম না হয় পড়া, না হয় ছটির দিনে ত্পুরে যুমুনো; একটা বই-এর বাক্স কেরোসিন-কাঠে প্যাক করা; একটা ছোট বেজিং—পথে গাড়িতে পাতবে বলে; একটা জলের কুঁজো ভারি চমৎকার কাজ করা- এটা ফেলে অসতে পারতো, কিছু অমন চমৎকার কাজ করা জিনিস বলেই অশ্রম মায়া লেগেছে। এই সব পদার্থ প্ল্যাটফর্মে জড়ো করে অশ্রম প্রভাতকে উদার কঠে বললে— লাগেজ করো।

প্রভাতের মাথায় বেন মালগুলো একসঙ্গে পড়লো ভেঙে—কর্ণের বাণ থেক্কে ঘটোৎকচের মূখের চেহারায়ো এমনি অঘটন ঘটেনি। প্রভাত বললে— আজ পর্বস্থ মনি-অর্ডার করতে শিখিনি,—আমার বারা ওসব হবে না। বদি পারো তুমিই একলা এর ব্যবস্থা করো, নইলে থাক সব পড়ে —পরপারে কিছুই সঙ্গে বাবে না।

এই নিয়ে লেগে গেল তর্ক—তুম্ল, উদ্ধাম। পুরুষগুলো যে মেয়ে-বিহনে একেবারে অসহায়, অকর্মণ্য— অঞ্চ এ-কথা অনেক আগে থেকেই জানে। এগুলোর না আছে বৃদ্ধি না আছে বোধ। প্রভাত অসহায়ের মতো মৃচকে একটু হেসে বললে—বাহন একটি না হলে আমাদের সত্যিই মানায় না। গণেশের ষেমন ইছ্র। নারদের যেমন টে কি।

লাগেজ-এর ব্যবস্থা অশ্র একাই করলো। ডাউন-ট্রেনে ভিড় নেই-জানলার দিকের বার্থ টায় অশ্র বিছানা পেতে নিলো। বললে —মাঝের থালি গদিটার ওপর পড়ে থাকো, বুঝবে মজা।

প্রভাত হেনে বললে— আমি মাঝের বেঞ্চিটিতে বদছিই নে, তোমার বিছানাতেই আমার একটু জায়গা হবে—বদবার। শোবার দময় না হয় উঠে আদবো।

অঞা। শোব না হাতি! প্রভাত। তুমি ভয়ো।

অঞা। আর তুমি ?

প্রভাত। জেগে থাকবো। প্রতি নিশ্বাসে তোমাকে দেখব। তোমাকে ঘুমুলে নিশ্চয়ই খুব আঁটগাঁট দেখাবে না।

আঞা। এই, আন্তে। বলে অন্তদিকের জানলার ধারের বার্থটায় যে প্রোচ জন্ত্র-লোকটি পায়ের ওপর পা তুলে দিয়ে শুয়ে আছেন তাঁর দিকে ইঙ্গিত করলে।

গাড়ি দিলো ছেড়ে। স্টেশনে বুলুরা আসবে বলেও আসেনি— তাই ওদের লক্ষ্য করে সারা জলপাইগুড়ি শহরটার ওপর একটা বিষাক্ত দৃষ্টিশেল হেনে অশু তর্কে মন দিলে। প্রভাত বলছিলো: মেয়েরা যে সভ্য হয়নি তার প্রমাণ— চলতে হলে হয় নেবে গুছের আগুা-বাচ্ছা, নয় রাশি-রাশি মাল। কথনো কথনো ত্'প্রস্কৃই; ভার কিংবা ভিড।

আল প্রতিবাদ করে উঠলো: মেয়েরা না থাকলে থেতে কি ? চলত কি করে ?
প্রভাত। এক জোড়া জুতো না হলেও আমাদের চলে না,—সকালেউঠে একটা:
dentifrice দরকার। মেয়েরা না থাকলে রেঁথে দেবার অস্থ্রিথে ঘটতো, ভাগ্যিস
মেয়েরা আছেন। মইওয়ালা না থাকলে বিকেলে কলকাতার রাস্তার গ্যাস জলতো

না; রাস্তার পড়তো না জল, জমাদাররা ধর্মঘট ক্রলে শহরে লাগতো কলের।। মেয়েদের উপকারিতায় আমি সন্দেহ করি নে।

আঞ্র রীতিমতো খাপ্পা হয়ে উঠলো: তুমি এমনি অপমান করে কথা কইলে আমি গাড়ির শেকল টেনে দেব।

প্রভাত। তা মেয়েরা পারেন।

আই । মেয়েরা কী যে পারেন তা যদি তুমি জেনেও স্বীকার না করো সে তোমার একচোখোমি। ত্যাগে সংখমে সেবায় আত্মোৎসর্গে এমন গরীয়সী আর কোখায় পাবে ?

প্রভাত। মানি ; বৃদ্ধিতে নয় !

অঞা। মেয়ে ছাড়া তোমাদের শৈশব অসহায়, যৌবন নিরানন্দ, প্রোঢ়তা বিরস, মৃত্যু রুক্ষ, ভ্যাক্ত।

প্রভাত। পুরুষ ছাড়া তোমাদের জন্ম আকাশকুস্থম, বেবিন পলু, প্রোচতা ছুর্বল, মৃত্যু বিধাক্ত।

অঞ্চ। মেয়েদের তুই হাতে অজন্ম সেবা, অরুপণ তিতিক্ষা, অপূর্ব আত্মনিবেদন। তু:খ-ছদিনে মেয়েরা সান্ধনার দীপশিখা। মেয়েরা গৃহদীপ্তি, পুরুষের সোভাগ্য-লক্ষী।

প্রভাত। কবিছ করো, বাধা দেব না। তনতে আমার ভালোই লাগবে। মেরেদের নিয়ে বিনিয়ে মিষ্টি করে লেখা রবি-ঠাকুরের কবিতার আমি প্রকাণ্ড ভক্ত। সেগুলো সভ্যকথন বলে নয়, সেগুলো নেহাৎই কবিতা বলে। যদি বলো, ভাবুকের আদর্শ উন্নত হতে হতে অবশেষে মেয়ে-মাম্বরে আকার নেয়, আমি তোমাদের মৃথ চেয়ে সেই ভাবুককেও না-হয় ক্ষমা করবো। কিছু সভিয় করে বলো দেখি মেয়েরা কোনোদিন কোনো বড়ো বেদনা সয়েছে বা কোনো বড়ো আনন্দের অধিকারী হয়েছে?

আঞা। তুমি বলো কি ? প্রত্যেক মানবন্ধয়ের পেছনে প্রস্থৃতির যে তীব্র ও গভীর বেদনা আছে—তার চেয়ে মহন্তর বেদনার দৃষ্টাস্ত তুমি দেখাতে পারো? মেয়ের। বড়ো বেদনা সম্মনি তো কে সমেছে ? পৃথিবীতে মাত্র ছটি মহান ও মর্মভেদী ক্রন্দন আছে—এক সন্তান বথন হয়, আর সন্তান যথন মরে—হু'টি কালাই মায়ের, মেয়ের।

প্রভাত। কথাটাকে তুমি স্থন্দর করে বললে বটে, কিন্তু এক ফুরে এর ভাবের কুয়াসা উড়িয়ে দিচি। প্রসবের বেদনাটা খুব বড়ো বেদনা নয়—তাহলে appendicitis operation করার বেদনাও তার সঙ্গে বচ্ছন্দে পালা দিতে পারে। ধরো, রোসীকে বাখা না দিয়ে আজকাল যেমন সহজে দাত তোলা যায়, তেমনি যদি painless delivery-র প্রচলন হয় তথন এ-বেদনার গর্ব বাবে ধ্লিসাং হয়ে। অচিন্তা/২/১০

শারীরিক করের কথা যদি বলো, দ্বীমগাড়ির তলার পড়ে যার পা বার আটকে অথচ বে বেঁচে থাকে—তীত্র বেদনাস্থভবের ক্ষেত্রে ভাহলে লৈ ছিরো। আমি সেই ত্যুখের কথা বলছি না। তুমি মেয়ে বলেই নিভাস্ক অসহিষ্ণু হয়ে কথাটার গৃঢ় অর্থ বোঝনি। বেদনা অর্থ আত্মার বেদনা, আনন্দ অর্থ স্পষ্টির আনন্দ—আত্মপ্রকাশের আনন্দ।

অঞা। হয়তো তেমন ঢের আছে; আমি জানি না বলে দৃষ্টান্ত দিতে পারবোনা।

প্রভাত। দৃষ্টাস্ক নেই বলেই জান না। তেমন ভাবুক হবার সাধনা মেয়েদের নেই। তার জীবন স্বচ্ছ, প্রশাস্ত, মন্থর - স্রোতের ফেনিল উচ্ছ্যাসে আবর্তসংকুল নয়, বেগবান নয়, সন্ধানবার্ত্বল নয়। তার প্রাণে না আছে তাপ, দেহে না আছে স্বাদ! আমার রেইন্-কোট্টার মতো—জল থেকে ত্রাণ করে এই তার উপকারিতা। পুরুষের চেয়ে মেয়ে কত থর্ব, কত সংকীর্ণ! পুরুষ বাস করে একমাত্র বর্তমানে নয়, অতীতের দঙ্গে সে বিশ্বাসঘাতকতা করতে শেথেনি, তুই চোথে তার ভবিশ্বতের স্বপ্ন। পুরুষ অতীতকে সঙ্গে নিয়ে ভবিশ্বতের আবিহ্বারে চলেছে। জীবন তার কত বিস্তৃত, কত অগাধ। আর মেয়েদের জগৎ হচ্চে সামাশ্র সংকীর্ণ এই ছোট বর্তমানটুকু—ভবিশ্বৎ সন্থন্ধে দে কোনো ভরদা রাথে না, বিশ্বতির বালিতে অতীতকে সে মুছে দিয়ে এসেছে। তাই মেয়েরা জীবনে অগ্রসর হয় না, আত্মাণ্ড থর্ব হয়ে থাকে।

আঞা। যে-সমাজ থালি:পক্ষপাতী পূরুষের হৃষ্টি, সেথানে মেয়েদের থবঁতা — প্রভাত। তুমি এটা কেন লক্ষ্য করছ না আমি নারী-পূরুষের সামাজিক তারতম্য নিয়ে কথা বলছি না। আমি জানি সমাজ ক্লিমে, বাইরের একটা খোলস মাত্র। সেথানে পূরুষ যদি অক্যায় করে তোমাদের দাবিয়ে রাখে সেজক্য তোমাদের না হয় ক্মা করলাম।

অঞা। আমাদের কমা!

প্রভাত। হাঁা, তোমাদের। কারণ, দেখানেও প্রমাণ পাওয়া যাচ্ছে শক্তিতে ও বৃদ্ধিতে তোমরা ছোট। কেউ কাকে পদানত করে রেথেছে—এ-ব্যাপারটার মধ্যে এক পক্ষের অত্যাচারের যতই কেন-না প্রমাণ পাওয়া যাক, অপর পক্ষের দ্র্বলতাকে কি বলে অস্বীকার করবে ? রাজাকে নিষ্ঠুর অত্যাচারী বলে গাল দিয়ে পরাধীন দেশের দাসত্বের না মেলে সান্ধনা, না বা সমর্থন। আমি জানি, সমাজ নিয়ে তোমাদের ওপর অনেক জবরদন্তি হয়েছে, আমি সে-দিক দিয়ে যাচ্ছি না, কেননা সমাজ, হয়তো কেন নিশ্চয়ই, উল্টে যাবে—কিছ্ক অঙ্গারকে শতবার ধ্লেও তার মলিনতা ঘুচবে না। প্রকৃতি যে বিকৃতি ঘটিয়েছেন তাকে মারবে কি করে ?

অঞা। তার মানে ?

প্রভাত। তার মানে তোমরা সেই সংকীর্ণ ই থাকবে, দৃষ্টি তোমাদের বর্জমানের স্দীমাকে অভিক্রম করতে পারবে না। ছোট স্বার্থ নিয়ে কলহ করবে, কেননা স্পষ্টি করতে বৃদ্ধি ও বেদনাবোধের যে বিকাশ দরকার ভোমাদের মন্তিক্ষে তার জায়গা নেই।

অশ্র । তৃমি যতই কেন না বলো— একদিকে পুরুষকে আমরা নিশ্চয়ই হারিয়েছি।
কে আমাদের রূপ ! কবিরা আমাদের পায়ের তলায় পড়ে গড়াগড়ি যাছে।

প্রভাত। জানি এ-কথা বলে তুমি অনেকটা আশস্ত হবার ভান করবে। ওটা তোমাদের no-trump-এর বড়ো bid। রূপ তোমাদের আছে-—ভোমাদের আত্মরক্ষার অন্ত্র, এাত্মবঞ্চনার বর্ম—হাতির যেমন দাঁত, গণ্ডারের যেমন খড়গ। শক্তি যার নেই তারই অবলম্বন হলো চাতুরী। আর সেই রূপের স্থায়িত্বই বা কতদিনের ? একটি তু'টি সন্তান হলেই সে-রূপ আইজিন্-লাগা মরা চামড়ার মতো থসে পড়ে—প্রস্ব করবার পর পিঁপড়ের যেমন পাথা খসে।

অশু বার্থে যে ভদ্রলোকটি গুয়েছিলেন তিনি এবার উঠে বসলেন। খাপ থেকে চশমাটি বার করে নাকের মাঝামাঝি বসিয়ে প্রভাতের দিকে একটি বক্রদৃষ্টি নিক্ষেপ করে প্রশ্ন করলেন: মশাইদের কতদ্র যাওয়া হচ্ছে ?

প্রশ্নটা শুনেই বোঝা গেল এ-সব কথা-বার্তা শুনে ভন্তলোকের চিত্ত প্রসন্ধ হয়ে প্রচেনি; তবু কণ্ঠস্বরকে বিনয়-স্নিগ্ধ করেই প্রভাত জবাব দিলো: কলকাতা। স্মাপনি?

ভদ্রলোক বললেন—আমিও সেইথেনে! কলকাতায় কোথায় থাকা হয় মশাইদের ? ( অঞ্চকে লক্ষ্য করে ) সঙ্গে উনি কে জিগ্রোস করতে পারি ?

—পারেন না। বলে প্রভাত মৃথ ফিরিয়ে পুরোনো কথায় ফিরে গেল: রূপের কথা বলছিলে না ? পুরুষের তুলনায় মেয়ের রূপ যেন স্র্রের পালে জাপানি দেশলাই। পুরুষের তুলনায় থর্ব - মনে ও বাক্যে ত বটেই—কায়মনোবাক্যে। এমন "unacsthetic sex" আর আছে কোথায় ? কি সাহিত্য, কি সঙ্গীত, কি ছবি—বধির, তোমরা বধির। বীঠোফেন্-ও বধির হয়েছিলেন কিন্তু সে বধিরতা তাঁর স্ষ্টে-সাধনাকে আহত করতে পারেনি; মিলটন হয়েছিলেন অন্ধ, কিন্তু সেই চিরস্থান্তের অন্ধকারে বে-বর্গ রচনা করেছিলেন তার তুলনা নেই। আচ্ছা, স্ষ্টে-সাধনায় নারীকে তো কেউ বাধা দিতে আসেনি, সে কেন কবি হতে পারলো না, কেন পারলো না ছবি আঁকতে ? উত্তর দাও, অঞা। প্রতিভার যে অধিকারী হয় অবস্থার বঙ্গতা সে স্বীকার করে না। সে গৃহত্যাগ করে, ভাগ্যের সঙ্গে মৃক্ততে নিরস্ত হয়েই পথে বেরয়, অমায়্রিক কট স্বীকার করে প্রতিভাবে সে একটি মহান মর্যাদা দান করে। তোমরা কেন এত

নির্জীব, কেন এত ভীরু, কেন এত পরীক্ষাকৃষ্ঠ ? গৃহের দায়িত্বের কথা যদি ভোল—
তাহলে প্রুষ্বের বেলায় পৃথিবীর দায়িত্বের কথা তুলবো। যদি সে প্রতিভার স্পর্শ পায় গৃহকে সে মানবে কেন, ভেঙে বেরিয়ে পড়বে। প্রতিভাবানও কি ভোমার এই সংসারের ready-made তুচ্ছ নিয়ম-কান্থন দিয়ে বাঁধা থাকবে ? সে নিজে নিজের নিয়ম তৈরি করবে, নিজের নিয়ম নিজে ভাঙবে। ধরণী দেন শস্তা, তোমরা দাও সন্তান। তোমাদের দিয়ে রচনা লিখতে হলে এই বলে উপসংহার করতে হয়। রূপ ? সন্ত্যাসীরা যেমন গায়ে গেরুয়া টেনে ভগুমি ল্কিয়ে রাথে, তোমরাও তেমনি ছলাকলার আবরণে অস্তরের অস্তঃসারশৃত্যতা ঢেকে রেথেছো। কথা কইছ না কেন ?

প্রোচ ভদ্রলোকটি তাঁর সন্দিশ্ধ দৃষ্টিবাণে অশ্রুর সর্বাঙ্গ এমন বিদ্ধ করছিলেন যে সে অসীম বিরক্তি নিয়ে তাড়াতাড়ি মাঝের বেঞ্চিটায় ভদ্রলোকটির দিকে পিঠ করে একেবারে প্রভাতের গা ঘেঁষে বসে পড়লো। প্রভাত বৃষলো ব্যাপারটা। ত্ব'জনে একসঙ্গে সামনের পরিত্যক্ত বেঞ্চিটায় পা ছড়িয়ে দিল—সামনে খোলা জানলার ওপারে ধাবমান অন্ধকার। আলোটা নিভিয়ে দিলে ভালো হতো। কিন্তু ভদ্রলোকটি অস্পষ্ট একটি হুম বলে ফের তেমনি পায়ের ওপর পা তুলে দিয়ে একটা খবরের কাগঞ্জ নিয়ে পড়েছেন এবার।

অশ্র প্রভাতের কাঁধের ওপর মাথাটা প্রায় এলিয়ে দিয়ে বললে -- কিন্ত প্রেমের বেলায় আমাকে যদি তুমি প্রাধান্ত না দাও, তাহলে কথা কইবো না।

প্রভাত। তর্কের বেলায় অভিমান থাটে না। নারীর বেলায় প্রেম কখনো পরম নয়; স্নেইটা একটা instinct, সে একটা গরুরো আছে। কিন্তু প্রেমে শুধূ emotion নেই intellect-ও আছে,—তোমাদের বেলায় থালি ত্থের জলীয় অংশটুকু। বিয়ের পরে স্বামীর সঙ্গে যে-প্রেম—সে যতই সত্য হোক—অনেকটা সমাজের দাবি, সংসারের স্থবিধে। বিয়ের আগে যে প্রেম—সে যতই সত্য হোক—বিয়ের পরে তার আর অভিত নেই, সে অন্ত গেছে। বিয়ের পরে থ্যাতি বাঁচাতে একমাত্র মেয়েরাই বলতে পারে: ওঁকে আমি বোনের চোথে দেখেছিলাম, কিংবা ভারীর। মেয়েরা আজ্মিক সাহসে এত অধংপতিত যে তাদের সামান্ত sense of justice পর্যন্ত নেই।

অঞা। তুমি মাতৃক্ষেহকেও উড়িয়ে দেবে নাকি।

প্রভাত। উড়িয়ে দেব না তবে জুড়েও যে বসতে দেব এমন নয়। মাতৃত্বেহ খুব প্রবিত্ত—ভালো ভালো পয়ার লেখা বেতে পারে ও-বিষয়ে; কিছ পিতৃত্বেহের সঙ্গে তার এই জয়েই সমান আসন হয় না কারণ পিতৃত্বেহে যেখানে অহয়ার, আত্ম- চরিতার্থতা, মাতৃন্ধেহে দেখানে মাত্র হৃদয়াবেগ, একটা সামাক্ত অভ্যেস। পিতৃন্ধেহ enstinctive নয় intellectual—instinct-এর চেয়ে intellect বডো।

অঞা। আমি তা মানি না। যতই কেন না বিরূপ তর্ক করো, আমি চটছিনে। বলে
অঞা আরো একটু বেঁষে এসে গুন্গুন্ করে একটা স্থর উাজতে লাগলো। এবার
অঞা দম্বরমতো প্রভাতের কাঁধে মাথা রাখলে। ব্যাপারটা এত সাভ্যাতিক নয় বে
ট্রেন উন্টে যাবে। তব্ পেছনের বেঞ্চি থেকে ভদ্রলোকের আরেকটি নকল ছন্ধার
শোনা গেল।

প্রভাত বললে—ভালো হয়ে উঠে বোস।

অঞা। বাং, শরীরকে একটু বিশ্রাম দিচ্ছি তাতে তোমার আপত্তি করবার কারণ কি ? পুরুষের শক্তি সম্বন্ধে এত সব লম্বা-লম্বা বক্তৃতা দিয়ে সামান্ত একটা মেয়ের থোপার ভার বইতে পারবে না এ-কথা শুনলে এতক্ষণের নীরব ও অন্তপন্থিত মেয়ের দল টিটকিরি দিয়ে উঠবে।

প্রভাত। কিন্তু ভদ্রলোক কি ভাবছেন বল তো?

অঞা। তোমার সাহসের দেড়ি এবারে বোঝা গেল। তোমার ভন্তলোক কি ভাবছেন ভেবে তো গ্রহ-তারায় কলিশান লাগছে। তাঁকে যা খুশি ভাবতে দাও। শরীর যথন আহত হয় কর হয়—তথন সেই কট লোকের দেখতে খুব ভালো লাগে। সেটা বেশ সহজ, স্বাভাবিক কিন্তু শরীরকে আরাম দিতে গেলেই লোকের চোথে তা সয় না, লাগে দৃষ্টিকটু। এর কারণ কি বলতে পারো? আজ যদি আমার খুব জর হয়ে কাপুনি হতোও তোমার কাঁধে মাথা রেথে ভতাম তাহলে দৃষ্টটা মানাতো, ঐ ভদ্রলোকের সহাত্ত্তিও পেতাম। কিন্তু ক্রন্থ শরীরটাকে একটুও মোলায়েম আয়েস দিতে গেলেই যত আপত্তি। প্রকাশ্যে ফোড়া কাটো, দাঁত তোলো— বেশ; কেউ কিছু বলতে আসছে না, কেননা শরীর কট পাছে ; কিন্তু প্রকাশ্যে একটা চুম্ দাও দিকি, লহাকাণ্ড হয়ে যাবে। নেংটি পরে সয়্নাদী সেজে শরীরকে কট দাও বাহবা দেবে, কিন্তু একটা গরদের আলথাল্লা পরলেই হলো সে বিলাদী; হলো থারাপ। কেন শ্ শরীরটা তো প্রতিনিয়ত কট পাছেই, একটু আরাম পেতে দেখলে লোকের হিংসে হয় কেন ?

প্রভাত হয়তো কিছু বলতে যাচ্ছিলো, পেছন থেকে ভদ্রলোকটি রুখে উঠলেন: মশাইয়ের। কি সারা রাতই এমনি বকবক করবেন নাকি? চুপ করুন না খানিকটা। একে ভুগছি ব্লাড-প্রেসারে, তায় যত সব—। সঙ্গে থাকতো পাঁচকড়ি—দিতো ঠাণ্ডা করে।

কেউ চটলে তার ওষুধ হচ্ছে তাকে আরো চটিয়ে দেওয়া—মিষ্টি কথা বলে। তাই

প্রভাত পেছন ফিরে অতি-বিনরে সম্মান্ধর্মদীক্ষিত যুবককে পর্যস্ত হার মানিয়ে বললে—আহা, ভারি কট হচ্ছে তো আপনার। আপনি শুয়ে পড়ুন; আলোটা: নিভিয়ে দিই। বলেই উঠে সুইচ অফ করে দিলে।

গাড়িতে অন্ধকারের সঙ্গে বাতাসের বস্থা। অশ্রুকে তু'হাতে অম্বুভব করে নিতে-প্রভাতের দেরি হলো না। অন্ধকারের মতো ঘন ও উদ্বেল।

গাড়ি এসে দাঁড়ালো স্টেশনে। প্রভাত বললে—চলো রেস্টুরান্ট কার-এ, বেটাইম: হলেও কিছু থাওয়া যাক। লোক থাকলেও এর চেয়ে ভালে; company পাবো। উৎফুল্ল হয়ে অশ্রু বললে—চলো।

রেন্টুরাণ্ট কার-এ ঢুকে জানলার ধারে একটি ছোট টেবিল বেছে ওরা ত্র'জনে ম্থোম্থি বসলো। টেবিলের ওপর ত্'টো কমুইয়ের ভর রেথে সামনের দিকে সামান্ত একটু ঝুঁকে পড়ে অশ্রু বললো থাই বলো, আমি Eudemonist!

প্রভাত শব্দটার অর্থ জানতো না ; বললে—তার মানে ?

অঞা। মানে থুব সোজা, শন্দটাই জাঁকালো। মানে হচ্ছে: যাতেই আমি আনন্দ পাবো তাই আমার ধর্ম। যেথানে আনন্দ সেথানে পাপ নেই।

প্রভাত। যেখানে পাপ আছে সেখানে আনন্দও আছে।

অঞা। সভিত্ত আনন্দ থাকলে সেটা আর পাপপদবাচ্য রইলো না। যেথানে আনন্দ নেই অথচ কর্তব্য আছে দাসত্ব আছে, সেইটেই পাপ। যেমন ধরো, আজ যদি তোমাকে বিয়ে করি, পরগুই সেটা পাপ হয়ে দাঁড়াবে, কেননা আনন্দ যাবে মরে। তাই করবো না বিয়ে—আনন্দকে জীইয়ে রাথতে চাই। বিয়ে বড়ো না আনন্দ বড়ো?

ততক্ষণে বয় এসে কাছে দাড়িয়েছে। প্রভাত বললে—তোমার মস্তিষ্ক যে-প্রকার উত্তেজিত হয়েছে তাতে মিছরির জল পেলে স্বাস্থ্যকর হতো; তা যথন পাওয়া যাচ্ছে না, কিছু মাংসই নেওয়া যাক আপাতত।

ছুরি-কাটা সরিয়ে রেখে অঞা আঙুলের ডগাগুলি কোলের মধ্যে ডুবিয়ে দিয়ে বললে—আছো ধরো যদি মরে যাই ?

প্ৰভাত। ও:, তুমি কী morbid!

মাংস-চিবোনো বন্ধ করে অশু বললে— সত্যিই, আনন্দদায়ক মুহুর্তে আমরা মৃত্যুর: পদধ্বনি শুনি। ছংথের সময় জীবন এসে উপহাস করে, কিন্তু আনন্দের সময় মৃত্যু. করে আশীর্বাদ।

প্রভাত। ত্'জনে একসঙ্গে রেস্টুরান্ট কার-এ বসে কুকুট থাচ্ছি—এটা এমন কি জানন্দদায়ক মুহূর্ত বে মৃত্যুর পদধ্বনি শুনতে হবে।

অ#। ভার মানেই ভোমাদের ভীত্র আনন্দামভূতি নেই !

প্রভাত। এর আগে কোনোদিন বৃঝি ফাউল থাওনি? ফাউলেই এড, বিফ-এ বোধহয় দশায় পড়বে। অত জোরে-হেসো না, নামিয়ে দেবে। যদি একাস্কই মরি এ-সময়, তবে যেন কপালে একটি জীবনী-লেথক জোটে, এই প্রার্থনা করে মরবো।

অঞা। কারণ ?

প্রভাত। রেস্টুরাণ্ট-কার-এ বসে ছটি নরনারী ঝোলমাথা মুখে চুমু খেডে-খেতে একসঙ্গে হার্ট-ফেল করে মরে গেল, এ-থবরটা পেলে অনেক জীবনীলেথকই কলম উচিয়ে আসবেন! রয়টারে এ-থবরটা উচু দামে বিক্রি হয়ে, স্থদ্র পৃথিবীতে পর্যন্ত পরিব্যাপ্ত হয়ে পড়বে। যাদের জীবন যত বার্থ তাদের জীবনী তত জমে। সেই জন্মেই রবিঠাকুরের জীবন-শ্বতিটা কিছুই হয়ি। জীবনী লিখতে বসে ঘোমটা টানাকে আমি সইতে পারি না। একটা পরিপূর্ণ উদ্ঘাটন চাই।

অঞা। তার জন্মে অতি তুচ্ছ ঘটনার বিবৃতি করতে হবে ? কথন খেলো কথন আঁচালো।

প্রভাত। না। জীবনের বড়ো বড়ো উপলব্ধির কথা বলতে হবে – বড়ো বড়ো আবিকারের কথা, সেই উপলব্ধির পেছনে হয়তো নিদারণ অলন আছে, মহান অধঃপতন! অথচ তাকে এড়িয়ে ভালোমাহ্যটি সেচ্ছে ধর্মভীক্ষ জনতার বাহ্বা নেওরার মতো কাপুক্ষতা আর কি আছে ? থালি কবিকে জানবো মাহ্যকে জানবো না—সে-জানা নিতান্তই অসম্পূর্ণ। জানো অঞা, ব্রাহ্ম-সংস্কার আমাদের এ বিষয়ে দারুণ ক্ষতি করেছে। আমরা বড়ো বেশি রকম prude, মিন্মিনে, খ্ঁংখ্ঁতে। প্রকাশব্যাপারে আমরা নিতান্তই ত্র্বল, লাক্ক্ক, ম্থ-চোরা। তাই সাহিত্য আমাদের মেয়েলি থেকে যাচ্ছে—বুক ফাটে তো ম্থ ফোটে না।

কণাটা অশ্রু এড়িয়ে গেল। দাঁত থেকে আঙুল দিয়ে মাংসের ভুক্তাবশিষ্ট অংশ বের করে বললে—যাই বলো, থুব স্থা জীবন নিয়ে ভালো জীবনী জমে না। সভিাই, ব্যর্থতাটাই বেশি মজার ? রানী এলিজাবেথের চেয়ে জোয়ান্ অফ আর্ককে এই জন্মেই ভালো লাগে যে, বেচারিকে পুড়ে মরতে হয়েছিল। Austerlitz-এ নেপোলিয়ান-এর যুদ্ধের খ্যাভি বছ-কীর্তিত, কিন্তু তোমার কি মনে হয়না St. Helena-তে এসেই তিনি অমর হলেন। বাইবেল পড়েছ ?

প্রভাত। না।

অঞা। বাইবেলে কথিত আছে Elijah এমন-কি মরেননি পর্যন্ত, রথে করে

স্বর্গে বাহিত হলেন। অমন একটা সাজ্যাতিক স্বক্ষের গৌরবময় জীবন নিয়ে কোনো বড়ো লেখা হতেই পারে না। মহাভারতে কোন নারী চরিত্র ভোমার ভালো লাগে ?

প্রভাত। কাদের ভালো লাগে না একধার থেকে নাম বলে যেতে পারি: গাছারী, কুন্তী—

আঞ্র । একটি মাত্র মেয়েকে আমার ভালো লাগে,—সে ক্রোপদী। প্রভাত। কারণ ?

আর্রা। একজনকে ভালোবেসে পাঁচজনের হয়ে গেল। এমন আর একটা ব্যর্থ আজ্মোৎসর্গের দৃষ্টাস্ত তুমি সমস্ত স্থাপ খুঁজেও পাবে না।

প্রভাত। কিন্তু সে-ব্যর্থতাবোধ দ্রোপদীর ছিল না। অস্ত্রা। সেটা আরো ছঃখদায়ক।

প্রভাত। বাং, ষেখানে বোধ নেই, দেখানে তৃংখ কোথায় ? তুমি তা একবারো বোধ করছ না যে তাজমহলের নিচে না গুলে ভীষণ তৃংখ, কিন্তু মমতাজকে তুলে আনতে গেলেই দেখবে তাজমহলটা ভিক্টোরিয়া মেমোরিয়াল্-এর অধম হয়ে গেছে।

অশ্র । কিন্তু দেপিদী polyandry নিয়ে সে-য়্গে এত বড়ো একটা আধুনিক experiment করলো, রুতকার্য হতে পারলো না। যাকে সে অর্জন করেছিল সেঅর্জুনকে সে পাঁচজনের মধ্যে একজন করে দেখতে পারলো না। এটা কম ট্রাজিডি ?
থাওয়া ফুরিয়ে গেল, কিন্তু পরের স্টেশনের তখনো দেরি আছে। অগত্যা
ছটো স্থাওউইচ ও ছ' পেয়ালা চা'র অর্ডার দিয়ে প্রভাত তার বুকপকেট থেকে এক
কবিতা বার করে বললে—তবে শোনো:

ছু'টি হাত জোড় করি প্রথমে প্রণাম,
তার পরে হাত গিত্রে বাদা বাঁথে হাতের কুলারে
শীতল নরম,
তার পরে কথা নাই, চুপচাপ, একটু বা খাম,
তার পরে কোট ভাত্তে অধরের পাধরের বারে—
এ-বকমি শুবেছি নিয়ম ।
তার পরে ? তার পরে জার কি শুনিবে ?
মাখার উপর খেকে আকাশ গিরেছে হলে চুরি ।
একদম কাঁকা !
বাতাস স্থারে গেছে এক খাসে, সূর্ব গেছে নিবে,
তার পরে কবিতার খোলা খাতা রহে কোল জুড়ি,
তার পরে ভাষা ভুলে খাকা ।

ঢোঁক গিলে প্ৰভাত বললে—মানেটা বুঝতে পারছ তো ?

অঞা। তার মানে, কি রক্ম হয়েছে আমার থেকে একটা মত চাও?

প্রভাত। তোমার মতকে আমি প্রাধান্ত কোনো কালেই দিতে রাজি নই, বিশেষত সাহিত্যালোচনায়,— তবু বথন শোনালামই মত জানতে চাওরাটা স্বাভাবিক।

আঞা। ছাই হয়েছে। প্রেমাম্পদা অস্তর্হিত হলে ও-ব্রক্ম একটা অসহায় ভাব নিম্নে হাত পা ছড়িয়ে কবিতার থাতা নিয়ে বসে থাকতে হবে—এ-ত্র্বলতা ও অস্বাস্থ্য সইতে পারি না।

প্রভাত। তার মানেই, তুমি কিচ্ছু বোঝনি। কবিতাকে তোমরা হিতোপদেশ ছাড়া অন্ত কিছু বলে কবে ব্ঝবে ? এ শুধু একটা মানস-ভঙ্গির বর্ণনা,—এটা ভালো না মন্দ এ নিয়ে কে মাথা ঘামাতে বসেছে ! থালি কোলাহলই করতে পার, রসগ্রাহিতা তোমাদের নেই। অন্থির হয়ো না, আমি প্রমাণ দিছিছ। থিয়েটারে মেয়েদের মতো কাউকে চেঁচাতে শুনেছ ? সেই জন্তে গ্রীসে থিয়েটারে মেয়েদের প্রবেশ নিষিদ্ধ ছিলো।

অঞা। কবিতা-বোঝার সঙ্গে থিয়েটারে ঢোকবার সম্পর্ক কি ?

প্রভাত। সম্পর্ক এই, ললিতকলাচর্চায় তোমাদের দান করবার বিদি কিছু থাকে, তা হচ্ছে কোলাহল! তোমাদের বৃক্তে হবে বলেই সব-কিছুকে 'কথামালার' স্তরে নামিয়ে আনতে চাও। কিছু তোমার ম্থের দিকে চেয়ে আমি কবিতা লিথিনি,— আমার Muse বিদি পুলি হন, তাই ঢের।

অশ্র । তোমার কবিতা ভালো হয়নি, এ-কথা বলার যদি আমার স্বাধীনতা না পাকে তবে আমাকে তুমি বৃথাই পরিশ্রম করে কবিতা শোনালে ! কেন ভালো হয়নি, ভার একটা যুক্তি পেলে তুমি খুশি হও বৃঝি, কিন্তু কেনই যে ভালো হয়েছে, ভাই বা তুমি বোঝাতে পারবে ? যতই কসরৎ কর, রবীন্দ্রনাথের সিংহাসন আর কাড়তে পাচ্ছ না । তিনি বাঙলা সাহিত্যে চিরজীবী ।

প্রভাত। হোন চিরজীবী, তাঁর আয়ুর অন্ধ মহাকাল করবে। কিন্তু তিনি
চিরকাল বিরাট পর্বতের মতো পথ জুড়ে বসে থাকবেন আর আমরা সমন্বরে তাঁর
লাহিত্যিক দীর্ঘায়তার জন্তে জয়ধ্বনি করবো, আমাদের সময় এত অপর্যাপ্ত নয়।
-রবীক্রনাথকে চিরকাল বাঁচিয়ে রাখবার মানেই বাঙলা দাহিত্যটাকে রসাতলে
পাঠানো। বে-রবীক্রনাথ আমাদের বাধা হয়ে আছেন আমাদের বাঁচতে হলে তাঁকে
আঘাত করতেই হবে।

অঞা। তুমি বে এখুনি কোমর বেঁধে লড়াইয়ে লাগলে দেখছি। যারা ষত

বেশি তুর্বল যত শ্লথপ্রাণ তাদেরই আক্ষালন বেশি। চমকের চকমকি ঠুকতে পারলেই তাদের চরম আত্মন্থপ্তি। এক লাফে সিঁড়ি ভাঙতে চার acrobat-রা, আর্টিস্টরা নয়। রবীন্দ্রনাথকে ডিডোনো সোজা, সমকক্ষ হওয়াই কঠিন সাধনা-সাপেক।

প্রভাত ৷ জানো, কোনো স্বপ্পবিলাসীই সত্যিকারের কবি নয়—অস্তত বিংশ শতান্দীতে নয় ৷ খালি মলয় হাওয়া আর স্থানাটোজেনে খাঁটি মাটির সাহিত্য হয় না —

অঞা। আকাশের সাহিত্য হোক—তারই বিস্তৃতি ও বৈচিত্র্য আমরা চাই। মাটির নাম করে আমরা পাঁকের উপাসক হতে চাই না।

প্রভাত। হাতে যার ধ্লো লেগে নেই, ললাটে যার প্রমের স্বেদবিন্দু শোভা পেল না, গায়ে যার লাগেনি দারিন্দ্রের আঘাত—তেমন কবিকে আমরা মেঘলোকে নির্বাসন দেব। মেঘ-তরঙ্গ, আকাশ-ঝটিকা—ঢের হয়েছে; এখন চাই মাটি, প্রতিদিবসের সংগ্রাম, প্রতি দিবসের পাপ!

অশ্র । কিন্তু প্রতি দিবসের সেই পরিচয়টাই পৃথিবীর বড়ো পরিচয় নয় । মাতৃষ্ট্রখন মরে তথনো তার চোথ অর্ধ-নিমীলিত থাকে, জীবনকে দেথবার জন্যেও চক্ষ্ আমাদের অর্ধ-উন্মীলিত রাথতে হবে । চোথ হুটো বড়ো করলেই বড়ো কোরে দেথা হয় না । রবীন্দ্রনাথ খুব প্রকাণ্ড আর্টিস্ট বলেই জীবনকে এমন সত্য—রহস্যাচ্ছর বলেই সত্য — করে উদ্বাটিত করেছেন ! আর তোমরা অতি-আধুনিকেরা সেই জীবনকে বীভৎস, বিক্লত, বিশ্রী করে দেখাচ্ছ। তোমরা বিংশ শতান্ধীর বাাধি।

প্রভাত। তুমিও দেখছি সাধারণ riffraft-এর দলে। গত কাল যা হয়ে গেছে এদের পক্ষে তাই বড়ো নজির। অতীতের লাঠি দিয়ে তারা বর্তমানকে প্রহার করে। তোমাদের রবীন্দ্রনাথকেই ধরো না। 'নইনীড়' রচনা করে তিনি তথনকার বাঙলাসমাজে যে অনিষ্ট করেছেন বলে অভিযোগ শোনা গেছল, দেই 'নইনীড়'ই এখন অভি-আধুনিকদের কাছে সংযম শিক্ষার standard হয়েছে। কে জানে দশ বছর বাদে এই অতি আধুনিকদের অসংযমই তুলনামূলক সমালোচনায় পরবর্তী সাহিত্যিকদের কাছে মনে হবে বিরদ, মিখ্যা এবং সম্পূর্ণরূপে উলঙ্গ নয় বলেই কুৎসিত। তুমি খানিক আগে জোয়ান অফ আর্কের নাম করেছিলে না গু তারই দৃষ্টাস্ত নাও। ১৪৩১ খৃন্টান্দে তাকে ঈশরনিন্দার জন্ম পুড়িয়ে মারা হলো, পচিশ বছর পরে সেই ভাইনি মেয়েকেই ফের গির্জা নবজীবন দান করলে, ১০৮ খৃন্টান্দে তার প্রায়শ্চিত্ত হলো, ১৯২০ তে সে হলো canonized! আজ যাকে তুমি বাাধি বলছো দে-ই এককালে হবে

বিশল্যকরণী। না-ও হতে পারে। তার জয়ে ভীকর মতো জীবনকে সম্পূর্ণ জানা ও জানানোর থেকে নিজেকে সঙ্গোপনে বঞ্চিত রাখবো - এ আটিস্টের ধর্ম নর ! গায়টের Die Leiden des Jungen Werthers (উচ্চারণ ঠিক হয়নি নিশ্চরই) পড়ে অনেক লোক নাকি আত্মহত্যা করেছিল। পরে গায়টকে জিজ্ঞাসা করা হলো, এতগুলি মৃত্যুর জয়ে তিনি নিজেকে দায়ী মনে করে হৃঃখ বোধ করছেন কিনা। গায়ট হেসে বললেন : মরতে দাও ওদের জীবনে আরো অনেক কলম্ব আছে, আরো অনেক ক্রিতা। প্রচুর, প্রচুর ; এখনো সম্পূর্ণ হয়নি। অতি-আধুনিকের লেখা পড়ে কেউ বদি লাই হয় তবে উত্তর দেব : হতে দাও, এই উনিশ শতাকীর পাপ ও হৃঃথের জন্তে অন্তত অতি-আধুনিকরা দায়ী নয়। রবীক্রনাথের কবিতা পড়ে যদি কেউ প্রেমে পড়ে আত্মহত্যা করে তবে তোমাদের রবিঠাকুর কি তাঁর বইগুলি পুড়িয়ে ফেলবেন ! তিনিও কি বলবেন না : মরতে দাও ভীক্রদের। কিন্তু আর না, লেশন এসে গছে। এসো প্রাটফর্মে হাঁটি। আজ রাত্রে আর লুম হচ্ছে না।

প্লাটফর্মের বেথানটায় চেঁচামেচি একটু কম সে-রকম একটা জায়গা বেছে নিয়ে অশ্র ও প্রভাত পাইচারি করতে লাগলো। গাড়ি ছাড়তে দেরি আছে। নতুন করে কথা শুরু করবার মতো আবহাওয়া পেয়েই প্রভাত বলে চললো : অভীতে অভ্যস্ত জনসাধারণ আমাদেরকে যার জন্মে নিন্দে করছে সে-ই আমাদের প্রথম গুণ, আমাদের প্রধান মূলধন ! আমরা সেই নিন্দনীয় গুণেরই অমূলীলন করবো - সে-ই আমাদের নিজন্বতা। আমরা নিজন্বতা বর্জন করবো না—আমরা ততটা নিভীক। প্রত্যহের পৃথিবী নিয়ে public-এর কারবার, তারা অসাধারণের আবির্ভাবে উদ্বাস্ত হতে চায় না,—তারা আরামলোভী, যা কিছু ভৃতপূর্ব তারা তাদের ভূত ! ওদের কথায় আমরা কান পাতি না---সে-ই আমাদের বড়ো বিজ্ঞাপন। ওরা ঝড়কেও ঢেলা মারে, বক্যার জলেও থুতু ছিটোয়। সত্যি অশ্রু, যে-আর্টিস্ট এই public-এর সঙ্গে চিরকাল মিতালি পাতিয়ে কায়ক্লেশে কলম বাঁচিয়েছে—কলমের খোঁচা মেরে এদের অন্থির, ক্ষতবিক্ষত করে দেয়নি—দে কথনোই বড়ো হতে পারেনি জেনো। ধারা মাঝারি তারাই করে মীমাংসা, যারা করে মীমাংসা তারাই জেনো মাঝারি। বরং মূর্থ ভালো, মাঝারিকে সইতে পারবো না। আমাদের সঙ্গে public-এর চিরজন্মের বিরোধ — তাদের আমরা ঘাড় ধরে নবপ্রভাতের দেশে টেনে নিয়ে যাব; যতই তারা হাত-পা ছু ডুক, যেতে তাদের হবেই। তথন আবার দেখবে তারা আর দেখান থেকে এগোতে চাইছে না। Public থেমে থাকতে চায়, ওরা ভাক, সন্দিশ্ধ। আমরা এই জনতার শত্রু, জনতার মৃক্তিদাতা।

থারাপ হওয়ার কথা বলছো ? সমেদিনি দেখেও লোকের কামোত্রেক হয় বিশাস

করো ? কালীর চরণায়ত খেরে একজন কলেরা হয়ে আকা পেরেছিলো দে-খবর রাখো ? Angleo-র ট্রাজিডির কথা জান তো ? জানো না ? Isabela-র মতো পবিত্র, তাপদী মেয়েকে দেখে তার জীবনে ঘটলো পরম অধঃপতন। চৈত্রসন্ধ্যা এলেই অধরে চুম্বনস্থা জাগে কেন ? আমরা কী করে থারাপ না হয়ে পারি ? আমাদের চামড়ার নিচে বে রক্তমোত বইছে তা-ই আমাদের মাতাল করে রেখেছে। যতদিন একলা ছিলাম, ভালো ছিলাম, চরিত্রবান ছিলাম। তারপর তুমি এলে। চরিত্র আর ঠিক থাকে কি করে ?

গাড়িতে উঠে দেখা গেল ভদ্রলোক তাঁর দিকের জানলা তিনটে খুলে দিয়ে আঘারে ঘুমোছেন। আলো নেভানো, পাখা চলছে। হাইজিন-এর এটা কি-রকম নিয়ম ঠিক নিরপণ করবার চেষ্টা না করে অশু আর প্রভাত এবার স্বচ্ছলে ঘেঁষাঘেঁষি করে বসতে পারলো। ফটো তুলে রঙ চড়ালে রাধা-ক্ষণ্ণের অসমান হতো না। ভাগ্যিস এটা শুক্রপক্ষ নয়; চাঁদ উঠলেই দৃশ্যটা হতো ফিকে, কথা-বার্তা হতো মাজা-ঘসা, পালিশ করা। প্রেমের ব্যাপারে কবিরা চাঁদকে কেন যে এত আন্ধারা দিয়েছেন বলা কঠিন। অক্ককারে কত স্থবিধে।

এইখেনে অশ্র ও প্রভাতের ম্থ না এঁকে যদি ওদের দেহভঙ্গি ছুটোকে নন্দলাল বস্থর স্কা রেখায় এঁকে দেওয়া যেত তো ভালো হতো। অমন pose-এর জয়ে কন্টিনেন্টের বড়ো-বড়ো আঁকিয়েরা পর্যন্ত বড়ো-বড়ো দাম নিয়ে আসতেন। কথায় সেটা আঁকতে গেলে বেশি-রকম শ্বল হয়ে পড়বে। বেশি কথা বলাও ম্শকিল। ভাষায় সব কথা খুলে বলার লোভ এমন প্রচণ্ড হয় যে স্বর যায় কেটে। ওরা পাশাপাশি বসে মাঝের বেঞ্চিটাতে প্রভাতের প্রসারিত পা-র ওপর অশ্রু আলগোছে তা'র পা ছটি তুলে দিয়েছে এবং কাজে-কাজেই centre of gravitation-এর স্থান-পরিবর্তন হওয়ার দক্ষন অশ্রুর মাথা প্রভাতের কাঁধের ওপর পড়েছে এলিয়ে; এবং ছ'জনে নেহাৎই কথা কইছে বলে ওদের গালে গাল লাগাতে পারছে না। ওটুকুর বাবধান না থাকলেই যেন ওরা ধরা পড়ে যাবে।

প্রভাত বললে আচ্ছা ও-কবিতা তো তোমার ভালো লাগেনি। হন্টেলের কমণাউণ্ড থেকে তোমার সেই বিদায় নেওয়া ব্যাপারটা নিয়ে কিছু একটা লিথবো ভাবছিলাম; মাত্র চার লাইন হয়েছে। শোনো:

> বক্ষের সন্মুখে আসি ববে তুমি মালিলে বিদার, ভরকুঠ হুটি ভব লিংরিল উত্তপ্ত আরোবে: পলক পতন মাত্র সহিল না; বৃদ্ধিলাম হার, চুদ্ধনের কালটুকু কুরারেছে চুদ্ধনের শেবে।

वक्ष रत्न डिर्रामा : बन्नीन ।

বলা-য় লাভ হলো এই অঞ্র মাধাটা তার লোভনীয় উপাধান হারালো। প্রভাত সোজা হয়ে উঠে বসলো, বললে—কেন অস্ত্রীল ? চুম্বন আর স্থন আছে বলে ? চা থাওয়া বলতে পারবো, চুম্ থাওয়া বলতে পারবো না ? তোমার ফুস্ফুস্বলতে পারবো, বুকের পাঁজরা বলতে পারবো, স্তন বলতে পারবো না ? লক্ষণ যে পূর্পণথার স্তন কেটে ফেলেছিলো, কৃষ্ণ যে পূর্তনার স্তনাগ্র দংশন করে তাকে ঠাওছা করলে সেগুলো অস্ত্রীল ?

আঞ্র উঠলো হেনে; বললে—মোটেই তার জন্মে নয়; একটি মাত্র 'হায়' ঢুকে ব্যাপারটাকে বিশ্রী করে তুলেছে। নইলে চলনদই হয়েছে। ওথানেই ক্ষান্ত হওয়া উচিত, এর পর অগ্রদর হলে তোমাকে পুলিশে ধরবে।

প্রভাত রীতিমতো শাপ্পা হয়ে উঠলো: পুলিশে ধরবে ? অস্ত্রীলতার জন্তে ? হুনীতির জন্তে ? জানো অশ্রু, heresy-এর ভয়ে মধ্যযুগে কোনো বড়ো সাহিত্য হলো না, বিংশ শতান্ধীতেও কোনো বড়ো সাহিত্য হবে না এই morality-র ভয়ে। কথাটা অবিশ্রি জর্জ মূার-এর।

অশ্র । ষারই হোক, তোমরা অতি-আধুনিকেরা এত সব অশ্লীলতা লিখছ যে রীতিমতো তোমাদের পেছনে পুলিশ লেলিয়ে দেওয়া উচিত।

প্রভাত। কিন্তু বিচার করবে কে ? এ তো আর জমির চৌহদ্বি-বিচার নয়; এথেনে চাই ক্ষম রসবোধ, ক্ষমতর কবিমনীয়া—তোমাদের দেশের কটা বিচারকের তা আছে ? আমেরিকা তো ভীষণ শিক্ষিত ও সভ্য দেশ, কিন্তু সেথানে Replenishing Jessica-র বিচারের সময় জুরিরা যে-বিভার পরিচয় দিয়েছেন তা ভনলে তুমি হাঁ হয়ে যাবে। বারো জনের মধ্যে তিনজন রাতকাণা বলে কোনো-দিন কোনো বই-ই পড়েননি, আটজন সমসামৃষিক সাহিত্যের কোনোই থবর রাথেন না, বাকি একজন স্পষ্ট স্বীকার করলেন: বাড়িতে আমার হয়ে আমার খ্রী-ই পড়াশোনা করেন! এরাই তো করবে আমাদের বিচার ? পুলিশের হাতে ভারতীর এই বলাৎকার (কথাটা অবিভি অতি-আধুনিক নয়) অসম্ভ।

আঞা। তোমরা বে-রকম বাড়াবাড়ি করছ তাতে শক্ষিত হবার কারণ ঘটেছে।
প্রভাত। বেশি দামের আরব্যোপঞ্চাস বা ব্যাসের মূল মহাভারত না হয় লোকে
কিনতে পারবে না, কালিদাসের সমাস ভেঙে ভেঙে সংস্কৃত পড়বার ধৈর্য হয়তো
আনেকেরই নেই, ভারতচন্দ্র বোগাড় করা আনেকের পক্ষে ত্রুর,—কিন্তু চার
প্রসা দিয়ে থবরের কাগজে বে legal intelligence কিনতে পাওয়া যায় তা
তুমি ঠেকাবে কি করে ? তু' পয়সার বাঙলা কাগজগুলোও ধর্বণ-বুত্তান্তে ঠাসা।

সেখানে তো উপস্থাস নয় যে উড়িয়ে দেবে, মোটা সন্ত্য কথা – প্রভ্যক্ষ ও নিষ্টুর। তা পড়ে পাঠকদের নৈতিক অবনতি হয় না ? বেছে বেছে ঐ খবরগুলোর প্রাধাস্ত দেওয়ার কোনই উদ্দেশ্য নেই ? তোমার সাহিত্যের বেলায় চরিত্র টলমল করে ওঠে। তা হলে law-reports অল্পীল, বাড়িতে পারিবারিক চিকিৎসার জন্মে আনা হোমিওপ্যাধিক বই অল্পীল, দেয়ালে টাঙানো কালীর মূর্তি অল্পীল, নিরাকার ব্রহ্ম অল্পীল,—কেননা, প্রথম থেকে শুক্ত করে শেষ পর্যন্ত কোনো অক্সই তাঁর নেই।

অঞা। Law-reports বা ডাক্তারি বইয়ের মর্ম ব্রুতে হলে specialisation দরকার।

প্রভাত। সাহিত্যের বেলায়ই সে \*pecialisation-এর কথা উঠবে না কেন? তুমি পভ্যমালা শেষ করেই পড়তে বাবে ভারতচন্দ্র, Nursery Rhyme পড়েই ছুইটম্যান, বছলেয়ার, বায়রন? এই আম্পর্দ্ধা তোমার আসে কেন? ছেলের হাতে Rabelais বা Boccaccio পড়তে পারে এ ভয় যতথানি, ছেলে তার দাদার Anatomy-র বই খুলে genital organs-এর ছবি দেখে ফেলতে পারে — এ ভয়ো কম নয়। পরিণত বয়সের চিস্তাকে শিশুর বৃদ্ধির আয়ন্তাধীন করে তুলবো— এ জবরদন্তি সাহিত্যের বিচারেই উঠে থাকে। ছেলেদের তো সিগারেট খাওয়া অপরাধ — সেই জন্ম আমি থাবো না সিগারেট ? বলে প্রভাত একটা সিগারেট ধরালো: তুমি কবে থেতে শিখবে?

এক ম্থ ধোঁয়া ছেড়ে প্রভাত বলে চলল : তুমি হেন্রি ভিজেটেলির নাম শোননি। তিনি ছিলেন এক হুর্ন্ব প্রকাশক—তেমন প্রকাশক বাঙলা দেশে ক' শতাকী বাদে আসবে বলা যায় না। Zola-র ইংরিজি অন্থবাদ তিনি ছাপিয়েছিলেন, তাছাড়া তাঁর প্রিয় প্রস্থকার ছিল সব অন্ধীল লেখক : Flaubert, Goncourt, Gautier, Murger, Maupassant, Paul Bourget । তাঁকে পুলিশে ধরলে, তাঁর অপরাধ এত জ্বল্থ বলে বিবেচিত হলো যে তিনি তার পক্ষে একটা উকিল পর্যন্ত পেলেন না। সত্তর বছর বয়র্গে তাঁর তিন মাস জ্বেল হয়ে গেল। তুমি শুনে আশুর্ঘ হবে অশ্রু, ভিজেটেলি তবু জোলার হবছ অন্থবাদ করাননি,—'an expurgated Zola outraged the sloppy Victorians!' এখন এই জোলা ইংলণ্ডেও বহুবরেণ্য ! তোমার বইয়ের বাজ্মে হাভ্লক এলিসের The Psychology of Sex-এর হু' তিনটে ভল্যম দেখলাম। এলিস্ এখন শ্ববিত্ল্য বলে বিশ্বকীর্ভিত, কিন্তু এই এলিস্কেই একদিন রাজ্বারে অভিযুক্ত হতে হয়েছিল—ইংলণ্ডে বই তাঁর ছাপা হলো না। তেমনি দেখো একদিন অভি-আধুনিকদের অস্কীল বই-ই স্থলপাঠ্য হবে—স্ইন্বার্ণ হয়েছে, ছইট্ম্যান হয়েছে—অথচ জীবদ্ধশায় এঁদের কম লাজনা ভোগ কয়তে হয়নি।

আঞা। সমাজে বে-ক্ষতি প্রচলিত আছে তাকে নষ্ট করতে এলে নিশ্চরই ইষ্ট হয় না। সমাজ ওঠে কেপে।

প্রভাত। এককালে মেয়েদের সেমিঞ্চ-পরাটা সমাজের ক্লচিতে বাধতো; তথন ব্লাউজের প্রচলন হয়নি বলে উত্তমাঙ্গ সম্বন্ধে তাঁলের বিশেষ আক্র ছিলো না। সেও একটা রুচি। এখন সে-কথা স্বপ্নে ভাবলে তোমরা স্বপ্নে জিভ কাটবে---গরমের দিনে থালি গায়ে শুয়েও। এককালে সহমরণে বাওয়াটা খুব উচ্চাঙ্গের সতীধর্ম ছিলো; এখন সে-অমুরোধ করলে তোমরা assault-এর চার্জ আনবে। বরং তু'রাত্তি শোক করা সোজা, চিতেয় উঠে চিৎকার করাটা বর্বরতা। ক্লচির কথা বোলো না। ইংরেজ মেয়েরা দেখায় বুক, বাঙালি মেয়েরা পিঠ, আর হিন্দুস্থানি মেয়েরা পেট। স্থচিরকালের জন্যে কোনো ক্ষচিই আটকে থাকে না। সব দেশেই সব সমাজেই ক্ষচি তার চেহারা বদলাচ্ছে জাপানে ও রাখ্যায় মেয়েরা একদঙ্গে উলঙ্গ হয়ে স্নান করে—শুনে তৃমি নিশ্চরই লব্জার নেতিয়ে পড়ছ - আমাদের কাছে এ-ফ্যাশান দম্ভরমতো অল্লীল-ইংরেজদের কাছেও। এককালে ইংলণ্ডে মেয়েদের স্বার্ট জুতো ছাড়িয়ে রাস্তার ওপরে পড়ে ধুলো না ঝাঁট দিলে আর রক্ষে ছিলো না, এখন সে-স্কার্ট গাঁটুর ওপর উঠেছে। পায়ের কোন point-এ এসে অস্ক্রীল বলে থামতে হবে বলতে পারো ? তিরিল বছর আগে ankle দেখে যে চাঞ্চল্য হতো এখন হাঁটু দেখে তা হয় না ; ডিফেন্সের সময় ষা বুক বলে নিন্দিত হতো এখন তা মাত্র কাঁধ! কিন্তু, আবার শুনছি স্বাটের নাকি অধঃপতন ঘটছে, অর্থাৎ কের নিচে নেমে আসছে; এর যুক্তিটাও কচিবৈষম্যের পরিচয় দেবে। কারণ নাকি এই : অনাবরণ সৌন্দর্যকে বাধা দেয়। সৌন্দর্য আসলে হচ্ছে ইসার।, রূপে নয়, রেখায়; রাসে নয় রসে; রহস্তে অর্থাৎ গোপনতায়। তাই এখন আবার সমস্ত শরীর ঢেকে ফেলবার জন্যে সবাই ঝুঁকে পড়েছে দেখছি। কখন আবার উলটোটা হবে কেউ বলতে পারে না।

অঞা। তোমাদের মাথা থেয়েছে যত পাশ্চান্তা সাহিত্য! আমাদের সান্থিক দেশে তোমরা বে-সব ভাব আমদানি করছ তাতে হাওয়া বিধিয়ে উঠেছে। যুরোপের ছাড়া-কাপড় পরে তোমরা আহলাদে আটখানা হয়ে যে সমস্থার সমাধানে কলম শানাচ্ছ দে-সব সমস্থাই ধোঁয়া, মনগড়া! যুরোপে যেটা জীবন মরণের কথা, সেটা তোমাদের কাছে রঙিন ভাববিলাসিতা মাত্র।

প্রভাত। মৃশকিল এই, সান্ত্রিক দেশের শিবের যে-পুজোর প্রথা আছে তা শুনে
মিস্ মেয়োর মৃষ্টা হয়েছিলো। গৌহাটির কামাথাা আমাদের দব চেয়ে বড়ো দেবী।
ভারতবর্ষের মন্দিরগুলি ঘ্রে ঘ্রে দেখে এসো দয়া করে। দয়জা-জানলা বন্ধ রেখে
বে-হাওয়া আমরা বিবিয়ে তুলেছি তাকে আমরা মৃত্তি দিয়ে পবিত্র করতে চাই।

আমরা আজ ছোট শহরের ছোট গলির বাদিন্দা নই, বিরাট পৃথিবীতে আমাদের বাদা, সব মান্তবের বেদনা আমাদের নিজের বেদনা। আমাদের সমাজে সমস্যা নেই তো কোথায় আছে ? পরাধীনতাই বড়ো সমস্যা; তারপরে sex। এই যে দিনের পর দিন নর-নারীর স্থাবির ব্যবধান চলেছে এটা কি দেশের পক্ষে খুবই শুভ ? যে-দেশে নর-নারীর স্থাবিন বন্ধুতার স্থান নেই—সে-দেশ উঠবেই তো বিবিয়ে। পাশ্চান্ত্যের ভাব আমদানি করছি বলে যে অভিযোগ করছো তারো ভারি মজা আছে। বাঙলায় ঘেটা অশ্লীল, সংস্কৃতে সেটা নয়, ইংরিজিতে তো নয়-ই। আবার জার্মানিতে ঘেটা অশ্লীল নয় দেটা ইংরিজিতে জবল্য। Dreiser-কে যথন তার Sister Corrie-য় জন্য ধরলো (পড়নি বইটা ? আমার কাছে আছে।) তথন সে বললে কি জান: আমার নাম Dreiser না হয়ে যদি Dreisershefsky হতো আর আমি যদি আমেরিকা থেকে না এসে Warsaw থেকে আসতাম তাহলে কপালে এই ত্বংথ থাকতো না। কিন্তু তা যথন নয়, বিদায়। গ্রামা থাটি ভাষায় লিথতে গেলেই মৃশকিল, খুব পোষাকি করে লেথ, মানিয়ে যাবে। ইংলতে বইয়ের দাম কম হলে অশ্লীল, বই মাকে উৎসর্গ করলে আর অশ্লীল নয়।

অঞা। তুমি sex-কে আমাদের দেশে খুব বড়ো সমস্যা বলে মনে কর ?

প্রভাত। নিশ্চয়ই ! হথর্নের মতো তাকে আমি ফুল নাই বললাম, তবে ঐ সমস্রাটার উপযুক্ত সমাধান হয়নি বলেই এত অস্বাস্থ্য, এত চিত্ত-দারিদ্র্য। আমরা হাত বাড়িয়ে প্রতি কাজে নারীর সাহাষ্য পাই না, তাই কাজ আমাদের কাছে উৎসব হয়ে ওঠেনি। এই আড়াল যদিন না ঘোচে তদিন ৪৮x বানান করতে গেলেই আমাদের দাঁত ভাঙবে। তাই আমাদের সাহিত্য মেয়েদের ব্রতকথার সামিল হয়ে উঠতে না পারলেই শিবের জটায় গঙ্গা গেল শুকিয়ে। এমন বই লেখা চাই য়া স্বচ্ছন্দে মেয়েদের পড়ার টেবলে পড়ে থাকতে পারবে—ষা বাপ-মা-ভাই-বোন মিলে পড়ে কাদতে পারবে। কিন্ত জীবনে এমন সব ব্যাপার নিত্যই ঘটছে, অঞ্চ, যাতে আমরা বাপ-মাকে নিমন্ত্রণ করলেও তাঁরা আসতে লক্জা পাবেন। সাহিত্যের বেলায় তাঁদের এই অভিভাবকত্বের অর্থ কোথায় ?

অশ্র । কিন্তু সাহিত্য থালি বে যৌনসম্পর্ক নিয়েই আলোচনা করবে এ-অস্বাস্থ্যও বা তুমি সমর্থন করছো কি করে ? জীবনব্যাপারে ওটাই কি summum bonum ?

প্রভাত। যদি বলি, তাই, আমাকে কী ভাববে জানি না। মাহুষের যত কিছু বৃহত্তর উপলব্ধি দব এই sex-এর সাহাষ্টেই ঘটেছে। ধরো প্রেম। প্রেম তো sex ছাড়া কিছুই নয়। তুমি ঐ শন্ধটার একটা স্থানিক অর্থ করো না—ও একটা ধর্ম; বাওলা ভাষায় ওকে অথবাদ করতে গেলে বলতে হয় ভালোবালা। থালি তাই নিয়েই লাহিত্য হবে,—লেথকরা দর্জি বা ছুতোর হ'লে তেমন ফরমায়েল করা বেতো হয়তো:
—কিন্তু যদি কারুর লাহিত্যে সত্যিই sex বডো উপাদান হয়ে ওঠে, তাকে বেন ক্লব্রিম লজ্জা এলে অভিভূত না করে, স্পষ্টকে লে যেন বলিষ্ঠ হতে দেয়। বে-লেখা গভীর উপলব্ধিপ্রস্ত যে কখনোই অশ্লীল হতে পারে না—, তাই ভল্টেয়ায় অশ্লীল নয়, হোরেল্ অশ্লীল নয়, বায়রন অশ্লীল নয়, শেক্স্পিয়ায় অশ্লীল নয়। কিন্তু এক লময় ইংলণ্ডে শেক্স্পিয়ায়ের অশ্লীলতা সংশোধন করতে এক মহাপুরুষের উদয় হয়েছিলো
—নাম তাঁর টমাল্ বোড্লার; তিনি শেক্স্পিয়ায়কে কাটতে বসলেন। কিন্তু আবার সেই মজা হলো, অশ্লা।

অঞা। কি?

প্রভাত। Victorian-দের কাছে দেই bowdlerised শেক্স্পিয়ারই মনে হলে। 'too frank'।

অঞা। আচ্ছা তুমি কি মনে কর না এই বে ঝাঁকে-ঝাঁকে লালসা-লিগু লেখা বেরুচ্ছে মাসিক কাগজে, তাদের বন্ধ করা উচিত ?

প্রভাত। Gourmont-এর একটা কথা শোন: When morality triumphs, nasty things happen. প্রচার বন্ধ করলেই কলম বন্ধ হয় না। অস্ক্রীলতার বিচার যারা করবে তাদের বিত্যে-বৃদ্ধির পরিচয় তোমাকে নতুন করে আরু দিতে হবে না। কিন্তু কি কারণে বন্ধ করবে শুনি ?

অঞা। লেখা পড়ে অপরিণতবয়স্ক ছেলে-মেয়েরা নষ্ট হবে বলে।

প্রভাত। এটাই মজা অঞ্চ, বারা এই অঙ্গীলতা prosecute করে তাদের নষ্ট হবার ভয় নেই, নষ্ট হবে তাদের স্থী, তাদের ছেলে-মেয়ে। নিজেদের এই প্রকার নিশ্চিন্ত superiority-বোধটা অত্যন্ত কোতৃকের কিন্ত। পরের জন্মে তার মাধা-বাধা, নিজে সে নিম্ভা। আছো, সিনেমা দেখে ছেলে-মেয়ে-স্থী থারাপ হয় না, রাস্তায় কুকুর দেখে, চৌরঙ্গিতে মেমদের পা দেখে ? তুমি shocked হয়ো না, অঞা। শান্তি দেবে বলে যে অঙ্গীল বই তুমি কেড়ে নিলে, ভোমার সেই অঙ্গীল নামান্থিত করে দেবার দক্ষনই কি তা ছ-ছ করে উড়ে বাবে না ? ছেলেরা ইন্থলের ঠিকানায় ভি-পি করে বই নেবে, স্থীরা দেওরদের দিয়ে বাজার থেকে কিনে আনবে ভবল দাম দিয়ে। এইটেই সব চেয়ে মজার, সাহিত্যের শ্লীলভার বিচার হবে criminal law অঞ্সারে, লাহিত্যিক রশবোধের নিম্নমাম্পারে নয়। বা সত্যিই কৃত্যী তা আপনিই বাবে ওকিয়ে, আদালতের লাল ফিতে বেখে তাকে মর্বাদা দেবার কারণ কি ? ছেলে-মেয়েদের চরিত্র থারাপ হবে ভেবে তোমারো যে মাথা ধরে গেছে। ছেলে-মেয়েদের ৪০ম সহজ্বে অচিয়া/২/২৪

train কর না কেন ? বাট্ট্যাপ্ত রাসেল্-এর মতাছলারে তুমি ভোষার ছেলে-মেরেদের লামনে ব্যায়াম করবার দমর নয় হয়ে তাদের মিখ্যা রহক্তলন্ধিশা নই করে দিতে পারবে ? বেখানে mystery সেখানেই অস্ত্রীলতা। ছেলে বখন বাপকে ওধায়: এঞ্জিন কি করে চলে, এরোপ্নেন কি করে ওড়ে, বাপ তাঁর লাধ্যমত উত্তর দিতে কুণ্ঠা করেন না। কিন্তু যখন ছেলে বলে: বাবা, আমি কী করে হলাম, তখনই বাপ আম্তা আম্তা করে জবাব দেবেন: তুমি চাঁদ খেকে নেমে এসেছ, উশ্বর তোমাকে দিয়ে গেছেন। চাঁদ খেকে যে নেমে আসা য়য় না, উশ্বরকে যে চোখে দেখা য়য় না এবং বাপের ঐ আম্তা আম্তা করে বলার জন্তেই ছেলের কাছে ব্যাপারটা দাঁড়ায় রহস্তাচ্ছের, বাপ দাঁড়ান মিধ্যাবাদী। ছেলের কোতৃহল বাড়ে, এবং যদি থারাপ হওয়া বলো দে তখন খেকেই খারাপ হয় । সাহিত্য পড়ে খারাপ হওয়ার ভয়, বাড়িতে গভিণী আত্মীয়া-বর্গকে দেখে ভয় নেই ? আন্তে হেসো, ভদ্রলোক জেগে উঠবেন। ম্বুমিয়ে আছেন বলেই এতো সব কথা বলা যাছে।

একবার স্থামেরিকার স্থূল-মেয়েদের sex-information-এর স্থাদি-কারণ স্থানবার জন্তে চেষ্টা হয়েছিল, বেশি মেয়ে যোগ দেয়নি—মোটে ১৫৫ জন। তালিকা বা হয়েছিল তা দেখ।

প্রভাত পকেট থেকে এক টুকরো কাগন্ধ বের করে বললে,—এটা আমি টুকে রেখেছি।

## অঞ্চ পড়তে লাগল:

পড়ে	92
কথাবার্ডা কয়ে	38
মান্টার, নার্সদের কাছ থেকে	•
চাকরদের থেকে	>4
দেখে ( পশুপাথি বাপ-মা ছেলেপিলে )	20
আত্মীয়-স্বজন	ъ
বুড়োবুড়ির থেকে	>0
	মোট— <b>১</b> ৫৫

আঞ্চ বললো: তবেই দেখতে পাচ্ছ পড়েই বেশি মেয়ে বকেছে।
প্রভাত হেসে বললো: কি-কি পড়ে বকেছে তারো একটা হিসাব নাও। বলে
আয়ারেক টুকরো কাগল বার করলো।

অঞ্চ পড়লো :

-বাইবেল

ডিক্সনারি

এনদাইক্লোপিডিয়া

শেকস্পিয়ার

ডিকেন্স

ডাক্রারি বই

শেপনসারের Faerie Queene

থাকারে

कर्क अनिएग्रहे

স্কট

মটলির Rise of the Dutch Republic

প্রভাত। আমাদের দেশেও যদি হিসেব নেওয়া সম্ভব হতো তো এরি অফুরপ মজার ব্যাপার ঘটতো নিশ্চয়। রামায়ণ-মহাভারত বাদ প্রভত না।

এন্সাইক্রোপিডিয়াতে অল্লীলতার কোনো ব্যাখ্যা নেই, তার বিচারের কোনো মানদণ্ড পাবে না। সব মিলে বইয়ের বিচার হবে, না, একটা লাইনে বা একটা মাত্ত প্রাদেশিক শব্দে, তা বোঝা কঠিন। তুমি তো স্তন সম্বন্ধ আপত্তি করেছিলে কিছ ফ্রান্সে বদলেয়ার হ্রদের সঙ্গে প্রেয়নীর উদরের বর্ণনা করেছিলো বলে কেলেছারির আর সীমা রইলো না। প্রেটো তো কবিতাকেই বনবাসে দিতে চেয়েছিলেন তাঁর Republic-এ, সেথানে "পাখী সব করে রব"-এর মতো নিল্পাপ কবিতারো স্থান হতো না, তিনি হোমারকে পর্যন্ত সাফ করতে চেয়েছিলেন। সায় দেবে তৃমি ? দেখ আমরা খুব ভালো দলে আছি – কে নেই আমাদের পক্ষে? ইউরিপিডিস্, শেক্সপিয়ার, শেলি—

व्यक्त । (मनि ?

প্রভাত। হাঁা, শেলি। Queen Mab-এ blasphemy-র জন্যে অভিযুক্ত হয়েছিলেন। তুমি নাম শুনে যাও: বায়রণ, মৃসে, ওভিড্, ভলটেয়ার, রুসো, গায়টে, মলিয়ার, ডন্টয়ভশ্কি—এমন কি সেন্ট অগন্টিন পর্যস্ত।

অশ্রম থোলা চুলগুলি ত্'হাতে মৃতি ভবে ধরে প্রভাত বললো: পৃথিবীর অনিষ্ট করবে মাস্থবের এই passion? এ কথা তুমি বিধাস করতে পারো? সমালোচকদের মতো এই বিধাসে আমরা সভিত্তি আনন্দ পাই না অশ্র, যে, মান্থব সব সময়েই অবনত অধ্যপতিত হ্বার জন্তে উন্মুখ হয়ে আছে। আমরা মান্থবের মহত্বপূর্ণ ব্যক্তিতে বিধাস করি। তুমি কি মনে কর শেক্স্পিয়ার এর Venus and Adenais না পড়লেই

নিশাপ ও নির্মল থাকবে ? পৃথিবীতে একমাত্র ঋতৃসংহারই কি পুণাসংহার করতে বজ-পরিকর ? এই পৃথিবীর পাপ ও লোভ, রোগ ও দারিন্দ্রোর ( সবগুলিই মান্ন্র্রের অনিষ্টকারী ) মাঝে থেকেও যারা তৃ'চারটে সংস্কৃত শ্লোক পড়তে ভয় পায়, sex-এর নামে যাদের ধন্নুষ্টকার হয়—তাদের সঙ্গে কার তুলনা দেব ? একবার কোন এক ফাঁসির কয়েদিকে ফাঁসি-কাঠে লটকাবে বলে জেল থেকে নিয়ে যেতে এসেছিলো। জেল থেকে ফাঁসির জায়গা কতটুকুনই বা পথ! বৃষ্টি এসে গেল হঠাং। কয়েদি বললে: ছাতা দাও, ভিজতে পারবো না। ছাতা মাথায় দিয়ে কয়েদি ফাঁসি-কাঠে গলা পাতলে। এরাও সব যেন তাই,—ফাঁসির কয়েদি হয়ে ছাতা খুলেছে! কিন্তু ঢের হয়েছে অঞ্চ, আর না।

আর না মানে, আর কথা নয় – এইবার একটু বিশ্রাম করা যাক। ঘুম অবিশ্রি খুব পাচ্ছেনা, তবু দেহটাকে একটু প্রসারিত করতে পারলে আয়েস হতো। এই ভেবে প্রভাত মাথাটা একটু হেলিয়ে দিতেই অশ্রের বুকের কুলায়ে আশ্রয় পেলো। গাড়ি পুরো দমে চলেছে, — অন্ধনার ক্রমেই আবছা হয়ে আসছে। ভদ্রলোক আড়মোড়া ভেঙে পাশ ফিরলেন; অশ্র চঞ্চল হয়ে উঠতে চাইছিলো, কিন্তু বুকের ভার রইলো অটল হয়ে। এমনি উদাসীন হয়ে আধশোয়া অবস্থাটা মন্দ নয়। গেল অনেকক্ষণ কেটে। নৈহাটি ছেড়েছে। প্রভাত উঠে বসলো, কিন্তু বায়রণের কবিতার তুটো লাইন বলবার জন্মে। ঐ লাইন-ছুটো বলবার প্রয়োজন হতো না যদি না অশ্রু (বোকার মতো) বলে উঠত: কী গ্রম!

অতএব প্রভাত ভেবে দেখলো লাইন হটো বলা দরকার:

"What men call gallantry and the gods adultery, Is far more common where the climate's sultry."

বলে ত্'হাত দিয়ে খ্ব বড়ো একটা গোলাপফুলের মতো আশ্রুর মুখ একেবারে নিজের মুখের কাছে তুলে আনলো। হলিউডে হলে এথানে খ্ব একটা চমৎকার close-up হতো সন্দেহ নেই।

আগে থেকেই চিঠি দেওয়া ছিলো। সব ঠিকঠাক। অশ্রুকে হোটেলে পৌছে দিয়ে প্রভাত হারিসন রোভের মোড়ে এসে বাস্ নিলে। বাড়ি এসে গেল পনেরো মিনিটে। ওদের গলিতে পা দিয়ে দেখলো কিছুই বদলায়নি। আশ্রুর ! বাকে বসে তেমনি দোকানিটা ফুলুরি ভাজছে, ফিরিওলা তপ্সে-মাছ হেঁকে খাছে, রান্তার ওপরে কর্পোরেশানের একটা নো-রোভ লাগানো, দ্বে একটা রোলার দাড়িয়ে। এই ওর পরিচিত পৃথিবী! আশ্রুর ! বাড়ি চুকে নিশ্চয়ই দেখতে পাবে মা ছাতে ঘুঁটে দিচ্ছেন,

নাটু গালের ওপরে মাছি তাক করছে। ওর বাড়িটা তেমনি বিবর্ণ বিমর্ব হয়েই আছে! বাঞ্চিটা মেঘলোকে প্রমোশান পায়নি।

নাটু বারান্দায় বসে মহাশৃত্যকে মৃথ ভেওচাচ্ছে; পাছে দাদার পায়ের শব্দ চিনে আনন্দে চিৎকার করে ওঠে সেই ভয়ে প্রভাত অতি নিঃশব্দে পা ফেলে-ফেলে ভারে চুকলো। সারা রাত্তির অনিস্রা - শরীর পড়ছে ভেঙে; তবু জুতো-জামা না খুলেই ভাঙা চেয়ারটায় বসে পড়ে পা ছড়িয়ে দিলো। নাটু এখন তার মাথার চুলগুলো টেনে-টেনে দেখছে দাঁত দিয়ে কামডে ধরা যায় কি না।

এখুনি মা এসে পড়বেন—অন্ত কাজে ব্যস্ত আছেন নিশ্চয়। মা এসে গেলেই ছ্রিয়ে গেল! স্থান করতে ষা, পোস্তর বড়া হয়েছে গরম-গরম, চল্ আপিসে, ছুতো হুটো বুরুশ করে নে—যা ধ্লো জমেছে! মাথার চুলগুলি কবে কাটবি ? কেমন লাগল জলপাইগুড়ি ? কি বললে অঞা ? বাপ জায়গা দিয়েছে ?

থেয়ে-দেয়ে পেটের বাঁ দিকে একটা বেদনা নিয়ে ছুটে ওর বাদ্ ধরতে হবে---দাঁড়িয়েই ষেতে হবে, আপিদ-টাইমে জায়গা নেই বদবার। আপিদে গিয়ে চেয়ার टिंप्स वमर्टिं माम्प्स अब रमरे नाक-गामिं। ज्यांनीवावूत मरक रमथा रुख बार्य-দেশলাইয়ের কাঠি বার করে অনবরত দাঁত থোঁচাচ্ছেন। কে একজন নাকি পিন্দিয়ে দাঁত খুঁচিয়ে মরে পেছল। আচ্ছা, জাপানে না কি চুমু থাওয়া বারণ হয়ে গেছে, কারণ প্রতি চুমুতে নাকি হাজারে-হাজারে বীজাণু ঠোঁটের থেয়া পারাপার করে। অশ্রুর যদি টি. বি. থাকে ? বাঙলা দেশে এত লোক টি. বি. তে মরে অথচ একটা স্যানাটোরিয়াম বই লিখলে: Chapter the Last। বাঙলা দেশে একটা থাকলে আরো কি গল্প লেথবার থোরাক জুটতো। আচ্ছা, টি. বি.-টা খুব কাব্যির ব্যারাম, তাই সব লেখকই রক্তামাশর বা বেরিবেরি ছেড়ে টি. বি.-র রক্তরাগে রুমাল রাভিয়েছেন। প্রেরসীদের বেরিবেরি হয়ে পা ফুললে আর রক্ষে ছিলো না, কোনো প্রিয়ার গলগগু হয়েছে বলে শোনা যায়নি। পৃথিবীতে কা রোগ নেই? যদি কেউ এসে বলে: একটা লোকের বাঁ কানটা ভান কানের জায়গায় এসে উল্টে বসেছে—প্রভাত মাসুষের এইটুকুন শরীরে ছ শ' ছাপ্পায়টা বিশ্বাস করবে। ব্যাধি। তবু তাকে চোথ লাল করে তম্বি করা হলো কি না—ভালো হও। শরীরে রক্ত मिरा वनल कि ना - मफ़तिज रुख; मक्शांत वन टेजिं करत वना रामा- खशांन हित्य **(इं**टिंग ना, गफ़्त्य भफ़्त्व । मह्या नामाँगे त्वन । तश्र्व भावात आरगत काक-नाम, পেলে পরে তার নাম হওয়া উচিত দ্রাক্ষা। একবার কে এক মান্টার দ্রাক্ষার মানে করেছিলো কিসমিস। 'বক্ষে দ্রাক্ষা গুচ্ছে গুচ্ছে'— এমন একটা লাইনের টুকরো

এতদিনে বাঙলা কবিতায় পাওয়া গেলো। বাঙলা কবিতা নিয়ে মাথা না ঘামালেও চলবে—মার গলার আওয়াজ পাওয়া গেছে। খরের দিকে এসে পড়লেন বুঝি r ও এতক্ষণ অঞ্চকে না ভেবে বেরিরেরি নিয়ে রিসার্চ করছিলো। সত্যি, অঞ্চকে এত কাছে পেয়ে এসেছে অথ5 ওকে ভাবা যাচ্ছে না। আকাশ-ভরা রোদের দিকে চেয়ে জ্যোৎসার কথা ভাবা মৃশকিল। অশ্রুর চোথ ভাবতে গিয়ে ভুরু মনে পড়ে, ভূকর দীর্ঘতা অমুসরণ করতে গিয়ে মাঝপথে হঠাৎ ঠোঁট ঘুটি এসে আবদার জানায়। এতো নিবিড করে অশ্রুকে স্পর্ণ করা হলো অথচ ওর হাতের আঙু লগুলো নিয়ে নাড়াচাড়া করা হয়নি! সিংহের সৌন্দর্য যেমন কেশরে, নারীর সৌন্দর্য তেমন নথাস্কুরে ! প্যারিদ যে হেলেনকে চুরি করে নিয়ে গিয়েছিলো তা শুধু হেলেনের আঙুলে প্রলুব্ধ হয়ে। রামের চেয়ে মেনিলিউস কত উদার—সীতাকে অগ্নিপ্রবেশ করতে হয়েছিলো, হেলেন একেবারে স্বামীর বাছপ্রবেশ করলে। একেই বলে গ্রীক। আচ্ছা, টেলিমেকাস-এর সঙ্গে হেলেনের সেটা কি স্তিয় ? টেলিমেকাস্টা ভারি ভীক-আমাদের লক্ষণ-টাইপের। লক্ষণটা চোন্দ বছর সীতার পা-ই দেখলে —এতো বড় উজবুক বাল্মীকি ছাড়া কেউ কল্পনা করতে পারতো না। আচ্ছা, বাল্মীকি হলে ট্রেনের সেই ভদ্রলোককে সেই ব্যাধের মতো অভিশাপ দিতেন ? সেই ভদ্রলোক কেমন ঠেসে ঘুমূলে! ভূঁড়িটি কি অটুট ! অশ্রুকে অত সব বক্তৃতা না দিয়ে কোলের ওপর ছোট খুকিটির মতো ঘুম পাড়িয়ে দিলেই তো হতো ভালো। চোথের পাতায় চুমু থাওয়াটা এলিজাবেথান্ যুগে একটা ফ্যাশান ছিলো, ভালোবাসারো ফ্যাশান বদলায়। Passion-এর জন্মেই passion, যেমন আর্টের জন্মেই আর্ট-এ নিয়ম উঠে গেল কেন ? Paolo ও Francesca-র ভালোবাসা ভনতে ভালো— নরকেও তারা বিচ্ছিন্ন হয়নি, কিন্তু তেমন ভালোবাদা বিংশ শতাব্দীতে দইবে না— Paolo, Francesca-র কি-রকম আত্মীয় ছিলো, বিয়ে হতে পারতো না—তবু তাদের মিলন হলো। আচ্ছা, অজুন তো তার মামাতো বোন স্বভন্তাকে পরম আরামে বিয়ে করলে ! মাস্ত্রাজে কোনো কোনো জাতে নির্বিবাদে ভাগ্নিকে বিয়ে করা চলে । বড়ো সব মজার আইন,—মহুর মতে বাপের ও মার তুই দিকেই সাত ঘর ারণ, পৈথিনসির মতে বাপের দিকে পাঁচ ঘর ও মার দিকে তিন। বাঙালি বান্ধণেরা তাই নিষ্ঠা সহকারে পালন করছেন, -- মহু এখানে অমান্ত। আবার বেদ কী বলে শোন। বেদের মতে পিসির মেয়ে আর মামার ছেলেতে পরম বন্ধুতাক **अर्थांग चार्ह अरः উ**ल्होर्डे न्हि । माक्कां बिन्ना हानाक — अरे नित्रमहा नुरक निराह । অন্ত:পুরে cousin-দের মধ্যেই বে প্রেম ভালো জমে এ কথা অস্বীকার করা আঞ্চ বেদকে ভ্রাস্ত বলা সমান মিধ্যা। বাইরে আব্রু, ভেতরে মিল – এমন একটা মধুর সম্পর্কের ক্ষেত্র আছে বলেই বাঙালির অন্তঃপুর বলতে আজো আমাদের মন আনচান করে ওঠে। আছা, এমন বদি হয় (হলেই হলো) অঞ্চ ওর বোন-মামাতো মাসতুতো নয়-একেবারে সহোদরা! ধরা বাক, শিশুকালে অঞ বার মরে---षामात्न नित्र यात्र, थ्व वृष्टि नात्म, नव स्मान नव षामान-विद्वता प्याध्यत्रं व्याप्त, वृष्टि थामाल अरम त्मरथ मन व्यवस्थीन करत्रहा । अन्य समहे मन यमि व्याह्म ( बना माक ) কুড়িবছর পরে বোন বলে দার্টিফিকেট দেখায়—তবে ? সত্যি, উগ্র ও উন্মুখ অধরেতির কাছে অশ্রর আত্মদানে মহত্ত আছে। অশ্রর গলা ঠিক শঙ্খের মতো। এবার কাছে পেলে ও ভালো করে অশ্রকে দেখবে খুঁটিয়ে খুটিয়ে। দেহের মতো সোধ আর আছে কী ? পৃথিবীতে কিছুই সম্পূর্ণ করে দেখা হয় না। মানচিত্রে ওপোর্টো বলে বে-জায়গা আছে এ-জন্মে তার মাটি ও মাড়িয়ে আসতে পারবে না। এই সময়ে লণ্ডনে গ্রীন পার্কে যে মেয়েটি বেড়াচ্ছে ( একটি না একটি মেয়ে নিশ্চয়ই সে-পার্কে আছে ) তার সঙ্গে আলাপ করা হবে না। সত্যি, কত অল্প আয়ু, কী ভীষণ ! এতো আশা অপূর্ণ থেকে যাবে—এতো সব পর্শাতীত হয়ে রইলো ! হাত বাড়িয়ে আকাশকে পাওয়া যায় না বলেই নাকি আকাশ হুন্দর ! পেতে পারে না वरनहे माञ्च हो । हो हो था हो । को वन—हो है था हो । को वन्न कि ? हो है একটি বিছানা ছটি করে ছোট ছোট হাত পা—একটি শিশু! যদি ভথোয় কোখেকে এলাম—প্রভাত তার ঠিক উত্তর দেবে—অক্ষরে-অক্ষরে। অশ্রুকে লক্ষিত হতে দেবে না।

আচ্ছা, অশ্রুর সঙ্গে সেই ওর বাড়ি থেকে পালাবার রাত্রে প্রভাতের সঙ্গে একটা বিয়ে হয়ে গিয়েছিল না ? তবে ওরা কোখাও বর নিয়ে একসঙ্গে থাকে না কেন ? সর্বনাশ ! তা হলেই তো ভৃষ্টিনাশ । হাড়ে-হাড়ে চেনার চেয়ে ধারে-ধারে চেনা অনেক ভালো । তাকে নিয়ে ঘরে এনে পর করার জন্তে নয়, বাইরে রেখে পরম করার জন্তে । ধরা না দেওয়া মানেই ভরা হয়ে থাকা, সব সময়েই ভরা হয়ে থাকা ।

ছপুরে একটা কাণ্ড ঘটে গেল। থাওয়ার পর থানিকক্ষণ পাইচারি করা অপ্রস্থর অভ্যেস। এবং আজকে ইন্থল নেই বলে, কোনো উপস্রব নেই বলে, তুপুরে নিশ্চয়ই একটু মুম্নো বাবে। বেশ পরিষার তকতকে বিছানা— অচেনা বিছানায় চট করে মুম্ আসবে না বলে অপ্র একটা দৈনিক কাগন্ধ যোগাড় করেছে। এই শেষ বিজ্ঞাপনটা পড়া হলেই কাগন্ধটা বাতাহত কদলী-পত্রবৎ ভূপতিত হবার আয়োজন করবে এমন সময় দোর গোড়ায় জুতোর শব্দ হলো। অপ্রস্থ জিহ্বা এমন অসাবধান যে চূল্কে

উঠলো: এসেছ ? ষেন আপিস পা লিয়ে এলেই প্রভাতের চতুর্বর্গ ফললাভ হবে !
কিছু এটা স্পষ্টই বোঝা যাচ্ছে জুতোর অধিকারীটি নিশ্চরই প্রভাত নয়—অশ্রন
সেজকাকা:

আলা বিছানার ওপর উঠে বদে ত্'হাত পেছনে তুলে একরাজ্যের চ্ল নিয়ে হাঁপিয়ে উঠলো। সেজকাকা সোজা চেয়ার টেনে বসে পডলেন, সার্চ করতে এসে পুলিসের কর্তার বোধকরি এমনি মনোভাব হয়; অপারেশান্-এর আগের মৃহুর্তের ক্ষণীর মতো অলা নার্ভাস হয়ে পড়লো। তব্ তাড়াতাড়ি নিজেকে সামলে নিয়ে খাট থেকে নিচু হয়ে সেজকাকাকে প্রণাম করার জন্ম হাত বাড়ালো, কোঁচা দিয়ে সেজকাকা জ্বতো ঢাকলেন। বোঝা গেল প্রণাম তিনি নেবেন না।

কিন্তু কথা আরম্ভ হওয়া দরকার। সেজকাকাই গলা থাঁথরে নিলেন, বললেন,— কার সঙ্গে এলি ?

অঞ তথন থাটের একেবারে ধারটাতে বসে ইাটুছটোকে একটা acute angle এ বাঁকিয়ে পা-ছটোকে দিয়েছে থাটের তলায় চালিয়ে! ছই চোথে বৃদ্ধি ও প্রতিভা বেন চক্চক্ করছে,— ললাটে প্রতিভার দীপ্তি। হাত হ'টি ষে টান করে রেথেছে বিছানার ওপর তাতে পর্যন্ত যেন নিঃশঙ্কতার ভাব আছে। হাঁটু ছটো একটু ছলিয়ে ও ওর ক্লণেকের স্নায়বিক দৌর্বল্যকে ধমক দিলে। বললে—জলপাইগুড়ি থেকে এক ট্রেনে একলা চলে আসার মধ্যে অল্কেরো বীরত্ব নেই। তবে সোভাগ্যবশত একলা ছিলাম না, সঙ্গে সাথি ছিলো।

সেজকাকার এত রাগ হলো যে পাঞ্চাবির গলার বোতামটা খুলে ফেলতে হলো। বললেন—কে সে লোক ?

অশ্রু অক্ষরগুলো স্পষ্ট করে উচ্চারণ করলো : শ্রীপ্রভাতমোহন—

সেজকাকা মুথের খা-একথানা ছাঁচ করলেন স্টান্তি-হিসেবে ধে-কোনো মিউজিয়মে স্থান পেতে পারে। বললেন,—এ হতচ্ছাড়া বিশ্ববয়াটে ছোড়াটা – ঐ চরিত্রহীন—

আশ্রু রীতিমত কৌতুক বোধ করলো। প্রভাতের নাম-মাহাত্ম্য এমন প্রবল ভেবে হিংসেও হ'ল এক টু। হাসির ভূরভূরি চেপে একটা কিছু বলা দরকার, তাই বললে— চক্ষ্ না থাকলে তাকে অনায়াসে চক্ষ্টীন বলা যায়, কিন্তু চরিত্র বন্ধটি যে কোথায় আছে, বা কোথায় নেই occultist-রা পর্যন্ত সন্ধান পান না।

এর উত্তর কি হতে পারে দেজকাকাকে তা ভাবতে দিয়ে ইতিমধ্যে আমরা তাঁর দেহবর্ণনাটা সেরে নি। এটা অবশ্ব খুব জরুরি নয়, তবু সেজকাকাকে আমাদের মনে ধরেছে। সব চেয়ে যেটা প্রথবরূপে ব্যক্তিত্ব্যঞ্জক তা হচ্ছে সেজকাকার ভয়ে পড়া নাক, অনেকটা ধনেশ পাথিব ঠোটের মতো —এবং সেই নাকের ওপর একটি মটর- দানার মতো ছোট আঁচিল। দেখলেই কড়ে আঙুলের টোকা মেরে ফেলে দেবার পরখ করতে ইচ্ছা করে—আঁচিলটা এমনি আলতো হয়ে বদেছে। এটুকুনই ষদি সে মুখের বিশেষত্ব হতো—তাহলে বোঝা খেতো সেজকাকা মাত্র পিউরিটান; কিন্তু সেই উন্থত-থজ্গের মতো নাসিকার তলদেশে একটি স্থুল ও হাইপুই গুদ্দ বিরাজ করছে, শুধু বিরাজ করছে না, সম্মার্জনীর মতো একটা মার্জনাহীন ক্ষকতা নিয়ে সর্বদাই মারমুখো হয়ে আছে। গোঁকের প্রত্যন্ত প্রদেশত্টো আগে ঠোঁটের সমান্তর্যাল করে ছাঁটা ছিল, কিন্তু একদিন অবাধ্য ক্ষ্র গল্পের দেই আদর্শ বিচারক বাদরের মতো সমান করে গোঁকের চৌহদ্দি ভাগ করতে গিয়ে গুদ্দটিকে একেবারে নাসারক্ষের তলায় ঠেলে এনে তার দারোয়ানি দিয়েছে। এবং তাতেই চেহারার আরেকটি বিশেষণ বেড়েছে: পরনিন্দুক।

অশ্রর কথার উত্তরে দেজকাকা কিছুই ভাবতে পারলেন না। অতএব প্রশ্ন পালটানো আবশ্যকীয় হয়ে উঠলো। বললেন—বাড়ি না গিয়ে এখানে এসে উঠেছিস যে?

মিহি করে হেসে অঞা বললে—বাড়ির দরজা তো তোমরাই বন্ধ করে দিয়েছ। আমাকে তোমরা বে অপমান করেছো একমাত্র মেয়ে হয়েছি বলেই আমাকে তা পিঠ পেতে সইতে হবে এতো বড় অমান্থব হয়ে তোমাদের বংশে আমি জন্মাইনি, সেজকাকা।

হেসে কথাটা বললে বলে কথাটা সেণ্টিমেণ্টাল হলো না। সেজকাকা তাঁর গুদ্দ-বিন্দৃটি উন্নত করে: ত্বণার পরিচায়ক) বললেন— তমি যথেচ্ছাচারী হয়ে ত্বুরে বেড়াবে আর আমরা অভিভাবক হয়ে তাই দেখে নির্লিপ্তের মতো হাই তুলবো আমাদের কি এত বড়ো অমাহুষ হতে উপদেশ দাও নাকি ?

বোঝা গেল সেজকাকা চটছেন, সম্বোধনের ভাষা তাঁর মধ্যমপুরুষে পদ্পত্ব হয়েছে। অশ্রু বিনীত স্বরেই বললে—ভাষার যথেচ্ছ প্রয়োগের জল্ঞে কতগুলো কথার অপপ্রয়োগ ঘটেছে, নইলে যথেচ্ছাচারী কথাটা শুনতে যতো থারাপ তার সন্তিয়কারের অর্থটা তত ক্যক্কারজনক নয়। নিজে যা ভাল বলে ব্রুবো অরুণ্ঠচিত্তে তাই পালন করবো,—এর মতো চরিত্রগর্ব আর কি আছে ? পরেচ্ছাচারজনিত অপমান আর আত্মহত্যা সমান জিনিস।

সেদ্ধকাকার এবার দাঁত দেখা গেল, পান-খাওয়া পোকায় কাটা দাঁত, অর্থাৎ— খেলো কথ্য ভাষায় বলতে গেলে—সেদ্ধকাকা দাঁত খিঁচোলেন: ভাই বিয়ের সভা থেকে পালিয়ে যাওয়াকে তুমি চরিত্রগর্বের নম্না বলে আত্মতৃপ্তি লাভ করছো?

দাড়ের ওপর থোঁপাটাকে জুৎ করে বদিয়ে অঞ্চ শাদা থরথরে গলায় বললে —

সে তিন বছরের কথা। কেন পালিয়ে এসেছিলাম তার অর্থ টা এখন অম্পষ্ট হয়ে এসেছে বটে, কিন্তু মিধ্যা হয়নি। শ্বদি তুমি শুনতে চাপ্ত তো বলি !

গুদ্দবিন্দ্ৰে স্চাগ্ৰবৎ তীক্ষ করে সেজকাকা বললেন—শুনি !

অশ্রু ডান হাঁট্র ওপর অতি ধীরে বাঁ calf-টি স্থাপন করলো, বিছানায় আধখানা কাৎ হতে পারলে অতীত দিনের গল্প বলায় যে সহজ একটা স্থুও আছে তা সম্পূর্ণ; করে সজোগ করা যেতো, কিন্তু সেজকাকা নেহাৎই সেজকাকা। পায়ের ওপর পাতোলাটি পর্যন্ত তাঁর লক্ষ্যন্তই হলোনা। অশ্রু বলল—বিয়েতে সমত হওয়াটাই প্রথমত আমার ভুল হয়েছিলো, শতকরা নিরানকাই জন বাঙালি মেয়ের মতোলামিও যাচাই করে দেখলাম না—বিয়ে করতে আমি প্রন্তুত আছি কিনা। নানান পারিবারিক ঘটনা-আবর্তে পড়ে আমিও একটা খড় ধরতে ছুটেছিলাম। কিন্তু ভুল আমার ভাঙল—ঠিক বিয়ের লগ্ন এসে পৌছুতেই। ভূল যদি ভাঙলই, ভাঙুক, তার সময়টা ঠিক পাজির সঙ্গে মিল রাখছে কি না সে-দেখবার সময় আর ছিলোনা। পালালাম! কেন বিয়ে করছি, কাকে বিয়ে করছি এই প্রশ্নগুলো এমন গোলমাল বাধিয়ে তুললো যে বিয়ের বাভি আমার কানেই চুকলো না।

সেজকাকা। বিয়েটা ভূল হচ্ছিল কিসে? এমন স্থযোগ্য পাত্ত!

অশ্র । সেথানেই লাগলো খটকা—ঠিক স্থযোগ্য কি না। তা ছাড়া পাত্র স্থযোগ্য হলেই মিলনটা স্থভোগ্য হবে কি না—

সেজকাকা ধমকে উঠলেন; তার মানে ?

অশ্রণ। ঐ তো মৃশকিল, তুমি সেজকাকা হয়ে বসে থাকলে থোলাখুলি কিছুই বলা যাবে না। সম্পর্কের মিথো নৈছিলের থোলস না থসাতে পারলে পদে-পদে আমার বাধবে। Confession করতে গিয়ে যদি দেখি যে পুরোত ধমকাচ্ছেন তাহলে পুরোতেরো ধর্মচ্যুতি ঘটে! ভাজারের কাছে রোগের হিষ্ট্রি বলতে ক্লগীর লজ্জা করলে চলে না, উকিলের কাছে মন্ধেল যদি মিথ্যাবাদী হয় তাহলে মোকদ্দমা যায় কেঁসে। তোমার অভিভাবকত্বের সিংহাসন ছেডে তুমি যদি আমার সঙ্গে সমতল জায়গায় এসে না দাঁড়াও, তাহলে আমাকে প্রশ্ন করা বুথা।

চেয়ারে সামান্ত স্থান পরিবর্তনপূর্বক দেহভার পুন:স্থাপন করে সেজকাকা বললেন—আছো।

আঞা বা পারের পাতাটি সামান্ত একটু ছুলিয়ে-ছুলিয়ে বলে চললো: শতকরা নিরানবাই জন বাঙালি মেয়ের মতো দ্রদর্শিতাহীন অন্ধ আত্মদানের লক্ষা আমার সইলো না, আমি ঐ বাকি একজন! আমি অসাধারণ। বাঁ হাতে ত্যাগ করবার সাধীনতা না রেখে দক্ষিণ হস্তে আমি গ্রহণ করতে রাজি নই। আমি বারে বারে গ্রহণ করবো, বারে বারে আমার বাজার প্রতিবন্ধককে উত্তীর্ণ হয়ে বাবো। সেই পণ করেই সেদিন বেরিয়েছিলাম।

সেজকাকা। তাই আমাদের সবার মূখে কলছের কালি মাথিয়ে তুমি এমন একটার অনাচার করলে।

অঞা। কঠের হাড়ে বদি থাইসিসের পোকা পাওয়া বায়, তবে দে-হাড় উপড়েই ফেলা উচিত; কঠাভরণ শোভা পাবে না ভেবে সেই পচা হাড় পুষে রাখা স্বাস্থ্যের লক্ষণ নয়। তোমাদের কলকের কালির ভয়ে আমার জ্বস্ত আত্মর্বলিটা নীতিশাত্মের দিক থেকে যতই কীর্তিত হতো না কেন, আমার পক্ষে সেটা হতো পরম অসতীত্ম। (এখানে সেজকাকা একটা মুখভঙ্গি করলেন) একটা ভূল বদি করেই থাকি তা সংশোধন করবার স্বাধীনতা আমার থাকবে না — সমাজের এই জুলুম আমি কিছুতেই মানবো না। একটা গোটা মাস্ক্রের চেয়ে তোমাদের দশ জনের আরামের সমাজ নিশ্চয়ই বড়ো নয়। তাছাড়া—

সেক্সকাকা তু'পাটি দাঁত দৃঢ়বন্ধ করে কীটক্কত দস্তরন্ত্র দিয়ে আওয়ান্ধ করলেন: তাছাড়া ?

অশ্র । তাছাড়া আমার এই বিয়ের পেছনে একজনের বেদনা ছিলো। তথন মন্ছিলো কাঁচা, আমার মিলনোৎসবে কোনো উপবাসী আত্মা পিপাসার্ত চাতকের মতো চেয়ে আছে এ ভাবতে আমার হৃদয় কেঁদে উঠলো। সে-দিনের কথা বলছি, নইলে সেই মিলন যদি আমার সত্যি হতো তাহলে অন্তের অনাহত অশ্রবর্ণকে আমি গ্রাফ্ করতাম না। সে মিলন শালগ্রাম পাথরের মতোই মিথ্যে বলে আমি বেফলাম, এবং থেখানে এসে প্রথম বিশ্রাম নিলাম সে হচ্ছে প্রভাতের বাড়ি।

সেজকাকা। যে-ছেলে এমন করে কাঁদলে ভাকে বরণ করলেই তো ল্যাঠা চুকে যেত।

অঞা। ওর কারা মোছাতে গিয়ে আমাকে হতো কাঁদতে,—ল্যাঠা চুকতো না।
তাছাড়া কাঁদতে পারাটাই ভালোবাসার পরম মূল্য নয়। নে-পরীকাই আমার, দেঅর্সদ্ধান। তোমার সঙ্গে এ-সব বিষয় নিয়ে সবিস্তার ব্যাখ্যা করায় অস্থবিধা আছে।
তুমি যে আমার সেজকাকা এ-কথা তুমি কিছুতেই ভূলতে পারছো না।

সেজকাকা জোর দিয়ে উঠলেন: নিশ্চয়ই না। ছেলে হলে বেত নিয়ে আসতাম, একাস্ত মেয়ে হয়েছিস বলেই—

অশ্র গম্ভীর হয়ে বললে: তাই তথু ধমকে অভিভাবকদ্বের মাইনে নিতে এসেছ ? প্রণায় মুখ কুঞ্চিত করে সেজকাকা বললেন—তাই পুরুষ দেখে বেড়ানোই ভোমার পরমার্থ ? এই তোমার পরীকা!

অশ্রু কঠিন হয়ে বললে—Don't be vulgar. ( হঠাৎ ওর ফের জয়েস-এর কথা মনে পড়লো। সব অল্পীলতাই স্টাইলে, ব্যবহারে। Per se কোনো জিনিসই অল্পীল নয়। ঐ কথাটাই যদি সেজকাকা এ-রকম করে বলতেন: নব নব জীবনের স্পর্শ ও স্বাদ পাবার জয়্যে—তাহলে ভাষাটা রবীক্রনাথেরো অযোগ্য হতো না।)

সেজকাকা চেয়ার ছেড়ে উঠে বললেন—তাহলে যাচ্ছিদ না তুই বাড়ি?

অশ্রুও উঠে পড়লো, আর সঙ্গে দক্ষে থোঁপাও গেল ধুপ করে ভেঙে। এবার অশ্রু আর থোঁপা মেরামত করতে বদলো না। দীর্ঘ, ঘন চুল—ঠিক এমিলিয়া ভিভিয়ানির চুলের মতো! দর্বাঙ্গে ওর Greek contour. (contour-এর বাঙলা করা যাক দেহবহিমা।)

আশ্রু বললে—এর পরেও তুমি যেতে বলো ? তোমাদের কলঙ্কভাজন হয়ে !
সেজকাকা। কিন্তু তোমার নামে চতুর্দিকে তো ঢি-ঢি পড়ে গেছে। জলপাইগুড়িতে
তো কম কেলেঙ্কারি করনি।

আশ্র । জীবনের অভিধানে ও শব্দটার বিভিন্ন অর্থ, সেজকাকা। সে-জন্মে আমি মাথা ঘামাই না, তোমরা না ঘামালে ঘুমুতে পারবে। যে পঞ্চসতীর নাম করে তোমাদের মহাপাতক নাশ হয়, আমিও না-হয় তাদের দলভুক্ত হলাম। ক্ষতি কি ?

ইদানিং বেলাগুলো আচমকা পড়ে আসে; আকাশকে রোগী ভাবলে ভাবা যেতে পারে ও হার্ট-ফেল করলে। এমনি সময় ব্যাপারটা ঘোরালো হয়ে উঠলো প্রভাতের আবির্ভাবে—আকস্মিক ও প্রত্যাশিত। সেজকাকা বলে উঠলেন: এই যে।

এবং কালবিলদ্ধ না করে প্রভাতের একটা হাত ধরে তাকে বাইরে বারান্দায় টেনে আনলেন। ব্যাপারটা বেশ নাটকীয়, নাই-বা হলো ভদ্রতাসঙ্গত—আমাদের বঙ্গরঙ্গ-মঞ্চে অনায়াদে চলতে পারে। ওরা বেরিয়ে গেলে অশ্রু থোঁপা বাঁধতে বসলো।

বারান্দায় ছটো চেয়ারে ছ'জনে বসলো। স্বর নিচু করে নাকের আঁচিলটি একটু চুলকে সেচ্চকাকা বললেন—আপনি তো অশ্রুকে ভালোবাসেন, না ?

প্রভাত ঘাবড়ে গেল; তার চেয়ে, আকাশে ক'টা তারা আছে জিগ্গেস করলে একটা আন্দাজি উত্তর দেওয়া সহজ হতো। উত্তরের যাথার্থ্য প্রমাণ করতে প্রশ্নকর্তারই হতো মৃশকিল। এমন একটা প্রশ্ন নিয়ে কোনো বিজ্ঞানই ভয়ে ঘাঁটাঘাঁটি করেনি। যা-ই উত্তর দাও, সম্পূর্ণ হবে না। যদি বলো, হাা; সন্দেহ ঘূচবে না; যদি বলো, না; ঘূচবে না ভয়।

প্রভাত বললো-এথনো বুঝতে পারিনি।

সেজকাকা ভাবলেন এই বিনয়ই চরিত্রহীনতা। তবু অসম্ভোষ দমন করে বললেন
——অক্রকে বিয়ে করুন না কেন। আপদ যায় চুকে।

এর উত্তর হলো কাটখোট্টা। প্রভাত ঠাট্টার স্থবে বললো—মোটে মাইনে পাই নব্যু ই টাকা, ঐ টাকার মাইনেতে কিছুই চলে না মশাই।

সেজকাকা একেবারে হাওড়া ব্রিজ থেকে গঙ্গায় পড়লেন; কিছু ভাঙা পেতে দেরি হলো না। ভাঙা যথন পেলেন চোথ তাঁর রাগে ও অপমানে রাঙা হয়ে উঠেছে। সামনের খেতপাথরের টেবিলের ওপর একটা ভীষণ ঘূষি মেরে বলে উঠলেন: তোমাদের এই নষ্টামি আমি দেখে নেব। বলেই ভান-হাতে কোঁচা ধরে তিনি উঠে দাড়ালেন। সাঁ সাঁ করে বেরিয়ে যাচ্ছেন, অঞ্চ তাড়াতাড়ি চৌকাঠের কাছে এসে হাঁকলে: তিন্তুকে একদিন পাঠিয়ে দিয়ো কিছু।

প্রভাত সেই বারান্দায় চেয়ারে বসে থেকেই হাঁক দিলে: বয় ! চা নিয়ে এসো ।

ম্যানেজারকে বলে অশ্রু ঘরে একটা ইজি-চেয়ার আনিয়েছে। রাতের থাওয়ায়ো আনেকগুলি কোর্স দেয়; অশ্রু ভোজনব্যাপারে অতিমান্তায় বর্বর হলেও এত সে গলাধঃকরণ করতে পারে না। ইস্কুলে যথন পড়তো তথন কম থাওয়াই ছিলো লেডি হওয়ার নিশানা,—কিন্তু লেডি হওয়ার সাধনায় ইলানিং ঢিলে দিয়ে অশ্রু বড়ো-বড়ো গ্রাস মুথে পুরে শব্দ করে থায় আর অব্রাহ্ম পোষাক পরে ব্যায়াম করে। শরীর তার এত সেরেছে যে অটো ভ্যাক্সিন্ নিয়েছে বলে ভূল হয়।

ইজি-চেয়ারে চিৎ হওয়া যতটুকুন সম্ভব শরীরটাকে ততটা চেলে দিয়ে অঞ্চ তয়য় হয়ে কী সব ভাবতে বসলো। মাসুষের ভাবনায় অস্তত কোনো ভিসিল্লন থাটে না—তা প্রজাপতির মতো পাতলা পাখা মেলে উড়ে চলে। রাত এখন মন্দ হয়ি, এগারটা বাজে। পাশের ঘরে কে একটি ভল্রলোক গুন্গুন্ করে গান গাইছেন। সামনের দরজাটা খুলে অঞ্চ তার ঘরেই চেয়ার পেতে ওয়েছে। শিগ্গির ঘুম আসবে না।

ইজি-চেয়ারটা সম্ভব হয়েছে পৃথিবীতে monarchy, র পতন হয়েছে বলে। তেনোক্রেসির য়ৄগ না এলে এমন হাত পা ছড়িয়ে আরাম করার কথা ভাবাই ষেত না। তথন সব সময়েই শিরদাড়া থাড়া করে বৃক ফুলিয়ে বনে থাকতে হতো—কথন ওপরওয়ালার হুছার আসে, এখুনিই হুকুম তামিল করতে হবে, সময় নেই। এখন আর আমরা ওপরওয়ালা বলে কাউকে স্বীকারই করি না—আমাদের হাতে এখন তের সময়, একটু জিরিয়ে নিচিছ। বদি কিছু বলবার থাকে, একটা চেয়ার টেনে সামনে বলো, আন্তে-আন্তে শোনা বাবে, আমার হাত পা ওটোনো চলবে না। শরীয়কে আরাম দেওয়ার মতো কীর্তি আর কিছুতে হতে পারে না। শরশম্যায় ওয়েও ভীয়দেব আরাম করে গঙ্গোদক পান করবার জন্তে অন্তর্নকে অন্তরোধ

করেছিলেন। আত্মহত্যা করবার জন্মে টেবিলের ওপর থেকে বিষের শিশি আনতে গিয়ে চেয়ারের পায়ায় গুঁতো খেয়ে আত্মঘাতী আহা করে ওঠে, পায়ের ওপর হাত ্বুলোয়। শরীর দেবতা—private divinity। এই শরীর স্পর্ণ করেই নোফালিস মন্দির স্পর্শ করতেন। St. Paul-টা এমন মূর্থ, শরীর ও তার আচ্ছাদনের -পবিত্রতার অর্থ ই নাকি আত্মার অন্তচিতা। তাঁর মতে উকুন হচ্ছে দেবপুজার বড়ো নৈবেগ ! এই স্বন্ধ দৃঢ় pagan শরীর একটা প্রকাণ্ড সম্পত্তি। একে সহজে কট্ট দিতে ্নেই। শ্রান্ত হয়ে ছই বলিষ্ঠ পুরুষ বাছর উপাধান পাওয়ার মতো শান্তি আর কোথায় আছে। প্রভাত বেশ বলশালী, তবু যেন কোথায় খুঁত আছে। ওকে দেখা আর নন্দনকাননে ইভ-এর সাপ দেখার একই অর্থ। মিলটন পর্যন্ত তাঁর Paradise Lost-এ মেয়েদের ওপর চটে গেলেন। য়্যাভাম হলো থালি ঈশ্বরের জন্তে, ইভ ্হলো য়াভামের মাঝে যে ঈশ্বর আছেন তাঁর জন্মে। ইভ-এর চেয়ে য়াভাম হলো বেশি স্থন্দর—অশ্রর চেয়ে প্রভাত। প্রভাতের মুখে ভীক্ষতাময় নির্মলতা ्राहे, ठारे जाला नार्श, उर् मर मिनिया क्वन जारात्र जाला नार्श ना আকাশের ঝড় ভালো লাগে বলে নিদ্রাহীন নিদাঘনিশীথের প্রান্থিও ভালো -লাগবে এটা বাড়াবাড়ি। কত রকম contradictions, কাটাকুটি, অসঙ্গতি নিয়ে মানুষের জীবন। ট্রেনের প্রভাতকে মনে হয় pagan, কলকাতার প্রভাতকে মনে হয় philistine। অঞ যেন কায়াহীন নীহারিকা। কভু ম্যাডোনা, কভু মেসালিনা, কভু ব্লু-স্টকিঙ। কভু রাধা, কভু রামী। তরকারির স্বাদ যেমন নূনে, জীবনের স্থাদ তেমনি তার contradictions-এ। এক নিয়মকে চিরকাল আঁকডে পাকে তারাই যারা বামন, আকাজ্যায় যারা বেঁটে। ক্যাস্টর-অয়েল শরীরের পক্ষে মাঝে মাঝে উপকারী বলেই তাকে চিরকালের জন্তে খাছে রূপান্তরিত করে নেওয়া ও চিরকালের জন্তে জীবন-ধারণের আনন্দ থেকে বঞ্চিত হওয়া একই কথা। একমাত্র ভারাই consistent যারা মৃত। যে বাঁচবে, সে বাড়বে, আপনাকে নিয়ে বারে বারে ছাটকাট কররে, ফ্লানেলের জামার মতন জীবনো তার বারে বারে থেপে বাবে। নইলে না আঁচিয়ে থালি বলে বলে একঘেয়ে থাওয়ার মধ্যে স্বাস্থ্য নেই। নিজের সঙ্গে বারে বারে সাক্ষাৎকার হওয়া দরকার, নানা আত্মার দর্শণে নিজের নানা প্রতিক্বতি। একই নারী একজনের স্ত্রী হয়ে আরেকজনের মা। Prism ধেমন আলোর বিভিন্ন রঙ প্রতিফলিত করে, তেমনি মাছবের দ্বাত্মা। নির্মলের কাছে সে যা. প্রভাতের কাছে তা নয়। নির্মলটা সভিত্তি কী কঠিন, নির্মলো ঠিক ফটিকের মতো। স্মান্তা এবং দেহের পার্থক্য বোঝে না। যাকে আত্মা দেবে তার কাছে আত্মদান করতে না পারলে ওর প্রেমের পরিপূর্ণতা নেই। যার আত্মা ও আবিষ্কার করতে

পারবে না তাকে ভার্প করতেও ওর গজা। প্রেমের পরিণতিই হচ্ছে বিবাহ—ওর কাছে। তাই অপ্রর উৎস্থক অধরকে উপবাসী রেখে ও বললে: বদি আমার সঙ্গে গৃহ নাও, তবেই আমার ইহকালটা তোমার ত্বকার্ত অধরে ক্ষয় করে দিতে পারি, নচেৎ নম্ন। অশ্রেক ও প্রত্যাখ্যান করলে। অশ্র বিয়ে করতে চায় না অথচ প্রেম প্রত্যাশা করে এটা নির্মলের কাছে ব্যক্তিচার। নির্মল এখনো টেনিসনের প্রতিবেশী। বিয়ে করবার কুৎসিত কৌতৃহল অশ্রুর নেই বলে ছটো চুমু থাওয়ায় বেন সূর্য-চন্দ্র ধর্মঘট করে বসবে। আথ থাবার জন্তে দাঁত উপযুক্ত মজবুত নয় বলে মোহনভোগ থাওয়া বাবে না এটা চরিত্রের একটা বড়ো ক্বতিত্ব নয়। তাহলে একজামিন দিতে যাবার আগে লিখে-পড়ে প্রস্তুত হওয়ারো কোন সার্থকতা নেই। ক্টেক্সে নামবার আগে ষেন রিহার্সেল দিতে হবে না। সাঁতার শিখতে গিয়ে জলে একবার ডুব দিয়ে নিলে সেটা ব্যক্তিচার। নির্মল ওকালতি করলে পয়সা পেত। নির্মল ! ওদের ইম্বুলের अकि प्राप्त अकवात निर्मन वानान करत्रिला क्**रा न-त्र मीर्च के मिरा** । अ वानानि ভূল হলেও ওর ভালো লাগে। ঐ ভূল বানানে শব্দটার একটা ব্যক্তিত্ব ফুটে ওঠে। শব্দের বানান ও মাহুবের ব্যবহার নিয়ে কোনো কাহুন করতে যাওয়াই অস্তায়। বাঙলা ভাষা থেকে তিনটে স, ছটো ন, ছটো জ কবে নির্বাসিত হবে। সোজা হতে পারলেই সব সহজ্ব হয়ে যায়। বাঙলা টাইপ-রাইটারে একটা উ লিখতে হলে তিনবার চাবি টিপতে হয়, ততক্ষণে ইংরাজিতে God বা Sex লেখা হয়ে যাচছে। কেউ কেউ বাওলা অক্ষরগুলিকে রোমান অক্ষরে রূপাস্তরিত করতে চাচ্ছেন সেটা ভালোই। অঞ্চর নাম ভাগ্যিদ নগেন্দ্রবালা হয়নি। নামের মধ্যে সত্যিই একটা চরিত্রাভিব্যক্তির পরিচয় পাওয়া যায়। শেলি বললেই মনে কেমন আবেশ আদে, Adonais-এর frail form-এর কথা মনে পড়ে। রসেটি ছাড়া ইংরেজ লেখকদের কারুর নামে vowelending আছে বলে তো মনে হয় না! ফিললজি পড়তে বড়ো ইচ্ছা করে। একবার ওদের ইংরিজি অনার্গ ক্লালের একটি মেয়ে মান্টারকে বলেছিলো: আয়াদের ফাইল-লভি ক্লাশ কথন হবে ? মাস্টার বলেছিলেন: আমাদের ফাইল্সপি ক্লাশের পরে। আরেকবার কোন একটা ছেলে-কলেজে মাস্টার বোর্ডে নোটিশ দিয়েছিলেন : Mr. So and So will not take his classes। একটা ছেলে ছুইমি করে classes-এর ৩-টি দিলো মৃছে। পরদিন মাস্টার এসে ব্যাপারটা দেখলেন এবং গভীর হয়ে 1-টিও মৃছে দিলেন। ওদের ক্লাসের মেয়েগুলি কী অসম্ভব রকম খারাপ কথা বলতো। কলেজের যেয়েদের সহজে ছেলেদের ধারণা ওরা যেন সব Dresden Chins. ৰক্ষাকে, নিৰ্মল। আবাৰ নিৰ্মল। অঞ্চকে লে হয়তো ভাৰতো Psyche, নিজে কিছ Pan रुख ७व ७राय कारना दिन अन ना। की कठिन, चयर Circe अलब रुखा

কেঁদে কেঁদে আত্মহত্যা করতো। সেই বিশ্রী দঙ্গলের মাঝে একটি মেয়ের সে দেখা পেয়েছিলো—ক্ষণকালের জন্মে—নাম তার ইন্দিরা। রবীক্সনাথকে চুরি করে বলতে হয় মেয়েটি বেন আত্মার শিখা; আর অতি-আধুনিক ভাষায়—আত্মার কোয়ারা ! শেলির Asiaও এর তুলনায় স্থুল। সমস্তটি দেহ যেন একটি ভঙ্গি, ইশারা। যেন प्तवी Diana! वाढनाव नवश्रकोत रुद्धा श्रकामन, উर्मिनाव रुद्धा निःमन्तर्गाविती! গোধুলির শেষ রশ্মি দিয়ে ওকে তৈরি করা হয়েছে। মাটিতে এসে যে কেন ও পা ঠেকালো আকাশের তারারা বলতে পারে। কী চমৎকার গান গাইত। ওর শরীরে ষেন স্নায়ু নেই, থালি স্থর ! এই ধূলির ধরিত্রীতে ও আকাশের বাণী নিয়ে এলেছিলো। কলেজে কারু দক্ষে মিশতো না, চুপ করে কোণটিতে বদে বই পড়তো। একবার আমাকে গুধু বলেছিলো: প্রেমের চেয়ে আর্ট বড়ো, আমি দেই আর্টের উপাদিকা। পেই ইন্দিরাকে নির্মল বিয়ে করেছে। বিয়ে না করতে পারলে ধেন ওর ঘুম হতো না। আনন্দের চেয়ে যেন আরাম বড়ো। প্রেমকে দীর্ঘায়ু করতে ও ভোগকে দীর্ঘ করতে চায়। যেন প্রেমের তীব্রতার চেয়ে সম্ভোগের দীর্ঘতাটাই বেশি কামা। যেন कछक्छिन छानि मिलारे कुछा छि रह। जामना थानि वस्त मिरा छ कावान জন্মেই ব্যক্ত; গ্রীন-হাউসে ক্লব্রিম উত্তাপ দিয়ে যেমন পরদেশী গাছ বা আগাছাকে বাঁচিয়ে রাখা হয়, তেমনি বিয়ে করে আমরা প্রেমকে বাঁচিয়ে রাখতে চাই। কাঁচের ঘরে চিল পড়ে, গাছ যায় কুঁকড়ে, মরে; তার চেয়ে থোলা হাওয়া অনেক ভালো। সম্ভানকে বৈধ করতে গিয়েই প্রেমের ঘটছে সর্বনাশ। তবে বিয়ে করায় অনেক ख्रिरिश-अक्ति कम । थाও, माथ, श्राप्त कत-हरकालंद खानकना भूर्व राजा । जन्म-শাসন পর্যস্ত নীতিসঙ্গত নয়, কেননা ধর্মের আদিম উপদেশকে অমান্য করা হয়। কলকাতায় কোনো বার্থ কন্ট্রোল clinic নেই কেন ? ধন্ত শহর এই কলকাতা! এ-সব নিয়ে কিছু কলাকোশলের কথা বলতে গেলেই প্রসিকিউশন ! কিছু কে জানে পরে হয়তো খোলাখুলি দেখিয়ে-ভনিয়ে শিথিয়ে তুলতে হবে। সমূদ্রের তরঙ্গ গর্জন ওনে বেমন মন প্রশাস্ত হয়, কলকাতাও তেমনি আত্ম-বিশ্বত করে। ল্যান্থের মতো: শহর খুব ভালো লাগে আমার। কবিত্বশক্তি থাকলে আমি জনভার কবি হভাম। গাঁরে যাও, সামান্ত একটা মাছির শব্দ তোমাকে উচাটন করে দেবে,- সব আওয়াজ मिथात - व्यामाना-व्यामाना, वीरनद পাতाय हाख्यात नम. चरत रकता शकत छोक, পাপড়ির ওপর শিশির পড়ার শব্দ । বাবাং, কান পেতে এত ভনতে হয় বলেই গাঁরে কন ওঠে বিবিয়ে, সব কিছু দেখা ও লোনার অর্থ ভীষণতমন্ধপে পাই বলেই গাঁয়ে গিয়ে মনের আর ছুটি থাকে না, দেটা প্রকাও কুনুম। লাখো লাখো কোলাহলকে পাঞ্চ করে থেয়ে কলকাতা যেন একটা মন্তমন্তা দানবী-র মতো আর্তনাদ

উগরে দিচ্ছে। কান থাড়া রাখতে হয় না, মন জুড়োয়; খুম পায়। বিকেলবেকা ষে-মুটেটা মোটরের মাজ-গার্জের সঙ্গে ধারা লেগে পড়ে গিয়ে টেচিয়ে উঠেছিলো ভার কারা এ ফিরিওয়ালার হাঁক থেকে আলাদা করে নেওয়া অসম্ভব,-- একটা চেউ থেকে আরেকটা চেউকে ছিনিয়ে নেয় কার সাধ্য। সমূদ্রে ফেনা, শহরে মাহুষ। কেউ কাকে চেনে না। পাশের ঘরে ভত্রলোকটি যে গুন্গুন্ করে গান গাইছেন ভিনি এটিকেট বাঁচাতে কক্থনো এ-ঘরের চৌকাঠ মাড়াবেন না ; আর আমি যদি দরজা ঠেলে সেই ঘরে গিয়ে চুকি গল্প করবার জয়েই, নির্মলের ভাষায় সেটা হবে ব্যভিচার। ঐ ভন্তলোক যদি আজ রাত্রে আত্মহত্যা করেন, তবেই ঐ ঘরে ঢোকা আমার সম্ভব হতে পারে; কিংবা এখুনি যদি হোটেলে আগুন লেগে যায়, ভদ্রলোকের সঙ্গে একটা অসতর্ক কোলাকুলি হলেও বেমানান হবে না। শুক্তির মতো আমরা নিজের নিজের খোলার মধ্যে আত্মগোপন করে সংকৃচিত হরে আছি। 'কাছে থেকেও দূরে'---কথাটায় কবিত্ব আছে; সেটা অর্থবান হয়ে ওঠে প্রতিবেশীর বেলায়। এত কাছে বে মনে হয় nuisance, এত দূরে যে গ্রহ-নক্ষত্র ছারা আমরা প্রভাবিত হলেও কোনো কালে প্রতিবেশী দারা হবো না। এমন মেয়ে নেই বে আয়নায় দাঁড়িয়ে মূখের চেছারা ना म्हार्थिक वर ना एक्टरिक वामि वक्कन श्रवमा स्मारी। मास्ट्रिक मूर्थित क्रस সভ্যিকারের আয়না কী আছে পৃথিবীতে! সেখেনেই আমাদের সভ্যিকারের ছায়া পড়ে, সেখেনেই আমরা সৌন্দর্যের পরথ করতে পারি। সৌন্দর্য থালি গুণবত্তার নয়, আত্মার মাধুর্বে নয়—পোষাকে, ঝোঁপায়, দাঁড়াবার বা শোবার ভঙ্গীটিতে। বাঙালী মেয়েদের পোষাকে রঙ নেই, বৈচিত্র্য নেই ;- এটা জাতীয় ভভলকণ নয়। আজ মোবে গিয়ে ষতগুলি মেম দেখলাম সব ক'টার পোষাকের রঙ আলাদা,—দেখলে. রামধন্থ লজ্জায় মিলিয়ে বাবে। তবু পরিচ্ছদ আমরা ভালোবাসি; ব্রদ্ধ-মন্দিরে উপাসনা করতে গিয়ে আমরা পরস্পরের শাড়ি ও থোঁপার তারতম্য বিচার করি। ছেলের। ফুটবল আর রাজনীতি নিয়ে আলোচনা করে বেমন সূথ পায়, আমরাও বেঁচে ষাই পোষাক বা স্বামীর কথা বলে। সে-থিয়েটারে আমরা যাইনে যেথানে দামাজিক নাটক অভিনীত হয়, কেননা পোষাক নেই। 'নীতা'র পরে 'বোড়শী' দেখে অনেক মেয়ে ভেবেছিলো ওটা একটা কমিক, কেননা serious হলে পোষাক থাকতো। যাই বলো, পোষাকের একটা নৈতিক মূল্য আছে। একটা ভালো ছাটের ব্লাউক গায়ে দিলেই পৃথিবীকে লাগে স্কর, আকাশকে মনে হয় লোভনীয়। শাড়িটা যদি লখায় মোটে চুয়ালিশ ইঞ্চি হয় তবে নিশ্চয়ই সে রাতে ভালো ঘুম হবে না, তু: স্বপ্ন দেখবো। সিত্ক না পরলে রবীন্দ্রনাথ কক্থনো এত বড়ো কবি হতে পারতেন না। সাহেবেরা যে ভিনারের আগে ডেুদ করে তা তথু ভালো হজম হবে বলে। কিন্ত পোষাক অর্থ কি व्यक्तिम्थ/३**०** 

ভার দৈর্ঘ্য না ব্রহজা ৷ পোষাকের বেলার একটু বাহলা থাকা ভালো, নইলে রক্তবিরহিত হলে মেরে আর মোরা একজাতীর হয়ে উঠবে। চল ছেঁটে ফেলার স্থবিধে অনেক, কিন্তু ওটাই বাঙালী মেয়ের বিশেষত্ব, ভার নিজত্ব হেডডেুস। দেশের এको निषयण थाका जाता ; यिश Benda-त मर्छ यामनाक्षम हरक श्रितौत সব চেয়ে জনিষ্টকারী। সেটা ভারতবর্ষের বেলার খাটে না। কেননা ষে-দেশ পরাধীন ভার বিশ্বপ্রেমের স্বপ্ন দেখা আর কুঁজোর চিৎ হয়ে শোরা সমান হাস্তাম্পদ। উৎকট স্বদেশপ্রেমের জরে সব দেশ মিলতে পাচ্ছে না—এটা তথনিই ভারতবর্ষের পক্ষে সমস্যা হয়ে উঠবে ষথন ভারতবর্গ স্বাধীন, স্বতম্ব। আমি ভারতবর্বের স্বাধীনভার জন্তে কী করলাম ? চুল বাঁধলাম আর প্রেম করলাম। তা-ও একটা মনের মতো করে করতে পারলাম কৈ ? কোথাও যেন পূর্ণতা নেই। আচ্চা, চোথ বুচ্চে विश्व करत रम्नल क्यान इश-এक्वारत अकि। नित्रीष्ट व्यक्ता लाकरक ! সেই বিয়ের সভা থেকে পালিয়ে না এলে এতদিনে আমার কী রকম চেহারা হতো। সেই চেহারায় আমাকে মানাভো না। কতগুলি চেহারা আছে যাদের মরলেই বেশি মানায় । যেমন ধরে। ইফিচ্চেনিয়া। বার্ণার্ড শ'-র ছেলেপিলে থাকলে তাঁর লেখার দাম অনেক কমে যেত। আমার সমবয়সী পিসততো বোন পুষি যে ছ'টি সম্ভান প্রসব করে শরীর ও মনে মীইয়ে পড়েছে তার এক চুল এদিক-ওদিক হলে স্ষ্টির সামঞ্জন্য থাকতো না পুষিকে ওর স্বামী যে-সব চিঠি লিথতো তার হয়েকটা পড়েছিলাম — উ:, কী ভালগার ! অথচ ওর স্বামী একজন সংস্কৃতে এম-এ। স্বামীর বিরুদ্ধে ডিফামেশান আনা ধায় কি না জানি না : বাঙলা দেশে ডিভোর্স থাকলে ঐ রকম একটা চিঠিই যথেষ্ট। এগুলি ক্যায়সঙ্গত, এতে চরিত্রহানি হবার সম্ভাবনা নেই। श्वी-त्र मान वावशास वाजिष्ठात वर्ष कार्ता मन त्नरे। मित्राल এकहे। हिक्हिक পোকা ধরবার জন্মে ওৎ পেতেছে। পোকাটা এমন বোকা যে বৃষ্ণতে পারছে না; ধরা দিলেই যেন ওর মোক্ষলাভ হবে। আরশোলা, টিক্টিকি, ছারপোকা, ইতুর. কেঁচো, জোক, কচ্ছপ, বিছে, বিধাতার কী অপূর্ব সৃষ্টি। লরেন্স মশা নিয়ে কবিতা লিখেছে— কচ্ছপ নিয়ে। তথু তাই নয়, চাম্চিকে আছে, গুগ্লি আছে। যাব কোথা? গো-সাপের কথা নাই বললাম। বিধাতার রুচি ভালো। লিংকন বলতেন: গরিবদের ওপর ভগৰানের গভীর মমতা, নইলে ঝাঁকে-ঝাঁকে এত গরিব সৃষ্টি করবেন কেন ? ফুলের চেয়ে আগাছাকেই প্রকৃতি বেশি ভালোবাসে, তাই পৃথিবীতে বত ফুল তার চেয়ে ঘাস বেশি। হয়েকটা মশা কামড়াচ্ছে, ঘুমুতে খেতে বলছে। ঘুমোবার আগে বাধকমে বেতে হবে—দাঁত মাজতে হবে। দাঁত না মাজলে রাতে হঃস্বপ্ন দেখবো। দুঃস্থা দেখে ভয় পেয়ে জড়িয়ে ধরবার লোক নেই পালে। থাকলে সেটাই একটা

প্রকাও তঃম্বপ্ন হতো। বিছানায় পাশ-বাদিশ আমি পছন্দ করি না। প্রভাতের কাছ থেকে একটা সিগারেট চেয়ে রাখলে মন্দ হতো না, এখন একটু চেষ্টা করা ষেত। এমন কোনো dentifrice নেই যে নিকোটিন্-এর কোটিং তুলতে পারে। দিগারেটটা unaesthetic তো বটেই, চুমোর স্বাদ কেড়ে নেয়। তবু এখন একটু ধোঁয়া ছাড়তে পারলে কী এমন মন্দ হতো ! কোনো ভক্ত মেয়ে কোনো দিন গাঁজা খেয়েছে ? খায়নি, অপচ গাঁজার গল্প করতে ওস্তাদ। কেন থায়নি ? কৌতুহল হয় না ? গাঁজা না থেয়ে यदाल मारे युजारी जमार्थक यान रहा ना ? वाहास्त्राप्तत मवखिल गहा गाँकाशूति - यान. conclusionগুলি। সব filmএর শেষেই জোড়াতালি দিয়ে বিয়ে ঘটাতেই হবে। বিয়ে অমনি হলেই হলো। যেথান থেকে গল্পের গুরু হওয়া উচিত, দেখানেই ওরা যবনিকা ফেলে দেয়। মাতার জঠরে শিশুর বন্দীত্ব নিয়ে কেউ একটা গল্প লেথেনি কেন, কিংবা মৃত্যুর পরে। অভিজ্ঞতাই কাব্যকারক নয়, প্রতিমা বা কল্পনাই কাব্যকারক। সংস্কৃত আলংকারিকরা তা বৃঝতেন। বামন কিন্তু রীতি বা স্টাইলকেই वरलह्न कारवात श्रान ; तम नय । वाहना म्हान मवारे विभानुम व्यावजारक : मजा, শিব, স্থন্দর । ঐ তিনটে শব্দের কোনো মানে নেই, এমন কি ওদের ধ্বনি-মাধুর্য পর্যস্ত क्रि अरमहा । वाधक्राप्तत वान्त - हात वावात की शला ? मुनकिन । अथन मूथ धृष्ट कि করে ? যাক্। এতেই হবে — হাা, জলের টাম্বলারটা পাওয়া গেছে, জলগুলিতে স্বাদ নেই ৷ আ:, মোলায়েম ! রবিঠাকুর প্রেম-এর দঙ্গে 'এলেম' মিলিয়েছেন, তার চেয়ে 'মোলায়েম' ভালো মিল। মশারি টাঙানো আমার দ্বারা পোষাবে না। বে গরম, ব্লাউজটা খুলে ফেলতে হবে শাড়িটাও নিতে হবে বদলে। নাঃ, মশা আছে—না-ঘুমিয়ে ছটফট করে রাত কাটাবার মতো প্রেমের বয়স চলে গেছে — আমার তো বটেই, পৃথিবীরো। দরজাটায় খিল ভালো করে আঁটতে হবে বৈ कि; কেননা আততায়ী এলে স্টটকেদ থেকে ছোরা বার করে প্যাচ দেখানোর ঝামেলা অনেক। আততায়ীর হাতে নিশ্চয়ই এতটা সময় নেই বে ইজি-চ্যোরে বসে হু'ঘটা তর্ক করবে। শোয়া যাক। আমি তো গুলাম, কিন্তু এ-কথা থুব সহজেই ভাবা যেতে পারে যে এ-রাত্রে এখন কারু কারু ঘুম আসছে না। ধরা যাক্ রুগী, এঞ্জিন-ড্রাইভার, সিগনেলার, নবদম্পতি, বেশা। আমার আবার মস্ত দোষ আছে। শাদা ঘোড়ায় চড়ে টগবগ করে ছুটছি—এই কথা না ভাবতে পারলে আমার ঘুম আসে না। আমার পেছনে তোত্ত্রশ কোটি সৈন্ত,—আমার তুলনা গুধু আমিই। আমার আগে কোনো ইতিহাস হয়নি। বাঁ কাৎ হয়ে পিলের দিকটা চেপে ধরলে আমার সহক্ষে ঘুম আসে —শাদা ঘোড়া কুয়াশা হয়ে মিলিয়ে বাচ্ছে, টিক্টিকি, ক্যাঙ্গারু, ইজিচেয়ার, তোয়ালে, বার্ণার্ড শ'র দাড়ি, চেন্টারটনের ভুঁড়ি, সেজকাকার আঁচিল, টিকচার আইওডিন,

হাইড্রোজেন পেরোক্সাইড, বাক্যং রসাত্মকং কাব্যং, সেনেট হাউস, ত্মেলিং সৃষ্ট, বৈঠকখানা রোভ, বাভেনবাভেন, মৃসোলিনি, শরৎ চাটুজে, ক্যালেণ্ডার, পাটনা, গোলঘর, গলা…

প্রভাত বললে তিন দিনের আগে তুমি বার্থ পাচ্ছ না। তাও 13 up-এ শেয়ালদা থেকে বে-ট্রেনটা বেনারস হয়ে দিন্তি যায় সেটায়। 7 up-এ একটা আপার বার্থ পাওয়া যেতে পারে, কিন্তু তোমার পক্ষে সেটা স্থবিধের হবে না।

অশ্র বললে—তাও একটা মাত্র।

প্রভাত। আপাতত একটা হলেই চলবে।

অঞা। তার মানে ? আমি একা যাব নাকি ?

প্রভাত। কাজেকাজেই। ছুটি পাওয়া গেল না:

অঞা। ছুটি পাওয়া গেল না মানে ?

প্রভাত। যদি শুদ্ধ ভাষায় বললে কথাটা তোমার ব্যেধগম্য হয়, তাহলে বলি, অবকাশের আবেদন প্রত্যাথ্যাত হয়েছে।

অঞা। এ-চাকরি তুমি ছেড়ে দাও।

প্রভাত। প্রেমের জন্তে এত বড়ো আত্মত্যাগের কথা শুনলে বিংশ শতান্ধীর সভ্য জগৎ আমাকে উপহাস করবে! বিরহের চেয়ে ক্ষুধা মারাত্মক। তোমার সঙ্গ— আমার খুব কামনীয় সন্দেহ নেই, কিন্তু তার জন্তে চাকরি খুইয়ে মা ও নাটু-কে শুকিয়ে মারবো এত বড়ো প্রেমিক তোমাদের সত্যযুগেও মানাতো না। সে-সব মুগে শুবিধে ছিলো এই, বাড়িতে সব সময়েই থাবার থাকতো। লক্ষণের প্রাত্তভিক্টা প্রশংসনীয় হতে পারলো এই জন্তই যে উর্মিলাকে উপোস করতে হয়নি। ইস্থল-মাস্টাররা তো নর-নারীর প্রেমের চেয়ে ভগবস্তকিকে উচু আসন দেবেন—যদিও সভ্য কথা বলতে গেলে ত্'টোর কোনোটাই ক্ষ্ধার মতো প্রবল নয়। তবু আজ যদি আমি ধর্মেরো ভাক শুনে মা ও ভাইকে ফেলে গৃহত্যাগ করি, এত বড়ো অধর্ম পরশুরামও ভাবতে পারতো না।

ष्या । जाश्ल की शत ?

প্রভাত। সমস্থা মোটেই কঠিন নয়। টিকিট লাহোরেরই কেটে সোজা পাটনায় চলে যাও এখন। সেখানে না তোমার কে বন্ধু আছেন!

অঞা। সে এলাহাবাদ-ব্যাক্ষে বদলি হয়েছে। প্রভাত। ব্যাক্ষে বদলি হয়েছে মানে ? আঞা। ঐ hybridটায় ত্টো অর্থ বোঝা গেল। মানে ব্যাহে কাছ করে— নিশ্চয়ই ইম্পিরিয়্যাল ব্যাহে—এবং পাটনা থেকে বদলি হয়েছে এলাহাবাদে।

প্রভাত। ( হেসে ) তাহলে তোমার পাটনা পিট্টান দিলে ?

অঞা। তা তো দিলে, কিন্তু তুমি করবে কী।

প্রভাত। কী আর করবো ! আপিস থেকে এসে হাই তুলবো আর তুড়ি দেব। নিত্যকালের মতো কলকাতা আবার কালিয়ে বাবে।

ज्ञा । ना, ठाष्ट्रा नग्न, be serious ।

প্রভাত। সিরিয়াসই তো হচ্ছি। ছুটি পেলাম না এর চেয়ে গুরুতর বা গন্তীর কথা আর কী হতে পারে ! আজ বুধবার, চলো শনিবারে তোমাকে তুলে দিয়ে আসি। সোজা এলাহাবাদই যাও।

আশা। হাঁা, ঐ রদ্দি ট্রেনে চড়ে একা-একা ছটফট করতে-করতে আমি মারা যাই আর কী ! ঐ ট্রেনে চড়ে আমি স্বর্গেও ষেতে চাইনে। তার চেয়ে এক কাজ করি, এসো। তোমার পূজোর কদিনো কি ছুটি নেই ?

প্রভাত। আছে। মোটে তিন দিন। দেই তিন দিনে এলাহাবাদে, যাওয়া এবং আসা ছাড়া তিনটে কথা বলবারো সময় পাবো না। কিন্তু দেই প্জাের তিন দিনেরো দেরি আছে। তুমি ততদিন কলকাতায় থাকবে নাকি ? এই হোটেলেই ? তাহলে ততদিনে তোমার মনি-বাাগটি পটল তুলবেন।

অঞা। না, আমি এই ফাঁকে কটা দিন পুষি-দির বাড়ি কাটিয়ে আসি। প্রভাত। সে কোথায় ?

অঞা। দিলদারনগরে,—মোগলসরাইয়ের ডাইনে। মেইন লাইনেই পড়বে। ডোমার সাধের 13-up বোধ হয় ওথানে একট বিশ্রাম নেবেন। দেখি টাইম-টেবলটা ?

টাইম-টেবলটায় চোথ ব্লিয়ে অা বললে — একটা দশ মিনিট। মন্দ নয়। তোমার ছুটির তারিথ আমাকে জানাবে, আমি সেই অহুসারে দিলদারনগর ছাড়বো। ত্ব'জনের সাক্ষাৎকার হবে এলাহাবাদে।

প্রভাত। আমাকে কি তোমার সেই বন্ধু জায়গা দেবেন ?

অঞা। কেন, এলাহাবাদে পঁচিশ গণ্ডা হোটেল, ভাছাড়া যম্না আছে।

প্রভাত। তা তো বুঝলাম, কিন্তু আমাকে কেনই বা যেতে হবে

আঞা। সেটা বুঝছ না ? এমনি, বেড়াতে — ছুটো দিন অগ্যরকম আকাশ দেখতে, অগ্যরকম আবহাওরা। অগ্যরকম কথাবার্ডা। তোমার বদি বেতে ইচ্ছে না করে, সে আলাদা কথা। জোর করে সম্মতি আদায় করবার মতো অসভ্যতা আমার নেই। বেশ, আমি একলাই যাবো। অশ্র রীতিমতো অভিমান করেছে। তাড়াতাড়ি কোনো কথা কয়ে এই অভিমানের কুয়াশাটুকু উড়িয়ে দেওয়ার চেষ্টা করাই বোকামি। প্রভাত চুপ করে রইলো।

অঞা বলে চললো: আমাকে নিয়ে তোমার মনে নানারকম সন্দেহ চলেছে আমি বৃঝি। কী ষে তৃমি আমাকে ভাবছ না, জানি না। এই দীর্ঘ তিন বছর পরে হঠাৎ অজ্ঞাতবাস ছেড়ে কেন আবার তোমার একাস্ত কাছে এসে পড়লাম—এই প্রশ্নটার উত্তর আমি দেব। শুনবে ?

ট্যাক্সি চৌরঙ্গিতে এসে পড়েছে। এম্পায়ারে ওদের যাত্রার আজ শেষ হওয়ার কথা ছিল, কিন্তু অঞ্চট্যাক্সি-ড্রাইভারকে বারণ করলে। গাড়ি চললো দক্ষিণে। প্রভাত বললে—যাবে না ?

অঞা। না। তোমাকে সেই ধাঁধাটা বুঝিয়ে দেব, গুনবে ব্যাখাটা ?

প্রভাত। তা ষদি বলো, ব্যাখ্যার চেয়ে ধাঁধা অনেক সত্য, অনেক মধুর। ধরে নাও গ্রহতারার ব দ্যমে আবার আমাদের দেখা হয়েছে।

অশ্র । না, বড়বন্ত নয়। আমি এতদিন ইচ্ছে করেই নিজেকে লুকিয়ে ছিলাম। এই তিন বছরে আমি তোমার পরীক্ষা নিয়েছি। দাড়াও, আমাকেই সবটা বলতে দাও। পরিষ্কার কথাকে আমরা ভয় করি বলেই দেহ-মনে এত অপরিচ্ছন্ন হয়ে আছি। সামান্ত কমাল নিয়ে ওথেলো যে-কাওটা করে বসলো, মাথা ঠাওা রেথে তা নিয়ে পাঁচ মিনিট ভেদ্ডোমোনার সঙ্গে কথা কইলে বাাপারটা ট্রান্ডিছি না হয়ে ফাস হতো। তোমার সঙ্গে আমার গভীর হল্পতা হয়েছিলো এবং তারই টানে বিয়ের সভা থেকে আমি উঠে এসেছিলাম। কিন্তু তোমাকে ভালোবাসি বলেই তোমাকে বিয়ে করে তোমার পরম সর্বনাশ ঘটাবো, আমি তোমার তেমন মঙ্গলাকাজ্জী নই। তাছাড়া তথন বিয়ে করতে আমি প্রস্তুত ছিলাম না, আজে। হইনি; কারণ আজো আমি শ্রান্ত নই, নিজেকে নিরাশ্রম নিরালম্ব ভাববার মতো দৌর্বলা আমার আসেনি। চলে গেলাম জলপাইগুড়ি সামান্ত টিচারি নিয়ে। বাড়ির সদর দরজায় থিল পড়লো, বাবা তুর্ভাষায় তুর্বাসাকে পর্বন্ত অতিক্রম করলেন; আত্মীয়-স্বন্ধনেরা কলন্ধিনী বলে আখ্যাত করে আমাকে তাঁদের পুত্রী-পৌত্রীদের কাছে নরকের লারম্বপে দাড় করিয়ে নিশ্চিন্ত হলেন। সে-সব আমি নীরবে সন্থ করেই তীত্র প্রতিবাদ করেছি। কিন্তু তারপরে জলপাইগুড়িতেই একটা কাণ্ড ঘটে গেল।

প্রভাত নিবিষ্টমনে দিগারেট টানছে। জঙ্রা খোঁপাটা ঘাড়ে ওপর জুৎ করে বসিয়ে বলে চললো: সেই কথাই তরক্ত দেজকাকা বলতে এসেছিলেন। কাওটা আর কিছু নয়, আরেকজনকে ভালোবাসলাম। তোমাকে তথনো ভূলিনি, তোমার প্রতি আমার মমতা শ্লিষ্ক মাতৃক্ষেহের মতোই অপরিসীম, তবু চিক্ত আবার উদ্মুধ হয়ে উঠলো। নবাবিছারের আশার অধীর মনকে বাঁধি কি করে ? ভূমি shocked । হচ্ছ ?

হাওয়ায় সিগারেটের ছাই উড়িয়ে দিয়ে প্রভাত বললে—ন।।

—এমন পুরুষ আছে যার জন্তে হাররে ওভকামনার আর অন্ত থাকে না, রাডে গুয়ে আকাশের দিকে চেয়ে তার কথা ভাবতে ইছে হয়, ভাবলে ভালো লাগে এবং এত ভালো লাগে বে চোথে জল আসে। সে অক্ত হলে অক্ত সেবায় তার জন্তে দেহপাত করতে সাধ হয়, সে বিপয় হলে তার জন্তে নিজেকে রিক্ত উমুক্ত করে দেবায় উয়ন্ততা আসে। সে আমার তুমি। কিন্ত এমন পুরুষরোর দেখা পেলাম যাকে জয় করবার জন্তে প্রাণে জাগে প্রচণ্ড লোভ; যার নৃশংস উদ্বত্যকে স্থৈপতায় য়পাভাবিত করবার ইচছা হয়। সে তার অবিচল পবিজ্ঞতার পাহাড় থেকে নেমে এসে আমার পায়ের ধ্লায় কলহিত হবে এত বড়ো প্রলোভন দমন করতে ক্লিপ্তপেট্রা পারতো কিনা জানি না, আমি পারলাম না। আমি গেলাম এগিয়ে, কিন্ত হটে এলাম। সে আমার নির্মল। তুমি গুনছ ?

প্রভাত । শুনছি, কিন্তু কথাটা এমন কিছু নয় বে, ভোষাকে এত উত্তেজিত হতে হবে !

অঞা। নির্মলের কথা বলতে গিয়ে আমি উত্তেজিত না হয়ে পারি না। খুব ধীরে ধীরে একটা যুদ্ধ বা ভূমিকম্পের বর্ণনা করলে সে-বর্ণনা ব্যর্থ হবে। আমি ছু'জনকে ভালোবাসলাম; কিন্তু সত্য কথা বলতে যদি বাধা না দাও তো বলি, আজো আমার ভালোবাসার অস্ত্র পাইনি।

প্রভাত। বেন না পাও, তাই প্রার্থনা করি। নতুন-নতুন অচয়িতার্যভায় প্রেম তোমার মহনীয় হয়ে উঠুক।

অশ্র। নির্মলকে পারলাম না পরাভ্ত করতে, আমার প্রেম কিছ তবু সংস্কৃচিত হলো না। যে-প্রেমের পরিণতি বিবাহ নয় এবং যে-বিবাহের পরিণতি সভানজনন নয় দে-প্রেম ও বিবাহকে নির্মল দ্বণা করে। আমি তাকে বিয়ে করতে রাজি হলুম না বলে সে আমার চুম্বন পর্যন্ত সহাত্তমূখে প্রত্যাখ্যান করলে। জলপাইগুড়িতে প্রায় দ্ব'বছর আমার এই ভীষণ পরীক্ষা চলেছে। বাইরে হারলাম বটে, কিছ অফানে বলবতী হয়ে উঠলাম। সেই পরীক্ষার সাক্ষীরূপে যাকে পেলাম সে আমার ব্যথত।

অল চেয়ে দেখলে প্রভাত গদিতে ঠেস দিয়ে তক্ময় হয়ে শুনছে।

—নির্মণকে হারালাম বটে, কিন্তু ভোষাকে হারাবো ভাবতে মন কেঁদে উঠলো।
এই তিন বছরে তুমি হয়তো অনাত্মীয় হয়ে গেছ, হয়তো অঞ্রয় নাম ভোষার
সেদিনকায় অঞ্রয় মতোই মূছে গেছে, তবু ভোষাকে না ভেকে পারলাম কৈ ?

দেখলাম সেই ভাকে ভূমি সাড়া দিয়েছো, মনে হলো আমি যদি ভূলক্রমে নির্মদের অস্তঃপুরিকাও হতাম, ভূমি এমনি করেই সাড়া দিতে !

প্রভাত । আর আমি বদি এতদিনে একটি অন্তঃপুরিকাকে অন্তরে এনে প্রতিষ্ঠিত করতাম ?

আই। তাহলেও আমার ভাক অন্থচারিত থাকতো না। তোমার শ্বতি আমার জীবনের একটা বিশ্রাম-নীড়। তোমাকে নিয়ে ধদি আনন্দার্ত না-ই হতে পারি তব্ ভোমার প্রতি আমার স্থশীতল এই স্বেহটি অমর হয়ে থাকতো। কিন্তু এই দীর্ঘক্লিট দিন-রাত্রির অত্যাচার তোমাকে বশীভূত করতে পারেনি,—আজো তৃমি মৃক্ত। তৃমি নির্মলের মতো বিয়ে করনি। কেন করনি ?

প্রভাত। সে একটা accident ! যদি আমাকেও পরিকার করে কথা বলবার অন্থমতি দাও তো বলি, তোমাকে ভালোবেসেছি বলেই অন্থ কাউকে আমি বিয়ে করবো না, সন্ম্যাসধর্মের এই উচ্চাদর্শ আমার সামনে উপস্থিত নেই। তাছাড়া বিয়ে করার কতকগুলো ব্যাবহারিক স্থবিধে আছে; আমার মা বুড়ো হয়েছেন, অবস্থা এত স্বছল নয় যে বান্ধার জন্মে লোক রাখি—মা-ই সব করেন , বৌ এলে মাকে ছুটি দিতে পারতো। তাই বলে বৌকে যে ভালো লাগতো না, তা-ও নয়—বিনাদামের উপহারের প্রতি যেমন মমতা হয় আমার এক তিলো কম হতো না তার তুলনায়। কিন্তু যাই বলো অঞ্চ, নির্মলের কথায় স্থগভীর একটা সত্য আছে। সেই সত্য তোমার-আমার কাছে স্প্রত্যক্ষ নয় বলেই তাকে অস্বীকার করবার সংস্কার যেন আমাদের না হয়।

আল । প্রত্যহের ছোটখাটো মানিতে সে-প্রেম কি মলিন হয়ে উঠতো না ?

প্রভাত। যাতে মলিন না হয় তার চেষ্টা করতে, সে-চেষ্টায় পরাষ্থ বলেই তো
আমাদের নর-নারীর সম্পর্কে এতো কুঞ্জিতা আত্মপ্রকাশ করছে। জ্রীকে যতদিন
আমরা সামগ্রী মনে করবো, এবং স্বামীকে যত তোমরা দেহদাস মনে করবে
ততদিন আমাদের সংসার অন্তচি থাকবে। এবং তারই প্রতিকারকরে প্রেমের
প্রয়োজনীয়তা আছে। নির্মলের কথা মিথ্যা নয়, অঞ্চ। যে-প্রেম জীবনের পরম
উপকার সাধন করে সে-প্রেমকে জীবন থেকে বিচ্ছিন্ন করে রাখলে জীবনে না থাকে
আদ, না থাকে ভৃপ্তি। আমরা জ্রী-পুরুষেরা পরস্পরকে সমগ্রভাবে আয়ন্ত করে ফেলি
বলেই আমাদের জীবনের রহস্ত যায় মরে, মিলন হয় মলিন। কিন্ত তুমি যে নির্মলের
অন্তঃপুরিকা হয়েও আমার প্রতি অন্তঃশীল ম্নেহ লালন করবার গর্ব করছ, তা মিথ্যা।
ক্রাড়াও, আমাকে শেব করতে দাও। তোমার স্নেহের থাঁটির সম্বন্ধে সন্দেহ আমি
না-ই বা করলাম, কিন্ত বে-স্নেহের বাছাভিব্যক্তি নেই আমি তার দাম দিতে বিমুধ
থাকবো। আরো কথা আছে। সান্ধিয় না থাকলে স্নেহের সার্থকতা কোথায়। প্রেম

তথু চিত্তের প্রসাধন নর, জীবনের সর্বব্যাধিনাশক মহোবধি। বে-মন অক্তন্ত একবার বিক্তিপ্ত হয় সে-মনের একনিষ্ঠতা নত্ত হর বলেই স্নেহের ঘটে অপমৃত্যু।

অশ্র । দৈহিক প্রয়েজন-কণাটা বদি ব্যাপকভাবে নাও তো বলি, দৈছিক প্রয়োজনেই বদি বিয়ে করতে হয়, তবে তাই বলে ব্যক্তিত্বকে নিশ্চিক্ত কয়ে, সৃথ্য কয়ে, zero হয়ে বসে থাকতে হবে—সমাজের দেওয়া এই বিধির আময়া বিপদ ঘটাবো। একজনের স্ত্রী হয়েছি বলে আরেকজনের বদ্ধু থাকতে পারবো না এত বড়ো একনিষ্ঠতার বড়াই কয়লে আমার গা জলে। গৃহিণী অর্থ সমস্ত বাহিরকে ঠেলে ফেলে গৃহবন্দিনী হয়ে থাকা নয়। সামান্ত সংসারে আমার প্রকাণ্ড ভবিস্তাতকে কুন্তিত, সংকুচিত করে রাথতে পারবো না।

প্রভাত। দোব সমাজবিধির নয়, অশ্রু, দোব বদি কারুর থাকে তবে এই মান্নবের চিত্তবৃত্তির ভঙ্গুরতার। প্রেম দীর্ঘকাল স্থায়ী হয় না বলেই তা মধুর, বিরহের উত্তেজনা সমগ্র জীবনব্যাপী হলে আমরা অথর্ব, পঙ্গু হয়ে থাকতাম। আমরা খ্ব জন্ন দিন বাঁচি বলেই জীবনকে এতো নিবিড় করে আঁকড়ে ধরতে চাই। দৈহিক প্রয়োজন কথাটা ব্যবহার করে ভালোই করেছ। কেননা এই দেহই তোমার চিত্তের পরিপন্ধী হয়ে উঠতো; উঠতোই। তথন তুমি বহু-সন্তানপরিবৃতা, সংসার-ভারে হয়ে পড়েছ, মন তোমার তথন বিস্তৃত ক্ষেত্র লাভ করেছে, দায়িছের তোমার আর সীমা নেই—অতীত কালের দিকে ফিরে তাকাবার তোমার না আছে অবকাশ, না বা অভিলাষ। যৌবন যে অবিনশ্বর নয় তার জন্মে সমাজকে দায়ী করলে ঘোরতর অক্যায় হবে। এবং যৌবনকালে যদি তুমি কাউকে পুচ্ছটি উচ্চে তুলে নাচাবার পরামর্শ দিয়ে থাক, পরে তুমিই তা কেটে ফেলবার বিধান দেবে। যাক, লেক এসে গেছে। তোমার কাধের সেফ্টিপিনটা চাদরে আটকে রইলো; দাড়াও, ছাড়িয়ে নি।

- এ ছাড়ালেও ছাড়ানো ধাবে না।

লেক থেকে ফিরে এসে অশ্রু দেখলে তার ঘরের কাছে চেয়ার টেনে তিহু বসে
আছে। 'এই যে দিদি' বলে তিহু লাফিয়ে উঠে অশ্রুকে একেবারে জড়িয়ে ধরলো।
প্রথমটা আনন্দে অভিভূত হতে গিয়ে পরক্ষণেই অশ্রু উঠলো চমকে। তিহুর ম্থ তুলে
ধরে ওধোল: তোর মাধার এ কিসের ব্যাণ্ডেজ ?

ভিন্তর মূখ দীপ্ত, ছই চোখে খুশির চাঞ্চল্য, বললে—মোটর ম্যাক্সিডেণ্ট হয়েছে, দিদি। তেমন কিছু লাগেনি, ইঞ্চি ত্রেক কেটেছে মাত্র।

অঞ্চাট ভাইটির চুলে হাত ব্লুতে ব্লুতে বললে: কিছু থাবি ?

ভিন্ন বললে: था ध्यात ममत्र नारे निनि जामाक अधूनि এक वसूत वाि सिट

হবে। বিকেলে কাল জাহাজ ছাড়বে আমাদের। কলছো হরে যাছিছ দিদি। ভাগ্যিস্ তোমার সঙ্গে দেখা হলো। এখন যাই ?

বলে ভিন্ন নত হয়ে অঞ্চর পায়ের ধূলে। নিতে যাচ্ছিলো, অঞ্চ ভাকে একেবারে শিশুটির মতো বুকে টেনে নিলো। বললো বাব। জানেন ?

তিন্ত হেলে ফেলল। বললে— বাবা ? যে-দিন আমাকে বাড়ির বার করে দিলেন সে-দিনই জানতেন পাতালের দিকে পা বাড়াতে আমার আর দেরি নেই। মন্দ কি, পাতালই আবিষ্কার করে আসি না হয়। কালকে থবরের কাগজে নামটা যদি বেরোয়, বাবার অগোচর থাকবে না। হয়তো মনে-মনে আবার অভিশাপ দেবেন।

তিহুর মুখের উপর স্থির দৃষ্টি নিবদ্ধ করে আশ্রু বললে— বাবা তোকেও তাড়িরে: দিরেছেন নাকি ?

তি চুর ম্থ আনন্দে আবার উদ্ভাগিত হয়ে উঠলো। বললো— নিশ্চয়। তুমি ষে
অন্তায় করেছো তার চেয়ে আমার এই সাগরলজ্যন ঘোরতর পাপ। বাবার
আদেশকে মাক্ত করবার মতো বিবেক পেলাম না দিদি। বাবার চেয়েও বড়ো:
অভিভাবক আছে, সে আমার সত্যোপলন্ধি, আমার মহক্তত্ম। সেই প্রথম আমি
বিলোহ শিখলাম। বাবাকে আমি দোষ দিতে পারি না। আর আমার সময় নেই।
তোমার জন্তে বসে বসে অনেক সময় আমাণ চলে গেছে। আরেকটু দেরি করলে
হয়তো দেখা হতো না। যোগাড়-যন্ত্র এখনো অনেক বাকি।

অশ্র বললে— প্যাদেজ জোটালি কী করে ?

— সে জুটে ষায় দিদি। আমি যে থালাসী সেজেছি। একবার ষেতে পারলেই হলো – তারপরে আমাকে পায় কে! সময় নেই দিদি।

অশ্র নীরবে তিরুর ললাটে চুম্বন করলে, বললে—তোর জন্তে উদ্বেগের আমার অন্ত থাকবে না, তিহু।

আকাশে-রডের মতো তিয়ুর মূথে হাসি লেগেই আছে। তিয়ু দরজার দিকে ত্ব'পা এগিয়েছিল, থামলো। বললৈ—আমার জত্তে বৃথা উদ্বেগ করে মানসিক অশাস্তি সৃষ্টি করে কিছুই লাভ হবে না। যে-পথে আমি চলেছি, বেগে চলেছি, পিছে তাকিয়ে দেখবার সময় নেই। উদেগ না করে আশীর্বাদ করো। বলে তয়ু অস্তর্হিত হলো।

বুকটা থালি হয়ে গেছে। তিম ! কী আশ্চর্য চকু ! ঐ চোথ কার ছিলো মনে করতে পারছি না,—স্বপ্ন আর বিহাৎ—শেলির ছিলো হয়তো। সমূদ্র উদ্তীর্ণ হবে বলে এত আনন্দ, ষেন একটা আধ্যাত্মিক অমুভূতি ! ও-ও গৃংছাড়া ! 'বাবার দোষনেই', মহন্ধ,— ও বর ছেড়ে আকাশকে পেয়েছে - অগাধ, বিস্তীর্ণ ! কোথায় গোলোছুটে ? পথে আবার কোনো ত্র্টিনা না হয়, সচ্ছন্দে ষেন সাগরে তুলতে পারে। তিমু-

কত স্থান্দর হয়েছে— কী বলিষ্ঠ ! ওর চোথের মাঝে বলে মা খেন হাসছেন ! আশীর্বাদ্ধর বিরু কি তিন্তু, সত্যোপলন্ধির জন্তে সক্রেটিস থেকে আজ পর্বন্ধ বারা মরেছে তাদের মহৎ দৃষ্টান্ত তোমাকে প্ররোচিত করুক। তুচ্ছ শাসনের কাছে তোমার সত্যকে লচ্ছিত করে না,— হোক সে পিতা, হোক সে প্রভু, হোক সে জগবান ! তোমার জন্তে উবেগ করে লাভ নেই— তুমি যদি তোমার সত্যের জন্তে মর-ও, আমি তোমার চিতায় ফুল দিয়ে আসবো। সত্যকে আবিষ্কার করবার জন্তে তুমি সহস্র ভূলের মধ্য দিয়ে যাও, লক্ষ লাঞ্চনার মধ্যে— সে-গৌরবে তুমি অমর হয়ে থাকবে। তিন্তু, তিন্তু, তিন্তু। তোমার প্রশস্ত উন্নত কপাল, ঘন কৃঞ্চিত চুল, বিন্দারিত বুক, দৃচ্চ দার্ঘ বাহু, ঋজু দেহ যেন উথব শিখা! চোথে বিপুল সন্থাবনার স্বপ্ন, চিবুকে তেজস্বিতা, তুই হাতে নিদাকণ প্রতিজ্ঞা! তিন্তু!

আঞা সেকেণ্ড ক্লাশে মেয়েদের কামরাতেই উঠলো। টিকিট শেষ পর্যন্ত লাহোরের না কেটে দিল্লীর কেটেছে। গাড়ি ছাড়বে রাত স'দশটায়। মন্দের ভালো—গায়ের ওপর একটা পাতলা চাদর টেনে দিয়ে ঘুনুনো যাবে, সকালবেলা ঝাঝায় পৌছুবার আগে ও হাই তুলছে না। এটার সঙ্গে আবার রেস্টুরান্ট কার নেই, থাকলেও একা-একা থাওয়ায় আরাম নেই; ঝাঝা কিংবা কিউল-এ পৌছে প্ল্যাটফর্ম থেকে চার-পয়সা-দামে এক পেয়ালা পান্সে চা থেলে ওর জাত যাবে না। একটা বই কিনবে এডগার ওয়ালেস্-এর? এই স্টলে যে মারি স্টোপ্সও পাওয়া যায়। টেনে বসে বই পড়ার মতো ত্যাকামি নেই; তার চেয়ে বাসরঘরে বরের গান গাওয়া বরং সহু করা চলে। গাড়িটা ছেড়ে দিলেই একটা নতুন জগতে এসে পড়বে; গীতায় মৃত্যুর যে ব্যাথ্যা আছে তারই একটা লোকিক উদাহরণ! বাথ-ক্লমে যথেষ্ট জল পাওয়া যাবেতা? স্থান করতে না পারলে মরেই যাবে অঞা। একটা য়্যাংলোইন্ডিয়ান মেয়ে উঠলো। একা যাছে বৃদ্ধি। ওর সঙ্গে আলাপ করা যাবে—বর্ধমানের বেশি নয় কিন্তু! মেয়েটি মোজা পরেছে কি না বোঝা যাছে না। ই্যা পরেছে— বাঁচা গোলো। মাঝের বার্থ টা কিন্তু থালি রইলো। রাতে শীত করলে ওটায় না হয় উঠে আসবে—তার জয়ে জানালাগুলো ও কিছুতেই তুলে দিতে পারবে না।

- ঘণ্টা দিয়েছে, উঠে পড় অঞা। দিলদারনগরে পৌছেই চিঠি দিয়ো কিছ। আমার আপিলের মর্জি বুঝে এলাহাবাদ যাবার দিন ঠিক করা যাবে। জানলা দিয়ে মুখ বার করে থেকো না যেন। (শ্বর হাসি)
- আর তুমি সাবধান হয়ে বাড়ি যেয়ো। বাস-এর জানলা দিয়ে হাত বার করে রেখো না, সেদিন কাগজে পড়লাম কার কছই গেছে থেঁওলে। ( বল্প হাসি

অক হাত বাভিয়ে দিলে; প্রভাত তা সম্পূর্ণরূপে গ্রহণ করলো।

অক্ষ । কীট্সের হাত ধরে কোলরিজ তো মৃত্যুর স্পর্ণ পেরেছিলো। আমার হাত
ধরে তুমি কী স্পর্ণ করছো ? ( স্বল্প হাসি ১

প্রভাত। মৃক্তি। ( স্তব্ধতা ) কিরে এসেই আবার ফিরে পাবার মৃক্তি।

বিচ্ছেদে গভীর বেদনা আছে.—এমন বেদনা যে, যেন কে স্থংপিও উপড়ে নিচ্ছে তবু ট্রেন চলে গেলে ট্রেনের ফাঁকা লাইন দুটোর মতোই মনে জাগে মুক্তি. উপশম ! যেন একটা নিদারুণ উর্বেগ থেকে বাঁচলাম ; উৎকণ্ঠা গেলো ঘুচে। না আছে ছৈত না বা দ্বিধা। বেশ একটা নিশ্চিম্ভ অবস্থা,—পীডাবদানে সামান্ত একটু তুর্বলতা মাত্র। যাই বলো, পরিচয় জগতে ঔজ্জন্য নাই থাক, অন্ধকারত্মিশ্ধ একটি জাতু আছে —মনকে ঘুম পাড়িয়ে দেয। চেনা জায়গায় সহজে হাত-পা নাড়তে পারি, হোঁচট ্থেতে হয় না,—দে-জায়গার চারপাশে খাদ নেই ! প্রেমের পৃথিবী একটা প্রকাণ্ড পাহাড়ের চূড়ায়, স্থান সেথানে এত সংকীর্ণ যে ছ'জনকে স্পর্ণ না করে দাঁড়ানো যায় না। একটু এ-দিক ও-দিক হলেই সেই উচু চূড়া থেকে নিচে গড়িয়ে পড়তে হবে; ্রতারপর সে-চোট সয়ে স্বস্থ হয়ে ফের নিজের পুরোনো জায়গাটুকুতে আর ফিরে ষাওয়া যায় না, জীবনে দেখা দেয় পক্ষাঘাত ঐ পর্বতচ্ডায় দাঁড়িয়ে প্রতি মুহুর্তেই পতনের আশস্কায় পীড়িত বিপন্ন হয়ে থাকাটা প্রাণের একটা আদর্শ বৃত্তি নয়। তার চেয়ে নিরীহ অনলক্ষত সমতল জায়গাটি বেশি কমনীয়। স্বন্ধি ভালো স্থাখর চেয়ে। আমার চেনা জগতে স্তব্ধতা ; প্রেমের জগৎ প্রগল্ভ,—তাই আসে প্রান্তি। প্রেমের জীবন একটা নিয়মাতিরিক্ত অস্বাভাবিক জীবন। প্রেম ক্ষণস্থায়ী বলেই তার .এত প্রশংসা। প্রেম অবিনশ্বর হয়নি বলেই জীবন-ধারণে এত মাধুর্য।

জীবনের প্রেমই অবিনশ্বর।

দিলদারনগর

. বন্ধু,

ক্টেশনে নেমে দেখলাম স্বয়ং নগেনবাবৃই উপস্থিত আছেন। খুব সমারোহ করে অভ্যর্থনা করলেন—এমন বাড়াবাড়ি করতে লাগলেন যে, কুন্তিত হতে হলো। অথচ লোকটি বেশ! ভত্তলোক বললে সব মিলিয়ে আমাদের মনে যে একটি সোম্য শাস্ত ও বিনয় স্মিষ্ণ চেহারা মনে পড়ে নগেনবাবু তার এক চুল ফারাক নয়। আমার আসার টেলি পেয়ে তিনি যেন হাতের মুঠোয় চাঁদ পেয়েছেন। উপমাটা সেকেলে বলেই কথার আন্তরিকতা নই হয়েছে ভেবো না। তাঁদের বাড়িতে আমি পদার্পন করবো —

এত বড়ো গোভাগ্যের বর তিনি পরজ্জেও নাকি চাইতে সাহস করতেন না। লোকটি বেশ অমায়িক; সম্পর্কের স্থবিধে পেয়ে আমার সঙ্গে অসংকোচে আলাপ<sup>্</sup> করতে পারছেন। আমার মন্দ লাগেনি।

একাই আমার পছন্দ হলো—দড়ির একা। জিনিসপত্রগুলো আরেকটা একায় বোঝাই হলো। নগেনবাবু যত দ্র সম্ভব সংকৃচিত হয়ে বসলেন, বললেন: হঠাৎ-গরিবদের ঘরে ?

বলনাম : আসার মধ্যে আনন্দ নেই বরং ক্লান্তি আছে ; যদি আনন্দ থাকে তবে আকস্মিকতায়। এবং সে-আনন্দ উভয়ত।

নগেনবাবু সমন্ত্রমে বললেন : কিন্তু এই হতচ্ছাড়। দেশ কি তোমার ভালো লাগবে ? ( নগেনবাবু আমাকে আপনি বলে সম্বোধন করলে ভালো লাগতো না—প্রথমতঃ তিনি বয়সে আমার ঢের বড়ো, দ্বিতীয়তঃ সম্পর্কের মর্যাদা তাঁকে দেওয়া উচিত।)

বললাম : দেশ দেখতে যে অস্তত এখানে আসিনি সেটা বোঝা মোটেই কঠিন
নয়। এসেছি আপনাদের দেখতে। পৃষি-দির সঙ্গে শেষ দেখা প্রায় ন'বছর আগে—
বে-বার ওর প্রথম ছেলে হয়। পৃষি-দিকে দেখবার জন্যে মনটা আইটাই করছে। ওর
সঙ্গে ছেলেবেলাটা আমার কী ফুর্তিতেই যে কেটেছে। এক দিনের একটা মজার গল্প
ভনে রাখুন। গল্পটা বলব মনে করেই আগে থেকে এক চোট হেসে নিলাম। যারা
হাসির গল্প নিজে গন্তীর থেকে বলতে পারে না তাদের তুলনা হয় ঠিক সেই জাতীয়
কবির সঙ্গে, যারা কবিতা লিখবার অবলাশে অক্সকে ছন্দ বা শন্ধবিক্তাস সম্বন্ধে
উপদেশ দেয়। হাসি থামিয়ে গল্পটা ফের বলবার আয়োজন করছি, নগেনবাবুর ম্থের
ছিকে চেয়ে ম্থ আমার গুকিয়ে গেলো। স্ত্রীর শৈশবকালের এমন একটা গল্প শোনবার
কৌতুহল দমন করে নগেনবাবু তাঁর ম্থের চেহারাকে হঠাৎ এমন নিকৎসাহ করে
তুলেছেন দেখে একেবারে স্তন্ধ হয়ে গেলাম। মুখের সামান্ত একটি রেখায় আবহাওয়া
গেল বদলে। নগেনবাবু কিছু একটা বলবেন-ই, তার প্রত্যাশান্ব চুপ করে রইলাম।

কেটশন থেকে গাড়ি অনেকটা পথ এসে গেছে; কিন্তু ভেরা তথনো দুরে। কণ্ঠস্বরকে যতদ্র সম্ভব পাতলা করবার চেষ্টা করে নগেনবাবু বললেন: আমার তৃতীয় ছেলেটি মৃত্যু-শধ্যায়—

শুনে পরম বাধায় চমকে উঠলাম। থবরটা যেন তেমন কিছু অসাধারণ নয় এমনি তাবে নগেনবাবু এই বেদনাদায়ক সংবাদটা আমাকে জানালেন, আমার একটুও ভালো লাগলো না। বরং এতক্ষণ এই ভীষণ থবরটা গোপন করে আমার ক্বত্তিম সম্বর্ধনার আয়োজনে তিনি এত ব্যস্ত হয়ে উঠেছিলেন বলে আমার মন অপ্রসন্ন হয়ে উঠলো। আমার এই হাসি-খুশি আনন্দকোলাহলের মাঝে আসন্ন মৃত্যুর ছায়া পড়লে

পাছে আমি বিরক্ত.—হাা, বিরক্ত হই—সেই ভয়ে তিনি এমন একটা থবর প্রকাশ করেননি। ছেলেকে মৃত্যু-শব্যায় রেখে আমাকে অভিনন্দিত করতে এসেছেন।

वननाम : वर्जन कि ? की अञ्चथ ? अवन्त्रां कि चूवरे थानान ?

আমার গলায় সহাত্মভৃতির আমেজ পেয়ে নগেনবাবুর গলা এবার অনায়াসে ভারি হয়ে উঠলো: ভবল নিম্নিয়া। কাল রাত্রেই যাচ্ছিল; আজকের দিনটুকু আর ষাবে না হয়তো। গিয়ে দেখি কি না সন্দেহ!

চিস্কিত হবার কারণ ঘটলো। এক সঙ্গে কত চিস্কা যে মনে ভিড় করে এলো তার ইয়ন্তা নেই। আমার চিস্কার স্থ্র অস্থসরণ করতে না পেরে নগেনবাবু বললেন: বাড়িতে উঠলে তোমার অনেক অন্ধবিধে হবে। এমন জায়গা, ডাক-বাংলো পর্যন্ত নেই। বক্সারে যেতে পারো; ডাউন ট্রেন কাছাকাছিই আছে। ফিরবে নাকি?

কঠিন হয়ে বললাম: আপনি পাগল হয়েছেন ?

দেখ দেখি আমার সম্বন্ধে লোকের কী অক্সায় ভূল ধারণা ! আমি ভালো শাড়ি পরি বলে যেন ধুলোর ওপর বসতে পারবো না। এই নিয়ে তর্ক করে কোনো লাভ হতো না ; বে-তর্কের মেন্সর প্রেমিসগুলো প্রমাণসাপেক্ষ নয়, সে-তর্কে আমি সাধারণত চুপ করে থাকতেই ভালোবাসি। উপদেশের চেয়ে উদাহরণ বড়ো—এটা আমার কাছে উপদেশ মাত্র নয়—এটা আমি কায়মনোবাক্যে মানতে চাই। দেখ, মাফুষের অন্তর্গৃষ্টি কত কম, তার সব বিচার নির্ভর করে বাইরে মার্কার ওপর। আমার বাবা পুরুষদের বড়ো চুল রাখা ছু'চোথে দেখতে পারেন না। অরবিন্দ ঘোষের সঙ্গে বাবার দেখা হলে বাবা তাঁকে যে কী বলে সম্বর্ধনা করতেন ভাবতে আমি শিউরে উঠছি। মামুখের অস্তরের পরিচয় পেতে হলে গুপ্তচরের মতো লুকিয়ে-লুকিয়ে আত্মার অন্তধাবন করতে হয়— কার বা তত সময় ও ধৈর্য আছে বলো ! একটা সিদ্ধান্তে তাড়াতাড়ি না আসতে পারলে মনের অসাম্য অবস্থাটা আমাদের পীড়া দেয়। তাই তুমি দেখতে পাবে আমাদের দেশের বেশির ভাগ বাঙলা নভেলই এই ভুল-বোঝাকে কেন্দ্র করে বেড়ে উঠেছে। ওটা নেহাৎ একটা শস্তা চালাকি। যেমন ধরো শরৎ চাটুজ্জে। তাঁর যে বইগুলো উৎরেছে সবগুলিতে এই ভূল-বোঝার ঘোর-প্যাচের জটিলতা এত বেশি যে কৌতৃহল উদ্দীপ্ত করে বলে ভালো লাগে। আমরা পরস্পরকে প্রকাশ্যে দন্দেহ করি, করি অবিশ্বাস ও অবহেলা , কিন্তু নিভূতে বসে একে-অন্তের কথা ভেবে প্রেমবিগলিত হয়ে কাঁদি আর কপাল কুটি-- এই দৃশ্য দেখলে আমি পড়তে পড়তে পর্যন্ত উচ্চহাস্য না করে থাকতে পারি না। ভাবি: লোকগুলি কী ভীষণ বোকা। এই জন্মেই দেশ আমাদের এগোচ্ছে না। সামনা-সামনি মুখোম্থি দাঁড়িয়ে কথা কয়ে ছ' মিনিটে যার মীমাংসা হয় তাকে এমনি করে অনাবশুক ঘোরালো করে তোলায় আমাদের আয়ুক্ষয়

হয় না ? ভ্ল-ও ব্ৰবো, ভাল-ও বাসবো. এ কী অভ্যাচার। তুমি বলবে এটাই আভাবিক চিন্তবৃত্তি। আমি এটা মানি না; ভোমার সেই বৃত্তিকে শাসন করতে হবে। শাইতা থাকবে না কেন, কেন থাকবে না সাহস ? যাচাই করবো না অথচ যা চাই তা না পেলে গাল ফোলাবো—এই 'ছি চকাছনে নাকে ঘা' অভাব আমাদের বাবে কবে ? জীবনে যা ঘটে তাই আটে ঘটাতে হবে এই সাহিত্যধর্মে যদি তৃমি বিশাসবান হওই, তবে ভোমাকেও বলি আটে এমন অনেক জিনিদ real হতে নাধা বা জীবন কোনোদিন প্রতাক্ষই করেনি। যেমন ধরো কথোপকথন। মানো তো ?

অতএব, তুমি বুঝতেই পাচ্চ, এমনি সব আজগুবি চিন্তায় ব্যাপৃত হয়ে বাকি রাস্তাটা নগেনবাবুর সঙ্গে আর কোনো কথা হলো না। আরো থানিকটা সময় কাটিয়ে বেথানে এসে একাটা দাঁড়ালো, দেখে বিশ্বাস হচ্ছিলো না,—শুনলাম সেটাই নগেনবাবুর বাসা। আস্তাবলে সহিসদের মাচা করে শুতে দেখেছি, কিন্তু নগেনবাবুর বাসায় মাচারো বালাই নেই। সব সমতল। এত অপরিকার তুমি কল্পনা করতে পারবে না। বীভৎস রস বলে একটা রস আছে, ঐ রস নিয়ে আমাদের দেশে কোনো লেথকই চর্চা করেন না দেখে আমার কন্ত হয়। একমাত্র করুণ রসই বাঙলা দেশে কাটে এটা নরম মাটির দোষ। ধদি পরকে কাঁদাবে আশা করে লেখায় নিজে থানিকটা কাঁদতে পারো তো বাঙলা দেশে সেই সাহিত্য তোমার সফল রচনা হলো। গল্পের কর বা টেকনিকের জন্মে নয় —কাল্লার কাদা থাকলেই তার দাম হবে। দেশের চরিত্রগুলো সাাঁৎসেঁতে, থট্থটে নয়। কিন্তু, সত্যি বলছি, যদি কেউ আন্তরিক অঞ্চত্র করে পুষিদির এই বাসা নিয়ে কবিতা লেখে, থাটি বীভৎস রস সে নিশ্চমই ভ্রমাতে পারবে, এবং সেটা রসস্কৃষ্টি হিসেবে পিছিয়ে থাকবে না।

ছোট্ট বাসা, তিনটে ঘর—টিনের চাল, ভেতরে একটুথানি উঠোন। তিনটি ঘর ভরে কিলবিল করবার জন্তে বিধাতা যেমন পৃষিদির কোলে ছ'টি সস্তান দিশেছেন তেমনি উঠোন ভরে দিয়েছেন আগাছা। যেথানেই পা দেবে পায়ের ধুলো নিতে কোনো অহুগত ভক্তই সেথানে দাড়াবে না, ছুটে পালাবে। যে ঘরটাতে এসে সামি প্রথম দাড়ালাম সে-ঘরটার অবিকল বর্ণনা দিতে পায়লে তোমাদের দলীয় অনেক সাহিত্যিককেই আমার তাঁবেদারি করতে হতো। মেঝেটা মাটির, তার ওপর একটা মাত্র বিছিয়ে পৃষি-দি বসে আছে, কোলে মৃম্বু সন্তান,—ছেলেটির বয়স হ' বছর কয়েক মাস হবে; চার পাশে ভূপীকৃত অপরিচ্ছন্নতা। কতকগুলি ময়লা কাপড়, য়য়লা বিছানা (তোলা হয়নি), কতগুলি থালা-বাটি (মাজা হয়নি), কতগুলি অধিলয় ছেলে-পিলে (তারস্বরে টেচাচ্ছে)। পৃষি-দির চেহারা কি রকম ধদ্কে গেছে, নেগেনবার কিছু যেমন মস্ত, তেমনি মজবুত) ওর দিকে চেয়ে আমার ভারি কয়লা

হলো। ওকে নিচ্ হয়ে প্রমাণ করে ওর পাশে বসে পড়লাম। পুবি-দির ছু° চোথের কোণ বেমে অপ্রয়েখা নেমে এসেছে। ওর ছেলের শরীরে একটু হাত বুলিয়ে বললাম : ডাক্তার দেখে কি বলছে ?

পুবি-দি ছেলের মুখের ওপর নির্নিমেষ দৃষ্টি রেখে বললে: আর ভাক্তার ! দেখছিস না কেমন করছে। বাছাকে আর রাখতে পারলাম না!—পুষি-দির বুক ডেঙে দীর্ঘশাস পড়লো।

নিজেকে বে কী অসহায় লাগতে লাগলো বুঝে নিয়ো। সেই ঘরের চেহারা দেখে কাকে অভিশাপ দেবো ঠিক করতে পারলাম না। রোদের দিকে তাকানো যায় না, অথচ এত বেলা পর্যন্ত ছেলেপিলেগুলির না হয়েছে স্নান, না বা খাওয়া। সকালবেলা যা কটি মৃড়ি খেয়েছিলো তারো জায়গাগুলো এখনো ধোয়া হয়নি। নগেনবাবুর ছোট ভাই-এর বে এখানেই আছে—সে-ই তদারক করছে, কিছ একা মাহ্ম্য পেরে উঠছে না। মেয়েটি আনাড়ি; ভাস্থর বর্তমান বলে ব্রীড়াবনতম্থী—মাথার ওপরে ঘোমটা তার সব সময়েই আনমিত। সংসার সামলানো তার কাজ নয়। পৃথি-দি ছেলে কোলে করে তিন দিন ধরে বসে আছে, মমতার খ্ব বড় নিদর্শন হলেও এটা স্বান্থ্যর বড়ো লক্ষ্ম্য বলে মানতে পারলাম না। কিছু পৃথি-দিকে সেক্ষ্মা বলতে যাওয়ার মতো গুইতা আর কিছু হতে পারে না। হুংখের এত নিশুঁত প্রতিচ্ছবি আমি আগে আর কোথাও দেখিনি। মৃমূর্ছ ছেলেকে কোলে নিয়ে পৃথি-দির শঙ্কার্ক্র পীড়িত মৃথের তুলনা দিতে পারি, আমার হাতে বাঙলা ভাষা আজো তত শক্তিমান হয়ে ওঠেন। এমন নিদারণ নিঃসহায়তার ছবি আর নেই।

আমার মতো অপরিচিত আগন্তককে দেখেই ছেলেমেয়েগুলো কান্না থামিয়ে দম-নোর চেষ্টা করছিল, ওদের চোথে আমার আবির্তাবটা পরম বিম্মানকর; ওদের পারিপার্মিক অবস্থার মধ্যে আমি মোটেই থাপ থাচ্ছি না বলে ওরা কান্না থামিয়ে আমাকে প্রাধান্ত দিচ্ছে। এমন কাঙাল হতচ্ছাড়া চেহারা দেখে আমার বরাবর ম্বণাই হয়েছে; ছেলেবেলায় তিহ্নর কানে একেবারে পুঁজ হয়েছিল বলে তিহ্নকে আমি কতদিন ছুঁইনি (ভাবতে পারো—তিহ্নকে!); কিছ্ব ওদের প্রতি কথন যে বুকে স্নেছ সঞ্চিত হয়ে উঠেছে—টের পেলাম না। ওদের আত্মীয় করবার জল্লে ওদের দিকে এগোব ভাবছি এমন সময় পূর্বোক্ত বউটি এসে সেই ঘরে কুন্তিত হয়ে দাঁড়ালো। এডক্ষণে রান্না তার শেব হয়েছে বুঝি—এবার ছেলেপিলেগুলোর গাত্রমার্জনা হবে। বোটি আসতেই নগেনবাবু (তিনি এতক্ষণ একটা চেয়ারে অবসন্ন হয়ে বসেছিলেন) তাকে লক্ষ্য করে বললেন: ওদের পরে হবেখন। তুমি আগে অশ্রুর মানের বন্দোবন্ত করে দাও। রান্ন হয়েছে কিছু? (বোটি আন্তে মাথাটি একট্ট নামিয়ে সম্বতিস্চক

সংক্ষত করলে ) তাহলে, গরিবের খরে বা হয়েছে তাই চারটি বেড়ে দাও ওকে। কলকাতা থেকে আসছে,— নিশ্চয়ই খুব tired, না অশ্রু ?

ভোমাদের পুরুষদের এই একটা প্রবল দোব, মেয়েদের হিভসাধনের বেলায় তোমাদের সীমাজ্ঞান থাকে না। নগেনবাবুর এই অতিশয়োক্তি আমার কাছে এভ স্কাষ্য মনে হলো ৰে, দম্ভরমতো স্বপমানিত বোধ করলাম। এতগুলি অভুক্ত আর্ড শিশুকে ফেলে আমার কাল্পনিক প্রান্তি-লাঘবের জন্তে তিনি ব্যস্ত হয়ে উঠলেন, তাঁর এই আতিখেরতার দৃষ্টাস্ত এ-যুগে অচল। অতিথির তৃথির জল্ঞে কর্ণের যুগে পুত্র-হত্যার পুরস্কার মিলতো, অর্থাৎ মরা ছেলে বেঁচে উঠতো ফের ; কিন্তু এ-মূগে ছেলে একবার মরলে আর বাঁচে না—তাই অনাবশ্যক আতিথ্যের মূল্য দিয়ে ফতুর হ্বার ভক্ততা আমাদের পোষায় কৈ। ও যুগে এমন কতকগুলো স্থবিধে ছিলো যে হিংলে হয়। শিবিরাজা নিজের দেহমাংস অতিথির জন্তে অনায়াসে কাটতে লাগলেন, তাতেও ওজনে তার সমান হলো না বলে নিজে তুলাদণ্ডে আরোহণ করতে ভিক্লক্তি করলেন না-জন্ম জয়কার পড়ে গেল, এমন আত্মদান আর দেখা যায়নি; কিছ মজা এই বে, অতিথি ওধু-অতিথি নয়, ছন্মবেশী ইক্স। বখনই এমনি একটা মহৎ অভিনয় হয়েছে—তথুনিই দেখতে পাবে পরীক্ষাকর্তারা আগে থেকেই ছন্মবেশী হয়ে এসেছেন ; নইলে বেন অমন একটা ত্যাগের মর্যাদা হয় না— তাকে পুরস্কৃত করতেই হবে ভেবে দেবতাদের আগে থেকে পরামর্শ চলছিল। সে-যুগে ত্যাগ বা আতিথেয়তাটাই বড়ো ছিলো না, বড়ো ছিলো তার পুরস্কারের লোভটা। সে জন্তে সে-যুগের ত্যাগের কথা পড়ে হাত-তালি দিতে হাত ওঠে না। ব্যকেতৃকে কর্ণ যথন স্বহস্তে বধ করলে —মানলাম সেটা একটা বড়ো রকমের অতিথিপরায়ণতা—কিন্ত পেটুক বামুনটা কেন দেবতা হয়ে দেখা দিলো? বুষকেতু ফের বেঁচে উঠলো বলেই কি কর্ণের प्पाणि (अञ्चा) । (प्पाला) हरत्र त्रम ना ? এই प्रस्ताहे त्या मान्य हत्र त्य. কর্ণও আগে থেকে জানত বৃষকেতু তার নিজের মাংসুই থেতে বসবে! আমাদের ভ্যাগ ঐ বাজে ঠুনকো ভ্যাগের তুলনার কভ মহনীর—স্মামরা ঘূণাক্ষরেও আশা করি না যে আমাদের বেলায় নিষ্ঠুর অতিথি প্রেমিক দেবতা হয়ে উঠবেন। যা আমরা হারাই হাসিম্থেই হারাই, ফিরে পাবার লোভ রেখে সে মহান ক্ষতিকে আমরা ৰুপুষিত করি না। এমন কি পরজন্মে এ-ক্ষতির পূরণ হতে পারে এমন একটা সামান্ত ইচ্ছাকে পর্যন্ত লালন করতে আমাদের দ্বণা বোধ হয় ! আমাদের ভাগ্যের পরিধানে কোনো ছলবেশ নেই, সে নয় নৃশংস- আমরা জানি সে ভাগ্য চেহারা वम्रत्न अरम वद मिर्ग्न चांचारम्ब चांचामात्मद चमर्यामा कदाव ना। अवः छा स्थातहे আমরা আত্মোৎসর্গ করতে অকুষ্টিত থাকি।

নগেনবাবুর কথার কোনো প্রতিবাদ না করে আমি পুষি-দির ছেলেমেমেদের নিয়ে পড়লাম। ওরা প্রথমে কেউ ভয় পেলো, কিন্তু আমার বান্ধে বে একটা বিশ্বটের টিন আছে তা বের করে ওদের বন্ধুতা কিনে নিতে আমার দেরি হলো না। তুমি বললে বিশাস করবে, আঁচলটা বুকের ওপর বিস্তৃত না রেখে দড়ির মতো পাকিয়ে কোমরে বেঁধে নিলাম, খুলে ফেললাম কুডো; ছেলেমেয়েদের কুয়োর ধারে নিয়ে গিয়ে বাক্স থেকে সাবান বার করে স্থান করাতে বসলাম। বউটি নিচ্ছে জল তুলে দিতে এসেছিল, বললাম : তুমি ততক্ষণ ঘরগুলো নিকোও, আমি এ সব একাই পারবো। স্নান করতে করতে ছেলেমেয়েদের কলরবের আর বিরাম নেই, কে আগে স্নান করবে এই নিয়ে প্রতিষোগিতা লেগেছে—তাদের কত দিনকার কত ছোটখাটো ইভিহাস—ত্মথের ও স্থথের—টুকরো-টুকরো করে আমাকে শুনতে হলো, আমি ওদের রাঙামাসি হয়েও এতদিন বিষ্ণুটের টিন ও সাবান নিয়ে আসিনি কেন এটা श्वामत अक्टा वाड़ा नानिन। अक्सानत कथाय विभिन्न मानायां मिरा स्कारन পক্ষপাতিত্ব দেখাবার সাধ্য নেই, বাকি হাতগুলি আমার চিবুক ধরে টেনে তাদের দিকে দৃষ্টি নিবদ্ধ করবার জন্তে সচেষ্ট হয়ে আছে। স্থান করিয়ে একটা বড়ো থালার চারধারে ওদের বসিয়ে নিজেই ওদের থাইয়ে দিতে লাগলাম। বৌটিই পরিবেষণ कर्त्रिता। जामि य जन्नवर्षेनवााभाव त्यार्टेहे नमम्भी नहे—खर्ालक मूर्यहे এहे অভিযোগ। রাত্রে ঠিক আমার পাশটিতে কে শোবে তাই নিম্নে ওরা ঘরোয়া বিবাদ শুরু করে দিলো, ওরা হুষ্টমি করলেও ওদের মা'র মতো আমি প্রহার করব না এই অভয় পেয়ে ওরা উঠলো লাফিয়ে। থাইয়ে দাইয়ে মিষ্টি করে বললাম: তোমরা এবার চুপটি করে ঘুমোও গে; কাকিমা ঐ বারান্দায় মাত্রর পেতে দিয়েছেন। গোল-মাল চেঁচামেচি করে। না, দেখছ না ভাইটির কেমন অত্বৰ্গ করেছে। নগেনবার वनलन, जामि नाकि चरर्गत जाइ जानि - नवारे च्छन्ड करत माइरत शिरा छरन ! শিয়রে দাঁড়িয়ে থানিকক্ষণ পাথা করলাম, ( আমার পাথা-চালানোও নাকি পক্ষ-পাতিত্বহীন নয়) ওদের ঘুমুতে দেরি হলো না। সব চেয়ে ছোট মেয়েটির বয়েস এগারো মাদ; বউটিই তাকে হধ থাইয়ে ঘুম পাড়িয়েছে।

পুষি-দিকে গিয়ে বললাম: এবার তুমি ওঠ, তিন দিন তোমার স্থান নেই, থাওয়া নেই। ছেলেকে আমার কোলে দাও, তুমি এই ফাঁকে মাথায় একটু জল দিরে মূথে ছুটো গুঁজে এদ গে।

পুষি-দি এমন আবিই হয়ে আমার দিকে তাকালো যে বি. এ. পাশ করে ও এত কলঙভাগিনী হয়ে আমার এমন একটা কথা বলবার মতো নয়। নাক সিঁটকে বরং বস্ধার ফিরে যাচ্ছি বলে সেজে-গুঁজে একায় গিয়ে উঠলেই আমাকে মানাতো।

তা ছেড়ে, এ কী রূপ ! যে-ছালটির শাড়িটা পরেছিলাম কাদায় **আর জলে তা সণস**প করছে ; মাথার থোঁপাটার আর ইক্ষত নেই । আমার সম্বন্ধে এরা যতো ধারণা করেছিল তার সঙ্গে মিল রাখতে পারছি না বলে ওদের হতাল করলাম যা হোক ।

পুষি-দি কিছুতেই ছেলে ছেড়ে উঠবে না; ষেন এমনি করে ধরে রাখনেই ওকে রাথা যাবে। শেষে অফুনয় করে, পায়ে ধরে, শাসিয়ে, ধমকে পুষি-দিকে জান করতে পাঠালাম। আর ওর মৃমুর্ সন্তানটিকে আমিই কোলে নিয়ে বসলাম। এত সন্তর্পণে এত সেহে কোনো জিনিস ছুঁয়েছি বলে মনে হলো না। নির্মল করতলটি মমতায় কোমল করে ওর কপালের ওপর রাখলাম—জরে পুড়ে যাছে। হাত পা ঠাতা,—নিশাসের জত্যে কসরৎ করে ওর ক্ষীণ কন্ধাল-কল্প দেহটা বারে বারে সংকৃচিত হচ্ছে। ওব ম্থের দিকে চেয়ে পৃথিবীর কোনো ফুলর দৃশ্তের কথাই মনে করতে পারলাম না। কিন্তু পরে যখন কোনোদিন আবার স্কল্পর দৃশ্তের ম্থোম্থি হব, তথন পৃথি-দির এই ছেলের মৃত্যুর তৃঃখটা ভূলেও মনে আনবো না। বাস্তবিক আমাদের জীবনে যদি অতীতকাল বলে কিছু দাঁড়িয়ে থাকতো এবং যা আমরা ফেলে এসেছি তা যদি ভূলতে না পারতাম—অর্থাৎ পৃথিবী গোল না হয়ে চোকোণ ও সমতল যদি হতো—অর্থাৎ কিছু-কিছু অদৃশ্য না থেকে সকই যদি থাকতো উন্মুক্, উদ্যাটিত তাহলে আমাদের আত্মহত্যা করা ছাডা আর গতি ছিলো না।

দেথ. আমরা প্রাণী-হিদাবে কত অসহায়! বিজ্ঞান দিয়ে দব জিনিদ আমরা বৃথতে গেছি বলেই আমাদের মৃশকিল আবো বেড়েছে। মৃত্যু বৃথি, কিন্তু মৃত্যুর সার্থকতা বৃথি না। এখেনে আমাদের কোনো প্রতিকার নেই বলে প্রতিবাদ কঃতে লজ্জা পাই! এতকাল বৃথিমান থেকে মরবার বেলায় আমাদের অজ্ঞানতা চাড়া দিয়ে ওঠে; তথন প্রলাপ বকতে আমাদের স্থথ হয়: ভোগ, ভাগা, ভগবান! আমরা এখেনে পশুরো অধম হয়ে গেছি। বৃথতে চাই অথচ বৃথতে পারি না বলে আমাদের শোক তাঁব্রতর হয়ে ওঠে। সহজ নিশ্চিন্ত হতে পারি না। ছ'টি দিনের জন্তে এদে এই শরীর নিয়ে এত টানা-হেঁচড়া, এত উন্বেগ, এত মানি—দিস্তশুল থেকে ভ্রুফ্ক করে মৃত্যুশেল—তব্ আমাদের কবিতা লিখতে হয়, প্রেম না করলে পৃথিবী পবিত্র হয় না। আচ্ছা. তোমার কি মনে হয় না, প্রকৃতির রাজ্যে কোনো একটা শৃত্যুলা নেই, নীতি নেই ইচ্ছে মতো অভিত্যাল জারি করেই তার রাজত্ব চলেছে! বৌবন কথন আসবে প্রকৃতি তার একটা সময় নির্ধারিত করে দিয়েছে, মৃত্যুর বেলার তার এই অব্যবন্থা কেন? বিয়ে করে বৌবন প্রমাণিত করবার আগে আমরা কেমন নিশ্চিন্ত হয়ে সংসারের দায়িত্ব ও কল্য থেকে আত্মবন্ধা করে আননন্দ পাই; তেমনি এমন ঘদি একটা তারিথ থাকতো যার আগে প্রকৃতি মৃত্যুবাণ হানবে না, তাহলে

আমরা পৃথিবীর চেহারা দু'দিনে বদলে দিতে পারভাম। ভূমি হয়তো বলবে আমরা এত স্বল্লায়ু যে, আমরা চিরজীবিনী প্রকৃতির নীতির বিচার কি করে করব ? প্রকৃতি কোটি কোটি বংসর পরেও তাঁর ভূল সংশোধন করলে তাঁর আয়ুর অমূপাতে সেটাকে অভি-বিলম্বিত বলে নিন্দিত করতে পারবো না। আমরা আমাদের মূর্থতার নানারকম হেতুবাদ বার করে ফেলেছি। নইলে টিকতাম কি করে ?

আমি গন্ধ-লিখিয়ে হিসেবে একজন কাঁচা আটি স্ট বলে তোমাকে আগেই ব্ঝতে দিয়েছি যে পুষি-দির ছেলেটি নেই; কিন্তু অত সহজে তোমাকে ব্ঝতে দেওয়ার উদ্দেশ্য আমার ছিলো না। তৃমি অনেক মৃত্যু দেখেছ—তোমার তৃ'টি বোন একসঙ্গে এক বিছানায় ভয়ে মারা গেছল—মৃত্যুর খবরে তৃমি হয়তো আর চঞ্চল হওনা, ওটা তোমার কাছে হয়তো বাজার-দরের মতোই একটা বাজে খবর। কিন্তু এমন প্রত্যক্ষ ও পরিকার করে কোনো মৃত্যু আমি দেখিনি, অমুভবও করিনি। আমার জীবনে একমাত্র মার মৃত্যুর বেদনা আছে; তবে মা যখন মারা যান আমি তথন ময়মনিসংহে বিভাময়ী বোজিং-এ তৃমুছি। সে-দিনের কালায় আমার তীব্রতাছিলো, কিন্তু মনে হয় প্রাণ ছিলো না। শিশুর মৃত্যুর চেয়ে করুণ কিছু কল্পনা করা বায় বলে ভাবা আমার তৃংসাধ্য।

ঘড়ি থাকলে দেখতে পেতাম স্নান করে খেয়ে নিতে পুবি-দির ত্'মিনিটো লাগে
নি। এই সামান্ত সময়টুকু দ্রে রয়েছে, তার মধ্যে নিশ্চয়ই য়মের পেয়াদাশুলো ভিড়
করে এসেছে—মাকে দেখেই বোধ হয় সময়মে এবার সরে দাঁড়াবে পুষি-দির
কোলে ছেলে ফিরিয়ে দিয়ে ত্'হাতে তাড়াতাড়ি ঘরটা গুছিয়ে ফেললাম। নগেনবার্
ও তাঁর ভাই ইতিমধ্যে আহার সেরে যথাক্রমে ডাক্রার ও শ্বশানবদ্ধর থোঁজে
বেরিয়ে পড়েছেন।

বালতি তিনেক জল কোন রকমে মাথায় ঢেলে ছ'টি নৃথে তুলতে বউটির সঙ্গে এক থালায় বসে পড়লাম। সেই অত্যন্ত কালের মধ্যে ভাব হয়ে গেল এবং বি. এ. পাল করে এলেও ওর ররের বিষয় প্রশাদি করছি দেথে বউটির খূলির আর শেষ রইলো না। বউটির নাম কালিদাসী। ভারি লাজ্ক, স্নিশ্ব মেয়েটি। বর ছাড়া আর কোনো কথোপকথনের বিষয় নেই বলে কাজে-কাজেই সেথানেই আমার রসনাকের রিয়ে নিতে হলো! বর্ণনাটা রুড় হলো ক্ষমা করো।

কালিদাসীর বরের নাম থগেন্দ্রনাথ। দেখ, নাম সম্বন্ধে আমাদের দেশে একটা নতুন নিয়ম করা উচিত। শৈশবাবস্থায় আমাদের মৃক অসহায় পেয়ে বাপ-মা মধেচ্ছাচারে আমাদের ওপর নামের এই জুল্ম চালাবেন এটা অসম্ভ। এবং সেই: নামের বোঝা চিরকাল অমানমুখে বহন করে আমাদের পিতৃভক্তি সাব্যস্ত করতে- হবে। নামের মধ্যে মনগুল্ব আছে বলে ফ্রন্নেড কিছু লিখেছেন কি না জানি না, তবে থগেনবাবু যে চাকরি-বাকরি না করে বলে বলে দাদার অন্ধ ধ্বংস করছেন তার কারণ ওঁর বাপ-মা ওকে থগু বলে আদর করতেন বলে। আমরা মধন বড়ো হয়ে চিস্তা করতে শিথি তথন আমাদের উপযোগিতা পরীক্ষা করবার স্বাধীনতা দেওরা উচিত। গোত্র থেকে না-হয় আমাদের ত্রাণ নেই, কিন্তু জোর করে চাপানো এই নামের দাসত্ব আমাদের চিরকাল করতে হবে—এতেই আমাদের দাস-মনোভাবের প্রথম স্ট্রনা।

অপ্রাসঙ্গিক হলেও থগেনবাবুর কথাটা সেরে নি। লেথাপড়া বিশেষ কিছু করেন नि, ভালো লাগতো না নাকি। ছেলেবেলা থেকে দাদার ছায়ায়ই বর্ধিত হয়েছেন। এ-পর্যন্ত এক পয়সাও রোজগার করেননি, তবুও তাঁর বিয়ে করায় যে সমাজের পক থেকে একটা আপত্তি উঠতে পারে তা শোনবার তাঁর ধৈর্য ছিলো না। নির্মলের সমাজনীতি কিন্তু উল্টো রকমের। বেকার হয়েছে বলে তার বিয়ে করার অধিকার লুপ্ত হবে এবং বেকার হয়েছে বলে তার হাত হটো কাটা যাবে—এ ছটো নিয়মই ওর কাছে সমান বর্বর। নির্মল বলে: খাওয়া যদি তার পাপ না হয়, ঘুমোনো यদি তার পাপ না হয়, বিয়ে করাও তার পাপ হবে না। উত্তরে বলেছিলাম : এই জন্মেই भाभ হবে যে काउ कि निर्माय ছেলে-भिल मात्रा यादा। এর भात निर्मल या বলেছিলো তা একান্ত ছেলেমামূষি। বিষয়বন্ত ছেড়ে তর্ক যদি অবশেষে ব্যক্তিকে লক্ষ্য করে তাহলে তাকে বাচালতা ছাড়া আর কি বলবো? বাড়িতে একটা টাইপ-রাইটার আছে, থগেনবাবু রোজ থান চারেক করে আপিদে-আপিদে দরথান্ত পাঠান, লম্বা হয়ে ঘুমোন, আর গলা ছেড়ে গান ধরেন। কালিদাসীর ষে ছু'টি ছেলে পেটেই মারা গেছে দে-লজ্জাটিও সে গোপন রাখতে পারলো না! মারা তারা যেতোই; নির্মল হলে বলতো: বড়ো লোকের ছেলেরা বড়ো হয়েও মারা যায়। নির্মলের সঙ্গে এই জন্মে তর্ক করে স্থুথ হয় না। ঢাল তরোয়াল না নিয়ে যুদ্ধে গিয়ে মুগুটা দিয়ে আসাই ওর মতে প্রকাণ্ড adventure। ছেলেদের না থেতে দিয়ে না চিকিৎসা করিয়ে মরতে দেওয়ার মধ্যে কোনো অস্বাভাবিকতা নেই। নির্মলের মতে সম্ভান হোমিওপ্যাথি চিকিৎসায় মরলে আপশোষ থাকতো কেন য়্যালোপ্যাথি করালাম না, য়্যালোপ্যাথিতে গেলে আপশোষ থাকতো গলিতে এত বড়ো জলজ্যান্ত একটা কবরেন্দ ছিল। ও সব ধোঁকা, ওর মধ্যে সতাই নেই। না খেতে পেরে মরাটা নাকি আমাদের করনার আতিশব্য; থেয়ে পেট ফেঁপেও ঢের লোক মরে। বিয়ে করাটা ওর মতে গুধু সংস্কার নয় – আচরণীয় ধর্ম।

এই थराननातृत मरक सामात भरत सामाभ रखिहिला,—रम-कथा भरत वना

ষাবে! এখন পুৰি-দির ঘরে কের গিয়ে বসি। দেখতে দেখতে সন্ধ্যা হয়ে গেল, ছেলেপিলেগুলো জেগে উঠে কেউ কারা ও কেউ কলরব করে বাভি মাথার করবার যোগাড় করছিলো; আমি যে যাইনি তা দেখে আখন্ত হয়ে ওরা মুখগুলিকে এমন নম্ম ও কমনীর করে তুললো যে চুমু না খেয়ে পারলাম না। বিকেলে ওদের খাওয়া বলে কোনো হাঙ্গাম নেই, বাড়ির সামনের মাঠে ওদের ছুটোছুটি করতে পাঠিয়ে দিলাম। ওদের লুকোচুরি খেলায় কতক্ষণের জন্তে আমাকে বুড়ি হতে হলো। তোমাকে এত সব কথা খুঁটিয়ে লিখছি তার কারণ আমি পুষি-দির সংসার তুই হাতে নিবিড় করে স্পর্শ করে অন্তরে একটি পরম তৃপ্তি লাভ করেছি— হোক তা মৃত্যু দিয়ে বিক্ষত, দারিদ্র্যু দিয়ে মলিন।

এইটুকুন পড়ে তোমার কি মনে হচ্ছে না আমি যদি পুষি-দির অবস্থায় পড়তাম, তো কী করতাম ? হয়তো এই রকম করেই মানিয়ে যেতে হতো। এ-ঘরের বাইরে আমি যথন বেক্ষতে পাবো তথন এই দিনের স্মৃতিটা কী কুৎসিতই যে লাগবে। তবু আজকে পুষি-দির সংকীর্ণ সংসারের সীমায় ক'টি মুহূর্ত আবদ্ধ থেকে স্তিটি কিছু হাঁপিয়ে উঠছি না।

হাা, দেখতে দেখতে বিকেল হয়ে গেল। ছেলেটি তথনো ধুক্ধুক্ করছে। ক্ষ্মীর সেই বিভীধিকাময় স্তব্ধতার তুলনা দিতে পারি এমন শক্তি আমার নেই; আসম ঘটিকার উপমাটা নেহাৎই অবাস্তব হবে। তারপর এলো কালো রাত্রি। মাঝখানের অনেকটা সময় মুছে দিলাম, কেননা চিঠি তাহলে অতান্ত বড়ো হয়ে থাবে। ভাক্তার বলে গিয়েছেন, আজ রাত্রে টিকেও থেতে পারে। পুষি-দিকে বললাম: এবার ওকে আমার কোলে দিয়ে তুমি একটু ঘুম্বার চেষ্টা করো। পুষ-দির আপত্তি আমি শুনবো কেন ? ছেলের গায়ের ভপর একথানি হাত রেথে পুষি-দি আমার কোল ঘেঁষে একটু ভলো, এবং থানিক বাদেই টের পেলাম সে-হাত শিথিল হয়ে বিছানার ওপর নেতিয়ে পড়েছে; বুঝলাম মৃত্যুকে পারলেও ঘুমকে ঠেকায় পুষি-দির সে-সাধ্য আর এখন নেই। নগেনবাবু বারান্দায় খানিক পাইচারি করে একটা চেয়ারেই বদে বদে ঘুমিয়ে নিচ্ছেন, খণেনবাবু সন্ত্রীক দ্বার রুদ্ধ করে তাঁর ঘরে যথারীতি অধিষ্ঠান করছেন। কোনোদিন গভীর রাত বিনিত্র কাটিয়েছি বলে মনে হয় না, किन्ত भवन्छ ছেলেটিকে কোলে নিয়ে চুপ করে বদে থাকতে-থাকতে আমার সত্যিই ভারি ভয় করতে লাগলো। মনে হলো মৃত্যুর একটা স্পষ্ট মৃতি আছে, আর সে-মূর্তি মমতাময়ী মা'র মূর্তি নয়। আচ্ছা, বাঙলা দাহিত্যিকেরা মৃত্যুবর্ণনা করতে এত কৃষ্টিত কেন ? সে-তেজ সে-কল্পনা তোমরা কবে লাভ করবে ? তোমাদের মধ্যে নাকি একটা প্রবাদ আছে যে গল্পে নায়কের মৃত্যু হলেই সে গল্প জোলো, ক্যাকানে হরে গেল। তোমরা নেহাৎই বাঙালী, ভিক্টর হিউগো-র ট্র্পি
ধরবারো তোমাদের বোগ্যতা নেই। তোমাদের মধ্যে কেউ কেউ তোমাদের স্থপক্ষে
এমন আরেকটা যুক্তি দেন বে, আমার হাসি পায়। তাঁরা বলেন : সংসারে মৃত্যু তো
আছেই, সাহিত্যে তাকে খুঁচিয়ে লাভ কী ? স্থথের ছবি এঁকে জীবনটাকে একট্
রঙিন করে নেওয়া বাক। এর জবাবে বদি বলি : পৃথিবীতে ঢের লোকই তো বেশ
স্বচ্ছন্দে বেঁচে থাকে, তাদের নিয়ে এতো বাড়াবাড়ি করলেই বা কোন মোক্ষলাভ
ঘটবে, তাহলে আমার এ-যুক্তিটা একই জাতের হবে নিশ্চয়। বা ঘটেছে তা বলতে
আমরা সর্বদা পুকিয়ে বেড়াই কেন ? ঘটনার মুখোমুখি দাঁড়াতে কেন আমাদের এড
ভয় ? আজ নগেনবাবু বদি মরতেন, তবে পুবি-দির সংসারে এই মৃত্যুটা কি একটা
মহাকাব্যের কথাবন্ধ হতে পারতো না ? তোমাদের হাতে এমন বিষয়বন্ধ পড়লে
তোমরা নিশ্চয়ই আগ্রহ দেখাতে না। একটা প্রেমের প্লট পেলেই তোমাদের কলমে
স্বড়স্থড়ি ধরে।

খোকাকে কোলে নিয়ে বসে থাকতে থাকতে আমার মনে হলো—এ আমারই ছেলে, আমারই জঠরে ওর জন্ম, আজ আমিই ওকে হারাতে বদেছি। ভারতেই भद्रोत्तत भवश्वनि भित्रा-छेशभित्रा छैनछैन करत छैर्रत्ना। ना ना ना-खात्र छैहिस উঠেছিলাম আর কি—আমি সস্তান চাইনে, অকারণ মৃত্যুর বিরুদ্ধে আমি এই দম্ভ প্রচার করতে চাই। যৌবনোচ্ছাস হতেই মেয়েরা শুনেছি নাকি মাতৃত্বের অভিলাষিণী হয়ে ওঠে—ওটা ধদি সত্যি হয়, তবে ওটাকে বৌবনাবস্থার অক্সান্ত কু-অভ্যাসের মতই শাসন ও চিকিৎসা করা উচিত। তুমি মনে করো না ( করছ না অবশ্রি ) যে, আমি আমার মতগুলিকে অক্সের ঘাড়ে জোর করে চাপিয়ে দিতে চাই. আমি তত বড়ো অন্ধ অত্যাচারী নই। হাা, আমি নিজের কথাই বলছি, নিজের कथा वनाउँ वामि जानावामि। य-इःथ निष्क भावा मारे इःथ जान वनावान জন্মে আরো কতগুলি অনাথ ও আতুর শিশুদের আমন্ত্রণ ,করব আমি ততটা বদায়া নই। ধরে। আজ যদি আমি একটি গরিব কেরানিকে বিয়ে করি (মোটে ষাট টাকা মাইনে ) ও সম্ভানধারণ করবার তাগিদে আমার যদি ইম্বুলের চাকরি না থাকে, তবে म्हि मस्त्रान कि आमात शक्क शाथ—हैंगा, शाथ हरव ना ? आमि **उ**खत निष्टि : हैंगा, নিশ্চয়ই পাপ হবে ; কেননা ষাট টাকায় আমার সম্ভানের উপযুক্ত ভরণপোষণ হবে না। অতএব দে-ক্ষেত্রে আগন্তক সন্তানকে প্রতারিত করাই হবে সমীচীন। বিয়েই বা কেন করতে যাওয়া ? সম্ভানকে বৈধ করবার জন্তেই তো বিয়ে। সংসারকে भःकौर्व करत एत्वात करत रायान मस्रात्नत क्रमिकात व्यवस्था स्विरंध नहे, দেখানে আর বাধা কিসের ? আর্থিক অবস্থা স্বচ্ছল না হলে বরং দে-বিষয়ে ভাবা ষেতে পারে। সন্তানকে ভরণ-পোষণ করবার সন্থাত নেই বলে গরিব কেরানিটির সঙ্গে বিয়ের আগে প্রেম করা যাবে না এটা একটা বর্বর প্রথা। বড়েচা বাজে বক্ছি, না ?

হঠাৎ লক্ষ্য করলাম খোকা বাই-বাই করে উঠেছে। এবারে বাবে। বরে বে-লর্গনটি জলছে দেটা নিতান্তই জক্ম মনে হলো। ঐ টুকুন আলোভে মৃত্যুকে নির্ণন্ন করা বাবে না। ডাকলাম: পৃষি-দি! কে তার উত্তর দেবে ? পৃষি-দি ঘুমে গা ঢেলে দিরেছে। আবার ডাকলাম, হাত ধরে নেড়ে দিলাম, চিৎকার করে উঠলাম—পৃষি-দি আরেকট্ ভালো হয়ে পা মেলে ভলো। এত দিন-রাভ প্রতীক্ষা করে ও এমন একটা দৃষ্ট দেখতে পাবে না? এবার এমন চেঁচিয়ে উঠলাম যে বিধাতারো কানে তালা লাগলো হয়তো। (তুমি তথন কী করছিলে?) নগেনবাবু লাফ দিরে উঠলেন। বললাম: খোকা কেমন করছে, বোধ হয় নেই। দীনতা ও সাংসারিক ক্রেটি ঢাকবার জন্মে যে-নগেনবাবু নিজের ছেলের আসন্ন মৃত্যুর খবর দিতে আমার কাছে প্রথম সংকোচ দেখিয়েছিলেন, তিনি এখন সৌজন্মের সীমা অতিক্রম করে এমন একটি আর্তনাদ করে উঠলেন যে পৃষি-দির কথা ছেড়ে দাও, মনে হলো মরা খোকাও বোধ হয় নড়ে উঠেছে। পৃষি-দি এবার জাগলো।

আমি এথেনেই থামি, কি বল ? আর বেশি লিখবো না, পরের ব্যাপারটা তোমাকে ভেবে নিতে দিলাম। সবিস্তারে বলে তোমার কল্পনাকে থণ্ডিত করতে চাইনে। পারো বদি, তোমার ভবিশুৎ কোনো উপক্যাসে একটা শিশু-মৃত্যুর হুবহু বর্ণনা দিয়ো। আমি লিখে ফেললে তুমি plagiarise করতে পারো।

সে-ঘরে ভির্চোয় কার সাধ্য? বাইরে বেরিয়ে এলাম। আকাশের দিকে তাকিয়ে যে একটা দীর্ঘশাস ফেলবো সে-কথাও ভূলে যেতে হলো। এখন ধীরে-ধীরে বেশ লিখতে পারছি বটে, কিছু তথন নিজের নিশাসপতন সম্বন্ধে সন্দিহান হয়ে উঠেছিলাম; সত্যি। আয়ুর ভিথারি এই শিশুটির মৃত্যুতে কার উপকার হলো জানি না, আমি কিছু একটা পরম শিক্ষা পেয়ে গেলাম, বরু। আমাদের আয়ু এত স্বন্ধ বলেই জীবনকে আমরা এমন তীরুর মতো আঁকড়ে ধরতে চাই। তীরু বলেই আমাদের ভালোবাসায় মাধুর্য আছে। (এই কথাটা একান্ধরূপে , নীরস ও বিশাদ হলেও আমার বারে বারে আওড়াতে ভালোলাগে) 'মরিতে চাহি না আমি স্থন্ধর ভূবনে'—কবিতা লেখবার কোনো বয়সেই আমি এই ভীষণ লাইনটা লিখতাম না। না মরলে এ জীবন আমাদের কাছে একটা মৃতিমান অভিশাপ হয়ে থাকতো। তথন শোপেনহাওয়ারের মতো আমরা আত্মহত্যার গুণকীর্তন করতাম। হারাবো বলেই ভালোবাসায় বল

পাই, তেমনি মরব বলেই জীবনের শত ক্বন্সিমতার মধ্যে আনন্দ ও সোন্দর্ব আবিকার করবার জন্তে আমরা মন্ত হয়ে উঠি। ক্রিকেট খেলোয়াড় এক সময়ে আউট হবে বলেই সে-খেলায় সে রস পায়; একেবারেই আউট হবার কথা মদি তার না থাকতো তবে সে ব্যাট দিয়ে স্ট্যাম্পগুলোকে চুরমার করে মাঠ খেকে বেরিয়ে আসতো নিশ্চয়ই।

আমি কাল এলাহাবাদ যাচ্ছি। তুমি এসো। শরীর বেশ ভালো আছে। ইভি।

পুনশ্চ: থগেনবাবুর সঙ্গে আলাপ হওয়ার কথাটা বলা হলো না — কথা দিয়ে কথা রাখতে পারি না এ আমার একটা তুর্বলতা। ওটা শোনবার জন্তে তুমি কোতুহলী না হলেই ভালো করবে।

এলাহাবাদে নির্মলকে টেলি করা হয়েছিলো, তবু স্টেশনে তাকে না থাকতে দেখে অশ্রম দম্ভরমতো রাগ হলো। ভাবলো, দ্র ছাই, একটা হোটেলে গিয়ে প্রঠা যাক – পেছনে গাইভরা কার্ড নিয়ে ফিরি করতে শুরু করেছে। একটা হোটেল নিয়ে দরাদরি করছে এমন সময় একটি প্রিয়দর্শন ছেলে কাছে এনে শিতমুখে শুধালো: আপনিই শ্রীমতী অশ্রু দেবী ?

ছেলেটির বয়স অশ্রের চেয়ে ছোট, এবং অধিক মাত্রায় শুদ্ধ ভাষা প্রয়োগ করবার তাগিদে সে শ্রীমতাটিও উহু রাখলো না। অশ্র হেসে বললে—ই্যা, স্মার তুমি?

— আমি নির্মল গুপ্তের ভাই, শ্রীমতী ইন্দিরা দেবীর ঠাকুরপো। আহ্বন আমার সঙ্গে, গাড়ি তৈরি আছে। এই বলে বিমল (ছেলেটির নাম;—ভাই-দের নাম মিলিয়ে রাখার প্রথাটা এতদিনে উঠে যাওয়া উচিত) হোটেলের গাইডটাকে এক কড়া ধমক দিয়ে অশ্রুকে নিম্নে প্লাটফর্মের বাইরে চলে এলো।

গাড়িতে উঠেই অঞ্চ বললে—তোমার দাদা এথানে আছেন ?

বিমল ড্রাইভারের পাশে বসে ছিলো; ঘাড় ফিরিয়ে বললে—না।

- —কোথায় গেছেন ?
- এলাহাবাদটা তাঁকে স্থট করছে না। ছুটি নিয়ে বেরিয়েছেন। কোথায় গোছেন ঠিক বলতে পারি না। বোদিও জানেন বলে মনে হচ্ছে না। স্বল্প একটু হেনে বিমল ফের বললে – এথানে কদিন আছেন তো?

অঞ বিমনা হয়ে পড়েছিলো। বললে - কেন বল দেখি ?

বিমল একটু লক্ষিত হয়ে বললে—এমনি। অবশ্বি এখানে থাকবার বিশেষ

কোনো আকৰণ নেই। খস্কৰাগ বা ভরষাজ আশ্রম কেথার চেয়ে ছুটো পাছ-কেথায় বিষয় বেশি। তবে—-

অঞা। থামলে কেন?

বিমল। তবে যমুনার ওপর নৌকা নিয়ে বেড়ানোর মতো তথ স্বর্গে গিয়েও কল্পনা করতে পারবো না। অবিখ্যি একা-একা নয়।

কথা তনে অশ্র বিমলের মুখের দিকে দৃষ্টি নিবদ্ধ করতে বাধ্য হলো। বিমলের বয়েদ বড় জাের দতেরো হবে, মুখে টাটকা ফুলের একটা সজীবতা আছে, ঠোঁটের ওপর থেকে চিবুক পর্যস্ত ভারি স্থন্দর, একটি তিল থেকে আরো খুলেছে। মুখ নাকি মনের মুকুর—অশ্র বিমলের মুখে তার মনের লেখা যেন এক নিমিষে পড়ে নিলে। বললে—বেশ, আমাকে বেড়িয়ে এনা একদিন।

বিমল নেহাৎ ছেলেমান্থৰ, আনন্দের আজিশব্যে গাড়ির মধ্যেই লাফিয়ে উঠলো। বললো — সে অত্যন্ত চমৎকার হবে। পরশু কলকাতা থেকে বীণারাও এসেছে; আপনি যদি যান তবে বীণাকেও নেওয়া যাবে, নিশ্চয়ই। আজই চলুন, কেমন ? প্রয়াগ পর্যন্ত গিয়ে আমাদের দরকার নেই, আমরা তো জল ছুঁয়ে তরে যেতে চাই না, কি বলুন ? আমরা এখনো দাঁত দিয়ে চিবিয়ে মাংস খাই। আমি লক্ষ্য করেছি অশ্রাদি, যে, ক'দিন থেকে আজকাল চাঁদ উঠছে। এমন একটা gala night আজ কাটবে যে—

অশ্রু কথাটাকে একটু বাঁকা করে বললে – কে এই বীণা ?

এবারে বিমল আর ঘাড় ফেরালো না। যেন কলেজের বিষয় গল্প করছে (বিমল ফার্স্ট'ইয়ারে পড়ে) এমনি শুকনো গলায় সে এইটুকুন মাত্র বললে—ও আমাদের পাড়ার ডাক্তারবাবুর ভাইঝি, ছুটিতে এসেছে এখানে।

আর কিছু প্রশ্ন করবার আগেই মোটরটা বাড়ির ফটকের কাছে দাঁড়ালো। অঞ্চ গাড়ি থেকে নেমেই সটান বাড়ির মধ্যে চুকে পড়লো। পর্দা সরিয়ে বিমল ততক্ষণে সোফার-এর সাহায্যে মোট-খাঁটগুলি নামাচ্ছে।

পদা সরাতেই দেখা গেল—ইন্দিরা। এই ইন্দিরা? অশ্রু ঠোঁট ত্রটো ইঞ্চি দেড়েক ফাঁক করে রইলো। ইন্দিরা, না নির্মলের ধর্মপত্নী।

এইখেনে আবার ছবি আঁকা দরকার। এইবারে গগন ঠাকুরের ভাক পড়বে —
কেননা নির্মলের ধর্মপত্মী অন্তঃসন্থা। একটা বাঙ্গচিত্র না হলে আর মানাবে না।
হাঁা, বাঙ্গচিত্রই। প্রতিটি রেখায় শ্লেষ, প্রতিটি টানে কোতুক। যে-দেহ ছিলো ভাও,
এখন তা হয়েছে ভাঁড়, --অমৃতলতা হয়েছে বৃক্ষকাও। ইন্দিরার এই শারীরিক ও
মানসিক অধঃপতনের জন্তে অশ্রু তৈরি ছিলো না। ইন্দিরা বে এত শিগ্গিরই বাজে

হয়ে যাবে তা জানলে ও যম্নার সবগুলো নোকোকে ভূবতে জভিশাপ দিয়ে ফের চুপি-চুপি জারেকটা নেয়ে-ইস্কুলে গিয়ে টিচারি নিতো। এ-দাসত্বের ছবি দেখে ওর মন হাঁপিয়ে উঠছে,—মেয়েদের এই বন্দীদশা ঘোচাবার জন্ম কবে আবার নতুন করে এলিজাবেও ফ্রাই-র আবির্ভাব হবে ?

ইন্দিরা এগিয়ে এদে অ#র একথানি হাত ধরে কাছে টেনে আনলো। অতি কাতর স্বরে বললে—ভারি কুৎসিত হয়ে গেছি।

## ইন্দিরার ভায়রি থেকে:

ইন্দিরা ভায়রিতে তারিথ দেয় না, সামাগ্র ত্রেকটি বানান ভূল করে। খুব সরু নিব-এ বেশ ধরে ধরে লেথে; মনে হয় যা লিখেছে তার চেয়ে চিন্তা করেছে বেশি। কেননা ভাষায় ওর না আছে বেগ, না বা ফেনা। হাতের লেখাটি সরু বলে মনে হয় ওর মনটি কোমল ও কয়ণ। চিন্তা ও করতে পারে বটে, কিছ্ক তার ফলে ব্যক্তিত্ব অর্জন করতে পারেনি। মানে, ব্যক্তিত্বের অর্থ ওর কাছে আত্ম-প্রকাশ নয়। চিন্তায় ওর স্বাতয়্র আছে, কিন্তু তার প্রকাশে আছে কুঠা; আলশ্র বললে আরো ঠিক হবে।

শংপাত করে ও ওর নিজের মনের ইতিহাস নিয়েছে এই ভায়রিতে; চূপ করে বসে বনে ভাবলে চিন্তা হতো অসংলগ্ন,বিষয় হতো অবান্তর — মনের চেহারার রেখাটিও চোখে পড়তো না। নিভ্ত মূহুর্তে ও ওর গৃহকোণটিতে বসে মনের সঙ্গে মূখচন্দ্রিকা করেছে, সে-স্বপ্রকে ভাষায় মূর্তি না দিয়ে ওর স্বস্তি ছিলো না। এমনি করে কত সময় যে অপবায় করেছে তার হিসেব নেই—ত্টো উল বুনলে তার চেয়ে বেশি কাজ দিতো—অস্তত এই ছিলো ওর বাড়ির লোকের মত। রূপকথায় সোনার কাঠির কথা ওনেছিলো — সে বোধ হয় মায়্রের হাতের কলম—যে-কলম মনের মোনভঙ্গ করে। ভায়রি লেখাটা ইন্দিরার কাছে গ্রাকামি মনে হতো না (ধদিও আসলে ওটা গ্রাকামি)—মনে হতো অস্তর্যামীর সঙ্গে একটি গোপন সাক্ষাৎকার; তার মধ্যে মৃক্তির স্বাদ আছে। মূহুর্তিট ছোট, কিন্তু মৃক্তি আকাশ-বিস্তীর্ণ।

ভায়রিতে কেন তারিখ দেয় না, জিগ্গেস করলে ইন্দিরা হয়তো বলতো:
আমি তো জীবনের ঘটনাগুলি কুড়িয়ে-কুড়িয়ে গুছিয়ে রাখছি না যে তার পারস্পর্য
না রাখলে ইতিহাস তার বন্ধনী হারাবে, আমি লিখছি আমার আত্মার রূপকথা;
ছাপালে তা জনসাধারণের উপকারে আসবে না। কেননা এ আমার একাস্ত

নিজের, বেমন আমার চুল বাঁধবার রীতিটা অন্তের অনমুকরণীয়। ডায়রি লেখাটা আমার মনের একটা বিশেষ ও পৃথক প্রতিষ্ঠা; ওটা একটা সাবেক ও মামূলি ইয়ার-বুক নয়।

ইন্দিরার কথা এ-পর্যন্ত অমুধাবন করে আমাদের মধ্যে থেকে কেউ যদি প্রশ্ন করে: তা তো বুঝলাম; কিন্তু এত সব চোখা-চোথা মত পোষণ করেও তুমি তা পালন করতে পারলে না, এর কারণ কি ? এর উত্তরে ইন্দিরা কী বলবে আমরা আন্দাক্ত করতে পারছি না; তবে সায়ন্তন দিগন্তরেখার মতো ওর চোখ নিশ্চরই বাম্পাকুল হয়ে উঠবে, এবং আমরা তাকে স্বচ্ছন্দে ক্ষমা করতে পারবো। তুর্ব ক্ষমা করতে পারবো।, ইন্দিরা আমাদের মনে একটু দোলা দেবে। কথনো-কখনো মনে হবে তীক্ষ হয়ে ইন্দিরা ভালোই করেছে, কেননা মনের গলি-ঘুঁ জিতে বেড়াবার যার ছাড়পত্র আছে সে তুর্ব বিবেক, পাড়ার পাঁচ জন নয়। বাইরে সে-মন উদ্ঘাটিত হলেই পাড়ার পাঁচজনের পাচন-বড়ি-প্রয়োগের প্রয়োজন হতো। এই প্রকাশকুঠতাটিই ইন্দিরার গুণ হয়েও বড়ো দোষ। অন্তত অঞ্চ তাই ভাবলে। ওর মতে ওক্সবিনী ভাষার চেয়ে একটা উলক্ষ ভাব অনেক শক্তিশালী। পালিত হওয়ার চেয়ে প্রচারিত হওয়াতেই তার সার্থকতা।

মোটাম্টি ইন্দিরার ভাররির সমালোচনা এইটুকু। বানান ভূল নিয়ে ঠাট্টা করা আর ওর ম্থকটির প্রশংসা করা সমান নির্থক। আমরা কটু কথা বলতে পারি না এমন নয়, তবে সমালোচনাকে নৈর্ব্যক্তিক করার পক্ষপাতী আমরা নই— অন্তত ইন্দিরার সম্বন্ধে। কেন না—-দে-কথা পরেই হবে'খন।

মা বকেন গৃহকর্মে আমার মন নেই; মাসিকসওদার হিসেব রাখতে গিয়ে সামাগ্র ঘোগ করতে ভূল করেছি – আমার উপায় কী হবে ? কলেজে মেয়েরা রাজনীতি করছে, তাদের কোলাহলে গলা সেধে মেলাতে পারি না; সবাই বলে : ছয়ো! কিছু হবে না আমাকে দিয়ে। বাবা একটা খুব ভালো বিয়ের সম্বন্ধ খুঁজে এনেছেন, কিছু আমি এমন বেরসিক মেয়ে, সে থবরটা পেয়ে আয়নায় দাঁড়িয়ে নিজের মুখও দেখলুম না একটিবার । সভিাই, আমি এত নিস্পৃহ কেন হলুম ? জাবনে এমন কোনো ঘা খাইনি যে জীবনকে ঘানি বলে সন্তা ছঃথবাদ করব । মোটমাট, কেন জানি না ভালো লাগে না। ভালো লাগে না। কারণটা খুঁজতে হবে।

মনকে স্পষ্ট জিগ্গেদ করল্ম: কী চাই ? মন অনবরত চোখ ঠারে, জবাব দেয় না। কিন্তু জবাব আমার পেতেই হবে। আমার বয়দী মেয়েরা চায় কী ? প্রেমিক খামী, স্থান্থল সংসার, নীরোগ সন্তান ? আমার মনে হয় বিশ্বাদ, অ-রীল [ চীকা : শক্টা প্রচলিতার্থে নয় ]; আহত কেঁচোর মতো শরীরটা সংকৃচিত হয়ে আসে। কর্ম চাই ? কী কাজ করবো ? মেয়েদের অবরোধমূক্ত, দৃগু, স্বাতন্ত্র্যশালিনী করবার জন্তে মশাল হাতে নিয়ে সম্প্রাম্বরা পৃথিবী প্রদক্ষিণ করবো ? না ভাই, পারবো না ! বে পারো সৌন্দর্যের চিত্রদীপ জালিয়ো, আমি প্রশংসা করবো ৷ জীবনে আদর্শপূজা করতে আমার ভয় করে, যক্ত পও হবে বলে নয়, সমিধ-ই আমি সংগ্রহ করতে পারবো না ; ক্লান্ত হয়ে পড়বো ৷ প্রেম চাই ? পাওয়া যাবে না এমন প্রেম ? কী হবে তা দিয়ে ? মিছিমিছি তবে সায়্গুলোকে থাটিয়ে ক্লিষ্ট করে লাভ কী ? বেশ পাওয়া যাবে এমন প্রেম ! তবে প্রেম আর রইলো কোথায় ?

ষা আমার কাছে আছে তাই নিয়ে আমি বেশ আছি। [ টীকা : কয়েক লাইন আগেই লেখা হয়েছে: 'ভালো লাগে না।' এই থেকে আমরা ইন্দিরার অন্থির-চিত্ততা অনুমান করতে পারি। ওর যে ভালো লাগে না সেই হয়তো ওর বেশ থাকা।] কী আমার আছে জিগ্গেদ করবে? গভীর করে উত্তর দেব: আমার कर्यरीन नीवर निःमक्रजा । मिर जामात जीवरनत जेनात नास्ति । जामि भूषिवीव কোনো কাজে আসবো না, সামাল্য একটা ওয়াড় সেলাই করলুম না কোনো-দিন ---এই প্রশংসাপত্র দিয়ে বিধাতা কেন আমাকে এত অপ্রাকৃতিক করলেন আমার এ-প্রশ্নেরো কোনো অবাবদিহি নেই। স্থপ্রচুর অবকাশ পেয়েছি-- চৈত্রমধ্যান্তের আকাশের মতো অবারিত। কিন্তু স্থথ এই বে, হাতে কোনো কাজ নেই। বাবার গরম জামা-কাপড়গুলো রোজে দেবার কথা ছিলো, প্রতিনিধিরপে কালিন্দীকে প্রেরণ कद्रनुम । [ गिका : इन्म (मृत्य अञ्चान रुष्ट्र कानिन्मी हेन्मिदाद हाउँ (वान । ] कानिन्मी বেশ বাধ্য মেয়ে, কোমরে আঁচলটাকে রাশীকৃত করে ঘর-দোর নিয়ে ঘেমে উঠেছে; আটপোরে ডুবে শাড়িটিতে ওকে কী যে মানিয়েছে বললে ওর আত্মতৃপ্তির আর नीया थाकरह ना। कानिको आयात नग्ननतक्षिका ! [ होका : कानिको मद्यस अत বাগবাহল্যের অর্থ এই বে, ও ছিলো বলেই ইন্দিরা বেঁচে গেছে, নইলে এই নীরব নি:দঙ্গতা ওকে আর ভোগ করতে হতো না। আপিদের জামা-কাপড় রৌল্রে না দিয়ে রাখলে ওর মা বে ওকে আদর করে পিঠে খেতে দিতেন অতো বড়ো হুরাশা না क्त्राहे जाला।

আমি এই কর্মহীন নীরব নি:সঙ্গতার উপাসিক। — এই আমার গোরব। সংসারের সেবার আমার স্থান নেই, পরোপকার আমার বৃত নয় — এই আমার অসাধারণত্ব। গাল দিতে চাও দিয়ো, কিন্তু যদি বলি এই নি:সঙ্গতাটিই আমার আধ্যাত্মিকতা, বলবে: তোমার মুখে কথাটা মানার না, ইন্দিরা! না মানাক, ক্ষতি নেই, কিন্তু এই নিঃসঙ্গতা নিয়ে সমন্ত আকাশ ও পৃথিবী ঘিরে আমি মনে মনে বে একটি নী । নির্মাণ করেছি তার কথা বলেও তোমাদের লাভ নেই। [ টীকা: কেননা সে-নীড়ে আর কারু নিমন্ত্রণ হবে না। ] প্রকৃতির সঙ্গে এমন একটা হৃদয়যোগকে তোমরা নিশ্চয়ই বিদ্রেপ করবে, বলবে: অলস বিলাসিতা মাত্র। আমি তা গ্রাছ্থ করি না। স্বর্মাদরের আগে চোখ চেয়ে বে-জগৎকে আমি আবিকার করে মৃয় হই, ঘুমেও সেই জগতের বহুবর্ণতা আমার হৃদয়ে লেগে থাকে। যাই তোমরা বলো, আমার চিত্তের আরতি এই প্রকৃতিকে নিয়ে। আমার অয়ভুতি অতান্ত গভীর বলেই আমি কবি হতে পারলুম না।

আমি যে কত স্থন্দর তা তোমরা কেউ কল্পনা করতে পারবে না। কালিদাসের কার্যে জিদশবধ্র রূপবর্ণনায় যারা মৃশ্ধ হয়েছে তাদের আমি প্রথমেই বাতিল করে দিছি। আমার সঙ্গে তরলিকা স্থরশৈবালিনীর লাবণ্য—এ কথা কে না জানে? সে-বিশেষণটাকে আমি গ্রাহ্থই করিনে! করিরা আমার সঙ্গে অরণ্যচন্দ্রিকার তুলনা দেবেন—ভঙ্গুর উপমা। জানো, আমি এই বিশ্বপ্রকৃতি; মানবীর মৃতিতে বিধাতার সম্ভরছায়া! পায়ের নিচে মাটি আমার কঠিন, বায়ু ঘন, নিঃখাসগ্রহণ একটা কঠোর শাস্তি মাত্র। শারীর বিজ্ঞানের অধীন আছি বলে আমার কথনো-কথনো নিজের ওপর অবজ্ঞা আসে, আমাকে মৃত্যুর অন্থাত্রিণী হতে হবে ভেবে আমার হাসি পায়, সৌরজগতে আবার একদিন পথ হারিয়ে ফেলব বলে একটা আনন্দময় আতহ উপভোগ করি। সে কবে? [টাকা: উল্লিখিত কথাগুলি থেকে ইন্দিরার চরিত্রের আরেকটু পরিচয় পাওয়া যাচ্ছে, ইন্দিরা নিজের সম্বন্ধে অতিমাত্রায় সজ্ঞান, বলা বেতে পারে স্থাপর।]

কর্মবান্থল্যে মানুষ কত কুশ্রী হয়ে পড়েছে.—পৃথিবী-ব্যাপী এবার ধর্মঘট হোক।
আজ সমস্ত বিকেল ধরে কী স্থকোমল ধারাস্থ্র বারছে। খোলা বারান্দায় বসে চূলগুলো ছড়িয়ে নিয়ে রবীক্রনাথের একটা গান গাইলুম; আকাশ কান পেতে শুনলো, মুয়
হয়ে গোলো। গানটি যেন আমাকে অমর্তলোকের পারে নিয়ে এসেছে। এই জন্তেই
তো রবীক্রনাথকে আমি কবিশ্রেষ্ঠ বলে সম্বর্ধিত করি। [টীকা: সাহিত্যকে স্থমপুর
করতে হলে জীবন থেকে তাকে দ্রে সরিয়ে আনতে হবে—এই কৌশল
রবীক্রনাথের জানা আছে বলেই তিনি শিল্পীশ্রেষ্ঠ। ইন্দিরা রুশ সাহিত্য পড়েছে
বলে মনে হয় না, তাহলে গোগল-এর হতাশা বা ডফ্রমভিন্ধির অবিশাসকে ক্ষমা
করতে পারতো না।

প্রেমের চেয়ে যে-আর্ট বড়ো আমি দেই আর্টের উপাদিকা। বাহ্নিক প্রকাশ থেকে নিক্ষিত করে আর্টের যে একটি অবাস্তব রূপ আছে আমি তাকে কায়মনে ভাবে লাবেসেছি। বাজ্যাড়খবের আতিশয়ে মান্ন্য এই সহজ আনন্দবোধটি হারিমে কেলেছে – তোমাদের চিত্তদারিদ্রা আর সওয়া যায় না। আমি এই বিরল, তুর্গভ গুণটির অনুশীলন করব। সকলের মতো সীমা-লান্থিত সংসারের পদ্ধিল আবর্তে তার সমাধি দেব না! এই আমার জীবনের সংজ্ঞা ও সার্থকতা।

আমি বাজে, বিলাসী, ভাবৃক। [টীকা: কথাগুলি সমার্থস্টক। ] আমাকে করুণা করবে, তোমাদের অসীম দ্যা—কিন্তু আমার এই ভাববিদ্যুৎ দিয়ে সমস্ত বায়ুমগুলকে পরিপূর্ণ, পরিব্যাপ্ত করে রাখবো, কেউ না কেউ প্রভাবিত হবেই। তোমরা বলশালী হও, আমি হব স্থলর। [টীকা: ইন্দিরার মতটা আধুনিক নয় মনে হচ্ছে। বলের মধ্যে যে-সৌন্দর্য আছে সেটা প্রথর ও বর্বর; ওর মতে শিল্প-সৌন্দর্য হচ্ছে তুর্বল, নিরীহ, ভক্ষপ্রবণ—এবং সেইটেই হচ্ছে জীবনের রূপময়তা।]

কালিন্দীর পেটের মধ্যে ফোড়া হয়েছে,—দাঁতের ক্রটির জন্তে। সাহেব ডাক্তার এসেছিলো, বললে, অজ্ঞান করে কেটে ফেলতে হবে। বাবা দারুল ভড়কে গেছেন; সহজে সারানো যায় কি না, সেই ভেবে হোমিয়োপ্যাথির শরণাপন্ন হয়েছেন—কালিন্দীর যন্ত্রণার দিনগুলি বেড়ে গেছে।

মাঝরাতে খুম ছেড়ে ধড়কড় করে জেগে উঠলুম – পাশের ঘরে কালিন্দী চিৎকার করছে। ভয়ে বেদনায় শরীর কেঁপে উঠতে লাগলো। মনে হলো মিথ্যা এই প্রকৃতির শুভময় সৌন্দর্যপ্রেরণা— এর অস্তরের কুঞ্জীতা আমি ধরে কেলেছি। প্রলয়পরোধির তরক্ব-আঘাতে যে ছিয়ভিয় হচ্ছে, ফুলের পাপড়িতে শিশির-পড়ার শব্দ শুনে দে আর মৃদ্ধ হয় না! মৃত্যুকে তবু ক্ষমা করা যায়, কেননা সেটা একটা পরময়মণীয় মোহয়য় বিশ্বতি মাত্র – ভারি রোমান্টিক,— কিন্তু এই খণ্ডিত লাছিত বিপর্যন্ত জীবনের মতো ভ্রমতা আর কোথায় আছে ? এই ক্ষেটা বিধাতার বীভৎস রসের পরাকার্চা।
[টীকা: ইন্দিরাকে অম্থাবন করা কঠিন মনে হচ্ছে, ওরু ভাবের সক্ষতি পাওয়া য়াছেছ কি ?]

কিছ এই জীবনে মর্ত্যাতীত সৌন্দর্যের সাধনা করবো সমস্ত অন্তর দিয়ে এই উপলবিটি আমি লাভ করেছিলুম; কালিন্দীর চিৎকারে আমার সে-ধ্যান তেঙে বেতে বসেছে। ভাবলুম এই স্থুল ইন্দ্রিয়সর্বন্ধ দেহটাই হচ্ছে সৌন্দর্য-সাধনার বাধা,
—আমি যদি সহসা একদিন কুর্চরোগে আক্রান্ত হই, অথচ আত্মহত্যা করতে ইচ্ছা
না হয়! যদি একটা অনিবার্থ ত্র্যটনায় বিকলাক, আকার-স্ত্রন্তী হয়ে পড়ি! এই
মাংসল মুময় শরীর নিয়ে আমরা কি করে স্থুলর হবার স্থুপ্প দেখতে পারি! এমন
একট য়ানি নিরম্ভর আমাদের সইতে হচ্ছে বলে আমার লক্ষার আর সীমাথাকে না।

শারীরিক প্রক্রিয়াগুলো কী নিদারণ রূপে খুল, এর সামান্ত ব্যক্তিক্ষের শান্তি জবন্ত-রূপে শুপ্রত্যক। [ টীকা: সন্তানধারণযোগ্যা রমণী না হয়ে এই অর্ভুতি নিয়ে একটা দীর্থায়ু ফুল হলেই বোধ হয় ইন্দিরাকে মানাতো ভালো। তবু দেহ সম্বন্ধে ওর এই লোকাভীত ধারণাটা আধুনিক কালে গুধু যে অপক তাই নয়, দম্ভরমতো অভব্য। কেননা এই দেহগঠন যদি উপযুক্ত সাধনার বলে ভান্ধর্বের সীমায় উপনীত হয়, ভবে তার চেয়ে অধিকতর সৌন্দর্য করনা করা ছ্রহ, এমন কি দেহের এই বৈধ স্বাভাবিক প্রক্রিয়াগুলোও অভিজ্ঞাত। স্বাস্থ্য আর সৌন্দর্য সমপদবাচ্য; রোগ বেমন আছে তেমন তার চিকিৎসাও আছে। ইন্দিরা এ-যুগে পেছিয়ে পড়েছে; ওকে সক্রেটসের ভগ্নীরূপে পেলে আমরা খুশি হতাম।

কালিন্দীর শিয়রে বসে ওর কপালে হাত রাথলুম। বন্ধণায় মৃথ বিকৃত করে [ টীকা : ইন্দিরা দেখছি রিয়ালিন্টিক হবার চেটা করছে। ] বললে : দিদি, আর পারি না। পরে একটা বেদনাহীন মৃহুর্তে ফের বললে : বিজ্ঞান এখনো যথেষ্ট উন্নত হয়নি। আমরা আরো ত্র'শতান্দী পরে এসে কেন জন্মালুম না?' ত্র'শতান্দী পরে ক্রমবিবর্তনে এই পৃথিবী আরো সহজ্ঞ হয়ে উঠবে, না? তোমার কী মনে হয় ? [ টীকা : এ ধরনের কথা জনে আমরা স্বন্ধনদে আন্দান্ধ করতে পারছি কালিন্দী সাবালিকা হয়ে উঠছে আইনের অর্থে তো বটেই, বৃদ্ধির অর্থে। অর্থাৎ, মনে হচ্ছে, দে হার্বাট স্পেনসার পড়েছে, যদিও স্পেনসারের মত উলটো—ক্রমবির্তনের ফল যে নিছক জটিলতা এ-ই তিনি বিশ্বাস করেন। ] হঠাৎ ব্যথার আরেকটা চাড় উঠলো, কালিন্দীর মৃথ নীল বিবর্ণ, হাত-পা শিথিল হিম হয়ে এল। চিৎকারটা যেখানে বাল্ময় হয়ে উঠলো, ভনতে পেলুম করুণস্বরে আমার কাছে এক মাশ বিষ চাইছে। মরলে পরে নরক আছে কি না জানি না, কিন্তু ক্যানসার নেই। [ টীকা : পেটে ফোড়া আর ক্যানসার হওয়া এক নয়। ]

আমার চোথের সামনে বিলীয়মান অন্ধকার, কালিন্দী একটু ঘুমিয়ে পড়েছে হয়তো, চূপ করে আছে। বাইরে বেরিয়ে এলুম, স্বাষ্টির সেই অস্পাইতার মধ্যে আমার সামাত্ত অন্তিউটুকু যে কী ভালো লাগলো কেমন করে বোঝাই। মনে হলো মৃত্যু মিথ্যা—এই যে নিখাস নিতে পারছি হুন্থ স্থন্দর দেহে—এর চেয়ে বিলাস আর কী আছে! বেশি দিন না-ই বা বাঁচলুম, কিন্তু যত দিন আছি তত দিন যেন অত্যন্তক্ষ যাত্রায় বেঁচে যেতে পারি, এই প্রার্থনা।

কালিন্দী আবার চিৎকার করে উঠেছে। ওর আর্তনাদ শোনবার জক্তে আর দাঁড়ালুম না, ধীরে ধীরে বাগানে চলে এলুম। [ টীকা: এই ভোরে ওর বাগানে চলে আসাটি আমাদের ভালোই লাগলো; ওকে আমরা আর্থপর বা

স্নেহবিমূপ বলে নিন্দা করলে সেটা ন্যায়াহগত হবে না। ওর সৌন্দর্যবোধটি আমাদের মনোক্ত হয়েছে।

টের পেদুম রমাপতি আমার আত্মীয় হয় ! কিন্তু এ-বিষয়ে সজ্ঞান হওয়ার আর অর্থ নেই। কেননা রমাণতি বেদিন এসেছিলো কপালে তথাক্ষিত আত্মীয়তার निमर्गन अं क चारमनि, अमिहिला अकास्त्रकाल शुक्रव हात-विम छेल्या मिए हन বলি, একটা নৈৰ্ব্যক্তিক জ্যোতিমান আবিৰ্তাবের মতো। এখন, ফিরে যাও, বললেই মন শোনে কৈ ? ি দীকা : রমাপতি ইন্দিরার কি রকম আত্মীয় হয়, ভায়রিতে ভা লুকিয়ে রাথাটাকে নিশ্বয়ই ভীকতা বলবো। রমাপতি মামানা কাকা, দাদা না আর-किছू जाना উচিত ছিলো। 'তথাকথিত' क्थाটি প্রণিধানযোগ্য। অধাৎ কুত্রিম সম্পর্কটার স্বভাবসিদ্ধ এমন কোনো ক্ষমতা নেই বে তার স্বষ্ট ব্যবধানগুলিকে বক্ষা করে চলে: তাই রমাপতি আত্মীয় হয়েও ইন্দিরার এমন স্নেহ বা হয়তার অধিকারী হয়েছে যা সম্পর্কের অতিরিক্ত, তার সীমার বহিভুত। শিশুকাল থেকে যে-সাহচর্ব নরনারীর হয়ে থাকে সেটায় রহস্থ-বিলোপ ঘটে বলেই আত্মীয়তাটা টিকে থাকে. णारें পृथिवीरिक मरहानव कार्यः त्वांन त्था वर्षा এको तथा वाम ना, विनिक Sanine (म-मःश्वादा (७७७६ । त्रमाशिक यनि (ছেলেবেলায় ইন্দিরার সঙ্গে খুব মেলামেশা করতো তাহলে হয়তো রমাপতিকে দাদা বা মামা বা কাকা বা আর কিছ ডেকে-ডেকে ইন্দিরার মন ও বসনা অভ্যন্ত হয়ে পড়তো; আত্মীয়তার প্রাচীর ভাঙতো না বোধ হয়। কিন্তু রমাপতিকে এখন কাকা বা মামা বা দাদা বা भार-किছू वल रमना जाकरव रकन, मनहे वा कि करत माग्र स्वरंत ? ]

রমাণতির প্রতি আমার এই অহত্তিটির কি সংজ্ঞা দেব ভেবে উঠতে পারি না। বাঙলা ভাষার শব্দসম্পদ এতো কম বে ঠিক atmosphere-যুক্ত একটা প্রতিশব্দ পাবে না। প্রেম কথাটার না আছে অর্থ, না বা ইঙ্গিত; তার চেয়ে স্নেহ কথাটার সংকেতময়তা বেশি আছে। কিন্তু ঐটুকু কথার কুলোবে না কিছুতেই। বন্ধুতা, মিথুনাসকি? কথাগুলি অত্যন্ত রুঢ় বলেই যে বর্থান্ত করছি তা নয়, কথাগুলির অথ সতিটে অসম্পূর্ণ; আমার এই অহত্তিটি সভিটেই অনিরূপণার! [টীকা: অহত্তিটির না পেলেও atmosphere কথাটার বাঙলা প্রতিশব্দ পাওয়া হুন্ধর হতো না।]

কেন রমাপতিকে ভালবাসি টীকা: এইখানে ভালবাসি কথাটা ক্রিয়া,
অহভূতি বা বিশেষ নয়, তাই গ্রাছ।] এই প্রশ্ন করে সত্তর পাছিছ না।
রমাপতির রূপ নেই, বিত্ত নেই,—মুখনী নেহাৎ সাধারণ, স্বান্থ্যগারবেও কুলীন
নগ্ন—সায়ান্স কলেজ থেকে রিসার্চ করবার জন্তে সামান্ত একটা বৃত্তি পায় মাত্র।
অভিযাথ।

[ টীকা : বোঝা বাচ্ছে সেই স্থাঞ্জেই রমাপতি কলকাভায় এসেছে পড়ান্তনা করতে। বিজ্ঞান-বিষয়ে গভীর গবেষণা করতে গিয়ে যে একটি চাক্লবর্ধনা আত্মীয়ার প্রতি অলস দৃষ্টিতে তাকানো যাবে না এমন আত্মসংবমের প্রমাণ দিতে স্বয়ং সভাবাদী যুধিষ্ঠিরো লক্ষিত হতেন। ] কিছু ওর একটি ভীষণ গুণ আছে,—তা হচ্ছে ওর অনক্সনিষ্ঠ পাঠাসক্তি। ওর ছোট ঘরটিতে বসে সমস্ত দিন (কলেজের সময়টুকু ছাড়া) যন্ত্রপাতি নিয়ে ঘাঁটাঘাঁটি করে, চোথের দৃষ্টি তীক্বতর করে কি-এক অভতপূর্ব আবিষ্কারের আশায় কলকজ্ঞার ওপর ঝুঁকে थाक । এই অখণ্ড মনোযোগ বা অক্যান্ত জিনিসের [ টীকা : ইন্দিরা স্বয়ং ? ] প্রতি ওর এই ওদাসীক্ত ও অবহেলা দেখে রাগ হয়, কিছু রাগতে পারি না। [টীকা: কি করেই বা পারবে ? রমাপতিকে ষে ওর ভালো লাগবে এতে আর **সঞ্চে কি ? ও অলস কর্মবিমুখ — রমাপতির একনিষ্ঠ কর্মপরায়ণতা। ইন্দিরা** মৃত্রভাব অবাধাুথী, আর রমাপতির দেহে বেমন দূচতা, বচনে তেমনি স্থান্ট তেজ। প্রীতির মূলেই বৈষমা,—যত গভীব, প্রীতিও তদমুপাতে প্রগাঢ়। রমাপতি যদি তার ল্যাবরটরিতে দিন-রাত মাথা গুঁজে পড়ে না থাকতো, মাঠে বসে যদি বাঁদা বাজাতো বা ইজি-চেয়ারে গা ছড়িয়ে বসে বিড়ি ফুঁকতো তাহলে ইন্দিরার পক্ষে তার সংজ্ঞানির্ণয় করতে বেগ পেতে হতো না—অর্থাৎ শুদ্ধভাষায় তাকে বলতো ক্যাকামি।]

রমাপতি আমার আত্মীয়, ওর সঙ্গে সামান্ত কথা-অহুরাগ সঙ্জোগ করতেও আমার বাধা আছে এ-কথা আজ বললেই বা তানি কি করে ? টের পেলুম, ইদানি আমাদের ত্ব'জনের ওপর সংসারের সন্দিশ্ধ দৃষ্টির ছায়া পড়েছে। [টীকা: ইদানি কথাটি লক্ষ্য করবার। মনে হচ্ছে, প্রথমত এদের পরস্পরের সান্নিধ্য নিবিড়তর হয়ে উঠেছিলো এই আত্মীয়তারই ছাড়পত্রে। নর-নারীর একটা শারীরিক নৈকটা ঘটারও ধেখানে স্থবিধে নেই সেখানে, – হোক না ক্রন্তিম, হোক না মূলাহীন—এই আত্মীয়তার গুকুহাতকে নিশা করাটা ঠিক হবে না। দেই ক্রন্তিম আত্মীয়তাটা ইদানি সত্য ও স্থগভীর হয়ে উঠতে চাইছে বলে সংসার বা তথা সমাজের সহু হচ্ছে না।] মন বিম্থ হয়ে রইলো; খেটা অক্যায় বলে ব্যছি—সেটাকে শাসন করবার জন্তে যে সশস্ত্র বিদ্রোহ করবো মনের মধ্যে সেই শক্তি খুঁজে পেলুম না কেন ? ব্যুলুম, রমাপ্তির কাছ থেকে আমাকে বিচ্ছিন্ন করে রাখে এমন কোনো অন্তরায়কে আমি কথনো কল্যাণকর বলে স্বীকার করবো না, কিন্তু এ নিয়ে যে সহাত্মভৃতিহীন সংসারের সঙ্গে একটা ক্ষমাহীন সংগ্রাম করবো সেটাও আমার কাছে অবিনয় মনে হলো। অন্ত মেয়ে হলে কি করতো জানি না, আমি আমার হরে

ফিরে এসে নির্জনে কাঁদতে বসলুম। [ টীকা: গোঁয়ার ওথেলো ( স্ত্রীর বৃকে ) ছুরি বিসিয়ে জদুশু হলে ঝি এসে মূমূর্ব ডেসডেমোনাকে জিগ্গেস করলে, কে এই সর্বনাশ করেছে ? প্রীমতী ডেসডেমোনা মরলো বলেই গলে গিয়ে তার মিধ্যা কথাকে বললাম ——'বর্গীয় মিধ্যাবাদ।' এই মিধ্যাবাদিনী ভীক্ল ডেসডেমোনাই গোঁয়ার ওখেলোকে বিয়ে করবার জন্মে বাপের সঙ্গে বাক্যের লড়াই করতে কন্মুর করেনি। এইখানটাতে বাঙালী মেয়ের সঙ্গে তার কুটুছিতা নেই। ইন্দিরা ঘরে গিয়ে যে কাণ্ডটা করে বসলো সেটা প্রাক্-গান্ধি-যুগের বাঙালী মেয়ের প্রকৃষ্ট চরিত্ত-নমুনা।

রমাপতিকে আমি বিয়ে করবো এমন একটা স্থুল নীচ জন্নীল ইচ্ছা পোষণ করতে আমার শরীর-মন কণ্টকিত হয়ে উঠলো। [টীকা: ইচ্ছাটা নীচ মনে হবার কারণ এই নয় যে, রমাপতির সঙ্গে ওর ক্ষীণ রক্তসম্পর্ক আছে; কারণ, ও বিয়ে-ব্যাপারটাকেই ঐ সব বিশেষণে আখ্যাত করে থাকে। আমাদের মধ্যে কেউ কেউ চটবেন, কিন্তু ব্যক্তিগত চিন্তা ও ধারণার স্বাধীনতার আমরা পক্ষপাতী। ] অথচ রমাপতিকে আমার চিরকালের জন্ম হেড়ে থাকতে হবে সমাজের এই অমুশাসন মেনে নিলেই যে, একটা কীর্তি করা হবে এ-কথাও মানতে পারিনে। রমাপতির সঙ্গে টিকা: ইন্দিরা রমাপতির পরিবর্তে সর্বনাম ব্যবহার করতে চায় না, ঐ নামটি বারে বারে লিখতে ওর ভালো লাগে বোধ হয়।] এ-বিয়ম্ব নিয়ে একটা পরিজার কথা বলা চলে না ? মা গো, কি লক্ষা ! নিজেকে স্পষ্ট করে ব্যক্ত করে দিতে আমি মরে গেলেও পারবো না; কাঙালপনাকে আমি ম্বণা করি।

কিন্তু আমি তো ষাজ্ঞা করতে চাই না, আমি চাই ওর সঙ্গে এমন একটা আলোচনা করতে যেটা বৃদ্ধি দিয়ে আয়ত্ত করা যাবে এবং ষেটার সাহায়ে বর্তমান সমস্রার সমাধান হবে। যেন এত সহজেই এ সমস্রার মীমাংসা হয়; অসীম সময় এ সদ্ধিকে টিকতে দেবে কেন? তবু রমাপতির ঘরের দিকৈ অগ্রসর হলুম। দরজা ভেজানো ছিলো, ঠেলা দিয়ে চুকে পড়েও ওর ধ্যান ভান্ততে পারলুম না। দোরের দিকে পিঠ করে বদে আছে—সামনে টেবিলের উপর মাধাটা আনমিত। টেবিলের এক কোণে একটা মোমবাতি জলছে এই রমাপতির চুল ধরল বলে—রমাপতির জকেপ নেই। ওর নোয়ানো ঘাড়টা স্পর্শ করতে ভারি ইচ্ছে হলো, কিন্তু ইচ্ছেটাকে দমন করলুম। দৈহিক সংস্পর্শের আবিলতা দিয়ে আত্মাকে কৃঞ্জিত করতে চাইনে। খ্ব কাছে এসে দাড়ালুম; তবু রমাপতির ম্থ তুলে চাইবার নাম নেই। [টীকা: রমাপতি যে বিশ্বামিত্রের চেয়ে বড়ো সাধক এ-সভ্যটা সহজেই প্রতিপাদিত হলো।]

এক ঝলক হাওয়ায় তুর্বল দীপশিখাটা নিবে গেলো এবং দেশলাই খুঁজতে গিয়ে রমাপতি হঠাৎ আমার জান হাতটা ধরে ফেললে। অন্ধকারে রমাপতির মুখ দেখা গেল না বটে, কিন্তু কণ্ঠন্বরে ওর সমস্ত অন্তিন্তাটুকু যেন সঙ্গীতময় হয়ে উঠেছে। টীকা: ইন্দিরার রচনার অপরাপর ফেটির মধ্যে একটা বড়ো ফেটি এই যে, ও মোটেই পুআরপুজরপে বলে না। এইখানে রমাপতি ওকে দেখে কি-কি কথা বললে, জানলে আমরা খুলি হতাম। বারে ধীরে হাত ছাড়িয়ে নিল্ম, হাতের স্পর্ণ অবশেষে হয়তো অধরের স্পৃহা হয়ে উঠবে, এবং অধর থেকে নধরের, তা ছাড়া এই অন্ধকারটি উপক্যাসের মতো মধুর বটে, কিন্তু মোমবাতিটা ফের না জাললে অন্ধকারেই এই এঁদো কুৎসিত সংসারটা মুখ ভেওচাবে। দেয়ালের প্রত্যেকথানি ইট সহপ্রচক্ষ্

আলো জালানো হলো, সামিধ্যটিও নিভ্ত হয়ে উঠেছে, কিন্তু কোনো কথাই ; বলতে পারলুম না। যেন রাত করে এতো সব খুটিনাটি বিধয় নিয়ে মাথা না ষামালে এ-রাত আর পোহাত না। হঠাৎ বারান্দায় একটা শব্দ হতেই চেয়ার ছেড়ে উঠে হেনে বললুম : চলি এবার, বাইরে গুপুচররা পদচারণ করছে। রমাপতি কিছু বললে না, একট্ তাকিয়ে হেনে মুখ নীচু করে কাজে মন দিলে।

কেলেকারির আর সীমা রইলো না। আমাকে নিয়ে রমাপতির তুর্নাম এতো বেড়ে উঠেছে যে, রমাপতি বাবার ম্থের ওপরেই সটান বলে বসলো: ই किরাকে আমি বিয়ে করবো; এবং রমাপতির প্রার্থনাটা যে অযৌক্তিক নয় তার পক্ষে আইন-স্থীকৃত নানা প্রথার নজির দেখাতে লাগলো। লাভ হলো এই, বাবাও রমাপতির ম্থের ওপর স্বচ্ছকে বলে বসলেন: আমার বাড়ি থেকে বেরিয়ে যাও। রমাপতি তার টাক গুছোতে বসলো।

রমাপতি সোজা আমার ঘরে এসে হাজির; বললে, আমাকে তার অন্থসরণ করতে হবে। বললে: এ-সব নিয়মের দাসত্ত যদি আমাদেরা করতে হয়, তবে আমাদের নিগ্রো হয়ে জন্মানোই উচিত ছিলো। বিয়েতে অন্থছানটাই বড়ো নয় ইন্দিরা, বড়ো হছে তার মনস্তত্ত্ব। আমি আর তুমি cousin-কি নই সেটা আমাদের অস্তবের দিক থেকে একেবারেই সমস্তা নয়। তুমি এসো আমার সঙ্গে চলে। তুমি বে আমাকে ভালোবাসো এতে আমি সন্দেহ করি না, কিন্তু নিস্পাণ জড়পদার্থের মতো বসে বসে অস্তায় অত্যাচার সইতে হবে এ আমি সইতে পারি না। এসো তুমি। যদি তোমাকে কেউ রক্ষিতা বলে, সে ভাষার অপপ্রয়োগ করবে মাত্র। টীকা: রমাপতির কথায় ওদের সামাজিক সম্পর্কের ইতিহাসটুকু পাওয়া গেল। এবারো আমরা চটে উঠতে পারতাম, কিন্তু রোগ সায়ানোর চেয়ে রোগ যাতে না হয়্ম

ভারই ব্দস্ত সভর্ক থাকা ভালো বটে, কিন্তু রোগ যদি একবার হয়ই, তবে রো**নী**কে সেই উপদেশ দেওরার চেয়ে চিকিৎসা করাই সন্বিচেনার কাল হবে।

ভরে মৃথ শুকিয়ে গেল। রমাপতি হঠাৎ এমন ক্ষিপ্ত হয়ে উঠলো কেন? নিরাকুল কঠে বলল্ম: বিয়েটাকেই তৃমি প্রীতির একটা চরম পরিণতি বলে বিশালকর কেন? ওর সমগ্র রপটি বখন চোথের সামনে তৃলে ধরি তখন দ্বণায় আমার আত্মা অশুচি হয়ে ওঠে। তোমাকে আমি সেই য়ানির মাঝে দেখতে চাইনে, রমাপতি। [টীকা: রমাপতির নামটা উচ্চারণ করে ইন্দিরা সাহসের পরিচয় দিয়েছে। ] তৃটো শরীরকে একত্র রেখে যে নৃত্রন একটা ব্যাধি-স্থাষ্ট হয়, তাকে তৃমি বতই সম্মান দাও না কেন, আমি তার অমর্থাদা করি। তোমাকে অভয় দিল্ম রমাপতি, এ-দেহ আমার নিজের—অতৃপ্ত আত্মা তোমার। টীকা: লিখতে বলেকথাগুলিকে ইন্দিরা নাটকীয় করে তৃলেছে—কেননা সাধারণতঃ অভিধান সামনেরেখে সে কথা কয় না; তাই সন্দেহ হচ্চে রমাপতিকে দাদা না বলার জক্তে যে খানিক আগে ওকে তারিফ করেছিলাম সেটা ভূলও হতে পারে। ওটা বোধ হয় নেপথ্যের সাহস—প্রত্যক্ষ রক্ষমঞ্চের নয়। ]

এততেও রমাপতি সম্পূর্ণ স্থা হলো না; বললে: তোমার দেহের ওপর যে আমার থ্ব লোভ আছে তা মনে কোরো না, ইন্দিরা। আমি কথনোই এতো বড়ো অমান্তব হবো না যে তোমার ইচ্ছার বিরুদ্ধে দাবি থাটাতে যাবো। তুমি সংসারে সন্ন্যাসিনী থেকো—আমার আপিন্তি নেই; কিন্তু মনে রেথো, আমার সংসারে। তব্ তুমি আমার সঙ্গে এসো ইন্দিরা। বেশ, এই এক্স্পোরমেন্টটাই করা যাবে—তা ছাড়া এই একটা বর্বর রীতিকে সংশোধন করা চাই। বিজ্ঞান আমাদের সহায়।

বললুম: আমাকে ভাববার সময় দাও, রাত্রে এসো।

রমাপতি ধীরে বললে: তোমাকে আমার চাই, আমার কর্মের অমুপ্রেরণা রূপে
—তোমাকে কাছে না পেলে আমার তপক্তা নিস্তেজ হয়ে পড়বে, ইন্দিরা। [ টীকা:
মেয়েমায়্রব বে কথনো পুরুবের সাধনার সহায়ক হতে পারে এই প্রথম শুনলাম।
এক্স্পেরিমেন্টটা নতুন বটে।

সময় চাইলুম বটে, কিন্তু ভেবে নিতে আমার এক মিনিটেরো বেশি লাগলো না। রমাপতির সঙ্গে আমি যাবো না; না। তার কারণ খুব সংজ্ঞ; প্রথমত বিবাহের স্থলতা আমার স্থকচিসম্পন্ন সৌন্দর্যবোধকে পীড়িত করবে; তা ছাড়া দিবারাত্র রমাপতির সান্নিধ্যে থেকে আমি যে তপন্থিনী থাকতে পারবো নমনীয় সান্ধুগুলোর ওপর আমার তত বিশ্বাস নেই। আর বিজ্ঞানের জারিজুরি কতক্ষণ টিকবে কে বলতে পারে ? প্রকৃতির সঙ্গে সংগ্রামে বিজ্ঞান পারবে ? ব্যাপারটাকে ভাই আমি সর্বাস্তঃকরণে উপেক্ষা করলুম। কিন্তু এর চেয়েও বে-কারণটা সভ্য সেটা আমি প্রকাশ করছি। সেটা হচ্ছে এই—[ টীকা : এই পর্যন্ত লিখে হঠাৎ ইন্দিরা থেমে গেছে। কর্মান্তরে বেতে হয়েছিলো হয়তো।]

কথ্য বাঙলা ভাষা যে কী জোরালো বাবার মুখের গাল খেয়ে হৃদয়ঙ্গম করলুম। কী যে আমাকে না বললেন ভেবে পাইনে; কান ফুটো অত গরম না করে যদি কান পেতে শুনতুম তো আমার শব্দংগ্রহের তালিকাটা বেড়ে যেতো। মজা এই, একটি কথারো আমি প্রতিবাদ করলুম না; প্রতিবাদ যে করা যায় না তা নয়—করলুম না কারণ কোলাহলকে আমি বরদান্ত করতে পারি নে, তা মনকে যে শুধু বিশিপ্ত করে তা নয়, কলুষিত করে। অধোবদনে চুপ করে সবগুলি গালই হজম করলুম,—জানলা দিয়ে যতগুলি শুভামুধ্যায়ী আত্মীয়-আত্মীয়া একটা রোমহধণ লড়াই দেখবার জন্তে অপেক্ষা করছিলেন, তাদেরকে বঞ্চিত করতে হলো।

আমি পারিবারিক শাস্তি নষ্ট করতে চাইনে। আমার ভেতরে এমন উদ্বন্ত শক্তি নেই যে সমস্ত অশাস্তি-অত্যাচার অতিক্রম করে তৃপ্তির স্থান পেতে পারি। তা ছাড়া, পরিবার-পরিজনকে ক্ষা করলে তার যে একটা নিশ্চিত প্রতিক্রিয়া হবে রমাপতির সাহায্য না নিয়েও এ সামাগ্য তথ্যটুকু বোঝবার বৃদ্ধি আমার আছে। নিজের স্থের জন্মে আর স্বাইকে বিমুখ করে তুলব এতো বড়ো তঃসাহস আমার নেই। আমি সত্যিই আত্মবঞ্চনা করছি না, আমার ভীক্তাকে সমর্থন করতে যাওয়ায় আমার দরকার কি ? আমি যে ভীক্ত, পরনির্ভরশীল সে-কথা স্বীকার করতে আমার লজ্জা নেই। আমি রমাপতিকে ভালোবাসি, রমাপতির জন্তে শকুস্তলার মতো তপস্তা আমাকে থুব মানাবে – তার জন্তে আমি ভভকামনার দীপ জেলে প্রতীক্ষা করে থাকবো, এ-জন্মে না হয়, অমৃততার্থে। [ টীকা : পরজন্মে বিখাস করাটা ভাব-প্রবণ বাঙালী-মেয়ের বিশেষত্ব। তবু ইন্দিরাকে একটু স্বতন্ত্র বলতে হবে, কেননা পরজন্মে সে আবার এই পৃথিবীতেই আসতে চায়নি। ] সংসারের আর সবাই ষেটাকে একান্ত অপ্রার্থিত বলে ছুঁড়ে ফেলতে চায়, ধূলায় লুক্তিত হয়ে সেই বস্তুটাকে প্রাণপণে আঁকড়ে ধরলেই খুব বড়ো একটা কিছু লাভ করতে পারবো বলে তো আমার মনে হয় না। তার চেয়ে এই নির্জনে গভীর বিচ্ছেদবেদনায় এই আমার বিপুলতর মহত্তর উপলব্ধি, রমাপতি। সহজ হবার সাধনাই বড়ো সাধনা, সামঞ্চতই আমার বড়ো কাম্য। [টীকা: অলিখিত অংশটুকুর বিস্তৃত ব্যাথ্যা পাওয়া গেল যা হোক। ]

জানলার ধারে চেয়ার টেনে বসে ছিলুম, জানলার পরপারে বারান্দায় রমাপতির জাবির্ভাব হলো; একটু তদ্রাচ্ছন্ন ছিলুম বোধ হয়, রমাপতির স্বস্ক

ভনে শিউরে উঠপুন। রমাপতি বললে: চলে এসো ইন্দিরা, রান্তায় নামলেই ট্যাজি পাবো। বেশি দেরি কোরো না। আমার চোথের সামনে দিয়ে অলক্ষিত বিরাট পৃথিবী বেন বায়স্কোপের ছবির ফিতের মতো যুরে বেতে লাগলো, আকাশ ছলে উঠেছে। তবু প্রাণপণ চেষ্টা করে বলপুন: না। রমাপতি কি বেন ক্ষের বলনে, ভনতে পেলুম না, কান হুটো ঝাঁ ঝাঁ করছে। এবার জানলাটাকে আরো বেঁষে রমাপতি কাতরকঠে কি বেন আবার বলছে, কঠিন হয়ে জানলা ধীরে বন্ধ করে দিলুম। [টীকা: রমাপতির কাতর কঠে বলবার জন্মেই নিশ্চয়। সে বিদি খুব পর্ক্ষেবনন প্রয়োগ করতে পারতো, তবে এই কৃত্রিম অবরোধ আর বেশিক্ষণ রক্ষা করা ইন্দিরার সাধ্য ছিলো না, কেননা তার চোথে আকাশ ছলে উঠেছিলো, পৃথিবীও উঠেছিল টলে। রমাপতি তার জীবনের পরম্বতম মৃহুর্ভটি এমন অবহেলায় হারিয়ে ফেললো সামান accent ভূল করে! রমাপতি তার নাম বদলে নিক—রমাপদ!]

মা গো, কী মৃক্তিই আমি ভোগ করছি ! রমাপতি চলে গেছে অপমানিত হরে,

ামেন বেঁচে গেছি ! এই পারিবারিক শান্তিতেই আমার পরমার্থ ! বাক্যযন্ত্রণা ষে কী
যন্ত্রণা যে না সয়েছে তার পক্ষে কল্পনা করা অসম্ভব । বাবা-মা'র ধারালো জিভ ছুটো
একটু. জুড়িয়েছে,— কাকিমাদের অভদ্র ইঙ্গিত করা এবার বৃঝি ক্ষান্ত হলো । খুব
ঠেসে পড়ছি—ইংরেজি সাহিত্য নয়, ইকনমিক্স্ ; ইকনমিক্স্ যদিও আমার সাবজেন্ত্র
নয় । পড়ছি মনকে বাধ্য করতে, কঠোর নিয়ম প্রতিপালনে অভ্যন্ত করতে । সকলের
কাছ থেকে সরে গিয়ে কোণটিতে বসে আমার ঘরের মধ্যে আকাশকে অনেক ছোট
করে এনেছি । গিয়ে অবধি রমাপতি একথানিও চিঠি লেখেনি । [ টীকা : ভায়রিটি
ছোট ; মনে হছেছ ইন্দিরা এখনো তার বিচ্ছেদ্বের অপ্রশাসমূল পেরিয়ে আসেনি । ]

বেশ ছিল্ম, চুপচাপ, প্রায় আত্মসর্বন্ধ হয়ে। ইকনমিক্স্টা আছের মতোই জকনো, তাই এখন পলিটিক্স-এ [ টীকা : পলিটিক্স-পাঠে ] মন দিয়েছি। রমাপতি এখন প্রায় একটা ফ্রপ্রের ফ্রথকর শ্বতির মতো অস্পষ্ট হয়ে এসেছে ! ওর ঠিকানা জানিনে বলে মনে উদ্বেগের বদলে শান্তিই বিরাদ্ধ করছে ! বেশ ছিল্ম, ভেবেছিল্ম, একটা আয়ন্তাতীত তুর্গভ আদর্শের মতো রমাপতি চিরকাল আমার নাগালের বাইরে অধিষ্ঠান করবে [ টীকা : এক কথা পুন: পুন: বলাটা ভাষাসোঁইবের পরিচয় নয় ! 'আয়ন্তাতীত', 'তুর্গভ', 'নাগালের বাইরে' এই বিশেষণাধিক্যের প্রয়োজন ছিলো না ৷ ] আর আমি একদিন কালিন্দীর মতোই অপার ব্যর্থতায় ভূবে যাব ৷ [ টীকা : বোঝা গেল কালিন্দী আর নেই ৷ কিলে মারা গেল ও ? শ্লবিউল থেয়ে, না, অন্ধ করাতে গিয়ে ? 'অপার ব্যর্থতা' কিছ কালিন্দীর বেলায় ভিয়ার্থ-স্চক ৷

অকাল মৃত্যুই কালিন্দীর ব্যর্থতা। প্রাসক্তমে ইন্দিরার মতটা এথানে একটু আধুনিক হয়েছে।

मः সারের আবিল আবর্ত থেকে নিজেকে সম্বর্ণণে সরিয়ে রেখেছিলুম, হঠাৎ আবার কোলাহল উঠলো। বাবা এততেও আমার জন্তে নিশ্চিম্ব হননি; কোথা খেকে একটি পাত্র জুটিয়ে এনেছেন, সে আমাকে পছন্দ করতে শিগ্ গিরই একদিন সশরীরে আবিভূতি হবে : যদি আমি তার সংসার-স্থাবিধায়িনী বলে মনোনীত হই ভবে আসন্ন প্রাবণেই আমাকে দাসী হতে হবে। নিভূপি বিধান! কিন্তু জিহবাকে এবার আর শাসন করতে পারলুম না; বিছ্যাদীপ্ত কণ্ঠে বলে উঠলুম: না। এ-সব ক্ষেত্রে যুক্তিবছল দীর্ঘ বক্তৃতা করায় আমি অভ্যস্ত নই—ঐ একটি শব্দই দ্বিৰুক্ষ্য মৃত্যুবাণের মতো বাবা-মা'র কল্পনার প্রাসাদ একেবারে ভূমিসাৎ करत मिला। ि गैका: ना वनात महन है सितात औरा-छन्नि वर्ष है। कि श्रीवर्ष করতে সাহাষ্য করেছে। কেননা প্রত্যেকটি বাক্যোচ্চারণের সঙ্গে কম-বেশি যে-সব অঙ্গ-সঞ্চালন হয়, সেই ভঙ্গিগুলিই অর্থের সম্পূর্ণতা দান করে। ] মুহূর্তমধ্যে আমার মাধার ওপর ঝড় ভেঙে পড়লো—সেই কোলাহলে কান পাতে কার সাধ্য। অকারণে বাবা আবার বেচারা রমাপতিকে লক্ষ্য করে গর্জাতে লেগে গেছেন, মা'র বিষোদগার বিরাম মানছে না, কাকিমাদের অভদ্র ইঙ্গিত শুরু হয়েছে। কাকাদের একটা বন্দুক ছিলো, রতু কাকা [টীকা: নাম বোধহয় রতন কিংবা রতিপ্রসন্ন!] **म्बर्टि निर्देश त्र्याभिक्ति मुख्य्हिन क्रांक** विका : वन्नुक मुख्य्हिन रहा ना । ] अथुनिरे বেরিয়ে পড়লো বুঝি। প্রতি মুহুর্তে জীবন তুর্বহ হয়ে উঠতে লাগলো। অপ্রকাক্তে ষে অপবাদ চলেছে তার জালা আমাকে দগ্ধ করে দিচ্ছে। টীকা: রমাপতির সঙ্গে 'তথাকথিত' আত্মীয়তাটার জন্তেই এমন একটা পৈশাচিক গোলমাল হচ্ছে।]

হাঁপিয়ে উঠলুম, কিন্তু কিছু বে একটা করবো তার পথ পেলুম না। যদি বাইরে বেরিয়ে যাই, কতদ্র গিয়েই হয়তো হঠকারিতার জল্যে অম্তাপ করবো। অম্তাপ আমি করতে পারবো না, [টীকা: যেন ইন্দিরা ততথানি ভীক্ত নয়।] মরে গেলেও নয়; যা আমি করবো তার ফলভোগ করবার জল্যে প্রস্তুত থাকবো। তাই আবার সংসারে শান্তি আনবার জল্যে রাজি হয়ে গেলুম। আমার আত্মবলি ইফিজেনিয়ার চেয়ে কম কিসে ?

সকালবেলা ভাবী বর এসেছিলেন আমাকে দেখতে; ভালো করে দেখাবার জন্তে কাকিমাদের নির্দেশ মতো রন্তিন শাড়ি পরলুম, আয়নায় দাঁড়িয়ে মূথে ঠেসে লো ঘ্যতেও ছাড়লুম না। আমার দেহটা বে এত প্রথররূপে অভিব্যক্ত আজ টের পেয়ে আমার লক্ষার আয় সীমা রইলো না। অনার্ভ হাতের তালু ছুটোকে পর্যস্ত কুৎসিত মনে হতে লাগলো। মনে হলো একটা হিংল্ল মাংসলোলূপ পশুর সামনে অপ্রসর হচ্চি।

ভদ্রলোকটি প্রথমেই সাফাই গাইলেন ছোটকাকাকে লক্ষ্য করে: আমাদের কেশে মেয়ে-দেখার এই প্রখাটা সাজ্যাতিক রকম বর্বর; কিছু এ ছাড়া উপায়ো নেই কিছু, কেননা স্বাধীনভাবে মেলা-মেশাটা এখনো ব্যাপকভাবে প্রচলিত হয়নি। অগত্যা এই পথেরই শরণ নিতে হচ্ছে। তা ছাড়া মিশতে পারলেই বে মিলতে পারা স্বাবে তার মানে নেই, কেননা ক্ষ্মতা ও বিয়ে সমান স্তরের জিনিস নয়। কাকারা বাড় নেড়ে সায় দিতে লাগলেন।

ভদ্রলোক সামাক্ত ছু'য়েকটি ষা প্রশ্ন করলেন সোফায় বসে ঘাড় হেঁট করে ঠিকঠিক জবাব দিলুম, একটা গান শুনিয়ে দিলুম পর্যস্ত। বলা বাছল্য আমার চেহারাটা
তাঁর মনে ধরেছে।

এখন কী করবো বলতে পারো, রমাপতি ? আমি এখন আগাগোড়া একটা মাটির ঢেলা, একটা কামময় মাংসপিও। আমার মন কলন্ধিত হয়ে উঠেছে, দেহ ভরে আমাকে কল্ব বহন করতে হবে। সৌন্দর্যের অমরাবতী থেকে আমি নির্বাসিত হলুম। দূরে দাঁড়িয়ে তুমি আমার এ পঙ্কিল অপমৃত্যু দেখো না।

শ্রাবণ পেরিয়ে ভাত্তে পা দিয়েছি, রমাপতি। তুমি কোথায় ?

কী লোভী এই পুরুষ ! প্রণয়োপাসনা করে চিত্তজয় করবার প্রতীক্ষাটুকু পর্যন্ত তার সয় না, কর্কশ বাস্ত বিস্তার করে দেয় । অমাস্থ্যিক দ্বণায় সরে গিয়ে নিজের নারীত্ব বক্ষা করি, অমান রাখি।

স্বামীর সন্দিশ্ধ হবার কারণ ঘটলো। আমার প্রাগ্-বিবাহযুগের কি-একটা শ্রুতিমধুর কলন্ধ-কথা তাঁরো কর্ণগোচর হয়েছিলো, তিনি মনে-মনে সেটাকে অতি-রঞ্জিত করতে বসলেন। আমার এই উদাসীয়া এই অন্তমনম্বতা সবই যে রমাপতির বিচ্ছেদব্যথার পরিণাম এমন একটা নিষ্ঠুর কথা আমার সামনে বলতে স্বামী সংকোচ করলেন না। [টীকা: ইন্দিরা বেশ রীতি-মাফিক হয়ে উঠেছে, স্বামীর নাম লেখনীর মুখে আনছে না পর্যন্ত । স্বামীর মুখের দিকে চেয়ে দেখলুম, সে-মুখ ম্বুণায় কুটিল কুঞ্জিত হয়ে উঠেছে। সংগ্রামে আবার হলাহল উঠলো।

খবরটা ও-সংসারেও ছড়িয়ে পড়লো, স্বামীর বন্ধুমহলেও। বাবা ফের তর্জন-গর্জন শুরু করলেন, মা কাল্লাকাটি, কাকাদের মর্চে-পড়া বন্দুক আবার তেল মেথে ঝকঝকে করে উঠলো। প্রবাসী রমাপতির লাঞ্ছনার কথা ভেবে আমার তৃংথের জ্বার শেব রইলোনা।

বিক্রীত মনে রমাপতিকে ভেকে এনে তাকে অপমান করবো আমি রমাপতিকে

অত ছোট মন নিয়ে ভালোবাসিনি। আমার পৃথিবীতে আর তার পদরেখা পড়কেনা, বিশ্বরণের কুলে তার চিতা রচনা করেছি। আমার এই ওদাসীত্যের মূলে রমাপতির বিচ্ছেদ নয়, এই নিরর্থক দেহসর্বশ্ব বিবাহ। অথচ এই যোয়ালই আমাকে বইতে হবে, মুক্তি আমি পাব না, পেতেও চাই নে। একটা উন্নত কুশ্রীতা থেকে আত্মরকা করছি মাত্র। কিন্তু কড়ের ফণা লেলিহান হয়ে উঠেছে।

আমি ধে আমার স্থামীকে থুব ভালোবাসি তার একটা লোকিক প্রমাণ না দেখাতে পারলে রমাপতির লাস্থনা ও অপমান সমাপ্ত হবে না। অতএব উৎস্থক স্থামীর কাছে অপ্রতিরোধে আত্মদান করলুম। সে-গভীর পরাজয় সে-অনপনেয় দাসত্বের লক্ষা আমাকে মুখ বুজে সইতে হচ্ছে। আমার দেহ রাছস্পৃষ্ঠ চক্রের মতো অপবিত্র হয়ে উঠলো; সে-রাতে কত ধে কাঁদলুম বলতে পারি নে।

স্বামী প্রদন্ন হয়ে উঠছেন; আমি ভাল করে ককেট্র আরম্ভ করেছি। এ লজ্জা আমার স্কুচবে কবে ? রমাপতি, এই মর্যাদাহীন আত্মবিক্রয়ের গ্লানি আমি সইতে পারছি না।

করেক মাদ থেতেই টের পেলুম আমার শরীরটা অসমঞ্জদ হয়ে উঠছে।
ব্যাপারটা উপলব্ধি করতে দেরি হলো না। ছি ছি. পরাজয়ের শেষ কলঙ্ক-কালিমায়
আমার দর্বাঙ্গ লিপ্ত হয়ে গেল। এখন মরতেই শুধু বাকি আছে। ছি ছি
— ঘুণাটা তবু সম্যক প্রকাশ করতে পারছি না। এই অবাঞ্চিত সম্ভানধারণে গর্ব কোথায়, কিদের আনন্দ ? যে-মিলনের পারশ্পরিক সময়য় ছিলো না,
সেটা তো দৌরাত্মেরই নামান্তর বলতে হবে। তবু স্বামী খুলি হয়েছেন, পঞ্চামুতের
দিন ঠিক করে শাশুড়ি পাঁচ ঝাঁক উলু দিয়ে উঠলেন, লজ্জায় মাটির সঙ্গে মিলে
যেতে চাইলুম। দৌহিত্রের জন্মসন্ভাবনার সংবাদ পেয়ে এক লেফাফায় মা-বাবা
আনন্দ-অভিনন্দন পাঠিয়েছেন, তার মধ্যে কাকিমারাও খেলো রসিকতা করে
পাঠিয়েছে। সমস্ত ব্যাপারটা আগাগোড়া যে কী গাইত কী বীভৎস ভাবতে
পারিনে। সর্বান্তঃকরণে ঘুণা করলুম, অথচ স্বামীর কাছ থেকে সতীত্ম রক্ষা করতে
পারলুম না।

আমার সেই সোনার দেহ! নরত্বভ সৌন্দর্যের উপাসনা করবো এই ছিলো আমার অভিলাম, নিজের আত্মাকে পবিত্র, দেহকে পরিচ্ছন্ন, দৃষ্টিকে জ্যোতিমান করবো এই পণ করে ভালোবেসেছিলুম; কিন্তু আমার যে কী অধ্যঞ্জলন ঘটেছে তা আমি ছাড়া আর কে বুঝবে? আমার আত্মা কৃষ্টিত, দেহ কলুমিত, দৃষ্টি কামাচ্ছন্ন! আমি এখন একটা ষদ্ধ মাত্র। [টীকা: ইন্দিরাকে মোটাম্টি আম্রাক্ষমা করলাম। সে রমাপতিকে বিয়ে করে অসামাজিক অক্যায়াচরণ করেনি, দশ্ভবমতো গোত্রাস্কবিতা হয়ে বিমে করেছে, এবং আদর্শ স্ত্রীর মতো এক বৎসর না পেরতেই সন্তানের জননী হতে চলেছে। সমাজ ও আইন মনের অপ্রকাশ্য তত্ত্বাদি নিয়ে মাথা ঘামায় না, বাইরের ক্রিয়া ানয়েই তাদের কারবার। তাই সমাজ ও আইনের বিচারে শ্রীমতী ইন্দিরা দেবী বেকস্থর থালাস পেলেন।

ভায়রি-পড়া সাঙ্গ করে অশু হাই তুললো। ইন্দিরা ঘরের কাজে মন দিয়েছে। অশু একবার চোথ ভরে ইন্দিরাকে দেথে নিলো। চোথে চোথে তাকিয়ে থেকে সভ্যি করে দেখা হয় না; চোথের দৃষ্টি অনম্যলক্ষ্য হয়ে ওঠে বলে দেখাটা হয় সংকীর্ণ। কিন্তু যাকে দেখা যায় সে যদি চোথ ফিরিয়ে অশুমনস্ক, উদাসীন থাকে, তবেই তাকে সম্পূর্ণ ও অসীম করে দেখা হয়। মাছবের আত্মার পরিচয় চোথের তারায় বা ম্থ-ম্কুরে— এ-মতটা বিকল্পেও সভ্যি নয়। মাছবের আত্মার পরিচয় একমাত্র তার অঙ্গ-প্রতাঙ্গে— গ্রীবা-সঞ্চালনে, কথনো-কথনো বা ভান হাভটি বাড়িয়ে দেওয়ায়। তাই ইন্দিরা যে পেছন ফিরে দাঁড়িয়ে একটা ময়লা নেকড়া দিয়ে আলমারির কাঁচ সাফ করছে—শুধু ঐ পেছন-ফিরে-দাঁড়িয়ে থাকাটুকুর মধ্যেই তার অসীম বেদনার ছায়া পড়লো। নেহাৎ যে আনাড়ি সে ও ইন্দিরার এই আলস্যমন্থর অবস্থান-ভঙ্গিটি দেখে ঠিক ঠাহর করে নিতে পারবে যে, সে এত শ্রাস্ত যে, স্থূল বৃস্তবন্ধন ছেড়ে একটি ক্ষীণ বিলীয়মান স্থান্ধ হয়ে শৃক্তে মিলিয়ে যেতে পারলেই বৃশ্বি সে বাচে, সে এত বার্থ যে চাদ অস্ত গেলে নিশীথ-রাত্রির নদীর যা অবস্থা, তারো ঠিক তাই। অশ্র তাড়াভাড়ি থাতাটা মুড়ে রেথে ইন্দিরার থোঁপার ওপর ধীরে হাত রাথলো।

ব্যথা অশ্র বোধ করতে পারে বটে, কিন্তু ঘেঁটে ঘেঁটে তাকে ফেনাতে তার লক্ষা হয়। তাই সোজা ম্থের ওপর সে বলে বসলো: তোমার কাইলটি চমৎকার, ইন্দু। কাইলই নাকি ব্যক্তি—তারো চেয়ে বড়ো সত্য—হাতের লেখাটাই ব্যক্তিষের বড়ো সার্টিফিকেট। বার্নার্ড শ'র লেখা পড়েই মনে হবে যে তাঁর হাতের লেখা বিচ্ছিরি; তোমার হাতের লেখা দেখে নিশ্চয়ই মনে হবে ধে, তোমার অনুভৃতিগুলি মান্থবের রক্তের চেয়েও গাঢ়, সমাহিত ত্থথের চেয়েও গভীর। তোমার কথারই আমি প্রক্ষক্তি করছি: তুমি অত বেশি গভীর হয়েছ বলেই কবি হতে পারলে না। তবু তুমি বেচে গেছ। তুমি লেখ।

कथाहाम जान जान क्यांत्र क्यांत्र विश्व विश्व हिन्द्र क्यांत्र हिन्द्र हिन्द हिन्

--- হাা, তুমি লেখ। সেই তোমার বিশীর্ণ জীবনের বসস্ত হয়ে উঠুক; শকুস্তলার-

তপত্মা বেমন প্রেমের. তোমার তপত্মা হোক তেমনি গভীর আত্মবির্তির। নিজেকে উদবাটিত করা চাই - উলঙ্গ উজ্জ্বল উদার! কারু প্রকাশ কর্মে, কারু বা কর্মহীন আত্মোপলন্ধিতে। কেউ হাতে নের লাঙল, কেউ বা জন্ম, কেউ বা কলম। তৃমি কলম নাও ইন্দিরা।

ইন্দিরা হাসলো। বললো—পাগল আর কাকে বলে ? বিধাতা আমাদের হাতে আঙু ল দিয়েছেন কলম বা তুলি ধরতে নয়. আলমারির কাঁচ সাফ করতে। আজ বদি কলম ধরে আঙু লেব অপবাবহার করি, তাহলে লন্ধীর শাপে ঘরের কলসীর জল আমার শুকিয়ে যাবে। কতো আমার কাজ এখনো পড়ে আছে, জানো ? বে আসছে তার জন্মে কাঁথা দেলাই করতে হবে, ঝিমুক ধরে তুধ থাওয়াবার অভ্যাস করতে হবে, তার অস্থ্য করলে ভাজারের জন্মে জরের তালিকা তৈরি করে রাখতে হবে। তা ছাড়া আমার আর কিছুই লেখবার নেই, অশ্রু। এককালে লিখেছিলুম, কারণ রমাপতির কাছে জ্বাবদিহি না দিয়ে আমি পার পেতৃম না। রমাপতি কাছে ছিলো না বটে, কিন্তু সমস্ত আকাশ পরিব্যাপ্ত করে ছিলো। এখন আমি বন্দিনী. শুধু সংসারে নয় অশ্রু, আমার দেহের কারাগারে।

অঞ জিগ্গেদ না করে পারলো না : রমাপতি কোথায় এখন ?

ইন্দিরার মুখের ভাবের একটুও পরিবর্তন হলো না। তেমনি বললো—জানি না। তার খোঁজ করতে আমার স্পৃহাও নেই। আমার এত উদ্বৃত্ত শক্তি নেই অঞা থে, রমাপতিকে মনে-মনে চিরম্মরণীয় রেখে ছ' বেলার দৈহিক কর্তব্যগুলোকে স্থসপ্ত্রকরতে পারবো। সভ্যর্থ বাধিয়ে তা সহ্য করবার মতো আমার মেরুদণ্ড বলশালী নয়। তাই রমাপতিকে আমি হারিয়ে যেতে দিয়েছি। ছেলেবেলার মা'র কোলে শুয়ে গাছের পাতার ফাঁকে যে-আকাশ দেখা যায় সে-আকাশকেও পরে মনে হয় ধ্লো দিয়ে তৈরি। আমি রমাপতিকে ভ্লতে পেরেছি বলেই তাকে ভালোবেসেছিল্ম বলে আর অমৃতাপ করি না।

এ-উত্তরে অশ্র খুশি, হবে কেন ? তাই ফের জিগ্গেস করলো: কিন্ত যা তুমি দেহে-মনে একান্তরূপে বিশ্বাস করেছিলে তার থেকে এতো সহজে তুমি ভ্রষ্ট হলে কেন ? স্বামি হলে – রমাণতির সঙ্গে না হোক, নিজে একা বেরিয়ে পড়তাম।

ই নিদরার মুখে আবার সেই মান হাসি। বললো—আর আমি একটিও কথা
না কয়ে গলায় আঁচল জড়িয়ে নীচু হয়ে প্রণামের ভঙ্গিতে ঘাতকের খড়গ আহ্বান
করলুম, অশ্রু। আমি না বলতে পারি কথা, না পারি করতে প্রতিকার। আজ মৃত্যু
যদি আসে, আমি এমন তুর্বল যে, একেবারো বলবো না হয়তো: না, আমি মরতে
কাই না। আমি ধীরে তু'বাছ প্রসারিত করে দেব। কিছে বলো, কেরোসন ঢেলে

দেশলাইয়ের কাঠি ধরাও, ভয়ে আমার আগে থেকেই বাধ-ক্ষমে ঢুকে ছু'ঘণ্টা ঠাণ্ডা জলে স্থান করতে হবে। মরবো ভাবলে আমার ভারি ভৃপ্তি লাগে, কিন্তু রোগের বঞ্জায় আমাকে অন্ধকার ঘরে শুয়ে থাকতে হবে ভাবলে আমার না পায় খিদে, না থাকে যুম।

ইন্দিরার কতকগুলি ফক্ষ চুল হাতে নিয়ে অ≝ বললো—কিছ চেহারার এ কী ছিরি করে রেখেছো ? মরবে কি করে ? এ-রূপ দেখে যে যমেরো কচি হবে না।

ইন্দিরার স্বর শুকনো, কঠিন হয়ে উঠলো: যে-যমের ক্ষচিতে আমার দেহ এ-রূপ ধরেছে তার থেকে ত্রাণ পেলেও বে আমি বাঁচি। কিন্তু অত কথায় কা**জ** নেই অশ্রু, থানিক আগে বিমল এসে থবর দিয়ে গেল রাত্রের গাড়িতে কর্তা আসছেন।

আঞ্র উৎফুল্ল হবার ভান করলো: তাই নাকি ? তাহলে তৈরি হতে হয়।

- —তৈরি ! কেন ?
- ---বা:, একটা বাক্যুদ্ধ হবে না ?
- —বাক্যুদ্ধ কেন ?
- তোমার এই তুরবন্থা কেন করলো ? তার কি অধিকার ছিলো ?

ইন্দিরা এবার হেসে ফেললে। বললো: ত্রবস্থা তুমি কাকে বলছ? এই আমার ইহজীবনের লক্ষ্য, নারীজীবনের পরমার্থ বে! আমার স্বামী আমাকে আদর্শ গৃহিণীর পদে প্রতিষ্ঠিত করেছেন। তাঁর প্রতি আমার এত ক্বতক্ষ হওয়া উচিত বে তাঁর প্রতি একটিও নির্দয় উক্তি আমি সইবো না।

আঞ্চ হেসে বললো: শুনে খুশি হলাম। কিন্তু প্রভাতের কোনো থবর আসছে না কেন বুঝতে পারছি না। ও এলে দিব্যি লাক্ষের দিকে ভেসে পড়তাম।

- ---আমার স্বামীর দঙ্গে বাক্যুন্ধ না করেই ?
- ভোমার স্বামীর সঙ্গে আমার নিজের লাভের জয়ে লড়াই করার আর কোনোই তো দরকার নেই। তোমার মতো আমি এমন সর্বস্থ দিয়ে লাভ করতে চাইনি বলেই ত তাকে আমি ছেড়েছি। তুমি তোমার স্বামী-পুত্র নিয়ে স্থথেথাকো, আমি এমন মারাত্মক স্থথ চাইনে, ইন্দিরা।

অশ্র সরে যাছিলো, ইন্দিরা তার আঁচলটা ধরে ফেললো। বললো—ভূমি এখানে আছ জানলে আমার স্বামী নিশ্চয়ই এক বিঘৎ হাঁ করে বিশ্বয়ে চিৎকার করে উঠবেন। জান তো, তোমার প্রতি তিনি তত ভক্তিমান নন বে, গ্রীকদের মডো-কোনো সংবাদ জিজ্ঞাসা না করেই পাছ্য-অর্ঘ নিয়ে অতিথিকে সম্বর্ধনা করবেন! সভািই, তৈরি থাকো, অশ্রু।

আল খিলখিল করে হেসে উঠলো। বললো—এ তুমি নিশ্চয়ই স্বামীর প্রতি

নির্দয় ভাষা প্রয়োগ করছ। তুমি আন্ধো তত বড় সতী হয়ে উঠতে পারোনি। দাঁড়াও, প্রভাতকে একটা চিঠি লিখে আসছি ফের। আরো কথা আছে।

ধীরে ধীরে বিকেল হয়ে এলো। আটটা বাচ্চতেই নির্মলের ট্রেন এলাহাবাদ পৌছুবে। বাড়িতে আসতে কডটুকুই বা পথ। ধরা যাক পাঁচ মিনিট — সঙ্গে মাল-পত্র থাকবে না বলে হেঁটে আসবারই সম্ভাবনা। আরো ঘন্টা তিনেক বাকি আছে দেখছি। অঞ্চ এতো সময় করবে কী ? হঠাৎ মনে পড়লো বীণা ও বিমলের সঙ্গে তার আজ যম্নায় বেড়াতে যাবার কথা আছে। ফিরতে যদি রাভ বেশি হয়ে যায় ? তার চেয়ে প্রভাতকে একটা লম্বা চিঠি লেখা যাক। কেন বে এতদিন ও চ্প করে থেকে চিস্তিত করছে—

দরজায় টোকা পড়লো। বিমল বললো -- তৈরি, অশ্র-দি ? বীণা এসেছে।
দরজা খুলে অশ্র বেরিয়ে এলো। শুক্নো মৃথে বললো—বিচ্ছিরি মাথা ধরেছে,
তোমরা হ'টিতেই বেড়িয়ে এসো। আমাকে আরেক দিন নিয়ে যেয়ো।

অশ্র-দির সহাত্বভূতিপূর্ণ বিবেচনায় দারুণ খুশি হয়ে বিমল আর বাগবিস্তার না করে চলে গেল। দাদা আসছেন, তাই ঘর-দোর ফিটফাট করে রাখতে বৌদি তো বাস্তই থাকবেন। তা ছাড়া বুড়ো বয়সে বৌদির নোকোয় বেড়াবার সথ নেই। বৌদি যে অশ্র-দির সমবয়সী, এ-কথা কেউ শপথ করে বললেও বিমল বিশাস করতোনা; কেননা বিয়ে করলেই লোকে বুড়ো হয় কি না ঠিক নেই, তবে লোকে বুড়ো হলেই বুঝি বিয়ে করে। তবু, বৌদিও সঙ্গে যাবেন বলে বীণার অভিভাবকদের মত নেওয়া হয়েছে বলে, তাঁকেও একবার জিজ্ঞাসা করা দরকার। বীণা জামুক, নেহাৎ ভগবান সদয় বলেই বৌদিও মৃথ ফেরাবেন।

যম্নায় বেড়াতে যাবে বৌদি ? ফোর্ট থেকে ব্রিজ।

- मृत्र भागना ! - त्वीमि सामहा मित्र छेठलन ।

বিমল বীণার ম্থের দিকে চেয়ে এমন একটু হাসলো যে, সেই জানন্দের রঙ বীণারো সারা দেহে বিকীপ হয়ে পড়লো।

অশ্রু জানলা দিয়ে দেখতে পেলো বীণা আর বিমল টাঙায় গিয়ে উঠলো
—কোচোয়ানের পেছনে —পাশাপাশি। ত্'জনেই নীরব, স্পর্শ-বিরহিত।
বসবার জায়গায় বীণা নিজের শাড়িটাকে পর্যন্ত বিশ্বত হতে দেয়নি, নিজের
চতুর্দিকে সংকৃচিত করে রেথেছে—পাছে তার সামান্ত একট টোয়া লেগে এই নির্বচন
গভীরতার তপোভঙ্গ হয়। বিমল উদাসীন. যেন নিজ্জিয় অসহযোগ আন্দোলনের
নেতা! বীণা যে তার কাছে আছে, ঘিরে আছে নির্নিরীক্ষা বায়ুমণ্ডলীর মতো—
এ-টুকু সে না দেখে ও না ছুয়ে সর্বাঙ্গ দিয়ে অফ্ডেব করেছে। কথা বলাটা অবাস্তর,

ছোঁয়াটা ছম্পণতন। বিমলের এই সেই বরেস বখন মাধুরীকে ভালোবেসে গল্পে মাধুরীর সঙ্গে কাল্পনিক কথোপকথনচ্ছলে মাধু বলে ডাকতে সাধ হয়। এই সেই বয়েদ বখন বীণা বম্নার জলের ওপর নোকোয় উঠে হঠাৎ ঠিক ঠাহর করতে পারবে না – কোন্টা বেশি স্থন্দর, ইলিশ-মাছের আশের মতো চিকচিকে জ্যোৎস্থা-ধোয়া জল, এই ভয়ন্বর নিস্তব্ধতা, না, বিমলের মুখা ব্যস্ততা নেই, প্রকাশ-প্রাচর্ব নেই, প্রশ্ন নেই, উত্তর নেই, লক্ষ্যাভিগ্ৰী সন্ধান নেই ওধু নিজের অহভৃতিতে নিজেই নিৰ্বাদিত। এই দেই বয়েদ ! টাঙা যতোকণ না অদুখ্য হলো আঞ্চ জানলা ছেড়ে উঠলো না। থানিকক্ষণ এটা-ওটা নাড়াচাড়া করে অঞ্চ অবশেষে বাথ-রুমে গিয়ে ঢুকলো গাত্রমার্জনা করতে। বিকেলে স্নান করাটা তার একটা দৈনন্দিন বিলাসিতা। ইন্দিরার মতো শরীর নিয়ে সে ছিনিমিনি খেলতে বসেনি। যে যৌবন বাইরের খোলস মাত্র তা খসে গেলে ওর ত্ব:খ নেই. কিন্তু বৌবনকে অতিক্রম করেও তার স্বাস্থ্য যেন এমনি দৃপ্ত থাকে। ও ওধু হৃদয়ামূভূতি দিয়ে নয়, দেহের প্রতিটি রোমকৃপ দিয়ে আকাশ ও জীবনের আনন্দ পান করতে চায়। ওর এই দেহ মনকে আঘাত থেকে রক্ষা করবে, মান হতে দেবে না – প্রাণকে বৃহত্তর উপলব্ধির দিকে নিত্যকাল উন্মুখ, ধাবমান রাখবে—ওর এই স্বাস্থাই দেহকে কলুষিত হতে দেবে না। অঞ সানের ঘরের দরজা বন্ধ করে কাপড় ছাড়তে লাগলো। বাথ-ক্ষমের উ'চু জানলা দিয়ে পড়স্ত রোক্রের সোনার একটা টুকরো গামলার ওপরে পড়ে ঝিক্মিক্ করছে। অঞ Donneএর ভক্ত--তাঁর অনেক লাইন তার মুখে-মুখে। এখন দে এই তিনটি লাইন আবৃত্তি করছে:

Full nakedness: All joys are due to thee.

As souls unbodied, bodies unclothed must be
To taste whole joys.

রাত বেশি হয়নি। কিন্তু নির্ম ঘুমন্ত পাড়াটার দিকে আকালে মনে হয় ভোর হতে বুঝি আর দেরি নেই। অশ্রু সাদাসিথে একথানি শাড়ি পরলো; বিকেলের বাঁধা চুলগুলি থুলে ফেলে পিঠের থেকে ঘৃ'ভাগ করে বুকের ওপর মেলে রাথলো। রূপোর একটা ঝুমকো ফুল খোঁপায় গুঁজলে তাকে মানায় বটে, কিন্তু তাতে নেহাৎই চপলমতি কলেজের মেয়ে বলে মনে হয়। তাই দে ইন্দিরার বাগান থেকে একটি রক্ষনীগন্ধার কলি ছিঁড়ে এনে খোলা চুলের মধ্যে আলগোছে আটকে নিয়েছে।

ইন্দিরা তোলা-উর্নে লুচি ভাজছে—স্বামীর-সেবায় তার বেশ হাত খোলে। স্বামীর আহার যোগাতে সে কার্পণ্য করবে এতটা অন্দার সে নয়। তাই রাতের জ্ঞান্তে সেজে থাকতেও সে ভোলেনি! সতীত্বের একজিবিশানে ইন্দিরাকে গোল্ড মেডেল দেওয়া উচিত। ক্যাপিট্যালিন্ট স্বামীর স্থবিধের জন্তে সে নিজেকে সতী বানিয়ে বসেছে।

সোনার অবসর ! অঞ্<u>র তাড়াতাড়ি নয়—পুব</u> আন্তে, সংস্কৃত করে বললে - মন্থর পদক্ষেপে নির্মলের ঘরে এসে প্রবেশ করলো। নির্মলের ঘরটা একট বাইরের मिक अक्ठो वाद्राम्मा ना পেরোলে সে-ঘরের নাগাল পাওয়া **या**ग्र ना। সেই বারান্দাতেই ইন্দিরা একটা কাঠের টুলে আয়েস করে বসে স্বামী-আপাায়নের যোগাড় করেছিলো। অঞ্চকে সে দেখে ফেললো। জানতো বটে নির্মলের সঙ্গে অঞ্চর আজ রাতেই দেখা-করার জোর তাগিদ পড়েছে; খবরটা ইন্দিরার কাছে তার সম্ভানধারণের চেতনার মতো মারাত্মক নয়। অঞ্চ যেমন মেয়ে—এবং তার সঙ্গে ওর যতটা ঘনিষ্ঠতা, তাতে তার গায়ে-পড়ে আলাপ করার ব্যাখ্যায় সে নির্নত বলে অভিহিত হতো না। তবু অঞ্জে আজ যেন ওর কেমনতরো লাগলো। অঞ্জর মধ্যে আজ সবচেয়ে অত্যুগ্ররূপে প্রথর হচ্ছে এই —ও মোটেই আজ সাজ করেনি, নিতাম্বই খেলো একটি শাড়ি, মোটা একটা শাদা ব্লাউজ-এবং চলের আড়ালে হুড্ড একটি রজনীগন্ধার কোরক—রমাপতির প্রতি ওর কিশোরকালের প্রথম প্রেমের সলজ্জ অমুভূতির মতো। রজনীগন্ধা দেখে হঠাৎ রমাপতিকে মনে পড়লো বলে ইন্দিরার কাছে অশ্রর এই নিরলম্বার চেহারা সন্দেহের কুয়াশায় কেমন-যেন ঝাপদা হয়ে উঠলো। ইচ্ছা হলো অশ্রুর আবির্ভাবের আগেই দে গিয়ে তার স্বামীর পাশে দাঁডিয়ে তাঁকে বক্ষা করে।

বিয়ের আগে নির্মলের সঙ্গে অঞ্চর যে একটা ব্যাপার হয়ে গিয়েছিলো সেটা ইন্দিরা আগে অস্পষ্ট করে জানলেও অঞ্চ এমন মৃথচোরা বা লাজুক নয় য়ে, শতকরা নিরানবর ই জন বাঙালী মেয়ের মতো মৃঢ় আত্ম-সমর্থনের চেপ্তায় তা ফিকে বা ফাকা করে তুলবে। বরং দে এমন স্পষ্ট ও প্রথব ষে, রঙ ছড়িয়ে ব্যাপারটাকে বিচিত্র করে বর্ণনা করে সে নিজের চরিত্রকে শ্লাঘ্য বলেই সপ্রমাণ করতে চেষ্টা পেয়েছে। অক্তের কাছে যেটা হতো জঘক্ত সেটা অঞ্চর কাছে নিতান্তই নগণ্য, বরং উন্টো করে স্থলপাঠ্য রচনার ভাষায় সেটা তার আত্মোপলন্ধির সোপানস্থরূপ! নির্মল যে তাকে তুই হাজে দ্বায় ঠেলে ফেলে দিয়েছিলো সেকথা গন্ধীর হয়ে বলতে সে মনে বেশ জাের পায়, এবং যে তাকে ঠেলে ফেলে দিয়েছিলো তারই ত্যারে অবতীর্ণ হয়ে সে নতুন করে বন্ধুতা প্রাথনা করে। ব্যাপারটার মধ্যে স্বাভাবিকতা কিছুই নেই—প্রস্তাব শুনে ইন্দিরা হেসেছিলো মাত্র, কিন্তু বাস্তবে অঞ্চর এই উত্যোগ দেখে তাকে আশীর্বাদ করতে ওর হাত উঠলো না। বরং যে লােক একদিন একটি মেয়ের এত সব অসদাচার ও অবরতার বিক্তম্ব নিজের পুক্ষব্তকে হুদাম রেথেছিলো সেই তার স্বামী, একথা জেনে

ইন্দিরার গোরবের আর সীমা রইলো না। আমীর কাছে সে স্পরীরে নিজেকে বলি দিরেছে বাজ—এই চেতনটোকেই সে হঠাৎ আজ রূপান্তরিত করে নিল: আমীর চরিতার্থতার জন্ত সে গাধনী ও পতিব্রতার মতো নিজেকে বেচ্ছায় ও সপ্রেমে উৎসর্গ করেছে। দেহের যতো সব বাঁধা-বিধান আছে তার থেকে একচুলও তার বিচ্যুতি ঘটেনি;—মন একটা বাজে বিলাসিতা, তাকে বেশি দিন পুষিয়ে রাখার থরচ পোবার না। অতএব—

মৃত রমাপতি, তৃমি মৃত। তোমার ছায়া আমরা দেখেছিলাম ইন্দিরার মনমূক্রে - দে-আয়না চোচির হলো। তোমার মূর্তিও তাই বিখণ্ডিত—এই অবমাননা
তুমি সয়ো না। তোমাকে আমরা সময়ের নদীতে বিসর্জন দিলাম। তৃমি এখন
কোথায় আছ, সামান্ত কোনো ইছ্ল-মান্টারি করবার অবকালে ইন্দিরার মতোই
অপ্রয়োজনে পৃথিবীর জনসংখ্যা বাড়িয়ে চলেছো কি না - সেই সব অবাস্তর বিষয়ের
ঝোঁজ করে তোমার কোকিক অন্তিত্ব প্রমাণ করা একেবারেই রুখা, রমাপতি।
আমাদের রমাপতি আজ মরলো - সেই রমাপতি স্থের আলোতে বেশি কাল
অপ্রকাশ থাকে না, সেই রমাপতি জনবধানে নারীর জীবনে একবার মাত্র পদার্পশ

ইন্দিরার আজ বিধবা-বেশ। দেখবে এস। সীমস্কে সিন্দুর শৃঙ্গারভূষণ; পায়ে আল্তা, ত্'হাত-ভরে তার আভরণ। পরনে মারহাঠি গরদের শাড়ি, ব্লাউজ-পিস্টা দিব্যি থাপ খেরেছে বাহু হুটি লীলা-বলয়িত; হুই চোথে ভাবী মাতৃত্বের মধ্রতা! তুমি তার এ বিধবা-বেশ দেখো না। তোমার কাছে সে গণতোষিণী।

ইন্দিরার এতক্ষণে ঠাহর হলো অপ্রয় এই আকস্মিক আবির্ভাবের পেছনে একটা গৃঢ়
অর্থ আছে। সহসা কলেজের বন্ধুর প্রতি তার এই অহারাগের কোনই মানে হয় না,
এর সঙ্গে আরেকটি উত্তেজনা ছিলো। সেটা বে কার প্রতি, দাঁত দিয়ে ঠোঁটা একট্
কামড়ে ইন্দিরা ঠিক ধরতে পেরেছে। অবস্থি অপ্রশুও সেটা সোজাস্থলি থুলে বলেছিলো
—কোথাও তার বাধেনি। সে নাকি দেশপ্রমণে বেরিয়েছে; মাঝ-পথে থেমে কে
ভার অক্যতম শিকারের জক্তে কয়েকদিন ওৎ পেতে থাকবে—ভারপর হু'জনে একসঙ্গে
লাহোরের দিকে ভেলে পড়বার আগে সে ইতিমধ্যে একা নির্মলের সঙ্গে মরা
প্রেমটাকে একট্ ঝালিয়ে নেবে মাত্র। দেহস্থ-কাঙাল স্বামীর প্রতি ইন্দিরার স্নেহ
জ্যাম্-এর মতন মন ছিলো না বলে অপ্রর প্রোগ্রামটা ভার কাছে গোড়াতে মনঃপৃত
ছয়নি, এমন বলা মার না। মেয়ে বেমন বেচারা—ইন্দিরা এখন রীতিমত বর্বর
ভাষার ভাবতে পারছে—ভার পক্ষে এই ছুনীতিটা অশোভন নয়। কিছ সে বখন
স্বভাবের ব্যতিক্রমে একেবারে ভপদিনীর বেশ পরে নিঃশন্ধে অতিমন্বর পা কেলেঅচিয়া/২/১৮

ক্ষেপে স্থানীর দ্বের দ্ব্লার পর্দাটা স্বালো, তথন নিমেবে ইন্দিরার চোথে সমস্ত ক্ম-বাড়ি বেন ভূমিকম্পে কেঁপে উঠলো। এটা কেন বে তার সইলো না বলা কঠিন। তথু বে সে অপ্রর আচরণ মার্জনা করলো না তাই নয়, স্থামীর প্রতি তার প্রতিদিন এই অবহেলাকেও সে ক্ষমা করতে পারলো না। সামাক্ত লৃচি ভাজতে ভাজতে হঠাৎ কোথা থেকে তার এত মমতা উথলে উঠলো বে তথু স্থামী নয়, অনিচ্ছাগ্নত তাবী সম্ভানকে পর্যন্ত তার রমণীয় লাগছে। কি জানি কি ভেবে ইন্দিরা চট্ করে দাঁড়িয়ে পড়লো, নিজের দিকে বার কয়েক চোখ ব্লিয়ে নিলো—স্তিটে লে ক্ষরী, এবং সে-সৌন্দর্য সে মা হবে বলে।

এটা সভিত্তি ভারি আশ্চর্য। কিছু মেয়েমায়্থবের পক্ষে আশ্চর্য আর কী আছে! জারা রঙ-বদ্লানো সন্ধ্যাকাশ। তাদের মনের ঘড়ির কাঁটা চলতে বন্ধ হলে দম দেবার জন্ম তাদের আর ব্যস্ততা থাকে না। একটা ধরা-বাঁধা সীমার মধ্যে নিজেকে কোনো-রকমে খাপ খাওয়াতে পারলেই ভারা বাঁচে। যতোক্ষণ পর্যস্ত এমনি থামতে না পারে ভভদিন তাদের যত-সব ফ্যাশান: কেউ বলে ভালোবাসি, কেউ বলে বিয়ে না করে পি-এইচ. ডি. হবে।

বছত ইন্দিরার এই মনোভাবের ব্যাখ্যাও একটা নিশ্চয় আছে। পুরুষ নারীকে যেমন করে চায় তাকেও ঠিক তেমনি ভাবেই ধরা দিতে হয়। যেখানে মেয়েরা নিজের স্বাধীন ব্যক্তিত্ব দেখাতে গিয়েছে সেখানেই তার এমন একটা রোগ হয়েছে ষেটাকে ভত্ত্ব করে বললে বলতে হয় হিষ্টিরিয়া। তাই কোনো কোনো পুরুষের কাছে নারী দেবী—কয়না-কায়া, যেমন নারীভৃগু সন্তান-পরিবৃত্ত দাল্ভের কাছে বিয়াত্রিচে ছিলো! কারু কাছে সে পিশাচী নারীর তথন পিশাচী না হয়ে উপায় ছিলোনা, পুরুষ তাকে তেমনি করে চেয়েছে। কেউ চায় মেয়ের মাঝে একটা হাবা-গোবা ছেলেমান্বি ভাব, মেয়ে তাই অবিকল নকল করে সংসারের চোথে সাফল্যের সাটিফিকেট নেয়; কারু কাছে নারী ভগু একজোড়া জঘন, কারু কাছে বা মূর্ভিমতী জম্পুর্রতা। একটা প্যাটার্ন না পেলে তার মৃক্তি নেই—বে-রকমেই হোক একটা প্যাটার্ন-মাফিক জীবন না পেলে সে য় অকারণে পিকেটিং করবে, নয় ধুয়ো ধরবে বিয়ে করবো না। ভরল জল রাথবার জল্তে পাত্র চাই। জলের কি বঙ আছে ? পাত্রের রঙ তার রঙ। মেয়ের কি নাম আছে ? একমাত্র নম্না-ই তার নাম।

ইন্দিরা একবার ভাবলো পর্দা সরিয়ে ও-ও চুকে পড়বে কি না। সামী বাড়ি পৌচেছেন প্রায় আধ্যনটা হলো, কিন্তু এরি মধ্যে অঞ্চ কেমন তৈরি হঙ্গে নিয়েছে। আর ও না গেল ছুটে কুশল প্রশ্ন করতে, না করলো একটা প্রণাম। নরকেও ওশ্ব জারগা হবে না। আঞা পর্দা সরিয়ে ঘরে ঢুকে দেখলো নির্মণ চাকরের হাতের ওপর ভান পা-টা ভূলে দিরে জ্তোর ফিতে খোলাছে। ঘরে আলো যথেষ্ট ছিলো না। এমনি স্তিমিত ফিকে আলোর সঙ্গে একটি মানম্থী মেয়ের বোধ করি একটা নিকট সাদৃশ্য আছে—নির্মণ তো প্রথমটা থমকে গেল। তবু মুখখানিকে যেন ভারি চেনা-চেনা লাগছে, ভূকর হাল্কা টানটি যেন তুলি দিয়ে আকা, লঘু গতিতে সামাশ্য ক্রত চলার অনায়াস ভিন্নিটি যেন নিজের নিখাস ফেলার সঙ্গে ছন্দ-মেলানো। চাকরের হাত থেকে পা-টা সরিয়ে নিয়ে নির্মণ লাফিয়ে উঠলো: তুমি, অঞা ? আমি স্বপ্ন দেখছি না তো ? তুমি এখানে ? এলে কবে ?

অঞ ধীরে বললো—তোমার কাছে আজ এলাম। এইমাত্র। কী জানি, বোধ হয় স্বপ্ন হয়েই।

নির্মলের এখন এ-সব অবাস্তর কথায় কান দেবার সময় নেই। সে চাপা খুশিতে মুখটা লাল করে বললে—হঠাৎ তুমি এত কাছে? আমি এখনো বিশ্বাস করতে পারছি না।

আঁচলের তলা থেকে শুস্র হাতথানি বাড়িয়ে দিয়ে অশ্রু বললো—আমাকে ছুঁরে দেখ, আমি শরীরী, বেশ স্থুল. নিরাকারা কল্পনা নই।

নির্মল হেঁচকা-টানে শৃ-ত্রটো টেনে ফেলে সোজা দাঁড়িয়ে পড়লো: এই মাত্র আসছি, জামাকাপড়গুলো এখনো ছাড়া হয়নি। একটু দাঁড়াও।

- বিস। বলে অশ্রু একটা চেয়ারে বসলো। বললে আরো একটু দেরি করে আসতে পারতাম বটে, কিন্তু দেরি করার মতো ধৈর্য আমার শেখা হলো না। তৃমি আজ আসবে বলে বিকেলে সান করলাম, চুলগুলি পিঠের ওপর প্রসারিত করে রাখলাম। বাগান থেকে এই পরিচ্ছন্ন ফুলটি তুলে এনেছি। অশ্রু চুলগুলির গ্রেছি থেকে রজনীগন্ধার ছোট্ট কুঁড়িটি আলগা করে আনলো: যেন বঞ্চিত তাপদী ফুলটি! নির্বাককৃত্তিত। আমার মতো প্রগান্ততা ওর নায়। কিন্তু যাই বলো, ওরই মতো মনটা এমন লঘু ও পরিষ্কার হয়ে গেছে বে কী বলব ? তৃমি কেমন আছ ?
- আমাদের আবার থাকাথাকি ! দাড়াও, বাথ-ক্রম থেকে চট করে মুখ হাত-পা ধুয়ে আদি । তুমি যে এসেছ ইন্দিরা জানে তো ?
  - मात्न, जामि जाज এमिছ नाकि ? हेन्निता ज्वत्न बूर्ड़ा हस्त्रह ।
- বেশ, ভালো কথা। জুমি এনেছ, আমার কী বে ভালো লাগছে। আমি একট্ও আশা করিনি কিন্তু। আছো। এই বলে নির্মল পর্দা ঠেলে পাশের স্থানের ব্যুর চলে গেল।

অঞ্চ একা। সমন্ত ঘরে ধূসর সন্ধাছায়া। মিলনশেবের প্রথম ক্লান্ডির মতো ঘন।
এটি বৃঝি নির্মলের বসবার ঘর। ভারি ফিটফাট, বাছলাবর্জিত। ছত্রিশ ইঞ্চির ছোট
একটা সেক্রেটারিয়েট টেবল, পিঠের আধখানা পর্যন্ত তোলা ছোট একটি ঘোরাচেয়ার, টেবলের ওপরে ছু' তিনখানা মোটা-মোটা অঙ্কের বই, অঙ্কের কাগজ-পত্র।
দেয়ালের তাকে ব্রঞ্জের একটা বড়ো মূর্তি—মুগুহীন। অন্ধকারে ঝাপসা। মূর্তিটা
প্রশন্ত, হর্মব। আবছায়ায় এইটুকু তার আভাস। এতো বড়ো ঘরে নির্মল নিজের
জন্তে এইটুকু ছান মাত্র অধিকার করে আছে— চারিপাশের শৃক্ততাটা যেন কর্ম দিয়ে
ঠাসা; সেই শৃক্ততাটা আলস্থাবকাশের প্রকাশ নয়। ঘর থেকে অধিবাসী সম্বন্ধে
ধারণা হয়, যেমন সংসর্গ থেকে বিভালয়ের শিক্ষকেরা চরিত্র বিচার করে। এক পলকে
এ ঘর দেখে কে না বলবে যে নির্মলের মনে ভাবাকুলভার কণামাত্র কুয়াশা নেই, তার
মন ফান্ধনের রোজের মতো খটখটে, ছুরির ফলার মতো প্রথম। তেজন্বী ঝন্তু উজ্জল!
সারা ঘরের আবহাওয়ায় একটা নিবিড় তেজোময়তা আছে। সেটা অঞ্চ যেন স্পর্শ করতে পারে। একটা হুর্নমনীয় কাঠিতের তেজ, কিন্তু সে-নির্ভুরতার মাঝে কোথায়
বেন একটি অন্তর্লান মাধুর্য!

বড়ো একটা টার্কিশ তোয়ালে দিয়ে মাধার চুলগুলি মৃছতে মৃছতে নির্মল ঘরে ফিরে এলো। আঁচলের খুঁটে সমস্ত বুক ঢাকা পড়েনি, ফীত ফার বক্ষ—প্রেয়সীর বোগ্য উপাধান। পা ছটি নগ্ন, সিক্ত অঙ্গ থেকে সহ্যসানের শান্ত গন্ধ আসছে। সানকরবার পর পুরুষকে যে এমন জ্যোতিঃস্লিগ্ধ ও স্থন্দর লাগে এটা অঞ্চর জানা ছিলোন। সে চেয়ারটাতে স্থির হয়ে বসে রইলো।

খানিকটা লাইম্-জুন্ চুলের মধ্যে রগ্ড়ে নিয়ে নির্মল হেসে বললো— প্রসাধনটা তোমার সামনেই সেরে ফেলি। কি বল ? আমার এই বর্বর বেশ দেখে তুমি আহত হয়ো না। বলে লুক্সির মতো খাটো করে পরা কাপড়টার প্রতি সে ইক্সিত করলো।

অঞ্চ প্রশ্ন করে বসলো: আমি আসবো এমন আশা একটুও করনি কেন ?

প্রশ্নটা শুনে নির্মল থামলো; জিজ্ঞাসায় একটু ষেন অহ্যোগের অহ্ননয় আছে। হেসে বললে— আমি পৃথিবীতে আশাই কিছু কম করি, অঞা। তা পূর্ণ হবে না বলে, নয়, আশা করবার মধ্যে চিত্তের ক্ষণিক অব্যবস্থা ঘটে। অষণা অতথানি শক্তি ব্যয়, করতে ইচ্ছে হর না।

আই চোখ নামিরে বললে—কিন্ত চোথের জানলা দিরে মন যদি বারে-বারে উকি-যারতে থাকে তখন চোখ বুজলেই অবাধ্য মনকে শাসন করা হয় না। তোমার মন্যে আয়ার আসন নেই বলেই তোমার আশাও নেই।

ততক্ষণে নির্মল জামাটা গায়ে দিয়েছে। অতিরিক্ত চেয়ারটিতে বলে লে খচছ

হাসিতে ম্থমণ্ডল উদ্ভাসিত করে তুললো: যাকে বর্জন করেছি তাকে আহ্বান করবার ভাষা থাকে না। যদি বলো, আশাও ছিলো না। কিন্তু আমার কাছে ফের ফিরে আসবার তোমার কি কোনো প্রয়োজন ঘটেছে ?

সন্ধায় স্নায়্গুলো অত্যন্ত স্নিগ্ধ হয়েছে বলেই অশ্রুর কথায় তীক্ষতা নেই। সে ঠাণ্ডা মেঝের ওপর পা তুটো একটু ঘসে বললে— তোমার যেমন আকাজ্জা নেই, আমারো তেমনি প্রয়োজন ঘটে না। ইচ্ছাই আমার বাহন—সরস্বতীর যেমন হাঁস।

— লক্ষ্মীর যেমন পাঁাচা। নির্মল একটা সহজ্ব রসিকতা সংবরণ করতে পারলে না: তোমার ইচ্ছাটা পেচক জাতীয়-ই।

অঞা চোথ তুলে বললে -- তুমি আমাকে আজে৷ অপমান করবে নাকি ?

নির্মল অন্থির হয়ে উঠলো: ছি ছি, না না, সে কী কথা, সে কথা নয়। আমার কথাগুলোই অমনি বুনো। তুমি আজ আমার অতিথি—তোমাকে অপমান করব কী ? ছি! ওটা একটা ছেলেমান্ষি করলাম মাত্র। এত বুদ্ধি রেখে এ-কথাটি বোঝ না?

বোঝে, কিন্তু তবু কথার স্থবে কোথায় যেন বিদ্রাপের থোঁচা আছে। অশ্রু বললে
—বর্জন আমিও তোমাকে করেছি; দে-গৌরবের ভার তুমি একা নিলে চলবে
কেন ? কিন্তু বর্জন করেছি বলেই তোমাকে বিশ্বতিতে বিসর্জন দিতে হবে আমার
বন্ধতা এতটা অফুদার নয়। বুঝলে ?

নির্মল নড়ে বদলো; টিনের ছোট বাক্স খুলে একটা ইজিপশিয়ান সিগারেট ধরালো। বললো,—তাহলে আশস্ত হলাম। কিন্তু আজো যদি জমাট নিরেট অশ্রু নির্মারবিক্তার মতো উবেল হয়ে উঠতো, তাহলে আমার আর পার ছিলো না; আশার চেয়ে সে-ভয়ই আমার বেশি ছিলো। যাক, আমিও এখন মৃক্তকণ্ঠে একটু কবিত্ব করি। জানো, অশ্রু, জীবনে তু'টি জিনিস ফিরে আসে না: এক, মৃত শৈশব, আর প্রথমা প্রিয়া।

কণ্ঠস্বর স্নিগ্ধ করে অশ্র শুধোল: আমি কি তোমার প্রথমা প্রিয়া?

একটু ঘাবড়ে গিয়ে নির্মণ বললে— তুমি অমন সোজা করে প্রশ্ন কর কেন ? এ তোমার মারাত্মক দোষ। আমি এখন এ-প্রশ্নের কি উত্তর দেব ? একটা সিগারেট খাবে তো খাও।

—না, এখন থাবো না। অশ্রুর স্বর ভারি ঘোলাটে !

নির্মল বললে—চুল সিঙল্ভ করনি ? বড়ো চুল রাখাটা তো সেকেলে, কালিদাসি স্মামলের।

অঞ্চর উত্তরো নির্মম : পুরুষের মনোহরণ করতে দীর্ঘ চুল আমাদের দেশে এখনো

প্রশন্ত। ইউরোপে বদি কোনো দিন যাই এবং কোনো প্যারিসিয়ান বদি আমার গায়ের এই স্থামল বঙ দেখে মৃশ্ব হয়ে আমাকে প্রার্থনা করে, আমি তাকে খুলি করতে তথন না-হয় চুল ও পোষাক থর্ব করে ফেলবো। আমার সময় আছে।

- —হাঁা, আছে। কিন্তু একবার চুল ঘাড়ের তলায় এনে ছেঁটে কেললে দেলে ফিরে তাকে কের গজিয়ে আবার কোনো বেচারা বাঙালী যুবককে মৃগ্ধ করতেই যা সময় লাগবে। তা, বেশ। প্রভাতকে ছেড়ে প্যারিদে যাবার মতলব আছে নাকি ?
  - —আছে বৈ কি। প্রভাতো সঙ্গে যেতে পারে।
- —প্রভাত যাবে ? প্যাসেজ জোটাবে কোথেকে ? অল্প টাকার কেরানির এত ম্রোদ ! অবস্থি, প্রভাত যদি যথেষ্ট পণ নিয়ে কোনো বাঙালী মেয়ের কুলরক্ষা করে ! তখন তার বউ তাকে তোমার সঙ্গে যেতে দেবে কেন ?

আঞ্র থিট্থিট্ করে উঠলো: সে-ভাবনা তোমার না করলেও চলবে। কিন্তু আমি যা প্রশ্ন করছি তার উত্তর দাও। তুমি আমাকে কোনোদিন ভালোবেদেছিলে?

নির্মলের মুখে সেই ক্ষণস্থায়ী হাসি—যে-হাসি মুখকে প্রসন্ন করে না, অন্তর্ধানের সঙ্গে-সঙ্গে একটা কঠিন দৃঢ়তা রেখে যায়: এ-প্রশ্নের একটা উচ্চারিত উত্তর আছে নাকি ? তুমি কিছুই অমুভব করতে পারো নি ?

অঞ্চ স্পষ্ট করে বললো-- আমি অভূভবে বিশ্বাস করি না, আমি উচ্চারণ চাই।

— এই জ্যোই তোমার সঙ্গে আমার মিললো না। তুমি কর্মে প্রবল, প্রতিজ্ঞায় প্রথর হতে পার, প্রকাশে তোমার একটা অপরিমিত উদ্বেগ থাকতে পারে, কিন্তু যথন ভাবি অহুভব তোমার ফিকে, তরল—তগন তোমাকে সর্বাস্তঃকরণে ক্ষমা করতে পারি না. অঞা। এই আমার স্পষ্ট উত্তর।

অশ্র থানিকক্ষণের জন্ত কোনো কথা কইলো না। নির্মল ফের বললে আচছা, সিত্যি করে তুমি কাউকে ভালোবেসেছ ? তুমি প্রভাতকে কি এত ভালোবাস যে তার প্রেম না পেলে তুমি এই প্রকাণ্ড পৃথিবীতে একেবারে একাকিনী হয়ে যাবে ? তোমার অন্তরে বৈধব্যের সেই বৈরাগ্যবোধ আছে ? তোমার হয়ে আমিই উত্তর দিছি : নেই। যে-প্রেমে একপ্রবণতা আছে, যার অন্তভবে মান্থ্য বিরহের অন্ধকার থেকে বিশাল আকাশের স্ঠি করে—সেই প্রেম তোমার আছে ? কতগুলি ফাঁকা কথার মূলধনে এ জীবন নিয়ে জুয়ো খেলতে বদো না।

আঞা হেলে বললে—বেশ কবিত। করছিলে, কিন্তু শেষ দিকে ওয়ার্ডসোয়ার্থের মতো ঐ নীতিবচনটুকু না আওড়ালেই আমি হাততালি দিয়ে উঠতাম। কিন্তু আমার কথা আমিই বলবো। আগে আমার প্রশ্নের উত্তর দাও। তুমি আমাকে তোমার জীবনের অসতর্ক কোনো মৃহুর্তে একটুও ভালোবাসনি ?

নির্মল বললে — ই চার অকরের শবটা আমার কাছে আগাগোড়া ঞীক। ওটার সংজ্ঞা নেই।

- —কেন, উচ্চারিত উত্তর নাই-বা দিলে, গাঢ় করে অস্তত্তবন্ত করোনি কোনোদিন ?
- —বোধ হয়, না। আমি ভালোবাসা বৃধি না, ওটা যৌবনের একটা রঞ্জিন বিকার মাত্র। তাই সে-বিকারকে স্কুম্ব ও সংঘভাবিক করবার জক্তেই আমি বিবাহের পক্ষণাতী। দৈহিক কামনাকে স্কুম্বর ও সংঘভ করতে পারলেই তা প্রেম এবং সে-প্রেমে সংসার ব্যবস্থিত হয় বলেই তা সমাজের নামান্তর। সমাজকে আঘাত করতে গেলেই বে-শক্তি প্রয়োগ করতে হয়, নেহাৎ সহজ অঙ্কের নিয়মান্ত্রসারে সেই আঘাত নিজের ওপর ফিরে আসে প্রেমের শান্তি তাতে ব্যাহত হয়। তাই সমাজকে গভ্যন করতে গেলে প্রেমেরো অলন ঘটে; তথন সেটা মনে হয় উৎপাত—প্রণিপাত নয়। তথন তার নিপাত হলেই বাঁচা বায়। নিউটন গতি সম্বন্ধে বে-থিওরি করেছিলেন, গোড়ায় তাঁর hypothesis ছিলো হয়তো নরনারীর অসামান্তিক প্রেমের স্বাভাবিক পরিণতির দৃষ্টাস্টটা। কিন্ধ বড়ো বড়ো জিনিস নিয়ে তর্ক করতে গেলে থিদে আমার আরো বেড়ে যাবে। ইন্দিরাকে ডাকি।

অশ বাধা দিলো: ভাকবেখ'ন। কিছু অসামাজিক প্রেমে যে প্রেমের আয়ুক্র হয় এমন একটা মত হির করলে তো আমাকে দেখে, আমার সংস্পর্ণে এসে, ভাই না ?

—হয়তো হবে। বিবাহের শুভিরিক্ত কোনো প্রেমে আমার বিশাস নেই। প্রেমকে বিবাহের সীমার মধ্যে বিস্তারিত না করলে সেটাকে আমার কাছে ব্যভিচারের মতোই দৃষ্টিকটু লাগে।

অঞ্চ ভান হাতটা তুলে বললে— আচ্ছা, আচ্ছা। কিছু আমার প্রেমটা তো তোমার এই সিদ্ধান্তের পক্ষে একটা পরীক্ষা ছিল ? আমার সঙ্গে ছ'দিন না মিশলে তো আর তুমি এমন ভূঁইকোঁড় পালি হতে পারতে না ?

--ना।

আন্ধ এতকণে একটা কথা পেলো: আমারো তাই দে-পরীকা; আমিও তাই জীবনে লাখো লাখো বার পরীকা করছি; হয়তো প্রত্যেক বারই হারবো, কিছ ভাতে আমার শক্তিকর হবে না, বরং সংকরের সঙ্গে সকল শহা দূর হয়ে যাবে। আমি কাকে প্রেম দিয়ে কুতার্থ হব দে-বিচার পাড়ার পাঁচজনকে করতে দিলে আমার অন্তিজের মর্বাদা থাকে কোখার ? দে-বিচার আমিই করবো—বহুতর পরীকার মধ্যে, বহুতর অকুতকার্বতার মধ্যে। বুকোছ? —ব্ৰাণ্ম। কিন্তু ভোমার আন্ধ বিচারেই বে পরিপূর্ণতম স্থকল হবে ভার কোনো গ্যারাণ্টি আছে ?

অঞ্চ বললে—তবু সে-বিচার আমার বিচার। মিল্টন্কে তুমি অন্ধ বলবে কিন্তু অন্ধ চোখেই তিনি হারানো প্যারাভাইজ খুঁজে পেয়েছিলেন।

— তোমার উৎপ্রেক্ষাকে আমি উপেক্ষা করি। প্রেম একটা কায়াহীন মাদকতা মাত্র—

কথা কেড়ে নিয়ে অঞ্চ বললে— তাই প্রেমকে লোকে বলে অতীন্দ্রিয়। আমি অবিস্থি বলি শরীরী স্বর।

- —কিন্ত প্রেম থেখানে পরীক্ষাসাপেক্ষ সেখানেই সে লোভী, সেখানেই তার অন্তহীন কদর্বতা। আমি অত কথা বৃদ্ধি না অঞ্চ, একটা উদ্ধার জীবন কামনীয় নয়।
  - --- কিন্তু উল্লাসের : তার সর্বনাশটা দেখবার মতো।
- কিন্তু সেই সর্বনাশ জীবনে স্বীকার করে নেবার মতো তোমার ধৈর্যশীল বৈরাগ্য স্বাছে ?
  - —সেটা আর বৈরাগ্য নয় বন্ধু, সেটা অবদান।

এমনি সময় ইন্দিরা প্রবেশ করলো থাবার নিয়ে। ডিস্টা টেব্লের ওপর বেথে সে নির্মলের পা বেঁবে মেঝের ওপর বসে পড়লো। এই যাচিত সান্নিধ্যের নতুন একটা অর্থ নির্মলের কাছে হঠাৎ স্পষ্ট হয়ে উঠলো। অশ্রুর একবার বলতে ইচ্ছা হয়েছিলো: আচ্ছা তুমিই ভোমার স্ত্রী-র পূর্ব ইতিহাস জানো? কিন্তু মনের চিন্তাটা জিভের ডগায় এসে ম্থর হবার আগেই নির্মল বললে—এই দেখ ইন্দুকে। বিয়ের আগে এক অসামাজিক প্রেমের নেশায় মাতোয়ারা হয়েছিলো। সেটা নেহাৎই মিধ্যা. অবাস্তব। এমন অবাস্তব রিভন স্বপ্প হয়তো প্রত্যেক যুবক-মুবতীরই দেখতে হয়। না, ইন্দু? নির্মল হো-হো করে হেসে উঠলো।

আক্রম ত্'কান রাঙা হয়ে উঠলো। বললে—শিগ্নির এর প্রতিবাদ কর, ইন্দিরা। রমাপতির প্রতি তোমার প্রেম মিখ্যা, অবাস্তব ? এ অবমাননা তুমি সইবে ?

উঠে স্থইচটা টেনে আলো জেলে নির্মল বললে, এ-ঘরে ইন্দিরার স্বামী উপস্থিত আছেন এ-কথা তুমি ভূলে বেও না, অঞা। ইন্দিরা তাঁর পাতিব্রত্যের অবমাননা করবেন না।

ইন্দিরাকে চূপ করে থাকতে দেখে আঞা মৃহুর্তে ঘেমে উঠলো। বললে—তৃষি ইন্দিরাকে তার অটল প্রেমের সিংহাসন থেকে এই করে তাকে একটা মহান রাজ্য থেকে বিচ্যুত করেছ। তৃমি তার কী ক্ষতি করেছ তার পরিমাণ স্বার্থান্ধ প্রুষ হয়ে তৃমি বুঝবে না। নির্মল ফের চেরারে বসে স্বিশ্বররে বললে—তৃমি বদি ইন্দিরার এমন অন্তর্গ বন্ধু না হতে, আর আমার সঙ্গেও বদি তোমার কোনো ব্যাপার না ঘটতো, তাহলে আমি সোজা বলে বসতাম: তোমার সঙ্গে আমি আমার স্ত্রীর ক্ষতি-বিচার করতে চাইনে, অশ্র । কিন্তু এর উত্তর ইন্দিরাই দেবেন। তোমার আমি কি ক্ষতি করেছি, ইন্দু ?

ইন্দিরা স্বামীর পারের স্বারো কাছে ঘেঁষে এসে বললে—স্বামার স্বাবার কী ক্ষতি করবে ?

- —কী ক্ষতি করবে ! অশ্রু দীপ্ত হয়ে উঠলো : ইন্দিরা নেহাৎই জীক ও তুর্বল বলে বাক্যে বা ব্যবহারে অক্ট্রতম প্রতিবাদও করতে পারলো না । অচ্ছন্দে সমাজের বৃপকাঠে আত্মবলি দিলো । তুমি তার ষে-অপমৃত্যু ঘটিয়েছ, তার ষে-মহান ভবিশ্বতের সম্ভাবনা নই করেছ – সমাজ যদি তার বিচারের ভার নিত—
- তাহলে আমার ফাঁসি হতো। এই বলতে চাও, অঞা ? কিছু আমার তিরোধানে তুমি সত্যিই কি স্থাী হতে, ইন্দু ?

रेन् नित्रीर रैक्दात्र मटा टाथ नुकान।

আঞা বললে এর তুলনায় তের বেশি স্থা হতো। তার সৌন্দর্য তার শিল্পাম্বাগ তার কবিস্থা তোমার বিবাহের কয়েদখানায় দীর্ঘদিনের উপবাদে শুকিয়ে গেছে। তোমার এই তুচ্ছ প্রেম থেকে বঞ্চিত হয়ে দে স্বর্গ খোয়াতো না, বরং অমরত্ব লাভ করতো। পড়নি তার ভায়েরি ?

নির্মল আশ্চর্য হলো: ভায়েরি? আমি মামুষের দিতীয় ব্যক্তিত্বের পরিচয় চাইনে। নেপথ্যের ইন্দিরার প্রতি আমার চোরাদৃষ্টি নেই, অঞা। কিন্তু (ইন্দিরার প্রতি) এ-সব কী বলছে?

ইन्দিরা হেসে বললে—ও একটা পাগলি। যা মুখে আসে তাই বলে।

অঞ্চ থামবে না : ও এই নিরানন্দ বিবাহজীবন চায়নি, সন্তান চায়নি, ভোমাকে
চায়নি।

—পাগলি! নির্মল আবার হো হো করে হেসে উঠলো: চায়নি ? ইন্দিরার শরীরের প্রতিটি রক্তকণা চায়। নারীর প্রেমে যদি কোনদিন কোনো মাহাছ্যা থাকে তবে সে মা হবে বলে, পুরুষের মনোহারিণী হবে বলে নয়।

ইন্দিরা সোজা হয়ে দাঁড়ালো। তার সর্বাঙ্গে কোথা থেকে সৌন্দর্থের চল নেমেছে।

কে তীক্ষ স্বরে বললে—তোমার এই সব কী হচ্ছে, অঞ্চ ? ভদ্র সমাজের সৌজন্তের
সীমা মেনে চলবে না, নাকি ?

ष्य পরিষার গলায় বললে—আর বেশি ভক্ত হয়ে কাছ নেই, ইন্দিরা। ঢের

হয়েছে। অন্তরে বাকে সভ্য ও সর্বস্থ বলে বীকার করেছ সামান্ত শরীরের ভরে ভাকে অমর্বাদা করে। শরীর তো ভোমার কাছে ছ্' মুঠো ছাই—এইবার জীবনে পরম স্থযোগ এসেছে — যা তুমি চাও না, তা তুমি নেবে না, না, কক্থনো নয়।

নির্মল হঠাৎ ইন্দিরাকে নিজের কাছে ধীরে টেনে আনলো, তার ঈষর্রমিত পিঠি নির্মলের কাঁধের কাছে এসে নির্জর পেলো। ইন্দিরার আলুলিত চুলের ওপর ধীরে একথানি হাত রেখে নির্মল বললে—কী তুমি চাও না, ইন্দু? আমাকে?— তারপর মান একটু হেসে অপ্রুর দিকে সন্থা দৃষ্টি ফেলে বললে—কী যে কে চায় না, বুঝে ওঠা বড় মুশকিল। চাই না বলে হাত সরিয়ে নিতে-নিতে যে-টুকু পেয়ে বসি সেও আমাদের সকল চাওয়ার অতীত হয়ে দেখা দেয়। হয়তো ইন্দু আমাকে কোনোদিন চায়নি, কিন্তু আজ ? ও-কথা মুখেও এনো না, অপ্রুন। কে কথন কী চায় কেউ বলতে পারে না।

স্থানীর এ-উত্তরটা বড় মোলায়েম হলো, ইন্দিরার তা মনঃপৃত হলো না। তার ইচ্ছা হচ্ছিল লোকিক বিনয়ের সীমা লঙ্খন করেই তিনি তীক্ষ বাক্যবাণে অঞ্জকে ক্ষতবিক্ষত করে দেন। তাই দে ক্ষতিপূরণ করলে: তোমার মতো সবার আর মৃগী-রোগ হয়নি, অঞ্চ। উচ্ছুঅলতাই জীবন নয়, দে একটা নিদারুণ কালিমা। এক কথায় দেই অসতীত।

অশ্রু বললে— প্রেমহীন দেহদানের চেয়ে সে মহং। আমাদের এমনি অন্ধ দৃষ্টি ব্ জীবনচাঞ্চল্যকে উচ্চুঙ্খলতা বলে আমরা তৃথি পাই। প্রেমের জন্ম প্রতীক্ষা করতে পারবো, কিন্তু পরীক্ষা করতে গেলেই যত গোল বাধে। ভূল করলে ইন্দিরা, আজকের এই ক্ষণস্থায়ী সন্ধ্যাকালটাই ভোমার জীবনের শেষ সত্য নয়। এই অলস কর্মবিমৃথ স্থামীসস্থোগকাতর জীবনই তোমার স্বর্গ ছিলো না, এর চেয়েও বিস্তৃত স্থর্গের তপস্থা করবে বলে বিধাতা ভোমাকে দেহ ভরে রূপ দিয়েছিলেন, বুক ভরে অভৃপ্তি।

- আর পেট ভরে ক্ষাঁ। নির্মল হেসে উঠলো এ অবাস্তর বিষয় নিয়ে তর্ক আর আমাকে পোষাবে না, অশ্রু। আমার দাকণ খিদে পেয়েছে। তুমিও একটু সাহায্য কর না ? আশা করি এখনো এত প্রাচীন হওনি যে পুরুষের সামনে খাবার জয়ে দাঁত বের করতে কুঠিত হবে।
  - -প্রাচীন ?
- নিশ্চরই। নইলে বিয়ে করে স্কুস্থ সংধত পরিমিত জীবন-যাপনের আদর্শ টাই: তো অতি-আধুনিক। তোমার ও-মতটা তো এ-শতাব্দীর প্রথম দশকের। কুড়ি বছর: আগেকার।

--- স্থামি ঐ পেঁপেটা খাৰো বটে, কিন্তু সেটা তোমার মতে সার দিচ্ছি বলে নর কিন্তু। তুমিও একটু নাও, ইন্দিরা।

পাওয়ার মধ্যে দিয়ে ঘরের আবহা ওয়াটা তরল হয়ে উঠলো।

বলা নেই কওয়া নেই নির্মল হঠাৎ এক টুকরো নাসপাতি ইন্দিরার মুখের কাছে তুলে ধরলো। জিনিসটা ইন্দিরার কাছে নতুন, একেবারে অপ্রত্যাশিত! এতগুলি দিন-রাত্তির শ্বতিপটে শ্বামীর এমন একটি ভঙ্গির রেখাপাত হয়নি কখনো। আরেকট্ হলে ঐ আঙুল হ'টি অধর দিয়ে ছুঁয়ে ইন্দিরা প্রথমস্পৃষ্টা কুমারীর মতো রোমাঞ্চিত হয়ে উঠতো হয়তো। স্বামা যেন তাঁর ঐ হ'টি আঙ্লে করে স্বর্গের সমস্ত ক্ষ্মা তুলে ধরেছেন!

নাসপাতির টুকরোটি ইন্দিরা শব্দ করে চিবোতে লাগলো। নির্মল বললে - তোমার পরীক্ষার জটিলতা প্রণিধান করতে পারি তেমন অণুবীক্ষণ আমার নেই। সে আমার ক্রটি হয়তো, মানলুম। কিন্তু কোনো পরীক্ষারই পরিণাম নেই, কোনোপ্রেমই সংসারে প্রামাণ্য নয়। মাঝের থেকে কপালে ঘটে অশেব তুর্গতি, নিত্য পদস্খলনের তুংসহ কলঙ্ক।

আশু মৃথ গোমরা করে বললে, – মামুষের অভিধানে শব্দের অপপ্রয়োগ ঘটে থাকে, নির্মলবার্। পরিণামের চেয়ে পরীক্ষা বড়ো, যেমন প্রাপ্তির চেয়ে অভৃপ্তি. সমাধানের চেয়ে অফ্ধাবন।

ইন্দিরাকে নির্মল আরো কাছে টেনে আনলো। তার স্বর গদ্গদ্ হয়ে উঠেছে: সন্ধান বৃঝি না, অশ্রু, বৃঝি সন্ধি; শ্রান্ত পরীক্ষার চেয়ে প্রতীক্ষাহীন শাস্তিই আমাদের বেশি কামনীয়। এই পরিপূর্ণ প্রগাঢ় বিশ্রামের মধ্যে কী যে প্রয়াসহীন বিরতির মাদকতা রয়েছে তা তৃমি বৃঝবে না। আমি বৃঝেছি বলেই কথাটা খুলে বলতে গিয়ে আরো ঘোরালো করে তুলনুম। নিয়ত সন্ধানের নিক্ষল অথৈর্যে স্নায়্মগুলীকে অকারণে উত্তেজিত করতে হয় না, অভৃপ্তির রিষবান্দে চিত্ত কলুষিত হয় না. নির্জল মেঘের মতো মন লঘু হয়ে উভ়তে থাকে। দম্পতির সংকীর্ণ শয়ার ত্ব' প্রাস্ক থেকে তৃ'টি বিপুল জগতের জন্ম হতে থাকে—এক ধরিত্রী, অন্য স্বর্গ। মধ্যে মাত্র আকাশের ব্যবধান। ধরিত্রী হচ্ছে পুরুষ—স্বর্গ নারী; আর আকাশ হচ্ছে ত্রের মধ্যেকার-বিস্তীর্ণ প্রেম।

ঠোট হুটো কুঁচকে অশ্র বললো—হাতি!

বলেই আচম্বিত দশ্ধ থেকে দ্রুতপদে বেরিয়ে গেল।

ঘরের সমস্ত শৃহ্যতা নিমেবের মধ্যে ইন্দিরাকে গ্রাস করলে। সে-নিস্তব্ধতা যেন কঠিন পাথর দিয়ে তৈরি। এর পর স্বামীর সক্তে বে সে কী ব্যবহার করবে, কী করলে বে এমন চমৎকার সন্ধাটার সঙ্গে একটা স্থরসঙ্গতি থাকে সে প্রথমে বুঝে উঠতে পারলো না। এতোখানি অবকাশ পেয়ে সে যেন একেবারে হাঁপিয়ে উঠলো। স্বামীর মুখের দিকে সে অত্যন্ত সংকৃচিত হয়ে একবার তাকালো—কিন্তু সে-মৃথ নিরেট স্থুল, উদাসীন। থানিক আগে বে-মৃথে সন্ধাার স্বিগ্নতা ছিলো, সহসা তা যেন তুপুরের রোদের মতো কক্ষ হয়ে উঠেছে। হঠাৎ তিনি যে কেন ইন্দিরার সান্নিধ্য বিশ্বত হয়ে টেবলের উপরকার একটা মোটা বই নিয়ে এত বাস্ত হয়ে উঠলেন বোঝা কঠিন। পেটের মধ্যে নাসপাতির টকরোটা এখনো হজম হয়নি।

মাথা তুলে নির্মল বললো—জানলাটা বন্ধ করে দাও দিকিন, ঠাণ্ডা আসছে। ভয়ে ভয়ে ইন্দিরা বললে—হাসমুহানার ঝাড় থেকে কেমন গন্ধ আসছিলো। একটু বিরক্ত হয়ে নির্মল বললে—গন্ধ ভঁকতে হলে বন্ধুকে বাইরে নিয়ে বেড়াও

গে।

এর পর হয়তো ইন্দিরা আর দাঁড়াতো না; কিন্তু নির্মল আবার ডাকলে:
দেখছ না ব্রাকেট থেকে আমার টাই-শুদ্ধ কলারটা পড়ে গিয়েছে; চোথে দেখতে

ইন্দিরা তলে রাখলো।

পাও না ? তুলে রাথ।

নির্মল ফের বললে—রাত্তে আমার স্থপটা তৈরি করে রেখো। আর শোন, রামদেবককে বলে কিছু চুরুট আনিয়ে দাও তো। সিগারেট আর থাবো না। দোকানটা যেন চিনে যায়। আর—হাাঁ, তোমার এই বন্ধুটি কবে এসেছে কেন এসেছে, কবে যাবে ?

ইন্দিরা তিক্তস্বরে বললে—বন্ধু তো সে তোমারো। জিজ্ঞাদা করলেই পারতে।

—পারতুম হয়তো। কিন্তু তোমাকে কিছু বলে নি ? একটা সাধারণ ব্যাখ্যাও তার নেই ?

<u>--- 패 1</u>

रेग्निया हरन याष्ट्रिला।

— আচ্ছা, তুমি তো ভায়েরি লেখ i আমাকে কিছু বলনি কেন ?

ইন্দিরা বললে—সাহিত্যে সব জিনিস যেমন লিখতে হয় না, তেমনি স্বামীকেও

ি কিন্তু ইঙ্গিতেই হচ্ছে আর্টের নিশানা। আমি সে ইঙ্গিত আজ পেলুম, ইন্দ্। আবার ইন্দু! ইন্দিরা কুঞ্জিত হয়ে ডথোল: কিসের ?

—ভূমি আমাকে চাও না, ভালোবাস না।

চোধ, মুখভাব, দেহের সমস্ত অটল ভক্তি দিয়ে ইন্দির। ছির কঠে বললে—মিধ্যা কথা।

অভিমানের স্থরে নির্মল বললে - আর এখন ডায়েরি লেখার প্রয়োজন নেই কি
না, তাই ঠিক আজকের দিনটিতেই বে আমাদের বিবাহিত জীবনের একটি বৎসর
পূর্ব হলো তা তৃমি স্বচ্ছন্দে ভূলে আছ। অথচ, আজকের দিনটি যাতে না হারাই
তারি জন্তে আমি লাক্ষে থেকে সাত-তাড়াতাড়ি ছুটে এসেছি।

—তাই নাকি ? ক্যালেগুারটার দিকে চেয়ে দেখলো—সত্যিই তো। আজকের তারিখ। ইন্দিরা এতাক্ষণ এই কথাটিই ভূলে ছিল কি করে ? সে হয়তো তক্ষ্ণি স্বামীর কঠলয় হয়ে সজ্ঞানে চ্মনভিক্ষা কয়তো, কিন্তু নির্মলের মূখ আবার নিরেট স্মূল হয়ে উঠেছে। ইন্দিরা এক মূহুর্ভ স্তব্ধ হয়ে দাঁড়িয়ে রইলো। কী কয়বে ভেবে পেল না।

ইন্দিরা তবু আশা হারায়নি। আজ যে তাদের বিবাহের বার্ষিকী, এ-সংবাদটি স্বামী মনে রেথে ইন্দিরাকে আকাশে তুলে দিয়েছেন। অথচ এই স্বামীর প্রতিই বিমুখ ও বিদ্রোহী হবার জন্মে অশ্রুর দিক থেকে তার ওপর এমন জ্বোর তাগিদ এসেছিলো। ইন্দিরা যে তার তর্জনীটা উদ্ধত করেনি সে তার স্বী-জীবনের পরম সোভাগ্য। সে এতোদিনে বাঁচলো বোধ হয়।

ইন্ ! নামকে সংক্ষিপ্ত ও হ্রন্থ-উকারাস্ত করার মধুর আটটা বাঙালী রচনা করেছে ভালোবাসতে গিয়ে। যেন ঐ হ্রন্থতার আড়ালটুকুতে একটা অসীম ইশারা—বেন সবটুকু বলা হলো না বলেই যা বলবার তার চেয়ে চের বেশি বৃঝিয়ে দিলে; ঠিক কবিতার অর্থের মতো। শব্দে নেই, ছন্দে নেই, ভাববিদ্যাসে নেই, ভাষা-প্রসাধনে নেই—কোথায় বে আছে ধরা কঠিন, কিন্তু আছে যে, সেটা জলের মতো সোজা। যার নাম সভিয়-সতিয়ই ইন্দিরা—কাকারা যাকে ইন্দ্রি বলভেন—তাকে ইন্দু বলে ভাকার মাধ্ব যে অক্ষরসন্ধিবেশে নয়, উচ্চারণভঙ্গিতে নয়, তা বেশ বোঝা যায়; কিন্তু ঐ ছোট ভাকটিতে ভীক বৃক বে বসরোমাঞ্চে শীতল হয়ে আসে তারো মভোসভ্য আর নেই কিছু।

বিষের পর এক বছর পূর্ণ হলো বটে—কিন্ত স্থামী তাকে সম্বোধনে ক্লপণতা করতে দিয়ে কোনোদিন এমন স্বন্ধত হয়ে ওঠেন নি। এ বদি জনসাধারণের নেপথ্যে কামকেলির নিভ্ত বন্ধকে উচ্চারিত হতো ভাহলে ইন্দিরা তাকে আমোল দিভো না;-কিন্ত এ আর উচ্চারণ নয়, বোষণা। নির্কন নিরালায় নয়—ভৃতীয় ব্যক্তির সমূথে—এই ভৃতীয় ব্যক্তিটিই প্রেমিক-প্রেমিকার নিক্য-পাধর। এ ভৃতীয় ব্যক্তির মধ্যস্থতায়ই এর

বিচার, এর মৃল্যধারণ—এ তৃতীয় ব্যক্তিই সমাজ, সংস্কার, মনস্তত্ব। এ আর কেউ নয়
—য়য় :অশ্র, যার কাছে বিবাহ অর্থ শুধু বি-পূর্বক বহু-ধাতৃ ঘঞ্ছ; সমাজ অর্থ
জীবনীশক্তির শ্রশান-ভন্ম। ভালোই হলো—অশ্রহই মুখের উপর সে বলে আসতে
পেরেছে—শামীই তার জীবন-সঙ্গীবনী; সে যে আজো বিধবা নয় এই তার ত্রিলোকপতিত্বের চেয়ে বড়ো সোভাগ্য। আজ ঐ সামাশ্র একটি সম্বোধনের বাতায়ন দিয়ে
বছবিত্ত আকাশের মৃক্তি তাকে ঘিরেছে। সে শামীর জন্মেই দেহধারণ করেছিলো,
এ জ্ঞান তার নশ্বর দেহটাকে উষার হাতের অর্থ-বীণা করে তুললো। স্বামীর পূজায়
এ-দেহকে সে ধূপের মতো দয়্ম করবে—এর চেয়ে সার্থকতাময় আত্মসমর্পণের গরিমা
মেয়ে হয়ে সে ভাবতে পারে না। স্বামীই তার দেহ, তার দেশ, তার দেবতা।

তুমি বিজ্ঞপ করছ, রমাণতি। কিছু যে-প্রেমে বন্ধন নেই, সন্তান-জননের প্রয়োজন নেই, নব জীবনের মাঝে নিজেকে সম্প্রদারণ নেই, সে-প্রেম মদ থাবার কাচের বাসন মাত্র। মদ ফুরোলে বাসন যায় ভেঙে। ক্ষ্ণার্ত সময়ের একটি মাত্র স্থার্থ তিয়ের কেন্দ্র গুলিই চূম্কে তোমার সে-মদ ফুরিয়ে গেছে। মদে আছে মন্ততা, স্থায় আছে স্থাদ! মদে আছে রোগ, স্থায় আছে কচি। তোমার সে-আদর্শ হাটে বিকোত না বলেই মর্চে পড়ে অব্যবহৃত অবস্থায় কয় হয়ে যেত রমাপতি, তাকে বাঁচিয়ে রাখতে গিয়ে তুমি হতে অস্থ্য, আমি হতুম কুৎসিত। সে আর তপত্যা না হয়ে হতো থালি তাপ ——আলোক থাকতো না বলে তৃপ্তিও থাকতো না। স্থর কেটে গেলে রেশ থাকতো না; খাস ফেলতুম বটে, কিছু আখাস কই!

তার চেয়ে ইন্দিরা এখন স্বামীর জন্তে সমত্তে বিছানা পাতৃক। অপ্র পোড়ারমৃখিটা বেজায় বেড়েছে - নিতান্ত বেহারা বলেই না তার স্বামীর কাছে এমন একটা
থেলো নাটুকেপনা করতে সাহস পেলো। ওর কপালে আছে গভীর হুংখ। ব্যবসা
করতে বসে বে ছিনিমিনি থেলে তাকে হতেই হবে দেউলে। ধারে মাল বিকোয় না।
মূলধন উড়িয়ে যে জুয়া থেলতে বসে তার মূল্যও সে উড়িয়ে দেয়। কিছু একদিন ও
ঘা খাবে, একদিন ও শাস্ক হবে, একদিন ওর সোনার স্বপ্ন প্রথম প্রেমের মোহের
মতোই বাল্প হয়ে মিলিয়ে যাবে দেখো। সেই দিনটি পর্যন্ত ইন্দিরা যেন বাচে।

ত্'মিনিটে ইন্দিরা স্থামীর বিছানা ও নিজের মন গুছিয়ে নিলো। প্রথম জীবনে জালোবাসার সে বে-স্থাদ পেয়েছিলো সে গুধু স্থামী-প্রেম চাথবার একটা আপাত-পরীকা মাত্র। আজ মনে হলো রমাপতি গৌণ, নির্মল গৌণ বড় তার স্থামী; যে তাকে বিধি অনুসারে সম্ভানের জননী হতে দেবে যার অন্ধ্রপ্রাশনে পাড়ার পাঁচজনকে ভাকলে তাঁরা পাত পাড়তে কুঞ্জিত হবেন না। দর্পণে ইন্দিরা আবার নিজের ছায়া দেখলো—প্রথম বৌবনে রমাপতির সংসর্গে এসেও সে এতো বড়ো স্ভাবনার স্থপ্ন

দেখেনি। সে ভাবী মা, পরাধীন ভারতবর্ষের আসর স্বাধীনতা, ঋষিকঠের আদিম স্থাক্তি। তার পীবর বুক, স্থুল উদর, ভাবাকুল চোখ, ভার-মন্থর দেহ—সব কিছুই ভার চোখে নবীনতর আবিষ্ঠাব!

চাকরকে ভেকে অশ্রের থাবার তার ঘরে পৌছে দিতে বলে ইন্দিরা বই নিরে পাড়তে বসলো। বইয়ে মন দেয় কার সাধ্য। কিছু আছে আর বাইয়ে পাইচারি করবার মানে হয় না। সে আজকের রাতের পেয়ালায় চুম্ক দিয়ে সমস্তগুলি মূহুর্তের তলানি পর্বন্ধ পান করবে। রমাপতির ঘে-দিন বাইয়ে থেকে এসে ইন্দিরার বছ জানলায় টোকা দেবার কথা, সে-দিনো সে এমন স্তব্ধ হয়ে প্রতীক্ষা করেনি। আছ না আছে সংশয়, না বা সমস্তা। আজকের প্রতীক্ষার ফলটা অবশ্রন্ধারী জানা সম্বেও কেন জানি রহস্তময়। প্রথম রাত্তির বধ্র মতো একটি রোমাঞ্চময় আশহামভূতি, একটি স্থাস্থনিবিড় তন্তাচ্ছয়তা। অথচ কতো সহজ্ব। নিশাস ফেলবার মতো আনায়াস।

স্থামী হাত-মৃথ ধুচ্ছেন – এইবার শুন্তে আসবেন। স্থামীর এই শুন্তে আসাটা ইন্দিরার মনে হতো একটা নির্মম দস্থাতা, পরস্থাপহরণের ছণ্মবেশ। কিন্তু আজ মনে হলো মালিনার কুঞ্জে মালাকার আসছে - বরবেশে চোর। শ্যা বৃপ্কান্ত নয়, স্থুখতীর্থ ! ইন্দিরার দেহ বলি নয়, নৈবেগু।

ইন্দিরা ব্বেছে—কেন তার এই স্বাভাবিকতা, এই দৃঢ় সংযত স্কৃতা। তার স্বামীর তুলনায় দে কত ছোট, কত নীচে পড়ে। দেই বরং এতদিন নিজের ইচ্ছাকে দ্বমন করে রেখে নিজেকে মিথো করে উপক্রতা ভেবেছে; স্বামীর কর্তব্যে দে তার নিজের কামনা-মাধুর্ঘকে সঞ্চারিত করেনি বলে অপরাধী দে নিজেই। তার ইচ্ছা এতো দিন সীতার মতো নির্বাদিত ছিলো—রমাপতির আদেশে। অহুরোধ নয়, আদেশে। জার জন্তে তার স্বামী দায়ী নয়। ওম্ব রোচক না হলেই রেচক নয় প্রমাণিত হয় না। ক্রে মুর্থ, হীন, একচক্—সম্পূর্ণ অন্ধ হওয়ার চাইতেও তা immoral। তার স্বামী বীর, তপন্থী—তুর্বোধন তার উপযুক্ত বিশেষণ।

সভ্যি কথা বলতে কি, নির্মল যে অঞ্জ-তে গলে পড়েনি, আজো তাকে
মুঠোর মধ্যে নিয়ে বাম্পাকারে উড়িয়ে দিলো — স্বামী-পূজার প্রথম পাঠ পেলো সে
এই উদাহরণে। স্বামী তাকে নিয়ে দীর্ঘ ত্রিপদীতে কাব্য না করুন, স্ত্রীর প্রতি
অমর্যাদার স্থণায়ই যে তিনি পরনারীর প্রেমকে সদর্পে লাভ্নিত করেছেন এ-গর্ব
ইন্দ্রাণীরো ছিলো না। তথ্ প্রত্যোখ্যান বা লাভ্নাই নয়, উন্টে স্ত্রীর প্রতি সহজ্ব
কর্তব্যবোধ তার সম্পর্ককে এমন বড়ো বলে স্বীকার করা ভীমের প্রতিজ্ঞার মতোই
মহিমাব্যক্তক অথচ তার মতো ভাবপ্রবণ নয়। বির বৃদ্ধি দিয়ে প্রণোদিত, সহজ্ব

আত্মীরতার দায়িছে দৃঢ়ীভূত দে-বিশ্বাস। অশ্রুর মূথ কালো হয়ে গেছে—নির্মল তার তারা। হোক দ্ব তবু অবিচল, হোক কীণপ্রভ তবু চিম্বায়ী। নির্মল ভোগী কালিদাদের প্রবাসী নায়ক—যে বিরহ বোধ করে অন্তঃপুরচারিণী প্রিয়তমান্ত্রী-র জন্ত, যে তার পরিণীতা, প্র-ণীতা নয়।

নির্মল ঘরে ঢুকলো। অবাক—সমস্ত ঘরটি পরিপাটি ফিটফাট। তার দৃষ্টি সচরাচর এতো ক্ষম নয়—তব্ ঘরটিকে ঘিরে যে একটি শুচি-শ্মিতি রয়েছে তা তাকে আরুষ্ট করলো। কিন্তু স্ত্রীর সঙ্গে অথথা বাক্যব্যয় করা তার অভ্যাস নয়। দীর্ঘদিনের শাস্তির পর যে এখন ঘুমূবে। ইন্দিরা রাত্রে খায়নি—আশা করেছিলো স্বামী একবার জিজ্ঞাসা করবেন: খেয়েছ ? ও বলবে, না। তারপর উনি কি বলেন তাই শোনবার জন্তে ও কান পেতে থাকবে।

কিন্তু কান পেতে ইন্দিরা শুনতে পেলো স্বামী ইতিমধ্যেই ঠোঁট ঘুটো সামাস্ত্র একটু ফাঁক করে গাঢ়স্বরে নাক ভাকাচ্ছেন। স্বামী যে শুতে এসে নাক ভাকান এ মর্মান্তিক সত্য কথাটাই সে এতক্ষণ ভূলে ছিলো। সংক্ষিপ্ত করে ইন্দু বলে ভাকার রস এই শাদুল-বিক্রীভিত ছন্দের ঘায়ে মিলিয়ে যায়-যায়। কিন্তু,—এ কী ছেলেমানষি। ইন্দিরা নিজের মনেই হাসলো।

কিন্তু আজকের রাতটি যদি সে এমনি করে হারিয়ে যেতে দেয়, তাহলে তার দাবী থাকে কী ? এমন রাত কি যথন তথন আসে। এতোগুলি দিনরাত্রি নিম্ফল প্রেমের পদরা বয়ে তবে এমন একটি স্থপদ্যত্ব শাস্তিময় রাত্রির সন্ধান মেলে। মক্ষভূমিতে কতো চোথের জল ফেলে তবে এমন মরন্তান চোথে পড়ে। লাভটাই তোবড়ো নয়, বড়ো হচ্ছে উপলব্ধি। তাই ইন্দিরা আজ স্বেচ্ছায় স্বামীর কণ্ঠলয় হবে।

ইন্দিরা বইটা মুড়ে রেথে ধীরে স্বামীর বিছানার ধারে এসে বসলো। স্বাকাশে বৃথি সামান্ত মেঘ করেছে—হাস্থহানার ঝাড়টা গজে গদ্গদ। সমস্ত পৃথিবীমর একটি বচনহীন স্তব্ধ নিরাকুলতা। ইন্দিরা ধীরে নির্মলের চুলগুলিতে হাত বুলুজে লাগলো।

নির্মলের পাতলা ঘূম—জেগে উঠলো। অস্বাভাবিক হয়তো, বা শ্রী-হীন ! বললে —স্মূতে যাওনি বে।

ইন্দিরা বললে,—এমনি। ছুম আদে না। তুমি ছুমোও, আমি চুপ করে এমনি বদে থাকি।

নির্মলের থব কটু: না। পাশে বসে থাকলে আমার থুম হয় না। সমস্কটা দিন-ক্রেনের থকলে বারপরনাই নাকাল হতে হয়েছে।

ইন্দিরা তবু ওঠে না; পা ছটি হুমদে বিছানার ওপর উঠে বলে।

নির্মন বিরক্ত হয়ে বললে: এ কি ? ভোমার থাটে গিয়ে লোও গো বেশি রাভ জাগলে শরীর থারাণ হবে যে।

रेक्किया चारवा अकट्टे मरव अरम वनाम- राव ना।

—হবে না মানে ? না, বাও। বুম না আসে, টেবলে বলে ভায়রি লেখু গে বাও। আমার থেকে ভোমার বতো-কিছু ক্ষতি হয়েছে সে-সব ছঃখ ভোমার রমাপতির কাছে নিবেদন কর গে। বলে নির্মল পাশ ফিরলো।

ইন্দিরা আবার ভূল করলে। উচিত ছিলো অভিনয় করা, কেননা তাকে গভীর করে অঞ্চল করে তার সত্যাবিদ্ধার করবে ইন্দিরার পক্ষে এতটা ইতিহাস নির্মলের সংসারে জমে ওঠেনি। তাই তার উচিত ছিলো উচ্ছাসের বশবর্তিনী হয়ে স্বামীকে জাছ করা; প্রণামে চুম্বনে মিনতিতে শপথে মিথ্যাবাদিতায় প্রতিবাদে একেবারে একটা মেলোড্রামার মহলা দেওয়া। সে তা না করে বরং স্বামীর গা ঘেরে আরো একটু সরে এলো মাত্র। কিন্তু নির্মল সহসা স্ত্রীর স্পর্শ থেকে সংকুচিত হয়ে বললে— যাও, বাও, এথানে নয়—

নির্মল উঠে বসলো। রাগে ইন্দিরার নিচের ঠোঁটটি বৃষ্টি-লাগা ফুলের পাপড়ির মতো ফুলে ফুলে উঠছে। তবু বললে—তুমি অশ্রের কথা সব বিশাস কর নাকি ?

নির্মল রূপে উঠলো: আমি কারু কথায় কিছু বিশাস করে বাজ করি না। বেমন অঞ্চ তেমনি তার বন্ধু। ছু'টিই এক-গোয়ালের। বাও, আমাকে আর বিরক্ত করে না।

ইন্দিরা তবু ওঠে না। মৃত্যুরে বললে – যথন কিছু শুনলে-ই তথন স্বটাই শোনো। পথের বিচার না করে প্রাপ্তির বিচার করলে তোমাকে বুদ্ধিমান বলবো।

— তোমার কাছ থেকে বৃদ্ধিমন্তার সার্টিফিকেট নেবার জন্মে আমি রাত জাগতে চাই না। দয়া করে তোমার স্পর্শ থেকে আমাকে মৃক্তি দাও, রক্ষা কর।

ইন্দিরা এক সেকেণ্ড স্তব্ধ হয়ে রইলো। তবু বলতে হলো: আমার স্পর্ণ কি এডই অন্তচি ?

- —নিশ্চয়। তুমি বিবাহিত হয়েও অস্তাকাজ্জিনী। সামাজিক সামগ্রহে তুমি একটা উৎপাত।
  - —মিখ্যা কথা। ইন্দিরা খাট ছেড়ে মেঝের ওপর দাঁড়িয়ে পড়লো।
  - —ভবে নিরে এস ভোষার ভারবি। বে-নারী দেহ ও মন ভাগাভাগি করে ব্যবসা অভিযা/২/১৯

করে, তাকেও বিচারিণী বলেই আমি শ্বণা করি। বাকে মন দিলে তাকেই বধন দেহ দাওনি, তখন বাকে দেহ দিলে তাকেও মন দিলে না কেন ? '

ইন্দিরা বললে তুমি আমার মন চেয়েছিলে ?

- —মন আমি চাইনি, কেননা ওটা আমার পাওনা; দেহের মডোই আমার ক্রীন্ড সম্পত্তি।
  - --- মিথ্যা কথা।
- —হোক মিথ্যা কথা। দয়া করে এখন আলোটা নিভিয়ে ভয়ে পড়। আমাকে ঘুমুতে দাও, কালকে আবার আমার বেরুতে হবে।
- —কিন্তু ভায়রিটা পড়-ই না। পূর্ব ইতিহাস থালি আমারই নয়, তোমারো ছিলো। তৃমি যেমন তাকে অতিক্রম করেছ, আমিও তেমনি তাকে পথ চলতে ধ্ইয়ে এসেছি। অতীতের প্রতি ষেটুকু আমার অস্পষ্ট মোহ আছে সেটা তথ্ আমার কাব্যামুভূতির প্রবলতা মাত্র। তোমার মন পাইনি বলেই অতীতকে নৃতনতর করে হাষ্টি করে আমার মনের ক্ষা মেটাতে হয়েছে—
- —রক্ষা কর, মনস্তত্ত্বের আমাস্থবিক বিছে আমার নেই। কিছু তুমি আমাকে সন্তিয়ই স্বীকার কর ?
  - —খীকার না করে উপায় কি ? সেই খীকারের চিহ্ন আমার সর্বাঙ্গে।
  - —স্বীকারই কর, ভালো তো আর বাসো না ?
  - —তুমি বালো ?

নির্মণ স্পষ্টস্বরে বললে—না। আমাদের যাত্রাটা সমানতালে শুরু হয়নি। আমি বিয়ে করেছি বিয়েকেই বড়ো করে প্রতিষ্ঠিত করতে, তুমি বিয়ে করেছ সংসার-সংগ্রামে হেরে গিয়ে। আমার কাছে বিয়ে সংস্কার, তোমার কাছে সংহার। এ-যাত্রার আবার ত্রাহস্পর্শ আছে—সন্তান। এথেনে থালি স্বীকার-শপথেরই কথা ওঠে—ভালোবাসা বলে একটা ভূতও এথানে ছায়া ফেলে না।

ইন্দিরার স্বর গাঢ় : তবে ?

—তবে ! মীমাংসা, একটা সোজা সিদ্ধান্ত চাই। আমরা পরস্পরের প্রয়োজন-সাধক—দেহপ্রসাধন। সেই পরিচয়েই আমাদের সন্তিয়কারের আত্মীয়তা। কই, তোমার ডায়রি দেখি ? বলে নির্মল উঠে আলমারি খুলে একটা মোটা খাতা বার করে স্থোল: এটা ?

ক্ষেক পৃষ্ঠা উলটে বেতেই বুঝতে তার আর দেরি হলো না। ছ'হাত দিরে খাতাটাকে টুকরো টুকরো করে ছিঁড়ে কেলতে লাগলো।

ইন্দিরাকে যেন কে চাবুক মারলে। আর্ডস্বরে চেঁচিরে উঠলো: এ-কী!

—নির্দক্ষতারো একটা সীমা থাকতে হয়। বলে থাতার হেঁড়া টুকরোগুলো নির্মল জানলা দিয়ে ছুঁড়ে দিতে লাগলো।

ইন্দিরা আর টুঁ-টি করলো না। ধীরে নিজের থাটে গিয়ে বসলো। তবু একবার বলতে ইচ্ছা হলো হয়তো: থাতা ছিঁড়ে ফেললেই মনটাকে মুছে ফেলা বায় না। কিছ বলে লাভ নাই। স্বামীর সঙ্গে মীমাংসা একটা করতেই হবে। দেইটেই ভার সাধনা। লাগুক দীর্ঘ দিন, দে প্রতীক্ষা করে থাকবে।

নির্মণ বললো—অপ্রতে বলো সে যেন শিগ্ গিরই এখান থেকে সরে পড়ে। তার সংসর্গ অস্তঃপুরের শুচিতার পক্ষে অমুকুল নয়।

रेग्निया वनाना--वनाया।

— আর রমাপতিকে বলো সে মরেছে।

ইন্দিরা অল্প একটু হেসে বললো —বহুকাল। সে এমন মরেছে বে, ভার একটি কণাও সমস্ত পৃথিবীর ধূলো ঘেঁটে খুঁজে পাওয়া যাবে না।

নির্মল সরে এসে বললো – মনে রেথো তুমি আমার স্ত্রী, আমার সন্তানের জননী, আমার অধিকতা, বশস্থা।

ইন্দিরা দীর্ঘাকুল চক্ষু মেলে বললে—সেই সতাই আমি লাভ করেছিলুম আছ। সেই সতাই আমার সীমস্তের সিন্দুরের মতো আমার জীবনে উজ্জল হোক। বলে ইন্দিরা ত্ব-হাতে নির্মলের ভান হাতটা চেপে ধরলো

পালা হলো নাত। প্রাদীপও নিভলো। আবার নির্মলের নাকভাকা শুরু হয়েছে।
ইন্দিরাও শুলো। থানিকক্ষণ ঘুম এলো না বটে। আর আর করে মেঘ ভাকছে।
দ্বে কোন গাছের পাতার পাতলা একটু হাওয়ার কারা। জানলার বাইরে
জমাট আন্ধকার। গলা পর্যস্ত চাদরটা টেনে নিয়ে ইন্দিরা বাঁ-কাং হয়ে ঘ্মিরে
প্রভলো।

তার মন হালকা হয়ে গেছে—আজকের এই রাতেটা পুইন্নে গেলেই সে বাঁচে। ডায়রিটা নেই, অঞ্চকে কাল সে চলে বেতে বলবে—হাঁ। বলবেই তে!— তারপর সে, তার স্বামী—আর তার সোনার ভবিশ্বৎ। হাঁা, সে বাঁচবে বৈ কি

এক ঘুম পরে অশ্রু জেগে দেখলো বৃষ্টি হচ্ছে। দেশলাইটা জেলে 'শররে টাইম্-পিস্-এ দেখলো গাঁচটা বাজে—বৃষ্টি বলে আলো ফুটছে না। আর ঘুমোর না। জানলাগুলো মেলে দিয়ে সে চেয়ারে পিঠ রেখে পা ছড়িয়ে দিলো। তার মাধায় কি-বেন একটা ভাবনা ঢুকেছে। কিছু কোনো ভাবনাই অশ্রু তলিয়ে দেখতে শেখেনি। তবু মনে কে যেন তাকে একটা নাড়া দিয়েছে। সে কি প্রভাতকে

সভিাই এত ভালোবাসে বে তাকে না পেলে ভাঙ-খোর শিবের মতো সমস্ত ভূবন চবে ফিরবে ? সভিয় কথা বলতে কি, এ পাওয়া-শব্দটা নিয়েই অঞ্চর যভো ভর্ক, ষভো গরমিল। নিয়ম-কাহন দিয়ে আষ্টেপুঠে বেঁধে বে-পাওয়া লে ভো একটা निकारीय পাওয়া—यमन চिড़ियांथानाय वाप, करम्रकथानाय करमि । পাওয়ার বেশায় বলি দায়ের কথা ওঠে, তবে বিদায়, বন্ধু, বিদায় ! পাওয়ার মধ্যে চাই মৃক্তি, ফিরে-পাওরার সম্ভাবনা। সে-অর্থে নির্মলকেও অঞ হারায়নি। দেহ দিয়ে পাওয়াটাই বদি বড়ো, তবে গরম জলে এঁটো মুথ কুলকুচো করে থেয়ে ফেলাও: স্বাস্থা। এই পাওয়াটাকে কামেমি করতে গিয়েই বিয়ে হয়েছে ব্যাধি, আইন নিম্নে আয়ান ঘোষই ফুঁসতে থাকেন, রাই আর কানাই গেছে নিধুবনে। দেহ দিরে পাওয়ার কথাই যদি ধরো, তবে দেহের স্বাস্থ্যটাও বিচার কোরো। রাত কতটা জাগলে বদহজম হবে, ক'সিঁড়ি ভাঙলে হার্টে ধরবে কাঁপুনি, হিমে কভক্ষণ (थाना शास्त्र थाकरन रूप्त श्रुतिनि, जास्त्रत्र क्रिक तथरक क'ि मस्त्रान रूप्त কামনীয়। প্রভাত বে-হাত হলেই ভেউ-ভেউ করে কেঁদে-ককিয়ে কোনো খুর্গ नाष्ठ रत नाकि ? देवथवाणेष्टे नावी-श्रीवतनव कोश्वचमि । विथवा रायाह्य वान भाषीतिक टाकिया जात किछूरे वाह পড়ে না, वर्षाৎ विश्वला जात चग्नरः नाथा। সম্ভানের স্বস্থ ও স্বাভাবিক কামনাটাই তার পক্ষে কলুষ। এমন দিনো ছিলো যথন মেয়ের বিয়ে না দাও, সমাজ উঠবে নাক সিঁটকে; বিধবা বানাও, সমাজের মুখ বন্ধ। অব্দ্র আব্দ্র থালি প্রভাতের বাড়ির রোয়াকটুকুতেই নয়, সেটুকু কেব্রু করে সমস্ত বস্তব্দা। সে-আশ্রয় থেকে সে যদি বঞ্চিত হয়, তবে, তাই বলে নিজেকেও সে ৰঞ্চিত করবে না। তার মন তথনো পিয়াসী, দেহ উন্মুখ্। সে স্থপ্তি চায় বটে, किष चश्र ठांग्र ना।

গভীরতাই ফ্রদমের সব কথা নয়; তার চাই বিস্তৃতি, তার চাই ব্যাপকতা। সমূদ্র গভীর বলেই স্থাপর নয়, প্রসারিত বলে। আকাশ মহনীয় তার নিরুত্তর রহস্তময়তায় নয়, তার অনম্ভ অবকাশে! মরুভূমি•তো প্রকৃতির নিরানন্দ বৈরাগ্যের ছবি, কিন্তু একটি শক্তঋত ভূমিণও তার চেয়ে বেশি স্থাপর। সৌন্দর্য্যের অর্থ যদি কিছু থাকে তবে তার প্রয়োজনেই। কবির কাছে তা গ্রাহ্ম না হোক, কিন্তু ভালোবেসে সংসারি করা আর কবিত্ব করা এক কথা নয়।

প্রেমের মূল্য বিরহে নয় বিহারে, বৈরাগ্যে নয় রাগের ছ'রকম অথে—রঙ্ আর শ্রীভি। তবে থালি প্রেমে থালি-পেট ভরে না বলেই একটু হিসেব চাই— সেইটেকেই বিদ বড়ো করে বলি, নীতিশামে তার অভিন্ততি চলবে। সেইটেই সংখ্য। কিছ নীতিশামের দিক থেকে নয়, দেহতাম্বের দিক থেকেই তার কীর্তন হওয়া উচিত। কেননা সংব্যেই থাকে সভোগের খাদ, জীবনের ছন্দোবকতা। দেহ বাদের কাছে জ্বাল, প্রেম ও প্রমায়্ও তাদের কাছে মৃল্যহীন। কিন্তু জ্বালর কাছে দেহ হচ্ছে তীর্থ, গিরিখলিতা তটিনীর মতো তার চঞ্চল রূপপ্রবাহ—তাই তার চাই জ্বপরিষেদ্ধ প্রেম, চাই তার জনবসারী আয়ু। এবং এর জন্তেই সংব্য শুধু সৌখিন বিলাস নর, ব্যায়ায—তাতে ক্ষ্ধায় আসে থার, দেহে আসে আতা।

ত্'মিনিটে অঞ্চ মন ঠিক করে নিলো। নির্মলের সঙ্গে দেখা করে তার লাভ হলো
এই, লাহোরের দিকে আর এগোনো গেল না। তাকে আবার ফিরতে হবে।
কলকাতারই, ফিরতি-মেল্-এ। প্রভাতের কিছু একটা হয়েছে। আজকে বদি তার
কোনো চিঠি বা টেলি না আসে, তবে ব্রুতে হবে বেরোবার আগে তার পাঁজি দেখা
উচিত ছিলো। আর এখেনে বদে-বদে জিরোবারই বা কী আছে আর ? ইন্দিরাকে
তো সে এক ধাকা মেরে সীতা-সাবিত্রীর বেঞ্চিতে তুলে দিয়েছে! এ তার একটা
কীর্তি নর। সে না হলে ইন্দিরা একা মই বেয়ে অর্গে উঠতে পারতো না; ঘাভে
পড়ে না যায় সেই জত্যে তলায় থেকে তার ভার রকা করতো কে ?

'স্বামী তার কোনো ক্ষতিই করে নি।' অষ্ট্রানের আড়মরে নির্চা তেকেছে, সম্ভানকে অদূরবর্তী রেথে কাব্যাহ্ররাগের মূথে দিয়েছে ছাই, দেহনীণাকে করেছে তাঙা কুলো। নিজের ক্ষত ভূললো বলেই হয়তো সে ক্ষতি ভূলেছে। ইন্দিরা বাঁচলো। জীবনের বাকি ক'টা দিন ছেলের জন্তে কাঁথা সেলাই করে ও ধোবার হিসেব ঠিক মতো রেথে যেতে পারলেই সে উৎরে গেল। তার মরার পর নির্মল মদি একটা ইন্দিরা-নারী-মঙ্গল-সমিতি থাড়া করে চাঁদার থাতা নিয়ে বার হয় তথন ইন্দিরার জীবনী নিয়ে স্থাতিবচনের আর অন্ত থাকবে না, নির্মলের কীর্তিটাও হবে তাজ্মহলের সঙ্গে তুলনীয়!

চা निष्म চাকর এলো না, এলো ইন্দিরা নিজে।

কথা পাড়া মৃশকিল। তবু বলতে হলো অশ্রম: তোমার চাকরকে একবার পোস্টাফিলে পাঠাবো, একটা তার করবে। প্রভাতের থবর না পেয়ে ভারি চিন্তা হচ্ছে। যতদিন লোকটা আছে হাতের পাঁচও তারই প্রাপ্য। কি বল ?

ইন্দিরা বললে— ভেকে দিচ্ছি। কিন্তু আটটার আগে ভাক-ঘর খোলে না।
চায়ে চুমূক দিয়ে অঞা বললে—ভারপর ? চোখে ভার দুষ্টু হাসি: রাত্রে বেশ
খুম হলো ?

ইন্দিরাও হেদে বললে—আমার অনিজা বলে কোনো উপত্রৰ নেই। আমি না কবি না বা প্রেমিনী।

—কিন্ত প্রেতিনীদের রাজে যুম আসে না, বেষন আমি।

চট করে আর কি বলা বার তাই ভাবছিলো। হঠাৎ বেন ত্'রের মার্কথানে একটা ব্যবধান নেমেছে। ইন্দিরার বিশ্বাস অপ্রকৃত ওকে আরেকটু হলে পথে বসিয়েছিলো, অপ্রক বিশ্বাস তার অভটুকুন এগোতেই ইন্দিরা এ-জন্মের মতো পেলো বেহাই। ভূমিকম্পে বাড়ি বথন পড়লো না, তথন দেয়ালে বে-টুকু সামাল্য চিড় ধরেছে তা মেরামত করে নিতে সময় লাগবে না। এ-বাড়িতে ইন্দিরার কুলুবে ঠিক।

টোস্ট চিবোতে চিবোতে অঞ একটা বইয়ে হঠাৎ মনোনিবেশ করলে।

ইন্দিরা বললে—ষাই। তুমি পড়। উনি সকালে আবার কোণায় বেরোবেন, ওর জন্মে থাবার তৈরি করি গে।

শেষের কথাটা ইন্দিরা অমন জাের করে না বলে গেলেও পারতা। কারু জ্ঞে সকালে উঠে থাবার তৈরি করাটা বেবিল্ন-এর শৃল্যোভানের মতাে তেমন কিছু নয়। ছটা করে বলতে হয় বলাে, স্বামীকে না ভালােবেসেও প্জাে করলাম। পুষি-দিদিও তার স্বামীর জ্ঞান্তে এমন-সব তপশ্চারণ করে যে, সতীা্ত্রের গুণগ্রাম তাতে বেড়ে গেছে। তার সঙ্গে দশটা ইন্দিরা কুড়ি হাতে পেরে উঠবে না। কিন্তু পুষি-দি পুষি-দি, ইন্দিরা ইন্দিরা। এইটুকুনই তফাং। পুষি-দির মনে স্বামীত্রের সমসাে নেই, তাই তার কাছে ওর আত্মদান আত্মহতাা নয়। ইন্দিরা তার ঢের পেছনে। আঁচলে আগুন চাপা দিয়ে সে তার মােমের ঘর সামলে চলেছে। তাতেই বা কম কৃতিত্ব কিসে ? সে স্বে অসহায়। তাই বলাে, অসহায়—যেমন জেন্জেমানা; তাই তার মিগা৷ কথাটাও ঐশ্বিক।

চাকরকে আর পোন্টাপিনে পাঠাতে হলো না। তার আগেই এলো সকাল-বেলাকার ডাক। অশ্রুর নামে একটা থাম আছে। প্রভাতের লেখা। অশ্রু খুলে, ফেললো:

অঞ্

ছুটি পা ওরা গেল না। মার অহথ সংস্বও না। বোয়ের অহথ ওনলে ছুটি মিলতো হয়তো, কিছ বো কৈ ? তাই এ-যাত্রায় আমি রইলাম পিছে। তুমি এখন কী করবে ? যাবে না ফিরবে ? না থামবে ? আমাকে জানিয়ো।

কলকাতার রূপ দেখবে এসো— পূজোর কলকাতা ! একটি প্রথরভাষিণী রক্ষ্ট্রী নগরী। আমি অগত্যা তার প্রেমে পড়লাম। প্রভাত

ভালোই হলো। অশ্র ষেন এমনি একটা থবরের জন্তে ব্যাকুল হয়েছিলো। তক্ষ্পি টাইম্-টেবল্ খুলে দেখলো বিকেলের আগে ফিরতি-ট্রেনের স্থবিধা নেই। চাকরকে সে নিজেই ভাকলো। এলো ইন্দিরা। অশ্র বললে—চাকরটাকে ভাক তো। তার একটঃ করতেই হচ্ছে।

- —কোথায় ? কেন ?
- —প্রভাতকে ন্টেশনে থাকতে।
- -তৃমি আজই যাচ্ছ নাকি ?
- -पाषरे।
- -- नारहाव कि हरना ?
- —মানচিত্র থেকে সরে পড়েছে।
- --কলকাভায় যাবার এত ভাড়া ?

হেসে অঞ্চ বললে—আমার বিয়েটা পাকাপাকি করতে।

ইন্দিরার মুখ গম্ভীর : পাকাপাকির আর বাকি কি ?

—একটু বাকি আছে বৈকি। তোমার মতন ষদিও শিগ্গির পাকছি না। যাক, জিনিস-পত্র গুছিরে ফেলতে হয়। বলে, অঞ্চ চেয়ার ছেড়ে উঠে হাত পা ছড়িয়ে একটা হাই তুললো।

हेन्नित्रा वनन--- একেবারে আত্তই যেতে হবে ?

—তোমার সাধ থাওয়া পর্যন্ত অপেক্ষা করবার সময় নেই। যা হোক, মনে পুর রথ নিয়ে বাচ্ছি ইন্দিরা, তুমি স্বামী পেয়ে এতদিনে স্থণী হয়েছ। মানে, হচছ । মায়ব বদলাবে না, এটা বাড়াবাড়ি—বদলানো মানেই বৃদ্ধি। রমাপতি চিরকাল ভূত হয়ে কাঁধ জুড়ে থাকবে —ভবিশ্বৎকে এমন সংকীর্ণ করে রাখার পক্ষপাতিত্ব আমার নেই। তুমি তোমার খ্যাতি ও ঐশ্বর্ধ নিয়ে মহত্তর হও। ভাষায় বেশ মৃদ্দিয়ানা হচ্ছে, না ? বলে, অঞ্চ তার ব্যাগ গুছোতে বসলো। মুখে তার গুন্গুনানো চলেছে। এটা নাড়ে ওটা ফেলে এটা থোলে ওটা গুটোয়।

ইন্দিরা বললে -- সন্ত্যি তাই, অশ্র । ষে-পরিবর্তন জীবনে স্বীকার করলাম তাকে যেন কায়মনে অভিনন্দিত করতে পারি । সত্যি তাই ।

অঞ্জ পুনরুক্তি করলো : সত্যি তাই । যেখানে শেষ্ সেইখানেই শুরু । জীবনের চাকা থালি ঘুরে চলেছে । সাধু ইন্দিরা, সাধু ।

নির্মলকে সকালের ট্রেনে নাইনি যেতে হরেছিলো। ফিরলো সন্ধার একট্ট আগে। বারান্দা দিয়ে নিজের ঘরে আসতে সে অশ্রের ঘরের দিকে চোখ না ফেলে থাকতে পারলো না। দরজাটা বন্ধ। বাইরে থেকে শেকল।

ইন্দিরা কানকের মতোই জগচৌকিতে বসে স্টোভে বৃচি ভাজছে। নির্মণ কাছে এসে তথোল: অঞ্চ?

- —বিকেলের টেনে কলকাভায় চলে গেল।
- —গে**ল** ?

নির্মলের প্রান্তের ক্ষার ক্ষার হতাশা। কেন গেল-প্রান্তা বেন সমীচীন হতো না। টাই-পিন্টা নাড়তে নাড়তে পরদা সরিয়ে সে ঘরে চুকলো।

ঘরটা বেন কেমন সাঁগতসৈঁতে। কেমন যেন থালি-থালি। ঐ চেয়ারটায় বেন কিছিলো! যেন বড়ো বেলি স্তব্ধ। দেয়ালগুলো অতিমাত্রায় ছির। টেব্লের ওপরকার বইগুলো বোবা। বাগানে রজনীগন্ধার একটি কলিরো ঘুম ভাঙেনি।

বাথ-ক্লম থেকে স্নান সেরে ঘরে এসে দেখলো সামনে ইন্দিরা—টেব্লের ওপর থাবারের ভিস্, চারের কাপ গুছিয়ে রাখছে; চুল আঁচড়ালো, জামাটা গায়ে দিলো, সিগারেট ধরালো। এখুনিই তাকে থাবার থেতে হবে। থাবার থেয়ে বই-থাতা-ম্যাগান্তিনগুলো নিয়ে বসতে হবে। সবই ঠিকঠাক। চুপচাপ তেমনি।

न।

ত্ব' পা হেঁটে ফিরে সে ইন্দিরার দিকে তাকালো। ইন্দিরা আজ দারুণ সেজেছে
—তব্ বোকার মতো বে খোলা-চুলে গিট বেঁখে রজনীগদ্ধার কলি আটকায়নি,
নির্মলের সোঁভাগ্য। ইন্দিরা বেন মূর্তিমতী শান্তি, কিন্তু শান্তির মাঝে কি প্রান্তি থাকে
না ? ইন্দিরা মূর্তিমতী দিংসা, কিন্তু দানের অক্নপণ ইচ্ছার মাঝে কি দারিত্র্য নেই ?

চেয়ারে বলে নির্মল শুধোল : হঠাৎ চলে গেল ? তুমি বুঝি কিছু বলেছিলে ?

- —আমি আবার কী বলতে যাবো ?
- —ভবু এভ **দাভ-ভাড়াভাড়ি পাড়ি মারলো** ?
- —সকালের ভাকে কি-এক চিঠি এলো, অমনিই দে-ছুট।
- বাবার আগে আমার সঙ্গে একবার দেখা করে গেল না ?

একটু স্তন্ধতা! নির্মল রাশীক্ষত খাবার ফেলে ছোট একটি আপেলের টুকরো দাঁতে কাটলো।

- —কেন চলে বাচ্ছে কিছু বলে গেল না ? ওদের তো একত্র হয়ে আরো আপ-এ বাবার:কথা শুনেছিলাম। কিছু জিজ্ঞাসা করলে না কেন ?
  - —আমার এমন কী গরন্ত পড়েছে ?

নির্মল বিরক্ত হলো: বা, ভোমার বন্ধু, ভোমার বাড়িতে অভিথি। কেন হঠাৎ চলে বাচ্ছে, জিজ্ঞেস করতে হয় না?

নিচের ঠোটটা উল্টে ইন্দিরা বললে—ছাই বন্ধু। অমন মেয়ের সংশর্প থেকে লয়ে থাকা উচিত।

কিন্তু এমন কথায়ো স্বামী আম্বন্ত হলেন না: সরে থাকা উচিভ সানে ? এমন

একটি নেয়ে তুমি জাব কোধাও দেখেছ ? বিংশ শতাব্দীর মৈজেয়ী। বেনাছং নায়তা জাম্ কিমহং তেন কুর্যাম্ ?

কথার স্থরটা বিজ্ঞপের হয়তো, কে জানে, প্রাত্যুক্তরে ইন্দিরা জোরে হেসে উঠলো। হালিটা কুদ্রিম, কর্কশ।

চায়ে চুমুক দিয়ে নির্মল বললে—রাস্তার জন্মে খাবার তৈরি করে দিয়েছ তো?

- —রাস্তায় খাবার থাওয়াটা ভো বর্বর প্রথা।
- हाक, पिछ क्रांबिल ?
- -- 레 I

Ą

- তেঁশনে তুলে দেবার জন্তে সঙ্গে বিমলকে পাঠিয়েছিলে ?
- -- বিমল কোখায় ! গেছে খেলভে।
- -- কিন্তু রামসেবক তো ছিলো।
- —ঘরে তথন কতো কাজ।
- -কাজ মানে ?
- —কান্ধ মানে কান্ধ। এবার ইন্দিরার চটবার পালা: এতো যথন দরদ তথন নিন্দে এসে ব্যাগটা গাড়িতে তুলে দিলেই ভো পারতে। এইটুকু পথ তো স্টেশন। হেঁটেই চলে গেল।
- —হেঁটেই চলে গেল ? একটা টাভা পর্যন্ত ভাকিয়ে দাওনি ? থাবারের ভিদ্টা ঠেলে দিয়ে নির্মল দম্ভরমতো গালাগাল করলে: বর্বর আরু কাকে বলে ? এতটুকু পৌজন্য ভোমার নেই ?

কটু স্বর হয়তো ইন্দিরার মুখ দিয়েও বেরোন্ড, কিন্ধু সে সংযম অভ্যাস করছে।
এখানে আরো থানিকক্ষণ দাঁড়িয়ে থাকলে তার পা টলবে —তাড়াতাড়ি সে ঘর ছেড়ে
বেরিয়ে গেল।

হঠাৎ নির্মনের মর্যমূল ধরে কে নাড়া দিল—অশ্র তবে কেন এসেছিল—কেন ? সে নিজে অবশ্রি তার স্বামিত্বের আসনে অটল থেকে অশ্রুকে হটিয়ে দিয়েছে। তার মধ্যে বাহাছরি কী, কিন্তু অশ্রু যে এসেছিল, আসতে পেরেছিল—তার মধ্যেই বাহাছরি। সে তো ভয় পেয়ে ধার্মিক সেজেছিল, কিন্তু অশ্রু তো ভয় পায়নি, ধার্মিক লাজেনি—তবে ওর ভালোবাসা কি আজো বেঁচে আছে ? জানলার বাইরে শ্রের দিকে তাকিয়ে রইল নির্মল। ভার বিবাহের বাইয়ে প্রেমের আকাজ্ঞা কি আর বেঁচে নেই ? ইন্দিরা চুকলো এলে শোবার ঘরে। ধপাস করে দরজা বন্ধ করলে। ছি ছি, সে আবার ঘটা করে তার পাতিরত্যের বিজ্ঞাপন দিতে বেরিরেছিলো! ইন্দিরা এক ঝট্কায় তার শাড়ির আঁচলটা বিশ্রস্ত করলে, খোলা চুলগুলো উদ্বযুদ্ধ করে দিলে। এ-অবস্থায় কাঁদলে বৃধি ইন্দিরাকে মানাতো। কিন্তু সে তার থাটের ওপর শুয়ে পড়ে শৃষ্ম চোখে সিলিঙ দেখতে লাগলো।

কিন্তু হাল যখন সে একবার ধরেছে তখন সহচ্ছে তার মৃঠি সে আলগা করবে না, শেষ পর্যন্ত আঁকড়ে থাকরে। নোকো যদি ভোবে ডুববে, কিন্তু চরম ছুর্ঘটনার দিনে সে বলে যেতে পারবে যে, সমানে সে হাল ধরে ছিলো। না, তার অভিমান করবার মানে হয় না। অভিমান করে কী-ই বা সে করবে? বেরিয়ে পড়বে? কার সঙ্গে! হঠাং শরৎচক্রের শ্রীকান্তের অয়দাদিদির কথা মনে করে সে একটু হাসলো। শরৎচক্র ভারি চালাক — সাহসও দেখাবেন, সমাজকেও চটাবেন না — এই তাঁর সাহিত্য-রচনার শস্তা কোশল। অয়দাদিদি ঘর ছাড়লেন, কিন্তু যার সঙ্গে পথে নামলেন সে মুসলমান সাপুড়ে নয়, সে তাঁর স্বামী! জীবানন্দ নাগী-মাংসের লোভে চণ্ডীগড়ের ভৈরবীকে ঘরে পুরলে, কিন্তু সেই হলো তার অলকা— লোকের খুঁংখুঁং করবার কারণ ঘূচলো। অচলা স্থরেশের সঙ্গে ঘর ছাড়লো, কিন্তু স্বেচ্ছায় নয়— স্থরেশ তাকে একটা কায়দাকরে লুফে নিলো টেনের কামরায়। শরৎচক্র ব্যক্তিত্বের দিকে না তাকিয়ে সমাজের মুখ চেয়েছেন খালি। শুধু এক কিরণময়ী। সে স্বেচ্ছায় উপেনের হাতে নিজেকে উপহার দিতে চেয়েছিলো, প্রত্যাখ্যাত হয়ে তার ছোট ভাইকে নিয়ে রেজুনের জাহাজের বন্ধ কামরায় ঝড় তুললে। কিন্তু অফুদার সমাজতান্ত্রিক শরৎচন্দের হাতে পড়ে সে হলো পাগল, সে হলো ব্যাধি-বিজ্ঞানের একটা থেলো নিদর্শন মাত্র।

বেকবার পথ ইন্দিরার বন্ধ—একটি ঘূলঘূলিও কোথাও নেই ! পেটে তার ছেলে।
ইব্দেনের নোরা ছেলে-মেরে, পূতৃল পূজা—সব-কিছু ফেলেই পথে পা দিলা কিছু।
দিক, নরোয়ে আর বাঙলা দেশ এক নয়—যেমন কাছাকাছি নয় ইব্দেন ও শরৎচক্র।
এমন কেউ নেই যে যার সঙ্গে বেকলে দৈনিক খবরের কাগজগুলো থেঁকাবে না। যদি
ধরা যেতো রমাপতিই তার স্বামী, নির্মলের কাছে সে বন্দিনী—রাবণের কাননে
সীতার মতো—সে এই পাপপূরী ত্যাগ করে স্বামী-অভিসারিণী হলো, তাহলে হয়তো
সমাজ খূলি হয়, শরৎচক্র খূলি হন। কিছু রমাপতিই যে তার স্বামী এ-কথা সমাজকে
বোঝাবে কে? অতএব তা থাক। সমাজের সঙ্গে বিরোধ ঘটাতে ইন্দিরা বসেনি, তার
সে উব্ত সামর্থা নেই, নেই বা সে তেজ। তার সঙ্গে সামজক্র রাখবার জন্মেই সে
নিজেকে ছেটে কেটে গটো করে থাপ খাইয়ে নিয়েছে। আত্মহত্যা! আবার সেই
বাধা। পেটে তার ছেলে। তা ছাড়া আত্মহত্যা করলেই কি জ্বালা জুড়োয় নাকি?

মৃত্যু সম্বন্ধে এমন একটা মিধ্যা কল্পনায় কত লোক সেধানে গিয়ে দেউলে হলোকে তার হিসেব রাথে ? তা ছাড়া নিজের হাতে নিজেকে মারবার মধ্যে বে একটা প্রচণ্ড বীভৎসতা আছে তার কুশ্রীতা ত্র্বিষহ। সে-কথা ভাবলেও তার সমস্ত স্থায়তত্ত কুঁক্ড়ে আসে। আত্মহত্যাই যদি সে করতে পেতো তাহলে এ-অভিনয়ের এত সাজ-সরঞ্জাম করতে গিয়েছিলো সে কি ভেবে ? সে সংসারশ্রোতে গা ভাসাবে। এখনো আশায় সে ফতুর হয়নি।

অতএব এখন তার খাটের ওপর ভয়ে-ভয়ে অলস চিত্তবিনোদনের অবসর নেই।
শান্তড়ি সেই যে কাশীতে গেছেন কবে ফিরবেন কেউ জানে না। সংসার এখন ওর
হাতের তাল্তে, উপুড় করলেই উলটে পড়ে। ঠাকুরটাকে রান্না দেখিয়ে দিতে হবে।
কালকের পুনর্জীবন-লাভকে উৎসব-রমণীয় করবার জত্যে সে আজকে অত্যস্ত
আগ্রহায়িত হয়ে উঠেছিলো। এ-উৎসব অঞ্চকে বাদ দিয়েই। উৎসব সমাধানা করবার
কোনো মানে নেই। পাড়ার কয়েকটি মহিলাকে সে নিমন্ত্রণ করে পাঠিয়েছে। তারা
এখুনি এসে পড়বে। মিলি আনবে তার এমাজ, বীণার বৌদি অংশুমালা বাজাবেন
অর্গ্যান। ইন্দিরা অর্গ্যানটা কত দিন ছোয়নি। এখন ওঠা যাক, স্থাকামো তের
হয়েছে। যার প্রতিকার নেই তার প্রতিবাদ করবার লক্ষাটা আরো অমাছ্যিক।
এখন না উঠলে নিমন্ত্রিতাদের উপযুক্ত বরণ করা হবে না।

আলো জালিয়ে আয়নার সামনে দাঁড়িয়ে ইন্দির। চুল আর আঁচল ঠিক করতে বসলো। অশ্রু নির্মলের চোথে কুঝাটিকার জাল বুনে গেছে। কিন্তু রমাণতি যেন তার শ্রুশানশধ্যা থেকে উঠে না আসে। রমাণতিই অনাহ্ত, অবাস্থনীয় —অশ্রুর জন্ম থোলা হুয়ার, মুক্ত আতিথেয়তা।

বড়ো ত্বংথে ইন্দিরার মনে পড়লো পাগল হয়ে নীট্শে পাগল য়িগুবার্গকে কি
চিঠি লিখেছিলেন:

আমি একটি দিন ঠিক করেছি। দে-দিন ইউরোপের সুমস্ত রাজা উপস্থিত হবেন। আমি তাঁদের মারতে আদেশ দেব।

विनाय । व्यावात व्यामात्मत्र त्नथा श्रव ।

কিন্তু এক শর্ভ। আমাদের বিবাহবিচ্ছেদ করতে হবে।

नोहर्ण मीषाद

পাগল ট্রিণ্ডবার্গ উত্তর দিলেন :

ইতিমধ্যে এস উন্মন্ত আনন্দ করে নি। বিদায়।

ভোমার **ট্রিণ্ড**বার্গ সর্বোক্তম ও সর্বোচ্চ বিধাতা নীট্শের উত্তর:

यत्थष्ठे । हार्रे ७४ विवाहत्त्वम ।

'The Crucified'

থা ওয়া-দা ওয়া শেষ হতে হতে বারোটা।

নির্মলের সঙ্গে ইন্দিরার নিস্তৃতে দেখা হলো বারান্দাতেই। নির্মল শোবার ঘরে না ঢুকে বসবার ঘরের দিকে মুখ করেছে। ইন্দিরা বললে—রাভ অনেক হলো।

निर्मन वनल-जानि।

- -ভতে যাবে না ?
- যাবো। এখনো আরো কয়েকটা কাজ সেরে ফেলতে হবে। কিন্তু আজকে হঠাৎ এত ঘটা কিসের ?
  - এসো শোবার ঘরে, বলছি।
  - ---এখেনে বললে রাতের অন্ধকার ঘনতর হয়ে উঠবে না।

ইন্দিরা জীবনে আরেকটি স্থযোগ হারালো। নির্মল যদি ঘরে আসতো, তাহলে দৃষ্টিকোণ ছোট হয়ে উঠতো বলে তার অভিনয়োচ্ছাস বেমানান হতো না। পতিভজি নাটকের পঞ্চাকের অবশুস্তাবী শেষদৃশ্রটির সে এতক্ষণ মহলা দিয়েছে। কিন্তু যেথানে দাঁড়িয়ে আকাশ ও আকাশের তারা দেখা যায় সেথানে এত বড়ো একটা বাঙ্গ-ছৃষ্টি নাটক করতে হাত-পা তার একটুও নড়তে চাইলো না। তব্ এখানে দাঁড়িয়েই তাকে বলতে হলো: কাল তোমাকে পরিপূর্ণ করে গ্রহণ করেছি, নিজেকে দানও করেছি মনের মতো করে পরিপূর্ণ আত্মপ্রসাদে। এই জন্তেই আজকের এই উৎসব। তেবেছিলুম ঘরে এলে তোমাকে আরো ভালো করে ব্রিয়ে বলবো। কথা দিয়ে সব জিনিস প্রাঞ্জল করা যায় না।

নির্মল এ-কথার ধার দিয়েও গেল না। বললে—এমন একটা উৎসব করবে অথচ বিকেল বেলায়ই অশ্রুকৈ বিদায় করলে? অস্তত আজকের রাভটার জন্তে তাকে তুমি ধরে রাথতে পারলে না?

ইন্দিরার হংপিণ্ডে কে বেন হাতুড়ি চালালো: আমি তাকে ধরে রাখবো কি করে ? সে বেমন জেদি মেয়ে তাকে ঠেকায় কার সাধ্য!

- —তৃমি নিশ্চয়ই তাকে কটু কথা বলেছ।
- আমি বলতে বাবো কোন্ লক্ষায় ? কাল বাত্তে অপমান তুমি তার কম করেছ নাকি ?
  - —আমি করেছি অপমান ? তুমি বললেই হলো ?

—ইয়া, আমি বললেই হলো। বিবাহিত ভল্ললোকের লুকোনো মনোবৃদ্ধি টের: পেরে সে লক্ষার মুখ ঢেকে সম্বন্ধ বাঁচিরেছে।

## -कि वनात ?

ইন্দিরার সকল প্রতিজ্ঞা গোল তেনে: ঠিকই বললুম। তোমার চরিজার্ব আত্মন্তরিতার তান মাত্র। এ-লজ্ঞা থালি আমার নয়, অশ্রুর মতো মেয়েরো। বলে,... ইন্দিরা তাড়াতাড়ি তার নিজের ঘরে এসে ছ্রার বন্ধ করে দিলো।

এবার স্টেশন-প্লাটফর্মে প্রভাত। এলাহাবাদে গিয়ে মিলিত হওয়ার চেয়ে অঞ্চর-ষ্ণিরে আসার মধ্যে চমৎকারিত্ব বেশি আছে, কেননা শেষেরটা অপ্রত্যাশিত। যা কিছু চাওয়ার বাইরে তার পাওয়ার মধ্যে একটু চমক থাকে—কবিতায় আনকোরা ও चवावहिष्ठ-পূर्व मिन পেলে মানেটা चाরো ধারালো হয়ে ওঠে। বায়রনের Don Juan-এর চমকপ্রাদকতা কতকটা সেই কারণে। বিষয়বস্থটা খেলো, খোলসটাতেই তার জৌলুস। মাহুষের সভ্যতাটাও তাই। লৌকিক ব্যবহারে সে বিলাস চায়, জীবনে নয়। কাজের মান্ত্র তারাই বারা আর্টিস্ট-ছিসেবে নিতান্ত থাটো; তারা আত্মপ্রকাশ করে স্ষ্টিতে নয়, পরাধিকারে অকারণ হস্তক্ষেপ করে। প্রেম বা বন্ধুতা নিয়ে তাদের তৃপ্তি নেই, না বা More-এর Utopia-ম, তাদের চাই শক্তি-প্রসার, তার। চার পরের চরকায় নিজেরা তেল যোগাবে। তারা রাজ্য গড়ে, শাস্তি ভাঙে---সভ্য না চেয়ে চায় নিরাপত্তি। পুলিশকে কে সভ্য বলবে ? তবু তারাই হলো সভ্যতার বাহন। একনিয়মের বশব্তিভার অর্থই সভ্যতা। তুমি তোমার শিরদাড়া থাড়া করে উচ হয়ে দাঁড়াও, লিলিপুটের দেশের লোকেরা মই বেয়ে ভোমার ঘাড়ে চেপে কান মূলতে চাইবে। বলবে: সভ্য হতে চাও তো পিঠ কুঁজো করে আমাদের সঙ্গে মাথা মেলাও। তমি যেখানে সৃষ্টি করবে সেইখানেই তুমি সভ্য নও, তুমি যথন সে-স্টের গুণ গ্রহণ করবে তথনই তুমি সভ্য। সত্যের নবাবিভাবের দিনে যদি আহত হয়ে আঁৎকে ওঠ, বুঝতে হবে তোমার বিচার-বুদ্ধিতে মর্চে ধরেছে। 'সীতা' ভনে কালা পায় বলেই শিশির ভাছরি বড় অভিনেতা, এ-উক্তিটা সভ্যতার পরিচয় নয়, বা সীতা-সম্বন্ধে 'ঘরে বাইরে'তে সম্দীপের উক্তিটা মোলায়েম নয় বলেই তাকে গালি পাড়াটাও বর্বরতা। প্রকে মেনে নেবার sense of humour-টাই হলো সভ্যতার মাণকাঠি। 'চরিত্রহীনে'র উপেন চরিত্রগর্বে এড হীন ও কাপুকর যে সতীশের ঘরে-সামাল্ল একটা শাড়ি ওকোচ্ছে দেখেই সে পিট্টান দিলো। এমন একটা মেনদঙ্হীন वर्षक्रे कि ना भव कि मा ने कि मा ने कि मा ने कि कि मा ने कि मा ने

মানসিক ও বৃদ্ধিগত অকর্মণ্যতাকেই নিরীহ মাস্থ্য বড়ো করে তার নাম রাখে নীতি, আদ্ব-কায়দা, শিষ্টাচার। বালক ডিজরেইপির স্কু হয়ে কম লাখনা হয়নি—রাজার বেড়ুলো সে হলদে পায়জামার লাল কুর্তা এঁটে। অতএব সে ইতর। শবদেহ সমাজে ব্যাধির স্পষ্টি করে, কিন্তু শবদেহ কেটে-কুটে ছিঁড়ে-ফেড়ে তার সদগতি না করলে ব্যাধি-নির্গয়ই চলতো না। লাপ আমাদের দংশন করে বলেই তা কুৎসিত, কিন্তু প্রোণিতন্ত্ববিদ্দের কাছে ওর চেয়ে স্থন্দর আর কিছু নেই—তা ছাড়া ওর বিষে নাকি পচা ঘায়ের ওযুধ হয়।

আমি আছি—এর চেয়ে বড়ো জানাবিষার মামুষের আর কী হতে পারে ? তথু জীবনে নয়—জীবনের অহুকৃতি যে সাহিত্য—তার মাঝেও মাহুযের কায়দা-কান্থনের বাঁধা গৎ আছে। সেই গৎ-এ স্থর মিলিয়ে ভাষাযোজনা করতে হবে। উপস্থাস লিথতে বসেও সেই এক নিয়ম; চাই একটা স্থসম্পূর্ণ প্লট, কথোপকথনের পাাঁচ, একটা অতি-প্রত্যাশিত আকন্মিকতা। রবীন্দ্রনাথ পর্যস্ত তাঁর 'গোরা'র বিনয়ের বাড়ির সামনে পরেশবাবুর গাড়িতে একটা ছুর্ঘটনা ঘটিয়ে প্রথম আলাপের স্বভ্রপাড করলেন,—লাবণ্য ও অমিতের মোটরে একটা সংঘর্ব লাগছিল আরেকটু হলে। এগুলি অত্যন্ত মাম্লি প্রথা, আমাদের অত্যন্ত পাঠকের তা মৃথস্থ হয়ে আছে। ছাচে কেলে চরিত্রকে একটা নমুনায় রূপাস্তরিত করতে হবে, স্বপ্রধান ও সীমাবদ্ধ একটা ব্যক্তি করতে নয়। গল্প হলেই চাই তার ঘটনা, চাই তার সমাপ্তি, কবিতা হলেই চাই তার একটা বোধ্যতা। দূরের তারাকে আমার চোথে বদি হলদে লাগে, অন্ধকারকে नारा यहि नीन, जब्ध चामारक निथरं हरव नामा जाता, कारना आधात। यहि বলো লুভার্-এ Phedias-দেবীদের মৃগুহীন মৃতিগুলির সৌন্দর্য তাদের গঠনগৌরবে বা ভঙ্গি-স্থ্যমায় নয়, তাদের মৃগুহীনতায়, তবে সমসাময়িক সমালোচনাও হবে চামুণ্ডা। লোকের মুখ চেয়ে সভ্য আমার কাছে অবগুঠন উল্মোচন করে না, এ সভ্য কথা বোঝাই কাকে? বস্তুতান্ত্ৰিকতা এককালে সাহিত্যরচনার ফ্যাশান ছিলো -- त्वमन धरता खाना, जारता जारा रामन धरता छारेन जरीन। किन्न इन्ह বলতে গিয়ে বছ বর্ণনাতেই ব্যক্তির সত্য পরিচয় ধরা পড়ে না, তাহলে 'পথের পাঁচালি'ও একটা উচু-দরের নভেল হতো। আগে নিয়ম ছিলো: বিষয় ও ব্যক্তি নির্বাচন করো; এখন নিয়ম হোক: কিছুই অনির্বাচিত রেখো না। ইউক্লিভের জ্যামিতির প্রথম থিয়োরেম নিয়েও কবিতা হন্ন, গ্রাম্য গৃহস্থবধুর বর্ণচ্ছটাহীন লোজা সাধারণ জীবন নিয়েও বাবো খণ্ডে উপক্যাস হতে পারে। মান্তবের সভ্যিকার জীবন তার জীবনের ব্যবহারে নয়, জীবনের অন্তঃশীল অবচেতনায়। তুমি চাঁদ দেখে কি ভাব সেইটেই ভোষাৰ জীবনে সভ্য, তুমি চাঁদ দেখে হাত বাড়িয়ে তাকে ভাক কি না সেইটে নিভান্ত অপ্রাসন্ধিক। শেহত এ-কথা বুৰেছিলেন; তাই তাঁর নাটকে চিন্তাই হচ্ছে ক্রিয়া, ভোতনাই হচ্ছে সম্পাদিত ক্রিয়ার চেয়ে বড়ো সভা।

উপস্থাসকে আমরা ব্যবহারিক জীবনের একটা প্রতিক্ষণন করে তাতে রঙ্ চড়াজে চাই; নায়ককে করতে চাই বীর, অনস্ত মহনীয় — হয় তার ভয়াবহ সচ্চরিত্রতায়, নয় হর্দম বলিষ্ঠতায়, নয় বা তার জবন্ত হীনরন্তিতে, যাতে সে লোকের য়ণা কুড়োবে, নয় বা সহাস্কভৃতি। হয় প্রতাপ, নয় গোরা—বা কিরণময়ী বা দেবদাস: এমনলোক খুঁজি না বে মৃদির দোকানে ছু'বেলা হিসেব রাখে, তামাক খায় আর তাস থেলে। এমন লোক খুঁজি না যার জীবনে মুর্ঘটনা নেই, সন্তাবনা নেই। একঘেরেমিই যে জীবনের প্রতিপাত্ম সত্য, সাহিত্য তা বিশ্বত হয়েছে। ঔপত্যাসিকদের বিশ্বাস করে নেপোলিয়নকে আমরা চিরকাল বলদপ্ত বীরপুরুষ বলেই পুজো করে ক্রখ পেতৃম, কিন্ত লুড্উইগের কাছে নেপোলিয়নের জীবনের কবিন্বটাই বড়ো বলে দেখা দেয়নি। নেপোলিয়ন যে খালি যুদ্ধ জয় করেনি, ভালোও বেসেছে, এ সত্য কথাটা আমাদের কাছে এত দিন লুকোনো ছিলো। আছে মরোয়া শেলিকে দেখলেন প্রমিথিউদ আন্বাউণ্ড বলে নয়: ফ্রান্সে ওয়ার্ডসোয়ার্থের নাকি একটি জারজ শিন্ত ছিলো। গান্ধি যে এককালে চামড়ার মামুষ ছিলেন ভারতবর্ষের ভবিন্তত বংশধরেরা হয়তো তা ভূলে যাবে। মুসোলিনি যে এককালে ভিক্ষা করতো একথা ক টা লোক মনে রেখেছে?

ত্মি যা তৃমি তাই - তৃমি ঘ্রে-ঘুরে বৃত্ত সম্পূর্ণ করতে না পার, সোঞ্জাই চলে বেয়ো, পরের হাত ধরে নিরাপদ হবার জয়ে তবু বেঁকো না। তৃমি যা তৃমি তাই। তৃমি তোমার নিজের নায়ক হও। কি তোমার করা উচিত—তার চেয়ে কি তৃমি কর, তাতেই আমাদের বেশি অমুরাগ, বেশি কোতৃহল। পরের জুতোয় পা চুকিয়ে তৃমি চলবার বেগ হারিয়ো না, পরের আদর্শ তোমার পক্ষে আত্মবাতী। তৃমি নিজে যা তৃমি তাই: জীবন বেমনি ভাবে আসে তেমনি করে নিলেই তৃমি অবিনশর।

টেন লেট হয়নি প্রজাতই আগে এসেছে। ভাগ্যিস আছ রবিবার, রোদ উঠে গেলেও কেরানিরা এখনো ওঠেনি—আজ সকালে তাদের নিডোৎসব চলেছে। আপিস বেতে হবে না— এটার খাদ অশ্রুর আসার চেয়েও মিষ্টি। এঞ্জিনটা প্লাটফর্মে এত জোরে প্রবেশ করলে, যেন তার যে এখানে থামতে হবে তা তার মনেই নেই একেবারে। অশ্রু নেমে এলো, মাথার চুল ক্লুক, চোথ ছটি ঘুমো-ঘুমো, এঞ্জিনের ক্ষুলায় জামা-কাপড়গুলি অপরিচ্ছর। সজ্জা সম্বন্ধে অশ্রুর এ-তামনোবোগটি প্রভাতকে শর্পাক করলো—অস্কৃত মুখটাও সে ধোয়নি। চেহারাটির মধ্যে মধুর একটি মালিক্স
আছে। প্রভাতকে দেখতে পেয়েই অশ্রু একট হাসলো—হাসিটিও ভীক্ষ নয়, কেমন-

বেন একটু চাপা, ক্যাকানে। বেন আর চটুনতা নর, অন্তরময়তার স্ক্র একটি ইশারা। প্রভাত গেল এগিয়ে।

ট্যাক্সিতে উঠে বাঁচা গেল। অঞ্চ বললে—ভালোই হলো ফিরে এসে। বলে ভার্ম একখানি হাত প্রভাতের কোলের ওপর রাখলো।

প্রভাত হাতের উপর হাত বেখে বললে—কোধায় বাবে এখন ?

অশ্র অবাক : বা রে, কোণায় আবার বাবো ? বাড়ি!

বিশ্বর প্রভাতেরো কম নয়: বাঞ্চি! সেখানে তো ভোমার ত্যার বন্ধ।

— সে-বাড়ির কথা কে বলেছে? ভোমার বাঙি কি ঝড়ে উড়ে গেছে নাকি?

## —আমার বাডি!

অঞ্চ অভিমান করতে জানে : ও ! জানতাম না বে, আমি তোমার পর, আমাকে তুমি দূরে সরিয়ে রাখতে চাও ।

অশ্রর এ কি অভাবনীয় পরিবর্তন! চোখ ছু'টিতে গভীর মোন. মুখচ্ছায়ার একটি অস্পষ্ট কাকুতি! প্রভাত তাকে নিজের আরো কাছে ঘন করে আকর্ষণ করলে। কণেকের জন্তে যেন হিসেবে সবগুলি অন্ধ মিলিয়ে গেল, সকল লজিক্কে মন্ত্রমুশ্ধ করে দেখা দিলো ম্যাজিক। বললে— নিশ্চয়ই যাবে, আমার মা তোমারও মা।

ক্ষণতরে ঘনতার বিক্ষোরণ ঘটল একটি পরিপূর্ণ চুম্বনে।

প্রভাতের পশ্চাম্বর্তিনী একটি অপরিচিত। মেয়ে দেখে মা প্রথমটা ঘাবড়ে গেলেন। বুঝে নিতে দেরি হলো না এই-ই অঞ্চ. যার জগন্যাপিনী থাতি—সম্প্রতি যিনি তাঁর ছেলের পশ্চামাবৃন করছেন। তাঁর ছেলেকে এ-মেয়ের যে কেন পছল হলো বলা কঠিন—উল্টো প্রশ্নটা তাঁর মনে ঘেঁষতেই পারলো না, কেননা, প্রথম দেখাতেই তিনি ঠিক ধরে নিতে পেরেছেন যে, বয়দে অঞ্চ তাঁর ছেলেকে ছাপিয়ে গেছে। যদিও অঞ্চর বয়দ তেইশ, মার কাছে মনে হচ্ছিলো তেত্রিশ। বেশ ঢ্যাঙা, স্বাস্থ্যবতা। বাছ ছ'টি স্বতোল, আঙুল ক'টি স্ই চলো। চোথ ছ'টি গভীর। মুখে নানান রকম খুঁত, কিছু সব মিলিয়ে কেমন যেন ঢলচলে।

কিন্তু কিছু একটা ভেবে নেবার আগেই অঞ্চ মায়ের পায়ের কাছে উবু হয়ে এণাম করলো—সভক্তি প্রণাম। মা ওর খোঁপার ওপর হাত রেখে আশীর্বাদ না করে: পারলেন না। তুই চোখে স্বিশ্ব নম্রতা নিয়ে দে বললে— আমাকে তুমি চিনভে পাছে না, মা ? আমি অঞা।

— শ্ব চিনেছি, মা। এসো ভেতরে। টেনে শ্ব কট হয়েছে বৃঝি ?

হেলে অঞ্চ বললে—কট আমার কিছুতেই তেমন হর না। আমি তেমন-বরের বেমে নই মা, বে, আত্মকর্তৃত্বে চলা-ফেরা করবো অথচ বালে কিংবা ট্রামে উঠে কোনো পূক্ষবের আরগা ছেড়ে দেবার আশার কাঙালের মতো দাঁড়িয়ে থাকবো। বে যদি আরগা ছেড়ে দের-ও আমি ভাভে বলি না। আমি লেখে অপমানিভ ছভে চাই নে। দিলদারনগরে এমনি কাও ঘটেছিল, মা। গাড়িটা একদম ঠালা। মেয়েছেলে লেখে একটি ছোকরা ভত্রলোক আরগা ছেড়ে উঠে দাঁড়িয়ে কী আপ্যায়িভই না করতে লাগবেন। কিন্তু আমি তাঁর ঐ অক্লপণ বদাস্ততা নিই কি করে ? আমি বজ্ঞ বেশি বাবে বিক, না ? আমাকে তৃবি বে কী ভাবছ কে আনে ! তোমার সমস্ত কাল্প বে এখনো পড়ে আছে। তরকারি কুটছিলে ? ও কি, বিছানা এখনো ভোল নি ? অঞ্চ বিছানাটা তৃলতে ব্যস্ত হলো।

মা বাধা দিয়ে বললেন—তৃমি এশৰ করছ কি ? এখন একটু জিরোও। চান করবে ? না, এখন না-হয় মুখহাত ধুয়ে একটু বোস, আমি ভোমাকে চা করে দিচিছ ।

অঞ্চ একেবারে আকাশ থেকে পড়লো: তুমি চা করে দেবে কি মা ? আমি কি তোমার তেমন মেরে নাকি ? আমি এখনো এত শিক্ষিত হইনি মা, ষে চা বানানো, ঘর বাঁট দেরা, তরকারি কোটা বা বাসন-মাজার একেবারে ফেল্ করে যাবো। তুমি যদি আমার জন্মে অকারণে ব্যস্ত হও, তাহলে বুঝবো তুমি আমাকে মেরের মতো ত্বেহ দাওনি। আগে চানটাই আমি সেরেনি। (প্রভাতকে) তুমি ততক্ষণ একটু দাঁছাও, এসে আমি চা করছি।

অশ্রব প্রতি মা'র মন বরাবরই বিম্থ ছিলো। কিন্তু নদী এখন উজোন! তিনি ভাবতেন আজকালকার পড়িয়ে মেয়ে, নয়কে হয় করাই ওদের ব্যবসা। সরু লিকলিকে চেহারা, রঙ্ ফ্যাকাসে, পিঠ কুঁজো, মেজাজ টেড়া. কথাবার্ডা চিবোনো-চিবোনো— এমনি ধরনের একটা আজব চেহারা তাঁর মনে চিরকাল ধরা ছিলো। কিন্তু আশ্রু শ্রীমতী, দেহ ভরে তার দ্বির স্বাস্থ্য, শাড়ি পরার ভঙ্গিটি সাধারণ বলেই স্থ্যমান্বিত, তুই হাতে অজন শুশ্রবা, কথায় সোজ্জা। মেয়েটি বেশ। এর নামে অনেক কলছ-কথনই দিন্তিদিকে প্রচলিত ছিলো, বাপের বাড়ির দরজা তার বন্ধ হয়েছে। কিন্তু প্রতিজ্ঞার কীতেজ থাকলে চক্র দৃষ্টি এমন গভীর ও স্বেহার্ড হতে পারে মা যেন তা এক নিমেরে ব্রে ফেললেন। হয়তো অবাধ্য, কিন্তু এমন মেয়েকে তাড়িয়ে দিয়ে বাপ তাঁর মুখে ভাত তুলছেন কিনের ক্ষ্ধায়? সব কথা তাঁর জানতে হবে।

**₹687/2/2•** 

মা'র ঘরের কাজে অঞ্চ তার হাত বাড়ালো। তরকারি কুটলো, ঘর ব'াট দিলো, কাপড় কুঁচোলো, দেয়ালের ঝুল সাফ করলো। এ বেন তার নিজের বাড়ি। মেধরানি উঠোন সাফ করতে এলে নিজ হাতে জল ঢাললো, বালভি-ভরা জলে ঢায়ের বাসন ডুবিয়ে নিজে ধুতে বসলো, নীচেকার পেরেক-অভাবে দেওয়ালে বে দেবদেবীর ফটোভলির ফাসি হচ্ছিল, সেগুলিকে প্রকৃতিছ করলো। বললো— আমি আজ র'াধবো, মা। নতুন যুগের ধুয়ো উঠেছে বে মিউনিসিপ্যালিটি রে'ধে বাড়ি-বাড়ি ভাত-তরকারি বিলি করে বেড়াবে—বাঙলা দেশে আমার-তোমার মতো মেয়ে থাকতে তা আমরা হতে দেব না। আমরা পাঁচ আঙ্লে পঞ্চ ব্যঞ্জন তৈরি করে পাঁচজনকে ভৃপ্ত করবো বলেই মেয়ে-মায়্বের জন্ম নিয়েছি, মা। বলে অঞ্চ হাসলো।

মা বললেন আমিই পারবো মা, তুমি যে অতিথি।

- মা'র ঘরে মেয়ে অতিথি হয়ে আদে না, মা। গাঁজির যে-তিথিতেই আক্সক, সে মেয়ে। উত্থন ধরানো আছে, আমি ভাতের হাঁড়িটা চাপিয়ে দিই। প্রভাত ততক্ষণ বাজার করে ফিরুন। তুমি আমিষ ঘেঁটে চান করে আবার গিয়ে নিজের উত্থন ধরাবে, সে হবে না— আজকে থেকে তোমার ছুটি।
  - —রোজই তো আমার সেই পালা।
  - —এবার থেকে রোজই তুমি মাছের রান্নাদর থেকে পালাবে।
  - —কিন্তু আগে তুমি কিছু খেয়ে নাও।
- খেয়ে নেবাে বৈ কি । খাওয়া-সম্পর্কেও আমি লেভি হতে পারলাম না। তবে চারের কেতলিটাই আগে চাপাই। ততক্ষণে প্রভাত নিশ্চয়ই ফিরবেন। কি বলাে ?
  - --এই তো বাজার। ত্র' মিনিটে এসে বাবে।

দশ মিনিটে প্রভাত ফিরলো। প্রতিদিনকার মতো প্রভাত নিজ হাতে বাজার করে নয়, মৃটের মাথায় করে। বাজারের বহর দেখে অপ্রত্মর চক্ছরি: তুমি এ করেছো কী ? মাংস ? মৃড়ো ? এক হাঁড়ি রসগোলা ? ছি ছি ! করেছো কী ? তুমি যে দেখছি বড্ড সেকেলৈ। ভেবেছিলাম আজ শুধু থাবো শুকতো, শাকভাজা। ভিটামিন।

মাকে অশ্রু ঘেঁবতেই দেবে না: এ-ঘরের এলাকা থেকে তোমার নির্বাদন। স্থন আর ঝালের একটু এদিক-ওদিক হলে প্রোপদী আর আত্মহত্যা করবেন না। সব আমি নিজের হাতে করবো। মাছের ম্ওছেদ করবো, ছাগশিশুকে টুকরো-টুকরো। ওদের পূর্বজন্মের পাপের প্রায়শ্চিত্তস্বরূপ তপ্তকটাহে ওদের ভর্জন করবো।

প্রভাত বললো: আর আমি?

—ভোমাকে বয়কট।

শক্ষ তার করতলে এই ক্ষায়তন সংসারটিকে কেড়ে নিয়েছে। সে এমন একটা চঞ্চলাবণ্যনিবর্ত্ত। পদে পদে তার ব্যস্ততা, কথায় কথায় কোলাহল। তিজে বোঁপাটাও এঁটে থাকে না, আঁচলটাও অবাধ্য।

হলুদ বার করে দাওনি তো মা? ফোড়ন কৈ? মাছ কিছু সাঁৎলে রাথবো নাকি? নাটু মাংস খার না? আর আমিই এমন কী violent! প্রসাদং কণিকামান্তং। আজিথাও তাই শাকারে। কতদিনে বে দেশ সভা হবে। মাগো, খাওরাটা কি নোংরা! এর চেয়ে ইউলিসিস-এর লোটাসল্যাও-এ গিয়ে ঘুম্লে হভে৮ ভালো। পোষাক আর খাওয়া নিয়ে এ দেশের রীতিনীতিগুলো এত স্থুল কেন? চরিত্র সম্বদ্ধে বেমন বাঁধা গৎ, এদের সম্বদ্ধেও তাই। প্রভাকে মান্থবের জীবনে এক-একটা আলাদা জলবারু। এই যাং! কিছু হয়নি মা, মাংসের ঢাকাটা পড়ে গেল। না না, হাড-পা পোড়াবো কি? প্রেমও দেই জলবায়ু। বসন্তের পরেই বর্যা—বর্ষার পরেই আবার সেই জলহারা মেঘ। ঘি কোথায় মা? ছোট এলাচ?

ছোট উঠোন, কলতলার আঙিনাটি ছোট, একটা পাথরের টিবি খুঁড়ে ছোট একটি গহবরে তুলসীর অন্ধর। নোনা-ধরা দেয়ালে হ্ধয়ালার খড়ি-কাটা হিসেব, একধারে মা'র হাতে ঘুঁটে দেয়া। গলির মধ্যে বাড়ি—তবু আশ্রমোপবন। উঠোনে দাঁড়িয়ে উপরে তাকাও—সংকীর্ণ এক টুকরো আকাশ, চোথে অত অন্ধ বলেই কল্পনায় সভ্যি করে অসীম। 'চোথ বড়ো করলেই আর বড়ো করে দেখা হয়না।'

- —তোমার হলো মা ? আমার তো প্রায় সারা। আর তথু এই চাটনিটা। এবার স্থান করতে যেতে পার হে পেটুকরাম। নাটু, স্থান করেছ ?
  - **—क्द्रिह्, द्वीमि।**
  - दोि कि ता ? **च**टा थिनथिन करत रहरन छेठेरना।

হঠাৎ এক সময় অন্তরালে প্রভাতকে অশ্র জিগ্রোদ কর্লে—তুমি বুঝি নাটুকে শিথিয়ে দিয়েছ ?

প্রভাত অবাক : কি ? কখন ?

- —আমাকে বৌদি বলে ডাকতে?
- —না তো। মা বলেছেন হয়তো।
- -- **মা** ?

অঞ রান্নাঘরে ফিরে গিয়ে চাটনি ঘন করতে বসলো।

প্রভাত বললো: জিনিসপত্রগুলি এখানে গুছিয়ে রাখো আগে। পরে তুমিও আমাদের সঙ্গে বসে ধাও। তুলবো আর থাবো।

মা-ও সায় দিলেন : বারোটা বেজে গেছে। তুমিও বসে পড় অঞা।

অক্রর তাতে আপত্তি আছে : ছু' ভাইকে আগে থাওরাই। পরে আমার পালা । আবার বখন তোমার মতো দায়িত্ব হবে মা, তখন সব্বাইর দেবে।

এক টুকরো মাংস মূথে দিয়ে প্রভাত বললে—অতিশয়োক্তি ধরো না, অঞা। সভািই বলছি, অপার্ব।

আঞা বললে—আমাকে তুমি তেমনি বোকা মেয়ে ঠাওরেছ নাকি বে, পরের স্থের ঝাল থেয়ে আমি রসাম্বাদ করবো? আসে নিজে না গিল্লে কোনো গালই প্রাছ করবো না। আরো একটু দেব নাকি?

- —ভালো হয়েছে বলেই বেশি খেডে হবে নাকি ? খালি গুণ করলেই গুণবৃদ্ধি ব্যা না পরিমাণ একটা প্রমাণই নয়।
  - —ভাই নাকি ? তবে আমিও এই সঙ্গে বসে বাচ্ছি, সা।
    ক্ষোলে পিঠ রেখে মা ভৃগু চোখে এদের খাওয়া দেখতে লাগনেন।

কী স্থন্দর ঘন চুল! থোঁপাটা ঘাড়ের কাছে ভেঙে পড়ে কাঁধ বেরে বাছর কাছে নেবে এনেছে। বাছ ছ'টিও নিটোল, লীলাবলয়িত! বসবার ভঙ্গিটিতে ক্ষতা নেই। খাবার গ্রাসগুলি পরিমিত, হাতের আঙ্লগুলি কুশাগ্র, পায়ের পাতা ছ'টি পদ্মপাতা। এর চোখে মুখে আসনে ভাষণে হাস্তে লাস্তে কোথাও এতটুকু বেস্থরো লাগে না। বেন বর্ণার জল, সমীরমর্মর! এর প্রতি মা নিরাসক্ত থাকেন কি করে?

নিকুকের মূখে ছাই পড়ুক, এর হাতে মা সোনার শাঁখা দেবেন। প্রভাভ বদি
একে পেরে কৃতার্থ হয় তবে কী হবে তাঁর অর্থে, কী হবে তাঁর কুলগরিমার ?
বাভাতের অ্থের বিনিমরে মা'র কাছে কোনো কবির কোনো স্বর্গই বিকোবে না।
ব্যবিশ্বি পুত্রবধ্রূপে বে-রকম মেয়ের চেহারা ও গুণপনা নিয়ে তিনি কল্পনা-বিলাসকরতের তার সক্ষে অপ্রক্র নথাগ্র পর্যন্ত অমিল: সে-মেয়ে হবে রূপে আলোকলভা,
কণে ক্লোবতী। রূপে পোর্ণমাসী, স্বভাবে ভোরবেলাকার নদী-কিনারের জলটুকুর
মতো ইলটলে। তার মাঝে ভামল গ্রাম্যতা, প্রথর প্রগল্ভতা নর। গিলটি নয়,
সোনা। কিন্তু সোনারই বা যাচাই হয় কিসে ? আগুনে পুড়ে খাদ বেকতে কভক্ষণ ?
ভার চেয়ে এই ভালো, ছেলে তাঁর কল্পনার আয়তনের সঙ্গে প্রান্থির সামঞ্জে ঘটাতেপারলেই সোনার সোহাগা।

ভবু কোথায় যেন বাথে। বয়সে হয়তো। এক নৈকট্যটাই মা'র চোথে কটু লাগে। কেমন-যেন তার মাথে একটা লালসার অসহিফুতা আছে, যেন একটা বিসদৃশ্চ বিলাল। হ'টো বয়লের মধ্যেই প্রতীক্ষার আর অবসর নেই, একটা প্রথম উন্নুষ্ডা। সেইটেই বেন বড়ো বেলি স্পষ্ট; এবং এত বেলি স্পষ্ট বলে বেন দে-ব্যাকুলভায় লোরড নেই, আছে একটা রুচ় আদ—আনন্দ নয়, আহলাদ। কিন্তু এ কি মা'র গোঁড়ামি নয় ? মা'র সংজ্ঞাহযায়ী প্রভাতের যোগ্য বধু করতে চেয়ে বিধাভা ভো অনায়াসেই অপ্রক ভিন চার বংসর পিছিয়ে রাথতে পারতেন— বয়স বেশী হওয়া তো অপ্রক একটা স্বেচ্ছাইত ফ্যাশান নয়। যদি বলো, সে একটা ত্রতিক্রম্য ত্র্বটনা মাত্র। কিশোরী অপ্রকেই তো এককালে বয়ত্বা হতে হয়েছে। তাই বিবাহের অনভিকাল পরেই যদি অপ্র সন্তানবভী হয় তার মধ্যে রচ্তা কোথায় ? এটুকু উদার না হলে চলবে কেন ?

মেরেটি যা হোক পছলের। কাজ-কর্মে চতুর, কথায়-বার্তায় চটুল—কিজ এ-চটুলতার বিভ্রম নেই, বেশ সহজ সাবলীল স্বতঃফুর্ত। আধুনিক মেরের ক্ষরিমতাই তার কুশ্রীতা। হাড়ের তলায় কোথায় যে তার ক্ষর, সার্জারি করে তার সন্ধান মেলে না। এক বাণ্ডিল হাড় আর এক প্যাকেট মূর্শিলাবাদ সিল্ক এই ভো আধুনিক শিক্ষিত মেয়ের রূপ। অশ্রুকে কাছে পেয়ে তিনি চশমার কাঁচ বদলাবেন। হয়তো তা নর। কেটি মিরিরের নিকেল-করা গালের ওপর দিয়েও হয়তো চোখের জলের ধারা নামে। হয়তো পুঁথি-কেতাব মূখন্ব করবার ফাঁকে-ফাঁকে কদাচিৎ তারা নিজের মনটাকে বইয়ের লেখার সঙ্গে মিলিয়ে না রেখে আপনার কাছেই অজ্ঞাতে গভীর ও আজ্বরিক হয়ে ওঠে। ভগুমির খোলস খসে গিয়ে হয়তো কখনো কখনো তারা নিজের দারিস্র্য ধরে ফেলে। সেই দারিস্তাই তাদের পূর্ণতা, সেই আজ্মোৎসর্গ তাদেরই আজ্মার স্বর্গ।

না, অল তাঁর ভূল ভাঙলো। সেবায় গৃহসজ্জায় কর্যনৈপুণ্যে বিনয়-বাক্যে নম্র প্রীতে সে মা'র চোথে একটা অপরপ বিশ্বয়! বয়েস তার বেশি, আচরণে সে বিদ্রোহিণী, খাধীনকর্ত্রী, গৃহসংসারের বন্ধনচ্যুতা—এ-সব নিতাস্তই খুঁটিনাটি ফ্রটি। বড়ো পরিচয় প্রভাতকে সে ভালোবাসে, গরীব জেনেও ভালোবাসে। মা হয়ে তিনি বিদি তা না বোঝেন তবে আকালের সূর্য অন্তাচলে বাক। বচনে তার প্রকাশ হয় না, না বা ব্যবহারে—কথার নেপথ্যে যেটুকু স্তন্ধতা, ব্যবহারের অন্তর্নালে যেটুকু ক্রন্ধ ব্যাকুলভা সেইটুকুতেই তার পরিচয়। কোথা দিয়ে কি কথা উঠবে মা ভাতে কান দেবেন না। সংসারে সমাজে কোথাও যদি কিছু সংঘর্ষ ঘটে, তবে তার দায়িত্ব তাদেরই, বাদের সংস্পর্লে এই সংঘর্ষের ভক্ত হলো। মিলন যদি তাদের, মীমাংসাও ভাদেরই। প্রেম বদি এটুকু পরীক্ষা না সয়, তবে তার আগুন খালি দম্বই করবে, শুচি করবে না। না, মা'র এই খুঁংখুঁতে স্বভাবের জন্তে দায়ী তাঁর চিরাচরিত প্রখা,

বাঁধা-ধরা সংস্কার। যা সংস্কৃত হবে না তা আবার সংস্কার কি করে ? যা সহু করে না তার মধ্যে সত্য কই ?

অশ্বর ব্যবহারে ও স্বভাবে একটা কঠোর নিয়মান্থবর্তিতা আছে। কথায় এমন একটা দৃঢ়োপদন্ধির তেজ আছে যে, তার কাছে সমস্ত প্রতিবাদ যেন একটা খেলো বিবাদের মতো শোনায়। সমস্ত বিশ্বাসের মূল নড়ে ওঠে। অথচ এমন সহজ, এমন নিষ্ঠুর। এই নির্দয়তাই তার সততা। এমন উজ্জ্বল্য যার চরিত্রে, তাকে মন্দ বলভে নিজেরই মা'র সন্দেহ হয়।

ঘর-দোর দেয়াল-মেঝে ছাদ-উঠোন সমস্ত অঞ্চ ফিটফাট করে ফেললো। বারণ করো, মানবে না; অথচ তার এ অতি-অন্তরঙ্গতায় কোথায়ো যেন সামাগ্র ক্ষত্রিমতা নেই। এখন বিকেল হয়ে আসছে; ছাদের ওপর নাটুকে নিয়ে অঞ্চ কথার থেলা করছে। ধামার ভেতর ঘুঁটে গুনে রাখতে রাখতে মা তাই গুনছেন:

- —মাথার ওপরে আকাশ, তাতে তারা ফুটছে। তারা কি রকম বলো না ?
  আশু নাটুর আঙুল তুলে নিজের চোথ স্পর্শ করালো: এই রকম।
  নাটু বলনো: আমি প্রায় দেখতে পাচ্ছি। চাঁদ উঠবে না আজ ?
- —আরেকটু রাত হলে উঠবে।
- हां ह १ कि त्रकम वर्ता ना १

অশ্র অধর স্পর্শ করালো: এমনি তুকতুকে, বাঁকা, হাসি-হাসি। তুমি একবার হাসো, সেই তো আকাশের চাঁদ।

নাটু হাসতেই অশ্রু তাকে জড়িয়ে ধরলো : মেঘ দেখবে নাটু ?

নাটু ত্'হাতে অঞ্চর কতগুলি চুল তুলে বললে—ঠিক বুঝতে পারছি, বৌদি। এমনি ঘন, এমনি নরম, না ?

- এমনি ঘন, এমনি নরম আকাশময় ছড়িয়ে থাকে। তারপর বৃষ্টি।
- হাঁা, মা ধেমন শিয়রে বদে আমার কপালের ওপর চোথের জল ফেলেন, না ? আচ্ছা বৌদি—

ष्या वाथा मिला : त्वीमि नग्न, नार्हे । थानि मिमि ।

— না, না, বৌদি। মা বললেন, তুমি আমার বৌদি এসেছ। চাঁপা ফুলের মতো গায়ের রঙ্, তারার মতো চোথ চিকচিক করছে, মেঘের মতো নরম চূল। আমি তোমাকে পেয়ে সব কিছু দেখতে পাচছ। চাঁপা ফুল, তারা, মেঘ, তাজমহল, ইভেন্গার্ডেন, মহমেন্ট, চৌরঙ্গি—সমস্ত। তুমি আমার বৌদি না হয়েই পারো না। দিদি আমার একজন আছেন, তিনি থাকেন সি. পি.-তে, তিনি আমাদের সঙ্গে থাকেন না।

- -- সামি তোমার দিদি হয়েই থেকে বাবো, নাটু।
- —বা, তা কি হয় ? তোমার সঙ্গে দাদার বিয়ে হবে, সানাই বাজবে, চাটনি মেখে পাঁপর থাবো, নতুন জামা পরবো—আমাকে তোমার বিয়েতে কি দেবে তানি ? বাঃ, আমাকে আবার কি দেবে ? আমিই তো তোমাকে দেব। আচ্ছা, আমার শ্বেলিং সন্টের শিশিটা,— তার চেয়ে পুকিয়ে তোমাকে দাদার সেই ওয়াটারপ্রকটা এনে দেবো, বোদি, বুরুলে ?
  - आद मिमि शल वृक्षि किছू मित्व ना ?
- —তাহলে কম দেবো,—জমানো ডাক-টিকিটগুলো শুধু। ভুল হয়নি একটুও— হল্যাণ্ডের পর্বস্ত টিকিট আছে। দাদা সব বেছে দিয়েছেন। ভুল হলে দাদাই কান-মলা থাবেন। আমার কি, আমি তো দেখতেই পাই না।
  - —তবে তোমার ভাক-টিকিটগুলিই নেবো, নাটু।
- —তার মধ্যে গোটা তিরিশ ও-বাড়ির বিশুটা চুরি করে নিয়েছে। তুমি বদি পারো ওর থেকে আদায় করে নিয়ো, বৌদি।

अव दरत वन्त —वा, आमि य छामात्र मिनि इस कानाम।

- —ছাই, ভাক-টিকিটগুলো ছাই। তার চেয়ে দাদার ওয়াটার-প্রকটা ঢের বেশি টেঁকসই। আমি কতো দিন বৃষ্টির সময় সেটা গায়ে দিয়ে উঠোনে গিয়ে দাঁড়িয়েছি। দে বে কী মজা, তুমি তা ভাবতেই পারো না। বৃঝলে, বাইরেটা সব ভিজে বাছে, ভেতরের জামা কাপড় ষেমনি ঠিক তেমনি। তুমি দেখনি? তোমার নেই তো? তুমি কাউকে কিছু বোল না, আমি ঠিক তোমাকে এনে দেবো দেখো। ঘর-দোর সব আমার মৃথস্থ। আজ রাত্রে যদি বৃষ্টি নামে, তুমি ওটা পরে উঠোনে গিয়ে দাঁড়িয়ো, —দে যে কী মজা—দেখো, দাদাকে যেন বলে দিয়ো না।
- কিন্তু ডাক-টিকিটই বে ভালো ছিল—কভো রাজার কতো রকম মুখের ছাপ। কেউ হাঁদা, কেউ উটের মতো, কেউ বা একটা বন-বেড়াল।

মৃথ মান করে নিচের ঠোঁট উলটিয়ে নাটু বললে—সে-সব আমি কবে ছিঁছে ফেলেছি। বেশ, মাকে গিয়ে জিগ্গেস করো না। আমার বাজে তো আর চাবি নেই, বেশ নিজেই দেখে এসো না। উটও চিনি না, পাঁচাও চিনি না।

या वनलान-निर्फ अला चक्ष, हुन दाँश हि।

তবু কথাটা মা সোজাস্থজি পাড়তে পারলেন না। বললেন— বাপের বাড়ি যাবে না একবার ?

স্পষ্ট করে অঞ্চ উত্তর দিলো : না।

—দে কি মা ? ভিনি ভোমার বাবা—

- —হোন। যিনি আমাকে বহিষ্ণুত করে দিয়েছেন, পা স্পর্শ করে তাঁকে অপমানিত করতে চাইনে।
  - —কিন্তু তুমিই তো সেদিন নিজে ইচ্ছে করে বেরিয়ে এসেছিলে।
- ভাগ্যিস বেরিয়ে এসেছিলাম, মা। নইলে এতদিনে হয়তো সমস্ত প্রেরধার সলে আত্মপ্রসাদের প্রেরণাও খুইয়ে ফেলভাম। আমার সে গভীর সভাসদ্ধানের চেষ্টাকে বাবা-কাকারা মর্বাদা দেবেন আশা করিনি, কিন্ত ভাঁদের নীভিসংহিভা অন্থসারে অন্তায় যদি একবার করেইছিলাম ভবে, এক কণা ক্ষমাও আমি পাবো না —অভটা হীন আমি নই. মা।

মা কৃষ্টিভ হয়ে বললেন—শুনেছি ভোমার পরের আচরপগুলিও তাঁদের মনঃপৃত হয়নি, চিরকালই তুমি তাদের বিক্ষাচরণ করেছ।

হেলে স্বচ্ছ স্বরে স্বাস্থ্য বললে—বিশ্বনাচরণ সব-সময়েই প্রভ্যেকের কিছু-নাকিছু করতে হয় । বাবার কথা শুনতাম, বিবেকের বিদ্রোহী হতে হতো । সব জিনিসই
সব মাহ্যবের সয় না, মা । বিকেলে স্নান করলে স্বনেকের হয় সদি, কারুর কারুর
দাঁড়ায় নিমোনিয়া । কিছু বিকেলে স্নান না করলে স্বামার হয় না হজম । স্বামাদের
বিলু রোজ একটা পর্যন্ত রাভ জাগে প্রক্রিনন না থেয়ে, ঘড়িতে দশটা বাজনেই
স্বামাকে যেন কে মরফিয়া থাওয়ায় । মান্রাজি মেয়েরা দেয় কাছা, ছেলেরা পরে
লুকি । । যার যেমন ধাত, তেমনি তার ধৃতি ।

- কিন্তু বাবার বাড়ি তুমি মাবেই না ?
- —সে-বড়াই দেবী-আদি-দেবী পার্বজীরো শোভা পায় না। বেতে আমি বেমুহুর্তে পারি, তবে সসমানে; হাঁটু আমি দোমড়াতে পারবো না। বাকে সত্য বলে
  করায়ত্ত করেছি, করজোড় করতে গেলেই তা সংকৃচিত হয়ে আসবে। বাড়িতে
  আমার ছু'টি আকর্ষণ ছিলো—মা আর তিহু। আমার মৃতবৎসা মায়ের আমরাই
  ছু'টি সন্তান সম্পরীরে আঁতুড়-দর ছেড়ে গৃহবাদের যোগ্য হয়েছিলাম—আর স্বার
  আট-কড়ায়েই দম আটকেছে। সন্তানের ঋণ শোধ করতে মা ফতুর হলেন—দল
  বেঁধে এলো কাকিমারা। তোমাদের গ্রাম্যগৃহত্বকন্তার আদর্শরূপিণীরা। তিহু গেল
  জলের ওপরে, আর আমি জলে। বাবার বাড়ি কি করতেই বা যাবো ? ভনছি বাবা
  নাকি কোন সন্মানীর চেলা হয়ে দেশ পর্বটন করছেন। কাকারা এক-একটি কাক।
  রক্ষে করো, মা।

মা বিম্ননিতে ফাঁস দিতে দিতে ভধোলেন: ভূমি ভাহলে এখন কি করবে ?

—বা করছিলাম। মাস্টারি। কাজের মধ্যে ছুই—হাই-ভোলা আর পরীক্ষার

কাগজ-দেখা। তবে মান্টারিতেও কায়েমি কাহিল হতে চলেছে। কি করবো, কিছু কি ঠিক বলা যায়, মা ? তুমিই বলো না, কি করা যায় ?

এইবার অনারাদে কথাটা মা পাড়তে পারতেন, কিন্তু প্রভাত বেরোবার পোবাক পরে এসে বললে—তোমার যে এখন চুল বাঁধাই হয়ন। হাই বলো, বেরেরা বতোই কেননা হল্ত করুক, বেশবিক্সাস-ব্যাপারে তারা চিরটা কাল পুরুষের থেকে পিছিরে থাকবে। তবু মেয়েদের কতো কম ঝিছি। একটা পেটিকোট, আর হুটো-তিনটে সেফটিপিন-এর তো ব্যাপার। পুরুষের কত মাল-মশলা। হাতে বড়ি বাঁধা, মনিব্যাপে পরসা-নেওয়া, রুমালটা সাফ আছে কি না, দেশলাইটা কোধায় ফেললো—কভো ভার হিসেব, কতো তার ফ্যাসাদ। বলি, বেরোবে না!

আই হেসে বললো - পাগল। এমন মাকে ছেড়ে কোথায় বেরোব ?

প্রভাত একাই বেড়াতে বেরোল। অঞা বলল— আমি যদি এখানে কয়েক দিন থাকি, আমাকে তাড়িয়ে দেবে না তো মা? আমাকে সবাই যতো থারাপ ভাবে আমি ততো থারাপ সভিাই হয়তো নই। দেবে না মা থাকতে ?

— নিশ্চয়, এখানেই থাকবে বৈ কি। এখানে যদি তোমার আশ্রয় না হয় ভাহলে সে বে তোমার বড় ছর্বোগ, মা। কয়েক দিন কেন—আমরণ, অঞা।

ইন্সিতটা এর চেমে আর কি পাই হবে। অশ্র উঠলো শিউরে। কিন্ত মুখ দিয়ে ভাড়াতাড়ি কোনো কথা এলো না। চুল বাঁথা সান্ধ করে উঠে দাঁড়াতেই তার মনে হলো এ-সংসারের সমস্ত মাধুর্ব যেন নিংশেষে শুবে গেছে। এথন বেরিয়ে পড়লেই তো চুকে বায়। কিন্ত বেড়িয়ে পড়ার মধ্যেই বীরম্ব নেই। ছাদের রেলিঙ ধরে দাঁড়িয়ে অশ্র মোটর পাড়ির নম্মর দেখতে লাগলো। কিন্ত দৃশ্রজগতের বাইরে মন আবার কথন অন্ধকারে ভূব মারে, সেখানে অপরিচয়ের পরিধিহীন সমূল তাকে ভাক পাঠিয়েছে। কোখায় এবার সে যাবে, জীবনে আবার তার ফেরবার আশ্রয় কোথায় ? কে কি শুরু মৃত্যু ? এই প্রাণ-আদের অভিবানে কি কোনো গভীরতম ভৃথিতে তার কামনার সমাধি হবে না ?

সদ্ধা হতেই প্রভাভ ফিরেছে। ছুপুরেই তার ঘর অঞ্চ গুছিয়ে রেখেছিল। দরজা শুলতেই চোখে লাগলো ধাঁধা। আলো জালা হয়নি—তার বিছানার ওপর অঞ্চ জয়ে। প্রভাতকে চুকতে দেখেও অঞ্চ উঠে বসলো না, মলিন মেঘজ্যোতির মতো বিছানার সক্ষেই মিশে রইলো। প্রভাত ক্যাপ্তালটা জালালো। বললো: শরীর শারাপ হয়েছে নাকি ?

चक्ष च्या च्या विकृष्टि वाया वाँश्या मिलान ना। शाल चाव

কোনো কাজ নেই—ভূমি কখন কেরো, তাই ডরে আছি। তোমার নতুন উপস্থানের কিছুটা পড়ে শোনাও, তাই খানিক ডনি না-হয়।

কথার স্থরে কেমন-বেন একটা করুণ ক্লান্তির আভাস। প্রভাত বিশ্বিত হলো। তাড়াতাড়ি তার গা বেঁবে বসে বললো: নিক্তরই তোমার মন ভালো নেই, কি হরেছে আমার বলো।

আই উঠে বদে বললো: তুমি পাগল হয়েছ। মন আমার কাছে ব্যাধি নয় বে তার বারা আক্রাস্ত হব। আছি আমি ভালোই, কিন্তু এর পর কি করা বার তাই ভাবছি।

প্রভাত জিজেস করলো: কিসের পর ?

- —এলাহাবাদ থেকে কলকাতা আসার পর।
- --এলাহাবাদের জন্মে কট হচ্ছে ?
- একটু একটু- নির্মলের জক্তে।

প্রভাত বললো: তা আর আশ্চর্য কি।

— আশ্চর্য নিশ্চরই। মাতৃষ যে-আদর্শ ই ধরুক তার অপ্রাপ্তি ঘটে বলেই তার ট্রান্ধিডি নয়। সে-আদর্শকে সে আঁকড়েই থাকবে এইটেই তার অধঃপতন। আদর্শকে বড়ো রাথতে গিয়ে নিজেকে ছোট করার মতো অবনতি আর কি হতে পারে ?

প্রভাত বিছানার ওপর দরে বদলো : কথাটা থোলদা করে বলো।

- নির্মল বিবাহকে জীবন-বৌবনের পরমেশ্বর্য বলে ধরে নিয়েছিলো; ইন্দিরাকে আন্তরিকতা দিলো, কিন্তু অন্তর দিতে পারলো না। সেইটেই তার থবঁতা। আদর্শকে ছোট রেথে নিজেকে মহীয়ান করা ভালো, নিজেকে কালো করে আদর্শকে অদৃষ্ট রাধাটা বাহবার নয়। ইন্দিরাকে সে বিয়ে করেছে এইথানেই তার কর্তবার শেব; পরিশিষ্টবেটুকু তার আছে তা নিতান্ত শ্বুল। প্রেমহীন দেহভোগ আর গণিকাবৃত্তিতে তফাৎ কোথায়? তাই আগাগোড়া মনে হয় এমন সতীত্ব একটা সন্তা জনুস মাত্র; মন সায় দেয় না।
  - —কিন্তু ইন্দিরা ?
- তার কথা সবিস্তারে বলে তোমার নারীজাতির প্রতি ফ্যাশানেবল বিম্থতাকে প্রশ্রম দেবো না। ইন্দিরাকে আমি কমা করি, তাকে বিচার করবার সহজ মানদণ্ড পাই। সে ব্যক্তিষের চেয়ে সমাজকে বড়ো করে দেখে, বেগের উচ্চূ খলতার চেয়ে জড়তার অবদাদ,— বিস্তারের চেয়ে সংকীর্ণতা, চাঞ্চল্যের চেয়ে সামঞ্জপ্ত! তাকে অনায়াসে বোঝা যায়, শ্রদ্ধাও করা যায়। রমাপতির প্রতি—

প্রভাত বাধা দিয়ে বললে—ভোমার এ-সমস্ত স্বগতোক্তির কোনো মানেই আমি

কুরতে পারবো না, যতক্ষা না তৃমি বৃঝিয়ে বলো ইন্দিরার সঙ্গে রমাপতির সম্পর্কটার মধ্যে শব্দগত কোনো অর্থায়কুল্য আছে কি না।

একট্ হেসে সংক্ষেপে অঞ কুশীলববর্ণনা সেরে নিলোঁ।

—বমাপতির প্রতি ইন্দিরার প্রেমের মধ্যে ঔচ্চল্য না হোক, প্রবলতা আছে। এবং এই প্রবদতাই তাকে হয়তো একদিন পবিত্র করে তুলতো! কিছ নির্মদের উদাসীত্র ও নিস্তেজতাই এর বাধা। তবু তার চেষ্টার সীমা নেই। প্রেম পাওয়াটা দেব-তুর্গভ, কিন্তু পেয়ে গেলে অতি সস্তা অতি বাচ্ছে—তার পাওয়ার প্রচেষ্টার মধ্যেই মহত। নির্মল যদি নিঞ্জর না থাকতো, যদি তার কামনায় থাকতো কবিত্ব. প্রয়োজনসাধনে থাকতো প্রয়োজনার প্রসাধন, তাহলে ইন্দিরার জীবন শকুন্তলারই মতো হয়তো সার্থক হতো। किন্তু এ-বিষয়ে নির্মলের নির্মমতার মার্জনা নেই। আমাদের দেশের বিয়েতে এ-বিষয়ে বরবধুর একটা অত্যুগ্র অসহিষ্ণৃতা থাকে। স্বভাবে মেয়েরা নিক্রিয় বলে দোষটা বেশির ভাগ পুরুষেরই। পাওয়াটাকেই প্রাধান্ত দিয়ে চাওয়াটাকে আর ধক্ত করবার জক্ত দেরি করে না। নির্মল শেই ভূলই করেছিল, ভেবেছিল সেই ভুলই তার সংসার-সমূদ্রের ভেলা। ইন্দিরাকে সে হয়তো চাইতোও, কিন্তু ইন্দিরা অন্তার্থে রমা, ও তার দক্ষিণ দিকে একটি পতি থেকেই তাকে পতিত করেছে। সেই ট্র্যাঞ্চিডিটা ইন্দিরার যতো না ততো নির্মলের। এর ষে काथात्र शिरत ममाधान रूप्त मि-विश्वा जामाक काला क्रियह । जा हाजा निर्मालक মাঝে সহনশীলতাই আছে, উদারতা নেই। বে-যুগে আঠারো বছর আগে মেয়ের বিয়ে হয় না, তার জীবনে সামাগতম তুর্ঘটনাটিও ঘটবে না, মাটির নিচে পচে পচে সে থালি স্বামীর ভোগেই ওল্ড ওয়াইন হবে— এমন একটা ক্ষমাহীন মনোভাব অসহ। ইন্দিরাকে মৃক্তি না দিক, শ্রদ্ধা দেওয়া উচিত ছিলো। যৌবনকে সে স্পন্দিত রেথেছে, कझनारक रुष्टिभोन । ित्राहदन य अकहा महत्त्वहे नम्र अ-कथा आमदा दुवारना करत् ? সাময়িকতা, সংযম আর স্বাস্থাই হচ্ছে জীবনের মূল্যধারক। সংযমটা স্বাস্থ্যের পক্ষে প্রয়োজনীয় বলেই মহৎ, সাহিত্যের পক্ষে প্রয়োজনীয় বলেই ফুলর। কিছ ও সব কথা যাক; কি নিয়ে বইটা লিখছ?

অশ্রুকে প্রভাত ধীরে স্পর্শ করলো, ঠিক বাছর কাছটিতে : ও-কথাও থাক।

— না, তবু বলো ! শুনতে আমাও বেশ লাগবে । তুমি যে থালি কেরানি এ কথা ভাবলে আমার হাঁপ ধরে, তুমি সাহিত্যিক—আমি তাতে মৃক্তি পাই, প্রভাত । মাহুষের পরিচয় কি করে তাতে নয়, কি সে হয় । এবং হওয়ার মৃলেই তার ক্ষিপ্রয়াস । যে নিজেকে ফাঁট করে না ভাকে আমি মাহুষ বলি না । সে-হিসেবে কেরানিও কবি হতে পারে বৈ কি ।

—আমাদের দেশে কেরানির গুণ-নির্দেশ অত্যন্ত সংকীর্ণ হয়ে আছে। কিছ কোনো বড়ো বিষর নিয়েই তোমার সঙ্গে আজ আর তর্কালোচনা করতে সাথ হছে না। আমরা ছ'জনে মিলে এই বে মৃহুর্ত ক'টি রচনা করেছি তার তুলনার কোনো উপস্থাসই বাস্তব নয়, অঞ্চ।

অশ্রম কোনো সাড়া মিললো না দেখে প্রভাতকে সেই কথাই পাড়তে হলো: উপস্থাসটা পলিটিকাল। কোনো cult নিয়ে নয়, আমাদের এত বৎসরের জাতীর সংগ্রামের একটা প্রকাণ্ড ইতিহাস। যৌবনারম্ভ থেকে বার্ধক্যোত্তীর্ণ নায়কের একটা ধারাবাহিক ভাববিবর্তন। মোটাম্টি সেইটেই ধীম। যা লেখা হয়েছে তাতে চাখবার মতো হয়নি। কিন্তু ভাবছি কথাগুলোকে অত্যন্ত পারশারিক ও ব্যক্তিগত করে তুলি। কি বলো ?

घन रुख़ मत्त्र अत्म वर्षा वन्त--वर्ता।

প্রভাত প্রশ্ন করলো: ক্ষিরতে তোমাকে এক দিন হতোই—আমারই ঘরে, আমারই শ্ব্যায়, নম্ন কি ?

শল্প একট্ হেসে শ্বশ্র বললে—শস্তত শাপাতদৃষ্টিতে তো তাই মনে হবে। তুরি আমার কত বড়ো বরু তা আমার হনর বেমন জানে দেহকে তত জানতে দিছে চাইনে। তর করে। তবু মা আমার এখানে থাকবার পাকাপাকি বন্দোবস্ত করেছেন, নাটু আমাকে তোমার ওয়াটার-প্রুফ উপহার দিতে চাইছে, দিদি হলে থালি ডাক্টিকিটগুলি—তাও:নাকি সব নেই, বিশুই সাবড়েছে। তোমাদের ঠিকে-ঝি পর্যন্ত বললো: এ বৌ আনলে মা, কপালে সিঁছর দাওনি? আমি তো হেসেই খুন। মা বললেন: শিগ্গিরই হবে, লক্ষী বখন এলেন তখন তাঁকে আমরা বেঁধে রাখলাম। নেপথ্য থেকে শুনে আমি হানি।

প্রভাত বললে—সম্পর্ককে সহন্ধ করে না দেখালে সমাজের সায় মেলে না, ঐ ঠিকে ঝিটি পর্যন্ত সমাজের প্রতিনিধি।

- তাই তো দায়। ছুটির ক'টা দিন তো আমার এথানেই কাটাতে হবে। হোটেলে বেশি দিন থাকলে আমার মনি-বাাগটি পটল তুলবেন। তোমার সঙ্গে কয়েকদিন থাকতে আমার ভারি ভালো লাগবে—উবা থেকে সদ্ধ্যা, আবার পরিপূর্ণ রাত্রি। রাত্রিটা অবিশ্বি মা'র বিছানায়।
  - -कि इंडिंग क'ठा हिन मांव ?
  - --ও হরি ! তুমিও আমাকে কায়েমি করতে চাও নাকি ?

প্রভাত অক্রর হাতের ওপর হাত ব্লুতে ব্লুতে বললো—যদি অমন হালকা করে না বলো, তো বলি, চাই অঞা। খানিকক্ষণের অশ্ব অঞ্চ গুরু হরে রইলো, বোধ হর চোখের পাতাটিও নড়লোনা। ধীরে গদগদগান্তীর্ধে বললে—আমি একদিন বিবাহের সভা থেকে পালিয়ে এসে ভোমারই ছ্যারে কড়া নেড়েছিলাম। তোমার ছুই চোখ অঞ্চমখিত, দেহ অবসর। সেদিন ভোমার ঘরে এসেছিলাম হঠকারী বিজ্ঞোহিণীর বেশে, আন্ধ এসেছি ছিতধী ভপস্থিনীর বেশে। অন্ধত আমার তাই মনে হচ্ছে। সেদিন যে বেরিয়ে এসেছিলাম আসর মৃত্যুর কবল থেকে আত্মরকা করতে মাত্র, তোমাকেই বিবাহ করতে নয়।

প্রভাত স্নিশ্ধ স্বরে বললো - সে স্মানি স্নানতার। কিন্তু সেদিনের বন্ধুতা কি নিজত নৈকটোর জন্ত তবিত হয়ে ওঠেনি ?

- —হয়তো উঠেছে, কিন্ত স্থায়িত্বই কি প্রেম্বের বড়ো পরিচয়, ভার প্রচুরভা কি কিছু নয় ? তৃষি কি মনে কর ঘটো দেহ একসঙ্গে বেঁখে দিলেই কি প্রাণ একত্র হলো ? স্থানন্দ হলো সহজ ?
- —কিন্ত প্রাণ বখন একত্র হয়, তখন দেহের স্বার পার্থক্য কোথায় ? দেহ সমজে: তোমার এত ভয় কিসের ? পৃথিবীতে দেহের মতো ঐশ্বর্য স্বার কোথায় স্বাছে— বিধাতার স্বাদিম কীভিস্তম্ব ।

অক্র প্রভাতের কাঁধের ওপর দেছ প্রান্ধ বেলালো। বললে—কবিভায় দেহ মন্দির, মানি; কিন্তু বিজ্ঞানে দেহ মিউজিয়ম। দেহ সম্বন্ধে আমি নিদারূপ পৌত্তলিক। কিন্তু প্রয়োজনের নিয়মে একে বাঁধতে গেলেই এক রাতে সে এঁটো-কাঁটা ফেলবার সামান্ত একটা উঠোন; ভামলভাই বদি পৃথিবী হতো ভাহলে মান্ত্র্য আর ভূমিকম্পের ভরে কম্পমান থাকতো না। রঙ বা লাবণ্যটাই দেহের সব নয়—ওটা পৃথিবীর ভামলভার সামিল। অন্তরালে এর কভো সার্হ্ কভো শিরা কভো প্রক্রিয়া কভো কারুকার্য। বিশাস্থাতক দেহকে আমি ভীষণ ভন্ন করি। বথন সে বিশাস্থাতক, ভ্রুবই সে ছন্দোহীন, কদর্ব।

প্রভাত অঞ্চর হাত দিয়ে নিজের কণ্ঠ জড়ালো: স্বই আমি বৃঝি, অঞা। কিছু এমন অস্তবঙ্গতা এমন প্রেমকে কি আমরা উপবাসী করে রাখবো? তাইতেই কি জীবনের ঞ্রী ফিরবে?

অশ্র বললে—উপবাসটা শক্তির পক্ষে মাদকন্তব্য। তোমাকে Donne-এর কথাই একটু বলি তাহলে। দেদিন কি-একটা বইয়ে তাঁর জাবনের একটা টুকরো চোখে পড়েছিল। বাপের অমতে ভালোবেসে জেনে-ভনে তিনি বিয়ে করলেন। কাকার আপিসে কাজ করতেন, এ বিজ্ঞোহাচরপের কলে তাঁর চাকরিটি গেল। শোনা গেল বিয়েটা আইনে বাধে, তাই তাঁর হলো জেল। জেল থেকে ছাড়াপেরে স্ত্রীর সঙ্গে ত্বভর রইলেন এক নুরসম্পর্কীর ভাইয়ের গলগ্রহ হয়ে। ত্বভরের

তুঁটি সন্তান হলো। পরের বছরে আরেকটির সন্তাবনা। স্থী বখন প্রাসববেদনার মূক্ষান, Donne তখন ঘরে বলে কবিতা লিখছেন: বদি এখন মরি, তোমার কাছে এই প্রার্থনাই জানাই ভগবান, জন্মজন্মান্তরে যেন স্থীর সক্ষে আর দেখা না হয়। একটার পর একটা ছেলে হয়, আর মরে—Donne-এর কবর দেবার পর্যন্ত পয়সা নেই। তাঁর Biathanatos পড়েছ ? তাতে তিনি আত্মহত্যার গুণগান করেছেন,—এই দেহ তাঁর বন্দীশালা, দরজার চাবি তো তাঁরই হাতে। কিন্তু কবিতাই তাঁকে রক্ষা করেছিল। বারোটি সন্তান প্রান্থন করে Donne-এর স্থী প্রসবয়্রণা থেকে জ্রাণ পেলেন; সাতি সন্তান বেঁচে ছিল, তাদের Donne প্রতিজ্ঞা করালেন কথনো ঘেন তারা বিয়ে না করে। ইতিহাসে অবিশ্বি তাদের কথা কিছু লেখা নেই। এখনো শেষ হয়নি সবটা। স্থী মৃত্যুর পর Donne-এর জীবনে আরেকটি নারীর অভ্যাদয় হলো—
Anne More। স্থী হয়ে এলো না বলেই বাকি কয়েকটা দিন Donne কবিতা লিখতে পেরেছিলেন।

প্রভাত বললে—সপ্তদশ শতাব্দীর দ্বিতীয় দশকের একটা নিদারুণ উদাহরণ থাড়া করে আমাদের কেউ শাসাতে এলে আমরা ব্যঙ্গ করবো। আমাদের ছন্দজ্ঞান আছে, বিজ্ঞান আমাদের হাতের মুঠোয়।

- —জানি, কিন্তু মূল ইঙ্গিতটা ত্' শ' বছর পরেও মান হয়নি। তাহলে তথন তুমি পা থেকে মাথা পর্যন্ত কেরানিই হয়ে থাকবে, কবির আকাশ তথন উবে গেছে। আর তোমার এতো বছরের ভারত-মূক্তি-সাধনার ইতিহাস মূদির দোকানের হিসেব হয়ে উঠেছে। উদর তথন একটি বড়ো সমস্তা। তুমি মাইনে পাও নক্ষ্ই, আমি এক শ' পঞ্চাশ—তাও জলপাইগুড়িতে। কলকাতায় এলে আমার পঞ্চাশ টাকা জ্টিয়ে নিতেও প্রাণাস্ত হবে। যা সামান্ত জমিয়েছিলাম তা ফ্রিয়ে যাবে ছ' নিশ্বাসে। টাকার সংস্থান না করে কোনো ব্যবসাই উৎরোয় না, বিয়েটা তো পুরোপুরি একটা ব্যবসাই।
  - -- কিন্তু থালি আরাম পেতে হবে এ তোমার একচোথোমি, অঞা।
- আরাম না পেলে অভিরাম থাকা বায় না, বন্ধু। ছংখে-ছর্দিনে সমবেদনার গান বাজারে কাটে বটে, কিন্ধু এদিকে সংসারে যে মাথা কাটা বায়; তা লুকোবে কি করে ? আরাম চাই বৈ-কি। ও বিবাহ-hygienics-এর একটা মূল নীতি। তার চেয়ে আমি থাকি জলপাইগুড়িতে, তুমি থাকো কলকাতায় ছোট সংসার নিয়ে— মা আর নাটু। আমার কাছে তোমার অবারিত নিমন্ত্রণ, তোমার কাছে আমার। মাঝখানে সমস্ত পথ উন্মুক্ত, সমস্ত আকাশ আশীর্বাদময়। তুমি যদি এতে মূখ ভার করো, তবে বুঝবো তুমি থালি আমাকেই চেয়েছিলে, অশ্রুকে চাওনি। যদি স্থায়িত্বের

কথা ভোল, বলি, আমিই এক দিন ফুরোব, আঞ্ অবিনাশী। তুমি চুপ করে থেকো না, আমার ধারাপ লাগে তাতে।

আশ্রর মৃথখানি প্রভাত নিজের মৃথের কাছে সরিয়ে আনলো। পরিপূর্ণ ওষ্টপুটে নিবিভূ চূখন করতে করতে সে অফুটখরে উচ্চারণ করলো: "I cannot show my love except through carnal things."

কাটলো ত্' মিনিট। অঞা নিজেকে সমৃত করে বললো—বিয়ে করায় অনেক সদ্পুণ ও স্থবিধে হয়তো আছে, কিন্তু আমার-তোমার বেলায় তা আবর্জনা। আমাদের জীবনে তার মার্জনা নেই। তোমাকে পেয়ে আমি একদিন নবাবিদ্ধারের সমস্ত প্রেরণা খ্ইরে বসবো. আমার হাতে সে-অপমৃত্যু তুমি সয়ো না। কথন আবার আমাকে তোমার স্থসমাপ্ত, নিংশেষস্থধা মনে হবে সে-দিনের অপমান সইতে আমি তিলে-তিলে নিজেকে ক্ষয় করে ফেলবো না। কথন আমাদের সকল ফাঁকি ধরা পড়ে বাবে। এই বেশ, এই ভালো। তুমি আর আমি। আমরা আছি, আমরা আছি— এর চেয়ে বড়ো পরিচয় আমাদের নেই।

আঞা প্রভাতের চুলগুলিতে হাত বুলুতে লাগলো। হঠাৎ জামার তলা দিয়ে প্রভাতের গলার নীচে হাত ঘন করে রেখে বললে—তোমার মনে আরো বুঝি দল্দেহ আছে ?

অঞার চুলের আণ নিতে নিতে প্রভাত বললে—কিদের সন্দেহ ? ভোষার constancy-এর, একচারিতার ? আসা যাওয়ার জন্মে ত্রার যদি খুলেই না রাখি অঞা, তাহলে আমাদের প্রেমের আর গর্ব কি নিয়ে। যদি একদিন এলে, তেমনি যদি বেতে চাও একদিন যাবে। দায়হীন বিদারের দিনে আবার তোমাকে নিমন্ত্রণ করে রাখবো। স্বাধীনতায় যদি প্রেম স্থায়ী না হয়, তবে শ্মশানে বসে তার কল্পান অন্ধানক আমরা ক্ষমা করবো কি করে ? সে-সন্দেহ আমার নেই, অঞা। তোমাকে বৃদি পাবার গর্ব করে থাকি, হারাবার গর্বও আমার ই।

আবেশে অঞ্চ প্রভাতের কোলের ওপর মাথা রেখে শুয়ে পড়লো। জানলা দিয়ে রাস্তার গ্যানের আলোকটি রোয়াক ভিডিয়ে মেঝেয় ল্টিয়ে পড়েছে, আজকের রাতের সেই আলোটি চাঁদের আলোকেও হার মানায়।

মশারির ধার গুঁজতে গুঁজতে মা বললেন—তোমার বাবাকে জানানো দরকার, না, অঞা ?

चल चरत्र शरफ्रह । शांग किरत वनतन--किरमत कन्न, मां ?

কথাটা যা সরাসরি পাড়লেন না : যাই বলো, সমাজের চোখে ভিনিই জো তোমার ক্রায্য অভিভাবক। তাঁকে ভিঙিয়ে চলাটা কি তোমার ঠিক হবে ?

উদির হয়ে অঞা বললে—কথাটা পরিকার করে খুলে বললে উত্তর দেওরা সহজ্ব হতো, মা।

মা লর্গনটা নিবোলেন। বললেন—ধরো, ভোমার বিরের খবরটা কি তাঁকে দেওরঃ উচিত নয় ?

কণা শুনে অশ্রের ঘাবড়াবার: কথা। মা এবার খোলা সড়কে নেমে এসেছের, গিলি-ঘুঁজিতে লুকোচুরি তাঁর আর: সইবে না। তবু অশ্রু কণ্ঠখর গভীর না করেই বললে—তাঁকে খবর দেওয়াটা একেবারে বাজে খরচ। তাঁর হয়তো ধারণা আফি এত দিনে একেবারে মরে গেছি। তাঁকে বিরক্ত করে লাভ নেই, মা।

- —তবু, তুমি তো তাঁরই মেয়ে। তিনি ছখন বর্তমান, তখন তাঁকে একবাস্থ জিগ্গোস করা উচিত বৈ কি।
- —উচিত নম্ন, মা। আমি যদি বিরে করি দমরস্তীর মতো প্রকাশ্য সভায় মাল্যদান করেই বিরে করবো। আর বিয়ে যদি কোনোদিন ভাঙে, তথন দে-সমশ্যা আমাকেই মানিয়ে নিতে হবে। সে-ছর্দিনে, যাকে ত্যাগ করেছি ভার থেকে খোরপোশের জন্তে আদালতের তাগাদা আমি স্বীকার করবো না, বাবার অন্ধও সে-দিন অকচিকর। ভাগ্যের বিধান মেনে নিতেও যদি আমি একা মা, সেই ভাগ্যকে নির্মাণ করতেও আমি একাই পারবো। কিন্তু হঠাৎ আমার বিরের ভাবনায় এত ব্যস্ত হয়ে পড়লে কেন্দ্রবলো দিকি ?

অশ্রর একথানি হাত মা হাতের মুঠোর তুলে নিম্নে বললেন — আসছে অগ্রহারণে প্রভাতের সঙ্গে তোমার বিয়ে দেবো. মা।

অশ্রু ঢোঁক গিললো। পর মুহুর্তেই পরিকার গলান বললে—অগ্রহায়ণ ? বে অনেক দেরি, মা। ততক্ষণ আমরা ঘুমুই।

- —তবু তোমার বাবা-কাকাদের মত না পেলে মন যে ভারি খুঁৎখুঁৎ করে।
- তার চেয়ে, আমার মত আছে কি না সেইটেই বড়ো জিজ্ঞাশু। আমার মক্ত থাকে, তাহলেই সমস্ত উচিত-অহচিতের হন্দ্র থেমে বাবে, মা। আমি তো আরু বিপণির পণ্য নই যে বাবা-কাকারা দর হাঁকবেন ? কিন্তু আমি সে কথা বলছি না— বলছি — `

কথা কেড়ে নিয়ে মা বললেন—তোমার মত ? মান্তের চোখের দামনে কিছুই আর লুকিয়ে থাকে না। আমার প্রভাতের ওপর তোমার কী বে মায়া সে আমি স্বচক্ষে না দেখলে হয়তো বিশ্বাস করতাম না। —তা হয়তো করতে না, কিন্ত বিরে আমাকে করতেই হবে এমন একটা বারাত্মক সর্বনাশের কথাও কি মা'ব চোখে পড়লো না ? পাছে ভোমার প্রভাতের গুপর মায়া মরে বার মা, সেই ভরেই আমি পিছিরে রইলাম।

আঞ্র কঠবরে হঠাৎ কল্পালেশহীন দৃঢ়তার আভাস পেরে মা বিশ্বিত হলেন; দে কি কথা, অঞ্চ?

শশ্রু সিধ্বরে বললে—বিয়েটা সায়িধ্যের একটা কদর্য আতিশয়, মা; এত সব ছন্দের কার্ককার্য বজার রাখতে হর বে প্রাণবস্থাটিই বাষ্প হয়ে উড়ে যার। সে-ভাবহীন কবিতা নিমে কোনো কর্মনাম্বর্গেই আর ছাড়পত্র পাওরা বায় না, প্রাচীরাবদ্ধ সংসারের সংকীর্ণ উঠোনটুকুর মধ্যেই তার ইতি। শাভ করাটাই বড়ো কলা মা, লোভ করা নয়।

মা বললেন-তৃমি তাহলে বিম্নে করতে চাও না ?

—সম্প্রতি আমি প্রস্তুত নই বলেই বে কোনোদিনই বিয়ে করতে চাইবো না, জীবন-ভবিশ্বতের ওপর আমার তেমনি অনাত্বা নেই। তবে এ-কথাটা আমাকে বলতে দাও বে, বিয়েটাই মেয়েমামুষের সব-কিছু নয়, মা। মৃত্যুর মতোই সে একটা অবশুভাবী শারীরাবস্থা নয়। স্বাত্মবিজ্ঞানের নির্দেশামুসারে বিয়েটা এককালে বহুকীর্তিত হয়েছিলো, কিন্তু বিজ্ঞান এখন অনেক পুরোনো তথ্যই বাতিল করে দিয়েছে। প্রয়োজনের দিক থেকে বিয়েটা তো অকিঞ্চিৎকরই, ধর্মের দিক থেকেওঃ তুচ্ছ। পরত্র নিয়ে আমাদের আর ভাবনা নেই মা, যত ভাবি ইহের জক্তে। সেই আমাদের বড়ো ধর্ম, সেইখানে আমাদের অর্থ হলেই মোক্ষলাভ। কথাটা তোমাকে খুলে বললাম, মা।

খুলে বললে কি হবে, মা দেই বে মুখ কেরালেন একটিও আর কথা কইলেন না।
মুহুর্তে তাঁর মন আবার বিষিয়ে উঠতে লাগলো। পর দিন ভােরবেলা প্রভাতের ঘরে
ছুকে মা ভেতর থেকে দরজা বন্ধ করে দিলেন। ঘুম থেকে উঠে প্রভাত ব্যায়াম সেরে
তথন বােধহর থাতা-কলম নিয়ে বসছিল, মা'র অনিস্রাতপ্ত চােখ-মুখের ক্লক্ষতা
দেখে সে বেন আকাশ থেকে পড়লো। কিছু একটা ভেবে নেবার আগেই মা
ভধােলেন: তােরা বিয়ে করবি না?

প্রভাত এখনো নিশ্চিম্ব হ'তে পারেনি। ঢোঁক গিলে বললে—এই সন্দেহটা এমন কি খোরালো বে, এত উত্যান্ত হয়ে উঠেছ ? অঞা কিছু বলেছে বুঝি ?

মা একেবারে থাপা হয়ে উঠলেন: সাধে কি অমন মেয়ের বাপের বাড়িতে স্থান হয় না ? অনাস্টির চূড়ান্ত। বিয়ে হবে না, অথচ এই আপনা-আপনি, এই মাধা-মাথির মানে কি ?

चिंछा/२/२३

প্রভাত বললে—কথাটা তনতেই হরতো থারাপ মা, কিছু মানেটা তো তুরিই জানো। অপ্র তেমন মেরে নর, বাকে নিরে সংসারের স্থবিধে বাড়ে। কিছু ক্ষুভার বেলায় ও অপরাজের। নর-নারীর সমস্ত মুগুতাকেই বিরেভে পর্ববলিভ করতে হবে এমন নিয়ম চালাতে গেলে তোমাদের জাতিভেদ আর বাঁচে না। বিরেটা দাবার চালের মতো হির মন্তিকে ভাববার কথা, মা। কর বে, সে বিরে করে দেবা পেতে, সংসারে মন যার উডু উডু সে চার খাঁচা, দোজবরে চার অভ্যাস-রক্ষা। কিছু বেখানে এমন কিছু লক্ষা ঢাকবার হাজামা নেই, সেখানে বিরে না করাটাই স্বাস্থ্য, মা।

মা চটে বললেন—আমি অভ-শভ বুঝি না প্রভাত, অপ্রহায়ণেই আমি ভোর বিয়ে দেবো কৃষণমালবাবুর মেয়ের সঙ্গে। অঞ যাবে কবে বাড়ি ছেড়ে ?

প্রভাত বললে—থাক না, আমার বিয়ের নেমস্করটাই থেরে বাবে না-হয়।

রাতের পর রাভ কাটে। এ-সংসারের সকাল-সদ্ধার রূপ যেন বদলে গেছে; রোব্রে ঝরছে সোনার কণা, জ্যোৎস্নায় মুক্তোর কুচো। যে-বরুসে লক্ষ্মী ছিলো চঞ্চলা, মনোরথপ্রিয়তমা, সেই যেন এ-সংসারে এসে বাসা নিয়েছে, কিন্তু বাঁধন তার বড়ো আলগা। মা'র ছুই হাত অলস—অপ্রেই দিনে-রাত্রে ছু' হাতে ছোট সংসারটাকে নিয়ে সাজাচ্ছে, তার সাজ খুলছে। এই আচরণটাই তার স্থপ্তী হতো যদি তার মাঝে থাকতো সহজাধিকারের সম্পর্ক; তা নয় বলেই মা'র কাছে তা অমিতাচার। আইনের ওপর যে-দাবি প্রতিষ্ঠিত নয় তার বাদী না হয়ে মা পারবেন কেন? তিনি দ্বরুমতো খুণায় নাসাকুঞ্চন করলেন।

শক্তার দেখাদেখি প্রভাতো আজকাল পাঁচটার শব্যা ছাড়ে; সন্থ-জল-দেওরা রান্তার ওপর দিরে ছু'জনে বেড়াতে বেরোর। সারা রান্তা অসাড়, আকাশের ভকতারাটি তখনো নির্সিমের। দ্রের রান্তার গ্যাস ছু'একটা করে নিবছে, বাস একটা দেখা বার। কোনোদিন বার মাঠে, কোনোদিন অলি-গলিতে। জ্যোতির্জগৎ থেকে শুরু করে জন্মনিরোধ পর্বস্ত কোনো বাক্যালাপই ওদের মধ্যে নিবিদ্ধ নর। ব্যাস ও বাৎসারন ছু'জনকেই ওরা কম-বেশি প্রাধান্ত দের। রোদ উঠতে না উঠতেই ফিরে আসে। প্রভাত তার মোটা থাতা নিয়ে বনে কলমের কালি ঝাড়ে, অশ্রু নিজের ঘরে গিয়ে বই পড়ে, রাশি-রাশি চিঠি লেখে, তারপর সংসার নিয়ে মেতে ওঠে: ঝাঁটপাট, বাসনমাজাতক। সংসারকে ও কবিতার মতো স্থাই করতে চায়—মিল চাই, ছন্দ চাই, এমন কি বতি-চিহ্নও বাদ দেবে না। ছুপুরটা ফাঁকা, প্রভাত

চলে বায় আপিনে; অঞ্চ না-মুমিরে, চরকা না-ঘুরিরে ছবি আকে। রবীক্তনাথ ঠাকুরের ছবি দেখে ওরো ছবি আঁকতে শথ গেছে। নেই জন্ত cubism সমধ্যে বই কেনে। কোনোদিন মাকে জানিরে একাই বেরিরে পড়ে, নারী-মঙ্গল-সমিতিতে নয়, বা আর কোনো মহৎ প্রতিষ্ঠানে নয়—বেরিরে পড়ে টহল দিতে, কথনো কখনো পরিচিত বা অর্ধ-পরিচিত মেয়ে-মহলে গিয়ে আড্ডা দিতে। পাশের বাড়ির একটা বউয়ের নাগাল পেয়ে ও গলির এ-প্রান্ত থেকে শুক্ত করে পাড়ার অনেক দ্র পর্বম্ব আগ্রসর হয়েছে। হাতের তাস কেড়ে রেখে মেয়ে-মহলে ও বাক্যের তৃফান চালায়, বই পড়তে দেয়, গান গায়, ছবি দেখায়। ওর মিত্রের সংখ্যা মাত্রা হায়ালো। এক দিন কি অদম্য কোতৃহলে ও তৃপ্রবেলায় একটা গণিকালয়ে চুকে পড়েছিল। কিছ দেন-কথা থাক।

- —কেন থাকবে ? বল না ! প্রভাত আপত্তি করলে।
- রাস্তাটার যে জাত নেই জানতাম না, কিন্তু দেদিন ভাল করে জেনেছি বলেই
  মনে হচ্ছে ওর ভোল ফেরাতে হবে। মেয়েটির নাম স্থরভি। কথার-কথার জানলাম
  লেখাপড়া শিখতে বড় আগ্রহ। যদি এখানে কিছুদিন থেকে বাই, ওকে ঠিক আমি
  মান্ত্র করবো। মৃক পর্যন্ত পড়তে পারলো, কিন্তু মৃক্তি-কথাটা মৃথ দিয়ে জার বেকলো
  না। দেখি, কি করা বায়। একটা প্ল্যান ঠিক করে ফেলতে হবে।

বিকেলে ছ'জনে আবার বেরোয়। বেরোবার আগে অঞা ব্যায়াম করে। অবস্থি রাম্মাছমোদিত পোবাকে। এবার বায় বেশির ভাগ টকিন্তে, কখনো-কখনো হাসপাতাল দেখতে, কখনো বা চীনে হোটেলে। রাত্রে ফিরে এসে ঘণ্টা তিনেক প্রভাতের ঘরে নানারকম তর্ক চালায়। স্বর সপ্তগ্রামে উত্তীর্ণ হয়। উদ্বেল ছ্বের ফেনায় ফুরের মতো এক পক্ষের একটি অতর্কিত চুম্বনে তর্কের কাঁজ নিমিষে জ্ডিরে আসে। সেই সাধারণত অধর এনে যুক্ত করে বার যুক্তি ক্রোয়। রাত্রে অঞা প্রায়ই উপোস করে। মাঝরাতে প্রভাতকে শুইয়ে কপালে চুমু থেয়ে হাতের পাতায় খানিকক্ষণের জন্তে হাত রেখে ক্ষীণায়মান দিবাবসানের মতো অঞা ধীরে অপক্ষত হয়। মার কাছে শুতে আসে। ইদানি মা আর হাঁ-ছু কিছুই করেন না। এর পর কি হবে ভাবতে ভাবতে অঞা দুম যায়।

মা'র আর সইলো না। অবস্থি একটা রাগারাগি মাডামাতি করলে কোনোই স্থরাহা হবে না, বরং তাল কাটবে। বেশি মোচড় দিতে গেলে ঘড়ির আংই বাবে আলগা হয়ে। কাশীর অন্নপূর্ণা পূজায় ওঁর চলনদার জুটেছে। পোটলাপুটলি বাধা-ছাদা শেষ করে মা নাটুর হাত ধরে বললেন—খাই।

প্রভাত হাঁ-না করেনি, খবরটা তার কাছে পুরোনো। মা'র ধর্ম দিপোই বে

তাঁকে টেনেছে শাদা বৃদ্ধিতে সে তাই বুঝেছে, কিন্তু অঞ্চর লাগলো থটকা। সে বললে—আমাদের একলা কেলে যাচ্ছ কি, মা ?

মা বললেন ভোমরা একাই তো থাকতে চাও।

আন্ত্র মুখের দিকে তাকিরে মেঝের দিকে তাকালো। দারা না হয়েই দে মাতা-পুত্র বিদীর্ণ করলো নাকি? কিন্তু এই অবারিত উন্মুক্ততার মধ্যে দে তার বন্ধুতাকে কভো কাল জিইয়ে রাখবে? দে বললে—তার চেয়ে আমিই চলে বাই না কেন, মা?

বা বুঝলেন অঞ্চর কোথায় বেজেছে। তাড়াতাড়ি তার মাথায় হাত রেখে বললেন—ছি মা, তুমি বাবে কি? এই ঘর-সংসার তোমার হাতে সমর্পণ করে বাছিছে। যদি সময় পাও, একদিন বুঝবে মা, এর ভাগুরে রসের আর থৈ নেই! সে-দিনটি বেন তোমার জীবনে আসে। তোমাকে এর চেয়ে বড়ো আর কী আশীর্বাদ করবো?

চলনদার ব্যস্ত হয়ে হাঁক পাড়লো।

মা বললেন—বাই। এমন একটা ফ্রোগ খোয়ালে ধর্মের কাছে আমার মৃথ থাকবে না। একদিন আবার এই সংসার ছেড়ে ধর্মের জন্তে আকুল হয়ে উঠতে হবে অল্লা আমি কিছুরই বিশাস হারাইনি। সমস্ত দায়িত্ব গ্রহণ করতে গিয়ে তোমার বে শিক্ষা হবে তাতেই হয়তো তোমার ভবিশ্বৎ তুমি দেখে নিতে পারবে। আমি মেয়েমাছ্যকে চিনি, মা।

**শ্বশ্ব নীর**বে একটু হাসলো। নাটুর চুলগুলিতে হাত বুলুতে লাগলো। নাটু বললো—তুমি শামাদের সঙ্গেই চল না, বৌদি।

আল তাকে কোলের কাছে টেনে নিয়ে বললো—মা বেতে দিলেন কৈ ? আমি চলে গেলে সংসার কে দেখবে ?

আন্তরাল গোল ঘুচে। সকাল হতে নিশীথ। বেখানে অবসর সেথানেও অবকাশ নেই। শারীরিক নৈকটোর বেখানে অভাব সেথানেও শারীর-চেতনাই প্রথর। অঞ্চ হাপিয়ে উঠলো।

আপিস থেকে ফিরে এসে প্রভাত আজকাল আর অঞ্চকে নিয়ে বেড়াতে বেরোয় না। ত্'জনে মিলে বাখে, গল্প করে, ঠাট্টা খুনস্থড়ি, খুঁটিনাটি ঝগড়া, ছু'য়েকটি চিমটি, কয়েকটি চুম্। রাত আসে ঘনিয়ে। তথন তারা পরস্পল্লের কাছে অসহায়, নীয়বে পরস্বরের কাছে অভয় প্রার্থনা করে। ত্'জনেই বোঝে একট্ট সরে · } :

বসতে হবে। অগত্যা রাজনীতি নিরে কথা চালাতে হয়। মৃশকিল এই, ছু' জনেরই মতে গরমিল নেই। তারপর অক্ত কথা পাড়া দরকার। অঞা এ হিসাবে ধূর মোলিক। ও ব্যবসা করবে; তারই প্ল্যান ফাঁদে। ইছুল-মাস্টারি ছুণ্য কাজ। প্রভাতো তার এই হাড়-ঝরানো চাকরিটার ইস্তাফা দিক। অক্তান্ত সব বাস্তব সমস্তা। পরসা না হলে বিয়েটাই অপয়া। যাকে বিয়ে করো তাকে ভালোবেসো, কিছ যাকে ভালোবাসো তাকে বিয়ে করো না। কর্তব্যে সে আবিল, দায়িছে সে বাধাগ্রন্ত। জ্নোর চোখ তখন অক, সাইথেরার নিশাসে তখন ছুর্গন্ধ।

পরস্পরের মাঝে এতটা ব্যবধান রেথে ওরা এখন বন্দে যাতে হাত বাড়িরে হাতের নাগাল পাওয়া যায় মাত্র ; এই স্পর্শ টুকু দিয়েই ওরা পরস্পরের দেহের প্রতি প্রণতি জানায়। একটুখানি দ্বে সরে গিয়ে ওরা এখন যেন গভীর হয়ে উঠছে, অজস্র চাঞ্চল্যের ওপর নেমেছে ভাবের গাঢ় ময়য়তা, ব্যাকুল প্রকাশকে বাধা দিছে অস্কৃতির অবিচল তয়য়তা! অশ্রুর সজ্জা-প্রসাধনে এখন আর ক্রত্তিম প্রয়াল নেই, মৃথখানা সামাশ্র একটু মলিন দেখায় বলেই লাবণ্যের আর অবধি মেলে না। প্রভাত এখন প্রশাস্ত সমুন্দ্র, তার ওপরকার সোম অনস্ত-বিস্তীর্ণ আকাশ হচ্ছে অশ্রু। সমুন্দ্র নিস্তরঙ্গ, আকাশ তামসী!

প্রভাত বলে: কিন্তু দীতার প্রতি রাবণের প্রেম রামায়ণে তুচ্ছ হলেও পৃথিবীতে তুচ্ছ হয়নি। প্রেম অর্থ যদি তৃংখের তপস্থা হয়, passion-ই ভাহলে প্রেম। হেলেনের প্রতি প্যারিদের কিংবা ফ্রান্সেদ্কার প্রতি প্যাওলোর প্রেম আমার-তোমার দীর্বার জিনিদ, অঞা। তোমার Donne-এর কথাই নাও না:

Love's mysteries in souls do grow, But yet the body is his book.

শরীর একটা ঐশর্ব, যদি বলো তাজমহলের চেয়েও কীর্তিময়। প্রাকৃত ভাষায় বাকে বলো এর অস্ত্রীলতা, তাই তার সম্পদ, তার উচ্ছলতা। সভোগহীন সংযম ও কামনাহীন তপস্থা হুটোরই কোনো অর্থ নেই।

অঞ্চ হেসে বলে: দেহের স্তবগান করতে আমি আরো বাস্তব ভাষা প্রয়োগ করে থাকি। কিন্তু প্রেমকে শরীরের সহজ স্থবিধায় রূপান্তরিত করবার সময় ভার পরমায়্র সম্বন্ধে চিন্তা হয়। সে স্থবিধা টিকিয়ে রাথবার জন্তেই টাকা চাই। যভো দিন তা না হয় তত দিন আমিও হেরিক-এর একটা stanza আওড়াই:

> A sister (in the stead Of wife) about l'il lead; Which I will keep embraced, And kiss, and yet be chaste.

ঘড়ির কাঁটা খুরে চলে। রাস্তার গোলমাল ক্রমে-ক্রমে মিলিরে এলো। ছু'জনের মুখের কথা ফুরোর। যথন পরস্পরের গাড় নিখাস শোনা যায় তথনই সে ভয়ম্বর স্তর্জা। সাবধান। অঞ্চ উঠে পড়ে। বলে: ভতে যাই।

প্রভাত বলে: আমারো ঘুম পাচ্ছে।

আলাদা ছই ঘরে শুরে কাফরই ঘুম আদে না। থানিককণ ধরে এই ঘুম-নাআসাট্রু স্নায়তে একটা মাদক শিহরণ তোলে। আবার কথন এক সময় বে তারা
ঘুমিয়ে পড়ে খেয়ালই থাকে না। ভোরবেলা জেগে উঠে ওরা ভাবে: একটি
অসহিষ্ণু রাত্তি আমরা জয় করেছি। হয়তো এও আবার ভাবে: পূর্ণাঙ্গ পরিভৃত্তির
য়্পে এই কামনাকে বলি দিতে না পারলে প্রেমের তপস্থার নিদ্ধি কোথায় ? কে
জানে শুধু তপস্থাই হয়তো তপস্থার নিদ্ধি।

শুধু আকাজ্ঞাই আকাজ্ঞার ফল।

রবিবারের ছপুর। দশটা থেকে বৃষ্টি শুরু হয়েছে। কলকাতার ছপুর বেলাকার বৃষ্টিতে একটি অনতিগাঢ় তন্ত্ৰাচ্ছন্ন মাদকতা আছে। গলিটা জনহীন, ইলেকট্ৰিক পোস্টের দাঁড়ের ওপর বসে কাক পাথা ঝাড়ছে। ঘরের ছটো জানলা বন্ধ, পুব मित्कत्रको अर्थक स्थाना। अत्मत्र हाँहे आमरह वरहे, किन्न विहाना भर्वन्न ना। দেয়ালে পাশাপাশি ছটো বালিশ রেথে তাতে পিঠ দিয়ে অঞ আর প্রভাত কাঁধে কাঁধ ঠেকিয়ে বলে আছে। পা চারটে সমূথে প্রসারিত, হাঁটু অবধি গায়ের কাপড় मित्र गका। इ'म्ब्स्न हूल करत अको वह लफ़्स्- अको निविद्य वह । मतारवाश অশ্রবই বেশি। এভাত তথন অর্ধ-জাগরণে প্রায় নিশান্দ। চিত্রকর মুরিলো ধেমন সর্বদা এক কুমারীর স্বপ্নে বিভোর থাকতেন তেমনি বিভোর প্রভাত হঠাৎ অশ্রকে নিজের কাছে আকর্ষণ করলো; অশ্র বাধা দিলো না। বইটা শেষ হতে আর দশ মিনিট। তারপর আবার আরেকটা নতুন কিছু ভাবতে হবে। হাতের কাছে বদি কিছু না জোটে তবে বৃষ্টিতে বেরিয়ে পড়বার বায়না ধরে নিভাস্ক অবাধ্যপনা করবে সংকল্প করেই আন্দ্র প্রভাতকে চুমু থেতে দিলে। রোলাকের ওপর হঠাৎ ডাক-পিওনের আবির্ভাব না হলে চুমু বোধ হয় কর্কশ হয়ে উঠতো। হু'টোর ডাক এলো। পিওন জানলার কাঁক দিয়ে খামে-মোড়া একটা ভারি চিঠি মেঝের ওপর ফেলে দিলো। অঞ্চ তাড়াতাড়ি নেমে পড়ে আনলো কুড়িয়ে। কা'র এ চিট্টি 🕆 हेन्पित्रात !

প্রভাত বললো: পড়ো তো চিঠিটা। স্বামার উপক্রাসের উপাদান হতে পারে।

অধ্য মূরে বসে পড়ভে লাগলো :

चयं,

তুমি আমাকে---

বলেই একটু থামলে। বললে –ইন্দিরা কোনোকালে চিঠি লেখে না, ডাই শহিত হচ্ছি, প্রভাত। তা ছাড়া চিঠির আয়তনটাও নীর্ণ হয়। হস্তাকরটাও হুর'কম। বিতীয়টা হচ্ছে পুরুবের।—তোমার উপক্তাসটা কি ডিটেক্টিভ নাকি ?

আবার আরম্ভ হলো:

অঞ্

ভূমি আমাকে যে আলীবাঁদ করে এসেছিলে তা আর ফললো না। [ টীকা: আমি তো অতো বড়ো সতা নই। ] আমি আমী-পুত্র নিরে পরমার্থ খুছে পেলুম না। কিন্তু নারীর পরমার্থ যে সেখানেই লুকোনো ছিলো এ সভ্য-প্রতীতি আমার হয়েও হলো না। কায়মনে আমি আমীর প্রেমহীন ব্যভিচারের কাছে আত্মসমর্পণ করেছিল্ম, কিন্তু অভৃত্তির মক্তুমি পেরিরে বেখানে এসে বুঝলুম সে আমার পলাতকা মরীচিকা, তথন মরতে আমার আর বাকি নেই। খুলেই বলতে হবে, অঞা। আজ জর একটু কম বলেই লেখবার চেষ্টা করছি। কিন্তু সর্বদেহ বিষাক্ত হয়ে গেছে—কবির ভাষায় নর, ভাজারি কথার। বাচবো আর না।

তবু জাবনে আমি মরতে চাইনি। রমাপতিকে জুলতে পারবো না, নারী হয়ে এবন অসম্ভব করনা-প্রবণতা আমার ছিলো না। তাকে আমি স্বচ্ছন্দে জুলোচনুম। সে-ভোলার মধ্যে আমার আনন্দ ছিলো। তাকে আমি স্বদর দিয়ে ওক করেছিলুম, স্বদয় আমার কয় হয়ে গেছে। [ টীকা: আমাদের স্বদয় কিছ এতো সহজে কয় হয় না। আমাদের স্বদয় নিয়ুর মতো বিক্ষারিত, বিত্তারিত। একজন বালতি করে জল নিয়ে গোলেই সম্প্র ভোবা হয়ে বায় না] স্বামী আমার দেহের হয়ারে এসে দৈছ জানালেন। আমি অয়প্রণা। শিবকে সয়্যাসী হতে দিলুয় না। হয়য় থেকে দেহ—পূর্বরাগে এই হছে পূর্বাপর সম্ম ; বিবাহে হছে দেহ থেকে ফ্রদয়। সে-প্রতীক্ষায় ধর্ম আমার ছিলো বলেই আত্মহত্যা করিনি। আমি তীক বতোখানি সত্য, তার চেয়ে বড়ো সত্য আমি সহিষ্ণ। নইলে এই কয়র্ব দিনরাত্রিবাপনের বীভৎসতা থেকে মৃত্যু আমার কাছে অধিকতর বিস্কৃশ ছিলো না, অঞ্চ।

মনে হয়, স্বামীকে স্বামি ভালোবাসভে পারতুম। ভালোবেসেও ছিলুম হয়তো।
স্বামী সংজ্ঞাটার ওপর সভিাই স্বামার মোহ স্বলোছিল। বেদিন প্রস্ব বেদনা শুরু
ছলো, উনি [টীকা: স্বভিপ্রধারে সর্বনাম।] শিররে বঙ্গে কপালে হাভ বুলিরে
দিক্সিলেন। সেইদিনই দেহে মনে এই কথাই বিশাস করেছিলুম স্প্রামা, এর চেয়ে বড়ো

নাফল্য বড়ো কুভিছ নারীর স্বর্গে-মর্তে কোথাও কিছু আর নেই। আমি নাধবজী এর চেরে বড়ো পরিচর আমি সন্তানবতী। সন্তানেই আমার স্থামীর পুরিচর। মনে হলো ব্যক্তিবিশেষ গোণ, সন্তানই আমার সন্থান ছিলো। এর জন্তে দেহপাত করে স্বথ আছে। আকাশের কোলে স্বর্গাদরের চেয়ে জ্যোতির্ময়, র্গাদ্ধকারের পরে নব প্রতিভাব নবীন প্রদীপ্তি। আমি মৃথ ছিলুম বলেই এত দিন দেহের এই উৎসবক্রে সন্থান করিনি, কিছু সেদিনের সন্তাবনার স্বপ্নে আমি মেরির চেয়েও গোরবগর্বিজা ছিলুম।

ছেলেবেলায় সেই যে বিভাসাগরের মা ভগবতী দেবীর কথা পড়েছিল্ম সে
আমার মনে কোথায় যেন দাগ ফেলেছিলো। ভগবতী দেবীই আমার কাছে মা'র আদর্শ ছিলেন। আমি মনে-মনে তাঁকে প্রণাম করে তাঁর কাছে আশীর্বাদ ভিকা করনুম। কিন্তু ঈশ্বর আমার সদম্ম হলেন না।

তিন দিন তিন রাত্রি অসন্থ বন্ধণা সন্থ করে মৃত পুত্র প্রস্ব করলুম, অঞা।
আমার জীবনে এত বড়ো ক্ষতির মুখোমুখি দাঁড়িয়ে আমার সমস্ত আকাশ শৃষ্ত
হয়ে গেল। খালি ধূলো আর আবর্জনা। কর্দমের সমস্ত আবিলতা ঘেঁটে ষে-পথ উদ্ধার
করতে চেয়েছিলুম তার কাঁটাই আমাকে বিথে বইলো। মনে হলো আমি কতো
কুৎসিত, আমী কতো রুড়! মনে হলো আমরা ছটো যয়, কর্কশ, তুল, স্বয়মাহীন।
যা ছিলো "pulse of the machine" তাই গেল হারিয়ে। ভাবলুম বাঁচবার আর
মানে কী?

ভাক্তার ভর দেখালো। নিজেও বৃদ্ধি এ আমার অক্সার আবদার—বাঁচা আমার হবে না। তবু আমার তৃঃখ নেই। আত্মহত্যা যদি একটা experiment হর, জীবন তারো চেয়ে বড়ো পরখ, অঞা। আমি আরেকবার পরখ করবো। আবার কাদা ঘাঁটবো, কাঁটা দল্বো, মরু ভিঙোবো। মরীচিকা নয় অল চাই; দেই জলই আমার কাছে নামান্তরে জীবন। সন্তান আমার চাই। দেই আমার আসন, আমার আশ্রন, আমার মহিমা। এর চেয়ে দেহের আর কী বড়ো কবিতা হতে পারে ভাবতে পারি না। বিবাহকীর্তনে ভল্টেয়ারের সঙ্গে না মিলি ক্ষতি নেই, কিছ এ-সম্পদ্ধ অর্জনে পরাজ্বখ থাকবার মধ্যে অহংকার দেখতে পাইনে। আমি যাতে বাঁচি, দিন-রাত্রে ভগবানের কাছে এই-ই থালি প্রার্থনা করছি। তুমিও অঞা, প্রার্থনা করো।

না না, এর পরে বিজ্ঞপাত্মক সমালোচনা বেখাপ হবে। অঞ্চ পৃষ্ঠা উন্টোল : বেদির ও-চিঠিটা আর ভাকে কেওয়া হয়নি। টেবিল গুছোভে গিয়ে চিঠিটা আজ নজরে পড়লো। বেছির লেখা সমতে গুছিয়ে রাখবার ইচ্ছা ছিলো বলে ওটা পড়তে হলো, দেখল্ম চিঠি—অঞ্চিকে লেখা। ভাবল্ম, আর একটা লাইন জুড়ে না দিলে চিঠিটা অসম্পূর্ণ থাকবে।

কাল সন্ধ্যার বেদি মারা গেছেন। ইভি।

বিমল

আজকে অশ্রম শেব রাত্রি। মানে, কাল সে কলকাতা ছাড়বে। এ-সতা অবস্থি লে দিনের বেলায় জানতে পায়নি। পাবে—রাভ আরেকটু গভীর হোক।

এ-অঞ্জান মশা কম বলেই তো মনে হয়—মার মতো অঞ্চ মশারি থাটায় না। জানলা থোলা থাকে, দোরটা ভেজানো। আলো নিবেছে। অঞ্চ বুমিয়ে।

খুম অঞ্চর পাতলা নয়। তাই কে একজন যে তার শিয়রে বদে কপাল ও কানের কাছের চুলগুলিতে আঙুল বুলুছেে সে তা টের পায়নি। কিন্তু সেই হাত ৰখন গ্রীবা উত্তীৰ্থ হয়ে বুকের সমীপবর্তী হংগছে তখন সে চোখ খুললো। বুঝলো, প্রভাত।

বৃক্তে অপ্রর দেরি হলো না। সামিধ্যের অপচর হয়েছে। নিভৃতির সীমারেখা লব্দন করেছে প্রভাত। কিন্তু প্রেম অর্থ বেমন আত্মদান তেমনি আবার শাসন। প্রতীক্ষাটা হচ্ছে প্রস্তুত হওরা। প্রস্তুত আছো কেউ হয়নি। অপ্রুত কি ভেবে মাথাটা প্রভাতের কোলের ওপর ধীরে তুলে দিলো। সকল উগ্রতা উপশাস্ত হলো বৃঝি। প্রভাত তার চোখে চুম্ থেলো।

আন্ধ বললে – এনে অবধি আমার এলাজটা ধলের মধ্যেই বন্দী হয়ে আছে – ভাও ভক্তপোবের তলার। তাই আন্ধ একটু বান্ধাই। বার করো না।

ইন্সিডটা ব্যক্ত। তব্ প্রভাত বললে—গান তৃমি কাল গেয়ো।

আই উঠে বসলো; হেসে বললে: গান তাহলে আমি কালই গাইব। কাল আমি অলপাইগুড়ি চলে বাব, প্রভাত। আমার বিচ্ছেদেই হবে তোমার গান। বলে উঠে বসে এবার সে প্রভাতের মাধাটা নিজের কোলের ওপর টেনে আনলো। ভার মুখে হাত বুলুতে-বুলুতে বললে—পৃথিবীতে আজো এমন কবিতা লেখা হয়নি বন্ধু, বে আর্ত্তি করে তোমার চোখে স্বপ্ন এনে দি।

প্রভাত বললো : কাল সভ্যিই চলে যাবে ?

- —ভোমার কট হবে খুব ?
- —হবে ; তবু—
  - --কি তবু ?

- —তবু তুমি থাকো এ কথা ছোর করে বলি কি করে ? আমার এ হডকুছিভ বাড়ি-ঘর, এ হতকুছিত চাকরি—
- তবু এ নিম্নেও, এ সম্বেও তোমার ফুর্থর্ব শক্তি সে তুমি তোমার শরীরে-মনে সর্বক্ষণ অঞ্জব কর না ? অঞ্চ আদরে আরো একটু উদার হলো।
  - সে তো ভালবাদার শক্তি মাথা তুলে উঠে বসল প্রভাত।
- —হাঁা, সেই শক্তিতে তুমি এই নির্জনতাকে পর্যন্ত পরাভূত করলে। মা কি রক্ষ বিপন্ন করে ফেলে গিয়েছিলেন আমাদের ! ভেবেছিলেন এর থেকেই বৃদ্ধি আমাদের বিয়ে হয়ে বাবে। বিয়ে আর সকলের জন্তে হোক, আমাদের জন্তে নয়। আমরা বিবাহের চেয়ে বড়ো!
- —সে ওধু তোমার কৌশলে, তোমার কারুকলার। নইলে আমি তো ছন্দ পভন করে ফেলেছিলাম!
- না, সমস্তই সেই শক্তির গুণ। তারি জন্মে তৃমি অন্ধ হতে পারনি, হিংশ্র হক্তে পারনি –
  - হাা, সেই শক্তিতেই তোমাকে আমি ছেড়ে দেব।
  - —ছেড়ে দেবে কি গো, শুধু দূরে রাখবে।
- —হাঁ।, তথু দূরে রাখা। নিকটই ভয়ের। দূরই আশার। নিকট তুর্বল করে, দৃর অক্ষয় করে রাখে। তুমি দূরেই তোমার কাব্দে চলে যাও।
  - —আর তুমি ?
- —আমি ততদিন আমার উপস্থাসটা শেষ করে ফেলি। কিন্তু, প্রভাত **উবেল** হয়ে উঠল: তাই বলে তুমি কি আর ফিরে আসবে না ?

তাকে ধীরে সরিয়ে শাস্তমরে অশ্র বললে, —এ উপক্রাস তো শেষ হবার নম্ন, যথনই ভাকবে তথনই ফিরে আসব। উপক্রাস কেবলই বেড়ে যাবে, পৃষ্ঠার পর পৃষ্ঠা, পর্বের পর পর্ব।

দার্জিলিও মেল ছাড়লো রাত্রে। প্রভাত প্ল্যাটকর্মে—অঞ্চ একটা সেকেও-ক্লাশ কাষরার জানলা ধরে বাইরের দিকে চেরে।

काक मृत्थ कात्ना कथा तरे।

গাড়ি ছাড়বার ঘণ্টা দিয়েছে। প্রভাত তাড়াতাড়ি জানলার কাছে লয়ে একে বললে—জাবার কবে ফিরবে ?

আই হাত বাড়িয়ে প্রভাতের হাত পার্শ করলো: বলেছি ভো, বধনই ভাকৰে তথনই ফিরব। একবার সামি ডেকেছিলাম, এবার তুমি ডেকো।

タ 英 を を

## हेंग-कृषा

# প্রথম সাহিত্যিক সাথী শ্রীপ্রেমেন্স মিত্র

করকমলেষু

এই গল্প ক'টি লেখা তেরোশ তিরিশ থেকে চৌদ্রিশ সালের মধ্যে'। কল্লোল, উত্তরা ও প্রবাসীতে প্রকাশিত হয়েছিল।

এই বইখানি প্রকাশিত করতে সবচেয়ে বেশি সাহায্য পেয়েছি শিল্পী-বন্ধু শ্রীজজিতকুমার সেন-এর কাছ থেকে। প্রচ্ছদপটের চিত্রটি শ্রীদীনেশরঞ্জন দাশ-এর আঁকা।

পোৰ, ১৩৩৫ চিঠিটা বে এমন কাজ করবে, ভাবিনি। ভাবিনি মানে ভাবতে শিখিনি।
শামার ছাব্দিশ বছরের পৃথিবী উল্টো কথাই ব'লে এসেছে—বরাবর।

বন্ধু জ্বাব দিয়েছে—ভোমার বিপদে হাত বাড়িয়ে দেবে এমন জন ভোমার আছে—জীবনের শেব নিখাস পর্যাস্ত।

ও কথাটা বড্ড বেশিদূর টানে।—ওটা ওর স্বভাব।

খারো লিখেছে—জীবনের উপর গোসা ক'রো না। এই বস্থন্ধরা ভ' বিধাভার খানন্দের একবিন্দু খ≌দ্দল। ইত্যাদি।

তারপর ওদের পাড়ার খোরা-ওঠা নাকা রান্তার ছাাক্ড়া গাড়ীর আওরাজে কী অনির্বচনীয় আনন্দের গং বাজে—তার বর্ণনা। কবে একটা চড়ুই আর বোক্ডা একদকে খোলা থিড়কি পেয়ে ওর ঘরে চুকে বাসা বেঁখেছিল কড়িকাঠের ভলায়, আর পড়ো দেয়ালের ঘুপলি অন্ধকার কোলে; —কবে বাব্লার একটা ড়কনো মরা ভাল ত্বলা রোগা মা-হারা খোকার মতো ওর দিকে চেয়েছিল করুণ চোখে—কবে কোন্ গাঁরে থাঁড়া একটা ভিথিরি মেয়ে ছায়া-মেলা অপথের তলে ব'মে একটা ছাগল-ছানাকে কাঁটাল পাতা খাইরে দিয়েছিল— তারই কাব্য—ভূয়ো, ভ্যাপ সা। এবং শেব লাইনে সমস্ত কিছুর চুষক—এ জীবন প্রিয়ার প্রথম চুষনের মতো—ভারণর অনেকগুলি বিশেবণ।

চিঠিটার সঙ্গে মনি-অর্ডারে একলোটা টাকা। চেয়েছিলাম কিন্তু গোটা ভিরিশ। বিপদও আর কিছু নয়, মাস চারি মাইনে দিতে না পেরে আইন-ক্লাশ খেকে নাম কেটে দিয়েছে।

কিছ আমার টাকা চেরে পাঠানোর মধ্যে বিশেষ একটা কারদা ছিল—তার পাঁচিই ও জখম হয়েছে। ওর মনটা বেখানে কাদার মতো প্যাচ্পেচে সেথানেই শাব্লা মেরেছিলাম। কিছু একেবারেই একশো টাকা উঠে আসবে, ভাবিনি।

হঠাৎ দেখা বন্ধর সঙ্গে।—আরে রাজা বে, কলকাতায় ? ওর মেজেন্টা রঙের চূপ্সো র্যাপার থেকে শির-ওঠা হাত বের করে আমার হাত ধ'রে বললে তার কাছেই আসছি। কি হয়েছে তোর ? ভাগ্য বৃদ্ধি চিমটি কাটছেন!

গভীর হয়ে বলগাম—সে অনেক কথা।

—চল্ ঐ কেবিনটার, কিছু খাওয়াও বাক—আর আমাদের ছুংখের পাতাগুলিও উন্টোনো বাবে।

কেবিনটা দম-বন্ধ-করা একটা পচা শুক্নির মতো ধূপ ক'রে প'ড়ে আছে বেন দ যত গাড়োরান আর ঝাড়ুদারের আড্ডা। ধেনো মদের সঙ্গে মৃড়্মুড়ে ক'রে ভাজাং কাঁকডার ঠাাং।

চুকতে চুকতে রাজা বললে—ওরা সমাব্দের জোবার সব-নীচেকার ঘোলাটে পাঁক, আর ঐ বারা দেশোদ্ধারের জন্ত কোমর কাছতে কাছা খুলছেন ওঁরা ওপরকার টলটলে জল। ওদের সঙ্গে সমান পংক্তিতে ব'লে জানিয়ে দিতে হবে ওরা আমাদের সগোত্ত।

বললাম—কিন্তু ভাই ঐ চিংড়ি মাছের ছিব্ডেগুলো নয়। হ'লই বা কলাই-করা পাঁজর-বের-করা কাপ, তাই ছ' পেয়ালা চা নে।

এক কোণে বসলাম।

বন্ধু বললে—ওদের সমস্তটা জীবন হাপর। এক কোপে ব'লে সমাজ নামে কামার লোহা পিট্ছে—ওদের সমস্ত আশা বা বাসনা সব তাই চ্যাপ্টা, থেঁৎলানো, ধারালো নর।

আবার বললে—ঐ দেখ্, ছোট্ট ছেলে আৰু ভিথিরি বাপের মূখে থাবার তুলে।
দিছে।—বুড়োটার কি গোগ্রাস, গিলছে না ভ' অভিশাপ দিছে। কিছ ছেলেটি
ভাই—অনিক্য। ওকে এক্বি ছুটো টাকা দেব।

ভারপর বললে – কি হ'ল তোর ? ভারপর ?

एध् वननाम—वाड़ी ट्राइड व्यव—

ওর পাঁচটা লম্বাটে আঙুলের চাপড় খেয়ে খুখুরো বুড়ো বেঞ্চিার পা-গুলো বিজ্ঞাহ ক'বে উঠল !

— তাই। আমরা সব ঘরছাড়া, মূশাফির। বৃদ্ধ থেকে গাদ্ধী। যুগ যুগ ধ'রে সভ্য-আমাদের আহ্বান করছেন—আমরা চলেছি!

এক চুমুক কালো চা গিলে কের বললে—কেন বাড়ী ছাড়বি ?—প্রেম ? মেঝের ওপর এক গাদা পুতু কেলে বললাম—ছোঃ!

- —তবে ?
- —বাড়ীটা ভূতে-পাওয়া। দেয়াল গেঁথে গেঁথে সব জানলা কবাট বৃদ্ধিয়ে দিলে, ভাই। থোলা হাওয়ায় বেরিয়ে এসেছি।

ত্ব'টো হাতে ঝাঁকড়া মাথাটা চেপে ধ'রে রাজা বললে—তাই আয়। বন্ধ দেয়ালে আর ক'টা জানলাই বা ফোটানো বাবে ? তার চেয়ে আমার এই ফাঁকা আকাদ্দ চের ভালো—থাক্ না তাতে বন্ধ। কিন্তু তাই, প্রেমকে অবজ্ঞা করিলনে।

ওর মূথ ব্রটিং কাগজের মতো শোষা—শাদা হয়ে এল। ভাবলাম, ভূল জারগায় কল টিপেছি। কথ্যি চাকাটা অক্ত রাস্তায় ঘুরিয়ে দিতে হবে।

ও বললে—স্থামি প্রেমের জন্ত ঘর ছেড়েছি, ভাই। সমস্ত পৃষ্টিই ড' বৈরাগিনী। সম্ব্যাভারা থেকে চৈত্রের রজনীগন্ধ।

স্যাভদেতে কাব্য। ভবু ভনভে হবে।

ঠোঁট কামড়ে বললাম - নিশ্চয়ই।

ও বন ভরসা পেল। বলভে লাগল—অনেক কথাই। মেয়েটি বি. এ. পরীকা দেবে, তার ভালোবাসার মধ্যে মা'র নির্মলতা ও বন্ধুর শোভনহাদয়তা মাথামাথি। সমাজের বুনো জঞ্চালের জ্বাল ওদের আটকে রেথে দিতে চায়, ওরা তা ছিঁভুবে। লাহনার সংক্ লাহনার বিয়ে।

— স্বার বদি বা দিতে গিয়ে হাত ছিঁড়ে বায়, বাঁধন ছেঁড়ে না – তবে এই চরা। চরব্যাপী স্বপূর্ব স্কৃতার্থতা – মধু মধু এ বিরহ! বিয়ে নিঃসঙ্গতার সঙ্গে নিঃসঙ্গতার।

চা খাওয়া অনেকক্ষণই ফুরিয়ে গেছল, ভবু একশোটা টাকার সন্মান রাখতে বে একঘন্টা কেটে যাছিল, বেন মনটা করাভ দিয়ে কেটে-কেটে।

রাজার দে প্রকাও ইতিহাস। গোড়া আছে আগা নেই—থানিই বেড়েই চলে। আর এক কাপ চা-ও ভেতো হয়ে উঠন।

এক চড়ে গালের ওপর প্রকাণ্ড একটা মশা মারতেই ও ব'লে উঠল--আহা !
--ছুই অনিলকে চিনিন, অনিল মিত্তির ?

- ना। (क ति?
- ---কবি।

ৰুপাটা এত ধীরে উচ্চারণ করল যেন চেঁচিয়ে বললেই কথাটার পবিত্রতা থাকবে না।

বললে —খালি প্রকাশ দিয়েই মূল্য নিরূপণ ভূল, ভাই। অন্ধকারও ত' অপ্রকাশ। নাই বা হ'ল রবি।

- —কে হ'তে বলছে ? বেশ ত'—কি করেছে সে ?
- —ক্লেতো থেকে ওয়েলস্ পর্যান্ত বে বাগা চলেছে যে বাগা ও-ও দেখছে ভাই।—এই পারেরই বাগা। মাত্র্য কান্নার সমূত্র পেরিয়ে গেছে, ক্ষিয়ার কটি মিলে গেছে, ভারতের মৃক্তি। ও তারই জন্মান গাইছে।
  - —চল, এবার উঠি।
- —ও কি বলে জানিস ? বলে—অঞ্জলে ধুলো ধুয়ে ভিজিয়ে দিয়ে যাই, বুক পেতে পেতে কাঁটা গেঁথে নিই—তারপরে নব তৃণ চোথ মেলুক—অশোক বৃদ্ধ নিমাই।

  অভিযা/২/২২

र्त्मात कें'रत फेटिं नेंडेनान।

बाखात्र त्यांस ७ वनलं स्वितिह शिनि, त्यक्तिह कृतित्व त्यनि । बहैरथत्व

कविण पाछणाए हात्र रत्रक, नांक निँह (क वांशा निर्हे।

ক্ষিরে এসে বললে—শোন, আমি কলকাতাতেই থাকব এখন। একদিন বাস্, কবির সঙ্গে আলাপ হবে।

ठिकाना व'तन पिन।

তবু ওর নাম রাজা। ও বেন একটা দাঁড়ি;—থেমে আছে। বেমন চ্যাঙা, তেমনি বেচপ—হাড় গিলে—কাপড়ের পাড় হাঁটু পর্যস্ত এসে আর নাবে ন। ধূলোটে চটি জুতো হা ক'রেই থাকে—র্যাপারের তলায় ছেলাওয়ালা একটা গেঞি মাত্র। বছদিনের চেনা বন্ধু বেন।

ও বেন বিধাতার একটা ঠাটা।

কুয়াসার মোড়া ফ্যাকানে আকাশ পা গুটিরে কুঁক্ড়ে পড়ে আছে—প্রভাত-রৌত্রের আলোয়ানটা গারে টেনে নিভে পর্যন্ত আলভা

আমাদের পাড়ার পিছনকার মেটে গলিটা সাপের মতো এঁকে-বেঁকে বেধানটার চুকে আর ফিরে আসতে পথ পারনি—সেটা একটা বেওরারিশ বস্থি। বাসিন্দাগুলি সব ধাঁধা—কেউ ভিক্ক, দিন-মজুর, ফিটার-মিস্ত্রী, জুতো-সেলাই, ফিরি-উলি, বেন্দা; প্রকাণ্ড একটা মশারির গারে বেন নানা রঙের ছিটের ভালি দেওরা।

আমাকে বিশ্বিত হ'তে সময়ই দিলে না ও। হাত ধ'রে ফেলে বললে—কাল রাতে ত্বুত্ত পারিস্নি নিশ্চয় ? ভোর না হ'তেই শক্ষর স্থক হয়েছে ?

শামি বে কৃষ্ণি সেরে গলামান ক'রে রোজই এত ভোরে বাড়ী ফিরি—নাই বা বললাম। বললাম, ওর মতন ক'রে—চোখের জলে ঘুম সব মৃছে গেছে। রাতের একটি তারাও ঘুমার না!

ও আমার হাতটা ফের চেপে ধ'রে বললে—আর আমার সঙ্গে।

- —এই বস্তিতে ? কেন ?
- শার্য না। জীবনের দেউড়ির দরজা বন্ধ ক'রে মাঝে মাঝে এই সব খিড়াঁকির দরজা খুলে দিই। সদর রাস্তা ছেড়ে এই স্কৃত্তের মধ্যেই ভার দেখা পাই — গালিখুঁজির মধ্যে।

গা খিনখিন করছিল। কিছ হাত পাতলে একশো টাকার সংখ্যাটার পাশে আরেকটা শৃষ্ঠ বসতে পারে, এ ভরসা বে আছে!

রাজা ওর টাঁাক থেকে কতকগুলো রেস্ত বের ক'রে সার-বাঁধা মাটির ঘরের রুদ্ধ জানালার ধারে ধারে রেখে রেখে এগিয়ে চলল।

- —এ কি রাজা ?
- — আজ এই পাড়াটা। রোজ এমনি ভোরে ওদের ঘুম ভাঙার আগে পাড়ায় পাড়ায় পয়সা বিলোই।
  - —ভার মানে ?
- —মানে কিছুই নেই। ওরা ওদের ভোরবেলাকার জানলা খুলে অন্ততঃ ভূল ক'রেও একটিবার ভাববে—ভগবান আছেন। ওদের আনন্দে ভোরের আকাশ লাল হয়ে উঠবে।

বললাম-ওদের মদ-ভাং-এর পয়সা জুটল।

— জুটুক! সমস্ত দিনের হাড়-গোড়-ভাঙা থাটনির পর এক প্লাশ জুটুকই না। কাল কাল হয়ত ওষ্ধ, ত্'বেলার চা'ল, মরস্ত ছেলের জন্ম এক ফোঁটা ত্ধ। কিছু ভাবিনা তা'। খুলি হবে ত' ওরা?

একটা জানলার খোপে একেবারে একটা টাকা পছল।

বললাম-এত ভাগ্য কা'র ?

—একটি ভিধিরি-খুকীর। রাস্তার মোড়ে ওর ফুলো মাকে বসিয়ে রেখে ও পুরে আরেকটা মোড়ে কাঁদতে বলে। ওদের কী নিদারণ দারিদ্রা তা ও নিজেই জানে না। ভালো ক'রে তৈরী ক'রে কাঁদতে পারে না—কেউ শিখিয়ে ত্রম্ভ ক'রে দেবারও নেই হয়ত। ওর ঐ সরল ভানটি ভারি ফুল্ফর লাগে।

পরে বললে—ওর মা'র বসস্ত হয়েছে। মা-হারা হ'লে ওকে আমার বাড়ী নিম্নে বাব—আকদ্দের সঙ্গে বিয়ে দেব ওর।

—কে আকন্দ ?

হেদে বললে—আমার ছেলে।

বাইরে এদে বললাম—কাকের কাছে ভাত-ছিটোনোর মতো এমনি ক'রে নোহান্তা পর্যা ছড়ালে ফতুর হ'তে আর কতদিন ?

ও আমার কাঁথে হাত রেখে বললে—আকাশের সমস্ত আলো ঢেলে দেবার আনন্দে ফতুর হয়ে গেছে, ভাই। জীবনে যে ভালোবাসতে পেল না সেই ত' ফকির, ফতুর।

ঢোক গিলে বললে—পৈতৃক সম্পত্তি ভোগ করার অধিকার আমাকে কে

'দিয়েছে—এদের স্বাইকে বঞ্চিত ক'রে? আমার বাবার ছিল প্রকাণ্ড স্থদের কারবার—প্রতিটি টাকায় এদের রক্তের দাগ লেগে আছে।

- --তবু তোর চটিটার হাঁ বুজল ন ?
- —বারা চটিজুতোর মতো অত ফ্যাল্না নর, তাদেরই হাঁ বুজুক !

একটা লোক - বোতামহীন হাঁ-করা কোটটার ছটো পাশ উদলা বুকের ওপর জোরে আঁকড়ে ধ'রে ডান হাত মেলে বললে—দেশলাই আছে মশাই ?

ওর ঝোঁচা খোঁচা দাড়িগুলি একটি একটি ক'রে গোণা যায়; – ঠোঁটের ওপর একটা ঘা হওয়াতে গোঁটটা ঝুলে পড়েছে—মাছিরা লুক হয়ে উঠেছে তাই। বাঁকারির মতো বাঁকানো দেহ যেন জিজ্ঞাসার চিহ্নের মতো – বিধাতার জিজ্ঞাসা।

ৰল্লাম — তোমার ঠোঁটে ও কিসের ঘা ?

—বিড়ি ধরাতে আগুন লেগে গেছল। আরশোলারা চেটে চেটে ঘা বাড়িয়েছে।
রাজা বললে—দেশলাই ত' নেই। ঐ মোড়ের দোকান থেকে কিনে নাও গে।
কেশলাই সঙ্গে না থাকাটা যেন ওর অপরাধ—এমনি ভাবেই লোকটার হাতে
ও পরসা দিল।

মোড়ের দোকানটা নিশ্চয়ই বস্তির মধ্যে নয়। রাজাকে তাই বললাম।

ও বললে — দোকান এখনো খোলেনি বৃঝি। ঘুরে এসে কিনে নিয়ে যাবে।
বললাম—এটা ওর ফাউ হ'ল।—জানলার কাছে যা পেল তার উপরিপাওমা। ও এই বস্তিতেই থাকে।

এও রাজা কমা করে। বলে—ঠকিয়ে নেম্ননি ককণো, ওর পাওনাই নিম্নে গেছে;—শুধু জোর ক'রে নিজের দাবী জাহির ক'রে বলতে পারেনি—এই যা। আমরা ওদের থেকে বিধাতার আলো-বাতাস কেড়ে নিয়েছি চুরি ক'রে, আজ ওদের পব কড়ায়-ক্রান্তিতে চুকিয়ে দেবার তাগিদ এসেছে।

চলতে চলতে পা দিয়ে হঠাৎ ওর জুতোটা চেপে ধরলাম। টান লেগে জুতোটা একেবারে ভিন্মি থেয়ে পড়ল—চিৎপাত হয়ে।

ও ব'লে উঠন—আহা ! যেন পথের মাঝে ওর পায়ের কাছে নীড় থেকে একটা ৰাণ-বেঁধা মরা শালিকের বাচচা ম্থ থ্বড়ে পড়ল। ওর চোথে যেন সেই দরদ !

বললাম—ফিরতি-মুখে এক জোড়া জুতো কিনে নিয়ে যাস্ — না হয় নিরিমিব-জুতোই কিনিস।

ও ওধু বললে—আমার মাথায় প্রেমের রাজমূক্ট, কে আমার পায়ের দিকে চাইবে?

শমস্ত ব্রহ্মাণ্ড স্টি ক'রে বিধাতা যেন ওকে একটা ফাউ পাঠিয়েছিলেন—বেহুদা।

রাজার প্রাসাদ খুজে বের করা বিষম দায়। টিক্টিকির মতো গলিটার ছু'বারে ছু'টে-দেওরা কাদার দেয়ালে জাঁতা - টিমটিমে বাড়ীটা গঙ্গাযাত্রী বুড়ীর স্থুৎপিওের মতো এখনো মিটমিট করছে।

রাজমিল্লিরা দেয়াল ফুটিয়ে ফোকর করছিল।

রাজা বললে – পায়রা থাকবে। আর যদি কোনো চডুই খড়কুটো নিম্নে দর পাততে আদে!

সমস্তটা ঘর বালিতে গিজ্ঞগিজ করছে। দেয়ালের এককোণে একটা কোটো
—কাপসা হয়ে এমেছে।

বললাম-কার?

/ i

জবাব হ'ল--ওর।

আমার হাতে এক তাড়া চিঠি দিরে বললে—পড়। যে আলো ফুল পোটার, পাধীর ঘুম ভাঙে যাতে।

তারপর আর একতাড়া লেখা এনে বললে—এগুলো আমার চিঠির ছাক্ট। মিলিয়ে মিলিয়ে পড় – নম্বর দেওয়া আছে।

মেয়েটি পাঠার শুধু এক চামচে গরম চা, ও পাঠার পুরো এক শ্লাশ বরক্ষ-জল
—দাতে জাম ধরে। বাইশ অক্ষরও হয় না—এমন চিঠির উত্তরে বাছার
পাতা।

রাজা বললে—নাই বা থাক এর মধ্যে প্যাশান, রঙের আড়ম্বর—কি**ন্ধ একটি** অতলম্পর্শ গভীরতা আছে। মনে হয়, অনস্ত কালের বিচিত্র শোভাষাত্রা থেকে আমি কয়েকটি নির্মল প্রভাত ও শ্লিগ্ধ সন্ধ্যা ছিনিয়ে রেথে দিয়েছি অক্ষম ক'রে। আর কয়েকটি নিশীধরাত্তিও —ঘুমহারা।

একটা চিঠি বেশ লাগল।—কুড়োনো ছেলের নাম তোমাদের কবি আকল রেখেছেন জেনে খুলী হলাম। ঐ পায়ে-ঠেলা পথিকের পায়ে-চলা পথের পাশে আরো বে অনেক আগাছা জন্ম আছে—তাদের দিকৈও যেন ওর চোখ পড়ে, তোমার থেকে ও তাই শিখুক।

নইলে আর সব চিঠি - ধোবার হিসেবের মতোই বাজে। গুধু প্রেমিকের কাছে ব'লেই হয়ত লেফাফায় মৃড়ে দিয়েছে; --নইলে ত' 'দ্রীচরণেয়ু -- ইতি স্নেহের স্থ।' -- আর 'কেমন আছ ? ভালো আছি।'

তৃ'কাঁথে তৃ'টো কুকুরছানা নিম্নে একটা নোংরা কেলে ছেলে এসে হাজির— জাকন্দই। মনে হয়, ওকে বানানো শেষ ক'রে বিধাতা ওর মূথে একটা ধাব্জা লেন ;—সমস্তটামূধ একেবারে ল্যাপাপোছা। তৃ'টো চোথের চাউনি মিউনো —পৃৎনিটা যেন থেঁওলে রয়েছে। মনে হয়, ছ'হাত দিয়ে ওর মাখাটা ছ' দিক থেকে চেপে ধরলে হয়ত সমস্ত মুখটা চোখা ধারালো হয়ে উঠবে।

একটা কুত্তি—পেট্টা পড়া—রাজার পা চাটতে বসল। একটা পায়রা ওর কাধের ওপর এসে ব'সে গলা জুলোতে লাগল। আকন্দ ওর কদাকার কাদা-মাখা হাত হু'টো দিয়ে রাজার গলা জড়িয়ে ধ'রে বললে—ছুটো পয়লা দাও না। এক পয়লার লাট্ট্র, আরেক পয়লার লেবেনচুষ !—ব'লে জিভ বের ক'রে ঠোঁট ছ্'টো চেটে হাঁ ক'রে রইল।

বললাম-কবি কোণায় ?

-পাশের ঘরে- চল।

কবি ত' নয়, তালপাতার বাঁট একটা। একটা মাহুরের ওপর বুকটা পেতে উপুড় হয়ে কবিতা লিখছে।

রাজা বললে — ওহে কবি, প্রসাদ বিলোও —

কবি উঠল—কুঁজো, দেহটি কাঁকলাশের মতো—রাজার পাশে কোটাল। কিন্তু গর্ভের চোথ ছ'টো চাকুর মতো – শুধু কাটেনা বেঁধেও।

গাল ছ'টো পানে ঠাগা। দেয়ালের গায়ে পিচ্ ক'রে এক গাদা পানের পিক ফেলে থাতাটি বাড়িয়ে বললে—ও কিছু না

পরে একটা হোমিওপ্যাথির শিশি থেকে সবটা নিম্ম নাকে গুঁছে বললে— কবিতা ত' নয়, এক একটা পশ্লি।

হাঁড়ির ভিতরকার আওয়াজ ধেন।

শুধু ঝরা কাঠগোলাপ, থসা তারা, মরা নদীর গান। নেবা বাতির, ছেঁড়া তারের, ভাঙা পেয়ালার --

আঙুল দিয়ে মাড়ির থেকে পানের ছিব্ডেগুলো মুখের মধ্যে এনে কবি বললে
— ওটা এখনো শেষ হয়নি।—কারথানায় একটা কুলির কোমর পর্যন্ত পিষে গোল,
তাকে খারিজ ক'রে দিলে –,তার কবিতা।

মা'র স্তন ভকিয়ে গেছে, প্রিয়ার অধরে কপটতা, বন্ধুর জামার নীচে ছোরা—

রাজা বললে — কিন্তু সমস্ত ছাপিয়ে ভবিশ্ব একটি ইঙ্গিত। দেখছিস ? ভোবা নৌকা কুল পেল, মরা গাছে বর্ষা লেগে কচি কিশলয় গজালো কথন—বাঁজা মাটির বুকে নদীর স্নেহধারা। 'আকন্দটা' প'ড়ে শোনাও না কবি।

— মা তার ছেলে ভাস্টবিনে ফেলে গেছে – সেই জাস্টবিন আর নেই; সেধানে একটি আকল গাছ, তাতে হুর্বল ভীক্ত মৃত্ব একটি কুস্থমকণা— বালা টেচিয়ে বললে এই কবিকে আমি লগতের সভার দাঁড় করিছে দেব। ভোমার একটা বই কালই প্রেসে দেব, বুঝলে ?

বলবাম—কবিকে বদি ভিড়ের মধ্যে পুশ করির তাহলে তার হাড়-গোড়ই ভাঙবে, রাজা। তাকে ফুটতে দে।

কবি আর এক শিশি থেকে আর এক টিপ নশ্তি নিয়ে বিপুল বেগে হেঁচে বললে
— দাঁড়ান, এক কাপ কোকো খেয়ে যান—

রাস্তায় এনে রাজা বললে—এর প্রতিটি ঘরে না খেতে পেয়ে ভগবান কাঁদছেন, মরছেন—

বললাম—মঙ্কন। আবার বানভাসি খড়কুটোর মতো গছাচ্ছেনও। ছগবানের টু'টি ব'লে কোনো জিনিষ আছে বলতে পারিস ?

ও বলতেই লাগল—চাষা আসবে লাঙল নিয়ে, মিস্তি বাঁটালি-ছুরপুন নিয়ে, মজুর গাঁইতি-কুডুল নিয়ে—এল ব'লে। দলে দলে—জলোচ্ছাসের মতো। বিদ্রোহীর দল।

- अत्मत्र दृःथ यखरे काँ भित्र तम्थित —
- নিশ্চরই। নইলে প্রিয়া আমার কি, কডটুকু ? জানিস ঐ পথে-পড়া ভিখিরিনীতেও আমার প্রিয়া কাঁদছে, কবিয়ার কুধায়, ভারতের বন্ধনে —

मर्वनाम । उत्र त्थाप मर्नि लागह दुवि !

ট্যাম থেকে নেবেই কবির সঙ্গে দেখা—ফুটপাতে চুঁড়ছে।

বললাম—এবার রাজপথের কবিতা নাকি ?—থেলতে থেলতে কোন্ শিশু মোটরের তলায় ছিটকে পড়ল—মা'র কোল ছেডে ?

পানের পিক ফেলে ও ভধু বললে, ওর ধারালো চোথ ছ্'টো চাল্লে হরে এসেছে — একটা চাকরি খুঁজছি।

—চাকরি ? কেন ?

ছেড়া শার্টের বুক-পকেট থেকে একটা ছেড়া চিঠি বের ক'রে বললে—দাদা তিন্দিন হ'ল মারা গেছেন, ছোট ভাইটারও কলেরা হয়েছে।

গলার রগগুলো চিরে যেন কথা বেরুল।

বললাম-চাকরির জন্ম আজ টো-টো করলেই কি ছোট ভাইর ব্যামো সারবে ?

- क्षि शाही मश्मादात कृष्ठी अवात अक्वादा चात्रात कांश कृष्ण वस्रव व ।

—কাল বাতেই চিঠি পেয়ে বাজা একশোটা টাকা পাঠিয়ে দিয়েছে, তাই—

বল্লাম-আপনার ত' বাজাই আছে-

—দাদার নরটি অপোগও শিশুও আছে। বিধবা বোন—ভারো গোটা পাঁচেক বোধ হয়। আর মা। পেছনে একটা ছোট ভাই ছিল; সেও আঁগু বাড়াল।

পরে পানের ছিব্ডেগুলো থৃতিয়ে ফেলতে ফেলতে বললে—রাজার কাছে কত জার হাত পাতব ? অনেক লোকই ওর থলিতে নিজের জন্ম একটা একটা কুটো ক'রে রেখেছে। আমার জন্ম ওর তাহলে থলেটা একেবারে উপুড় ক'রেই ফেলতে হয়।

- — কিন্তু এত টাকার চাকরি কি মিলবে ?
  - —কক্ষণে না।
  - তবে ?
- —তবে স্বার কি। বেঁচে থাকব তবু। স্বীবনের শুকনো ডাঙায় একটা ভাঙা ডিঙি ঠেকে থাকবে।

হেসে বললাম—আজ রাজে ঘরে ফিরে একটা কবিতা লিখুন গে। মূটি দারাছিন ব'সে থেকে সেলাই করবার জুতো পেলনা, রিক্সওয়ালা পেলনা কিরায়া, জেলে জাল ফেলে পেলনা একটা চুনো পুটিও। উকিল পেলনা মকেল, আর কবি পেলনা চাকরি।

ঠুনকো একটু হাসিতে ওর চোখছটো থানিক খুলিয়ে উঠল মাত্র।

ষে বেচারা গলিটা দিয়ে রাজা বেরিয়ে এল - ওকে এমন জায়গায় দেখব স্বপ্পেও জাবিনি—সেটা বেজাত।

### ---এখানে ?

কালশিরার মতো মাড়িগুলি বের ক'রে বললে – আমার **জল্ঞে লকণ দরজাই** খোলা। আমি বে রাজা।

-এদেরও পয়সা বিলোস নাকি ? কভ ক'রে ?

এক শীতের রাতে কোন জংলি এক ইষ্টিশানে একটি মেয়ে নাকি রান্ধার পারে ধ'রে কয়েকটা টাকা ভিক্ষে চেয়েছিল। স্বামী মেয়েটিকে গ্রহণ করেনি, মেরে থেদিয়ে দিয়েছে। ও কলকাতায় মাসীর বাড়ী যাবে।

রাজা বললে—ৰে স্বামীর হাত অত্যাচারীকে ঠেকাতে পারেনা, দে পারে অবলা শ্রীকে ঠেনে ফেলতে।

বললাম—মাসীর বাড়ীর নাম ক'রে মেয়েটা বরাবর এ পাড়াতেই উঠে এল বুঝি।

—শোনই না—

- —ধাক, আমার চের কাম আছে এখন। তুই হঠাৎ—
- —ওর অবন্থা ধূব ধারাপ, নিম্নিয়া—বোধ হয় বাঁচবে না। দেখতে গেছলাম।
  ভাজার-পথ্যের জন্ম টাকা দিয়ে এসেছি।

পরে খুব ধীরে ধীরে বললে—এমনি প্রতি ঘরে আমার বিরহিণী প্রিয়া রুশ্ন ছুণ্য শ্বায়—

বাধা দিয়ে বললাম-ও-ও তোকে ভালোবাসে বৃঝি ?

ও কিছু বলেনা, রাস্তার লোক-চলাচলের দিকে চেয়ে থাকে -- উদাস, নাখুস।
ভাবার বললাম ওদের মধ্যেও এ ফ্যাসান চুকেছে তাহলে ?

ও ওধু বললে—প্রিয়া, প্রিয়া—

বললাম — ওর নয়, তোর প্রেমের নিম্নিরা এবার।

কবির দক্ষে ফের দেখা—ওর ছাতে একটা চোকো থাতা। বললাম—কিদের কবিতা ? সাহারার ?—না পচা ইছরের ?

ও থাতাটা আমার হাতে তুলে দিল। মিলফোর্ড কোম্পানির ডেবিট-ক্রেডিটের ক্রোধা থাতা একটা।

কবি নম্ন-কেরাণী।

পরণের কাপড়টা পুঁজ্রা, গায়ে বেখানেই চুলকোয়, সেখানেই ছেঁড়ে। ইাটুর কাছে একটা প্রকাণ্ড ফাঁক কর্মর বললে—এবারেই সত্যিকারের কবিতা লিখব জীবনের।

গলাটা ভিজা—ভারী।

ফের বললে—কোমর-থেঁৎলানো সেই কুলিটা এবার সভ্যি সভ্যিই আমার মধ্যে জীবস্ত হয়ে উঠবে। আমার থাতার পাতা শাদাই থেকে বাবে—তা থাক্।

গাল বেয়ে পানের কব পড়ে, জামার হাতা দিয়ে তা' মোছে।

পরে একটা লালখাম বের ক'রে বললে—নিন্, আঁপনার নেমন্তর। আমি বিয়ে করছি।

- त्न कि कथा ! क'টाकाई वा **गा**ईन ?
- —হোকনা আটাশ টাকাই। কেন করবনা তনি?
- —নিজে কেন এসেছেন তাই জানেন না, তথু তথু আর কতগুলো -
- কে বললে জানিনা ?—ভেঙে যেতে এসেছি, মচকে, থে থলে যেতে। জাস্থক ভরা দল বেঁধে ভাঙার মরার ছিঁড়ে-পড়বার থেলায়। বিধাতার হাতৃড়ির ভলায় স্বাই বুক পেতে দিয়েছি—বাপ ছেলে নাভি; বিধাতার হামান্দিন্তে!

- --কিছ ওরা বে নিরপরাধ--
- —কে বলে ? আর আমাদেরই বা কি অপরাধ ছিল ? আমাদের পাপের প্রায়শ্চিত্ত শেব হবে কি ক'রে তাহলে ? আমাদের রোগ, জীর্ণ সংস্কার, লালসা— কাদের কাছে গচ্ছিত রেখে যাব ?

ব'লে খুক্থুক্ ক'রে কেশে পথের ধারে কফ ফেললে — রজের ছিটে।
বললাম—কক্ষণো আপনাকে বিয়ে করতে দেবনা। মেয়ের বাপকে জানাব।
হেদে কবি বললে — ওরা তা জানে। বলে — ও কিচ্ছু না, সেরে যাবে।
তেরো বছরের মেয়ে নিয়ে বাপের ভীষণ ফাঁপর—সেধে পায়ে ধ'রে দিতে চায়
বিলিয়ে। শুধু তাই নয় —নগদ হাজারটি টাকা পর্যান্ত। একটা বেড়ালছানা অম্নি
চুরি গোলে মন পোড়ে। আপনি যদি 'না' বলতে যান, ত' ঠেঙাবে।

হাসতে পারেনা, কাশি ওঠে।

- --- जापनि वत्रपप त्नर्वन ?
- —নিশ্চয়ই। হাজারটি টাকা ব'লেই ড'—
- —ঐ তেরো বছরের মেয়ের উপায় কি হবে ?
- --বিধবা হবে। ৰক্ষা হয়ে ম'রেও যেতে পারে।
- --- আপনি কবি হয়ে এই নিষ্ঠুরতার প্রশ্রেয় দেন ?
- আর কবি ব'লেই ত'। এই পৃথিবী যে সৃষ্টি করেছে, সেও ত' প্রকাণ্ড কবি কেরাণী নয়। আমার দাদাকে যে মারলে, আমার দ্বৃদ্ধে যে পোকা ঢোকালে — আমার ভাবী বধুর এয়োতি যে চুরি ক'রে নেবে—
  - --কিন্তু ঈশ্বর ব'লে ত' কেউ নেই।

নেই ? —ও যেন পার থেকে হঠাৎ মাঝ দরিয়ায় পড়ল। না, আছে।
দেখছেন না, কবরের মাটি ফুঁড়ে ঘাস গজায় — নববধুর রঞ্জিত লজ্জাটুকুর আশায়
ফলারোগী পর্যন্ত দিন গোণে

প্রচণ্ড কাশির বেগ এল। প্রর বুকটা যেন চিড় থেয়ে ফাত্মস-ফাটা হয়ে যাবে।

রাজার মুখ ভারি ব্যাজার। —ব্যাপার কি ?

শুনলাম, আগাছা ছেলেটা নাকি পালিরেছে। থালি হাতে অবিশ্রি নয়, রাজার তোরকের তলা থেকে থান তিরিশ দশ টাকার নোট নিয়ে।

- -পুলিশে থবর দিয়েছিস ত' ! পাজি, বেইমান ছোড়া --
- ও ওধু বললে—টাকাটা ফুরিয়ে গেলেই ফের আসবে। আমার পায়রাগুলি কন্তবার আকাশে উড়িয়ে দিয়েছি, আবার নিজের নিজের কোটরে ফিরে এসেছে।

নেদিন কুত্তিটাকে কী পেটাই পিটলাম, আবার সন্ধ্যাবেলায় এনে পা চাটতে বসল। ৬-৩ আবার ফিরে আসবে।

পরে বললে — সেই ভিথিরি-মেয়েটাকে খুঁজতে এসেছিলাম। দিন তিনেক হ'ল হঠাৎ নাকি মারা পড়েছে। অথচ ওর মা'র বসস্থের ঘাগুলি সব শুকিয়ে গেছে দেখলাম।

বললাম—কবিও ত' আর তোর কাছে নেই—তুই ত' ভারি একা তাহলে।
—একা ? কষ্টে একটু হেনে বললে—প্রিয়ার প্রেমে সমস্ত প্রাণ ভ'রে আছে।
কাল একটা চিঠি পেলাম। লিখেছে—আমরা আমাদের মিলিত ভালোবাসায়
পৃথিবীর সকল কালা মুছে দেব, সেই দিনটির জন্ম চেয়ে আছি।

চিঠিটা পড়তে দিল। শেষে আছে—বি এ-টা শেষ হ'লেই ছাড়া পাব। আমাকে কে আর বাঁধে তথন ? তুমি আমাকে ছিনিয়ে নিয়ে বেগু।

রাজা চিঠিটা যত্তে বুক-পকেটে রেখে বললে —একদিন নিশ্চয়ই আসবে —বেদিন পৃথিবীতে এত অকারণ তুঃখ থাকবে না।

বলতে গেলাম—ছঃখ কোন দিনই অকারণ নয় কর্মফলে।

আমার কথায় কোনো কান না পেতেই বললে—কবিকে কেরানী হয়ে ধুঁকতে হবে না, পয়সার দামে প্রিয়া দেহ বিকিয়ে দেবে না—আবার সব জুড়ে যাবে, ভরাট হয়ে উঠবে।

পরে মলিন মূথে বললে—জ্বনিলকে টাকা দিতে চেয়েছিলাম, নিলে না। ও এখন যে পাড়ায় আছে—বীভৎস। বাড়ী থেকে সব এথানে এসেছে—একপাল। ও এমনি ক'রেই আত্মহত্যা করতে চায়। ওকে কি বাঁচানো যায়ই না?

#### <u>—ना ।</u>

রাজা ভিক্ককের মতো আমার দিকে চাইল। বললে — ওর পরিবার-প্রতিপালনের ভারটা আমরা হ'জনে নিই আয় না। জানিস, অনিলের মধ্যে বন্দী ভারতী কাঁদছে! ওকে এরকম ভাবে পিষে বেতে দিলে আমাদের দেশের জাতির ভয়ত্বর কভি;—লুকোনো প্রতিভা খুঁজে বের ক'রে ফুটতে দেবার সাহায্য করাও-দেশ-সেবা।

— কিন্তু সম্প্রতি আমারো যে পরিবার-পালনের ঝোঁক হয়েছে বড্ড বেশী। আমাদের পোড়াকপালে প্রিয়ার চন্দনবিন্দু ত' পড়বে না, মাগ-এর পোড়া কাঠেরই দাগ পড়বে। পড়ুক।

व'ल ह'ल लामा ।

ও দাঁড়িয়ে রয়েছে—ভাঙা একটা নিশানের মতো।

নাম জানলাম স্থমা। বি. এ. পাশ করেছে এ বছর।
মা বললেন — তুই দেখে জায় বাপু, শুধু বি. এ. পাশই কি যথেষ্ট ?
বৌদি বললে — বি. এ. পাশটা তো শুধু চাটনি। চেহারা ত' জামার চেয়েও
কালো।

—হোকগে। তাই দই।

বিয়ের রাতে মেয়ে-মহলে আমি ব'লে আছি মীরমজ্লিস-এর মতো। হঠাৎ ভিড় সরিয়ে রাজা এদে হাজির। আঙ্গুল নেড়ে আমাকে ডাকলে।

গাঁটছড়া বাঁধা ছিল। বললাম— বা বলবার, এথেনে এসেই ব'লে যা।

ওর মুখ সীসের মতো ; চোখ ত্'টো চালশে। এসে কানে কানে বললে—স্থ-কে বলিস না-পাওয়ার মধ্যেই—

কথা শেষ করতে পারে না---গলা আটকে আসে।

वननाम---वनव।

স্থ বোধ হয় ঘোমটার তলা থেকে একটু হাসল।

রাজা ত' নয়, পালক-ছেঁড়া ঝড়ো কাক একটা। ও চ'লে গেলে মেয়ের দল ওকে নিয়ে ঠাট্টা করছে। কেউ বলে — চিংড়ি মাছ। কেউ— ভাঁয়োপোকা।

श्र थानि मृहत्क मृहत्क शास्त्र ।

আবার আর একটা লাল থাম—রাজার বিয়ে। আমাকে স্থ-কে ত্'জনকেই নেমস্কয়।

স্থ-কে তখন টমাস হড-এর একটা কবিতার শব্দার্থ ব্ঝোচ্ছিলাম। মিনেস হেমান্স-এরও।

वननाय- यादा नाकि ?

—पृत्

একাই গেলাম।

রাস্তার নামটা ফের পড়লাম—এই ত' বটে। তবে কি ?—কেমন খটকা লাগল।

নম্বর চিনে চিনে বে বাড়ীটার উঠলাম – রাজা আমাকে ঠাট্টা করেনি ত' ? তবু সিঁড়ি বেয়ে উঠে গেলাম। এক কোণে একটা ভক্তপোবের ওপর একটি মেরে শোয়া — মরণাপন্ন, হিকা উঠছে। শিয়রে রাজা—মেয়েটার মুখে ফোঁটা ফোঁটা ক'রে জল চালছে—গলা-জলই হয়ত।

আলো জালা হয়নি, সমুখের বাড়ীর এক টুকরো আলো এসে দেয়ালে পড়েছে। বললাম তোর নাকি আজ বিয়ে ?

কুৎসিত মেয়েটার কুঁচকানো মুখের ওপর হাত বুলিয়ে দিতে দিতে বললে— হাঁ। দেখছিল না আয়োজন ?

**एउका**त काष्ट्र एक्टिंग अक्टो शांठे - यत्रायान्त्वत्र निःशांत्रन ।

মেয়েটার মৃথ পর্যান্ত কাঁথাটা টেনে দিয়ে বললে—ভোর সিঙ্কের পাঞ্চাবিটা খুলে ফেল ভাই, ছড়িটা ঐ কোণে রাথ। ভোকেই কাঁথ দিতে হবে—আর কেউ নেই।

সামনে একটা মাটির ভাঁড় ছিল, লাখিরে ওটাকে ভেঙে সিঁড়ি বেয়ে নেমে গোলাম।

রাজাটা বে এত বড় অমাস্থ্য, ভাবিনি। বাড়ী ফিরবার মুখে গঙ্গাস্থান ক'রেই ফ্রিন্ডে হবে—

#### চোথের চাতক

পাত। ঝরার সময়। রিজপত্র শার্থে শাথে তথন মৃত্যু-মর্মর উঠছে।

ও-মেয়েটির একটি নাম দেব ক'দিন থেকে ভাবছি। আজো মেয়েটি জানলায় এসে বসেছে। মনে মনে ভাবি—মেয়েটির নাম রাত্রি। দলিত কাজলের মতো কালো আয়ভ বিষণ্ণ ছটি চোখ এই শীতের সন্ধার মতো সজল স্থান, ওর মুখখানি ঘিরে পুঞ্জীকৃত অন্ধকারের মতো ঘন চুলগুলি মুর্চ্ছিত হ'য়ে প'ড়ে আছে। এই মেয়েটির নাম আমি রাত্রি রাখলাম, এই নামটি নিয়ে তয়ে তয়ে থেলা করতে ভারি ভালো লাগে।

কাল রাতে ও-বাড়ী থেকে একটা কাতর থিন্ন আর্তনাদ অন্ধকার চিরে-চিরে-আমার বুকে এসে লাগছিল। হয়ত ঐ মেয়েটিই কাল চেঁচিয়ে কেঁদেছে, ওর আমী হয়ত ওকে মেরেছে কাল। জানি না, কিন্তু ওকে দেখে আজ এই কথাটাই কেন জানি বাবে বাবে মনে হচ্ছে। মনে হচ্ছে, বেন তিমিরবাজির হুর্ব্যোগ-অভিসারে মেয়েটি একটি পাথী।

ওকে দেখে আবার আশা হচ্ছে, পৃথিবীকে ভালো লাগছে, নীল আকাশের কোল ভ'রে হাওয়ায় যেন মিঠা মাটির গন্ধ ভাসছে, মনে হচ্ছে কাকে যেন ভালোবাসতে শিথলাম। অস্থ হ'লে মাথা বাস্তবিকই বিগড়ে যার। মনে হজে কে বেন পালে এবে বলন। ওর কালো চুলগুলি মৃঠি ক'রে একবার স্পর্শ করলাম, ওর আঁচলের থানিকটা হাওরার ব্কের ওপর এসে পড়ল। কত কথা বলতে চাইলাম, পারলাম না, তথু একটি কীন উচ্চারণ কেঁপে কেঁপে ক'রে গেল, রাত্রি।

ভাবছি, ঐ যে চিলটা গৃই ভানা মেলে উড়ে যাছে, কভ দূরে কোন্ গাছের চূড়ায় ওর নীড় ? —

মেরেটি তেমনি ব'সে আছে আর আমাকে দেখছে। আমি ওর সঙ্গে কথা কইতে চাই, কিন্তু কথা আসে না, চূপ ক'রে ওয়ে ওয়ে আমিও দেখি। দেখার থেলা করি, চেরে চেরে কথা কই। আমি মেরেটির সমস্ত কথা বুঝতে পারছি।

মেয়েটি বলে তুমি এমনি ক'রে দিন-রাত ভরে থাক কেন ? কি তোমার অক্থ ?

বলি — কি অস্থ তা ত' জানি না। ভাকোর অনেক চেটা করলে, বুকভে পারলে না।

মেয়েটি বলে—ভোমার এত অহুথ, কই, কাউকেও ত' ভোমাকে দেবা করতে দেখি না।

বলি – আমার কে আছে যে সেবা করবে?

মেয়েটি কাল্লা-ছলছল চোখে তাকায়, বলে — কেউ নেই ?

তেমনি তাকিয়ে বলি না, নেই কেউ।

নেয়েটির ত্'টি চোখে একটি আকাজ্জা শিশিরের মতো টলমল ক'রে ওঠে, বলে
—তুমি ভারী তুংখী, না ? আমার ভারি সেবা করতে ইচ্ছা হয় তোমাকে, বাব ?

আর তাকাতে পারি না। চোখ বুজে আসে। সত্যি মনে হয় ও বেন এসেছে।
ওর চুলের ড্রাণ পাই। কপালে আলগোছে হাত বুলিয়ে দেয়। চুজির গান শুনি।
ছড়ানো চুলগুলির ওপর ওর হাতটি এলিয়ে থাকে। এই পা ছ'টি শুটিয়ে নিয়ে
কাঁধের কাছে আরো একটু ঘেঁষে বসল, কপাল থেকে এই আমার চুলগুলি সরিয়ে
দিছে। এই মুখটি মুখের কাছে এনে ওধোছে—কেমন আছ ?

স্বাবার তাকালাম। মেয়েটি তেমনি ব'লে আছে।

বলি — অমন চুপ ক'রে ব'লে আছ কেন ? তোষার ঘরের কাজ শেব হয়ে গেছে ?

মেয়েটি বলে—ভালো লাগে না।

- —কি দেখছ ব'লে ?
- —ভোমাকে দেখছি।

- —কিছু আমাকে দেখবার মতো ভ' কিছু নেই।
- —আছে, তুমি জান না। তুমি বাগ করছ ? তাহলে উঠি।

কাকৃতি পূবে চেম্নে বলি-না, উঠো না। কিন্তু আমি বে ভোমাকে দেখছি।

হঠাৎ পেছনে কা'ব তীব্ৰ তীক্ষ কঠ শুনে মেয়েটি উঠে দাঁড়াল। একটি লোক জানলার সামনে এসে মেয়েটির হাজখানা ধ'রে টেনে ওকে সামনে ধালা মেরে কর্কশ ভাষার ব্ঝিয়ে দিলেন যে, পথের সামনে জানলার বাড়ীর বোর এমন ভাবে ব'লে থাকা নিভান্ত গর্হিত ছুন্ধর্ম, বিশেষতঃ —স্মাঙুল দিয়ে দেখিয়ে দিলেন যখন সামনেই একটা ছেলে চোথে ওৎ পেতে চেয়ে আছে —

कानगांचा मनस्य वक रुख राजा।

ঝাপ্সা আকাশে সন্ধ্যাভারাটি অলছে, মনে হচ্ছে যেন রাত্রির চোখ। আমি চিনতে পেরেছি। চেয়ে থাকতে থাকতে কান্নার চোখ ভ'রে এল। আমার জানলটোও বন্ধ ক'রে দিতে চাইলাম। শীর্ণ জীর্ণ হাত ছ'টো বাড়িরে নাগাল পেলাম না।

দকালবেলায় একটি কুষ্ঠব্যাধি-জর্জন রমনী গ্যাদপোস্টের তলায় ব'লে হাত পেতে জিকা করে। আজ দেখেছি, একটি জন্তলোক এ-পথ দিয়ে হেঁটে ষেতে জিখানিনী একটু এগিয়ে এনে কবিয়ে তার প্রার্থনা নিবেদন করলে জন্তলোকটি স্থপায় ক্রোধে জন্ধ হয়ে তাঁর হাতের লাঠিটা দিয়ে মেয়েটির গায়ে এক জীবণ বা মায়লেন, রমণী মা-গো ব'লে মাটিতে প'ড়ে কাৎরাতে লাগল। আমি ভয়ে ভয়ে এই দৃষ্ঠটি দেখেছি। কত দেখলাম এই পথের চলাচল!—ছ্যাক্ড়া গাড়ীর বোড়া প্রান্থ হ'য়ে মাটিতে মৃথ প্রত্যে প'ড়ে গেছে, মৃনিব তাকে রেহাই দেয়নি, তাকে কের চলবার জন্ম চার্কের পর চার্ক চালিয়েছে। বড়লোকের মোটরগাড়ী পথের ঘুমন্ত কুকুরকে মাড়িয়ে দ'লে পিবে চ'লে গেছে, কুকুরটা কাতর মর্মজেদী হয়ে গোঙাতে গোঙাতে চুপ করেছে। কভ দেখলাম। আজকে আবার দেখলাম নিঃসহায়া ব্যথিতা নারীর চোখে হুগভীর জ্বেল বেদনার ছায়া! জীবনে কত পাপ কত দারিদ্র্য কত জ্বতাচার কত রোগ, তারপর আবার এই ছঃখিনী নারীর চোখে রহন্তনিতল নিবিড় ব্যথার স্বপ্ন!

দে রাতেও খুম এল না।

জানি, বেশী দিন আর বাঁচবো না। জীবনদেবতা জন্মের থেকেই রোগকে আমার চিরসাধী ক'রে দিয়েছেন, মৃক্ত অনি ধ-ছন্দিত প্রাণের পরিচয় পেলাম কই ? মনে হচ্ছে, জীবনে আজ বেন কিসের সৌরভ উঠছে। এই জীবনে কি বেন পেলাম। মনে হচ্ছে, কে বেন আমাকে ভালোবালে।

মাঝ-রাতে চেয়ে দেখি, ওদের বাড়ীর জানলা খোলা! হাওয়ায় একসকে

শাড়ীর আঁচল ও চুল উড়ছে। অন্ধকারে কালো চোথের তারা বেন মিশে আছে। অন্ধকারে চেয়ে চেয়ে কথা কই।

তাকিয়ে বললাম —এত রাতে বে?

মেয়েটি তেমনি জবাব দিলে—পুম আসছে না।

ষ্মতি কটে ধীরে ধীরে মাটির প্রদীপ জালালাম। বললাম—তোমাকে বরণ করতে এ দীপ উজ্জল করলাম, রাজি।

মেয়েটি ধীরে ধীরে জানলা ছু'টো বন্ধ ক'রে চ'লে গেল। স্বামীর পালে গিরে ধীরে ধীরে গুল হয়ত।

হাওয়াতে বাতিটা নিভে গেল। অন্ধকারে কে বেন এল। চিনলাম। বললে— আলোটা নিবিয়ে দিলাম। এলো, ঘুমুও, আর রাত জেগো না।

বললাম—না না, আলোটা জালাই, ভোমাকে ভালো ক'রে একটু দেখি, এভামার সঙ্গে কথা কই।

ও বললে—তাহলে তোমার শরীর আরো থারাপ হয়ে যাবে। এই আমি আমার হাত মেলে রেখেছি, এর ওপরে মাধা রেখে শোও লন্ধীটি, আমি তোমার মুম পাড়িয়ে দেব।

শীতের হাওয়া শাখায় শাখায় হা হা করছে।

কতদিন ওকে দেখি না। মনে হয় বিরহের ছন্দে যেন ক্লাস্ত দিনের রাগিনী বাজছে। জানলা ত্'টো আর খোলে না। আমার খোলা জানলা হাতছানি দিরে ঐ জানলাকে ডাকে — জবাব মেলে না। বসন্ত পৌছুবার আগেই হয়ত চললাম।

একদিন ওদের জানলা খুলে গেল। একটি ভদ্রলোক—তাঁর পকেটে বিশেষ কোনো যন্ত্রের মাথা চাড়া দিয়ে উঠবার ভঙ্গী দেখে বুঝলাম, ইনি ভাক্তার—ব'লে বোঝালেন যে, রোগীর, ঘরে জানলাগুলো খোলা থাকলে রোদ আর বাতাস যথেষ্ট আসতে পারে, ওদের বন্ধ ক'রে রাখলে রোগীর অপকার হ'তে পারে।

ওকে আবার দেখলাম। চেহারাটি শীতের পাতার মতো রঙহারা ওক্নো, বড় বড় ছু'টি চোখে ছুই অগাধ কান্নার সমূত্র। চেন্নে বললে—কেমন আছ ? তোমান্ন অনেক দিন দেখি নি।

ৰল্লাম—ভোমাকে এত রোগা মান দেখাচ্ছে কেন?

ওর দৃষ্টি অনুসরণ ক'রে দেখলাম, থাটের উপর সেই স্থুলতমু লোকটি বেজার শীর্ণ হয়ে বিছানায় ল্টিয়ে রোগ-যন্ত্রণায় চীৎকার করছে। মেয়েটি তার পালে গিয়ে বসল, গারে পায়ে হাত বুলিয়ে দিতে লাগল।

- —ভালো লাগছে হাত বুলিয়ে দিতে ?
- —হাঁা, প্ৰ ভালো লাগছে। বুকের উপর ভোমার হাভথানি পুব জোরে চেলৈ ধর। কি নরম ঠাণ্ডা ভোমার হাভ।
  - —রেখেছি।
  - আমি হয়ত বেশীদিন আর বাঁচব না।
  - ছি:, এ কথা বলতে ভোমার একটুও কষ্ট হয় না ?
- না না, আমি ভালো হব বৈ-কি। কেমন স্থন্দর এই আকাশ, এই শীতের মধ্যাক!
  - —তৃমি চুপ ক'রে থাক লন্ধীটি।
- —বালিশটা থেকে আমার মাথাটা ভোমার কোলের ওপর তুলে নাও। আচ্ছা, তুর্মি নাইতে থেতে বাবে না ? আমি কি স্বার্থপর ! আমার জন্তে ভোমাকে থানি থাটিয়ে নিচ্ছি।
- তুমি একটু ঘুমোও, আমি স্নান ক'রে খেয়ে স্বাবার ভোমার পাশে একে ৰসৰ।

মেরেটি স্বামীর শব্যাপার্থ থেকে ধীরে ধীরে চ'লে গেল। তার বাওরার দিকে চেয়ে রইলাম।

কি মর্মভেদী আকুল কান্না উঠছে মেন্নেটির বুক থেকে। সেই বিক্নতাকৃতি স্বামীর বুকটা ছই শুল্ল স্থগঠিত বাহু দিয়ে বেইন ক'রে রাজি চীৎকার ক'রে কাঁদছে।

- —এ কি, এই ত' আমি, তুমি কাঁদছ কেন ? এই ত' তোমাকে ধ'রে আছি— তোমার হাত, তোমার চুল, তোমার পিঠ। আমি ত' বাইনি কোথাও।
  - —তুমি কোণায় গেলে, তোমায় ছেড়ে আমি কেমন ক'রে থাকব—
- বাং, তুমি কি পাগল হ'লে ? এই যে আমি সব দেখছি, ঐ আলনায় ভোমার শাড়ী, আমার ওভারকোট, ঐ রাঙাধুলোর গলি, ঐ ন্তিমিত আকাশ ! ওঠ ওঠ, আমি ড' বাই নি, ওধু ওধু কেন কাঁদছ ?—
- —না না, চ'লে গেছি, আমি চ'লে গেছি, দ্রে, বহুদ্বে গ্রহতারা আকাশ পৃথিবী শমস্ত কিছু পেরিয়ে আমি চ'লে গেছি।

অনেক কটে এবার আমার ঘরের জানলা ছু'টো বন্ধ ক'রে দিলাম !

ছোটার সে को कल्म - मूथ थू राष्ट्र পড়ে আর कि !

হাঁপাতে হাঁপাতে ছেলে এনে বললে—নেই ঝাঁকড়ার মাঠ চিনতিল মা ?—লেই ভেলুর হাটে চ্যাঙারি ক'রে মাছ বেচতে নিয়ে খাবার বেলায় পথে পড়ত ? - লেই বে রে অশ্ব পোতার—

म्म्यू भा ७४ वनतन-हैं।-

আর বলতে পারে না, দাঁতের ফাঁকে কথা বুজে আসে। ঠোঁটের কোণ বেন্নে পুড় গড়ায়।

ছেলে বললে কোথা থেকে সব সাহেব-স্থবো এসেছে মা – সব ফিডে ফেলে কেলে মাঠ মাপছে। আর সঙ্গে বিস্তর কুলি-থাত্তর—প্রায় ছু'তিন শ'। গাঁইভি নিয়ে সব মাটি খুঁড়তে লেগেছে।

মা চিবুকটা তুলে জিজাস্থ চোখে ওধু তাকায় মাত্র।

— রাস্তা কাটছে রে — সড়ক। হাটে ষেতে আর হোঁচট থেতে হবে না মনে আছে, সেই বে রে গাছের শেকড়ে পা থেঁ ৎলে ধুম্ ক'রে প'ড়ে গেছলি - জ্যাস্ত কৈ মাছগুলি ধামা থেকে লাফিয়ে পালিয়ে গেছল —?

व'लिहे ছেলের थिन-थिन क'रा हानि।

— আমাদের নব্নে হেবোও কোদাল নিয়ে কোপাতে লেগে গেছে। ছিদাম পর্যন্ত ;— কোপাতে ত' পারে না, তথু মাধায় ধামা ক'রে মাটি তুলে নিয়ে ওপারে এনে ভূর করছে।

ছুব্লা মা ছেলের ক্ষুদে হাতথানি নিজের খসথসে বিবর্ণ হাতের উপর টেনে এনে বোজা গলায় বললে - বাজারে গেছলি ?

—না মা। কাল রাতে ত' মোটে একটা মাত্র শোল মাছ আটকা পড়ল। তাই
নিম্নে তুপুর ত্'টো পর্যান্ত ত' ব'লে থাকতাম—বিকৃত না। আর—কভ-তেই বা
বিকৃত ?—বড় জোর তিন পরসা। বাজারেই বাচ্ছিলাম, ওদের মাটি কোপাঙে
দেখে ফিরে এসেছি মাঝ পথ থেকে। আমিও মাটি কোপাব, মা।

মা কথা কয় না, ছেলের হাতের রোগা আঙুলগুলি নিজের শিধিল মৃঠির মধ্যে একটু জোরে চাপ দিতে চেষ্টা করে।

—নব্নে বললে, যে পয়সা মিলবে, তোর মাছ বেচার চেয়ে চের বেশি।
ছিলামের কী ফুর্ভি!—বলে কিনা, পয়সা পেলে বাবুদের মতো রোমাল কিনবে—

মাধার বাধবে। আব একটা থেলনা হাতবড়িও নাকি। আমি কিছু তোর করে। ওমুধ কিনব মা—কব্রেজের ঠেঙে। ব্যাটা আবার প্রদা না:হ'লে ওমুধ দের না।

মা'ব হাড় বের-করা ভাঙা গালের ওপর একট হাত বুলিরে পরে বললে—বাই সা আমি ?

মা'র করুণ নীরব ছই চোথে সম্মতি ভেসে ওঠে হয়ত —ছেলে ছুট্টে বেরিরে যায়। আবার তক্ষ্নিই ঘরে ঢুকে বললে তাড়াতাড়ি—ডুলার মধ্যে লোল মাছটা রইল, মা। কুনি-মাসী এলে ওকে রাঁধতে বলিস। ওটা আজ আমিই থাব—আর মাসী যদি কিছু ভাগ রাখতে চায় বেঁকির জন্স, ত' বেন রাখে। তুইও একটু খান্—কী হবে থেলে ?

व्यावात कूटि यात्र।

উঠোনের ও-পাশ থেকে বেঁকি বলে —কোথা যাচ্ছিদ রে ভোম্রা ? ভোম্রা কানও পাতে না। দৌড়ে চলে। যেন হাওয়ায় কে একটি পালক উড়িয়ে দিয়েছে। পাতলা পালক—ফুরফুরে পালক।

ষেন একশোটা ভেলুর হাটের সোর।

ত্ব' কিনারে ত্ব'টো নারকেলের দড়ি টান ক'রে কেলে মাঝে একের পেছনে এক —এক দক্ষল কুলি মাটি কোপাতে লেগেছে সার বেঁধে।

কাছাকাছি গাঁয়ের বোঁ-মেয়েরা পর্যান্ত ঘোমটা টেনে ঘর থেকে আলগা হয়ে মাঠে বেরিয়েছে কাণ্ড দেখতে। এত লোক এক সঙ্গে দেখাণ্ড নাকি পুলিয়!

নব্নে বললে - ভ্যানার শিরগুলো কেমন ফুলে উঠছে দেখছিস--নীল!

কান্তিক বললে—মাটি কুলিয়ে স্থুখ আছে, ভাই। বুকের ছাতি নাচে তালে। ভালে। ঐ বে সব গরুর গাড়ী এসে পড়ল। ইট স্থরকি বুঞ্জি ? পাডলা ক'রে কোপান কিন্তু রে।

ছিদাম ধামার ক'রে গুঁড়ো মাটি তুলে মাধায় নেয়— আধা পথে এসে ধামাটা ভোম্বার মাধায় বদলি করে। থানিকটা এগিয়ে মাটিগুলি থ্ব ক'রে থ্রে ভোস্বা ক্রের ফিরে আসে ভালাটা ফের মাধায় নিতে— ওর বৃক্টা ফোলা, কপালটা কলকলে।

কের ম্থোম্থি হ'তেই ভোম্র। বললে—কত পাওয়া বাবে রে ছিলাম ?

ছিদাম মাটি-মাথা তৃ'হাতে বুকের ঘাম মুছে বললে—বাই বাক।—বাজারে বিকির জন্ত পিত্যেশ ক'রে বলে থাকার চেয়ে ঢের ভালো!

ছিদাম থড়কে বেচে — পাটখড়ি, সলতে, চরকার স্থতো। কত আর বিকোর এ সব ! শাবার দেখা হ'তেই ছিদাম বললে—কোপাতে পারলেই বেশি পরসা। দেখছিস
না দড়ির খাট ছেড়ে বুড়োরাও পর্য্যস্ত কোদাল নিয়েছে। আমাদের এই বেশ
—দেওরা আর নেওরা।

## — जामना वस् ।

লারা শৈশবের মারামারির কথা ভূলে যায় —পুকুরে পরস্পরকে চুব দেবার কথা। ত্'জনে ত্'জনের ঘেমো বৃক ত্'টোর দিকে চেয়ে হাসে। আকাশের রোদ হ'জনেরই ভিজা গায়ে পিছলে পড়েছে একই মা'র স্নেহের মতো!

এক একটা কোদাল মারে, আর বুড়ো পেসাদের পাঁজরার হাড়ে হাড়ে ঠোকাঠুকি লাগে। লিকলিকে হাঁটু ছ'টো তুমড়ে ভেঙে পড়তে চায়, মাজাটা খেন কে মোচড়ায়, চিবোর। তবু কোদাল মারে—মাটির নীচেই মজুরি।

বেশিক্ষণ পারে না, হাঁপায়। কল্কেটা ধরিয়ে বুড়ো আঙ্লের ফাঁকে নিয়ে পাশে ব'লে টান দিতে লাগল, গর্ভ থেকে চোথের ভ্যালা ছ'টো যেন বেরিয়ে আসকে ঠিকরে। পেসাদ যেন উত্তরে শ্বশানে যাবার পথে মাঝে অশুথ্পোতায় একটুখানি জিরিয়ে যেতে বসেছে।

ঠিকাদার টাাস সাহেব সিগারেটের ছাইটা বুড়োর মাথার ওপর ঝেড়ে ফেলে পালিশ-করা বুটটার চোথা ভগাটা বুড়োর মেফদণ্ডের ওপর ঠেকাল—সচেতন ক'রে দিতে হয়ত, গাফিলির জন্ম শাসন করতে।

## ভাইতেই—

চ্বেবার সময় আর ত্লকি তালে নয়, চিমিয়ে চলে—জিরিয়ে জিরিয়ে।

—মাগো, ছটা পয়সা পেত্-পুরো দিন গুজরালে হনো।

মা'র চোথের কালো কোলে খুসির একটু ছোপ পড়ে। হাতথানি বাড়িয়ে দেয় তথু।

—একটা করকরে একানি আর ছটো পয়সা। নব্নে বললে, আনিটা এ বছরের, একেবারে আনকোরা। ঐটে রেথে দেব মা, থরচ করবনা।

পরে বিছানার ধারে ব'সে ব্যাজার মুখে ভোমরা বললে—জানিস মা, বুজ়ো পেলাদটা ম'রে গেছে!

विभाव मा रुठां बाबाला गलाय है हित्य धर्ठ - कि वल हिन ?

—নব্নে ওরা ত' বললে ওর পিঠের হাড়ে অনেকদিন থেকেই নাকি খুম ধরেছিল – জর হ'ত! মাটি কোপাতে গিয়েই বুকের ফেঁপরা নাকি ফেটে গেছে। তা নয় মা, সাহেব-বাঁদরটা ওকে লাখি মেরেছিল। কুসি-মাসী তেড়ে এসে বললে রুখে — মারবেনা ? একশো বার মারবে, সাহেবদেশ সঙ্গে ইয়ার্কি করতে গেছল কেন ? কেন ? — কাজে গলতি হ'লে মারবে বৈকি !

ভোষ্বা বললে— সেই মাঠ থেকেই ওকে শ্মশানে নিয়ে গেল। ছনিয়ার ওর কেউই নেই কিনা;—তুইও একটি বার দেখতে পেলি না। হোগলা জড়িয়ে পাটের রিসি দিয়ে ওকে বাঁধলে ওরা—নব্নেটার বেন বেজায় ফুর্ডি। এক একটা হেঁচকা টানে গেরো মারে, আর হাসে। একটুও দয়া মায়া নেই—বলে, চিতায় চড়িয়ে মাঁচ ক'রে হাডিভগুলো সব ভেঙে দেব বুড়োর।

চোখের জল মোছেনা, মা'র বুকের ওপর হাত রেখে বলে—মা, সাছেৰশ্রারটার মুখে থাবড়া বসিয়ে কেউ দিলে না ? আমার ইচ্ছে করছিল, মারি পেসাদের
কুড়োলটাই বেটার মাথায়। লুকিয়ে এক গাদা থৃতু বেটার কোটের উপর ছিটিয়ে
দিয়েছি — বাড়ী গেলে টের পাবে।

মা'র মৃথের কাছে মৃথ এনে বললে তারণর — তুই এত কাঁদছিদ কেন মা ? পেশাদ ত' বুড়ো — একদিন ত' যাবেই। আমি গেলে বরং—

ছেলেও মা'র পাতলা চিমটে বুকটার মধ্যে মাথা গুঁজে ফু পতে লাগল।

মা মারা গেল, পেসাদের পিছু পিছু—ত্র'দিন বাদেই।

নব্নে এল হোগলা আর রসি নিয়ে, কুসি-মাসী একটা শালুর কাপড় গারে
চড়িয়ে দিলে। বে হরির নাম সারা জয়ে কেউ নেয়না ভূল ক'রেও—সমন্বরে পবাই
চেঁচিয়ে ওঠে আজ—হরিবোল। ভাকটা আকাশ পর্যন্ত গিয়ে পৌছার বেন।
—প্রার্থনা নয়, প্রতিবাদ।

বেড়ায় গোঁজা গাবের আঠায় কালো করা একটিমাত্র থেপলা **জাল—বাঁকি** জালও নয়। তাও পূঁজ্বা - পচা। আর মূলি-বাঁলের মাচার তল্পায় গর্ভ ক'বে একটা ভাঁড় পোঁতা - তাতে, গুলে দেখা গেল সাড়ে এগারো আনা পয়সা। আর টাঁসকের সেই নতুন বছরের করকরে আনিটা—এতদিন ধ'রে টাঁকেই আছে।—

नमन्त्र जीवरनव এই मृनधन।

পায়ের তলে রুক্ষ বৈরাগী পথ —আর ওপরের ফাঁকা ফতুর বাউল **আকাশটা**।

ভেমনি বেঁকি ভংগায় - কোখা বাচ্ছিদ রে ভোম্রা ?

এবারে কান পাতে, কিন্তু অবাব দেয়না। চলে – ছুটে নয়, উদাসের মতো— নাখুস। পিঠের উপর হু'টি হাত জোড় করা। মাঝে মাঝে অকারণে পথের আগাছা- গুলো টেনে টেনে ছেড়ে—আকাশের দিকে উচ্ন ছুঁড়ে মারে, হাওরার উড়ে ফের মাটিতে পড়ে। লাখির পর লাখি মেরে গোঁয়ারের মতো শুকনো মাটির ঢেলাগুলোকে ভাঙে, গুঁড়োর। ডালের পাখীগুলোকে ঢিল ছুঁড়ে তাড়ার, কারো পাখার লাগকে, হাততালি দিয়ে ওঠে।

পা চালাতে চালাতে শ্বশানের কাছে এসে পড়েছে—একধারে ছ'টো সন্ধনে গাছ পাতা-ঝরা হাংলা ভাল মেলে। বেখানে পেসাদকে পোড়ানো হয়েছিল সে জায়গাটায় একটা গাঁদালের ঝাড়—সেখান থেকে মা'র চিতাটা ফারাক। — ভাঙে একটা নাবালক তুলসীগাছ, একরন্তি।

ভোম্বা থক থক ক'রে একগাদা থুতু ছিটিয়ে লাথি মারতে মারতে বললে—
নরকের উত্তনে চেলাকাঠের বদলে তোর মৃ্গুটা যেন চুকিয়ে দেয়, তুই মর।—তুই
মরলি ব'লেই ত' মা মরল।

বিগত আত্মার উদ্দেশে তর্পণ নয়, তড়পানি - ফুল নয়, থুতু।

— তুই শালা আর কেন ছ'দিন সব্র ক'রে গেলি না ? আর ছ'দিন পরেই ত'
একটা টাকা হ'লে কব্রেজের ঠেঙে পাঁচন আনতে পারতাম। নিজে তো মা'কে
একটি আধলাও দিসনি, অথচ মা তোকে রোজ ভেটকি মাছের ঝোল রে ধে লুকিয়ে
পাঠিয়ে দিয়েছে—আমিই দিয়ে এসেছি।

বলে, আর গাঁদালের ঝোপ লক্ষ্য ক'রে টিল মারে।

শাবার তেমনি ব্যান্ধার মূথে চলে—এ-পাশ ও-পাশ, কোথাও যেন যাবার জারগা নেই। মাটি থেকে একটা কাঠি তুলে নিয়ে যা সামনে পায় তাতেই বাড়ি মারে। চোরকাঁটাগুলো হেলে পড়ে, ধানের শীষগুলি মচকায়। যাকেই মারুক, মনে করে পেসাদকেই চাবকাচ্ছে যেন।

মা'র চিতার কাছে ব'লে এক ফোঁটা চোথের জল পর্যন্ত ফেলে না। দোহান্তা খালি কাঠিটা চালায়— হঠাৎ একটা বাদাম গাছের গায়ে লেগে কাঠিটা ছ'থান হয়ে গেল।

তুম্ল তোলপাড় — এগিয়ে এসে দেখে—অশ্বর্থগাছটার গোড়ায় কুডুল পড়েছে। খেন শিকড়ে শিকড়ে হাহাকার, শাথার শাথায়;—শুকনো হলদে থসা পাভার শর্মান্তিক দীর্ঘাস যেন। মাটির তামাম বুক যেন বেদনার টনটন ক'রে উঠেছে।

মুগামুগাম্বলালিত বৰ্দ্ধিতায়তন সংস্থারকে যেন এক নিমেবে টেনে ছিঁচড়ে উপ্জে ছারখার ক'রে দেবে — ভালগুলো সব কেটে ফেলা হরেছে, গাছটা এখন একেবারে ক্রাড়া, ব্যান্ধার — গরীব। থালি ধড়টা আছে, আর গোটা কুড়ি ঘা পড়লেই মড়মড় ক'রে উঠবে। অনাথ ছেলের মডো গাছটা নীরবে কাঁদছে।

পাৰীর বাসাগুলি প'ড়ে গেছে, বহু ভিম চ্রমার হয়ে গেছে—শিশু পাথীগুলি উড়ভে না পেয়ে চেপটে মারা গেছে। যারা পালাতে পেরেছে, তাঁরা চেঁচিয়ে ছুর্বল পাখার ঝাপট্ দিয়ে এই উদ্ধৃত হত্যার বিরুদ্ধে অফুট প্রতিবাদ করছে। কেউ কেউ চেনা বাসার সন্ধানে উভে গিয়ে ফের ফিরে এসে গাছের গুঁড়িটায় ঠোঁট ঘবছে—অছির, অসহায়।

ধুলোর একটা ঘূর্ণি হাওয়া উঠল। তারপর—

এমন চীৎকার ভেলুর হাট তার জন্মে শোনে নি। তথু কানে তালা লাগে না, বুক বন্ধ হয়ে আসে।

মাহুষের চীৎকার নয়, গাছের।—শিবঠাকুরের মতো নাতৃস-হুত্স বুড়ো জটাওলা অব্থগাছটার।

মনে হয়, সমস্ত আকাশ যেন থালি হয়ে গেছে, মাঠটা যেন সন্থ-বিধবা। কি থেন নেই—প্রকাণ্ড পরিবারের বুড়ো জ্যাঠামশাই—সব তাই মুখজার। গাছের ছায়াটি পর্যান্ত ঘুচে গেল—ছায়া ত' নয়, রাজসিংহাসন।

নব্নে কুডুল নিয়ে লাক্রি ফাড়তেই লাগল। কিছুতেই যেন হঁশ নেই।

ছঃখী ছেলের মতো ভোম্রা বললে—রাস্তাটা একটু বেঁকে ঘুরিরে নিলেই হ'ত, থামোকা—

কান্তিক বললে ঘাড়ের ঘাম মুছে – গুধু কি রাস্তাই নাকি রে বোকা, এখানে— এদিকটায় সব আপিস হবে। এ বাবা সাহেবের ছকুম।

বেঁকি পর্যন্ত ঝুড়ি ক'রে শুকনো পাতা লাক্রির কাটা টুকরো কুড়োতে লেগেছে। এসে বললে—কুড়ো না ভোম্রা, ছ'জনে অনেকগুলি হবে।

ভোম্রাও কুড়োভে লাগল। বেঁকি ওর গলাটা জড়িয়ে ধ'রে বললে—কাল মা তোকে ঠেঙিয়েছে, মন খারাপ করিস নে—ল্কিয়ে আমি ভোকে গোলাপজাম থেতে দেব—এভগুলো, এক ডালা। মা জানতেও পাবে না।

শিশুর অভিধানে তাকে চুম্বন বলে না। কিছু মার কতগুলি বছর পেরিরে গেলেই ত্র'টি নিকটতম বুকের উত্তাপে গানের স্থরের মতো তারা ফুটত আকাশে— অগণন, অনির্বচনীয়।

তারপর ছ'টি বুক ফের দূরে সরে গেলে চোখের জল চুমনের চেরেও মিঠা লাগত। লাক্রির একটা খোঁচা লেগে ভোম্রার খাঙুল কেটে রক্ত গলভে লাগল। তক্ষ্ণি বেঁকি কাটা খাঙুলটাকে মুখের মধ্যে পুরে ঠোঁট দিয়ে চুযতে লাগল। কের খাঙুল বের ক'রে ফেলে ছুটে দ্র খেকে গাঁদার পাতা ছিঁড়ে হাতের তেলোর চটকে কথমি খাঙুলটার ওপর চেপে ধরলে। বাঁধবার কোনো ক্যাকড়া না পেয়ে বললে—বুড়ো খাঙুলটা দিয়ে টিলে চেপে রাখ। ধর।

বেঁকি মাখায় ক'রে ঝুড়িটা নিয়ে বললে—ঘরে চল।

ভোম্বা ফাড়া গাছটার ওপর চুপ ক'রে ব'সে থাকে আঙু লটাকে টিপে ধ'রে। সবাহ বৈ বার ঘরে চলে গেছে। অন্ধকার ঘূটঘূটি হয়ে আসছে—লক্ষ্য নেই।

मा ७' तारे-रे गाइगे व तारे।

সাত বছরে ধা, সতেরো বছরেও তাই—বেমন কে তেমন; বাড়ে না একটুও।
মা'ব হাতে পোঁতা উঠোনের পিয়াল গাছটা পর্যস্ত কত বড়টি হ'ল! সেই দিনের
বৈটে গাবগাছটা আজ কতথানি ঢ্যাঙা—জোয়ান হয়ে উঠেছে।

ছিদাম বেড়েছে ফন্ফনে লাউ ভগাটির মতো। বেঁকি ত' নর, অগুন্ধি ফুলে ফুলস্ক শেকালির একটা ভাল।

গোঁকের রেখা দেখা দিল, বুকের ছাতিটাও ফুলল, উক্ল 'টোও চওড়া ছ'ল—
কিন্তু লম্বায় সেই আড়াই হাত-ই। বে কুল ছিদাম হাত তুলেই পাড়ে, সে-কুল
পাড়তে ওর আঁকশি লাগে। বেঁকির মুখের দিকে চাইতে হ'লে ঘাড়টা অনেকথানি
ঠেলে তুলতে হয়—বেঁকির মুখ বেন আকাশের তারা।

সবাই ক্ষেপায়। কেউ বলে— লাট্টুর আল; কেউ বলে—পাঁঠার শিং; কেউ বা বলে হোঁদল কুৎকুতে! নামটা সংক্ষিপ্ত ক'রে অনাবক্তক জোর দিয়ে বলে— ভোম।

গলার শিরগুলো গোল হয়ে ওঠে। শক্রকে আক্রমণ করতে হ'লে একেবারে বুকের কাছটিতে এসে দাঁড়াতে হয় — দ্র থেকে বুবি নাগাল পায় না। তায় আসেই ওরা ওদের লখা ঠ্যাং দিয়ে ল্যাং মেরে ওকে মাটিতে ফেলে দেয়।

কদম-গাছটার তলায় এসে উপুড় হয়ে জন দেয়, ওঠ-বোস করে। নোয়ানো ভালটায় একটা দড়ি ঝুলিয়ে হ্'-ধারে হ্'টো হাত এঁটে বেঁধে শ্স্তে ঝোলে —হাড ছু'টো ছিঁ ড়ে পড়তে চায় — কিন্তু তবুও একটুও চাাডা হয় না—এক ইঞ্চিও না।

ঘাসের জগাটা পর্যন্ত বাড়ে—বেঁকির হাতের আঙু লগুলিও লতিরে লভিরে কেমন বাড়ল চুল, চোখের পাতার পালকগুলি। কুসি-মাসী ভাঙা কুলোটা দিয়ে পিঠে এক বাড়ী মেরে দাঁত মুখ খি চিয়ে বললে
—-ব'লে ব'লে গিলবে খালি, গাড়োল, পাঁঠার শিং! দেখতে ত' বুড়ো আঙুলটি—খাবার বেলায়—

মা'ব ছেঁড়া, জারগার জারগার গেবো-মারা খেপলা জালটা নিয়ে ভোম্বা বেঞ্ল—বোয়াল-পূক্রের ধারে। খেপলাজালে কি বোয়াল মাছ আটকাবে? বদি আটকার!

গরুর গাড়ী ক'রে মাটি আসছে। বোয়াল-পুকুরের আধখানারো বেলী বোজা। বাকি জলটুকু মুমূর্ মা'র অঞ্চর মডোই টলটল করছে।

नत्त तनान-अथात मव विश्व श्रव । कृनिराहत ।

ওর কী নিদারুণ উৎসাহ! গাড়ী ত' হাঁকায়-ই, কোদাল দিয়ে াদয়ে মাটিগুলি টেনে ফেলেও।

ও বেন ঠিক মাসুব নয়, তু'পেয়ে একটা বুনো মোব। শ্রমসহিষ্ণু বলিষ্ঠ দেহটার দুর্নমনীয় দৃঢ়তা!

বাকি জলটুকুতেই ভোম্বা জাল ফেললে। একটা মলন্দি মাছ পর্যান্ত নয়।
কান্তিক একটা মাটির ঢেলা নিয়ে তেড়ে এল—বেরো আঁটকুড়ির বেটা—
পায়ের কড়ে আঙুল, ঠুঁটো কোথাকার ! জাল ফেলছেন ? বেরো।

তারপর জালটা কাঁধে ফেলে হাঁটে। ঠাঠা-পড়া রোদ—গাছের ছায়াটি পর্যন্ত ছবি হয়ে গোছে। কতদূর এগোতেই পথ শেব হয়ে যায়—সামনে পাঁচিল, তারের বেড়া। সব কোঠাবাড়ী তৈরী হচ্ছে। যেখানে শণের ক্ষেত ছিল, সেখানে একটা স্থাবিকর কল বসেছে। ঘাসের কোমল রাস্তাটি ইটের ভারে হাঁপিয়ে উঠেছে।

পথ বন্দী।—তবু ভোম্রা এদিক ওদিক ঘুরতে লাগল।

ছিদামের মাথায় কাঁচের চুড়ির ঝুড়িটা তুলে দিয়ে বেঁকি খাড়টা বাঁকিয়ে একটু হাসল। ছিদাম কাঁচের চুড়ি ফিরি করতে গেল।

গাঁ সহর হয়ে উঠেছে। বেন মাটির ছলালী মেয়েটির সারা গায়ে গিলটির পদ্মনা, মূথে থড়ির গুঁড়ো। আবাদিও ড' ঢের হ'ল। রাস্তান্ন ছাাক্ড়া গাড়ী চলে, লোহার্ লোহা পেটে, দোকানিরা নানান জিনিবের সওদা করে। ছড়ি বুরিরে বার্বা বিকেলে হাওরা থেডে বেরোর।

বৈকিকে দেখে ভোম্বার আড়াই হাত শরীরটা বেন মোচড় দিয়ে উঠল। বেঁকি বললে—মাছ কিছু পেলি ? মাছ না পেলে মা আজ ভোর পাতে ভাভ দেবে না।

-ना पिक।

—কি **খা**বি তাহলে ?

এ প্রস্নের বে এমন ধারা উত্তর হবে, বেঁকি তা স্বপ্নেও ভাবেনি।—ভোম্রা বেঁকির মাজাটা ছই হাতে একেবারে জাপটে ধরলে।

ভোম্রা তার ছ'টি চোথ বৈকির মুখের পানে তুলে ধরল—মিনতিতে ভিজা ছ'টি চোথ। দশ বছর আগেকার একটি দিনের কথা মনে পড়ে হয়ত, ঝাপসা, ফাাকাসে।

নেকড়ের মতো বেঁকি খপ ক'রে ভোম্রার ঘাডের ওপর এক কামড় বসিয়ে দিলে। ভোম্রা একটা চীৎকার ক'রে আলিক্সন ছেড়ে দিল।

বেঁকি ভাড়াভাড়ি দ্বে সরে গিয়ে ডান পা-টা তুলে ওকে লাথি মারবার ভঙ্গী দেখাল।

ভোম্বা আবার জাল কাঁধে ফেলে পথ চলে। থালি মনে হয়, চীৎকার ক'রে ওঠাটা ভূল হয়ে গেছে। বেঁকির ক'টি দাঁতের স্পর্শের স্থাদের দাম এ নয়। যেথানটায় কামড়ে ছিল সে জায়গায় ধীরে ধীরে আঙুল বুলায়। দাগগুলি একটু ঠাহর হয়।

আবার মনে হয়. ওর পা-তোলাটি ভারী স্থন্দর।

গয়লানির মেয়ে জেলেনির ছেলের প্রেম প্রত্যাখ্যান করলে।

হোকনা গয়লানির মেয়ে — তবু ত' নবযৌবনা। এমন দিনে গয়লানির কালো মেয়েও রাজকুমারী বটে। সেও স্বয়্রখরা হ'তে জানে। কাউকে আবার ত্বণাও করে, চায় না। — জগতের সমস্ত নবযৌবনারই মতো।

বললে— মৃথে ঝাড়ু, বেটা দিয়ে পাছত্রার ঝাঁটাই। তারপর মৃথে কাপড় ঠানে, আর হাসে।

ভোম্বা লুকোনো ভাড়টা তুলে মা'র সেই সাড়ে এগারো আনা পয়সা টাঁকে গুঁজলে। কুসি-মাসী টের পেলনা বটে, কিন্তু এক পাশের পিয়াল গাছটা ভেঙে-চুরে প'ড়ে আছে দেখে কিছু সন্দেহ করলে হয়ত।

গাছের সরু কাহিল ভালগুলি মচকে ভাঙতে ভাঙতে ভোম্বা বলছিল – বা বা, সব বা। বে পুঁতেছিল তার চিতার কাঠ হ' গে বা।

দশ বছর আগে হ'তে পারত বটে। দিনের হিসেব ভোম্রা ভূলে গেছে। থালি মট মট ক'রে ভালগুলি ভাঙেই। ভোম্রা জানেনা, এমনি ছু:খেই কেউ কেউ বিষ খান্ত, কেউ কেউ মদ—কেউ কেউ বা কবিতা পেখে।

ভোম্বা সাড়ে এগারো আনার কাঁচের চুড়ি কিনলে। ভালায় ক'রে ফিরি করে, যে পথে মাছের ডুলা নিয়ে বাজারে যেত মা'র পিছু।

দশ বছর আগেকার কর্করে আনিটার কথা মনে হয়। বংসরে পুরোনো হ'লেও ওটার দাম লাখ টাকার চেয়েও বেশি ছিল হয়ত। থরচ করেনি।

রাস্তার ধারে একটা লোক উদ্ধি কাটছিল - অনেকেই হাত মেলে বসেছে। সামনে নমুনার একটা থাতা। ভোম্বা একটা মেয়েমামুখের ছবি বার ক'রে দেখালে। কার্ত্তিক একটা গোলাপফুল।

লোকটা বলেছিল—চার আনা।

ভোম্রা লোকটার হাতে সেই বহু-দিন-থেকে পুঁজি ক'রে রাখা আনিটা ফেলেই এমন চোঁচা ছুটেছিল যে লোকটার সামাস্ততম প্রতিবাদও শুনতে পায়নি।

দৌড়ে একেবারে হাজির বেঁকির কাছে। বেঁকি তথন মশলা বাটছিল। ভোম্রা ওর বাঁ হাতটা মেলে ধ'রে বললে – এই দেখ তোর ছবি, আমার হাতের ওপর।

বেঁকি ঠোঁট কুঁচকে বলেছিল—ও ত' একটা পেত্নি, শাকচুন্নি —পরনে একটা কাপড় পর্বস্ত নেই।

বেঁকির সেই ব্যক্তের হাসি!—ভার থেকে নোড়াটা ওর মাথায় ছুঁড়ে মারলেই ভালো ছিল।

ভোম্রা ধরা গলায় বলেছিল— কিন্তু ঠিক তোর নাকের মতো, তোর নাক ছাবিটা পর্যস্ত আছে।…

আছ সেই একানিটাও থাকলে কিছু তেলে-ভাজা কেনা যেত। ক্ষিদের ত্টো পা পর্যস্ত ভেঙে পড়তে চাইছে। তবুও এ গলি ও গলি চারুপাঁচ বার ক'রে হাঁটে, হাঁকে বিক্লত গলায়, লোকের মনোযোগ আকর্ষণ করতে—চাই কাাঁচের ছুলি!

হাত দিয়ে বগ্ডালে ত' আর ছবিটা মূছবে না। তাই কথনো কথনো স্তাকজা।
জড়িয়ে রাখে।

ও-ও আর সব বিরহীদের মতোই ভাবে, প্রিয়ার মূর্তি ওর হাদয়ের পাতে আঁকা ।
ভান হাত দিয়ে বা হাতটাকে মারে, থামচায়।— সেই শাকচুরি ছবিটাকে।

হাকে—চেয়াই ক্যাচের ছুলি -

ভালাটা ঝুড়ি হরে উঠেছে—দ্রদরাজ গাঁরের মধ্যে পর্যন্ত ভোম্রার কাঁচের চুড়ি মেরেদের হাতে। কচুপাভা, রামধন্ত, লোনাল লভা চুড়ি। বলে - এটা ভোমাকে মানাবে না, তুমি পর এই পাকা আউব ধানের চুড়ি, আর ছোট্ধুকী, তুমি এই কাঁচা-ভালিমটা।

মেয়েটি বলে – ভোমার হাতে স্তাক্ডা জড়ানো কেন ? দা ? দাড় নামিয়ে ভোম্বা বলে—হাঁ৷—

কলকের ঘা, যৌবনের সব চেয়ে প্রথম ভূলের দাগ। বোঝে কিন্তু বলতে পারে না। আর কাকেই বা বলবে ?

দর্জিরা কল চালায়, ঘণ্টা বাজিয়ে ছোকরা-বাবুরা পা-গাড়ী চড়ে, ভিস্তিওলা রাস্তায় জল ছিটোয়। মাছের বাজার শান-বাঁধান হয়ে গেছে। নামহীন জলি-গলির মোড়ে মোড়ে বাতির থাম—কাঠের। শুক্লপক্ষে জালানো হয়না। তাই জ্যোৎস্না রাতগুলিই থালি চেনা লাগে - তাও ভারি বিমর্য।

ফের রাস্তা খোঁড়া হচ্ছে। নল বসবে।

নব্নে গাঁইভিটা ফেলে রেখে ভাঁড়ে ক'রে কি কডগুলো ঢক ঢক ক'রে গেলে। বলে— হাা বাবা, দর্ব শরীর চাঙ্গা হয়ে ওঠে, চনচনে। এখন খাট, খেটে স্থুখ। জুষ্। ব'লে হাঁটুর ওপরের কানীটা আরো একটু তোলে।

গরুর গাড়ীর সঙ্গে ছাাকড়া ঘোড়ার গাড়ীর টক্কর লাগে। সেদিন ত' বুড়ি চাঁড়ালনী একেবারে চাকার তলায়ই প'ড়ে গেছল। গাড়োয়ান খাপ্পা হয়ে বললে — মানী রাস্তার মাঝখানে বড়ি শুকোক্ছে—

বুড়ি থেৎলানো পা-টা চেপে ধ'রে বলছিল—চিরকেল এখানেই বড়ি ভকোলাম, ভুই —

वृष्टि गानमन करत । नवारे वृष्टिकरे भावत् जाता । वृष्टिवरे मात्र ।

বড়লোকের মেয়ের কাঁচের চুঁড়ি পরবার সাধ গেছে। ফিরিওলাকে ডাকে— ংহসেই কুটপাট।

মেয়েটি কেন হাসে, সে বিষয়ে ভোম্বা মনে মনে কোন প্রশ্নই করে না। ভাবে, মেয়েটির হাসি ভারি জ্বন্দর। যেন অঞ্চলিতে ক'রে ভ'রে নেওয়া যায়, তরল বাচ্ছ জলের মতো।

মেয়েটি বললে—এই লাল চুড়ি জোড়ার দাম কড ?

ভোম্রা বললে -- দশ পয়সা।

পেছন থেকে কে ব'লে উঠল—আমি ঠিক ঐ চুড়ি ছ' পদ্মসাতে দেব। দেখবে ? ভোম্বা অবাক হয়ে চেয়ে দেখে—ছিয়াম। ছিদাম শতিা শতি। ছ' পরসাতে ছাড়লে। মেরেটির ছ'টি হাতে পরিয়েও দিলে। রাস্তার এলে ভোম্বা বললে—ওধু ওধু চারটে পরসা গরচা দিলি যে ?

মূচকে হেসে ছিদাম বললে—নইলে ঐ ত্ব'থানি নরম হাত – যেন ত্বধে ধোয়া। কভ চার পয়সাই ত' – হেঁ!

ভোম্বা নিজেকে বোকা অন্তর্গ বলে বকে। ইচ্ছে করে মেরেটিকে অমনিই চুড়ি জোড়া দিয়ে আসে, মাগনা। একদিন সমস্ত ঝুড়িটাই মেরেটির বাড়ীর বারান্দার রেখে এল।

(वैंकित्र माथ ছिनाय्यत्र विरत्न श्रव ।

সমস্ত সংসারে একটি লোককেই ও চায় বেঁকি ভাবে। ভোমুরা ভাবে—সমস্ত সংসারে একটি লোককেই ও চায়না।

তব্ও, যেমন ক'রে বিয়ের রাতে জগতের সমস্ত তরুণ তরুণীর বুক দোলে, তেমনি ওদেরো বুকে তুলছিল। এক তিল কম নয়। তেমনিই স্বপ্ন দেখছিল ওরা— নব্নে বললে—স্বারো চিড়ে এনে দেব নাকি রে ভোম্রা! থা না, যত পারিস। ভোম্রা গাঁটি হয়ে ব'লে বোকার মতো বলে—স্বান না। থাবই ত'।

দাতগুলি বের ক'রে রাক্ষদের মতো গেলে, চিবোয় পর্যন্ত না। শুকনো চিড়েগুলো ভেতরের দিকে অনবরত ঠেলে ঠেলে বেন উচ্চাত বেদনার মুখ থেঁৎলে দেয়। ত্'পাটি দাত খুলে বলে— আন। আরো ধাব।

পরে ওরা বখন শুতে গেল, ও নির্জন রাতে আস্তে আস্তে ল্যাম্প পোস্টটা বেয়ে বেয়ে উঠে লঠনটা নামিয়ে আনলে। কতগুলি শুকনো খড়কুটো জ্বালাল। তারপর নিজের বাঁ হাতটা সেই আগুনের মধ্যে মেলে ধরল।

সেই ছবিটা পুডুক—সেই শাকচুন্নি ছবিটা। সেধানে সন্তিসন্ত্যিই একটা ঘা হোক।

আরো বছর যায়—লম্বা লম্বা বছর।— তবু সেই আড়াই হাতই—

রাস্তায় লোক গিদগিদ করে, নোংরা বস্তিতে মারী লাগে—ছারখার হয়ে যায়; আবার বস্তি বদে। ভিস্তিওয়ালার বদলে জল-দেলা গাড়ী হয়েছে, তাও গ্রীমকালে। বর্বাকালের শুক্রপক্ষের রাতগুলিতে কেরোদিনের বাতি জলে আজকাল। একটি ছোট পোস্টাপিদ, সাহেবদের একটা বাংলো, এক বিদেশী ব্যবসাদারের একটা চা'লের কারখানা—সারাদিন কলের ছস্ত্স।

কাক ডাকবার আগেই কলের কাৎরানিতে সারা সহরের ঘুম ভাঙে।

বাস্তার মোড়ে ভোম্বা দোকান ফেঁলে বসেছে —মনিহারী। স্বাই বলে 'গুর-গণের তুকান'। স্বাই বলে, রাস্তায় শক্ষর করতে করতে হঠাৎ 'ও কিরির ঝুড়িটা নিয়ে থেমে পড়ল। ঝুড়ি ড' নয় লোহার সিন্দুক—ডাই মাধায় ক'রে আর বওয়া বায়না।

সেই মাটির তলে পোঁতা সাড়ে এগারো আনা পরসা পর্যন্ত সাড়ে এগারোশ' টাকার বাড়ল—

মাইনে দিয়ে ত্'টো ছোকরা চাকর পর্যন্ত রেখেছে, মাল এগিয়ে দিতে। বেঁটে নোটা ছেলেটাকে যথন খুনী মারে, ঢাাভা ছিপছিপে ছোঁড়াটাকে কারণে অকারণে পারসা দেয়, আদর করে। আর নিজের এই অক্তায় তরফ্দারিতে হাসে, মনে মনে বলে—একশো বার মারব, আমার ইছে।

কীই বা না বিক্রি হয় ? ফিজিং বোডল থেকে স্থক ক'রে শিশি ক'রে আমের চাটনি পর্যন্ত। পাথরের থালায় ক'রে কেউ আর আমসত্ব দেয় না, দোকান থেকে কেনে। সাবান, বিশ্বটের টিন, চায়ের কোটো, কনডেলড মিন্ধ, ভিনিগার—সে দিন ছিদাম একটা দামী প্রেটম পর্যন্ত কিনে নিয়ে গেল—বেকিরই জন্ত নিশ্চয়।

ভোম্বা বললে —পয়সা-টয়সা কামাতে পাচ্ছিস না নাকি আজকাল ? আমার এদাকানে থাক না। বগকে না হয় উঠিয়ে দেব।

দেবে – এর তাৎপর্য্য ও বুঝে উঠতে পারে না। কালও ত' মৃনিব ওকে ছিসেবের ফালতু পাঁচ আনা পদ্মসা লুকিয়ে দিয়ে দিলে।

ছিলাম অপমান বোধ করে হয়ত; রাজী হয় না। ধার কর্জ ক'রেই বেঁকির বিলাস জোগায়। বেঁকি বলে —একটা আলভার দিশি আনতে পারিস না কিনে, না গালে মাথবার একটা রং-এর বাক্স। বিশ্বে করেছিলি কেন তবে মুথপোড়া ?

রোজি মেলেনা সব দিন। তাই যার তার কাছে হাত পাততে হয়। ছিদাম সাহেবদের বাংলোতে পাথা টামে। অবশ হাতে পাথা টানতে টানতে এক মিনিটের জন্মও ঝিমোলে পিঠে থেতে হয় দেদিন, পেটে নয়।

বেহারি সওদাগরের কারখানায় কার্ত্তিক মিল্লির কান্ধ করে — টাঁাকটা ওর ভরা। পায়ে ফুল-মোজা এঁটে চটি প'রে ফট্ফট্ ক'রে বেড়ায়, ক্ষুর দিয়ে মাধার প্রেছনটা প্রায় কার্ছায় কমালের ফেট বাঁধা একটা। একটা ভূগি-তবলা নিয়ে সারা রাত তাল ঠোকে আর যা-তা গান গায়। তাই শুনে বেঁকি থিল থিল্

ক'বে হালে, আর স্টিরে স্টিরে পড়ে, বলে কার্তিকটা কী ছেনাল্ রসবড়া আমার!

কার্ত্তিক বলে—এই বেশ, গান গা, আর তুড়ি দে।

ভারণর এই লাইনটাই থালি নানা স্থরে ভবলায় ভপো মেরে মেরে গাইভে বাকে—

বিজ্ স্থ ধোপার ভবকা মেয়েটার দিকে প্যাট্প্যাট্ ক'রে তাকায়। বলে—বিয়ে করবি আমাকে ?

মেয়েটা হেলে বলে - আমি कि তবলা নাকি রে, ছেনাল ?

নব্নে দোকানের বেঞ্চির ওপর এসে বস্লে। ওর চোথে একটা চশমা, নিকেল্-এর — একটা ধার ভেঙে বাওয়াতে লাল স্থতো দিয়ে কানের সঙ্গে বাঁধা।

চশমা পরেছে—এ যেন ওর প্রকাণ্ড একটা গর্ব—এমনি ক'রে ঘোলাটে কাঁচ ছ'টোর ভেতর থেকে চায়।

চশমাটা কপালে তুলে মন্ত্ৰলা কাপড়ের খুঁটে চোথ ছু'টো রগ্ড়ে ফের চশমাটা নামিয়ে বললে — কি কলই বানিয়েছে বাবা, ষেই চোথে লাগানো, অমনি সব দিক বিলমিল ক'রে ওঠে।

वका किंग रात्र कदरल-किरन काथ क्'का राज ?

—কিসে আবার ? অমনিই। একদিন কতগুলি স্থরকি গোছল বটে ঢুকে। ভাতে কি?

চশমাটা ওর মস্ত বার্গিরি। বারে বারেই থালি কাঁচ ত্'টো মোছে, লাল স্থাতোটা নানা ভাবে কানের লক্ষে জড়ায়।

ওর গলাটা ভারি দরু দেখাচ্ছে—জামাটা খুল্লে পাঁজরও গোণা বার হরত। বুনো মোব নর, থেতে-না-পাওরা পিটি-খাওরা কাঙাল বেতো ঘোড়া।

বললে — জানিস ভোম্রা, এবারে এখানে রেল বসবে। পাবার াইভি নিয়ে।
ক্রেক্তব।

এক গাহেককে একটা লঠন ফিট ক'রে দিতে দিতে ভোম্রা বললে—ভোর এই ভাঙ্গা দেহে কুলুবে ?

চশমাটা নাকের ওপর ঠিক ক'রে বিনিয়ে নব্নে বললে—কি যে বলিস। গাইতিটা হাতে নিলেই আমার ভ্যানা ত্'টো ফের ফুলে উঠবে। কাশিটাও আর থাকবে না। এতদিন রাস্তা-টাস্তা খুঁড়তে পাইনি ব'লেই ত' এমন ছিরি হয়েছে চেহারাটার।

পরে বললে—রেল-রাস্তা করবার মন্ত্রি নিশ্চরই বেশি ছবে। টাঁাক আবার ভ'রে উঠলেই একটা ভালো দেখে চশমা কিনব।

বলে, আর অন্তমনম্বের মতো শৃষ্ঠ ট্যাকটার ওপর হার্ভ বুলার।

একসময় বললে হঠাৎ—জানিস কাল রাতে বেঁকিতে আর ছিলামেতে ভীষণ মারপিট হয়ে গেছে। বেঁকি মেরেছে ছুঁড়ে পিতলের থালাটা ছিলামের মাখার, শুমধুন হয়েছিল আর কি! মেরে ড' নর রাক্ষ্সী।

প্রায় তক্ণিই খুঁ ড়িয়ে খুঁ ড়িয়ে ছিদাম এসে হাজির, মাথায় রজে-ভিজা স্তাকড়ার একটা ফেটি বাঁধা।

হাত পেতে বললে—আমাকে একটা আলতার শিশি দিবি ভোম্রা ? ভোম্রা কোনো কিছুই লক্ষ্য না ক'রে বললে—দাম সাড়ে ন' আনা। —বাকী দে এবারটি ভোমরা—

ভোম্রা একেবারে বোমার মতো ফেটে পড়ল খেন—যা যা বেরো আমার দোকানের সম্থ থেকে। বাকী নিতে এসেছেন ? আলতার শিশি বেটপ্কা আকাশ থেকে পড়েছে খেন!

हिमाम मान मृत्थ वितिष्त यात्र, श्रृँ फ़िस्म श्रृँ फ़िस्म ।

হঠাৎ ভোম্রা টেচিয়ে উঠল—শোন শোন ছিদাম, নিয়ে বা আলতার শিশি। আলতার শিশিটা ছিদামের হাতে দিয়ে পরে খুব আন্তে বললে—বোঁক নিঞ্চে এলেই ত' পারত চাইতে!

ছিদাম মিনতি ক'রে বললে—আর চারটে চুলের কাঁটা দিবি, রেশমী ফিতেও — এই একহাত হ'লেই হবে। রেল-রাস্তার মন্ত্র্রি ক'রে সব তার তথে দেব ভোমরা।

— আচ্ছা, আচ্ছা, থাক। এই নে। আর এই একটা ঠোটে মাথবার নতুন রং বেরিয়েছে, এটাও নিয়ে যা।

ছিদাম কাঁচুমাচু হয়ে বললে—দাম কত এর ?

—যা যা, দাম জিগ্গৈস করতে হবে না। আর এই নে, নতুন চঙের শাখা বেরিয়েছে, ওর খুব পছন্দ হবে।

দিতে দিতে শেষ পর্যন্ত কীই বা না দিল? এসেন্সের শিশি, দার্জিলিভের-পাথরের মালা পর্যন্ত।

वल-भात्र कि निवि वन ?

ছিদামের কোঁচড় ভ'রে উঠল।

নব্নে বললে—দোকান উঠিয়ে দিচ্ছিল নাকি রে ?

—উঠলেই হ'ল আর কি ? মাগনা উঠবে ? এই লোহার কড়াটাও নিয়ে বা, বেকি ভোকে মাছ ভেজে থাওয়াবে। আর এই বালভিটা।

ভোমরা বেন পাগল হয়ে গেছে। একদিনেই দেউলৈ হয়ে যাবে।

ছিদাম চ'লে গেলে নব্নে ফিস ফিস ক'রে বললে—বেঁকির সক্তে ওর ভালো বনিবনাও হচ্ছে না। দিনে-রাজে সাপে-নেউলে লেগেই আছে। জানিস, বেঁকির চোথ কাত্তিক-মিন্তির ওপর—

ভোম্রা কিছুই বলে না, এলোমেলো দোকানপাটের দিকে চেয়ে থাকে। একটা তাক প্রায় থালি হয়ে গেছে।

আনেকেই ভূল করে—বেঁকিও করেছিল। হঠাৎ একদিন আবিকার করল, ছিলামকেও চারনা—ছিলাম ফুরিরে গেছে।

কাকে চায় বুৰে উঠতে পারেনা। ভাবে, কার্ন্তিককেই বুঝি।

কার্ত্তিক তবলায় চাঁটি মেরে মেরে টপ্পা গায়, আর বেঁকি জামার তলা থেকে ক্ষমাল বের ক'রে নেড়ে নেড়ে হাসে। বলে—কেয়াবাৎ কালোয়াৎ।

ছিদাম বাইরের থেকে ভাকে—খরে আয় বেঁকি। বেঁকি চেঁচিয়ে বলে—খাবনা। এই আমার ঘর।

কার্ত্তিক বলে—এবারে গান বন্ধ। বা। খুনখারাপি হবে একটা। এক রক্ষ কোর ক'রেই ঘর থেকে তাড়ার। পরে ফের তবলা চলতে থাকে—অনেক রাত।

পাশের দর থেকে বিজম্বর মেয়ে বলে — যুম্বিনা ? সারা রাতই— কাত্তিক জবাব-দেয়—সারা রাতই। তোকেও মুমুতে দেব না।

ন্তুন রেল বসছে। নব্নে থক্ থক্ ক'রে কালে, তবু গাঁইতি চালায়। হঠাৎ স্বতোর বাঁধ ছি ড়ে চলমাটা ইটের গাদার ওপর প'ড়ে চুরুমার হয়ে গেল।

নব্নে ফিরে এল। গাঁইভিটাও আর নিয়ে এলনা।

বললে—চোথে দেখতে না পেলে শেবে গাঁইভিটা পায়ের ওপরই চালিয়ে দিই শার কি!

সমস্ত পাঁজরগুলি মোচড় দিয়ে কাশ ওঠে—রক্ত। ত্' হাতে বুকটা চেপে ধ'রে রাস্তার ওপর ব'সে পড়ে। ভোম্বা তাল-পাতার একটা পাখা দিয়ে হাওয়া করে, চোথে মুথে জল ছিটোয়। বেল ব'লে গোল—চিনের খরে চাটাই-বেড়ার একটা ইষ্টিশান খর পর্যান্ত । যাত্রীরা গাড়ী থেকে নেমে পান কিনে খেডে খেডে এঞ্জিন ড্রাইভারকে ক্লার্ল ধ'রে ডেকে বলে—পান-টান খেয়ে নি বাবা, তারপর চালাস্।

কেউ কেউ বলে—সেই সন্ধ্যে থেকে বন্ধ গাড়ীতে ব'লে আদি। একটু হেঁটে নি বাবা মাঠের ধারে। তারপর গাড়ী ছাড়িস রে হেবো।

তারপরই গাড়ী ছাড়ে।-

মর্জি মতো নাবে, আবার দৌড়ে গিয়ে ধরে। গাড়ী ত' নর, একটা লোহার বিছে—বেচপ, বিচ্ছিরি।

নতুন নতুন লোকের আমদানী হয় — কাবলীওলা বাত্রাপার্টি, বছরূপী। একবার গাড়ী ভ'রে নানা বয়সী কতগুলি মেয়েমামূব এল —এক দঙ্গল। মজুমদার পাড়ার মাঠের নতুন বস্তিটাতে এসে উঠল। সাপের বাচ্চার মতোই কিল্বিল্ করছে।

ভোম্রার দোকানে মালপত্র আজকাল একেবারে ভেলুরহাট ইষ্টিশানেই আলে। সাতকোশ দ্বে বড় ইষ্টিশান থেকে গরুর গাড়ী বোঝাই ক'রে আর আনতে হন্ন না। রক্ষা বলে ভালোই হয়েছে।

ৰুড়ীরা আগে আগে রেল দেখে পেরাম করত, বলত—জগরাথের রও।
ইদানী বলে—কী সারা দিন রাত খ্যানর খ্যানর, সোয়ান্তি নেই। দে না আগুন
লাগিয়ে কেউ।

সেদিনের সন্ধার গাড়ীটা ভেল্বহাট ছাড়িয়ে কদ্ব এগোতেই হঠাৎ খেষে পড়ল।

ষাত্রীরা সব নেমে জিগ্গেস করে—কি হ'ল রে হেবো ?

হেবো বললে—কি একটা আচমকা হুড়ম্ড ক'রে এসে পড়ল চাকার তলার।
গাড়ীটা 'ব্যাক' করে। উৎস্থক জনতা চেয়ে দেখে, একটা মাহুষ কাটা পড়েছে।
কেউ কেউ চিনতে পারে হয়ত —আরে এ ছিদাম যে—

তারপর থানা থেকে পুলিশ এল লাঠি নিয়ে। ঠেঙিয়ে ভিড় তাড়াল ট্রেশটা 'পাস' করিয়ে দিলে।

বেঁকি অবস্থি শোকের কার্পণ্য করলে না। কাঁচের চুড়িগুলি ভেঙে থান কাপড়ো পরলে।

তবুও উদাসীর মতো মাঝবাতে কার্ত্তিকের ঘরের পাশে ঘূরে বেড়ায়। পাশাপাশি ঘরে কার্ত্তিকের আর বিজয়র মেয়েটার কথাবার্তা চুপ ক'রে শোনে। বিদ্ধন্তর মেরে স্থার কার্ত্তিক মিন্তি এক নকে সমস্ত জীবন থাকবে—ভাই স্থাবার রোমালপুক্ষের বস্তিতে ঢাক ঢোল বেজে উঠেছে। মশাল জলেছে—দেয়ো কুকুরের। কুড়াই লাগিরেছে পর্যান্ত।

সমস্ত ভেলুরছাট সরগরম। সবাই বলে—কার্ত্তিক মিস্তি খরচ করছে রটে, প্রসা ড' নয় খোলামকুচি।

মাথায় পাগড়ি বেঁথেছে, গায়ে জোবনা —কাঁধ দিয়ে একট তলোয়ার পর্যাত কুলিয়ে দিয়েছে।

নব্নে বললে—থেয়ে নি পেট পুরে, আর কতদিনই বা বাঁচব ? কাশে, আর কাশ থামলে লুচিগুলি মূথে গোঁজে আর গেলে।

বৃষ্টির জলে নালাগুলো থই থই ক'রে উঠছে—ছ' একটা শাপলা এলিনে ছ্মিয়ে আছে ষেন। নালার জলে পা ভূবিয়ে বেঁকি বলে—চূপচাপ—ষেব কারা ছুরিয়ে-ফেলা শফেদ্ একটা মেঘ।

আবার ঠু টোটা পেছনে। বেঁকির সমস্ত গা কাঁটা দিয়ে উঠল।

জলের থেকে পা না তুলেই বললে — লুচি থেতে গেলি না ? সেবার ড' থালি চি'ছে গিলেছিলি।

ভোম্রা কিছুই বলতে পারে না, খালি অনিমেষ চোথে চেয়ে থাকে। অনেক বাছে বোকার মতো খালি বলতে পারল—আমার দোকানে চল।

--- (क्न ? दिक जूक कूँ ठरक बाँचाला गनाम बाँपरक **फेर्न** स्वन।

চোখের জ্বলের মতো ঘোলা চাঁদের আলো ভোম্রার জ্বদন্ন পর্য্যস্ত যেন এলে পৌছুল। বললে – সেই দোকানই ত' আমার ঘর—

ব্যাকুলতা জানাবার ভাষা খুঁজে পায়না হয়ত, হাত ত্'থানি ধরতেও অনির্বচনীয় কুঠা লাগে।

বেঁকি ফট ক'রে দাঁড়িয়ে পড়ল।

ভোম্রা হাঁটু গেড়ে ব'লে পড়ল হঠাৎ। তা দেখে বেঁকির মূখে কাপড় ঠেলে কী হাসি। তথন ভোম্রাকে বোধ হয় ঘাসের ডগার চেয়েও বড় দেখায়নি।

—ভোর পারে আমি সমস্ত দোকান উজার ক'রে ঢেলে দেব বেঁকি, তুই আয়।
নতুন নতুন ক্রিম এসেছে গালে মাথবার, নতুন নতুন গর্না—, ভোকে টাকা
বাজিয়ে বাজিয়ে ব্যুম পাড়াব।

নদীর চেউর মতো বেঁকি ভেলে উধাও হ'রে চ'লে বায়। তবুও তেমনি উৰু হঙ্গে ভোম্রা ব'লে চলে—লে অনেক টাকা, তুই তা ভাবতেও পারিল না। কি করব আমি এ সব দিয়ে ? সব তোর—তোর— ভারপর দূর থেকে একটা টিল ধূপ ক'রে প্রায় ভোম্রার মাধায় এলে পড়ে।

ভোষ্বা দোকানে চ'লে গেল। সাৱারাত জেগে দোকান্টা ভালো ক'রে নতুন রক্ষ গুটোল, ঝাঁটা দিয়ে ধূলো ঝাড়লে, তারপর হিসাব মিলাতে বসল। বলভে লাপল—দেব ছোঁড়াছ্'টোকে উঠিয়ে, অকন্মার চেঁকি—নিজেই পারব একা— আয়ারই তো সব—

ভারণর নগদা টাকার থলিটায় হাত চুকিরে রেভগুলি নেড়ে চেড়ে বাজনাই বাজার হয়ত।

## বারো বছর ঘোরে—

শশুতি এদিকে এক নতুন বকম ব্যায়রাম দেখা দিয়েছে—গায়ে সব ফুছুরি ওঠে।
বব্নে এসে তার নাপতের বান্ধটা ভোম্রার দোকানেই জিমা রাখলে। বললে
— শামি এবার সত্যিসভিয়ই চললাম ভোম্রা। ৰদি কোনো বেকার লোক দেখিস,
ভা'লে এ বান্ধটা দিয়ে দিস তাকে—

ৰব্নে শেষ পর্যান্ত মরল কাশিতে নর—এই নতুন ব্যায়রামে। শবাই এ-ওর মুখ চাওয়াচায়ি করে।

ভোম্রার দোকান আরো ফেঁপেছে। বছরো বেড়েছে বটে কিছ ব্য়স বাড়েনি বেন।

সেই বেঁটে চ্যাপটা-মূথ ছেলেটাকে ভাড়িয়ে দিয়েছে। রঙ্গারো ব্যামো হওয়ান্ডে ছুটি নিয়েছে—চিরকালের ছুটি। ভোম্বা এখন একেবারে একা। জিনিসপত্র নাড়ে ছাঙ্কে আর থালি যেন হাঁপায়, ভাবে—কী হবে এ সবে ? ছাই—

শ্বর ছেড়ে বেরোয়। রাত ক'রেই — ঠাগুায়। পাঁচহাত কাপড়ের খুঁটটা গায়ে শুড়িয়ে নেয়। কেউ বলে—এই শীতে তোর গায়ে কি একটা কমলো উঠবে না ? শিশুটে কোথাকার!

ভোম্রা হেসে বলে তুর্—ভোর যদি দরকার হয় আসিস্ দোকানে—অমনি দেব; মাগ্না। যার যা দরকার।

স্থাসতে আসতে শেষ পর্যাস্থ মেয়েগুলির নোংরা বস্থির কাছেই এল—ষেন পথ ভূলে।

ভখনো কতগুলি মেয়ে শীতে জড়সড় হয়ে দাঁড়িয়ে আছে—বেঁকির গায়েও একটা কমল নেই।

ওকে দেখে সবগুলি মেয়ে কিলবিল ক'রে হাসে, এ ওর গায়ে ঢ'লে পড়ে— নানান কথা ক'য়ে কেপায়। বেঁকিও হাসে—তেমনি, মুখের মধ্যে কাপড় ঠেলে। বেন অনেকদিন ওয়া মন প্রাণ খুলে হাসতে পায়নি—

ভোম্বা কোন কিছু জকেপ না ক'বে অধিরের মতো এ মোড় থেকে ও মোড় ঘূরে বেড়ান্ধ—একটিও কথা মূখে আসে না। সব ঘেন বুকে আথালি পাথালি করে। বেঁকি একেবারে একটা ঝাঁটা নিয়ে তেড়ে এল এবার—বেরো ছুঁচো কোধাকার — আবার তক্ষণিই মূখে কাপড় ঠেলে হালে।

প্রিয়ার দার শাজা ওর দত্যে রুদ্ধ --

চ'লে বেতে বেতে ছ'খানা নোট বেঁকির দরজার গোড়ায় কেলে দিল— বেটপ্কা।—ও বেন একটা কম্বল কিনে গায়ে দেয়। নইলে যে অস্থুথ করবে ওয়— তারপর দোকানেই ফিরে আদে।

সমস্ত জানলা কবাটগুলো এটে বন্ধ করলে। কেরোসিনের ভরতি টিনগুলো একদঙ্গে জড় করলে। তারপর ভালো ক'রে সমস্ত সাজানো জিনিসগুলির দিকে চেয়ে দেখলে একবার।

নব্নের সেই নাপ্তের বাক্সটা পর্যান্ত। একটা দীর্ঘশাস শুধু— তারপর কি ? তারপর শুধু দেশলাইর একটা কাঠি—

## 거족기취기

বেশ বুঝতে পারছি শরং এদে পড়েছে। কিন্তু কি আন্তে আন্তেই বে এল! তার পদধ্বনি শুনতে পাই নি। আন্ধ ভোরে হঠাৎ আকাশের নীল নিকলক নির্মেষ প্রশান্তি দেখে মন ভারি মুগ্ধ হয়ে গেল। আকাশকে অত্যন্ত উচ্ছল ও উদার মনে হচ্ছে। এখনো চিমনির খোঁয়ার কলকের হোঁয়াচ পড়ে নি। দ্বে শেফালিওছেম মতো একথও শাদা মেঘ প্রভাতের নির্মল বোদে সান করছে, যেন শাদা পালক-ওয়ালা একটা বক ভার ত্'টি পাখা বিস্তার ক'রে শুয়ে আছে। ঐ মেঘটা যেন মাণ্ম রাশীকৃত স্কোমল পবিত্র ভালোবাসার মতো!

কিন্ত আমার জীবনে এই শরতের নির্মুক্ততা ও জ্যোতির্ময়তার স্থান কই। সেধানে পুঞ্চ বেদনার মতো কালো নিবিড় মন্থর মেম্পুপ। মমতার হু'টি ভব্দ বিশাল চোথে দ্বকালের মেমাক্রান্ত আমাচু যেন মৃচ্ছিত হরে আছে।

ভাবছি, জীবনে মোটে পঁচিশটি শরৎ এসেছিল, এসে বার্থ হয়ে ফিরে গেছে। কত ক্ষণথও ধুলার লাছিত হয়ে মিশে গেছে, গলায় মালা ক'রে পরি নি। **আছ আ**ছ অন্ত এত অহতাপ হচ্ছে! এই পঁচিশ বছরের জীবনে শতদলের পাপড়ির মতো
একটির পর একটি ক'রে কডদিন এসেছিল—কোনোটি সুর্ব্যোদয়ে পলাশের মতো
রাজ্ঞা, গোধ্লিতে বিরহবেদনার মতো মধুর, কোনোটি ঘনঘোর মেঘে প্রিয়ার ব্যথিত
দৃষ্টির মতো শীতল, নক্ষত্রদীপ্ত রহস্তগভীর অন্ধকারে তৃঃথের মতো প্রশাস্ত, কোনোটি
বা পূর্ণিমার প্রচ্র জ্যোৎস্নায় বৃথিকার মতো প্রফুল্ল, কোনোটি মধ্যাহ্দের দয় নির্মম
রোজে বৈরাগ্যস্থলর সন্ন্যাসীর মতো উদাসীন! কত দিন হারিয়ে গেছে! দিয়বধুর ছিয়
কঠহার থেকে অপরূপ প্রভাত ও সন্ধ্যাগুলি আমার জীবনে খ'সে খ'সে পড়েছে,
একটিও কুড়িয়ে রাখিনি, রাখিনি!

মনে পড়ল, একজামিনের পড়া 'বার্ক' পড়তে পড়তে হঠাৎ আনমনা হয়ে পেছন চেয়ে দেখেছিলাম চাঁদের আলো একটি গরীব ঘরের মানবন্ধা মেয়ের মতো আমার ঘরের মেঝের প্রতিয়ে পড়েছে। মনটা ভারি ভিজে গিয়েছিল। তাড়াতাড়ি 'বার্ক'টা ছু ড়ে ফেলে বাতিটা নিবিয়ে দিয়েছিলাম। কে বলে সে গরীব ঘরের মেয়ে ? জ্যোৎস্না পূর্ণ্-ধৌবনা ললিততম্ব সাকীর মতো শুভ্র ফেনোছেল আনন্দের মদিরাপাত্র নিয়ে বিহরল আবেগে আমাকে বেইন ক'রে ধরেছিল। সেই রাত্রে থোলা বারান্দায় অনেককণ নির্ম হ'য়ে বেতের ভাঙা সোফাটায় শুয়েছিলাম। আর পড়া করি নি। নিজেকে এন্ড স্থল্পর এত মিষ্টি লাগছিল। সমস্ত আকাশের সঙ্গে একটি বন্ধুত্ব বোধ করেছিলাম বেন। ভাগিস সে দিন 'বার্ক' ছুঁড়ে ফেলে দিয়াছিলাম। নইলে সেই ঘারাস্তবতিনী রানম্বী জ্যোৎস্নার আনন্দ-প্রাচুর্যে স্নান ক'রে নিজেকে এত সার্থক ও স্থল্পর ব'লে ভাবতে পারতাম না।

মনে পড়ল, পুরীর পূলিনে সমুদ্রের বিস্তীর্ণ প্রশান্ত জলরাশির ওপর একদিন স্থাান্ত দেখেছিলাম। ভাগ্যিস দেখেছিলাম! তাই ত' সেই অত্যাশ্চর্য অলোকিক মহন্বভরা উদার স্থাান্তসময়ে নিজের মধ্যে একটি বিশালতা ও বন্ধনহীনতা অম্বভব করতে পেরেছিলাম। ভাগ্যিস একদিন কোন এক নামহীন নিম্পাদপ তৃণহীন শৃষ্ঠ কঠিন গৈরিক ভূমিতে প্রান্ত হয়ে ভয়ে নিজেকে একান্ত রিক্ত ও দরিত্র ব'লে ভেবেছিলাম, সেই স্থমধুর ব্যথিত মূহুর্ভটিকে ব্যর্থ হ'তে দিই নি! মনে পড়ে, এক বিয়ে বাড়ীর নিমন্ত্রণে গিয়ে একটি চঞ্চলা সদাহাশ্রময়ী কিশোরীর সঙ্গে ভাব ক'রে রাত্রে ভারার পানে চেয়ে চেয়ে তার নাম রেখেছিলাম সন্ধ্যাতারা; মনে পড়ে, এক বছর বাদে তার বিয়ে হ'য়ে গেলে অকারণে চোথে জল এসেছিল, সে রাভ স্থাতে পারি নি। সে রাত ব্যর্থতাবোধের কি অপার স্থথেই বে কেটেছে!

ক'টি দিনই বা মনে করতে পারি ? কত দিন বঞ্চিত উপেক্ষিত হ'য়ে অভিযান ক'রে চ'লে গেল। আকাশে নিদ্রাহারা কত তারা কত জ্যোৎসা আমাকে ভেকেছিল, আমি দরজা ও বাভায়ন বন্ধ ক'রে লজিকের সিলজিজম মুখন্ধ করেছি, পরে আপিসের হিসাবের অন্ধ মিলিয়েছি। বারের পাশ দিয়ে কত মুশাফের কাজ হেঁকে গেল, আমি নিশ্চিন্ত আলভ্যে মগ্ন হয়ে দাবা খেলেছি বা পান চিবিয়েছি। কত রাত্রি ভভরতা তপন্ধিনীর মতো বৈরাগ্য ও বিরতির অর্ঘ্য বহন ক'রে আমার ছ্রারে নেমে এল. আমি বারোটা পর্যন্ত রাত জেগে গ্য়লানী আর মুলীর দোকানের হিসাব কবলাম, আর বেশী খরচ হচ্ছে ব'লে মমতার সক্ষে অধ্যা ঝগড়া করলাম। এই ত' পচিশ বছরের কেরাণী জীবন।

ভাই বুঝি অসময়ের যাবার লগ্ন এসে পৌছুল ব'লেই আজকের শরৎকে 
চুঞ্চার্ড চকোরের মতো আকঠ পান করতে চাই। নইলে আজো হয়ত হিসাব 
মিলাতাম! ঝগড়া করতাম! পৃথিবীকে আজ কী স্থন্দর মনে হছে ! সকাল হ'তেই 
রাস্তার ওপারে চায়ের দোকানে ভিড় লেগে গেছে। কত লোক যে জড়ো হছে । 
কত রকম আনন্দগুল্পন যে করছে ভারা। সমস্ত সাধারণ তুচ্ছ ব্যাপারটি আমার 
কাছে এত বিচিত্র মনে হচ্ছে যে কি বলব! ভোর না হ'তেই রাস্তায় জল দিয়ে 
গেছে। কালো পিচে মোড়া ভিজে রাস্তার ওপর দিয়ে মোটরগুলি ছুটছে— কি 
স্থন্দর গর্বিত ছোটা! টেলিফোনের ভারে ব'সে ছু'টি চডুই পাখী থানিক পরেই 
করম্ব ক'রে উড়ে চ'লে গেল—কি মধুর ওদের পাধার শন্ধ--কি কর্মণ!

ষাব, এ কথা একান্ত সত্য হ'লেও—আজকের নির্মল বিমুদ্ধ দিনটি প্রাণ দিয়েই উপভোগ করে যাব। নোটবুকটায় লিখে রাথছি—আজ এগারোই ভাল, মঞ্চলবার, আটটা বেজে তেরো মিনিট হয়েছে। সকাল থেকে বারান্দায় এই কাঠের ইজি-চেরারটার তরে তরে শরতের জ্যোতির্ময় নীল আকাশ দেথছি। ভারি ভালো লাগছে। এক কালি রোল্ত আমার কোলের ওপর এসে পড়েছে। শরতের রোল্ত-বিষোভ আকাশকে মনে হছে যেন কোন সক্তর্রাতা তহুগাত্রী কিশোরীর চঞ্চল হাস্ত —বেন আমার কোন একটি কল্যাণী বোন থিল থিল ক'রে হেসে উঠেছে; এই রোল্ত ক্যোল তারই হাসির টুকরো। আবার মনে হছে এই প্রসারিত প্রশান্ত আকাশ যেন মৌন সহাস্থভূতিতে আচ্ছর, যেন কোন মা আপন ব্যথিত পুত্রের পানে বিশাল বিষণ্ণ নরনে চেয়ে আছে! আবার ভাবছি, আজকের আকাশ যেন নাম-না-জানা প্রিয়ার রহুসভরা ছই নির্নিষেব নীল চোথ! আমাকে ইসারায় ভাক্ছে। এই এগারোই ভাত্রের আকাশধানিকে জগতের কোন্ কবি এমন আনন্দমন্ব চোখে অভিবাদন করল জানি না, আমি ত' আমার নোটবুকে লিখে রাখি!

ভাবছি এবং ভাবতে ভারি কট হচ্ছে, যে পৃথিবীকে এত ভালোবানি, আমি চ'লে গোলে সে পৃথিবীর এতটুকুও লাগবে না। কাল ঐ বে ও পাড়ার বস্তি থেকে জোয়ান মরা ছেলেটাকে ধরাধরি ক'রে শ্বাশানে নিয়ে গেল, ভাতে তথু ভার বুড়ো বাপ মা'র ক্ষণিক চীৎকার ছাড়া আর ড' কোথাও একটু দীর্ঘণান উঠল না। নৰ আবার বে কে নে-ই। নিরুম, উদালীন, নির্বিকার! আজো ড' অপরূপ ক'রে প্র্যোদয় হ'ল। জৈম্ কভদিন ভোর বেলা কৃত্তি ক'রে গায়ে মাটি মেথে এই পথ দিয়ে বাশের আড় বাঁনী বাজিয়ে গেছে, সে ড' আজ এই স্থন্দয় স্বর্ব্যাদয়টি দেখতে পেল না। তাতে এত বড় পৃথিবীর কি বায় আদে ? আমি বখন বাব, তার পরেও ড' কত দিন কত রাত্রি আসবে, আমার জক্তে ড' একটি তৃণায়ুরেও ঈষৎ রোমাঞ্চ উঠবে না। সে রাত্রে বিরহী কাঁত্রক, কবি কবিতা লিখুক বাণা বাজাক, শিল্পী প্রতিমা গড়ুক, ব্যবসাদার হিসাব মিলাক, কেরাণী তার হুংখিনী স্ত্রীর লঙ্গে বগড়া কক্ষক, লেইখানে আমার স্থান কোথায় ? কোথাও না। ভাবছি আজ পর্যান্ত এই নীল আকাশের ভলে কোটি কোটি মাত্র্যর হারিয়ে বিশ্বত হয়ে গেল।। তাদের এতটুকু চিহ্নও কোথায় প'ড়ে রইল না। বে দিকে চাই সেখানেই মৃত্যুকে অবজ্ঞা ক'রে প্রাণের মিছিল ছুটেছে! কঠিন শ্বশানের ভন্মবাশির পাশে দামাল তৃণশিত্রদলের ত্বন্ত চঞ্চলতা। নোট-বইটায় লিখছি — বাঁচতে চাই, বাঁচবার স্প্রাটুকুই আমার মরবার পর অক্ষর শ্বিতিক্ষ হয়ে থাক!

মমতা চায়ের পেয়ালা ক'রে ত্থ নিয়ে আসছে দেখছি। ও যেন শীতের বিশীর্ণ একটি কালো পাতা। ওকে আজ বে কেউই দেখবে, যেন ব'লে দিতে পারবে—ওর নাম মমতা, ময়লা একখানা কাপড় পরণে, এখানে দেখানে দেলাই করা, রায়ার কালি আর মশলা লেগে রয়েচে, তা' দিয়ে আপনার পীড়িত উপেক্ষিত যৌবনকে আর্ত করেছে। ফক্ষ জটিল চুলগুলি মাতৃহারা শিশুর মতো অয়দ্বপালিত, দেখলেই একটু আদর ক'রে গুছিয়ে দিতে ইচ্ছা হয়। হাতে গলায় কানে একটিও সোনার আত্রব নেই, ওধু এয়োস্ত্রীর পরম গোরবময় একটি মাত্র চিহ্ন বা হাতে আছে—একটি সক্ষ লোহার চুড়ি। আর সব গয়না বিক্রী হ'লে গেছে। ছ'টি চোখে কি সঞ্চল কেহমাখা। অখচ এই মমতাকে কত দিন অকারণে তীত্র তিরয়ার করেছি। কত রাজে ওকে একা বিছানায় ফেলে অদ্বির হ'রে ছাতে টহল দিয়েছি। ও সমস্ত রাত ঘুমারনি, বালিশে বুকটা চেপে ধ'রে খালি কেঁদেছে। কী করণ তাপসীর মূর্তি ওর আছে। আজ ওকে সমস্ত প্রাণ দিয়ে ভালোবাসতে ইচ্ছা করছে। কিন্তু বড্ড দেরি হয়ে গেল !

মমতা ধীরে ধীরে এগিরে আসতে আসতে আমার পানে চেরে একটু ফিকা হাসল। এই ড' তুমি খুম থেকে একলা বারান্দার উঠে এসেছ। তুমি ড' রোজ ভালো হচ্ছ। তথু তথু ভুল ভাব বত সব—

গরম ছুধের পেয়ালাটা চেয়ারের হাতলের ওপর রেখে, মমতা হাঁটু গে'ড়ে পাশে বসল। বসল—আজ কত জর পেলে ? তার ছু'টি বেহার্ড উৎস্থক চোধের পানে চেয়ে ধীরে বললাম - নর্মেল।

নর্মেল ? সে উৎফুর হরে ছু'টি চোপ ফুপে ভাগর ক'রে মধুর কঠে 'সভিয়' ? ব'লে আন্তে আন্তে আমার বুকের ওপর নিজের প্রান্ত মাথাটি রেখে ছলছল চোথে চেরে আনন্দে বললে – আর কি, এবার থেকে আর জর হবে না, আর ভাবনা নেই, ভোমাকে আমার কাছ থেকে কে ছিনিয়ে নেবে ?

ওর চুলগুলিতে ধীরে আঙুল বুলোতে লাগলাম। ও বদি আমার জামার তলা দিয়ে বুকে হাত দেয় তাহলে ওর হাত পুড়ে ধাবে। জর একশো এক দ্বিপ্রিইছিল। কিন্তু ধার্মোমিটারটার ওপর ভারি রাগ হয়ে গিয়েছিল আজ সকাল বেলা। রেগে এক ঝাঁকুনি দিতেই এক নিমেবে জয় নর্মেলে নেমে গেল। মমতার রাত্রির মভো ব্যথিত নিস্তর ব্যাকুল হু'টি চোথের পানে চেয়ে রাচ্ছ সত্য কথাটা মুখ দিয়ে বেরুল না। কাশতে কাশতে বে রক্তটা আজ উঠেছিল, সেই ক্যালটাও সরিয়ে রাথলাম।

কিন্তু মমতাকে আৰু ভারি মিষ্টি লাগছিল। সমস্ত দ্বংথের মধ্যে আৰু যেন অপরিদীম একটি ছৃপ্তি পাছিছ। ওকে বুকে জড়িয়ে আর কোনো দিন যেন বুকটাকে এত ভরা মনে হয় নি। ভাবতে ভারি কট্ট হচ্ছে, এই মমতাকে একদিন কটিন কট্কেণ্ঠে বলেছিলাম—ভালোবাদিনা। সে মুই হাতে খুকীর মতো মুখ চেকে কেঁদেছিল।

ওর আনত মাধার হাত ব্লোতে বুলোতে বললাম—ভারি লোভ হচ্ছে মমতা ! ও শুড় মলিন মুখখানি খুনীতে উদ্ধাসিত ক'রে আমার পানে চেয়ে আমার বুকের ওপর মুখখানি রেখে গালটি এগিন্ধে দিয়ে বললে—দাও।

ঠোঁট হু'টো এগিয়ে নিলাম। না, থাক।

ও আমার গলা জড়িরে ধ'রে বললে— কেন, গালে দিলে আমার কিছু হবে না, তুমি দাও।

क्लिया ।

ওর ওকনো বঙহারা ঠোঁট ছু'টি ছু'টি আঙুলে স্পর্শ করছি। দ্রে নিমগাছের একটা সংগোজাত শাখা তার অগুন্ধি কিশলয় মেলে দিয়ে স্থ্যকিরণে কাঁপছিল। আমার জীপ বুকের তলার বে অক্ষর প্রাণ আছে তা বেন ওই পাতার মডোই মৃত্ল, কচি!

ভাকলাম -- মমতা !

मूथ जूलारे वनान - कि ?

— স্বামাকে ভাছলে ভূমি রেখে দেবে ?

মাথা তুলে বললে—নিশ্চরই। কিন্ত ছ্ধটা এক্ষ্ণি থেরে কেল। ছ্ড়িরে পেল হয়ত,

ব'লে পেয়ালাটা মুখের সামনে তুলে ধ'রে ফের বললে—হাঁ কর, থাইয়ে দিই আন্তে আন্তে।

মাথাটা সরিয়ে নিয়ে বললাম—কোথায় ত্থটা জোগার হ'ল ? পয়সা কোখেকে জোটালে ?

- —দে যেথান থেকেই হোক না, তুমি খাও।
- —কিন্তু কাল রাত্রে তুমি কিচ্ছু থাও নি, পাশের বাড়ী থেকে বার্লি চেয়ে এনে থোকাকে থাইয়েছ, আমি সব জানি। এ হুধ তুমি নিয়ে যাও মমতা, থোকাকে দাও, তুমি থাও।

মা বেমন রোগা ছেলের পাগলামি শুনে হাদে, ও তেমনি হাদল। বললে— থোকার জন্মে ত্রধ আছে। জুড়িয়ে গেল, থাও লক্ষীটি!

বললাম-পয়সা কোথায় পেলে ?

मूथ नौ हू क'रत तहेन।

—থোকার ধুক্ধুকিতে শেব কালে হাত দিলে ? মা'র শেব শ্বতিচিহ্নটির সম্মান তাহলে আর রইল না মমতা ? অক্ত দিন হ'লে তাকে কটু স্বরে কত তিরস্কারই না করতে পারতাম। আজ কথাগুলি কালায় ভিজে গেল। ওকে বকতে ভূলে গেছি।

মমতা বললে— বিক্রী করি নি, বাঁধা দিয়ে কুড়িটা টাকা জোগাড় করেছি।
মার ত' কিছুর ভয় করি না এখন। কত ধুক্ধুকি আবার আসবে। আমি কিছ
তোমার প্রথম মাসের মাইনে পেলেই একটা গরদ কিনে প'রে তোমাকে প্রণাম
করব। কিছু আর না, একেবারে জল হয়ে যাছে তুধটা, থেয়ে ফেল।

व्यक्ते थीरत थीरत त्थरत रक्ननाम ।

বললাম-কুড়ি টাকা ! কি কি খরচ করবে ?

- —তোমার নতুন ওষুধটা, একটা তোমার জন্ম র্যাপার, ত্ব'টো কাঁচের প্লাশ, আর থোকার গায়ে একটাও আন্ত জামা নেই—একটা জামা।
  - आत ? थातात्र किई ना ?
  - ও হ'য়ে যায়। থাওয়ার জন্মে কে ভাবে ?

বল্লাম—ভার থেকে আজই টাকাটা দিয়ে ভোমার জন্ম একখানা গরদ কেন মমতা !

— কিচ্ছু দরকার নেই। আমার এই মরলা ছেঁড়া কাপড়টাই গরদ। ব'লে নীচু হ'য়ে আমাকে প্রণাম ক'রে সহসা উৎফুল্ল হল্পে বললে— দেখ দেখ কেমন স্থান্দর নতুন ধরনের তেপায়া সাইকেল। তুমি এমনি থাক, কেমন ? গালে রোদ লাশুক। আমি গোকাকে ছুধ থাইয়ে আসি।

**ह**'ल लान।

চোখে জল একে পড়েছে। চ'লে যাব ব'লে নয়, মমতাকে আবিষার করতে এত দেরী হ'য়ে গেল ব'লে। চোখের জলের আর এক নাম যে ভালোবাসা, তা আজ ঐ প্রসার প্রসারিত আকাশ দেখে ব্রুতে পারছি। মমতার এই অপরিচ্ছন্ন ছিন্ন বসনে অসংযত রুক্ষ কেশে প্রীহীন রুশ্ন দেহে, আর এই পরিপূর্ণ সেবায় আমি একটি অপার মাধুর্ব্য একটি অতল গভীরতা পাচ্ছি। ও এতদিন কোথায় ছিল ? এই চোখের জলে। ওর নব অভিযেক হচ্ছে।

গেল বছর অহথটা বেড়ে গেলে পর ডাক্তাররা স্থান পরিবর্তন করতে বললে।
এর আগে ছ' মাস বাড়ী ব'সে ওযুধ গিলে গিলে জমানো পু' জি যা কিছু ছিল চুকে
বুকে গেল। ছত্রিশ টাকার চাকরিটিও খোয়ালাম। ডাক্তাররা চ'লে গেলে মমতাকে
বললাম —ওরা ভেবেছে তোমার কোল ছেড়ে ওয়ান্টেয়ারটাই আমার পক্ষে মৃত্যুর
সব চেয়ে স্থেকর স্থান হবে। ভূল। যতদিন আছি—

প্রায় সাত শ' টাকা হ'ল। বিদ্যাচল চ'লে গেলাম। ছ' মাসে বেশ তাজা হ'য়ে এলাম, জর নেমে গেল। ওজন বাড়ল, কিন্তু...

পোকারাও দেশভ্রমণে গিয়েছিল দল বেঁধে, আবার কলকাতার ফিল্ফ এসেছে।

কতদিন মমতা নিজের জন্ম ভাত রাঁধেনি। জোটেনি ব'লেই রাঁধেনি। জুটলেও ভেবেছে, এ দিয়ে আমার জন্ম হ'টো বেদানা হ তে পারে, নিজের গ্রাসাচ্ছাদনটা ত' তার তুলনার অতি তুচ্ছ। না থেয়ে দেয়ে রাত জেগে আমার বুকে কোমল করপল্লব-থানি বুলিয়ে দিয়েছে। নিজের যা হ' একখানি বিয়ের দামী শাড়ী ছিল, লুকিয়ে লুকিয়ে গরীব ঝি গয়লানী ভূজাওয়ালীদের কাছে বিক্রী হ'য়ে গেল। আর কিছু রইল না। শেষকালে খোকার ধ্কধুকিটিও।

মমতা আবার কাছে এল। হাত পেতে বললে—থার্মোমিটারটা দাও না। বললাম—কেন ?

—ও বাঙ্গীর পিদীমাকে দেখিরে আদি। দেখলে বেজার খুদি হবেন।
দিলাম। ও একবার ঘাড় ফিরিয়ে হেসে চুলগুলি একটু ছুলিয়ে ভাড়াভাড়ি চ'লে
দেল।

আমার জর কমেছে—ও থেন একটা অমূল্য সম্পদ। থার্মোমিটারটা এমন সম্পেছে ভূলে নিল যেন ও ওর থোকা।

কিছ আমারই বা কি যোগাতা ছিল ? আপন অধিকারের গর্বে তা ত' একদিনো চোথ চেয়ে দেখিনি। দেয়ালে ওর বছর চার আগেকার ফটোটি টাঙানো আছে। দেখা বাচ্ছে। কি নিটোল যায় কি ললিত তনিমা! এই বৃঝি তার ভস্মাবশেব। আপন স্ত্রীকে একখানি কাণ্ড কিনে দিতে পারি না, তথু তাকে থাটিয়ে নিজের স্থবিধার চেষ্টা দেখি। এত বড় কাপুক্ব! ও আমার জন্ম নিজেকে তিল তিল ক'রে দম করছে। অথচ মৃথে কি অনাবিল প্রসন্ন হাসি, কথায় কি অমান সহাত্ত্তি! নিজের ওপর এত বিরক্ত হয়ে উঠি। কিছু মরলেও ত' মমতার মৃক্তি নেই। আমি ওকে মৃক্তি দিতে চাই।

দানবী নগরীর বিকট **অট্টহাসি স্থক** হয়েছে। শরীরটা থারাপ লাগছিল। উঠে পড়লাম। আন্তে আন্তে হৈটে বিছানার দিকে যাচ্ছিলাম। হঠাৎ কোথা থেকে এসে মমতা আমাকে ত্'হাত দিয়ে ধ'রে কেলে বললে—আজকে জরটা ক'মে গেল ব'লেই ইাটতে স্থক ক'রে দিও না। চুপ ক'রে ভয়ে থাক। আমাকে আন্তে আন্তে ভইয়ে দিল নোংরা শতছির বিছানায়। চ'লে গেল।

ও আজ ভারি বাস্ত। বেন ওর আজ একটা প্রকাণ্ড ভভদিন!

খোকা নাচতে নাচতে এসে হাজির। ওকে ওর মা একটা ফর্সা ফ্রক পরিয়ে দিয়েছে আন্ধ। এই সমস্ত বর্গাটা ও অনাবৃতগাত্তেই কাটিয়েছে। ওর মুখখানি আজ আর অষত্বে অপরিকার নয়, সভ্তত্ত্ব শেফালি। চুলগুলি গোছানো। থপি থপি পা ফেলে কাছে এসে অত্ট কঠে ভাকলে—আবা! ওর সভত্ত্ব দাঁত ক'টি জুঁয়ের পাপ্ডির মতো ঝিলিক দিল।

হাত বাড়িয়ে ভাকলাৰ-খোকনটা!

বুকে তুলে নিডে ইচ্ছা হচ্ছিল। কিছ নিলাম না। মুখথানি ভার ক'রে থপি থপি পা ফেলে চ'লে গেল।

মমতা চুগগুলিতে আঙুগ চালাভে চালাভে বললে—আজ মাণাটা ধুইয়ে দিই কেমন ? জন ত' লান নেই।

বারণ করলাম না। কি হবে মাঝা ধুয়ে দিলে ? ওধু ওধু ওর স্বপ্ন ভেঙে দিয়ে কি লাভ ? মমতা মাঝা ধুইরে দিল। স্বরে চিক্রণী নেই। আঙুল দিয়ে চুলগুলি আঁচ্ছে সহসা অধ্য দিরে চুল স্পর্ক ক'রে বল্লে—কেমন তোমায় দেখাছে আজ।

ভালো লাগল না।

মুমতা স্থান ক'রে বে শাড়ীখানি আত্ম পরল, তা ফর্লা দেখছি। কাপড় সকালবেলা

কেচে তকিরে পরেছে। আন্ধ ময়লা দে পরবে না। কালো চুলের আড়ালে সিঁথিটি নিলুরে উজ্জল। পান থেয়ে তকনো ঠোঁট ছ'টি দোপাটির মতো রাঙা! একদৃষ্টে তার ঠোঁট ছ'টির পানে চেয়ে রইলাম। জানি ভাত দে আজো রাখে নি। ও বাড়ীর বিকে দিয়ে বাজার থেকে কি আনাল দেখলাম। তরু পান থেয়ে ঠোঁট ছ'টিলাল করল। অথচ…

পাশে বসল। শরীর থারাপ লাগছিল ! জর বাড়ছিল। বললাম — যুম্ব। তুমিও ত' অনেক রাত ভালো ঘুমোও নি। আজ একটু শোও গে।

আর বিছানা ছিল না। নগ্ন মেঝের ওপর খোকাকে পাশে রেখে ওল। তথ্য
মধ্যাহের পানে একদৃষ্টে চেয়ে রইলাম। চোখের পাভা অলছিল। বদি পাশে এসে
ও ত ! না, তাহলেও ভালো লাগত না বৃদ্ধি।

সদ্ধ্যা হ'য়ে এসেছে। বারান্দার কেরোসিনের ভিবেটা ধোরাছে। চেয়ে রয়েছিলাম। এই কুত্রী কঠিন একছেরেরির মধ্যে একটি বৈচিত্র্যা বেন পাঁকের মধ্যে ছলপদ্মের মতো ফুটেছে। কেরোসিনের আগুনের কোলে ফু'টি পভঙ্গ। আজকের দিনটা ফটিনে বাঁধা নয়। আমার ভেতো মিক্তারটা আর মম্ভা দিলে না, ফুপুর বেলা ছধের পরিমাণ বেড়ে গেল। একদিন জর কমন্তেই মমভা প্রকাণ্ড ভাক্তার হ'য়ে পড়েছে। আছ ও সদ্ধ্যার চুল কেমন ক'রে ছানি বাঁধল। ভাতে আবার ফুল গোঁজা। ছয়ারে একটি মাটির বাতি আলিয়ে সন্ধ্যা দিলে। ধুণ আলালে। আজ সারা সন্ধ্যাটা সমস্ত ব্যস্ত কাজকর্মের মধ্যে ও গুণ গুণ ক'রে পান পেয়েছে, খোকাকে নিয়ে ছড়া কেটেছে, খোকার চোখে কাছল এ কৈছে, নিজের চোখেও আকতে চেয়েছিল, আমার পানে চেয়ে মৃচকে একট্ হেসে হাড বামিরে নিল। স্বাঙ্গ থেকে ওর খুলি উছলে পড়ছে। ওর দেহখানি বেন নবমুগ্রিড মাধবীলভা। আছ ও স্থলর ক'রে নাচের ছাঁদে হাঁটছে, সন্ধ্যাভারার মতো স্থিত্ত বুণা!

মমতা হাসতে হাসতে একখানা ব্যাপার নিমে এন। খুসিতে সব কথাগুলি ভিজিমে বললে—এটা কিনলাম। বেশ স্থক্ব, না ?

কিন্তু আর বেশি না। বল্লাম—ব্যাপারটা গান্ধে জড়িন্ধে হাও না, মমতা। ভারি-শীত করছে।

ব্যাপারটা গায়ে জড়াতে জড়াতে মমতা বললে—কৈ ? কেন ?

—জরটা ফের বাড়ল, মমতা।

উহনে আগুন দেওয়া হয়েছিল। ধোঁয়া দেখে বুৰতে পারছিলাম। হয়ত ওর জল্পে এ বেলা ভাত বাঁধত। বাঁধা তাহলে হ'ল না। —বাড়ল ?—ব্যাপারটা জড়ানো হ ল না ! অন্ধকার হ'লেও ব্রুতে পারলাম ওর মুখ পাংও হরে গেছে । ওর গলার শ্বর এত শার্ট ছিল । জিগ্গেস করল – কত ?

জর রাত্ত্রেও একশো এক ডিগ্রিই ছিল। বল্লুম – তিন।

— তিন ? যেন অচ্চন্দবিহারিণী চলছন্দা হরিণীর বুকের যে স্থানটা সব চেম্নে কোমল যে স্থানটায় শাণিত ছুরি বসেছে —এম্নি আর্তকণ্ঠ।

ৰুক্ষ কঠে বললায—বিকেলে আমার জন্তে বে পেঁপের মোহনভোগ তৈরি করবে বলেছিলে তা আমার আর ক্ষচবে না। আমি এখন ঘুমুব।

গভীর রাত। বিনিম্র চোখে দে গভীরতাকে কী নৈরাশ্রময় ও অতল মনে হয়!
মমতা ছেঁড়া মশারিটা টাঙ্কিয়ে দিতে আজো ভোলে নি, মশারির বাইরে চ'লে
এলাম। ঠাগুা লাগবে জানি, তবু বারান্দায় ইজি-চেয়ারটায় বস্তেই ঝির ঝির হাওয়া
প্রেমের প্রথম অহুভবটির মতো একাস্ত আদরে সর্বাঙ্গ জুড়িয়ে দিল। এ যেন কোন্
দ্ব-দেশী প্রিয়ার গোপন শন্ধিত প্রথম চুখনটি। চাঁদের আলো মেঘলা আকাশে
থিতিয়ে রয়েছে। চরাচরব্যাপী অনস্ত নিঃশক্তায় বিধবা রাত্রি যেন কাঁদছে।

পা টিপে টিপে উঠে গিয়ে দেখি, মমতা কঠিন মেঝের ওপর তার নয় শীর্ণ বুকটা চেপে ধ'রে ফুঁ পিয়ে ফুঁ পিয়ে কাঁদছে। পাশে মেঝের ওপরই থসা তারার মতো খোকা ডয়ে, ঘুমন্ত, চাঁপার আধেক-বোজা কুঁড়িটির মতো। একফালি জ্যোৎস্না মমতার গায়ের ওপর মা'র স্থাসিয় সান্ধনার মতো লুটিয়ে পড়েছে!

আবার কাঠের ইন্ধি-চেয়ারটায় এসে বসেছি। একটা কাক প্রভাত হয়েছে ভূল ক'রে ভারি করুণ কঠে ভাকছে। একটা মোটর চ'লে গেল। দ্র থেকে একটা চলম্ভ ফ্রেনের বাঁশী গুনছি। নোট-বইটায় লিথে রাথতে ইচ্ছে করছে, মশারির তলায় মরতে চাই না। এই বিস্তীর্ণ আকাশের তলে না-পাওয়া প্রিয়ায় মডো মরণকে বুকে ভূলে নেব। কোন ক্ষোভ নেই। এই জীবনে হয়ত জুয়ো থেলে গেলাম। তাতেই বা কি? কোনো মীমাংসাই ড' তরু হবে না। বে চল্লল, তার পা থেকে এই নিষ্কৃর জীবন বাজার নিয়ম-নিগড়গুলি খুলে যাক্, তাই এতদিনের সঞ্চিত নিম্পল আত্মপ্রক্রনার কোশলগুলি একটি করুণ দীর্ঘবাসে উড়িয়ে দিই। মশারি থেকে আজ একটিবার বেরিয়ে এসে এই নীল আকাশের সৌমাডাকে নিশ্চল ভাবে গ্রহণ করি! আজকে একবার পরিপূর্ণ বিধাশ্রতায় ডাকি—কয়া।

উঠে দাঁড়ালাম। ডিবিয়াটা জেলে নোটবুকটায় এ কয়েকটি কথা না লিখে রাখতে পারলাম না।

—মমতা যদি হয় আমার এই ব্যর্থ হতাশা জর্জরিত ছত্তিশটাকার কেরাণীজীবন, কলা আমার এই ভূমাময় মহাকাশ্শায়ী উদার মৃত্যু । মমতার মন্দির যদি দেছের এই ভোগায়তনে, কৰাৰ তবে ঐ প্ৰেৰ ছন্তৰ দীমাহীনতায় । মমতা বহি এই প্ৰোড়ো ঘৰ, কৰা তবে ঐ স্প্ৰবিস্তৃত কণ্টকিত অনিৰ্দিষ্ট বাহিব ! বাহিব আমাকে ভাৰছে । আমি চন্দাম ।

किया अवक्य ভाবে नित्थ वाथला हता।

—মমতাকে বহু কট দিয়েছি। আমার জন্মে খেটে খেটে ও জর্জরিত হয়ে গেল। নিজের যৌবনকে লাখিত করল। কত বেলা নিজে থেল না। আমার জন্ত সমস্ত গয়না বেচল। নিজেকে সূর্ব প্রকারে দীন বঞ্চিত ক'বে রাখল দিনের পর দিন মাসের পর মাস এই অকর্মণা মৃত্যুপিপাস্থ হডভাগ্যকে নিয়ে দরিক্র ভগ্ন জীবনের ভেলায় ভাসন, क्लापा क्ल मिनन ना। जामि जांत्र भांत्रि ना। कूफ़िंठी ठोका छ कानहे कृतिस्त যাবে। তারপর ? ... আমি ওকে আর পীঞ্জিত করতে পারব না। আমি ওকে মৃক্তি দিতে চাই। ষতীন ত' ওকে ভালোবাদে। আমার অস্থথের মধ্যে কতদিন ওকে টাকা দিয়ে সাহাষ্য করতে চেয়েছিল। ও নেয় নি। ওর বিক্ত আভরণশূক্ত হাত তু থানি দেখে বনুর বুকে নিদারুণ বেজেছিল। তাই ত' ছ'গাছি সোনার চুড়ি গঙ্গিয়ে ও মমতাকে বলেছিল পরতে। মমতা পরে নি। নিতেও চায় নি। রালা ঘরের বারাব্দায় সেই করুণ দৃষ্ঠটি আমি ভিজা চোথে ব'লে ব'লে দেখছিলাম এথান থেকে। মমতা নিভে না চাইলেও দেই চুড়ি ছ'গাছি ফিরিরে নিয়ে যেতে ষতীনের মর্মান্তিক বাজছিল, বুবছিলাম। তাই সে, আমি কেমন আছি জানবার অছিলায় ওপরে এসে তাকের ওপর মমতা বেখানে আমার ত্থের বাটিটা রেখেছিল, তার পাশে চুড়ি ত্ব'গাছি রেখে চ'লে গেল। শেষে সেই চুড়ি ছ'গাছি বেচে মমতা ছাক্ষারের ভিঞ্জিট দিয়েছে। ষতীনের দেওয়া একথানি সবৃত্ব ঘাসী শাড়ী পরতে মমতা বাধা হয়েছিল; আমার সামনেই ষতীনের **পে কি কাতর অন্নরোধ! মমতাকে বেশ দেখাচ্ছে এ কথা আমি ও ষতীন ছু'জনে** বলতেই ড' ও কেমন স্থন্দর ক রে হেলেছিল! তা ছাড়া আমার চোথের অলক্ষিতে ষতীন ও মমতায় কি কি গোপন নিভ্ত ও অস্পই স্নেহের বিনিময় হয়েছিল, তা না জানলেও অমুমান করতে ভালো লাগে। কোন ক্ষোভ নেই। ষতীন ড' আমার চেন্ধে কত কামনীয় ! শক্তিমান তেক্সী ছেলে, চওড়া বুক, ছ'দশটা ঘূষি অকাতরে বুক পেডে নিতে পারে; বড় লোকের ছেলে, স্থন্দর চেহারা – মমতাকে ভালোবাসে। আমি ম'রে গেলে মমতা ত' আনায়ানে --

মাধাটা বুঝি গুলিয়েছে। তাই বুঝি এ সব লিখছি। না, সত্যি সন্ত্যি মমতাকে মুক্তি দিতে চাই, আমি নবলে পর বদি ষতীনকে নিয়ে স্থা হয়, তাতে কার কি ক্ষতি আছে ? আমি ত' ওকে কট দিলাম। কত তিরস্কার করলাম। তালোবাসিনা—বললাম। মতীন বদি স্থা করতে পারে, তবে, তবে লে…,এ মিধ্যা আচারের ক্ষাল নিয়ে

প'ড়ে থাকলে থাকবে, ওর ইচ্ছা। আমি ড' ওকে মৃক্তি দিতে চেরেছি। হরভ এখানেও দেরী হরে গেল। কিছ মৃক্তির অবাধ অগাধ বিস্তার ও প্রাণ ভ'রে ভোগ কর্মক এই আমার ইচ্ছা। বেমন আমি ভোগ ক'রে আজ কছাকে সংঘাধন করছে গারছি, কত কাল বাদে।

ঠাগু লাগছিল। নতুন ব্যাপার দিকে বুকটা পুর জ্বোরে জড়াচ্ছিলাম। যেন কে ভার ছটি ললিত বাবলতা দিয়ে জামাকে বেষ্টন ক'রে ধরেছে!

শনেকক্ষণ প'ড়ে ছিলাম। কাশির চোটে বুম তেঙে গেল। ফর্লা হচ্ছে। ময়তার চাপা গোঙানি তখনো খামেনি। ভারী বিশ্রী দেখাছিল ওকে। উঠে দাঁড়ালাম। মুহূর্তে বুকটা পাষাণ হয়ে গেল।…

দেরাজে একটা টিনের কোঁটা। তাতে নাতটা টাকা এখনো অবশিষ্ট আছে। ত্বত ভাষণ নিষ্ঠ্যতা, কিন্তু অসংজ্যোতা এই প্রচণ্ড প্রতিকারহীন নিষ্ঠ্যতার সঙ্গে তুলনাই চলে না এর।

বাইরে এসে পড়েছি। তাকে একবারটি **৬**ধু দেখতে ইচ্ছা করছে মরবার আগে। মিলনস্থভ্ন্তা ঐশর্য্যময়ী নারী! একটা ট্যাক্সি বাচ্ছিল। ভাকলাম। সার্কুলার রোড।

গায়ে তথনো মমতার দেওয়া ব্যাপারটা।

দার্জিলিঙে জুবিলি শ্রানিটেরিয়ম-এ ঠাই পেলাম। পৃথিবীর স্বথান থেকে একেই আমি বেছে নিয়েছি। সন্ধ্যা। নার্গকে বল্লাম—বেডটা চাকরকে ডেকে ঐ জানলাটার পাশে দাও। আমি ওদের কথাগুলি আরো একটু স্পষ্ট ক'রে শুনি!

আমার তুই চোথে সন্ধ্যার স্থান কুয়াসা কাঁপছিল হয়ত। নার্গ আমার কথা। শুনল। নার্গকে দেখে কেবল মা'র কথা মনে পড়ছে।

ষতীন বলেছিল— তুমি এই সকালে বিছানা ছেড়ে ? একদিন জর কমভেই জ্বত্যাচার ক্ষুক্ত করেছ ?

শামার জর কমেছে—এ খবরটা মমতা বতীনকেও শানিয়েছে। ওকে বললাম না বে সাকুলার রোভের বাড়ীর দরজার 'টু-লেটু' টাঙানো রয়েছে ব'লেই ওর কাছে এলাম। বলেছিলাম— মমতাকে তুমি বাঁচাও বতীন!

ৰতীন চমকে উঠেছিল।--কি হয়েছে সমতার ?

— কাল রাত থেকে ভীষণ জ্বর, ভূল বকছে, তাই তোমাকে খোঁজ করতে আমি বেরিয়ে এসেছি। তুমি একবার যাও, যতীন। ঘরে একটি পয়সাও নেই।

ষতীন জামার ওপর চাদরটা ফেলে তাড়াতাড়ি বললে – চল।

- ভূমি যাও, আমি ভাক্তারকে একেবারে 'কল' দিয়ে বাই।— কিন্তু টাকা চাই
  ক্টীন।
  - **一**季图 ?
  - —প্রায় ছ'শ।
  - —চল, আমার পকেটেই আছে।

বললাম—তুমি একলা থালি পকেটে গেলেই চলবে, টাকাটা আমার হাতে দাও।
বজীন আমার দিকে ফ্যাল্ফেলিয়ে চেয়ে রইল।

বলগাম—কাল রাতে মমতা আমাকে ভর্পনা করেছে। বলেছে—ক্লপ্প মূমূর্বু আমী নিয়ে লে তিলে তিলে দ্বাং হচ্ছে। তার স্থা নেই, আছেন্দা নেই। দে খেতে পার না। ছেঁড়া কাপড় প'রে কেঁদে কেঁদে জীবন গোডায়। আমার কি অধিকার আছে এমনি ক'রে তার সৌন্দর্য্য আন্থা কালো ক'রে দিতে ? আমাকে ও ম্বণা করে। বাকে ভালোবাদে না তাকে লেবা করার মধ্যে ওর স্থা নেই। তারপর আমি ম'রে গেলে নাকি থকে ফের যাবজ্জীবন কুল্লিম কঠিন বৈধব্যের শান্তি বহন করতে হবে ? কেন ? যতীন, ও তোমাকে চায়। প্রলাপের সময় তোমার নাম করেছে থালি। তুমি একবার ওর কাছে যাও।

ষতীন আমাকে হয়ত পাগল ভেবেছিল। কিন্তু আশুর্চগ্য, তু'শ টাকা আমাকে দিল। এমন ভাবে দিল খেন ও ঐ তু'ল টাকা দিয়ে মমতাকে কিনে নিচ্ছে। হয়ত আমি চ'লে যাবার পর তথনই ও মোটরে ক'রে মমতার কাছে গিয়েছিল। হয়ত মমতাকে সান্ধনা দিয়েছে। আমি চ'লে যাবার পর পৃথিবীর কি হবে তা ভাবতে পারি না, আমি ত' যাই। আমি ত' তাকে একটিবার, শেষবার দেখি!

• চূপচাপ ছিল। হয়ত কম্বা এখন একটু খ্মিয়ে পড়েছে। কখন আবার জাগবে না জানি!

স্থানির্যাল বেদিন তার বাড়ীতে নিমন্ত্রণ ক'রে কন্ধাকে দেখিয়ে বলেছিল—এ আমার ওয়াইফ, তথন কন্ধার কৃতিত লক্ষাকণ নম্ভ চোথের পাতার কাঁপনটি দেখে সমস্ভ ক্ষায় ব'লে উঠেছিল—ওরে এ যে সেই ! অথচ, এই সে যে কে তা আজ পর্য্যন্ত জানিনি। কন্ধা সেদিন ছ'টি হাত জ্বোড় ক'রে নমন্তার পর্যন্ত করতে পারে নি। কোন কথাও কয়নি। চোথে চায়ও নি একটিবার। অনুযে দাঁড়িয়ে রাঙা শাড়ীম্ম আচলটা ঘর্মাক্ত হ'টি আঙ্ল দিয়ে তথু খুঁটুছিল। তবু মনে হচ্ছিল গন্ধরাজের পাপড়ির মতো পেলব ঐ মেরেটিকে যেন খুব চিনি! ওকে কোখায় যেন আমি দেখেছি। ঠিক মনে করতে পারছি না। কোন বিশ্বত শৈশবে, আমাদের বুনো গাঁয়ের গা-বেঁবা আছিল।খং

না'-ভাসানো মরা গান্তের পারে হয়ত। হয়ত বা কোন মুখর ব্যক্ত রাজধানীর ভিড়ের মধ্যে, বা কোন আধেক-খোলা সলক্ষ বাতায়নের ফাঁকে ! হয়ত বা এখেনে নম্ব। সে কোন ভকতারার দেশে ! মধ্যরাত্রের অপরূপ স্তর্ভার ! হয়ত বিষশ্ধ অপরাহে মুমহারা রজনীগন্ধার অশস্ট বেদনার !

অবশুঠনের অবরোধ রচনা ক'রে মেয়েটি আচ্চ কত দৃর ! তবু মনে হচ্ছিল বিদি ওর ঐ শিথিল হাতথানি ধরি, ধ'রে চোখের পানে চেয়ে ছ'টি কথা কই, মেয়েটি তাহিলে একট্ও রাগ করে না, সহজ পরিচয়ের স্থরে উছল আনন্দে কত গল্প করে ! মনে হচ্ছিল ও আর এক জয়ে আমার বোন ছিল, বা হয়ত আরেক জয়ে ও আমার বোন হবে, তথন আমাকে ছাড়া ওর জীবন কাটতে চাইবে না! বিদি ওর ঘোমটাটি ফেলে দিই, ও তাহলে ক্ষণিক সরমে মৃচকে একটু হাসে, ঘোমটাটি তুলে দেয় না; পিঠের ওপর দীর্ঘ চুলগুলি মেলা থাকে, তা দেখতে দেখতে চোখ জ্ডিয়ে যায়। স্থনির্মল বেন একেবারে অচেনা। ও থালি ওর অয়েল মিল্ রাইস্ মিল একিন বয়লার-এর গল্প করছে। কিন্তু ওর সজে চাদনী রাতে শেলীর Alastor পড়বার কথা, ওকে আজ রবীক্রনাথের 'তাজমহল' পড়িয়ে শোনালে ভারি মানাবে!

কিন্তু কন্ধার সঙ্গে একটি দিনও কথা কইনি। শুধু নিস্তন্ধ হৃদয় দিরে ওকে
সন্তামণ করেছি। ও-ও স্তন্ধতায় উত্তর দিয়েছে। একটি দিনের ছবি আজো আমার
মনে থেকে গেল। উত্তরপাড়া থেকে নোকা ক'রে আসছিলাম। বেল্ডু পেরিয়ে
যখন যাচ্ছি, পার থেকে কে মাঝিকে শুধাল তাদের আহিরীটোলায় নিয়ে
যেতে পারবে কি না! তখন রাভ। মঠে আরতির শুল্ল থেমে গেছে। ভাগীরক্তী
অস্তঃপুরলক্ষীর মতো একটি পবিত্র শাস্ত শুক্রবা বহন ক'রে চলেছে। আকাশের
জ্যোৎক্ষা নদীর জলের মতোই ঘোলা!

মাঝি আমার অহমতি চাইল। আমি মৃথ বাড়িয়ে দেখলাম—হনির্মল আর দে। সর্বাঙ্গে ওর হ্রমা। হৃদ্দর সেজেছিল। এ জ্যোৎসাবিকীর্ণ হ্রমুপ্ত ভাগীরথীর মতো নয়, অমাবস্তারাজির নক্ষজনীপ্ত অন্ধকারে তরঙ্গিণীকে যেমন দেখায় তেমনি। হ্রনির্মল ত' আমাকে দেখে ভারি উৎফুল হ'ল। লাফিয়ে উঠল নৌকাটাকে নাগরদোলা ক'রে। ও ধীরে ধীরে ছ'থানি পা ফেলে ফেলে এল। ইছেছ হ'ল একবার হাতটি ধ'রে তুলে আনি! নিজেই আসতে পারল। কোন কথা বলল না, হ্রনির্মলের সঙ্গেও না। ভাবলাম, আমার কাছে ওরা কথার বাজে থরচ করতে চায় না। সমস্ত রাতই ত' প'ড়ে আছে ওদের।

স্থনির্মল মাঠের গল্প সাঞ্চ ক'রে মাঝিদের সঙ্গে মাছধরার গল্প স্থক করল। জেলেরা এক পারে বৈঠা চালিয়ে ছুই হাতে মাছ ধরছে। ভিঙিগুলি স্থোতের স্থূলের মতো ত্লছে। ওপারে চিমনিগুলি কালো ধোঁরা দিছে। চূপ ক'রে ব'লে থাকডে ভাল লাগছিল না। অস্বস্তি বোধ হচ্ছিল। কিছু বাজে গল্প করবার রাত ত' এ নয়!

বালীটা মাঝখানে থামিরেছিলাম। ভাটার টানের সঙ্গে সঙ্গে ভাটরালের টান ভারি মিল দিছিল। করা নির্ম হ'রে ব'সে ছিল ছাউনির বাইরে। সমস্ত বৃক পেতে বেন ও বালী শুনছে। ওর ব'সে থাকবার ভঙ্গিটি ভারি করুণ লাগছিল। ওর ম্থথানিতে বেন কত হঃখ! ঐ ম্থখানিতে বাথার লাবণা না থাকলে মহিমাপেত না। কিন্তু কেন ওর বাথা ? কে জানে ? হয়ত ভুল দেথছিলাম। তব্ও, ওর বদি বাথা না থাকে বৃকে, তাহলে মনটা বেন খুদী হয় না, খুঁতখুঁত করে! যদি সভাই কোন বাথাই না এল ওর জীবনে, তবে ও একটি বাথা পাক, ওর চোখ হটি গঙ্গার জলের মতো ছলছল ক'রে উঠুক, মন খালি এই কামনা করছিল। ওর জীবনে একটি পবিত্রতম দারিত্র্য আহক। ওর মৃথখানা রক্ত-করবীর বিলাস ছেড়ে সন্ধ্যায় ফোটা অপরাজিতার মতো স্লিয়্ব হোক। কি অক্তার কামনা।

বাঁশীটা বাবে বাবে ফেলে দিতে ইচ্ছা করছিল। ইচ্ছা করছিল, তু'টি কথা কই। কথা কইলেই ও স্থান্দর ক'বে জবাব দেবে নিশ্চয়। ওর সদে বে আমার কতকালের চেনা! কিন্তু মনে হচ্ছিল, কথা কইলেই বেন আজকের এই ঘুমন্ত ঘোলা নদীর ওপর নির্ম জ্যোৎস্নারাতটা একেবারে মাটি হ'য়ে বাবে। আমার ইলিশমাছ ধরবার কোঁশল জেনে কাজ নেই। বাঁশীতে ব'সে ব'সে একটা ভাঙা উর্দ্ধু গজন বাজাই!

ভাগ্যিস সেদিন বাড়ী ফিরে এসে অভিভাবক রাগী মামার অন্তায় বকুনির উত্তরে চটা চটা কথা কইনি। চুপ ক'রে বাঁশীটা কোলে নিয়ে বাইরে চেয়ার টেনে ব'সে নদীস্রোতের অপার স্তন্ধতার কথা ভাবছিলাম—্মার···কথা কইনি, কথা কইনি। এ যেন একটি অপার সান্ধনা।

ভারপর ত' সেই অপরপ রাত্রিটি বার্ক আর ম্যাথু আর্নন্তের পাতার চাপে মারা প'ড়ে গেল। জন্দন্ আর কার্লাইল। তার মধ্যে সেই সুমহারা জ্যোৎস্থা-জাগা নিশীথিনীর সান ছিল না। কিন্তু সে রাত্রিটি একবছর বাদে জন্ম পেন্নেছিল আবার। তথ্ন তা চোথের জলে ভরা!

এক দিন বিকেল থেকে আমাদের কাড়ীতে দানাই বান্ধছিল। উৎসবের বাদ্ধ হ'লেও তার মধ্যে পরিপূর্ণ ত্থের রাগিণী চলেছে। গরদের কাপড়টা কুচিয়ে পরতে পরতে আমার দেই বিষয় ক্লান্ত রাজিটির কথা মনে পড়ল। আর মনে পড়ল দেই ধে একটি কোমলকায়া দ্ব মেয়ে ছাউনিতে হেলান দিয়ে ব'লে শুৰু প্রার্থনাপূর্ণ ক্ষমণানি মেলে ধরেছিল আকাশের তলে—তার নমিত ব্যথিত ত্'টি চোধ! সমস্ত ব্যাপারটা ভাবি বিরস মনে হ'ল। ভাবলাম, আমার পায়ে যেমন পাম্প-শু, মাধায় শোলার টোপর, গায়ে গরদের চাদর, তেমনিই হয়ত পাশে আমার স্ত্রী। ভাবলাম, শু-পাড়ার কাস্তকে হ'লেও ত' আমার চলে। শোভাবাজারের ললনাস্থলরী বা চিংড়িপোতার কৈবল্যদায়িনীর সঙ্গে মমতার তফাৎ কোন্ জায়গায়? ওদের বে কেউই ত' আমাকে ত্'বেলা ভাত রে ধে দিত, অস্থথ হ'লে ওমুধ খাওয়াত, ম'রে গেলে বিধবা হ'ত। ওদের যে কেউই ত' বলতে পারত—কোটি কোটি জাম ধ'রে আমরা মিলিত হয়ে আসছি। সর্বনাশ! তাহলে ভাগীরথীর উর্মি-শুলনকান্ত বিভূত জলরাশির ওপর অপূর্ব বিভাবরীর অসীম রহস্য ভ'রে যে কিশোরীটি গাঢ় চোথে চেয়েছিল—সে ?

তাই মমতাকে আমি যে প্রথম চুম্বনটি দিয়েছিলাম তার মধ্যে যে একটি অন্তপ্ত কামনার প্রগাঢ় হঃখ ছিল, তা ও বোঝে নি। স্ত্রীকে নাকি চুম্বন দিতে হয়!

ভাই একদিন মমতাকে যে কটুকঠে তিরস্কার করেছিলাম, তাতে যে ও কেঁদেছিল সে ওপ্ আমার নির্দয়তায়—আমার হৃঃথ স্থান ক'রে নয়। সে রাজে বারান্দায় মাছরটা পেতে পূর্ণিমার প্রচুর জ্যোৎস্নায় উপুড় হ'য়ে ওয়ে ওয়ে নোটবুকটায় লিখেছিলাম—আমার জীবনে এই হৃঃথ অগাধ হ'য়ে রইল প্রভু, যে, ভালোবেসে সমস্ত জীবন ভ'রে একটি অপার অনিব্চনীয় হৃঃথ বহন করতে পারলাম না। আমি বেন বদ্ধাা মৃত্তিকা। ভালোবেসে যে তোমার জন্ম কাঁদতে না পারল ভার মতো হৃঃধী ত' আর নেই। তার যে অপার বার্থতা। ভাত থেতে না পেয়ে কাঁদি, সংসারের শত অপমানে উৎপীড়নে কাঁদি, মমতার সঙ্গে কলহ ক'রে কাঁদি, কিন্ত এ কাল্লায় বুক ভরে না, প্রভু! আমি এই অপ্রচুর বিশীর্ণ হৃঃথ নিয়ে কি করব? আমাকে তুমি পরিপূর্ণ ক'রে কাঁদেও! আমাকে তুমি বৈরাগী কর!

সেরাত্তে বছদিন পরে ফের কীটসের Ode to a Nightingaleটা পড়েছিলাম। প্রতিটি ক্ষকর অপূর্ব ক্ষম্রজনে ভিজা ছিল।

আজ আবার ব্রাউনিঙের Paracelsus-এর কথা মনে পড়ছে।

ওদের কথা শোনা যাছে। কঙ্কা আর সুনির্মল।

ভারি মিটি স্থরে বলছে—যাও এখন একটু হাওয়ায়, সব সময় রুগীর ঘরে থাকডে নেই। যাও, bore ক'রো না।—কথার স্থরে স্থানর আদর। স্থানির্যাল কথা কইছে না। হয়ত ওর রুক্ম চুলগুলি কণাল থেকে মাধায় স্থাবার মাধা থেকে কণালে—এমনি খেলা করছে।

কন্ধা বলছে—তৃমি কি ভাব ? কিনের হৃ:থ ? আমাকে চাও ? আমার কন্ধালটাকে ত' নয় ? তবে আমাকে মরতে দিতে তোমার কি কট্ট ? না, না, তৃমি এত সামনে মুখ এনো না। জান না, আমার নিবাদেও পোকা হাটে!

স্নিৰ্মল ভাবি কাতর কণ্ঠে ডাকছে- কন্ধা !

ও হয়ত ওর হৃটি ঠোঁট কন্ধার ঠোঁট হু'খানির কাছে নিয়ে এল।

কন্ধা হয়ত ওর রক্তহীন পাণ্ড্র দক্ষিণ করতলখানি স্থানিমনের মুখের উপর রেখে আন্তে আন্তে মাথাটি সরিয়ে দিল। বলছে তৃমি ভারি দুট্ট হয়েছ। তোমাকে নিম্নে আর পারি না। ভোমাকে আমি মরতে দেব না। তোমাকে বাঁচতে হবে।

- -- apal ?
- -- বাং, আমি ম'রে গেলাম ব'লেই বৃঝি আঃ রইলাম না তোমার কাছে ? বাতাপ যে আছে, বিশাস কর ড' ? কিন্তু তাকে দেখতে পাও ? অথচ তাকে প্রতি নিশাসের সঙ্গে গ্রহণ করছ।
  - —ও সব ওধু উপমা—
- —না, তুমি আমাকে আর বকিও না, তুমি বেড়াতে না গেলে রাগ করব। কথা কইব না।

ভারি স্থলর স্ব ! ওর ম্থটি ক্ষণেকের জন্ত মেঘলা হ'ল হয়ত।

স্থান্যল ও-পাশ দিয়ে চ'লে গেল। ওর জুতোর শব্দ অনেকক্ষণ পর্ব্যস্ত শুনডে পেলাম। ও এখান দিয়ে গেলে ওকে ভাকতাম।

পবের সন্ধ্যায় ককা স্থনির্মলকে বলছিল—তোমাকে ছেড়ে যাব, এ বুঝি থালি তোমারই কই ? আর আমার নয় ? তোমার এই শক্ত বলিষ্ঠ বাছ দ্ব'টি, রাথ ত' দেখি আমাকে ধ'রে, বল ত' 'বেতে আমি দিব না তোমায়।' তবুঁ 'বেতে দিতে হয়!' আমি যে চলেছি, তোমাকেই পেতে চলেছি। কিন্তু এখন তুমি যাও, বার্চছিলে বা আর কোথাও বেড়িয়ে এসো, লক্ষীটি। রাত্রে না হয় আমার কাছেই থেকো। বোধ হয় আছই শেষরাত্রি—গুভরাত্রি।

কন্ধার চোথে নিশ্চয়ই জল এসে পড়েছে। স্থনির্মলেরও। এক হাতে নিজের আর এক হাতে প্রিয়ার চোথের জল মূছে দিছে।

আজ স্থনির্মল বারান্দাটার এ পাশ দিয়ে বেড়াতে বাচছে। আমার ছ্যারের সমূধ দিয়ে বেতেই ওকে হ'টি হাত তুলে নমন্তার করলাম, ও থমকে দাঁড়াল। ঘরে চুকল। সন্ধার অপট অন্ধনারে পট দেখলাম ও হানির্মণ নয়, একটি হ্বকাস্ত দীর্ঘায়তদেহ তেনী হেলে, তু'টি চোথে অকুন্তিত সহামূভূতি।

ও একেবারে আমার পাশে এসে বসেছে। আমি যেন ওর অস্তরক বন্ধু। আমার ভক্নো একথানি হাত ওর মৃঠির মধ্যে নিয়ে বললে—আমাকে ডাকছেন ?

আমি ষেন ওর একট্ও পর নই ! ওর বুকে একটি প্রকাণ্ড দরদ বাসা বেঁধেছে বেন । হঃথ ওকে আপন পর ভূলিয়েছে।

**त्रको छ्र्य्य् करत काँशि**ष्ट्रिन । वननाम - कन्ना आम क्यम आष्ट् ?

আমার মুখে করার নাম গুনে ও হয়ত একটু চম্কাল। হয়ত বা চম্কাল না।
খানিককণ চুপ ক'রে চেয়ে থেকে বললে—আজ রাতটা পোহালে কাল আর ওকে
রাখতে পারব না। রাখা যায় না। 'সে কোন্ বনের হরিণ ছিল আমার ম্নে'—
গানটা গুনেছেন ? তা'রে কে বাঁধবে ?

মনটা হয়ত সন্দেহে ঘূল্ছিল। তাই জিজ্ঞাসা করলাম—আপনি ওর কে হন ? জিজ্ঞাসা ক'রেই প্রশ্নের অসঙ্গতিটা নিজের কাছে ধরা প'ড়ে যাওয়াতে ভারি লক্ষিত বোধ কর্লাম। আমি ত' জানি!

ও যদি বল্ত, স্বামী হই, তাহলে একটুও রাগ কর্তে পার্তাম কি ? কিছ ও চসংকার একটি কথা বলল, বলল—কিছুই না।

বললাম—স্থনিৰ্মল কোথায় ? আদে নি ?

- —কেন আসবে ?
- —-ওর স্বী…

ছেলেটির কণ্ঠস্বরে বাষ্প এসে জমেছে। আমার রোগা হাতটা চেপে ধ'রে বললে

—জুতো ছিঁছে গেলে বড় লোক সেটা লাথিয়ে ফেলে দেয়, তা বুঝি দেখেন নি ?

বুকটায় অসংখ্য কাঁটা বিঁধ্ছিল। বললাম—কিন্তু কন্ধার মেয়ে ?

ছেলেটি বললে এক পাটি জুতো ছিঁড়লে অন্ত পাটি জুতোও ছুঁড়ে ফেল্ডে হয়। এই দম্ভর। শেফালি মারা গেছে।

আর্তনাদ বেঞ্চল- সর্তিয় ?

ছেলেটি আমার হাতে হাত বুলিয়ে দিছে। ওর চোথে জল। বললে —মাসের বাজার-সওদার হিসাব মিলে গেলে যেমন হিসাবের থাতা লোকে ছিঁড়ে ফেলে, তেমনি অপ্রয়োজনীয় ব'লেই ও কম্বাকে ছিঁড়ে ফেল্ল। ফাটা মোটরের টায়ার নিয়ে ও কি করবে ? ও ওর জীবনের নতুন পাতা উল্টোল। কয় অসহায় কম্বাকে ফেলে ও চ'লে গেল। বম্বেতে কাপড়ের কারথানার বাণিজ্য-বারবনিতা ওকে ভাকল। কে জানত ? যথন জানলাম, বড্ড দেরি হ'য়ে গেছে। ওকে এখানে নিয়ে এসেছি আজ

ছ' মাস। পারলাম না। খানিক থেমে ফের বললে—আপনার কথা বনুন। আপনাকেও ভ' ভারি অসহায় তুর্বল দেখাছে। এই ব্যাপারটা ওগু আপনার সম্বল। একটা স্টোভ নেই, কোন ওযুধ নৈই, নো ট্রিট্মেন্ট্! কি, কি আয়ায় খুলে বনুন না। নার্স কোথেকে পেলেন ?—

বললাম—আমি আনন্দে মর্তে এসেছি এখানে। সার্কুলার রোভের বাড়ীর নীচের ঘরে যে দারোয়ান আছে, সে শুরু বললে—কর্মা দার্জিলিঙে, হাসপাভালে।

নার্ক পু মর্বার সময় কাছে একটি নারী চাই। মাকে ভারি চাইছি।

আমার হতাশাময় গভীর বেদনাপূর্ণ কাতর কণ্ঠম্বর শুনে ছেলেটি উঠে প'ড়ে ৰললে এ কি অস্তায় ? দাঁড়ান, আমি এর একটা এক্স্ নি বিহিত করছি। পরে আপনার গল্প শুন্ব 'খন।

সিভিন সার্জন ডাকতে গেল হয়ত। কিন্তু বুগা, ব রু !

রাত্রি ক্ষক হ'তেই ভীষণ বৃষ্টি ক্ষক হ'ল। জমাট পিচের মতো অন্ধকার। একেই হয়ত কবিরা স্টীভেন্ত বলেছে। থাইসিস ওয়ার্ডটা একেবারে মৃত্যুর মতো স্তব্ধ। মনে হয় এথানে সবই মরা। শৃষ্ঠ ঘরে ভূতগুলি তাদের কালো কালো লখা লখা পা ফেলে নিঃশব্দে হাঁটছে।

পা ছ'টো কাঁপতে কাঁপতে ঠোকাঠুকি খাচ্ছিল। তবু বিছানা ছেড়ে বেঞ্চলাম। বদি আজকের রাডটাই ওর না পোহার ! বদি ওর মুখে এমনি পিচের মতো কালো অন্ধকার বাসা নেয় !

হ্যারটা ঠেললাম। থোলা ছিল। একটু শব্দ হ'ল। আবার চুপচাপ। হয়ত ওরা মুম্ছে । পাশাপালি !

শেভ-দেওয়া কমানো চাপা আলোতে ঘরথানিকে রহস্তময় মনে হজিল। প্রশন্ত বিছানার ওপর একম্ঠো বাসি গত দিনের পূজায় দেওয়া গন্ধরাজের পাপড়ির মতো করা ভয়ে—যেন বহুদ্রের অপান্ট একটি গীতরেখা। যেন কীটসের Madeline! আজো ওর পাণ্ডর ছৃঃখিত করুণ মুখখানি দেখে সমস্ত প্রাণ ব'লে উঠছে—এ যে সেই! অবচ সে যে কে, তা বুঝলাম না। ও যেন বাসনাবিহীন মান গোধুলিবেলা। ওর বিছানার ছই পাশে অজস্র ফুল— ভালিয়া য়্লাকপ্রিল কনকটাপা—সব য়ানিয়ে এসেছে ওর দেহখানির মতো। ঘরে রোগীর জিনিস পত্র অগোছাল হ'য়ে রয়েছে—শিশি মাশ ফিভিং কাপ প্যান বালতি বেদানার খোদা আতুরের গুছে অভিকোলনের বাটি —কত কি। শিয়রে একটা শোফায় ছেলেটি ব'সে ব'সে ঘুমিয়ে পড়েছে। সারা মুখে করুণ একটি ক্লান্টি। এমন ভাবে ঘুমিয়ে পড়াটি কি মধুর। ওরা যেন ঘুমিয়ে ঘুমিয়ে কখা কইছে। ছেলেটি এখুনি আবার জাগবে। ওর ঘরের নার্দীও বিমৃছে। বৃষ্টি থামছে না।

ধীরে ধীরে ওর কাছে এগিরে এলাম; ওর রুদ্ধ কাটল চুলগুলি আঙুল দিম্নে ছুঁরে স্কুলর ক'রে সাজিরে দিতে ইচ্ছা করছে। মুলারি টাঙানো ছিল না। ওর পালে একটু বিল। ওকে বলি ভাকি—কহা, ও চোপ চেয়ে আমাকে দেখে হয়ভ বলে—ভূমি এসেছ? বলি ওর কপালে আমার জর-ভক হাতখানি রাখি, ভাহলে ও হয়ভ আরামে একবার 'আঃ' বলে, হাতখানি বিশীর্ণ বুকের মধ্যে টেনে নেয়, আমার হাতখানি নিয়ে একটু আলর করে। যদি আমি ওর ঐ পাংও ভক্নো কঠিন ঠোঁট ছ'টি চুখন করি, তবে ও আমাকে কিছুই বলে না, বিশাল চোখ ছ'টি একবার মেলে ক্ষের আবেগে মৃদ্রিত করে। ওর বুকটি ভাহলে এমন ক্লান্তিতে লোলে না বেন। সেই প্রশাস্তা ভাগীরখীর মতো তল্ তল্ থৈ থৈ করে। আমি আর ও ত্র'জনেই নিরামর হই। বৃষ্টি। বৃষ্টি! বৃষ্টি! বৃষ্টি!

ত্বাবের কাছে এসে আমি নাকি অজ্ঞান হ'রে পড়েছিলাম। একটা ক্ষপিক সোরগোল উঠেছিল। নার্গ আমাকে বাহুতে ক'রে বিছানার এনে শুইরে দিলে। নার্দকে মা বলতে চাইলেও ওর স্নেহ্সিক্ত বাহুটিকে কন্ধা ব'লে ডাকতে ইচ্ছা কর্মছিল।

শুরে শুরে বৃষ্টির শব্দ শুনে খোকনটার জন্ম সমস্ত প্রাণ কাঁদছিল। ওর চুলভরা মাথাটা বোঁচা নাকটা তুল্তুলে পা ছ্'টোর জন্ম প্রাণে প্রচণ্ড লাল্সা জমেছে। ওর সেই সবেকোটা যুথিকার কুঁড়ির মতো চারটি দাঁত। ওর উচু কপালটা।

বৃষ্টি আর কুয়ানা ! কে বলবে ভোর হয়েছে ? ঘড়িতে এগারোটা বা**জতে** না বাজতেই কন্ধা চ'লে গেল।

ভেবেছিলাম ছেলেটি বৃঝি খুব অন্থির হ'য়ে পড়বে। ওকে দেখে অবাক হ'য়ে গেলাম। ও খেন কিছুই হারায় নি, বৃক ভ'রে সমস্ত জীবন ভ'রে কি খেন ও পেল! ওর প্রাণের সঙ্গে কড়ুরীয়ুগের তুলনা চলে!

বললাম এবার আমার পালা।

ও ও-ঘর থেকে অনেকগুলি জিনিষ নিয়ে এসেছে চাকর দিয়ে। বললে—এসৰ আপনাকে কন্বা দিয়ে গেছে ব্যবহার করতে। ভারি বিশ্রী ঠাণ্ডা আজ, ওভারকোটটা গারে দিন।

কন্ধার ওভারকোটটা গায়ে দিয়ে দিল। ভার ওপরে মমভার দেওয়া র্যাপারটা। বল্লাম—ও দিয়েছে ?

—হাা, আপনার কথা ওকে বলেছিলাম। যাবার আগে আমাকে বললে—

এভামাকে যা দিলাম, দিলাম; এগুলি রোগা বন্ধুটিকে দিয়ো। হয়ত তার সঙ্গে ঐথেনে দেখা হ'তে পারে।

ওভারকোট্টা ত্'হাত দিয়ে বৃকের ওপর চেপে ধ'রে বললাম—কন্ধা, দূর, পরম, তোমার কাছেই আমি যাচ্ছি; যুগে যুগে মাহুব তোমারই অভিসারে ঘর-ছাড়া হরেছে।

বললাম---এই ক্টোভ গ্লাশ প্যান যাগ টব কাপ কোট -- সমস্ত ? ছেলেটি ঘাড় নেড়ে বললে--- সমস্ত ।

কে যেন আমাকে খুঁজছে ! আমার নাম ক'রে ওদিকের ঘরে একটা নার্সকে কি জিজেন করছে। চেহারার বর্ণনা দিছে। চোথে চলমা, মাথায় একরাশ কালো কোঁকড়ানো চূল, গায়ে ছাইরঙের ব্যাপার। ষতীনের গলা না ? নার্স এই ঘর দেখিয়ে দিল। বারাক্ষায় ষতীনের জুতোর শব্দ, হাঁ, আমি চিনতে পারছি। সঙ্গে আর কার লঘু পদধ্বনি ?

মমতা আমাকে দেখে বুকের ওপর ছোট খুকার মতো ঝাঁপিয়ে প'ড়ে ফুলে ফুলে ক্লে কাঁদতে লাগল। ওর চুলগুলির ওপর হাত রাখলাম। ওকে কিন্তু আজ ওর নাম বদলে আর একটা নামে ডাকতে ইচ্ছে করছে।

## অচল টাকা

মা বলত — বয়াটে; বাপ বলত — স্বাল্টিপ্কা। বাস্তায় বন্ধুদের সঙ্গে দেখা। একজন বললে — কি হে নক্ল, কলেজ ছেড়ে দিলে বেং

নবেন উত্তর দেয় —পার্সেটেজ থাকে না।
একজন বললে—কোথায় থাক ছুপুরে ? —ভারপর একটা গলির নাম করলে।
নবেন তথু বলে - হাটি।
—কিসের খোঁজে ? চাকরির ?
ভার একজন বললে—প্রিয়ার ?

বন্ধুরা হালে। হাত্তক।

ৰাপ বলত—এত বড় অমাত্মৰ ! বুড়ো বাপ-মাকে এক মুঠো বে থাওয়াতে পারে না, লে থাকে কেন বেঁচে ? হাড়-হাবাতে !

ষা বলত — আতুড়ে এক ভালা হন কেন ম্থের মধ্যে ওঁজে দিই নি ?

বাপের বাত, মা'র পিন্তশূল। সকালবেলা ইম্বলের একটি ছেলে বাপের কাছে সংস্কৃত পড়তে আসে, কুড়িটে টাকা দেয়। সমস্ত সংসারের সেই আয়।

ছোট ছোট ভাই-বোনগুলি এক বেলা খেতে পায় কি পায় না। তিন বছরে তিনটি মারা পড়েছে।

- **কি হে**, কোথায় চলেছ ?
- -- এই, এक्टिक।

আর কোনো প্রশ্ন করবার আগেই নরেন ছিটকে পড়ে— অন্ত দিকে। পকেটে বদি ভুলক্রমে একটা পয়সা থাকে, অনেকগুলি বিড়ি কেনে। কোনো বন্ধুর কাছে হাড পেতে কালে-ভত্রে বদি দশটা টাকা ধার পায়, তক্ষ্ণি সিল্বের পাঞ্চাবির অর্জার দের, রেষ্ট্রেন্টে পেট পুরে থায়—কোনো বন্ধু জুটে গেলে থাওয়ায়ও। সিগারেটের টিন, সিল্বের ক্রমাল, এসেন্সের শিশি পর্যন্ত। তারপর আবার চলা স্কুক্ত হয় থালি পেটে— থালি পকেটে। বেহালা থেকে বাগবাজার—বেলেঘাটা থেকে শিবপুর।

রাত বারোটায় বাড়ী ফিরে কোনো-কোনোদিন চেঁচায় ভাত কৈ ? মা হাঁকে - ভাত নেই।

বাপ মূখ খিঁচিয়ে ওঠে পাশের ঘর থেকে—গিলবার বেলায় তাগিদ আছে। ছুঁচো কোথাকার, বেরো বেরো, আন্তাকুড় ···

ছেলে কই আর বেরোয় ? কলতলা থেকে হাত ম্থ ধ্য়ে সর্বশেষ বিজিটা ধরিয়ে তায়ে পড়ে। যতক্ষণ বিজিটা জ্বলে, স্বপ্ন দেখে ;—জেগে জেগেই।

চাটায়ে শুয়ে লাখ টাকার স্বপ্ন-

যেন প্রকাণ্ড ভোজ দিচ্ছে ও। কাতারে কাতারে ভিথিরির দল ব'দে গেছে রাস্তার কিনারে। ও নিজেই যেন পরিবেষণ করছে—পোলাও, মাংস, কত কি ! বে যা চাচ্ছে তাই পাচ্ছে কাপড়, নগদ টাকা, বো'র জন্মে বাজু খাডু—কেউ কেউবা জুতো জামা এইকিং পর্যাস্ত।

কিম্বা প্রকাণ্ড একটা হাসপাতাল। দলে দলে লোক এসে ওর কাছ থেকে ওরুধ চেয়ে নিচ্ছে। যে থাচ্ছে সে-ই সেরে উঠছে। দেশে আর রোগা লোক নেই – সব জোয়ান, ইয়া বুকের পটো, থিল থিল ক'রে হাসে সবাই। ঘোড়ার মতো মঞ্জবুত।

ওর বাপ বাতে পঙ্গু নয় আর, চমৎকার যুবা পুরুষ। উদার, আমায়িক। মা বিজ্বী স্পারী—কল্যাণী গৃহলন্ধী। ছোট ছোট ভাইবোনগুলি যেন শরতের শেফালিকা! খোলার ঘর নয় প্রকাণ্ড ইমারৎ। গাড়ী-বারান্দায় মিনার্ডা।

ু আরো অনেক কথা ভাববার আগেই বিড়িটা নিবে বায়। পাশ ফিরে **ঘুমিয়ে** পড়ে। নিয়মের ব্যতিক্রম বৈ কি ! সন্ধার সময় বাড়ী কেরা—নরেনের কুটিতে লেখেনি । তবু মে-দিন এল ।

বাপ বললেন—ঐ ঘরে ধা, জুতো জামা বদলে নে। ছেলে অবাক হ'য়ে তাকাল। বাপ কি বলে ?

পাশের ঘরে এসে দেখে মা মেঝের ওপর আলপনা কাটছেন। এক কোণে দাঁড়িয়ে পাশের বাড়ীর নতুন বো-টি। গলা পর্যন্ত ঘোমটা নয় কিন্ত আজ। যেন অল্প একট্ হাসছে। নরেন চোথ ছু'টো একবার কচলে নিলে—স্থপ্ন দেখছে বুঝি!

মা বললেন—আলনার ওপর থেকে ঐ গরদের কাপড়টা পর নক। কাপড়টা এগিয়ে দাও ত' মা, রাগু!

মেয়েটির নাম রাণু তাহলে! নরেন ভাবত—নীলিমা বৃঝি! আম্মিনের নির্মেদ্দ নীলাভার মোহ তার ছই চোখে।

রাণু কাপড়টা নরেনের হাতে দিলে। চন্দনের বাটি নিয়ে এসে বললে—এস, ফোটা এঁকে দিই।

অথচ এই মেরেটির সঙ্গে যথনি জানলার কাছে দেখা হয়েছে, ভীত কুঠিত নীল চাহনিটির ওপর সলজ্ঞ ঘোমটাটি টেনে আত্মরকা করেছে। জানলাটা বন্ধও ক'রে দিয়েছে কত দিন!

नर्दान वनल--- अद्र भारत ?

विण्डि क्वाव फिल-कामि कि कानि ?

তারপর মৃচকে একটু হাসলেও।

মা বললেন - তোর আজকে বিয়ে · · ·

বাপের কাছে গিয়ে ছেলে ডধোল-এ সব কি ?

বাপ বললেন—তোমার আজ ভভবিবাহ বাবা, তৈরি হ'য়ে নাও চট ক'রে…

নরেন ওধু বলতে পারল -- কক্ষণো না।

षोবনে এই তার প্রথম প্রতিবাদ। অস্ট্র, অকারণ ।

বাপের পালে ভুঁড়িওয়ালা এক মাড়োয়ারী ব'সে। তাকে দেখিয়ে বাপ বললেন
—ছ'হাজার টাকার পাওনাদার। শোধবার আজ শেব দিন। নইলে, নইলে কি
মিশির-জি ?

মিশির-জি হাসলে। বললে—নহি তো রাস্তামে নিকালনা। লোকটার হাসি কি নিষ্ঠুর।

বোটি নরেনের কপালে চন্দনের ফোটা কাটলে। নরেন খেন তার বুকের ছুরু ছুরু প্রস্থ শুনতে পাচ্ছিল।

र्वाणि भरत बनाल-এই मानाहै। भन्न । भन्न इस ।

একটা গোড়ের মালা নরেনের গলায় দিতে চাইল।

নরেন সেটা হাতে নিয়ে ছুঁড়ে দিলে। হয়ত বৌটিরই কণ্ঠতল লক্ষ্য ক'রে।

পায়ে না হেঁটে এই প্রথম বোধ হয় ওর গাড়ী চড়া। বরষাত্রী মিশির-জি আর বোটির ছোট একটি দেওর। আর বড়ো বাপ।

मा छेन पितन । त्वीषि भीथ वाकातन ।

নরেন মোটরে হেলান দিয়ে ব'সে ভাবে—'মুখে তার লোধরেণু, লীলাপদ্ম হাতে!' নামটি হয়ত বা নীলিমা। হয়ত বা রাণুই। অস্তরলন্মী! চারিদিকে যেন হাসির দেয়ালি জ্বলে উঠেছে।

আকাশের তারাগুলির পানে চেয়ে চেয়ে নরেন স্বপ্ন দেখে।

বিয়ের সভায় হাজার টাকার পুঁটলিটা বাপ মিশির-জ্বির হ'তে তুলে দিলে। জ্বার একটি পুঁটলি নিয়ে নরেন বাসর করতে এল।

পুঁটলিটি সমস্ত রাত্রি ফুঁপিরে ফুঁপিরে কাঁদলে। মাকে ছাড়া আর কারু পাশে ভতে শেখেনি। নরেন গা-টা যদি একটু ছোঁয়, আঁৎকে ওঠে।

নরেন জিজেদ করে—তোমার নাম ?

মেয়েটি বালিশটার মুখ গুঁজে থালি কাঁপে।

বাতির ঝালরগুলির পানে চেয়ে চেয়ে নরেন ভাবে—পৃথিবীর আজ শুভরাত্তি। সমস্ত কাঙাল বিরহী যুগ-যুগ দীর্ঘ তপস্থার পর তাদের একাকিনী প্রিয়াকে শধ্যা-সঙ্গিনী ক'রে পেল –একান্ত, সম্পূর্ণ ক'রে। সেই সে—মূর্তিতে ধরা দিয়েছে আজ।

ভঙরাত্তির দিন মিশির-জি আবার এল। এবার মেয়েটির গা থেকে গয়নাগুলি খুলে নিলে।

वाभ वरन - भा हित्भ तन उ' वृष्टि ।

মা বলে—আর হেঁদেল করতে পারিনে। হাঁডি ঠেল গে যাও।

पू' त्वना शैष्टि हर्फ्ड ना।'

ছোট ছোট ভাই বোনগুলি ভাকে—কেলো বৌদি। মা আবার মাঝে মাঝে শুখরে দেয়—চামচিকে।

বছর ঘুরে যায়।

নরেনের কাছে দে নীলিমাই। মা পর্যন্ত ঠাট্টা করে নীলি না কেরোসিনের কালি!—তবু নীলিমাই দে।

বলে—ওদের বাড়ীর বেহি গলায় সোনার দানা। আমার একটা গড়িয়ে দাও না।

আবার বলে—কোথায় থাক সারাদিন ? আমাকে একদিন বেড়াতে নিয়ে যাও: না—ইছেন গার্ডেন।

नरत्रत्व क्यांव रहवांत्र मभन्न दन्न ना । द्वतिरत्न वात्र ।

বো বিজ্বিজ্ক'রে বলে-হতচ্ছাড়া।

বছর ঘুরে ধায়। একটি ছেলে হয়েছে।

नत्त्रन ভাবে - रय़ वृक्ष, रय़ वा निर्मा।

वी वरन - एंटिनिंग्क वार्नि कित्न प्रवात पर्वाष्ठ प्रमा क्लारि ना ?

নরেন অন্তমনম্বের মতো পকেট হাতড়ায়। তারপর ছেলেটার মুখের দিকে তাকায়। ফের জেগে জেগে স্বপ্ন দেখে।

বন্ধু একজন লিখিয়ে -নাম করেছে কিন্তু বেজায় গরীব।

বললে - তোমার হাত আছে নরু, বই লেথ। আমি বিক্রী ক'রে দেব।

**— কি** লিখব ?

—এই তোমারই কথা—উপক্তাসে। অনেক পাবলিশরের সঙ্গেই জানা আছে ত'—একথানে পুশ্ করতে পারবই।

নরেন কাগন্ধ কলম নিয়ে বদল। রাতে স্থার ঘুমোয় না। তেল ফুরিয়ে গেলে গ্যাদের তলায় এদে বদে।

বো বলে—কাকে লেখ চিঠি ? আর কাউকে ?

নরেন গ্যাদের তলায় ব'দে কী-ই বা না ভাবে ? দেক্সপীয়র থেকে স্থক ক'রে বার্গাভ্ ল'। টল্টয় ! বিয়র্গদন্। কথনো কখনো বা আনাতোল্ ফ্রান---নোবেল প্রাইজ-ক্ষ্বিয়ার ছর্ভিক। কখনো কখনো বা বিশ্বভারতী।

বন্ধু এসে বললে --ভোমার বই খুব এপ্রিসিয়েটেড্ হরেছে। ওরা কিন্তু সমস্ত স্বন্ধুই কিনে নিতে চায়।

—বেশ, বেশ তা নিক্। কত দেবে ?

বন্ধু একটা অন্ধ বললে। পরে পিঠ চাপড়ে দিয়ে বললে—ছাপা কাল-পন্ত তক স্থক্ষ করে দেবে। এবার তোমার নাগাল কে পায় ? কাল আমি আসব।

নৱেন ভাবে, বাংলাদেশ নম্ন--এটা আমেরিকা। প্রতি মিনিটে হাজার বই কাটছে। সিনেমা হচ্ছে ওর বইয়ের। ব্রডকাষ্টিং পর্যন্ত।

वीत्क वत्न - भानांत्र माना छ' हात् ! 'कर्नमृत्न कुमकनि, कुमवक मात्थ'।

বোঁ বলে - ভারি মশা। ছেলেটার নারা গায়ে বেন বিছুটি লাগিয়েছে ভারপর মনে মনে বলে - জানোরার!

প্রকাশকের কাছে হাত পাতলে—টাকাটা ?

প্রকাশক কপালের ওপর থেকে চশমাটা নাকের ওপর নামিয়ে তেরছা চোখে চেয়ে বললে—টাকা ? সে ড' জাপনার বন্ধু শৈলেনবারু নিমে গেছেন।

--নিয়ে গেছে ?

कथा एवन नरवरनव ग्ना हिस्त स्वक्न ।

- —স্থাপনি তাঁকে একটা বণ্ড্ সই ক'রে দিয়েছেন—দেখালেন। তাতে বই বিক্রিন সমস্ত টাকাই ওঁর প্রাপ্য।
  - --- ७! शा-जात्क नित्थ मित्रिहिनाम वर्ति।

নরেনের সমস্ত রক্ত যেন কালিয়ে এল। পরে জক্ট্রতে বললে—বেচারা ভারি গরীব—আমারো চেয়ে···

প্রকাশক আপন মনে ধানিকক্ষণ বইটার প্রশংসা করে। তা-ই নরেন দাঁড়িয়ে একটু শোনে। ভাবে—ছাই অর্থমূল্য। বেরোক ত' বইটা।

পরে রাস্তায় বেরিয়ে হাঁটতে হাঁটতে স্বপ্ন দেখে —মেবদূত থেকে গীতাঞ্চলি পর্যান্ত।

ক্যানিং স্ত্রীটের একটা বাঁকে রংমের দোকান—বড় বাবু হিদেব-পত্ত রাখবার জক্ত কেরাণী চান।

वक् रेनलनहे व्यविष्ठ थवत्री मिल वा हाक !

বড় বাবু বললেন—বেশ, জনেস্ট ধদি হয়, ভাহলেই চলবে। তুমি গ্যারাণ্টি শৈলেন!

নরেন ফিদফিদিয়ে ৰন্ধুকে জিগ্গেদ করলে – কত মাইনে ?

- --- जिन । গোড়ায়ই ব্যস্ত হ'লে চলে না । দোকানটা ফাপুক।
- -- না, না, বেশ--- ত্রিশ টাকাই ক'জন কামার ?

এই দ্বিতীয় দিন নরেনের সন্ধ্যার পরেই বাড়ী ফেরা। মাকে গিয়ে বললে—মা, চাকরি পেলাম। বাপকে গিয়ে বললে—বাবা, চাকরি পেয়েছি।

বাপ ওয়ে ওয়ে কালীর গান ধরে বামপ্রদাদী। মা হরির লুট মানত করে।

ৰাজে সেদিন স্বাভাবিক নিরনের বিরুদ্ধে হাঁড়ি চড়ে। স্বগড়া ঝাঁটি চেঁচামেচি স্বার নেই। দোরের গোড়ায় মাটির বাডিটি পর্যন্ত যেন হাসে।

ববে এশে বোঁকে আদর করতে ইচ্ছা হয় একটু। ঠোঁট হুটো একটু টেপে, চিবৃকে একটি চুম্ও খায়। ছেলেটাকে একটু কোলে নেয় — কত নাম ধ'রে ডাকে—বড় বন্ধ নাম। গ্যারিব্যান্ডি থেকে মুসোলিনি।

বে বললে—এবার আমাকে সোনার দানা দিতেই হবে। আর খোকার জন্ত উলের একটা ফ্রক।

নরেন শুরে শুরে ফের স্থপ্প দেখে— তিনথানি করকরে দশ টাকার নোট। প্রত্যেকটি আঁকিবৃকি পর্যন্ত তার চোখে ভালে। যেন গত জীবনের ফেলে-আসা ভূলে-যাওয়া তিনথানি প্রিয় মুখ। যেন তিনটি অক্ষরে কার নাম!

দারা রাত আর খুম আসে না।

মোড় ফিরতেই রংয়ের দোকানের বড় বাবুর সঙ্গে দেখা—ট্রামে উঠছেন। তাকে দেখেও খেন দেখলেন না। নরেনই শেবে সম্বর্জনা করলে।

— কাল থেকেই তাহলে জয়েন করব ? দশটার যেতে হবে ? আমি তু' ঘণ্টা আমগেই বাব 'থন। ওভার-টাইম চাই না তার জন্তে। দোকানটা জেঁকে উঠুক।

বড় বাবু প্রথম চিনতে পারেন না। পরে বললেন—ও! হাা—অক্ত লোক বহাল হ'য়ে গেছে। শৈলেনের ভগ্নীপতি—পঁচিশ টাকা মাইনে।

নরেন ঢোঁক গিলে বললে—স্থামাকে না হয় কুড়িটে টাকাই দেবেন। টাইমও বাড়িয়ে নিন।

বড় বাবু হেসে বললেন—তা কি হয় ? সে বে আমারো ভায়রা…… নবেন ফের পথ ভাঙে—বারাকপুরের পথ। বাড়ী এসে বোকে বলে—আপিসের বেজায় খাটুনি।

দশটা বাজতে না বাজতেই বাপ হাঁকে—শিগ্গির নরুর খাবার জায়গা করে দাও বোমা। আপিসের বেলা হ'য়ে বাবে। এদের একটুও যদি ছঁস থাকে—

মা আদর ক'রে ভাত বাড়ে—পরিপাটি ক'রে গুছোয়। আসন পাতে, সম্থের মাটিটা জল দিয়ে একটু লেপেও। বলে—তাড়াতাড়ি করিসনে, আন্তে আন্তে থা। এথনো ঢের সময় আছে।

বৌ ছোট বোনটির হাতে একটা পাখা গুঁজে দেয়। নিজের লক্ষা করে হয়ত। ছোট বোনটি হাওয়া করে। বেরিয়ে যাবার সমর নরেনের হাতে একটা পান দিয়ে বৌ **সন্ন** একটুখানি হাসে। রোজই বলে—সকাল সকাল ফিরো। জিরোবে।

বাড়ী ফিরে এলে বোঁ আঁচলে নরেনের খাম মুছে দেয়। পা টিপে দিতে দিতে বলে—আপিস বুঝি অনেক দ্রের রাস্তা ?

পরে ফের বলে—মাইনে পেলেই সোনার দানা না হোক, একটা নাকছাবি অস্ততঃ। শিশু নেপোলির আবোলতাবোল ক'রে বাপকে তার আনন্দ জানাভে চায়।

দিন ধায়। বৌ থালি জিজ্ঞেস করে—মাস কবে ফুরোবে ? মাইনে পয়লা তারিখেই পাবে তো ? নাকছাবি না হয়, খোকার জন্ম একটা ফ্রক এনো কিন্তু।

তার পর খোকাকে বুকের ওপর ফেলে আদর করতে থাকে।

মাস ফুরোতে আর কত দিনই বা বাকি ? নরেন দিশেহারা হ'য়ে হাঁটে। মাঝে মাঝে পথের ওপর চোথ মেলে চলে যদি একটা নোট কুড়িয়ে পায়!

খালি মনে পড়ে বাপের পাঁজর-বের-করা জীর্ণ বৃক— মা'র গালভাতা রুক্ষ মুথের চেহারা। ছোট ভাই বোনগুলির ব্যাজার মুখ— সারা গায়ে ধূলো. কোমরে ছেঁড়া কদর্য ন্থাকড়ার টুকরো। কাল রাভ থেকে খোকাটার জ্বর। বৌর গায়ে একটা সেমিজ নেই।

নরেন ভাবে, আর পথ চলে। বন্ধুদের সঙ্গে দেশ হ'য়ে গেলে মাঝে মাঝে ফষ্টিইয়াকিও করতে হয়। কেউ সঙ্গে নিলে বায়স্কোপে গিয়েও ঢোকে।

কাল মাসের পরলা। ছোট মাটির ঘরে তাই উৎসব জমেছে। বিশেষ কিছুই নয়—
একটু ভালো থাওয়া হবে—খিচুড়ি। ছোট ভাই বোনগুলি বিকেল থেকেই রামাঘরের চারপাশে ঘোরাঘুরি করছে। পরস্পরের মধ্যে কত আলোচনা ঘে হচ্ছে, তার
অস্ত নেই। কেউ বলে—আমি থাব এক সের। আর কেউ বিশাস করতে চায় না।
বলে—বইয়ে লেথা আছে সাড়ে তিন ছটাকের বেশি ধরেই না পেটে। এ নিয়ে
ভারপর তুমূল তর্ক চলে।

রাত্রে বৌ উপদেশ দিলে— মাইনেটা বুক পকেটে রেখো না কিছ। পেয়েই কোঁচার খুঁটে বেঁধে রেখো। যে গাঁটকাটার মূলুক।

ভোর হয়। বাপের মৃথ উচ্ছল, মার মৃথে অপূর্ব কান্তি। মা বললে—ফিরবাক্ষ মূথে এক মণ চাল কিনে নিয়ে আসিল একেবারে।

वाभ वनल- वाष्ट्राविण पूद्ध क्थित । यनि हैनिन साह भात ।

ৰো বললে – একটু ভাড়াভাড়ি যাও। হয়ত লোকান খুলেই মাইনে বিলি হবে আজ। কে জানে ?

নরেন পথে বেরিয়ে পড়ে—উদাসীন, রুদ্ধ পথ। জুতোর তলা ক্ষয়ে গেছে লক্ষ্য নেই; কোথায় যে বাবে, ভাও নয়। তবু যেতে হয় ঘণ্টার পর ঘণ্টা।

ঘরের ভেতর থেকে কে ভাকল—আরে নক্ন বে ! অনেক দিন বাদে ! নরেন তাকিয়ে দেখলে। – বন্ধু ! শৈলেন নয়। এক মুখ হাসি নিয়ে ঘরে এলে

ইস্কুলের সহপাঠী। এখন সওদাগরি আপিসের বড় চাকুরে।

ছেলে বেলার আলাপ **জমে গেল।** বাংলার মাষ্টার থেকে গড়ের মাঠে ফুটবুজ থেলা। নধর দরাজ মাহুবটি—বুক ছুলিয়ে ছুলিয়ে হাসে। এরেন চেয়ে থাকে।

বরের দেয়ালে দা ভিঞ্চি থেকে স্থক করে অবনীন্দ্রনাথের ছবি টাঙানো।

বন্ধু বললে—তুমি একটু বোস ভাই, আমি এই আসছি।

টেবিলের ওপর জুয়ারের চাবিটা ফেলে গেছে। নরেন চার দিক একবার চেরে নিয়ে আন্দান্তে একটা চাবি গুঁজে দিলে। মোচড় দিতেই দরজাটা আলগা হ'রে এল।

থাকে-থাকে নোটের ভাড়া সাজানে।--

পর্দা সরিয়ে বন্ধু ঘরে চুকে বললে—এ কী, নক ?

নরেন এক মৃহুর্তে ঘেনে উঠল। সহজ স্থরে বলতে চেষ্টা করল—আমাকে কয়েকটা টাকা ধার দেবে ?

—ধার ? এমনি ক'রেই ধার চাইতে হয় নাকি ?

পরে এগিয়ে এসে বললে—কভ ?

नदात्नद गमा हित्य थानि दिदान-हम।

—এই নাও। ব'লে একটা নোট ছুঁড়ে দিলে। .

ভারপর চেষ্টা ক'রেও আলাপ আর জমল না।

রাস্তায় বেরিয়ে এসে নরেন নিশাস নিলে। ভাবলে—আরো ছ্'থানা চাইলে পারতাম।

একটা রেইরাণ্টে চুকে পড়ল। ত্তন বন্ধু জুটে গেল। বললে—ফাউল খাওরাও, নক।

নরেন অর্ডার দিলে। অচিস্কাহিহি বাড়ী ফিরতেই সব হুড়্মুড়্ ক'রে এসে খিরে দাঁড়াল। বাপ বললে—মাইনে পেলি ?

-काम त्मरव।

মা বললে—ভাছলে আন্ধ রাতে উত্ন আর জ্বলবে না ? ঘরে এলে বৌ বললে—খোকার ফ্রক কৈ ? নাকছাবি ?

- --পা-টা টিপে দাও একটু। গাঁটে গিটে ব্যথা ধরেছে।
- ককক্ষনো না।

বৌ রাগ ক'রে পাশ কেরে।

নরেনের ঘুম আসে না। তেমনি জেগে জেগে স্বপ্ন দেখে—

খরের দেয়ালে দা ভিঞ্চির ছবি। মেঝের পার্শি গালিচা পাতা। ভুয়ারের মধ্যে থাকে-থাকে নোট সাজানো।

তারপর একসময় ঘুমিয়ে পড়ে হয়ত।

ठाकाठा जित्नद ; --वाष्ट्र, किन्ह ठल ना।

## চুই বার রাজা

বাজ-পোড়া ঠুঁটো তালগাছটা উঠোনের পাশে দাঁড়িয়ে, যেন বুড়ো আঙুল দ্বিয়ে আকাশকে ঠাটা করছে। অথচ মিয়মাণ, বিষয়।

বুকের মধ্যে যেন একটা হাপর আছে, উচু তাকিয়াটায় ঘাড় গুঁজে উবু হ'রে তারে অমর হাঁপানির টান টানছে। ভাজার থানিকটা স্থাকড়ায় কি একটা ঝাঁঝালো ওয়ুধ ঢেলে দিয়ে ব'লে গিয়েছিল ভূঁকতে। তাতে টান কমা দরে থাক, রগ ছটো বাগ না মেনে একসঙ্গে টন্টন, ক'রে উঠেছে। বন্ধ সরোজ কতগুলি দড়ি পাকিয়ে মাথার চারপাশটা সজোরে বেঁধে দিয়ে গিয়েছিল। এখন ভীষণ লাগছে তাতে। কিছু দড়িগুলি খুলে ফেলতে পর্যান্ত জোরে কুলোয় না।

বুকে পিঠে হাত বুলিয়ে দিতে দিতে মা ঝিমিয়ে খুমিয়ে পড়েছে। জাগাতে ইচ্ছে করছে না। পরিক্লান্ত ঘুমন্ত করুণ মুখখানি!

প্যাকাটির মতো লিক্লিকে দেহ — একটা টিকটিকি যেন। এই একটুখানি টিঁকে থাকার বিরুদ্ধে সমস্তটা দেহ বড়যন্ত্র করছে। তার কী আর্তনাদ। যেন একটা ভূমিকম্প, বা বয়া।

মা'র বিবাদস্পিশ্ব মুখখানির পানে চেয়ে অমরের মনে পড়ল, হঠাৎ কবে কার মুখে গান ভনেছিল—'জানি গো দিন বাবে, এদিন বাবে'; শেলিও এ কথা বিশাস ক'রে সমূদ্রে ডুব দিয়েছিল—ভারপর একশ' বছর এক এক ক'রে খসেছে। দিন আর এল না। বসস্ত বদি এলই —মহামারী নিয়ে এল, নিয়ে এল চৈত্রের চোখ ভ'রে রোদের রোদন!

'আজি হ'তে শতবর্ষ পরে'—। সেদিনো পল্লবমর্মরে কোটি কোটি ক্রন্সন জন্মনিত হবে। প্লেটোও ত কত আগে স্বপ্ন দেখেছিল, বার্গার্ড শ'ও দেখেছে। 'দে কবে গো কবে ?'

স্মারের হঠাৎ ইচ্ছে করল একটা কবিতা লিখতে—সমস্ত বিশ্বাসকে বিজ্ঞপ ক'রে। ভূরো ভগবান আর ভূয়ো ভালবাসা। ষেমন ভূয়ো ভূত!—মনে পড়ে বায়রণ, মনে পড়ে শোপেনহাওয়ার।

ষত্রণায় অতিষ্ঠ হ'য়ে অমর বাইরে বেরিয়ে এল, উঠোনে। সেই ঠুঁটো তাল-গাছটার গুঁড়ি ধ'রে হাঁপাতে লাগল। ছ'জনে যেন মিতা; একসঙ্গে আকাশের তারাকে মুখ ভেঙচে ভয় দেখাছে।

সমস্ত আকাশে কিন্তু নিস্তবঙ্গ উদাসীয়া।

ঝড়ের পর যেমন অরণ্য।—টানটা পড়েছে।

মা বললেন নাই-বা গেলি কলেজে আজ। একটা ছাতাও ত নেই। বে রোদ—

অমর বললে হাজিরা থাকবে না। তা ছাড়া মাইনে না দেওরার দকণ কি দাঁড়িয়েছে অবস্থাটা দেখে আসি।

অবস্থা আর এর বেশি কি সঙীন হবে ? ছু' মাসের মাইনে দেবার শেব তারিধ উৎরে গেছে দেখে নাম লাল কালিতে কেটে দিয়েছে।

সরোজ বললে— তুমি ফ্রিনা?

ছু' হাত দিয়ে বুকের ঘাম মুছে অমর বললে—তাহলে স্থপারিশ লাগে—এ বে মোড়ের তেতলা বাড়ীর বারান্দায় ব'দে যিনি মোটা চুক্ষট টানেন তাঁর। তিনি আর প্রিলিপাল ত আমার মার এই ছেঁড়া কাপড়, বন্ধক-দেওয়া ছু-থানি সোনার বালা, এই ঝুল-ঝোলা নোংবা দাঁত-বের-করা থোলার ঘরটা দেখতে আসেন নি। আর্দ্ধি একটা করেছিলাম বটে, স্থপারিশ ছিল না ব'লে বাতিল হ'য়ে গেল। সোজা হ'য়ে আজো যেন দারিস্রা তার সতা পরিচয় দিতে শেথেনি। আর মহীনকে চেন ত ? —ৰাইকে যে আসে—ক্লি। বাড়ী থেকে মাইনে বাবদ বা টাকা আসে, তা দিয়ে 'পিকাডিলি' টিন কেনে, সেলুনে ব'সে দাড়ি কামায়।

মা হতাৰ হ'য়ে বললে—উপায় কি হবে তবে ?

বেন হঠাৎ একটা বাড়ীর ভিৎ খ'সে গেল; কাদায় ব'সে গেল চলফ গাড়ীর চাকা!

আমর বললে—ভিজিট পাবে না জেনে ডাক্তার বখন ফ্রাকড়ায় ভোঁটকা-গন্ধওলা খানিকটা নাইট্রিক য়্যানিডের মতো কি ফেলে ব'লে গিয়েছিল এ রোগে কেউ মরে না, তখন আশস্ত হ'য়ে আমাকে তোমার বুকে নিয়ে কি বলেছিলে? বলেছিলে ঠাকুর ভোকে বাঁচিয়ে রাখুন, এইটুকুই ভঙ্গু চাই। বেশ ত আবার কি! কাল যদি ফের টান ওঠে, তোমার এ ভুতুড়ে হাতুড়ে ডাক্তার না ডাকলেও বেঁচে উঠব।

পরে ঢোক গিলে ফের বললে—তোমার সেই ঠাকুর উড়ে ঠাকুরদের মভোই বাজে রাধুনে মা। হয় থালি ঝাল, নয় থালি মুন। পরিবেশন করতে পর্যান্ত ভালো শেখেনি।

জামাটা খুলে ফেললে। ছাব্দিশ ইঞ্চি বুক, কঞ্চির মতো হাত পা, পিঠটা কুঁজো, মাধার চুলে চিন্ধনি পড়ে না— তবু মনে হয় যেন একটা উদ্ধৃত ভর্জনী।

ম। পাখা ক'রে ঘামটা মেরে পিঠে হাত বুলিয়ে দিতে লাগলেন। যেমন ক'রে পুকত তার নারায়ন-শিলা গঙ্গাজলে ধোয়;— ততথানি বড়ে।

সরোজ বললে—তা কি হয় ? সামান্ত ক'টা টাকার জন্ম কেরিয়ার মাটি করার কোনো মানে নেই। আমি দেব টাকা, মাইনে দিয়ে দিয়ো ফাইনভদ্ধু।

মা'র বুকের ওপর গা এলিয়ে দিয়ে অমর বললে—কিছু লাভ নেই ভাভে। তা ছাড়া পার্সেন্টেজও নেই। হপ্তায় হ' বার ক'রে টান ওঠে। বানান ভুল নিয়ে ঘোষলাষ্টারের সঙ্গে তর্ক করা অবধি প্রক্তিপ্ত চলে না আর, খালি আমাকে জল করার
চেষ্টা। 'গোষ্ট'কে ধদি অনবরত 'ঘোষ্ট' ব'লে চলে একঘণ্টা ধ'রে—তা আর যার সহ্
ছোক, আমার হয় না, ভাই। বিনয়সহকারে প্রতিবাদ করলাম, মান্তায় ভ রেগেই
লাল। প্রিন্দিপ্যালকে গিয়ে নালিশ—আমি নাকি অপমান করেছি। আমি বললাম
—উনি 'গোষ্ট'কে বলেন 'ঘোষ্ট', 'পিয়ার্স'কে বলেন 'পায়ার্স'— তাই ভর্ম জিজেস
করেছিলাম ও উচ্চারণগুলি কি ঠিক ? উনি ভাবলেন, ওঁর বাড়ী বরিশাল ব'লেই
বৃধি ঠাটা করছি আমি।

गरवाक वनतन - श्रिकिभाग कि वनतन ?

—বললেন, প্রোফেসার তোমার চেয়ে ঢের বেশী জানেন। তাঁকে করেক্ট করবার জোমার রাইট নেই। ফের এমন বেয়াদবি কর ত ফাইন করব। অভুত! তা ছাড়া, আমি বিরক্ত হ'মে গেছি, সরোজ। একটু বেনে বললে—আমি কী বিরক্ত হ'রে যে গেছি, তুমি তা ভারতেও পারবে না। আমাদের খিনি পোয়েট্রি পড়ান, তিনি আবার,উকিল। চাপকান প'রে ছুটভে ছুটতে হাজির, এক গাদা পানে মুখটা ঠাসা—কীটুসের 'নাইটিক্লল' পড়াবেন। ভাজার বেমন ছুরি দিরে মড়া কাটে তাই, তেমনি ক'রে কবিতাটি দ'লে পিরে ছুমড়ে চটকে একেবারে কাদাচিংড়ি ক'রে ছাড়লেন। ওঁর ব্যাখ্যা শুনে এত ব্যথা লাগল, বে মনে হ'ল বেচারা কীটুল যদি ছাত্র হ'য়ে শুনত ওঁর পড়া, ত বেঞ্চিতে কপাল ঠুকে ঠুকে আত্মহত্যা করত। কী সে চেঁচানি, পানের ছিবড়ে ছিটকে পড়ছে—ভরে নাইটিক্লেরে প্রাণ খ হ'রে গেছে। 'রুখ' এর কথা বেখানে আছে, সেখানটায় এলে ওঁর কী বিপুল হাত ছোড়া – ও জায়গাটা ম্থস্ত ক'রে এলেছিল নিশ্চয়ই। 'রুখ'-এর গল্প কি. বাইবেলের সঙ্গে কোটোর থেকে গোটা চার পান মুখে পুরে প্রায় দৌড়েই বেরিয়ে গোলেন আলপাকার পাল তুলে। বোধ হয় অনেক দিন বাদে একটা মোকদ্মা পেরেছিলেন।—তথনো ভালো ছাত্রেরা বইরের ধারে-ধারে মাষ্টারের শলার্থ টুকে রাখছে ও পরম্পরে রুপের শশুরবাড়ী নিয়ে পরামর্শ করছে। ভাই সরোজ, আর জ্যোৎস্থারাতে কীটুল পড়া চলবে না কোনোদিন।

পরে মাকে তুই বাই দিয়ে জড়িয়ে ধরে বললে — তুমি ভাবছ মা বে ভোমার ছেলে বি-এ পাশ করতে পারল না ব'লেই ব'রে গেল ? নয় মা নয় । জান ?— যারা খুব বড় হয়েছে তাদের শব্দের অর্থ জানতে মা'র গয়না বন্ধক দিয়ে কলেজে পছতে আসতে হয়নি । এ দিন যাবে, এ কথা ত তুমিই বেশি বিশাস কর । দিন যাবে নিশ্চয়ই, কিছ যদি তারপর কালো কড়ো রাত্রিই আদে, তাতেও ভড়কাবার কিছু নেই । আমাকে জন্ম থেকে এমন পঙ্গু পক্ষাহত ক'রে বানিয়েছেন ব'লে জ্বাবদিহি দিতে হবে বিধাতাকেই ।

মা মিছবির জল ছেঁকে তুই কাচের গ্লাশে ক'রে তুই বন্ধুকৈ ভাগ ক'রে দিলেন। বললেন—আর একটা গয়নাও ত নেই—

— খবরদার মা। আমার কলেজে পড়া এইথেনে থতম। আমি এই ফাটা মুসকুদ নিয়েই লড়ব। তৃত্রি আমার মা, আর ঐ তালগাছটা আমার ছেলেবেলার বৃদ্ধু— কতকালের চেনা।

সরোজ জিজেস করলে — কি করবে তাহলে এখন ?

কবিতা লিখৰ। তুমি হেসো না, সরোজ। কথাটা ভারি বেতালা শোনাছে,
ভানি। কিন্তু আমি সত্যিই লিখব এবার। আমার সমস্ত প্রাণ চেঁচিয়ে উঠতে চাইছে।
সরোজ হেসে বললে—তাহলে আর কবিতা হবে না।

- —না হোক। সোজা সভ্য কথা বুক ঠুকে আমি খুলে ব'লে দিভে চাই। সৌন্দর্য্যে আবরণ দিয়ে কুৎসিভ নগ্নভাকে ঢেকে রাখার জন্মেই না ভোমরা ভগবান বানিয়েছ ! যে কথা বায়রণ, সুইনবার্ণ বা ছুইটম্যান পর্যন্ত ভাবতে পারেনি —
  - —ভেমন **আ**বার কি কথা আছে ?
  - —দেখো। যে কথা ভেবেছিল থালি চ্যাটার্টন।

সরোজ ইঙ্গিত ব্ঝতে পেরে সহসা পাংও হ'য়ে বললে – থবরদার, অমর দ ও রকম মারাত্মক ঠাট্টা ক'রো না।

স্থমর উদাসীনের মতো বললে—মারাত্মক ঠাট্টাই বটে। জান, বিধাতা যদি তোমাদের প্রকাণ্ড কবি হন, ত এই পৃথিবীটা তাঁর প্রকাণ্ড ছন্দপতন।

কিন্তু না, সভ্যি সভ্যিই সে রাতে অমর কালি কলম আর কাগজ নিয়ে বসল কবিতা লিখতে। মেটে মেঝের ওপর ছেঁড়া মাত্রর বিছিয়ে মা ঘূমিয়ে পড়েছে, স্নান বাতির আলোয় সেই মুখখানির যেন তুলনা নেই। ঐ মা'র মুখখানি নিয়েই একটা কবিতা লেখা যায় হয়ত!

সলতে ধীরে ধীরে পুড়ে যাচ্ছে—কিন্তু একটা লাইনও কলমের মুখে উকি মারছে না। 'বিট'-এর পুলিশ থানিক আগে চেঁচিয়ে পাড়া মাৎ ক'রে জুতোর ভারী শব্দ ক'রে চলে গেছে। আবার সেই নিঃশব্দতা—প্রকাশ করতে না পারার ব্যথার মতোই অপরিমেয়।

অমরের মনে হ'ল, ভাষা ভারি ত্র্বল, খালি ভেঙ্কে পড়ে। লিখতে চাইছিল - এই জীর্ণ পৃথিবী, এই দানবী সভ্যতা—সব কিছুই প্রকাণ্ড ভুল বিধাতার—এঁচড়ে-পাকা ছেলের ছিবলামি। এঞ্জিন-ড্রাইভার ষেমন ভুল পথে গাড়ি চালিয়ে হায় হায় ক'রে ওঠে—তেমনি অকারণে ভুল ক'রে থেলাচ্ছলে এই পৃথিবীটা বানিয়ে ফেলে ভগবান ভারায় তারায় চীৎকার ক'রে উঠেছেন অম্বতাপে দয় হচ্ছেন।

এত বড় যে বাবসাদার - সেও দেউলে হ'ল ব'লে। কবে লালবাতি জ্বলবে — প্রকায়ের ! তারই কবিতা।

लिथा यात्र ना । थानि मनल्डिं। পुष्फ् भुष्फ् निःश्मि ह'रन मीभ निर्द यात्र ।

বিকেলের দিকে অমর সরোজের বাড়ী গেল। পাশেই বাড়ী—লাগাও টিনের মরে একটা গাড়ী পর্যাস্ত আছে।

শেতপাধরের মেঝে ছুটো দেয়াল প্রায় বইয়ে ভরা—ছবি থান ভিন চার, সেক্ষণীয়র, শেলি আর বার্ণার্ড শ'র। একটা চেয়ারের ওপর বই গাদা করা— মেঝেতে কাৎ হ'য়ে ভয়ে সরোজ, একজামিনের পড়া পড়ছে। আর ঘরের এক কোনে টোভ আলিয়ে তার বোন চায়ের জল গরম করছে আর দাদাকে বকছে সিগারেট খার ব'লে।

অমরকে ঘরে ঢুকতে দেখে মেয়েটি আরো থানিকটা জল কেটলিতে ঢেলে দিরে বললে— বাই বল দাদা, বোহিমিয়াটা আর বাই হোক, আমাদের বহরমপুরের মডোই থানিকটা। নইলে—

লবোন্ধ উঠে পড়ে বললে এম, অমর বসো। তুই লক্ষী দিদি, পরোটা ভেলে দিবি আমাদের ? দেখ না চট ক'রে—

বোন চ'লে গেলে সরোজ তাড়াতাড়ি দরজার পরদাটা টেনে দিরে ওখোল— এমনিই কি এসেছ, না কোনো কাজ আছে ?

স্থার সোজা হ'য়ে বললে— স্থামাকে কয়েকটা টাকা দাও—এই গোটা কুড়ি। সরোজ হাতের বইটা ছুঁড়ে ফেলে দিয়ে চেঁচিয়ে উঠল - লুসাই, লুসাই ও লুসী!

বোন ত্'হাতে ময়দার ভ্যালাটা নিয়ে এসে পর্দার ফাঁকে চোখ রেখে বললে— কি ছকুম মশাইয়ের ?

সরোজ বললে— চাবিটা দিয়ে দেরাজ থেকে কুড়িটা টাকা বার ক'রে দে ভ শিগ্পির।

ঘরে ঢুকে ময়দা চটকাতে-চটকাতে লুসী বললে—কিসের জন্তে শুনি ?

—উড়োতে। তুই দে খুলে। ফফরদালালি করিস নে।

দেরাক্ষ খুলতে খুলতে লুনী বললে— দাঁড়াও না। দিচ্ছি এবার। ঠিক মতো হিসাব দিতে না পারলে রাত্তে ঘুম থেকে উঠে কে চা ক'রে দেয়, দেখব।

ব'লে চ'লে গেল। পদাটা থানিক ছলে ছির হ'ল।

টাকা দিয়ে সরোজ বললে—যদি আবার বিপদে পড় বলতে সংহাচ কোরোনা।—

চা খেতে-খেতে অমর ভাবছিল, সংসারে এ একটা কি চমৎকার ব্যাপার! উজ্জন স্বাস্থ্য - স্বচ্ছল অবস্থা---কল্যাণী বোন! নাম তার লুসী!

পেছন থেকে কে অতি কৃষ্টিত কণ্ঠে বলছিল—একটা নতুন কাগজ বেরিয়েছে, বদি নেন—

সরোজ মুখ ফিরিয়ে দেখলে—অমর। থালি পা, যে ফ্রাকড়া দিয়ে কালি-পড়া লঠন মোছে তেমনি কাপড় পরনে— হাঁপানির টানে ঝরঝরে গাঁজর ডুটো ঝেঁকে উঠছে—কথা কইতে পারছে না। সরোজ তক্ত্নিই কাগজটা নিয়ে দাম দিল, কথা কইল না কোনো। বরঞ্চ ভারি লক্ষা করতে লাগল ওরই।

ট্ট্যাম চলল। চলন্ত গাড়ি থেকে নামতে গিরে অমর পা পিছলে প'ড়ে বেভেই লবাই রোল ক'রে উঠল। হাট্টা চেপে ধ'রে 'কিছু-না' ব'লে অমর কাগজের বাঙিলটা নিয়ে কাশতে লাগল। পরে ভিজের মধ্যে কোথায় উধাও হ'রে গেল। সরোজ নেমে আর থোঁজ পেলে না ভার।

ফুস্ফুসটা বেন কে চুবে ভবে ফেলেছে।

অমর একটা গাছতলায় ত্'টো হাত মাটিতে চেপে টান হ'য়ে ব'সে আকাশের বাতাস নেবার জন্মে গলাটা উচু ক'রে ধরেছে। কে খেন ওর টুঁটিটা টিপছে, ভিজা গামছার মতো ফুস্ফুসটা চিপে ফেলছে।

কাগজের বাণ্ডিলটার ওপর মাথা রেখে শুতে ষেতে দেখে—পাশাপাশি ছ'টো বিজ্ঞাপন। একটা এক ছাত্র পড়াবার জন্তে, আরেকটা কোন অরক্ষ্ণীয়া পাত্রীর জন্ত পাত্র চাই। ষেমন-কে-তেমন হ'লেই চলে—ঠিক এই কথা লেখা আছে।

টানটা যদি একটু পড়ে বিকেলের দিকে—অমর ভাবছিল—তবে কোথার গিয়ে আগে আরজি পেশ করবে ? টিউশানির থোঁজে, না পাত্তীর ?

আগে ভাবত—এক মুঠো ভাত, একথানি কুঁড়ে দর, আর একটি নারী। এখন মনে পড়ছে আরও কত কথা। হাঁপানিতে ভূগবে না, ঝড়ে কুঁড়ের চাল উড়ে বাবে না, ভাতে রোগের বীন্ধ থাকবে না, নারীর ঠোঁটে কালকূট থাকবে না। এত! তবে।—

ক্লান্ত কাক ককায়, আর ককায় ও কাশে মাটির ওপর মায়ের ছেলে।

পাঁজরা ছটো খানিক জিরোলে তারপর কটে পথ চলে। চলতে চলতে প্রথম ঠিকানাটাতেই ঠিক ক'রে এল—বেখানে মাষ্টার চায়।

বাড়ীর কর্তা ঘাড় বাঁকিরে অনেকক্ষণ পর্যাবেক্ষণ ক'রে শুধোলেন — কদ্র পড়া হয়েছে ?

অমর বললে—বি-এ পড়ছি।

---কালকে আই-এর সার্টিফিকেটটা নিয়ে এস। দেখা বাবে।

একদিন খুব জোরে হাঁপানি উঠলে মা রাগ ক'রে অমরের গলার লবগুলি মাছুলি ছিঁড়ে ছুঁড়ে ফেলেছিল, আর অমর রাগ ক'রে ছিঁড়ে ফেলেছিল—মাাট্রিক আর আই-এর সার্টিফিকেট ছু'টো। মাজ্লিগুলির মধ্যে একটা সোনার ছিল ব'লে মা তাড়াতাড়ি নেটা কুড়িরে বাজে রেখে দিয়েছিল, অমরও তালো হ'য়ে এক সময়ে সার্টিফিকেট ত্ব'টোর ছেঁড়া থণ্ডগুলি কুড়িয়ে রেখে দিয়েছিল একটা চোকো লেফাফায় আঠা দিয়ে সেই সার্টিফিকেট আজ জোড়া দিতে বসল।

কর্তা বহক্ষণ সার্টিফিকেটটা নেড়ে চেড়ে দেখে জাল নয় প্রতিপন্ন ক'রে বললেন— কিসে ছিড়িল ?—

—একটা ছোট্ট ছুই বোন আছে—নাম নুসাই—ছুইমি ক'রে ছিঁড়ে ফেলেছে।
কর্তা ঘাড়টা বার চারেক ছুলিরে বললেন—আছ্ছা বাপু, বানান কর ত থাইনিদ।
পরে বললেন - বেশ। বল ভ ডেনমার্কের রাজধানীর নাম কি? আকবর কভ
দালে জয়েছিল ? এধান থেকে কি ক'রে ডিব্রুগড় যেতে হয় ?

অমর বললে – আমি ত পড়াব ইংরিজি আর অন্ধ। আমাকে এ সব প্রশ্ন কেন করছেন ?

কর্তা থাপ্পা হ'য়ে বললেন— আজকালকার ছেলেগুলো তু-পাতা মুখন্ত ক'রেই পাশ সারে। আমাদের সময় আমরা কত বেশি জানতাম।

কর্তার ছেলে পাশেই ছিল। একটু বেয়াড়া রকমের। বললে—্যা যা জানতে ভাই বৃঝি জিজ্ঞেদ করছ, বাবা। মাষ্টারদের বে প্রশ্নটা ভালো ক'রে জানা থাকে, সেইটেই পরীক্ষার দেয়, জামি বরাবর দেখছি। যেন কাগজ দেখবার সময় অস্থবিধায় পদ্ধতে না হয়।

বাপ একটু দমে গিয়ে বললেন—আচ্ছা, একটা ইংরিজি রচনা লেখ ত—দেখি জোমার ইংরিজির কত দৌড়। একটা কাগজ পেশিল নিয়ে আয় ত, টুয়।

অমর বললে— কি লিখবো ? ক পাতা ?

কর্তা বললেন লেখ, মাতা-পিতার প্রতি ভক্তি। একশ' শব্দের বেশি নয়। এ রকমই আনে পরীকায়।

টুস্থ একটু হেনে বললে — বাবা, বোলো 'থিয়োরেম' থেকে একটা 'একটা' বাও না কষতে।

वाश हर्षे वललन मा, अ नव कि स्मव ? स्मव मानमाक।

हुँ इ क्लाद्ध ११८म वनत्न ७३। दुवि जूमि कान। ना ?

কর্তা রচনার কি ব্রুলেন, ডিনিই জানেন —ভবে দেখলেন হাভের লেখাটা বেশ পরিষ্কার। বললেন—বেশ। ভবে কি জান, ইতিমধ্যে একজন বহাল হ'লে পেছে। নইলে ভোমাকেই নিতৃষ।

টুমু অফুটখরে বললে – কিছ বাবা, ইনি ভালো, এঁকে আমার—

অমর তথু বলতে পারলে-এ সব কেন লেখালেন তবে ?

কর্তা বললেন—লেখা ত তোমাদের অভ্যেদ হ'রে আছে। কালে ত জীবনের পেশাই হবে। বরঞ্চ সাবেক কালের এন্ট্রান্স পাশ করা বুড়োর কাছে একটা রচনার দেখিয়ে নিয়ে তোমার লাভই হ'ল। একটু প্রাকৃটিস্ হ'ল লেখার। তা ছাড়া রচনার 'সাবজেক্ট' টা ত খুবই ভাল—কি বল ? জান হে বাপু, দে-কালের এন্ট্রান্স তোমাদের এ-কালের পাঁচটা এম্-এর সমান সেটি মনে রেখো।

অমর বললে এবার - উনি কভতে পড়াবেন ?

- ---পনেরো টাকা।
- আমাকে দশটা টাকা দেবেন না হয়। দরকার হয় দ্ব' বেলা এসেই পড়াব ত্ব'ঘন্টা ক'রে।

ট্রু বললে—ই্যা বাবা, এঁকেই—

কর্তা বললেন - বেশ, আসবে কাল। আর শোন, এ ফোর্থ ক্লাশে পছলে কি ছবে, এদের ইংরিজিটা বেশ একটু দাঁত-কামড়ানো। বাড়ী থেকে একটু প'ড়ে আসবে রোজ। আর আমি কাল সকালবেলাই একটা ফটিন ক'রে রাখব—কবে আর কথন কি পড়াতে হবে। বুঝলে ? একটু ঝিমিয়ো কম।

রোজ শেষ রাত্রেই টানটা টেনে আসে। তাই নিয়েই অমর বেরিয়ে পড়ল তাড়াতাড়ি, পাছে আগের ঠিক করা মাষ্টার চেয়ার বেদখল ক'রে নেয়—দশ টাকা থেকে ন টাকা বারো আনায় নেবে।

কেওড়া-কাঠের একটা থুখ ুরো তক্তপোষ—ওপরে একটা চাটাই পর্যাস্ত নেই। কাঁকে ফাঁকে ছারপোকাদের বৈঠকথানা বসেছে।

কর্তা একটা জ্বল-চেকি টেনে নিয়ে কাছে ব'সে বললেন এই কটিন ক'রে দিয়েছি, দেখে নাও। ঐ'চারঘন্টা ক'রেই রইল-- সকালে ছই, বিকালে ছই। নইলে ত সেই মাষ্টারকেই রাথতাম---দিব্যি চেহারা, দেখলেই মনে হয় ছেলে মাহ্য করভে পারবে। এম-এ পাশ।

পরে বিড়বিড় ক'রে বললেন—এখুনিই এসে পড়বে হয়ত। একটা ভাঁপেতা মেরে দিতে হবে।

দরজা ঠেলে ভেতরে যে এল—অমর তাকে দেখে একেবারে অবাক হ'য়ে গেল
—মহীন। বোধ হয় বেচারা অনেকদিন আউটরাম ঘাটে গিয়ে চা থেতে পারেনি,
ভাই বুঝি এ চাকরিটা বাগাতে চেয়েছিল।

অমর প্রশ্ন করলে — তুই কবে এম-এ পাশ করলি, মহীন ?

মহীন সিঙ্কের ক্ষমাল বা'র ক'রে ঘাড়ের ঘাম মুছে বললে - তুই পাশ করিসনি নিশ্চয়। পনেরো তাহলে আর জোটেনি। 'থাইসিস' বানান পেরেছিলি ত ?

व'लाई वाहरक क'रत्र ছूট मिला।

কর্তা বললেন—দেখলে কাণ্ডটা। ভাঁড়িয়ে জোচ্চুরি ক'রে ঠকাতে এসেছিল— ভাগ্যিস রাখিনি। পরে চৌকিটা আরো একটু কাছে টেনে বললেন—পড়াও ভ বাপু, ভনি।

ছেলে বললে – তুমিও আমার সঙ্গে পড়বে নাকি, বাবা?

কর্তা বললেন— দেখি না কেমন পড়ায়—মানেগুলো সব ঠিক বলতে পারে কিনা। হাা আরম্ভ ক'রে দাও —

অমর বললে - কি ভাবে আরম্ভ করব, তাও যদি বলে দেন।

কর্তা ঘাড় চুলকে বললেন—তাহলে আর তোমাকে মাষ্টার রেখেছি কেন ?

— কি হ'লে আপনার মনোমত হবে, তাও ত একান্ত জানা দরকার দেখছি। নইলে—

ছেলে রেগে বললে— আমি আজ কিছুতেই পড়ব না বাবা, তুমি এরকম করলে। তুমি যাও চ'লে।

তৃতীয় পক্ষের ছেলে। বাপ জলচোকিটা নিয়ে চ'লে গেলেন। যাওয়া মাত্রই ছেলে উঠে দরজায় খিল্ এঁটে একটা বালি-কাগজের ছেঁড়া খাতা বা'র ক'রে বললে — একটা কবিতা লিখেছি, মাষ্টার মশাই। শুনবেন ? একটা হাঁস ঘুই সাদা ভানা মেলে জলে ভাসছিল— কতগুলি পাজি ছেলে তাকে ্ধ'রে কেটেকুটে কাট্লেট বানাছে —

স্কুমার ছেলে ছটি কালো চোথে স্থগভীর স্থল্ব কোতৃহল, যেন ছ'টি মণির প্রদীপ জালিয়ে অন্ধকারে কি অন্ধন্দান কর্ছে।

অমর শুধু বললে - এখন ও-সব থাক। এবার পড়ি এসো

ছেলে অবাক হ'য়ে বললে—কেন বলুন ত – বাবা কবিতার নাম ওনে দাঁত মৃথ থি চিয়ে থড়ম নিয়ে তেড়ে আদেন, মা প'ড়ে প'ড়ে কাঁদেন—আর আপনিও কবিতা ভালোবাদেন না ? তবে আমাদের বইয়ে এত কবিতা লেখা কেন ? ভনেছি, আমাদের দেশে এক প্রকাণ্ড কবি আছেন, তিনি নাকি ছেলেবেলায় আমার মডোইয়ুল পালাতেন। আমার ইয়ুল একটুও ভালো লাগে না—বেন থানিকটা কুইনিন।

গায়ে থাকি সার্ট, পরনে ফিন্ফিনে কাপড়, কুচকুচে কালো পাড় - খালি পা- চোথের পাতার ওপরে বড় একটা ভিল।

অমর জিজ্ঞানা করলে—ভোমার নাম কি, ভাই ?

- কিশলয়। বড়দি বেখেছিল। বড়দিই ভ আমাকে কবিতা লিখতে শিথিয়ে-ছিল। ওঁর মরার পর আমি একটা লিখেও ছিলাম—দেখবেন সেটা? উনি দেখে গেলে কত স্থী হতেন বে, অস্ত নেই।
  - -তৃমি কি আজ পড়বে না ?
- রোজই ত পড়ি। দেখুন, ছেলেবেলায় একটা কবিতা পড়েছিলাম তারার বিষয়, ইংরিজিতে, আমার ভালো লাগেনি। তারাকে আমার কি মনে হয়, জানেন ? বেন কারা অনেকগুলি বাজি আলিয়ে নীচের মামুষদের খুঁজছে, যারা বড়দির মতে কেঁদে কেঁদে ম'রে গেল। আমার এক এক সময় মনে হয় ঐ বড় তারাটা যেন বড়দি। এখান থেকে একজন যায়, আহু আকাশে একটি ক'রে বাড়ে। আমি ঐ তারাটাকে নিয়ে কতদিন এক?া কবিতা লিখব ভাবছি, পারি না। হয় না।

অমর অকের থাতাটা মৃড়ে রেখে বললে নিয়ে এসো ত ভাই, তোমার কবিতার থাতাটা।

পুরো মাস গুজরানো হয়নি — দিন বারো পড়ানো হয়েছে মাত্র। পয়লা তারিথ অমর হাত পাতনে মাইনের দক্ত।

কর্তা বললেন-সাত ভারিখের আগে হবে না।

হ'তে হ'তে সভেরা তারিখে এসে ঠেকল।

অমর অবাক **১'রে বললে—বাবো দিনের মাই**নে এই তিন টাকা সাড়ে তিন আন। ?

কর্তা ঘাড় বেঁকিমে বললে — কেন হিসেবের এক চুলও ভূল বা'র করতে পারবে না। নিয়ে এসো ত কাগন্ধ, একটা বল অফ থি ক্র ফেল। ছ'দিন আসনি— তা ছাড়া এক দিন সাত মিনিট আর ছ'দিন সারে চার মিনিট লেট ক'রে এসেছিলে—

অমরের ইচ্ছা হ'ল মার্বে ছুঁড়ে টাকা তিনটা। কিন্তু মা'র পরনের কাপড়টা একেবারে ছিঁড়ে গেছে পুরোনো বইয়ের দোকানে সন্তায় একটা খ্ব ভালো বই দেখেছিল, মাবার সময় সেটাও কিনে নিয়ে যেতে পারে।

দকাল বেলাতেই হাপানি উঠেছিল নেদিন। তব্ও কুঁজো হ'য়ে ঢিকোতে চিকোতে পড়াতে চলল। কিশলয় বললে—আপনার খ্ব কট হচ্ছে ? বুকে হাত বুলিয়ে দেব ?

## 

Į.

কতগুলি বই গাদা ক'বে তার ওপর মাধাটা রেখে অমর শোয় আর কিশলর বুকে হাত বুলিয়ে দিতে দিতে গল্প শোনে—

শেলিকে কলেন্ধ থেকে তাড়িয়ে দিয়েছিল, বায়রণকে দেশ থেকে। নাট হামস্বন ট্রাম-কণ্ডাক্টারি করত। ভষ্টয়ভন্ধিকে ফাসিকাঠে তুলে নামিয়ে দিয়েছিল—গোর্কি থাকত উপোদ ক'রে—মুনোলিনি ভিক্ষা করত পুলের তলায় বলে—

কিশলয় উৎকর্ণ হ'য়ে শুনতে শুনতে বুকের আরো আনেক কাছে এগিয়ে আলে।
আমর ঐ স্থকোমল স্থচাক বুজিদীপ্ত মুখধানির পানে চেয়ে চেয়ে আনেক কথা
ভাবে — হয়ত এর মধ্যে ভবিশ্বতের ঋষি-কবি তলায় হ'য়ে আছেন।

হঠাৎ ত্'জনে শিউরে আঁৎকে উঠন—জানালার কার পাকানো ঝাঝালো ছুই চকু দেখে।

কর্তা বন্ধ দরজায় পা দিয়ে থাকা মেরে বললেন—থোল দরজা শিগ্গির— কিশলয় ভয়ে ভয়ে দরজা খুলে দিলে।

কর্তা এক ঝাঁকানিতে অমরের হাতটা টেনে শোয়া থেকে তুলে দিয়ে দাঁতে দাঁত ঘ'বে ব'লে উঠলেন, না পড়িয়ে ভয়ে ভারে উনি কবিতা শোনাচ্ছেন ! গরচা পয়সা দেওয়া হয় কিসের জন্ত ভনি ? নবাবজাদার মতো ভক্তপোবে গা ছড়িয়ে জিরোবার জন্ত, নয় ? যাও বেরিয়ে এক্সনি—

व्यमत वन्त- ७८व वाकि मार्टे कि दिव दिन-

— মাইনে দেবে না, আরো কিছু। বা বাকি ছিল, সমস্ত এই বেয়াদবির জস্ত ফাইন—কিছু পাবে না, বাও চ'লে।

दिना होकाही पिता निक्त जातिकवार विकाशन दिला गाउ ।

পশলা বৃষ্টির পর ঘোলা **আকাশে টাছ উঠেছে—ন**রা, নিউনো—পথের পাঁককে ঠাট্টা করতে।

হাঁপানির টানে কাঁকড়ার মতে। কুঁকড়ে অমর নিখাসের অগ্র ফুসফুসের কসরৎ. করছিল।

চোথ বুজে থালি একটি ছবি আজ ও দেখছে— বিশ্বঃ অথচ একটি স্থকোমল ছবি।

বন্ধু মৃত্যুশব্যায়। অমর দেখতে পিয়েছিল। শেকালির মভো শাদা ধ্বধ্বে বিছানা- তার ওপর এলিয়ে আছে ক্লান্ত তন্ত্ব কমনীয় কান্তি-ভাটায় জলস্রোভ বেন জিরোচছে। চারপাশে রাশি রাশি ফুল স্থুণীকৃত হ'রে আছে -বাতাস মন্থর হ'রে গেছে তাই। কারো মূখে একটি রা নেই, সবাইর মূথে নম্ম বেদনার শীতস
একটি ছায়া—সমস্ত গৃহে বিষাদপূর্ণ একটি মহাশাস্তি। শিয়রের ধারে খান কয়েক
বই - আত্মীয়ের মতো স্তব্ধ বেদনায় বেঁষাঘেঁষি ক'রে বসেছে, আর কয়েকথানি
পুরোনো চিঠি। নিষ্ঠুর ডাক্তার পর্যান্ত প্রতীক্ষা ক'রে আছে —মৃত্যুর পদধ্বনি শুনতে।

তথ্, পায়ের ওপর ত্'টি হাত রেখে একটি ত্থী মেয়ে বোবার মতো ব'লে আছে—যেন বিদর্জনের প্রতিমা। মৃথখানি ভারি মলিন ও উদাস, তাইতে এত স্থন্দর।—মা নয়, বোন নয়, বউ নয়, যেন আর কেউ।

স্থানের সেদিন মনে হয়েছিল - মৃত্যুও একটা বিলাসিতা। মেয়েটির বুকের ব্যথাটি যেন এক স্থম্লা বিস্তা। এ ত মরা নয়, মিশে যাওয়া। যেমন মিশে বায় ক্লের গদ্ধ বাতালে — যেমন গলে যায় স্থ্যান্তলালিমা স্পদ্ধারে।

সন্ধ্যায় টানটা ফের পড়লে অমর বালিশের তলা থেকে দ্বিতীয় বিজ্ঞাপনটি বা'র ক'রে ঠিকানা ঠাহর করতে চলল। •

মা প্রশ্ন করলেন-কোথায় যাছিস?

—পাত্রীর থোঁজে। ভোমার কত দিনের ইচ্ছা। অপূর্ণ রাখা অস্তুচিত মনে হচ্ছে।

এক কালে অবস্থা ভালো ছিল; বাড়ীর চেহারা দেখলে বুঝা যায়। এখন একেরারে গলাযাত্রী বুড়ি।

এখনো পাত্র জোটেনি। অমরের যেন একটু আসান হ'ল।

বন্ধ কথা-বার্ডার পর স্থামাপদবারু বললেন—ছেলেটি কি করেন ? কত চাহিদা ?
—বি-এ পড়ে। এত দিন মা'র গয়না বাঁধা দিয়ে চলছিল—আর চলে না।
চাহিদা—পড়া খরচ ছ' বছর —আর নগদ হাজার খানেক টাকা।

শ্রামাপদবাবু তাতেই বীক্বর্ত ছিলেন। তার কারণ আছে—দরাদরি করতে গিয়ে কেবলই দাঁও কদকেছে। তা ছাড়া মেয়ের ইতিহাসও বড় ভালো নয়; দেখতে ত নিতান্ত ক্রপাই—এত কুৎসিৎ, বে, ঘাটের মড়ার পর্যন্ত নাকি দাঁত-কপাটি লাগে।

স্থার বললে —ছেলেটির কিন্তু এক ব্যারাম আছে —ইাপানি। প্রায়ই ভোগে। শ্রামাপদবাব তাচ্ছিল্যের সঙ্গে বললেন—এমন আর কি শব্দ ব্যায়রাম। ওতে ত আর কেউ মরে না। বয়েস কালে সেরেও যেতে পারে। তা, আপনি কি ছেলের ব বুলু, মেয়ে দেখে যাবেন একেবারে? স্থামর বললে — স্থাম্থে না, স্থামিই পাণিপ্রার্থী — ওটা একেবারে বিয়ের রাডে নোরে ক্লেলেই চলবে। দিন ঠিক ক'রে খবর দেবেন স্থামাদের, ঠিকানা রইল।

শ্রামাপদবাব্র মনে অনেক প্রশ্ন খুলিয়ে উঠলেও কোনোটাই আমোল দিলেন না। থালি মেয়ে পার করতে পারবেন—তাও অবস্থি বাষ্টি বছরের বৃড়োর কাছে নম্ন—এই খবর গিল্লির কানে দিতেই গিল্লি উল্ দিয়ে উঠলেন। বাড়ীতে সোরগোল পড়ে গেল। বাড়ীর এক কোণে একটি কুংসিত কালো মেয়ে দীপশিখার মতো কেঁপে উঠল থানিক।

মা বললেন—জানা শোনা নেই, কেমন না কেমন মেয়ে—একেবারে কথা দিয়ে এলি ?

অমর রাগ ক'রে বললে—আর ভোমার ছেলেই বা কি গুণধর মা, যে একেবারে পত্নী তার ভানা ত্'টো সগগে ফেলে রেথে ফার্ট ক্লাশ ফিটনে চ'ডে ভোমার পদ্মবনে এসে দাঁড়াবেন। শাঁথ বাজাও মা। গুণে গুণে হাজারটি নগদ টাকা—আর ত্থ বছর পড়া খরচ।

মা অপর্যাপ্ত খুসি হ'রে গেলেন। বিয়ে হ'রে গেলে কাশী যাবেন, সক্ষাও সম্ভব হ'ল।

স্থার বললে—তোমার ছেলের এই ত চেহারা—একটা স্থারস্থলার চেয়েও স্থাম। তার ওপর বুকের পাঁজরায় ঘূণ ধরেছে। যা পাও, তাই হাত বাড়িয়ে তুলে নিয়ো।

মা বললেন - মেয়ে যদি থোঁড়া হয় ?

—কি বার আসে তাতে ? তোমার ছেলে বে কুঁজো। টাকাগুলি ত চকচকে হবে।

সরোজ বললে — কবে প্রেমে পড়লে হঠাৎ ? ফর্দা হাওয়ায় পর্দা বেফাঁস হ'য়ে গেল বুঝি ?

লুমী সে ঘরে ব'সেই সেলাইর কল চালাচ্ছিল, বললে—কবে পড়েছেন উনি পাঁজি দেখে তারিখ লিখে রেখেছেন কি না! আর জন্মে পড়েছিলেন, এ জন্মে পেলেন।

সরোজ বললে—পড়তে মন যাচ্ছিল না মোটেই, যুম পাচ্ছিল। লুদীকে বললাম,
—কল চালিয়ে যুম পাড়িয়ে দে, দিদি। এবার থামাতে পারিস, আমি অমরের সঙ্গে
বেরোচিছ। দে ত চাবিটা।

पृष्टे वस्तु विदिश्च शिन ।

পিঠের ওপর চুল যেলা, মাস্ত্রাজি যেয়েরা বেমন ক'বে শাড়ী পরে তেমনই ধরন শাড়ী পরার, ত্'টি হাতে সোনার কম্বন, স্ফুঁচে স্ভো পরাবার সময় চোথের কি তীম্ব দৃষ্টি। ললাটে আভা!

বৃরে বৃরে অনেক জিনিষই সওদা করলে ছ'জন—বান্ধ বোঝাই ক'রে। টোপর পর্যান্ত। তিনটে মৃটে।

रफरवात म्रथ आरवक वक्तुत मरक स्था। वक्तल किहू वह ।

অমরকে জিজ্ঞাসঃ করলে—কি করছ আজকাল ?

- —বিয়ে করছি। চূড়াস্ত। আর তুমি ? টিউশানি পেলে ?
- —পেয়েছি একটা। বৎসামান্ত। 🗳 গলির বাঁকের লাল বাড়ীটা।
- —ও! কত দেয় ?
- কিঞ্চিৎ। ল-কলেজের মাইনে সাড়ে সাভ টাকা।

সরোজ চোথ বড় ক'রে বললে—সাড়ে সাভ টাকা!

লচ্ছিত না হ'য়েই বললে বন্ধু হাঁা, তাই সই। মাইনেটা ত চ'লে যায়। আর কি বেয়াড়া এ চড়ে-পাকা ছেলেই পড়াতে হয়, তাই। এইটুকুন্ বয়েস থেকেই পছ মেলাতে শিথেছে। ভাগ্যিস্ বাপ মা'র 'নাই' নেই এন্ডে, নইলে উচ্ছন্নে যাবার স্কৃত্ত থোঁড়া হচ্ছিল আর কি! মা বলে দিয়েছেন, ক্ষের পছ মেলালে বেত মারতে। তিনটে থাতা প্রায় ভবতি ক'রে ফেলেছে, ভাই। স্বশুলি পুড়িয়ে ফেলেছি কাল।

অমর বললে খুব কাঁদলে ?

— বাপের চড় চাপড়ও ত কম খায়নি । বা ভার হাতের শিল নিয়ে পর্যান্ত তেক্তে এসেছিল। কবিতা লিখতে গিয়েই না ছেলেটা এবার খবে একেবারে গোলা পেলে।

অমরের মনে পড়ছিল, সেই থাকি সার্ট, কোষরে কাপছের সেই ছোট আলগা বাঁধুনিটি সেই তরল জ্যোৎস্নার মতো হ'টি চোধ, সেই বালি-কাগজের ছেড়া-থোড়া থাতাটা, পেশিল দিয়ে লেখা কবিডা, নাম—"বড়দি বা বড় তারা"—এক দিন ছোট্ট কচি হাতথানি দিয়ে বুকটা আন্তে একটু ভ'লে দিয়েছিল—

স্মার ভাক্তারের কাছে গিয়ে বললে—রোজ শেব রাত্রেই হাঁপানিটা চেগে স্মাসে। একটা ইন্জেক্শান দিয়ে দিন, বাতে সম্ভত আজ রাতটা রেহাই পাই। স্মাজ স্মারা বিয়ে কি না।

ভাক্তার বিশ্বিত হ'লেন বটে। যাবার সমর অমর টেবিলের ওপর একটা নিমন্ত্রণ-পত্তৰ রেখে গেল। বউ-ভাতে ত কাউকে থাওয়াতে পারবে না, তাই যার সঙ্গে একটি বিনের জন্তেও প্রীতি-বিনিময় হয়েছিল তাকে পর্যন্ত নিমন্ত্রণ করলে। টাইম-অন্ত্সারে একটা ঠিকা গাড়ী ভাড়া করে বাড়ী বাড়ী গিয়ে নিমন্ত্রণ করতে কি স্থুখ।

राष्ट्रा ।

কেন নয় ? সবাইর চেয়ে উচু জায়গায় জাসন, সামিয়ানা থাটানো, তাতে তিনটে ঝাড়-লঠন ঝুলছে, ফুলদানিতে বিস্তব ফুল, গলায় প্রকাণ্ড মালা, গারে সিজের দামী জামা, জীবনে এই প্রথম পরেছে, পায়ে চৌদ্দ টাকা দামের জুতো—ছ-মাস টিউশানি ক'রে বা জোটেনি।

ছেলের। টেচামেচি করছে, মেয়ের। প্রজাপতির মতো উড়ছে ও বর্ণার জলধারার মতো কলবর করছে। বন্ধুরা এসে ঠাটা ইয়ার্কি ক'রে যাছে। চিকের পেছনে বর্ষীয়সী মেয়েদের ভিড় লেগে গেছে—উলু দিয়ে দিয়ে গলা ভেঙে ফেলছে। উলু দিডে গিয়ে কণ্ঠম্বরটা বিকৃত হ'য়ে গেল দেখে একটি মেয়ের স্রোতের মতো কি স্বচ্ছ হাসি।

এ বাড়ীতে ঝান্ধ বেথানে বা হচ্ছে দবই ত অমবের জন্ম। থাবার নিয়ে জান্তা-কুঁড়েতে কুকুরগুলি বে লড়াই বাধিয়েছে, তাও। বা কিছু বাজনা, বা কিছু হাসি, বা কিছু কোলাহল!

ঐ যে নিভূতে দাঁড়িয়ে একটি কিশোরী ছ'টি হাত তুলে চুলের থোঁপাটা ঠিক ক'রে গুছিয়ে নিচ্ছে, চুলের কাঁটাগুলি ফের ভালো ক'রে গুঁজে দিচ্ছে—নেও ত তারই জন্ত !—স্মার ভাবছিল। নইলে আজ রাত্রে মেয়েটি কথনো এই নীল শাড়ীটি পরত না, মাথায় কথনো গুঁজত না ঐ শেতপদ্মের কুঁড়ি।

গুভদৃষ্টির সময় স্বাই বললে বটে, কিন্তু অমর ঘাড় গুঁজে রইল, মুখ তুলে চাইল না। পাছে ভুল ভেঙে বায় ! খালি একটি কথাই মনে পড়ছিল তথন।

পুনী জিজ্ঞানা করেছিল—কি নাম আপনার বউয়ের **?** 

অমর বলেছিল-মনোরমা।

লুনী থপ ক'রে ব'লে কেলেছিল—ওমা। আমারও ভালো নাম বে তাই। বলেই রাজা হ'রে উঠে মূচকে হেনেছিল একটু।

পাছে তেমনি বাঙা হ'রে উঠতে না পারে। পাছে—

মনোরমা নিজে কুৎসিত হ'লেও আশা করেছিল ছবির পাতার রাজপুত্রের যে ছবি দেখেছিল, পক্ষীরাজ ঘোড়ায় চড়া না হ'লেও তেমনিই স্থকান্ত হবে তার • আচন্তা/২/২৭ প্রিরভন ! ভাবলে—ক'ড়ে আঙুল দিরে কপালে এক টোকা মারলেই খাড় ওঁজে প'ড়ে যাবে বৃদ্ধি।

ভবুও ত স্বামী। ভাজার এসে স্বার দড়ি দিয়ে কপাল বেঁধে দেয় না, সারারাত্রি মনোরমাই কপাল টিপে দেয়। কখনো স্থনাবশ্রক বল প্রয়োগ ক'রে বসে। রাগ ক'রেই হয়ত।

সমর সবচেরে স্থা করত নিজের এই কদর্য্য ব্যাধিটাকে। স্থার স্থা করে, বে মৃথটা তার সত্যিই বত্রিশটা দাঁত স্থাছে কি না স্বন্থকে গুণে দেখাবার জন্ম সর্বদাই মেলে রয়েছে— সেই মুখটাকে। মনোরমা নাম বদলে নাম রেখেছে তিলোক্তমা!

মা কেঁদেছিলেন বটে একটু, এক ফাঁকে এক এক ক'রে নোটগুলি গুণেও নিয়েছিলেন বার চারেক।

হঠাৎ একদিন কয়েকখানি আঁচলের খুঁটে বেঁধে কাশী চলে গেলেন। ব'লে গেলেন
—বউ ত হয়েছে। রেঁ ধেও দেবে, বুকে মালিশও করবে। আমি দিন কতক ধর্ম করে
আসি, জিরিয়েও আসি।

শ্রীমাপদবাবু এসে মেয়ে নিয়ে বেতে চাইলেন। অমর আপত্তি করলে না। বললে—এ কদিন না হয় কোনো একটা মেসেই থাকব। কারো হাভ বুলিয়ে না দিলেও চলবে। তবে শিগ্গিরই যেন আসে।

বাড়ী ফিরে এসে শ্রামাপদবার মনে মনে বলছিলেন —এবার মর, ধর, বিধবা হ,

--বাবাঃ, কাঁটাটা ত খসেছে গলা থেকে ! বন্ধুদের বললেন — হু'মণ বস্তাও পিঠে ক'রে
বওরা যায় — কিন্তু এই কুৎসিত মেয়েটা কি হাররানি ক'রেই মেরেছিল ! তরু যদি—

ভারপরের ব্যাপারটা একটু আকস্মিক বটে, কিন্তু অস্বাভাবিক নয়।

সদ্ধার দিকে রাস্তাতেই খুব দ্বাঁক ক'রে হাঁপানি উঠে গেল। একটা গাড়ি ঠিক করতে রাস্তার মধ্যে স্বাসতেই বেহুঁসের মতো একটা মোটর স্বতি স্বাচমকা একেবারে হুড়মুড়িয়ে এসে পড়ল কাঁথের গুপর। তারপর ঘষড়াতে ঘষড়াতে —

শ্রীমাপদবাব্র কাছে থবর গেল। মনোরমা একবার বেতেও চাইল কেঁদে। বাপ ব্ঝিয়ে বললেন—এখন গিয়ে কি আর এগোবে বল ? গলায় না হোক কলভলাতেই শীখা ভাঙলে চলবে। পানটা আর চিবোসনি, মা।

মা'র কাছে তার পৌছল না। ঠিকানা বদল করেছেন।

আরও একবার রাজা। স্বাইর কাঁথের ওপর।

ওর জক্তই ড আজকের পূর্ব্য অন্ত বাছে। ওর জক্তই ত লুনীর চোধে এক বিশ্ব অঞা!

## **रे** जि

শ্রীবিষ্ণু দে

প্রিয়বরেষ্—

46-2-08

শ্রীঅচিম্ভাকুমার সেনগুগু

বেদ্-এ আছি।--একটা চাকরি জোটাতে পারি কি না দেই কিকিরে।

চেষ্টা-চরিত্র করবার মতো চরিত্রে আর বল পাই না, ছেড়া ভোরকের ওপর একটা রঙ্জ-চটা র্যাপার মৃড়ি দিয়ে উপুড় হ'রে ত্পুরটা কাটিয়ে দিই, বিকেলে এ-ফিড ও-দিক একটু হেঁটে আদি মাত্র—শ্রজানন্দ পার্ক, নরসিংহ লেনের মোড়ে চা-এর দোকান—বড় জোর ওয়াই. এম. সি. এ। লোকে বলে, কুড়েমি ক'রে ক'রেই আমি বৃড়িয়ে য়াব — আমার লারা কিছু হয়নি, হবেও না।

শামি মেস্-এ তক্তপোষে গুয়ে-গুয়ে আবোল-তাবোল স্বপ্ন দেখি।—হাভে কোনোই ত আর কাজ নেই, সিলিঙ পর্যান্ত লম্বা একটা পেলিল পেলে বিছানাম চিৎ হ'য়ে জি. কে. চেষ্টারটন-এর মতো সিলিঙে ছবি আঁকতাম ! চাকরি-বাকরি না জুটলে শেষ পর্যান্ত বেলুড় মঠে গিয়ে মাথা ক্যাড়া করব । চাকরি পেলেই বিয়েটা ক'য়ে বেশ তৈলসিক্ত নিরীহ সংসারী ব'নে যাই—কডটুকুই বা আমাদের চাহিদা!

এর মধ্যে একদিন সামাদের মেস্-এর ঝি সব বাসন-কোসন নিম্নে শ'রে পড়ল সবাই বললে—স্থাপনি ত চুপচাপ ব'সে আছেন, আমাদের শাস প্রহণ করবারো সময় নেই, যান একটা ঝি-ফি জোগাড় ক'রে আফুন গে।

বি খুঁজতে বেরুলাম।

খুঁজতে খুঁজতে এসে গেলাম পাথ্রিয়া-ঘাটা বাই-লেন। মোড়ের ওপর তেওলা বাড়ি সদর দরজার কাছে একটি মহিলা একটি হিন্দুখানি মেয়ের কাছ থেকে খুঁটে গুনিয়ে রাখছেন। ছুপুর তথনো প্রায় পুরোপুরি-ই।

মাসমারা বে এখানে আছেন এবং এ-পাড়ায়ই এ-রকম একটা জনশ্রুতি আমার কান এড়ায়নি। কিন্তু তথন বলসেবী বলশেভিকদের মন্ত্র নিয়ে নম্ব— অভিজাত জীবনের ওপর আমার শুভাবজাত একটা বিভূষণ ছিল— তাই মাসিমার দীমাতেও আমি আসিনি। আন্দামান থেকে দেশে ফিরে এসে যথন মাকে ফিরে পেলাম না, তখন মাসির দিকে একবার ফিরে চেয়েছিলাম। ভেবেছিলাম, থাক গে; মেসোমশায়ের মনোভাব আন্দাজ করবার মতো বৃদ্ধি আমার আছে।

কিন্তু আশ্চর্গা, এই চোদ্দ বছর পরেও মাসিমা আমাকে চিনে ফেললেন।
একেবারে ত্ই উৎস্থক বাছ মেলে পথের কাছে নেমে এলেন—মা বেন তাঁর দীর্ঘ
প্রতীক্ষার করুণাসিক্ত অধীরতাটুকু মাসিমার বুকে রেখে গেছে ! রইল প'ছে খুঁটে
গোনা মাসিমা আমাকে একেবারে বাছতে জড়িয়ে বারান্দা দিয়ে বাড়ির মধ্যে
নিয়ে এলেন—নিয়ে এসেই গলা ছেড়ে ডাক : ও অমর, ও হেনা—ছাখ এলে
ভোদের ক্ষিতি-দা এসেছে !

ক্ষিতি-দা! যেন তেতলা বাড়ির তেত্রিশটা ঘর থেকে এক সকে তিয়ান্তরটা আওয়ান্ত বেকলো।

মুমুর্তের মধ্যে তিন দিকের তিনটা সিঁড়ি দিয়ে একসকে ছোট বড়ো কতগুলি প্রাণী বে নেমে এসে আমাকে বিরে দাঁড়ালো তার ইয়স্তা নেই। মনে হ'ল, এরা বেন এই ঘটনার আগে, নিখাস নেওয়ার আগে পর্যন্ত ক্ষিতি-দার জন্ত জানলা দিয়ে বাইরে চেয়ে ছিল। যথন দীর্ঘ প্রবাস থেকে প্রথম কলকাতায় এসে পা দিই, তথন কোধায় ছিল এতগুলি মুথ, স্নেহে ফ্লোমল, কল্যাণকামনায় লাবণ্যময়! সেদিন নিজের ভাগ্যকে নিষ্ঠুর ব'লে তিরস্কার করেছিলাম—কোথায় ছিল মাদিমার বাছ-উপাধান! আমার চোথ ভিজে উঠলো।

মাসিমা কারামাথা স্থরে বললেন—থবরের কাগজে কন্ড দিন আগে—প্রায় ছু'বছর হ'ল—জেনেছি তুই ছাড়া পেয়েছিস, কত তোকে থোঁজ—কোথাও তোর ছদিস নেই। আছিস কোথায় ?

হেদে বললাম — মেস্-এ। এখন একেবারে মেষ হ'মে গেছি কি না। বললেন কেন. তোর মাসিমা কি বাসি হ'মে গেছে ? ব'লে আদর করে গালে একটি ছোট্ট চড় দিলেন।

বললাম—মেস্-এর জন্ম ঝি খুঁজতে বেরিয়েছিলাম, ঝি-র বদলে মাসি পেলাম।
আমাকে ঘিরে যতগুলি প্রাণা দাঁড়িয়েছিল, সবাই আমাকে প্রণাম করবার জন্ম
ভিড় ক'রে এগিয়ে আসতে লাগলো। আমি যেন মৃত্যুর মতোই ভয়য়র ও মহিমাময়,
অথচ মৃত্যুর মতোই দয়ান্র র্লয় অদ্র-আত্মীয়! হটে গেলাম, বললাম—প্রণাম ক'রে
অন্তকে প্রভূত্বের মর্যাদা দেবে—আমি এই দৌর্বল্য সন্থ করিনে। একটু
ত্র্বিনীত হও।

একটি ছোট্ট ছেলে, হয়ত সবে পাঁচে পৌঁচেছে কিম্বা ছয়ে—ছই চোথে খুশির টেউ ফুলছে—আমার হাত ধ'রে বললে —তুমি আমার ক্ষিতি-দা ?

বুৰলাম ক্ষিতি-দা-র খ্যাতি এই শিশুটির কাছেও পৌচেছে। ছেলেটির নাম আগে ছিল ক্ষুসো—এখন হয়েচৈ ক্ষব্; ওর মেজদি হেনা ওর নাম রেখেছে।

ক্লম্ আমার আদর না নিয়ে বললে—আমি তোমার মতন হ'ব, ক্লিভি-দা!
আমি তাকে কোলে তুলে নিয়ে বললাম আমার মতন কি। দ্র বোকা!
আমি ও একট্থানি—আমার চেয়েও চের বড়ো হবে।

ক্ষব্ বললে—তবে আমাকে তোমার কাঁধে চড়িয়ে দাও তোমার থেকে এক্সনি বড়ো হ'য়ে যাই।

खमत एएम वनल-नाम घट्टे एहल !

কৰ্ বললে—আৰ ক্ষিতি-দা বুৰি ছাই নয় ! ছাই ব'লেই ত তাঁকে এতদিন আটকে রেখেছিল—ছাইনি করলে আমাকে বেমন তুমি তোমার মরে বন্ধ ক'রে রাখ।

মেসোমশাইরা তিন ভাই— বাড়িও তিন তলা। মেলোমশায় মেজো— আলিপুরের জজ; — বড়ো যিনি, তিনি গোটা পাঁচেক কয়লার থনির মালিক, ছোটটিও ব্যবসাদার।

একান্নবর্তী পরিবার—দেইটেই আশ্চর্যা—প্রতি বেলায় পাত-ও পড়ে একান। বড়ো-র হাতে বারোটি সন্তান, মেসোমশারের দশটি, ছোটটি বিয়েতে দেরি করলেও দৌড়ে দাঁড়িয়ে পড়েননি। তা ছাড়া চাকর-বাকর বন্ধ-খানসামা মালি-মেড়ো ত কতোই আছে। সবচেয়ে আশ্চর্যা, সবকটিই বেঁচে আছে—আয়ু আর বিস্ত এদের য়্যাল্ফা এবং ওমেগা!

সন্ধ্যাসন্ধিতে মেসোমশায়ের ঘরে তলব পড়লো। হেনে বললেন—শিং ভাঁতা ক'রে এসেছ ত, চরকা নিয়ে ? তা বেশ! আমাদের চরকায় তেল দিতে চাইবে না আশা করি।

তারপর মাসিমার দিকে চেয়ে বললেন— যাও, একে খি-তৃধ খাইয়ে বেশ একটি নধর তাকিয়া বানিয়ে ফেলো—সাপকে দড়ি বানানোটা কম ক্বতিত্বের কথা নয়।

ফের হেসে বললেন—যাও, ক'দিন বেশ জিরিয়ে নাও এথেনে, অমরের এপ্রাজ শোনো, ফাই-র গান— মনটাকে ধুরে একেবারে সাফ ক'রে কেল। সিনেমা ভাখো, মুর্সি কাটো, ঘুমাও – বেশ নিরীহ হ'য়ে যাও।

বললাম – তাই হ'য়ে গেছি। ভাবনা নেই আপনার।

কোথা থেকে কোথায় এসে মিশে গেলাম। ছিলাম ধাবমান নির্মারের কেনসন্থল ছনিবার থরস্রোত- এখন হ'য়ে আছি পুকরিণী—দীমাবন্ধ, নিল্রাণ, অগভীর! শেলির স্কাইলার্ক ওয়ার্ড্সার্থের হ'য়ে গেছি, কিছা হার্ডির। যৌবন হারিয়ে বুড়ো যযাতি হাই তুলছেন।

প্রত্যেকের জন্য—মানে বারা বয়স্ব—এক-একটি আলাদা বর এবং প্রত্যেক ঘরেই আমার নিমন্ত্রণ। তার কারণ এই নয় বে বোলো বছর বয়সে কালাপানি পেরিয়েছিলাম— তার কারণ, আমি সবাইর চোথে একান্ত ক'রে আলাদা, সবাইর কাছে তাই একান্ত ক'রে আপন। আমাকে নিয়ে সবাই ব্যক্ত— আমি ভাতের প্রথম গ্রাস মুখে তুলবার আগে হাতটা কপালে এনে ঠেকাই, সবাই তাই উৎস্থক হ'রে দেখে—আমি আমার বাঁ হাতের ক'ড়ে আঙ্লের নোখটা অনেক বড়ো রেখেছি, এবং লেই নোখ দিয়ে অক্কারে একজনের চোখ কাণা ক'রে দিয়েছিলাম— স্কাল থেকে রাভ একটা পর্যন্ত এ-বাড়িকে মনে হন্ন একটা কারখানা বেন অনবরত কল খুরছে;—পাঁচ বছরের ছেলে কর্ই হচ্ছে এ-কলের কলিজা। আমি কবেরও বন্ধ্ ব'নে গেছি। কর্ব মেরে-পূক্ষ স্বাইকে মাতিয়ে. রেখেছে; ছ'নলা বন্দ্ক ছোঁড়ে, নিজে-নিজে ঘোড়ায় চড়ে, মোটরে ড্রাইভারের কোলে ব'লে হুইল্ না ধরলে ওর কোথায় বাওরাই হ্ন না—ঘড়ি ভেঙে ফেলে তার কলকজা দেখে, কাঠ আর পেরেক দিয়ে এঞ্জিন বানায়, দোরের পাশে লুকিয়ে থেকে সমস্ত বাড়িকে তোলপাড় ক'রে ছাড়ে—পরে গুটি-স্ফটি বেরিয়ে এসে বেমাল্ম প্রশ্ন করে —কাকে খুঁজছ, মেজদি ?—ক্ষ বেন বাংলার পলি-মাটি দিয়ে তৈরি নয়—রাজার বর্মক দিয়ে, কঠিন, হিম ছর্নমনীয়;—ওর ছুই চোথে যেন বন্ত দম্যতা আছে - তীক্ষ, ক্রথার!

ইহসংসারে আমিই নিম্পৃহ—তাই সবার কাছেই স্পৃহনীয়। আমাকে পেয়ে ওরা সবাই যেন হাঁপ ছেড়েছে—ওদের আহার স্থাত্, পানীয় স্থাতিক হ'য়ে উঠেছে—ওদের ঘরের বাতাসে স্থবাস এসেছে, যে-কথা বলবারো নয় ভ্লবারো নয়—সেই কথা যেন মুক্তি খুঁজছে। বন্দী ভাষা, তুর্বোধ তার রহস্ত !

তে-তলা এক-তলা আমি টানা-পোড়েন করছি।

মোটমাট সতেরোটি খোপ্রি—স্তরাং হাতে আমার সাত্যন্টাও থাকে না।
আমাকে ওরা বলে: তুমি দিনে ঘুমিয়ো, কিতি-দা -তুমি তো ঘানি ঘুরিয়েছ
দিনেই—রাতেও ঘোরাও এবার।

#### ভ্ৰমর আমার মেদোমশায়ের বড়ো মেয়ে।

শ্রমর তার থাটের ওপর ব'নে একটা স্থটকেদ উপুড়, উদ্ধাড় ক'রে কি-সব জিনিদপত্র নিয়ে একেবারে বিভোর হ'য়ে আছে। আমাকে দেখে থাট থেকে লাফিয়ে দোজা দাঁড়িয়ে প : লো। যেন বেশ একটু বিব্রত হয়েছে। বললে আজ আর এস্রান্ত নয়, ক্ষিতি-দা--এস্রাজের চেয়েও মিষ্টি বান্তনা আছে, তনবে ? বোদ তা'লে।

ল্রমর মাথার চুলটা ঠিক করতে-করতে ফের বললে—চা থাবে ?

—এই ভাত খেলা এলাম। তোমাকেও নেয়ে-খেয়ে নিতে বললেন মাসিমা। কত বেলা হয়েছে খেয়াল আছে ? তুমি এখন যাও। তোমার এ-সব জিনিসপত্র আমি পাহারা দিছিছ। তুমি খেরে এলে পর মিষ্টি বাজনা শোনা যাবে'খন।

শ্রমর আলমারি থেকে শাড়ি-সেমিক বার করলে—তেল নিমে পিঠের ওপর সাপের মতো বেশী খলিরে একটু এদিক-ওদিক হেঁটে, দোলনার ঘুমক্ত ছেলেকে একটু আদর ক'রে বেতে-বেতে বললে তোমার ওপর এই সবের ভার রইল বুঁকি পোয়াবার, উকি দেবার নর।

ব'লে একবার ছেলে ও আরেকবার থাটের ওপর বিশৃত্বল জিনিসগুলির দিকে করুণ দৃষ্টিপাত ক'রে চ'লে গেল।

শ্রমর বেন শরৎ-মেঘের বিদ্যুৎ দিয়ে তৈরি ওর মধ্যে যেন সেই নিক্ষণ নিরানন্দ উচ্চলতা—শ্রমর যেন মরুভূমির শুরু নিরুক্তণ দিগন্তলেখা—সেই উদাশু ওর ললাটে। এপ্রাজের মাঝে ওর অজমতা নেই, গানে নেই প্রাণ—কোনোউৎসবে নেই উৎসাহ! \* ও শ্রমে শ্রমর নাম নিরেছে।

আধঘণ্টা বাদে অমর এনে হাজির হাতে এক বাটি চা। ঘরে পা দিয়েই কলকঠে ব'লে উঠলো: তুমি এ-চেয়ারটিতে বসেছ, কিভি দা! বাঃ! চা-টা হাতে ক'রে এইটুকুন আসতে আমার কী ভালো যে লাগছিল—

- —তুমি কি পাগল হয়েছ অমর, এই তুপুর তুটোয় চা—ভাত খেয়েই ?
- —চায়ে তোমার অরুচি আছে তা'লে। থাক, রেখে দাও।

শ্রমর স্থন্দর ক'রে সীমস্তে সিন্দূর পরলে—মুথে গোধ্লিবেলার নির্মল আভা, গৃই ঠোঁটের কোলে ব্যথিত স্তৰ্ধতা ঘূমিয়ে আছে—ত্'টি হাতে যেন ক্লান্তির কাতরতা। সেই ক্লান্তিই যেন ওকে কমনীয় করেছে!

ছেলের দোলনায় ছোট হ'টি ঠেলা দিয়ে বললে - গিলে আসছি। এলাম ব'লে। অমর এলো থেয়ে। তৃপুর প্রায় ফুরিয়ে এলো। বললাম - তোমার মিষ্টি বাজনা শোনাবে না ?

কাগজের ত্বপ থেকে কি-একটা বের ক'রে অমর বললে—শুনবে এসো! এসো
 এগিয়ে।

এগোলাম। অমর আমার চোথের কাছে একথানি ফটো এনে ধরলো। নষ্ট হ'রে গেছে—বহুদিনকার নিশ্চয়ই - কিছুই ভালো চেনা যায় না। তবু আন্দান্ধ ক'রে বললাম নীরেশবাবুর ? এ বান্ধনা ত থালি তোমারই কাছে মিষ্টি!

প্রমার বললে – তোমারও কাছে লাগবে, তথু মিষ্টি নয়, মিস্টিক্ ! শ ভিলিট্ ক'রে দস্তা ন বসাও।

অবাক হ'য়ে বললাম - তার মানে ?

—এটুকুরো মানে তৃষি করতে পারবে না ক্ষিতি-দা ? সোজাস্থজি মানে, নীরেন জাসার বন্ধু ছিল।

হেলে বললাম—তোমার টেনস্-জ্ঞান আমার টেন্দান্ কমিয়ে দিয়েছে, প্রমর । বিভল' – এখন আর নেই তাহলে ? বাঁচা গেল।

শ্রমর ফটোটা চোথের কাছে তেমনি ধ'রেই আছে। অক্টম্বরে বললে— না, এখন আর নেই। সেইটেই হুংখের।

- -কেন নেই ?
- —রেপুটেশান্ ক্ষিতি-দা, রেপুটেশান্। তুমি ওথেলো পড়েছ ? ক্যাশিয়োকে মনে পড়ে ?

হেদে বললাম – যদি দক্ষ্য ন তালব্য শ হ'য়ে রুখে ওঠে, সেই ভয়ে দরজায় তালা দিয়ে তাঁকে বাতিল ক'রে দিলে। এই তোমার মিটি বাজনা, শুমর ?— থাক, এ বিষের চেয়েও মারাত্মক।

শ্রমর জ্ঞানীর মতো বললে—এ-বিষ নিরামিষ, ক্ষিতি-দা! সেইটেই বাঁচোয়া।
আছো, তুমি এ-ব্যাপারের প্রতি এত নিরুৎসাহ কেন? তুমি ত কোনোদিন
ভালোবাসার বেসাতি করনি, বেহাতও করনি। তুমি কি একে অন্তায় মনে কর?

মুরুবিবয়ানা ক'রে বললাম—অক্যায় নয়, মুর্থতা।

- ইাা, মূর্থতা ! নইলে তুচ্ছ একটা মেয়ের জন্ম কেউ রুচ্ছ সাধনা করে জীবন নিম্নে জুয়ো থেলতে বসে ! শুনলাম বুড়ো মাকে ফেলে জাহাজের থালাসি হ'য়ে সাউথ আফ্রিকা যাবে।
- তুমি আবার হাসালে, ভ্রমর। এখনো যায়নি তা'লে ? বাঁচা গেল। · · আছা, দাঁড়াও, দাঁড়াও ভ্রমর—তোমার বন্ধুর নাম কি নীরেন চক্রবর্তী ?
- —হাঁা, হাঁা অমর লাফিয়ে উঠল: তুমি চেন তাকে ? স্থন্দর দোহারা চেহারা, পাঞ্চাবি ছাড়া কোনোদিন কোট গায়ে দেয় না, মোজা পরে না— থালি ক্রেভেন্-এ খায়, ডান দিক দিয়ে মাথার আদ্দেক অবধি টেড়ি কাটে! তার সঙ্গে তোমার কবে দেখা হ'ল ? বিয়ে করেনি এখনো ?
- —মেস্-এ দেখা হয়েছিল— বোধ হয় দিন কয়েকের জন্ম । পরে কোন্ দিকে ধে পাল খুলে দিলো কেউ জানে না—
- —কেউ জানে না ? আমার ভারি ইচ্ছা করে, আবার সে আত্মক—এমনি নির্জন ছপুরে —ঠিক ঐ চেয়ারটিতে এনে বহুক— ভাত থেয়ে এসেই চা চা'ক। কেন তা হয় না, ক্ষিতি-দা ? জীবনের একটা চোমাথার মোড়ে এসেও সে ট্রাফিক-পুলিশের মতো আমার গাড়ির গতি বন্ধ ক'রে দেবে না—এ তার কী আমাছিবিক অভিমান !
  - —ঘুণাও ত হ'তে পারে, ভ্রমর।
- —হ'তে পারে। কিন্তু কেনই বা সে দ্বণা করবে ? আমাকে ভ সে কোনোদিন চায়নি। আমি তাকে ব্যুতেই পারলাম না, ক্ষিতি-দা। আমার আঙুলটির সঙ্গে ভার আঙুলটিরো আত্মীয়তা হয়নি—

- - তবু, হৃদয় যে প্রতিবেশী ছিল সেটা আজ বেশি ক'রেই বুরুছ।
- —হাঁ। খুব বেশি ক'রে। বাড়ির সবাইর কাছে ছিল সে এন্সাইক্লোপিডিয়া, আমার কাছে সে ছিল শুধু সাইক্লোন !—আমি তার সে-চেহারা আজো মনে করতে পারি, ক্ষিতি-দা। কিন্তু সতিটেই হয়ত পারি না।

শ্রমর ছেলেকে দোলা দিয়ে এসে ফের থাটের ওপর বসলো।

বললাম— এও ত হ'তে পারে, স্রমর, যে সে মোটেই তোমাকে পাবার মতো ক'রে ভালোবাসেনি— এমনিই তোমার পথের মাঝে ধুলির মতো উড়ে এসেছিল, এমনিই স্বাবার ধুয়ে গেছে।

- —স্থাসের মতো—কীণ হ'য়ে এসেছে শুধু। আমি ত তাকে তাই চাই। সে আমার য়্যাকোয়েন্টেন্স—তার সঙ্গে ফের চা খেতে ইচ্ছা হয়, এক সঙ্গে জর্জ মৃর পড়ি, একদিন একসঙ্গে 'টকি' শুনে আদি। সে সবচেয়ে আমাকে বেশি বোঝে, সে পৃথিবীর আহ্নিক গতির সঙ্গে পা ফেলে চলে, তার মাঝে আমি নিজেকে বেশি ক'রে আস্বাদ করি ব'লেই ত সে আমার বর্দ্ধু। আমাদের তুই পাথীর এক পালক! সে নাই বা এলো সন্দীপের মতো, সে সোহার্দ্যের প্রদীপ নিয়ে আ্মুক—আমি তার বর্দ্ধু, এও আমার একটা পরিচয় হোক। তা কেন সম্ভব নয়, ক্ষিতি-দা !
- —তার উত্তর ত তুমি আগেই দিয়েছ। এর আরো একটা উত্তর হ'তে পারে, পুরুষের চাওয়াটা ভারি পুরু, মেয়েদের মিহি।— ভোমার য়্যাকোয়েন্টেন্সে তার প্রয়োজন নেই।
- —তুমি আমাকে কি ভাবছ জানি না—কিন্তু তার সঙ্গে আমার দেখা করার সাজ্যাতিক দরকার আছে।—হয়ত শুধু আজকের জন্তই। তার কথা আমার প্রায়ই মনে পড়ে না—শুধু আজকে হঠাৎ, একেবারে হঠাৎ মনে হ'ল ক্ষিতি-দা, তাকে আমি ভুলিনি। আরেক দিন হয়েছিল—যেদিন হঠাৎ তুমি এলে। সেই হঠাৎ আসাটাই সেদিন ভারি রোমাণ্টিক লেগেছিল।

খানিক থেমে হঠাৎ ভ্রমর বললে— আমি আমার স্থামীকে খুবই ভালোবাসি, সে-কথা বলাই বাহুল্য — আমি ফোরসাইট সাগা পড়লেও বুঝিনি, আমি Ireneও নই, Fleure নই—কিন্তু জান কি কিন্তি-দা, আমার স্বামী স্বামীই বটে, বন্ধু নন — বহু তপস্থার স্বামী, বিনা মূল্যের বন্ধু নন। কিম্ব। ঠিক তার উলটো। আমি ডাক্রার চাই বটে, হার্ট-স্পোলিষ্ট—কিন্তু সঙ্গে একটি হার্টি বন্ধু পেলেই বেশ হয়।

প্রমরের ছেলে তথন কাঁদতে স্থক করেছে। প্রমর তাকে শাস্ত করে। উঠছি— প্রমর বললে– তুমি মনে ভেবো না, তার সঙ্গে দেখা হয় না ব'লে আমার ঘুম হয় না—তা হয়। তথু সে বেন বিয়ে করে, বেন ভদ্রগোক ব'নে যায় — এইটুকু।

হেলে বললাম—দেখা হ'লে ভদ্ৰতা শিথতেই তোমার কাছে পাঠিয়ে দেব'থন। কে এই নীবেন চক্রবর্তী ? সে একদিন অমবের নিকটবর্তী হয়ত হয়েছিল, কিছু আমি ত তাকে জানি না—আমি এমবকে ভাঁওতা দিয়েছি।

নীরেনের সঙ্গে আমার কোনোদিন দেখা হবে না জানি। সে হয়ত এখন কেরানি, হয়ত বা স্পাই! তবু সে আমার বন্ধু। সে সাধ্যাতীতের জন্ম সাধনা করেছিল -- মন্দিরে পাষাণের বেদীকে সে দেবী বানায়।

তুচ্ছ মেয়েই ভ বটে।

স্থাংগুর ঘরে আসি । স্থাংগু মেসোমশারের দাদার ছেলে।

-কি করছ, স্থাংত ?

এনো এনো ক্ষিতি-দা। কি আর করবো বলো ? সেই ল'-সমূত্র পাড়ি দেবার জন্ত পাড়ে থেকে লগি ঠেলছি। ইকুয়িটেব্ল্ সেট-অফ মৃথস্থ করতে-করতেই অস্ত ষাব।

বসি এক পাশে। অমরের ঘরে একটি বিষপ্ত দারিদ্র্য আছে — এর ঘরে একেবারে রোদ্রের প্রথবতা। হঠাৎ মনে হয় যেন মিউজিয়মে এসেছি। ছাত থেকে মেঝে পর্যান্ত ঝকঝক করছে —কাশ্মীর থেকে বর্মা ত আছেই, স্বদূর আইসল্যাণ্ডও তার কিউরিয়ে। পাঠাতে ভোলেনি। স্থধাংশু পড়ে, আর তার চাকর চেয়ারের তলে ব'সে পারের পাতায় স্থড়স্থড়ি দেয়।

হঠাৎ স্থাংশু বললে -- আমাকে একটা চাকরি জুটিয়ে দিতে পার, কিঁতি-দা ? বেন পাহাড় থেকে পড়লমে। যার শালের এক ধারের পাড় বেচে একটা লোকের এক মাসের ভাত জোটে দে চায় চাকরি ? ঠাট্টা আর কা'কে বলে ?

কিন্ত ঠাট্টা নয় ! স্থধাংগুর মুখে মালিক্ত এসেছে। বললে আমার ছারা পরীক্ষার সিংহ্ ছার উত্তীর্ণ হওয়া চলবে না, ক্ষিতি-দা। তিনবার ছায়েল হয়েছি—আমি আর বৌয়ের কাছে অপমান সইতে পারি না। একটা ছোটখাটো চাকরি নিয়ে কোথাও ভেসে পড়তে ইচ্ছা করে !

- বল কি হুধাংও গ
- সব ছেড়ে-ছুড়ে দিয়ে গেরুয়ার লুক্তি প'রে আমি বেরিয়ে পড়তে চাই। বেকি ছেড়েছিলেন ব'লেই ত শুদ্ধোধনের ছেলে সিদ্ধার্থ হ'তে পেরেছিলেন, ক্ষিতি-দা। আমিও আমার বিলাদের বস্তুটিকে কেলে একাস্ত শস্তা হ'রে বিকিয়ে বেতে চাই—

কেউ নেই আমার— শুধু আমি, আর আমার অকুল ভবিশ্রং। জেলে গিরে পচ্তেও চাই, কিন্তু এ-রকম জলো হ'রে যেতে চাই না।

ৰল্লাম-মাসে ভোমার ভামাকেই একশ' টাকা লাগে-

- আর, জুতোর কালিতে পঞ্চাশ। তাইতেই ত সব তেতো লাগে, ক্লিভি-দা। আমার একেবারে আলাদা হ'লে বেতে ইচ্ছা করে ছোট সংসারে ছোট গণ্ডীর মধ্যে একান্ত স্বার্থপর, একান্ত একেলা। একটা ছোটখাটো চাকরি তোমার হাভেনেই ?
- —আছে। রাস্তার ঝাডুদারের কাজ। এগারো টাকা মাইনে। স্থাংশু যেন মরীয়া হ'রে উঠল: দাও ঝাডু, সত্যি আমি নর্দমা পরিকার করব—
  - —তোমার শালের কোণটা মাটিতে প'ড়ে গেছে, তুলে নাও।

স্থাংশু শালটা কোলের ওপর তুলে নিয়ে শাস্তম্বরে বললে ঝাডুদার হয়ত সম্ভব নয়, কিন্ত ছোটথাটো এটা ইম্পুলমাষ্টারির বোগ্যতা হয়ত আমার আছে। এবারেই আমার শেষ চান্দ্। এবারে লাফাতে না পারলে আমি চৈতন্ত হ'য়ে যাব।

- मानत्कांठा वाँधवात नमग्र मारे ठिज्ञाहेकू थाकलारे ज नाठा हत्क बाग्र।
- —ত্মি ঠাটা করছ, ক্ষিতি-দা, কিন্ত ত্মি জান না, আমি কী অসহায় ! বাবু বো, তিনটে রোগা ছেলে—এত থায়, তবু চেহারায় হায়া নেই। মাদের বরাদ টাকায় আমার চোদ পুরুষের প্রাক্ত হয় বটে, তবু সত্যি আমার মনে স্থুও নেই। আমার গরীব হ'য়ে বেতে ইচ্ছা করে।

বললাম - এবারে কোলাভ ওয়েভ এসেছে—টেম্পারেচার একান্ন। ভালো ক'রে শালটা বুকে জড়িয়ে নাও। জর্জ দি ফিফ্থ-এর মতো ফুঁসফুসে জল জমতে পারে। স্থাংভ বোকার মতো আবার বইয়ের ওপর ঝুঁকে পড়ে!

হেনার সঙ্গে কা'র তুলনা দেবে ? গৃহত্বের গৃহকোণে ন্তিমিত দাঁপশিখার, না মেঘমান বিযাদিত চন্দ্রালোকের ? কি ব'লে বোঝানো বায় একে ? স্থান্তির রজনীগন্ধা, না ক্লিটিসিন্টিত তুলকণা ? ওকে বোঝানো বায় না—স্বপ্নেও ও ধরা দিতে শেখেনি। ও একটা আইডিয়া!

শ্রমরের সৌন্দর্য তার মূথের স্থচাক্ষতায়, হেনার মাধুর্য তার করতলে। কিন্ত ছুই চোখে ওর প্রতিজ্ঞা ও প্রতিজ্ঞার দীপ্তি। ওকে ভাঙা যায়, বাঁকানো যায় না।

ওর ঘরে এলে মনে হয় যেন ছায়ায় এসেছি। সমস্ত ঘরে থেন টোয়াইলাট্ — সব সময়। ওর ঘরের সব রঙ ফিকা—ওর চেহারায় একটি মানাভ নির্মণতা আছে। ওকে দেখলে চট্ ক'রে মনে হয় যেন স্তিমিত সন্ধ্যালোকে একটি ক্ষীণধারা নদী দেখছি। ও যেন নীল আকাশের একটি সঙ্কেত!

ঘর নয়—মন্দির। কোথাও এতটুকু আড়ম্বর নেই—ভূবণস্বর্গতা ওকেও অনির্বচনীয় ক'রে ভূলেছে। গুধু ছ'টি চেয়ার, পশ্চিমের দেয়ালের ধারে একটি ছোট গোল টেবিল, ছ'থানি বই—উত্তরের দেয়াল ঘেঁষে একথানি নীচু থাট—মাটি থেকে হয়ত গুধু বারো ইঞ্চি উচু—তোষকের ওপর গরদের চাদর পাতা আর তার ওপর কতগুলি ফুল! – হেনা গরদ ছাড়া পরে না—গরদে ওর পাড় নেই।

- -- কি করছ, হেনা ?
- আরে, এসো কিতি-দা। কি আর করব ? পড়ছি।
- -- আজকে এমন একটা গুজসংবাদ পেয়ে বেরিয়ে পড়োনি বে ?

হেনা অল্প একটু হেদে বললে — সেই শুভসংবাদে কোনো উত্তেজনার আশ্বাদ ত পাচ্ছি না, ক্ষিতি-দা বরং একটি পবিত্রতা পাচ্ছি। আমার এই ছোট ঘরটি দ্ব আকাশের মতো যেন পরমবিস্তার লাভ করেছে। একটা ভারি স্থন্দর বই পড়ছি। মেয়েটি বলছে: তুমি তৃঃথ কোরো না — আমার নিঃসঞ্তার সঙ্গে তোমার নিঃসঞ্চার বিয়ে - ভোমার লাঞ্ছনার সঙ্গে আমার লাঞ্ছনার!

টিপ্লনি কেটে বললাম — শেষ পর্যান্ত মেলোমশায় মত দিলেন তা'লে ? ধদি মত না দিতেন ?

—মত না দিলে আমিও তেমনি, সেই মেয়েটির মতো তার হাত ধ'রে বলতাম : আমরা পরস্পরের স্পর্শ থেকে বঞ্চিত হলাম বটে, কিন্তু এই বিচ্ছেদই আমাদের অস্তরের স্পর্শমণি হোক ! · · · নারীর সতাত্তকে সবাই সন্মান করে, সম্ভব ব'লে বিশাসও করে, কিন্তু নারীর প্রেমের প্রতি-ই যত বিদ্রেপ। তাঁরা বলেন, নারী স্নেহ করতে জানে বটে, কিন্তু ভালোবাসতে জানে না —সে তার গঠনগত অসম্পূর্ণতা। আমি সেই নিয়মের ব্যতিক্রম হতাম—আমি প্রমাণ করতাম ক্ষিতি-দা, বেমন অভিচারের চেয়ে সতীত্ব বড়ো, তেমনি সতীত্বের চেয়ে বড়ো প্রেম — যে-প্রেমে হুংখদহন আছে, আত্মতাগ আছে ! তুমি জান না, এই হুংখ সহু করবার সাহসের অভাবেই সমস্ত স্থি শীর্ণ, বিবর্ণ হ'য়ে যাচ্ছে। শকুন্তলা যেখানে তপোবনবাসিনী, তার চেয়ে উজ্জ্বল—শকুন্তলা যেখানে তপশারিণী ! পার্বতীর চেয়ে অপর্ণা !

--- কিন্তু আই. সি. এস -এর চেয়ে শেবকালে আই-এস-সি-কে বরণীয় মনে করনে ? —ভূমি আমাকে আর হাসিয়ো না, ক্ষিতি-দা! আমি প্রীক্ষকদের পার্শ্যাস্টির দক্ষণ একটা এম্. এ. হয়েছি ব'লেই ত আর জানা গজাইনি। বাবার আপত্তি ছিল ত সেইখানেই। তিনি বলেন—প্রেমে পেট ভরে না।—কিছু পেয়ালা ত ভরে—সেই উত্তরটা সেদিন দিলে ভারি বেখাপ্পা শোনাতো; বলিওনি। দিদি এই পেট ভরাবার জন্তেই পাঁটবার উদ্দেশ্তে জাক্তারের দোরে ধরা দিলে। জাজার অবস্থি ওর হার্ট-ভিজিজ সারিয়ে দিয়েছেন। কিছু জান ক্ষিতি-দা, আমার জাবনের চাহিদা ভারি সাদাসিধা—এখন মনে হচ্ছে কিছুই হয়ত আর চাই না—নিবাসের জন্ত পরিমিত বায়্, দেহধারণের জন্ত অর আহার! প্রেম দীর্ঘস্থায়ী হয় না জানি, পরমায়্ও নয়—মানে, প্রেমের প্রগাঢ়তা ধোপে টেকে না—মানে, বেখানে পরশার পরশারকে পেরে কেলে, পেতে থাকে না।—একটি ছোট নীড়, ছ্'টি ফোঁটা আখিনীর—আর ধরণীর ধূলি! তোমার রবীক্ষনাথ পড়া আছে, ক্ষিতি-দা ?

সোজা বললাম — না। সময় হয়নি।
— আমার আজ কবির সঙ্গে স্থর মেলাতে ইচ্ছে করছে:

বছদিন মনে ছিলো আশা
ধরণীর এক কোণে
রহিব আপন মনে;
ধন নয়, মান নয়, একটুকু বাসা
ক'রেছিছু আশা।
গাছটির স্মিশ্ব ছায়া, নদীটির ধারা,
ঘরে-আনা গোধ্লিতে সন্ধ্যাটির তারা,
চামেলির গন্ধটুকু জানালার ধারে,
ভোরের প্রথম আলো জলের ওপারে।
তাহারে জড়ায়ে ঘিরে
ভরিয়া তুলিব ধীরে
জীবনের ক'দিনের কাঁদা আর হাসা;
ধন নয়, মান নয়, এইটুকু বাসা
করেছিছু আশা॥

বললাম—রবীক্সনাথের বাসা একটুকু নর—সমস্ত পৃথিবীতে। ভোমার বাসা দেখলে তে-তলা, না দেখলে পীবৃষের জ্বর ! হেনা হেলে বললে—ও কবির ideal existence। জান, আমিও একদিন কবিতা লিখেছিলাম, শুনবে ?—

বছদিন মনে মোর আশা—
চাহি না পাথীর নীড়,
আমি নহি ধরণীর;
গৃহতরে স্পৃহা নাই, পথের পিপাসা
করিলাম আর্শা।
তিমির-স্তিমিত রাত্রি নাহি দীপশিখা,
মৃত্যুর আহ্বান আনে: কে অভিসারিকা,
স্থাবেণী চলিয়াছ চঞ্চল উধাও,
কাহার অলক্ষ্য লন্ধী, কা'রে ভূমি চাও?
অজানারে জিনিবারে
নিক্ষত্তর অন্ধকারে
ভূবিলাম, চক্ষে মম প্রদূর-ছ্রাশা;
গৃহতরে স্পৃহা নাই, ভবিন্তোর ভাষা
করিলাম আ্লা॥

এ-কবিতাটি বছদিন আগে লিখেছিলাম। কত দিন আগে বল ত ?

সংক্ষেপে বললাম—পীযুষে যথন তোমার গণ্ড্য ত'রে ওঠেনি।

হেনার মুথ রাঙা হ'য়ে উঠল। ওর তুই চোখে কবিতার বাতি জলছে।

বললাম—কিন্তু সারা জীবন হয়ত তোমাকে দারিস্ত্রোর সঙ্গে লড়াই করতে
হবে।

- আমি তার শক্তি পুরীক্ষা করব।—হেনার উত্তরে একটা প্রাবল্য আছে : আমি অর্থোপার্জনে ত অর্থোগ্য নই, এবং বিনি আমার অবোগ্য নন তিনিও নিশ্চয়ই অনর্থক হবেন না।
  - शैवृषवावृद मदम चामाव करव दिशा हरव ?
- বোধ হচ্ছে আজকের দিনটি ছাড়া। বোধহন্ন আজ সে আমারই মডো, মবোরা হ'লে আছে। ···বংপুরে চাকরি করতে বাব, ক্ষিতি-দা।
  - সঙ্গে গাধাবোটটি আছে ?
  - हानिया ना वनहि। তোমার উপমাঞ্চল ভারি কাঠখোট্টা।

শ্বাক হ'রে বাই। কঠিন মাটিতে ব'লে হেনা ফাছল ওড়াছে। ওলের বিরে হ'তে এক মালও দেরি নেই

সিঁ ড়ি দিলে নামছি—স্থবদের সঙ্গে দেখা। স্থবল মেসোমশায়ের ছোট ভাইল চতুর্থ ছেলে। বোলয় পড়েছে।

ও লব সময় টগ্বগ্ করছে। দমকার মতো লব সময়েই ও সজোরে ঝাপটা দিয়ে চলেছে।

আমাকে দেখেই ব'লে উঠল: জান ক্ষিতি-দা, ব্যাপার ? হামও সাট্রিকের রেকর্ড ভাঙল ?

क्थांने माथाय अरक्वारत थैं। क'रत नागन। मत्न द'न औक् छन्छि।

. —ই। হ'রে আছ কি ? কোনো খবর রাখ না তা'লে ? টেট ম্যাচ গো ফোর্ছ টেট ম্যাচ—ইংলওে অষ্ট্রেলিয়ার। কুড়ি বছরের ছেলে জ্যাক্সন্ জীবনে প্রথম নেমে গাঁচ ঘণ্টার ওপর ব্যাট চালিরে একশ' চৌষ্ট্র করলে—ভাবতে পারে। ? যাবে র্যাভিলেড ?

স্থ্ৰল আমার হাভ ধ'রে টেনে বললে — এসো আমার ঘরে।

স্থবলের ঘরটি ছোট—বলতে গেলে হকি-ষ্টিক্ আর ব্যাটে বোঝাই। কলকাতার ধবন এম্. সি. সি. এসেছিল তথন একথানা ব্যাটের ওপর ও তাদের এগারো জন থেলোয়াড়ের লই নিয়েছে—দেটা দরজার সামনে ঝুলিয়ে রেথেছে।—পড়ার বই ধূলায় পড়াগড়ি বাচ্ছে, টেবিলে ও থাটের ওপর থালি কতগুলি পিকচারশো আর ক্ষিয়ার্ পত্তিকা।

স্থবল কোনো ম্যাচে এখনো সেঞ্বি করতে পারলো না—এই ওর আপশোষ। বললাক—পড়ান্টনা কি ভোমার রসাতলে গেছে ?

- —রস পাই না ব'লে ভালের সেথানেই পাঠিয়েছি । ম্যাট্রিক পাশ করতে না পারলে বাবা ভিস্ইন্হেরিট ্করবেন বলেছেন। ভারি নিশ্চিম্ভ হ'য়ে আছি। ভালো শাগে না পড়ান্তনো।
  - কি ভালো লাগে ?
- সভ্যি বলবো ?—সিনারি আর মেশিনারি! সিনারির মধ্যে কি ভালো লেগেছিল তনবে ?—একটি ভামিল ভিক্ক মেরে তার বুড়ো আমীর জয় ভিকা চাইছে, আর একবার দেখেছিলাম ইটের ফাটলে ছোট কচি একটি বটগাছ। দেখবে সেই তামিল-মেরের ছবি ? আচিজা/২/২৮

ব'লে স্বল এক-ব্যাগ ফটো বা'র করলে। স্বলের ক্যামেরার সামনে কে বে না দাঁড়িয়েছে ঠিক নেই। বুড়ো মজুর, ভাঙা বাড়ি, পচা ভোবা - সবই কেমন খাপছাড়া।

- আর মেশিনারির মধ্যে কি আমাকে সবচেয়ে মৃশ্ব করেছিল, জানো ? গরা এক্স্প্রেস-এর চোঁচির এঞ্জিনটা যেন দেশলারের কাঠি। আমি ছিলাম সেই গাড়িতে—থালি এই দাঁতটা গেছে। জানো কিতি-দা, আমি একটা যন্ত্র আবিষ্কার করিছি।
  - **一**春?
- —ভাতে ক'রে মামূরের astral body এক সেকেণ্ডে বে-কোনো জায়গায় চ'লে বেতে পারবে।
  - —সে ত বাচ্ছেই। উড়ে বেতে মনের এক সেকেণ্ডও লাগে না।
- তেমন যাওয়া নয়। এ সত্যি গিয়ে বসবে, শুনবে দেখবে, কথা কইবে— থালি ছোয়া যাবে না তাকে। হিমালয় তার বাধা হবে না, না বা আটলান্টিক। এ-বিষয়ে কোনান্ ছয়েলের সঙ্গে পরামর্শ করতে পারলে ভালো হ'ত।

কোতৃহলী হ'য়ে বললাম — আর কি ভালো লাগে ভোমার ?

- —তিনটি বিশ্বয়কর আবির্ভাব একটি আকাশে, একটি জীবনে, আরেকটি টেজে। সহসা একদিন খুব ভোরে জেগে উঠে সমস্ত রাত্রির ঝড়ের পর ক্রেয়াদর দেখেছিলাম—তা আজ ভাবলেও আমার আনন্দে রুৎকম্প হয়। বিতীয়টি—ভোরবেলার স্নান ক'রে ক্রেমবাদে রবীক্রনাথ যথন তাঁর জোড়াসাঁকোর বাড়ির দোতলার বসবার ঘরে এসে দাঁড়ান— তুমি তা ধারণা করতে পারবে না, ক্রিভি-ছা যেন একটি স্তব মাহুষের মুর্তি নিয়েছে। আরেকটি দেখেছি আলমসীরের ভূমিকায় শিশির ভাছড়ি যথন রঙ্গমঞ্চে এসে প্রথম দেখা দেন কাছাকাছি একদিন আলমগীর দিলে দেখে এসো। ও! তুমি ত আবার থিয়েটারের ওপর চটা। সিনেমার ওপরো?
  - -- নিশ্চয়।
- কেন নিশ্চয় ? যাও, যাও একদিন চার্লি মারে আর জর্জ সিন্ধনিকে দেখে এসো, হেসে-হেসে স্বস্থ হবে—দেশের জন্ম গুণ্ডামিটা ঠাণ্ডা কর দিন কভক। হলিউড ইন্ডিয়োর ছবি দেখবে একটা ? জগলাস আর পিকফোর্ড। বলো ত, কেমন স্বথে আছে গুরা!

হঠাৎ স্থবল গলাটা সামনের দিকে বাড়িয়ে দিরে বললে ভূমি নাচ ভালোবাসো ?

### - ভালুক-নাচ ?

—না না, আনা পাজলোভার নাচ! এম্পায়ারে দেখতে গেছলাম সেবিন ।
স্থার্ব! কিছ বাই বলো কিতি-দা, নটার পূজার কাছে লাগে না! তুমি দেখনি ত ?
তুমি কেন আছ তা'লে—খালি মূগুর ভাঁজবে ? পাভলোভা মনকে অভিভূত করে
বটে, কিছ প্রীত করে না, ঠিক ছইটম্যান্-এর কবিতার মতো মনে একটি বিবাদ্ত্রী
আনে না। আচ্ছা, তুমি রেস্ ভালোবাসো ? আমার কাছ খেকে টিপ্স নেকে ? এই
মা, ভোমাকে একটা জিনিসই দেখানো হয়নি — এই দেখ, এই পাখার ওপর
পাভলোভা তার নাম লিখে দিয়েছে। আমি গেছলাম দেখা ক'রতে গ্রাণ্ড হোটেলে।

হঠাৎ স্থবলের মৃথ মান হ'য়ে গেল। বললে—সেই ত ছংখ -- বাবা আর পয়সা দেন না। আজ He who gets slappedটা ছিল, ভনেছি থাসা ফিল্ম —আছিড-এর ড্রামা, পড়েছ নিশ্চয়ই; দেখেছ লন্ চ্যানিকে ?—সহস্রানন! কিন্ত ট্যাকে আধলাও নেই একটা। সেদিনকার ম্যাশ একেবারে ফতুর ক'রে দিয়েছে। জানই ত চার-আনা আট-আনায় আমার পোষায় না। আমাকে দেবে তিনটে টাকা ধার ? ব'লে হাত পাতলে।

ধমক দিয়ে উঠলাম। স্থবল খিল খিল ক'রে হেলে উঠল।

বললাম —জাজ ত শনিবার, যাবে না বায়স্কোপ ?

খানিক বাদে ম্থ গন্তীর ক'বে বললে আজ বদি slumming করতে বেরিঙ্কে কোনো মন্ত্রের ছংখ দেখ, তা'লে নিশ্চয়ই তাকে তিনটে টাকা দিয়ে ফেলে তার ছংখকে প্রশ্রম দেবে। কিন্তু, আমি আজ বায়েয়োপ দেখতে পাছি না দেটা ছোমার কাছে একটা ছংখই নয়। তুমি ভারি সেন্টিমেন্টাল, ক্ষিতি-দা। আজ উপোল ক'বে খেকে সমস্ত রাজি তোমার মজ্ব-hero বে কট পাবে আমি তার চেয়ে ঢের বেশিই কট পাছি। মোটে তিনটি টাকা—দেবে ? আরো বদি ছটো টাকা বেশি দাও, একবার সোডা-ফাউন্টেনে ঢুঁ মেরে আলি। ব'লেই আবার হালি।

উঠছি, স্থবল ব্ললে—দেজদার ঘরে যাচছ ? নিশ্চরত্বী কবিতা লিখছে, এখন ৷ ওঁকে দেখেছ ত ?

স্থুবল আবার হাসলে। বললে—তুমি কাউণ্টি কালেনের কবিতা পড়নি ? Yet do I marvel at this curious thing:

To make a poet black, and bid him sing!

যাও যাও, সেজদাকে একবার দেখে এসো।—বাংলা কাব্যমন্দিরের কালাপাহাড়।

চট ক'রে প্রান্ন করলাম—ওঁর কি ছাখ ?

---वारमा त्मरण खेत्र नाम श्राक्त नी---श्रामरमा-काडान त्मक्रमात्र अहे घ्रार्थहे

কবিতা অপাঠ্য হ'রে উঠছে। বাংলা দেশে এতগুলো বে খিন্তির কাগজ আছে তার একটাও ওঁকে গালাগাল দিয়ে পরোক্ষে ওঁর অধ্যবসায়ের তারিক করছে না—এ ওঁর অবহুনি ওঁর কবিতার সমালোচনা লিখে দিতে বলবেন। যদি বলো অতি রোধো, থার্ড-রেট কবিতা, তবে একমাত্র রেগেই ওঁর rassion দেখাবেন। এ-রকম সতিয়ে একটা কাগু ঘ'টে গেছে।

ৰল্লাম - কবিতা শোনবার মতো আমার অস্বাস্থা নেই।

—Eggzactly ! বলো না ওঁকে সে-কথা, থামচে দেবেন। উনি নিজেই এক কাগজ বের ক'রে নিজের কবিতার কুকীর্তি কীর্তন করবেন ঠিক করেছেন—বদি তাতে অন্তত লোকের চোথ পড়ে। সেজদার জন্ম আমার ভারি করুণা হয়, ক্ষিভি-দা ! ওঁকে পিজরাপোলে কেন পুরে রাথে না ? আমায় যদি বায়স্কোপ দেখতে কিছু টাকা দেন, আমি ওঁর কবিতার জন্ম প্রোপাগাণ্ডা করি—রুপাঁট ক্রক, ছিকপ্রটার, গিবসন্রা বেমন করেছিল —

বেক্লচ্ছি, স্থবল চেঁচিয়ে বললে—সেজদার আরেক কীর্তি শুনে যাও, ক্লিভি-দা । ক্ষিত্রলাম।

— সেজদা কবিতার কুন্তি ত করেনই, এমনিও করেন। এগিয়ো না ওঁর কাছে। ওঁকে তৎক্রণাৎ সার্টিফিকেট লিখে দিতে হবে। এথানেই আরেকটু বোস। আমার অটোগ্রাফের থাডাটা দেখে যাও।

ব'লে এক থাতা বের করলে। ভাকছিলাম বৃঝি মহর্ষি বাদ্মীকিরো দন্তখৎ দেশতে পাব। কেননা স্থবলের পক্ষে কিছুই অসাধ্য নয়!

স্থ্ব বললে—এ সব খুব নিরীহ নগণ্য লোকদের সই—আমাদের উড়ে মালির, কাডুণাবের, দরোয়ানের—

ৰল্গাম—ওরা লিখতে জানে নাকি ?

—উড়ে মালিটাকে হাত ধ'রে-ধ'রে লিখিয়েছি, ঝাডুদারটা আঁকি-বুঁকি দিয়েছে কতভলি। এই দেখ, বই-বাঁধানো দগুরির, ফোটো-ফ্রেমারের, বাজার-সরকারের, বোডজ-বিক্রিওলার—কার নেই সই? এই একটা ভিধিরির। এ একটা দামী জিনিস বলতে হবে। আর এই দেখ সেজদার, একজন ব্যর্থ বোকা কবির।

হেলে উঠলাম। স্থবল বললে - জীবনে যারা পতিত, পরাজিত—এই ক'টি লাখারের আঁচড়ে তাদের দীর্ঘবাস জমা ক'রে রেখেছি। তুমিও ত কভ গুণ্ডামি করনে, কিছু কিছুই করতে পারলে না—দেবে তোমার সই ?

চুপ ক'ৱে রইলাম।

्र सूर्यम रमाम-এकটा कथा जून रामि । मिल्रमा रा-थि छित्र कांगक राज्ञ

করছেন, তাতে তোমাকেও গাল দিতে পারেন তুমি ওঁর কবিতার **নার্টিকিকেট** দাওনি ব'লে—দ্বদি তোমাকে গাল দেন তবে তুমিও কোনো কাগ**তে ওঁকে গাল** দিয়ে ওঁকে একটু মর্বাদা দিয়ো, কিতি-দা। এত কট হয় ওঁর জন্য ।

ক্ষবের জন্ত আলাদা ঘর নেই— কিন্তু একটি বাক্স আছে। সেই বাক্স নিম্নে ওর দোকানদারি আর মুরোয় না—সেই বাক্সই ওর সম্পত্তি, ওর শৈশবকবিতা!

ক্ষ্ বলে---আমি কৰে বড়ো হ'ব, ক্ষিতি-দা ?

হাত হটো উচ্তে ছুঁড়ে লাফিয়ে উঠে রুষ বলে -আমি বড়ো হ'য়ে কৰে আকাশ থেকে স্থ্য পেড়ে আনব ? ঐ মেঘটাকে কেড়ে আনবার জন্ম মইর মডো লমা হ'ব কবে ?

এ-ছাড়া রুবের মুখে আর কোনো কথা নেই।

ক্ষ সমস্ত বাড়ি মাতিয়ে রেখেছে - ক্ষ ছাড়া কারো থাবার রোচে না। আমর ক্ষ কে কাপড় পরিয়ে দেয়, হেনা কানে দেয় ফুল গুজে, ফাই দেয় চুল ছেঁটে, স্থবল তার অটোগ্রাফের বইয়ে ওর আঁকিব্ঁকি সই নেয়, মোটা সেজদা ওকে নিম্নে কবিতা লেখে।

রুষ্ ছোট সাইকেল চালায়, ছোট থালায় ভাত থায়—আর বড়ো হবার স্থা দেখে।

আমি থাকি নীচে একডলায়. ঠিক সদর দরজার পাশে। সকলের সঙ্গে খুরে-খুরে আলাপ ক'রে শুতে-শুতে রাত হু'টো বাজে।

এরা সবাই ৰখন একসঙ্গে থাকে, তখন মনে হয় এদের ঘিরে ফুর্তির ফোয়ারা চলেছে - বিলাসের প্রাচ্র্যা ও আড়ম্বরের ক্রত্রিমতার মাঝে এদের হুংথকে হোঁয়াই বার না। মনে হয় না নীরেন চক্রবর্তীর জন্ম অমরের মন একদিনো উচাটন হয়েছিল, মনে হয় না পীৰ্বকে পাবে না জেনে হেনা কোনোদিন হুংথের তপশ্চারণের প্রতিজ্ঞাকরেছে একসঙ্গে থাকলে মোটা সেজদাকেও মনে হয় না সে কবিষশভিধারী, মনে হয় বড়ো-বড়ো হাঁ ক'রে ভাত থাওয়াই ওঁর কাজ।

কিন্তু যথন ওরা একা থাকে, তথন যাও ওদের কাছে। ভ্রমর অতীতের একটি ছায়ালীতল দিনের কোলে এখনো ঘ্যোয়, ছেনার ছই চোথে এখনো অনিশ্রমভার অন্ধলার, হুধাংও আর্পার সভীর্ণচিত্ত হ'য়ে বেতে চায়, মোটা সেজদা কবিতা ভালো লিখতে পাছে না ব'লে কপাল কোটে। যদি মেসোমশায়কে গিয়ে জিজেল করি, ভনব হয়ত ভিনি ইন্সল্ভেন্ট, তাঁর ছোট ভাইকে জিজেল করলে জবাৰ পাওয়া য়াবে: আরো লাখ লাতেক ক্যাপিট্যাল চাই হে।

রাত তথন কটা হবে ?—তিনটা প্রায়। সদর দরজায় কে থাজা দিছে। উঠে দরজা খুললাম। বিনি ঢুকতে পারছিলেন না তিনি মেলোমশাইয়ের দাদার তৃতীয় পুত্র—নাম ললিত।

ছি ছি, সারা গা ঘিন্ঘিন্ করছে । ললিতচন্দ্র দম্ভরমতো টলছেন । মুণার স্বরে বললাম — এ কি ললিত, ছিঃ ! এততেও তোমার লক্ষা নেই ?

ললিত আমার পা ত্'টো জড়িয়ে ধ'রে বললে আমার পিঠে কয়েকটা লাখি মেরেও যদি তার আন্ধেকের আন্ধেক টাকা দাও, তাহলে আমি আরো থানিকটা থেয়ে বেছঁস হ'য়ে যেতে পারি। দেবে না ? সভি্যি ক্ষিতি-দা, আমি বেছঁস হ'য়ে যেতে চাই, থেমে যেতে চাই—

আমার বিছানায় ওকে শুইয়ে দিলাম। ললিত জড়িয়ে জড়িয়ে বলতে লাগল : I have been faithful to thee Cynara! in my fashion.

বল্লাম - তোমার এই হুর্মতি কেন, ললিত ?

- —তুর্যতির জম্মই তুর্যতি, ক্ষিতি-দা। পিপাসার জম্ম জল থেতে গিয়ে দেখলাম গলায় কে কলসী বেঁধে দিয়েছে।
  - -- আর কোনোদিন থেয়ো না।
  - —কে ? তুমি বলছ, ক্ষিতি-দা ? সে এসে বললেও খেতাম, পেছ-পা হ'তাম না।
  - —কে **সে** ?
  - अप्र Cynara।

ওর চুলে হাত বুলুতে বুলুতে বললাম - কাকে ভালোবেসেছিলে ?

—মোটে না। কোথায় স্থােগ ভালােবাসবার ? ভালােবাসা ত একটা air বই কিছু নয়। আমার উচ্ছন্নে যাবার কোনাে ইন্টেলেক্চুয়েল বাাখ্যা নেই আমি এমনি ডুবলাম।

বললাম—তবে কে এই Cynara?

- চেন না তাকে ? যাকে শুধু in fashion-ই পাওয়া যায়। বললাম—মিথ্যে কথা।
- একটা সত্য কথা না শুনলে বুঝি তোমার মন ওঠে না · Cynara আমার ভাবী স্ত্রী, মদ ছাড়বার জন্ম ভালো হ'য়ে যাবার জন্ম যাকে আমার বিয়ে করতে হবে, যাকে কোনোদিন আমি হারাতে শিথব না। সেই—আমার অনাগভ প্রেমপাত্রী। তার জন্মে বড্ড ব্যস্ত হ'য়ে উঠেছি কি না —
  - **কত উড়োলে** ?
  - বছ;—রেথেই বা কি হ'ত ? দারিস্ত্র্য আর বাচ্ছন্দ্য ছুই-ই আমার কাছে সমান।

আছা, ভোষার মনে হয় না ক্ষিতি-দা, সমস্ত স্টিটাই একটা নিয়র্থক আৰ্টি ! মনে হয় না, আমাদের অন্তটা একটা নিদাকণ পাপ— সমস্ত জীবনটা আমাদের অন্তরীণ-বাস, মৃক্তি আমাদের মৃত্য় । মনে হয় না ? তুমি ত দেশের মৃক্তিকামী—ভূমি ভা'লে মদ থাও না কেন, ক্ষিতি-দা ?

বললাম— তোমাদের মতো মেরুদণ্ড আমার কোমল নয়, ললিত। ললিত বললে—ক্ষিতি-দা, তুমি একটা ইডিয়ট।

থানিকবাদে ললিত বললে— ঘুমোচ্ছ ? শুনলে না Cynara কে ? জীবন-ব্যাপারে ভোমার কোঁতুহল এত কম, ক্ষিতি-দা ?

ঘুমোবার ভান ক'রে রইলাম।

ললিত বলতে লাগল: Cynara ত এলেন, রূপ আরু বেশের বর্ণনা নাই বা করলাম, এসে যা বলবার বললেন।

- —মানে ?
- -- वनतनन, ভारमावानि । आभि कि वननाम, कान ?
- -- না।

বললাম, দাড়াও, কাগজ কলম ষ্ট্যাম্প আনি—কণ্ট্যাক্ট-ফর্মে সই করতে হবে। ছ'মাসের জন ভালোবাসার কণ্ট্যাক্ট, কিন্তি-দা।

- —ছ'মাস ত ছিল ?
- ছ মাসের ছ'দিন কম।

এ-বাড়িতে আমার আর থাকা চলবে না। এদের নির্জীবতা এদের অস্বাস্থ্যকর ভাবাকুলতা আমাকে অসহ পীড়া দিছে। আমাকে আবার বেরিয়ে পড়তে হবে ধড়ো হাওয়ার মতো —আমি পায়বার কোটরে কয়েদ থাকব না!

ভ্রমরের সঙ্গে দেখা। ছেলেকে নিয়ে খুব আদর করছে। বললাম আমি যাচিছ, ভ্রমর।

- -- কোথায় যাচ্ছ ?
- আপাতত পথে।
- —বা রে, আমরা বেতে দিলে ত!

বললাম—কাউকেই ধ'রে রাখতে পারনি, নীরেন চক্রকেও নয়। কিছ বাবার আগে তোমাকে একটা স্থদংবাদ দিয়ে বাব। তোমার মনস্বামনা পূর্ণ হয়েছে, অমর।

- --আমার আবার মনকামনা কি ?
- —ভোমার ইচ্ছা ছিল নীরেন বেন ভক্র ব'নে বার। সে ভাই হচ্ছে— খালচে সপ্তাহে ভার বিরে।

বেন উল্লাসে শ্ৰমর বললে—বল কি ! সভ্যি ?
কিন্তু কথার হুরে একটা কাভরতা প্রচ্ছন্ন ছিল।
বললাম—ভোমাকে নেমন্তর করতে ব'লে দিয়েছে।

ব্যার সহসা উদাসীন হ'রে গেছে। বললে—ভালই ভ, কিছু কে না কে—ভার বিরেতে আমি বাব কিসের জন্ত ? সে আমার কাছে একটা পথের লোক ছাড়া আর কিছুই নর। কিছু কিভি-দা, ভোমরা ভ মেরেদের খুব ঠাট্টা কর, কিছু ভোমাদেরই বা সেই আদর্শ-আরাধনা কই, ভার জন্তে কঠোর কইভোগ কই ? নীরেনের এই অধোগতি আমাকে যে কী অপমান করছে বলতে পারি না।

বললাম - এ মজা মন্দ নর। তুমি বে ভারি স্বার্থপরের মতো কথা কইছ, ভ্রমর।

- —কিন্তু নীরেনকে আমি এত ছোট কোনোদিন মনে করিনি, ক্ষিতি-দা। তার থেকে বিচ্ছিন্ন হ'রে গেলেও তার নিষ্ঠার প্রতি আমার আসজি ছিল। ছি ছি।
  - —ঠিক এমনি ভোমাকে সেও ছি-ছি করেছে।
- —তব্, তব্ ক্ষিতি-দা, নীরেনকে আমি সত্যি-সভিয় কত বড়ো মনে করতাম! আমার সংসার-জীবনের সমস্ত মাধুর্ব্য বেন নিংশেবে ছুরিয়ে গেল আছা। নীরেনের মতি আমার কাছে আমার সন্তানের মতোই স্লেহাম্পদ ছিল! তুমি আমাকে এ কীশোনালে?

শ্রমরের ছুই চোখ ছলছল ক'রে উঠেছে। করুণ ক'রে বললে——আমার জীবনে কবিতার একটি কণাও আর রইল না, ক্ষিতি-দা। নীরেনের বেদনা আমার জীবনে পরমমধুর একটি লাবণ্য বিস্তার করেছিল, আমি আজ একেবারে বিরস, বিগভ্ত-দোরভ, বিফল হ'রে গেছি। কেউ আমার জন্তে মার্টার হয়েছে—এ ভাবার মধ্যে বেদনা ও লেহের সঙ্গে কী প্রকাও গোঁৱব ছিল!

শ্রমর উদাসীনের মতো চূপ ক'রে ব'লে আছে খাটের বান্ধতে কছই রেখে।
শ্রমরের চোখে জল দেখে মনটা ভিজে উঠলো। বেচারা নীরেন !

হেনার ঘরে বেতে-বেতে গুনলাম স্থাংও আর তার বোর বাক্ষুত্ব চলেছে।
স্থাংও কেন এবারো পাশ করতে পারল না—বোর আপত্তি সেইখানে; বোঁ কেন
বাইবেলের প্রথম উপদেশ বংসরে বংসরে পালন করছে স্থাংওর আপত্তি
আরাছবিক।

হেনার খরে এসে দেখি হেনা ভারি ব্যস্ত হ'য়ে জিনিসপত্র শুছোক্তে। ওর 👯 উৎস্থক করতলে সেই দিংলা, সেই চ্ঞাল মেহাকুলতা।

ব্দলাম-এভ তাড়াহড়ো কিলের, হেনা ?

হেনা বললে— আমি রংপুরে বাচ্ছি কিতি-দা, এক হপ্তার মধ্যেই। আমাকে নেই মাস্টারিটা নিতেই হ'ল।

- —কেন ? ভোমার বিয়ে ?
- —সে আর হচ্ছে না। তুমি বুঝি শোননি কিছু ? শীষ্বের টি. বি… হেনা বেন বলতে বলতে নিজেই শিউরে উঠছে।

वननाय-वन कि ?

- —তৃমি তার চেহারা দেখলে তয়ে চেঁচিয়ে উঠবে, ক্ষিতি-দা—একেবারে ফ্যাকালে হ'য়ে গেছে। আমাদের মিলনের মাঝে মৃত্যুকে দেখলাম। মৃত্যুর নিখালে প্রেম বদি পুড়ে বায়—আমি বদি আবার কোনদিন পীযুধকে ভূলে বাই—কে কী নারাত্মক ট্যান্ডেডি।
  - —তুমি তাকে কেলে মাস্টারি করতে যাবে ?
- সে-ই ত আমাকে ফেলে বাচছে। মৃত্যুটা হয়ত তত শোচনীয় নয় কিতি-বা,
  বৃত্যুর পরে বিশ্বতিটা বেমন। আর তাকে মনে রাথব না—তাকে ভূলে বাব, আবার
  তেমনি সময়ের চাকা গড়িয়ে চলবে—আমার জীবনের সেই ছর্দিনের চেহারা তেবে
  আমি ভারি ভন্ন পেন্নে গেছি। আমাকে দারা জীবন যুদ্ধ করতে হবে, অথচ পরাম্ভ
  হবার গোঁরবটুকুও আমার রইল না।

হেনা ললাটের ঘাম মৃহ্বার ছলে চোথের জল মৃছে ফের বললে— আমি ত আমার বর্তমান শক্তির তোলে ভবিন্ততের জরার পরিমাপ করতে পারছি না, তাই হয়ত কোনোদিন অবশুভাবী ঘটনার কাছে আমার বশুতা স্বীকার ক'রতে হবে এটুকু দ্রদর্শী হ'তে গেলেই আমার সমস্ত অন্তিম্ব সন্থাতিত হ'রে আসে। আমার অতীতকাল মানমূথে প্রাশীর মতো চেয়ে থাকে। অতীতের প্রতি সেই অবমাননা কি নিদারুণ, ক্ষিতি দা!

वननाम जानाम अरकवादा विख्य ह'रम निरम नाज निर, रहना।

হেনা কি ভেবে খানিক বাদে ব'লে উঠল: আশা করব, না ? তাহলে বুংপুরের পোস্টটা না নিলাম, কি বল গ পুরী-ই ষাই তাহলে। পীযুষ দেখান আছে — একবার প্রাণপণ দেখি না চেটা ক'রে নে বাঁচে কি না। তবে রইল রংপুর।

ব'লে হেনা সৰ ছিনিস-পত্ত ওলোট পালোট করতে লাগলো।

हर्रा वनान-त्थायत मात्य मृज्य चार्तिकार-अक्टो अभिक निधवात विवत,

না ক্ষিডি-দা ? যদি লিখে উঠতে না পারি নিজের জীবন দিয়ে তা প্রমাণ করব। জাশা---জাশা!

স্বলের ঘরে এসে দেখি দরজায় একটা পিজবোর্ড টাঙানো – তাতে লেখা: To Let।

কি ব্যাপার ? বাপের সঙ্গে ঝগড়া ক'রে স্থবল নাকি বাড়ি ছেড়েছে। ও জাহাজের থালাসি হবে, এঞ্জিন-ড্রাইভার হবে, কলের কুলি হবে— তাও খীকার, ওর পয়দা চাই, ব'দে ব'দে পৈতৃক সম্পত্তি ভোগ করবার মতো আলশুকে ও বরদান্ত করে না—ও থেটে পয়দা কামাবে মাথার দাম পায়ে ফেলে।

ওকে যেন কেউ না থোঁজে—দৈনিক কাগজে যেন বিজ্ঞাপন না দেয়।

তারপর এক দিন—সেই দিনের ঘটনাটা ব'লেই পাথ্রিয়াঘাটা বাই লেনের তেতলা বাড়ির ওপর যবনিকা টানব।

তারপর এক দিন—তেতলার ছাতের ওপর দিয়ে একটা ঘুড়ি উড়ে যাচ্ছিল, ক্ষযু গেল হাত বাড়িয়ে ধর্তে।

ক্ষ্পলকের মধ্যে তেতলার ছাত থেকে প'ড়ে গেল বাড়ির সিমেণ্ট-করা উঠোনের ওপর। মাঝের ফাঁকটা রুষ্কে ধ'রে রাথতে পারেনি, অদম্য রুষের গতি —উঠোনই ওকে আশ্রা দিলে। স্তব্ধ কৃষ্বস্বক্তাক্ত রুষ্!

সমস্ত অরণ্যে আগুন লেগেছে; প্রকাণ্ড জাহাজ রাত্রির ঝঞ্চাবিদীর্ণ অন্ধকারে সমুদ্রের তলায় ডুবছে; একটা আগ্নেয়গিরি যেন মুহুর্তমধ্যে মরীয়া হ'য়ে উঠল।

চিরকালের জন্ম ক্ষ্থেমে গেছে—এর চেয়ে স্পষ্ট, এর চেয়ে বোধগম্য, এর চেয়ে অপ্রতিরোধ্য আর কি আছে পৃথিবীতে ?

নীরেন বিয়ে করছে ব'লে শ্রমরের আর তিলার্ধ ছঃথ নেই, পীযুষের আসন্ধ তিরোধানের অন্ধকার হেনার চক্ষু থেকে মুছে গেছে। Cynara ব'লে যে কেউ ছিল ললিত তা আজ মনে করতে পারছে না, মোটা সেজদা পর্যান্ত ভাবছে — শিশুর মৃত্যুর অন্ধকার সমুশ্রের মতোই বিশালবিস্কৃত —কবিতার সন্ধীর্ণ আয়তনে তার স্থান নেই। স্থবল হয়ত ভাবছে ক্ষের যাত্রা কত স্থদ্ব অভিমুথে, এভারেষ্ট ছাড়িয়ে, কামন্ধাট্কা ছাড়িয়ে! স্থধাংও ভাবছে— হোঁক সে গুতরান্ত্র, কিন্তু তার সব ক'টি সন্থানই যেন বেঁচে থাকে।

সমস্ত বাড়ির ভিত্তি ন'ড়ে উঠেছে যুদ্ধে সমস্ত দেশ যেন উজার হ'য়ে গেল ৷ নির্জন রাত্তির কল্পনামণ্ডিত ছোট-খাটো সমস্ত ছুঃথ শোকবস্তায় ভেসে চলেছে --- মান্থবের মেহবন্ধন কত ভদুর, মান্থবের আশা কত. ক্লীণায়্, মান্থবের প্রতীক্ষা কি বিশাস্থাতক !

ভধু আমিই বিচলিত হইনি। ভধু আমিই বলতে পারলাম—মাদিমা, রুষ্কে এবার ছাডুন, ওকে এবার নিয়ে যেতে হবে।

### **ধশ্বত**রি

ছোট ছেঁড়া র্যাপারখানি কোনো রকমে গায়ে জড়িয়ে কাঁপ্তে কাঁপ্তে আদে। শীতটা খুব জোরেই পড়েছে।

ঘরে ঢুক্তেই নেপালি চাকরটার সঙ্গে দেথা—ঘর সাফ্ করছিল। মুখটা আনেকদিন থেকে পরিচিত, পাষাণের মতো নির্বিকার। ঐ উদাসীন মুখটার দিকে চাইলেই ওর ভয় হয়।

তবু, অকারণে বিনীত হ'য়েই বলে – ডাক্তারবাবু আছেন ?

বেন কত অপরাধী ! ঐ নেপালি চাকরটার স্বন্ধ দৃঢ় বিস্তৃত বুকটার পাশে ওর শীর্ণ কন্ধালটা যেন ব্যঙ্গ ক'রে ওঠে। নিজেকে এত অনর্থক মনে হয় !

চাকর বেশ বিরক্ত হ'য়েই বলে — সাব্ সাড়ে আট্টার আগে ত কোনোদিনই নাবেন না।

জানা কথা। তবু একটি নিস্রাহীন দীর্ঘ রজনী কাটাতেই বেন্ কত যুগ কেটে গেছে। অপরিসীম ক্লান্তি।

নির্দিষ্ট বেঞ্চিটাতে বনে। অনেকক্ষণ। পাশের বাড়ির পাঁচিল টপ্কে বারান্দার টবের কি-একটা শিশু-গাছের নবোলগত পাতায় আঙ্ল ব্লিয়ে রোজ ভাক্তারের ঘরে আসে। কত প্রভুল্ল, কত বাস্থনীয়!

খবরের কাগজওলা দিনের কাগজ রেথে যায়—ছু'তিন রকম। ও হাত বাড়িয়ে ছোঁয়ও না। সব বিশ্বাদ লাগে। চীনে মারামারি —ভাতে ওর কি ? ও কান পেতে ভাক্তারের জুতোর শব্দের জন্ম প্রতীক্ষা করে। ভাবে, সমস্ত চীন যদি তুব ড়ির মতো একদিন ফেঁলে যায়, যাক্ – আর ও যদি আরেকবার বেঁচে ওঠে! কিই-বা হবে বেঁচে ?—ভাও মাঝে মাঝে ভাবে।

চাকরটার দাক্রণ বিরক্তি লাগছিল নিশ্চয়। এক সময় উপরে উঠে গেল। পর্দাটা একটু সরিয়ে বললে — বাবু, সেই লোকটা। অনেকক্ষণ থেকে ব'সে আছে। — জালালে। বা, বাচ্ছি। নন্সেন্থ।

রমার কিন্ত স্বামীর এই স্বাকশ্বিক মুণার কারণ স্বানবার এতচুকুও কোতৃত্ন

হ'ল না কি নিয়ে বেন ছ'লনে একটা বচসা হচ্ছিল—ভার স্রোভর্কে আরো মুধর ক'রে দিয়ে বললে—এটা আমার চাই-ই, তুমি ঠাকুরঝিকে জার একটা কিনে দাও গে—আরো দামী, আরো মন্ত বুভ

ভাক্তার ক্তোর কিতে বাধ্তে-বাধ্তে বললে ছ'বার ক'রে থরচ করবার মতো আমার প্রসা নেই।

— আল্বং আছে। নইলে আজ কন্ধনো —। ষে-হাতে মড়া কাটো সে-হাত দিয়ে ছুঁতেও দেবো না আমাকে। শোনো, যাচ্ছ বে বেরিয়ে, বায়স্কোপে ষেতেই হবে আজ। আমার আবো একজোড়া বেস্লেট চাই-ই।

ডাক্তার বললে আর একজোড়া নাকছাবি ?

र्टा दमा यामीय कर्शनं र'स वनान आंत अकाका -

নেপালি চাকরটার আবার অভ্যুদ্ধ হয়। বলে—লোকটা একেবারে অভিষ্ঠ হ'য়ে উঠেছে। বলে, আপিদের বেলা হ'য়ে যাছে।

ভাক্তার জুতো মন্মনিয়ে নামে। রমা চেঁচিয়ে ওঠে: রাস্তায়-রাস্তায় রোদ্ধুরে না ঘূরে চট ক'রে চ'লে এলো—ভের কথা আছে। পরে চাকরটাকে ধন্কায়: ক্লণীর আবার আপিন কি রে? যাক না আপিনে, কে ধ'রে রাথছে? আপিনে যাবার গাড়ি চাই না?

ভাক্তারের প্রথম সম্ভাষণ: স্থামার ভিজিট কই ? তিন-দিনেরটা জ'মে গেছে। দিয়ে দিন এবার।

রেবতী পাংতমুখে বললে—মাইনে ত এখনো পাইনি। মাসের মোটে সতেরো দিন আজ।

ভাক্তার বললে —রোগ চোন্দ দিন ছেড়ে চোন্দ বছর অপেক্ষা করতে পারে, আমরা পারি না। দিন। তা ছাড়া ইনজেক্শন্ গুলোর দাম দিতে হবে এক্ট্রা—

—কিছুই ভ নেই—

· ডাক্তার বললে নাচার ! আমাদের ব্যবসা চলে কি ক'রে তাহলে বলুন ?

অতিশর সত্য কথা।—তোমার সামান্ত ব্যবসার থেকে আমার জীবনের দাম চের বেশি—এ অত্যন্ত বাজে মুক্তি। নিকপার নিঃসহার ভাবে রেবতী চেরে থাকে।

তবু বলে—কিন্ত কাল রাজে মন্ত্রণাটা বডড বেড়েছিল।
কথাটা নিতান্ত থাপছাড়া শোনার।
ভাক্তার সিগারেট ধরাডে-ধরাতে বলে—কিন্ত পেটের মন্ত্রণা ব'লে আয়ালেরো

একটা ব্যায়রাম থাকতে পারে। পিয়সায় যথন কুলোয় না, হাসপাভালে গেলেই ভ পারেন—

রেবতী বলে কিন্তু আপিন। চোদ্ধ দিন ফুরুলে কয়েকটা টাকার আশা।
ভাক্তার বিয়ক্ত হ'য়ে বলে – বটে! অত বাব্সিরি ক'য়লে কি ক'য়ে চলে? এই
ইস্মাইল—

हेन्याहेन त्यावेदत हो है (एत ।

গাড়িতে উঠে ভাক্তার উপদেশ দেয় - বিনি পরসার ব'লেই হয়ত : অক্সায় করলে শান্তিভোগ করতেই হবে। বলেছিলেন, পনেয়ো দিন বাদেই সব চুকিয়ে দেবেন—আমি বিশাস করেছিলাম। ভুল হয়েছিল। এই, চালাও।

টাকার জোগাড় হয়। কেমন ক'রে হয়—কি কাজ ভাক্তারের জেনে ?

টাকায় লাড়ে তিন আনা স্থদ—কাবলিওয়াল। বাঁচিয়েছে। মনে-মনে বিধাতাকে বেবতী প্রণাম করে। কাবলিওয়ালার কর্কশ নিষ্ঠ্য বুক্রের অন্তরালে ব'লে বিধাতা ওকে অভয় দেন। একবার ও ভালো হোক—আপিস ত আছেই, ছু'বেলা ছেলে পড়াবে- বাড়তি সময়ে মোট বইডেও নারাজ নয়। নিজের ক্লান্তকাতর দেহটার দিকে একবার তাকায়।

একরকম ছুটেই চলে।

দরজার কাছেই ডাক্তারের সঙ্গে দেখা—বের্লচ্ছিল হয়ন্ত। অদ্রে একটি মেয়ে— ভালো দেখা গেল না, রেবতীকে দেখেই স'রে গেছে।

রেবতী হাঁপ নিয়ে বললে—টাকাটা এনেছিলার।

ভাক্তার অত্যন্ত কটুকঠে জবাব দিল: এই কি দেখা করবার সময় নাকি? জানেন না ? আপনাদের নাড়ী টেপা ছাড়া আমাদের কি আর কাজ নেই ?

তবু না ব'লে পারে না : ভারি বন্ধপা হচ্ছে, অসহ !

--কাল সকালে আসবেন।

ভাক্তার হাত নাড়া দিয়ে চ'লে বেতে বলে। ভবু রেবভী খানিককণ স্বয়মনক্ষের মতো প্রতীক্ষা করে।

ভিক্কই ত বটে। ভাজারের কাছে ভিকা করতে এসেছিল—এক মুঠো ভাত, ছ'টি নিম্রাক্রান্ত দীর্ঘ হুমধুর রাত্তি—করেকটি সহজ নিশ্চিত নিম্রাকৃ।

আবার চলতে স্থক করে। জুভোর গোড়ালিতে একটা লোহা সুধার্ড দাঁভ দিয়ে ওর বা পা-টা ক্ষতাক্ত ক'রে দিচ্ছিল। কুটপাতের ওপর ব'সে জুভোটা খুলে কেলে, একটা ইট দিয়ে রেবতী লোমুপ লোহাটাকে ঠুকতে লাগল। শীতের তুপুরে রাস্তায় স্বভাবতই ধূলো জমে। তার ওপর একটা মোটর যদি হন্ধার দিয়ে চ'লে যায় –দিখিদিকে ধূলোর ঝড় উঠবেই। অভিযোগ করবার কি আছে ?

তবু বেবতীর মনে হয় সামান্ত একটা মোটর পর্যান্ত ওর বিরুদ্ধে চিৎকার ক'রে উঠেছে —নেই নেই, বাঁচবার অধিকার নেই তোমান্ব—

উদ্ধত পোহাগ্রকে বশীভূত করা যায় না।

একটা পড়ো জমিতে কতকগুলি হিন্দুছানী মেধর জড় হ'য়ে হলা করছিল। কেউ বাজাছে ঢোল —কেউ করতালি। কারো গলায় গাঁদাফুলের মালা 'কারো কাঠ-গোলাপের। নেচে হেনে চেঁচিয়ে পাড়াটাকে মাৎ ক'রে তুলেছে। এপারের বস্তির বারান্দায় কতগুলি নোংরা মেয়ে দাঁড়িয়ে-দাঁড়িয়ে এই নৃত্য ও সঙ্গীত সম্ভোগ করছে।

বেবতী এক পাশে ব'দে পড়ল। কোখা থেকে একটা ঘেয়ো কুকুর হাঁচতে হাঁচতে ওরই কাছটিতে এসে বসেছে। রেবতী এই গানের একটি বর্ণও বোঝে না—পথের অন্ত লোকেরা বধির উদাসীনের মতো চ'লে যায়, কেউ কেউ বা বিরক্ত হয়—তব্ রেবতী তন্ময় হ'য়ে এই আনন্দহিল্লোল দেখে—ওর হৃৎপিণ্ডের ক্ষাণ রক্তল্রোভ চঞ্চল হ'য়ে উঠতে চায়। মনে হয় ও-ও যেন এই সঙ্গে হঠাৎ পা ফেলে নেচে উঠবে। এমনি অকারণ আনন্দে চীৎকার ক'রে উঠবে।

হঠাৎ পাশের ফর বৃদ্ধ জরাজীর্ণ কুকুরটাকে অসম্ লাগে। মনে হয় ও বেন এই আনন্দোৎসবকে ব্যঙ্গ করছে। একটা ঢিল কুড়িয়ে কুকুরটাকে ছুঁড়ে মারে - কুকুরটা গোঙাতে-গোঙাতে থানিকটা দ্বে স'রে গিয়ে বঙ্গে – খেন বেশি দ্র হাঁটতে পারবে না আর।

যত দোষ কুকুরটারই। রেবতীর নিজের মনে হয়, ওর শরীরে আর কোন যন্ত্রণা নেই, জুতোর কাঁটাটাও অদৃষ্ঠ হয়েছে। ও থানিকক্ষণ চোথ বুজে থাকে—চোথ মেললেই ও দেখতে পাবে ওর পঙ্গু কুঁজো দেহটা দীর্ঘায়তন সবল ও সতেজ হ'য়ে উঠেছে – মনে এসেছে অগাধ সাধ, ছ'টো হাতে বিপুল কর্ম-প্রবণতা, ছ'টো পায়ে অনস্ত পথপ্রেম!

চোখ খুনেই দেখে সামনের থেকুর গাছটার আড়ালে একটি তারা কাঁপছে। বেশ লাগে দেখতে ! কখন যে উৎসব থেমে গেছে, সভা ভেঙে কখন যে সবাই বিদার নিয়েছে, রেবতীর থেয়াল নেই । দুরে ট্র্যাম-লাইন থেকে থেকে-থেকে চাকার অস্পষ্ট আর্তনাদ ভেসে আসছিল। কুকুরটাও চ'লে গেছে।

রেবভীও উঠল।

## পাধীর নীড়---

আকারে ছোট ছ'লেও এ উপমা চলে না। একটা গর্জ—বেমনি স্থাঁতসেতে এঁলো, তেমনি অন্ধকার। একটা একতলা বাড়ির একটি ফালি —ঘর মোটে একটিই, এক পালে শোয়া, শুরে শুয়েই খুস্তি নেড়ে শাক-চচ্চড়ি রাঁধা যায়।

একটি ভাঙা তক্তপোষ, একটি ভাঙা লঠন একটি ছেড়া ছাতি -

ছ'থানি কাপড়, ছ'টো থালা, ছ'টি বালিস --

স্থার প্রাণী তিনটি। স্থামী, স্ত্রী ও তাদের একটি প্রতিনিধি। তাদের কামনার, তাদের প্রেমের, তাদের ব্যর্থতার।

কুপিটা জালানো হয়নি। গলির গ্যাসের আলো ষেটুকু এসেছে, ভাই। রেবতী ঘরে ঢুকে জুভোটা খুলে তব্জপোষটার ওপর বসল।

শিপ্রা বললে থোকার জর খুব বেড়ে গেছে। তোমাকে এক্ট্নিই আবার বেরুতে হবে যে ক'রে হোক একটা ডাক্তার আনতেই হবে। একেবারে বেছঁ দ হ'রে প'দ্থে আছে টু শব্দটি নেই। শুনছ ?

জনেকটা পথ হেঁটে এদেছে ব'লে রেবতী দেয়ালে হেলান দিয়ে ব'সে হাঁপ নেয় একট্। মুখে কোনো কথা আসে না, চূপ ক'রে থাকে।

শিপ্রা আবার বললে হাতে-পায়ে ধ'রে যেমন ক'রে হোক কাউকে আন। চাই-ই। বাছা আমার এতক্ষণ কি রকম ছটফট করছিল। যাও, ওঠ—

তবু রেবতীর হঁস নেই। কান পেতে কি ষেন শোনে -

বাসর-বাত্তে ও ওর স্বীর নাম রেখেছিল, শিপ্রা। না-জানি কোন কৰির কবিতায় এই নদীটির কথা প'ড়ে ও মুশ্ধ হয়েছিল। বিতীয়বার মুশ্ধ হয়েছিল যখন একটি ভীতৃ কিশোরী তার প্রথম অবগুঠনের অন্তর্যাল থেকে ওর পানে তু'টি অর্থহীন ও অসম্পূর্ণ দৃষ্টি ক্লেকের জন্ম প্রদারিত ক'রে ধরেছিল। অর্থম্ট্টেয়েবনা পার্শ্বর্তিনী প্রেয়নীর দেহে ও বেন কোন নদীর অতিমধ্ব কলগুঞ্জন শুনতে পেয়েছিল: আমার কাছে তৃমি শিপ্রা! আর সবাইর কাছে যাই কেন না হও

শিপ্সা এবার তারস্বরে টেচিয়ে উঠেছে: বাপ হ'য়ে ছেলেটাকে এমনি ছাচিকিৎসায় মারবে নাকি ? ছেলেকে পথ্য দিতে পারবে না তবে বিয়ে করেছিলে কেন ?

রেবতী নিঃশব্দে উঠে পড়ে। হেঁড়া ছোট ব্যাপারটি কোনো রক্ষে গায়ে জড়িয়ে এনম, জুতো আর পায়ে দেয় না। আন্তে বেরিয়ে পড়ে।

শিপ্রা ফের বলে – শিগ্গির ফিরো, কেমন করছে খোকা।

রেবতী বেন কেউ নয়—ওকে একবার জিজাসাও করে না—কেমন আছ ? ছেলেই সব। এর চেয়ে বড়ো আর কিছুই নেই শিপ্তার কাছে।

তবু রেবতী একরকম দৌড়েই চলে। মাঝে-মাঝে ছ'টো হাঁটুতে ছ' হাতের ভর রেথে পথের মধ্যেই হাঁপায়। ভাবে— আমি শিপ্রার কেউ নই, শিপ্রারও না।

শশুরের পরসাতেই ডিসপেনসারি, ন্যাবরেটরি সব কিছু সরঞ্জাম। বাড়িথানা পর্যান্ত। ত্'টো চাকর, একটা বেয়ারা, তিনটে কম্পাউগুর—সবই শশুরের দৌলভে। মোটরখানাও।

মার পেয়ালায় চা ঢালতে ঢালতে বলছিল—একদিন এসো পান্তাড়ি গুটোই। দরজা জানলা সব বন্ধ ক'রে কাউকে না ব'লে-ক'য়ে এসো একদিন টুপ ক'রে বেরিম্নে পড়ি। কি হবে এই সব মাধা মৃণ্ডু ক'রে ?

ভাক্তার রমার তু'টি স্বচ্ছ ও চঞ্চল চোখের পানে চেয়ে বললে কোথায় যাবে ?
— যেথানে কেউই যায় না, এমনি একটা গগুগ্রাবে। যেথানে সব গগুমুর্বেয়

বাস। যাবে ? চল না--

ডাক্তার বলে—তুমি খুব ফাজিল হয়েছ।

রমা ঘাড় ছলিয়ে বললে—বেতেই হবে কোৰাও। আচ্ছা, চল সিমলে—

- এই শীতে ?
- হাঁা, তাই ত মজা। আচ্ছা একবার নিউজেল্যাগু-এ যাবে? না না, ঠাট্টা না, সতিটি নিউজেল্যাগু-এ গেলে তারি চমৎকার হয়। সমূল্রগামিনী হ'তে আমার এক ইচ্ছা করে। আমাকে কে একজন বলজেন, আমার চোথে নাকি তুই অগাধ নীল সমূল দেখা যায়। সতি্য ? তুমি কি দেখতে পাও বলবে?— যাক সে কথা, সত্যি কোথাও চল।

ভাক্তার বললে ভোমার মতো লন্ধীছাড়া হ'লে ভ আমার চলবে না।

রমা হেলে ঢ'লে পৃ'ড়ে বললে – লন্ধীছাড়া হ'তেই দেব না তোমাকে। অঞ্চলে বেঁধে রাথব।

ৰথাসম্ভব মৃথ গভীর ক'রে ভাক্তার বললে আমার অনেক কাজ। তুমি মেয়ে-মান্থব, কি ব্যাবে ?

ঠোট কৃঞ্চিত ক'বে বমা বললে—বটে ? কতগুলো নিরীহ নিরপরাধ প্রাণীকে অকারণে যমের বাড়ি পাঠানো। এ-বাড়িতে একটি কৈকেয়ী থাকত! তোমার সক্ষেদ্দ তাহলে আমি পরম সভীর মতো বনবাদে বেতাম। মোটরটাকেও নিয়ে বেতাম অবিখি।

নেপালি চাৰবটা পর্দার ওপার থেকে ছাক দেয়।

ভাক্তার বলে— চললাম নিচে। তোমার লক্ষে ব'লে ব'লে গল্প করার বাড়তি শমর স্থামার নেই।

টুপিটা মাধার দিরে গটগট ক'রে নেমে যায়। রমার হু'টি গাঢ় গভীর চোখে কণেকের জক্ত একটি মন্থর মেঘ ভেলে আদে। টেবিল পরিকার করে—পরে একটু চিঠিপত্র নিয়ে বলে—রায়াঘরে গিয়ে হিন্দুয়ানি ঠাকুরটার সঙ্গে ভাঙা হিন্দিতে একটু বচসা করে—একটা বই নিয়ে ইজিচেয়ারে শোয়—

অনস্ত অবকাশ—শুক্ক হ'রে একটি মুহূর্ত কাটালেই ওর মনে হয়। কিছু মোটেই চুপ ক'রে বেশিক্ষণ ব'সে থাকতে পারে না। নিজে ষ্টোভ ধরিয়ে কিছু একটা রাঁধতে বসে। মনগড়া নানান রকম থাবার তৈরি ক'রে—স্বামীকে অবাক ক'রে দেবে।

খামী হয়ত বলবেন, বেডে হয়েছে ত ! এ সব অঙুত থাবার কোখেকে এল ? ও বলবে—আকাশ থেকে।

স্বামী থেতে-থেতে হঠাৎ থেমে গিয়ে বলবেন – তুমি বুঝি ফের রারাঘরে চুকেছিলে? তোমাকে— কতবার বলব কয়লার ধোঁয়ায় তোমার চাধ আরো. খারাপ হ'য়ে যাবে। চোথ হ'টো গেলে থেয়ে ফেলতে চাও নাকি?

ও বলবে—মোটেই না। কিন্তু খ্ব গাঢ় নীল আকাশ বা ভাষণ গাঢ় নীল সমূত্র না দেখলে আমার চোখ কিছুতেই ভালো হবে না। থালি-থালি তোমার ঘরের চারদিকের এই অসভ্য বন্ধপাতিগুলো দেখে-দেখে আমার চোখ ক'য়ে গেল।

স্বামী গন্ধীর হ'রে ব্লবেন—এ তোমার মতান্ত স্বস্তার, রমা। তুমি দিন-কে-দিন বড্ড স্ববাধ্য হচ্ছে।

ৰ'লে তিনি রাগ ক'রে থাওয়া ছেড়ে উঠে পড়বেন।

রমার তা খুব ভালো লাগবে। ছুটে স্বামীর কণ্ঠলগ্ন°হ'রে বলবে -- তোমার জন্ত রাখলে কখনই আমার চোখ নষ্ট হবে না। আর, তোমাকে সেবা ক'রে যদি আছই হই----

ৰ'লে ও ওর ভীক্ষ বা চোখটি স্বামীর ঠোটের কাছে রাথবে।

शामी जा शांक्थ कदादन ना । ७८क टीटन मिरा वांतिस निर्क ठ'टन वादन ।

রমার আরো ভালো লাগবে। কাজকর্মের মধ্যে স্বামী একবারো অন্তঃপূরে এসে জাঁর অবকাশরঞ্জিনীর সঙ্গে মধ্বালাপ করবেন না। এক প্লাল জলের দরকার হ'লে ক্যাক্ষরকেই ভাকবেন— ওপর থেকে টেচিয়ে নিজে ঠাকুরকে ভাড়া দেবেন শিগুপির রালা করতে। থেরে-দেরে অঘোরে ছ্মিরে পড়বেন, নিজেই মশারি কেল্বেন। সংসারে তাঁর বেন কেউ নেই—কেবল ঠাকুর আর চাকর।

রমাও রাশ ক'রে থাকবে। থাবে না, চূল বাঁধবে না—ঠাকুর জিগ্গেস করতে এলে বলবে—থিদে নেই। জীবনে বা কোনোদিন বলে নি'। মশারি তুলে আগের মতো সম্বর্গণে স্বামীর পাশে শুতে বাবে না, ইজিচেয়ারটা দক্ষিণের বারান্দার টেনে এনে চূপ ক'রে শুয়ে থাকবে।

ঘরে বাতিটা জ্বলতেই থাকবে। ঘূমের ব্যাঘাত হচ্ছে দেখে স্থামী বিরক্ত হ'ছে এক সময় উঠে স্থালোটা নিবিয়ে দেবেন। ওকে বারান্দায় ঠাগুায় প'ড়ে থাকতে দেখে একবারো ঘরে গিয়ে গুতে বলবেন না। তেমনি লেপের নিচে গিয়ে শোবেন—
একাই।

রমা চোখ বুজে প'ড়ে থাকবে। তাই বেশ।

ওর স্বামীর সঙ্গে এমনি ঝগড়া করতে ইচ্ছা করে। দৈনন্দিন ভালোবাসার একবেয়েমি আর ভালো লাগে না।

বেমন-কে-তৈমন--সেই লোকটা আছেই। অপরা, অনাম্থো। দেখেই ভাক্তারের সমস্ত গা রি-রি ক'রে উঠল।

কোনো কিছু ভূমিকা না ক'ৱেই হাঁকলে : এবারে দিয়ে দিন টাকাটা —

রেবতী মূখ কাঁচুমাচু ক'রে দাঁড়িয়ে পড়ল, ঠোঁট ছ'টো বারকয়েক চেটে ডিজিয়ে নিয়ে বললে—টাকাটা থবচ হ'য়ে গেছে।

ভাক্তার বললে—তবে অক্সত্র দেখন। —আঙ ুল দিয়ে রাস্তা দেখিয়ে দিল।
বৈঞ্চিলে অক্স একটি ক্লগী ব'লে ছিল, গৌরবর্ণ – কিন্তু দুমস্ত গায়ে বীভৎস একটা
বিবর্ণতা এসেছে। তার দিকে চেয়ে ডাক্তার জিক্সাসা করলে – কদ্দিন ভূগছেন?

বেবতী তেমনি দাঁড়িয়েই ছিল। নবাগত ক্ষ্মীর সকে প্রস্নোত্তর সারা হ'রে গেল। দরে বন্ল না দেখে ক্ষ্মীটি চ'লে গেল। ছ'টো হেঁড়া চটি পায়ে দিয়ে এসেছিল তা হয়ত ভূলে ফেলে গেছে।

ভাক্তার রেবতীকে বদলে—আপনিও পথ দেখুন।

রেবতী বললে — ছেলেটা রাজে হঠাৎ হাত-পা নীল হ'য়ে মারা গেল।
আপনাকে দেব ব'লে যা যোগাড় করেছিলাম লব লেই রাজেই ভাক্তারের পিছে
ছুরিয়ে গেল।

ভাক্তার এতেও বিচলিত হয় না। বলে—সেই ভাক্তারের কাছেই বান। এথানে 'জোফোরদের জায়গা হবে না। বেবতী তবু খানিককণ চুপ ক'রে দাঁড়িরে থাকে। পরে সেই -ভেঁড়া ছোট ব্যাপারের তলা থেকে বীর্ণ একখানি হাত ডাক্তারের দিকে বাড়িয়ে দের। বলে— আপনার কাছে একটি ভিকা চাই—

ভাক্তার টেবিলের থবরের কাগজের ওপর চোধ রেখেই বলে —এখেনে ভিক্কেটিকে রেলে না, মশার।

বেবতী বলে—আমাকে এমন একটা সহজ ওষুধ দিতে পারেন যা সন্ধাবেলা খেরে গুলে সকালবেলা আর খুম থেকে উঠতে হয় না? লোকে কেমন ক'রে টেনের তলায় বুক পেতে মরে আমি তা ভাবতে পারি না। ভয়ানক ভাবে আত্মহত্যা করতে আমার ভারি ভর করে। বেশ আরামে খুমিয়ে-খুমিয়ে আমার ম'রে বেডে ইচ্ছা করে। টুঁ শস্বটি পর্যান্ত না। তেমনি একটা ওম্ধ আমাকে দেবেন, ডাক্তার বার্?

ভাক্তার এবার রেবতীর মুখের দিকে তাকায়, বলে —আপনি পাগল হয়েছেন ? স্বরটা বেন তত রুক্ষ নয়।

রেবতী বেঞ্চিটার ওপর ব'সে পড়ে। বলে — মোট কথা, মরতে আমি চাই না হয়ত। কিন্তু বাঁচবারো অধিকার নিশ্চর নেই। তবু এমনি এই অর্থ নিয়েও এই শোক ও দারিজ্যের মধ্যে দিনের পর দিন কাটিয়ে দিতে ভালো লাগে। কিন্তু কত দিন ? স্বাইরই ত একটা স্মান্তি চাই।— আপনাকে হয়ত খুব বিরক্ত করছি। বাচ্ছি এখুনি, কিন্তু একটা কিছু ওযুধ দেবেন ?

ডাক্তার নিরুত্তর। রেবতী দরজার দিকে পা বাড়ায়।

পরে হঠাৎ ফিরে এসে বলে - আচ্ছা, আপনি আমাকে ভালো করতে পারেন না ? দেখুন না একবার চেই। ক'রে ? জগতে এর চেয়ে আর বড়ো কীর্তি কী আছে ? একজন আপনার কাছ থেকে জীবন-ভিক্ষা ক'রে চেয়ে নিল —আপনি ভা পরম গোরবে দান করলেন। আপনি বিধাতার চেয়েও বড়ো। পারেন না ভালো করতে ? সংসারে কত অল্পই চাই আমরা — তথু টিকে থাকার, তথু বুক ভ'রে নিখাস নেবার সহজ ও সাধারণ আনন্দটুকু। দিনের পর রাত, আবার রাভের পর দিন—জুমোবার রাত আর থাটবার দিন—এর বেশি আর কিছুই চাই না। আমাকে ভালো করা সভিটেই কি যায় না, ভাজারবার ?

রেবতী পথে নেমে পড়ে। জাক্তার কি তেবে ওকে ভাকে। পরে নেপালি চাকরটাকে জল গরম করতে হকুম দের, আরো নানা করমাজ করে। দ্রজার পর্দাটা টেনে দিয়ে বেতে বলে।

্রেরজীর চিকিৎনা চলে।

রেবতী বিদায় নেয়। ভাজারই বলে—কালকে আবার আসবেন। ভয় করবেন না, ভালো হ'রে যাবেন।

রেবতী প্রাকৃত্তমন্থে ভাক্তারের দিকে তাকায়। এই একটি কথায় ও বুকের মধ্যে প্রকাণ্ড বল পায়, মৃহুর্তের জন্ম রোদ্রের প্রথবতাটি পর্যান্ত ভালো লাগে। এমন ভাকে চলতে চেষ্টা করে যেন ওর কিছুই হয়নি।

ঘরে ফিরে এসে শোকাকুলা শিপ্রার মাথার কাছে বসে একটু। শিপ্রা দিনরাজ ছেলের জন্ম অপ্রবিসর্জন করছে। রেবতী একসময় ওর একথানি হাত শিপ্রার মাথার ওপর রাখল—একটি শীতল শিথিল শ্পর্শ। কোনো সান্ধনার কথা মূথে আসে না, চূপ ক'রে ব'সে ঘরের চারপাশের ঝুলগুলি দেথে আর ভাবে। মৃত ছেলের কথাই নয়—একদিন ও আবার ভালো হবে, একদিন শিপ্রার তুই চোথ জলভারে এমনি মলিন থাকবে না—

্মেটে মেঝের ওপর বুকটা পেতে শিপ্রা কাঁদতেই থাকে। রেবতী উঠে আপিকে বাবার জন্ত তৈরি হয়।

বেৰতী বিদায় নিলে ভাক্তার থানিকক্ষণ সিগারেট ফুঁকতে ফুঁকতে বিমনা হ'য়ে ব'সে বইল। পরে নেপালি চাকরটাকে ভাকিয়ে কতকগুলি বই পেড়ে কতক্ষণ পাতঃ উন্টোল, একটু পড়লও বুঝি। পরে বললে—এই, ইসমাইলকে বল ত, বেরুব।

षाकात गाफि निस्त वित्रस यात्र।

আশ্চর্ষ ব্যাপার। রমা চাকরকে ডেকে বললে—বলিস কি রে, বাবু বেরিয়ে গেছে ?

এমন কাণ্ড ঘটেনি কোনোদিন। এর আগে স্থের পশ্চিমে ওঠা উচিত ছিল।
এই বেলায় ভাক্তারের বেরিয়ে যাওয়াটা রমার কাছে যেমন অস্বাভাবিক, তেমনি
বেন কডকটা অপমানস্চকৃ। ড্রেসিং টেবিলের আয়নার নিজের কুত্রিম কোপশ্বিত
ঠোটের পানে চেয়ে ভাবলে—সভা্যই রাগ করব আজ।

সাহেৰ-ভাক্তারকে বাড়িতেই পাওয়া গেল। বাঙালি ভাক্তার বললে—ভোমার বঙ্গে একটা পিরিয়াস কেস এসেছে হাতে।

ছু'জনে থানিক্ৰণ প্রামর্শ হয়। সাহেব-ডাক্তার বাঙালি ডাক্তারকে ছুই একটা নতুন ওযুগ বাংলে দেয় হয়ত।

বাড়ি ফিরে ডাক্তার তথুনিই রমার ছ'থানি করণলব স্পর্শ করবার অভিলাহে।

ক্রিখ হ'বে অভঃপুরে ছোটে না। ন্যাববেটবিতে ব'দে কি থানিককণ গরীকা করে।

ওর কেবলই মনে হয়—ছ'থানি ব্যাধিজীর্ণ ছর্বল হাত ওর দিকে কে প্রসারিত ক'বে দিয়েছে, ঘোলাটে ছুই চোখে কি বিবর্ণ বেদনা, ওকে বলছে : আপনার কাছে আমি আমার জীবন ভিকা করছি – আপনি বিধাতার চেয়েও বড়ো!

অনেককণ ব'দে পরীক্ষা করে । পরীক্ষায় কৃতকার্য্য হয় না।

ভারপরে খুব আন্তে-আন্তে সিঁড়িগুলি ভেঙে ওপরে আনে। মানিনী রবা খাটের ওপর ভারে আছে—চুল আলুলিভ, কক — তহ্-লভায় একটি বিপর্যান্ত শোভা — মৃথে একটি বিনম্র উলাক্ষ। ভারে-ভয়ে একটা বই দেখছে। ভাজার পালে ব'লে বললে—একটা সিরিয়ান্ কেস হাতে এসেছে, তাই দেরি হ'য়ে গেল। ভারি ক্লাভ হয়েছি।

তব্ রমা কোনো কথা কয় না। ক্লান্তি নিরাকরণের অমোঘ ঔবধ কি আজ ওর ফ্রিয়ে গেল! ডাক্তার একট্ বিশ্বিত হ'য়ে বললে—কি গো, অস্থ করেছে বৃঝি ? শোও আরো জানলা খুলে!

ব'লে ওর নাড়ী দেখে, কপালে ও বুকে হাত দিয়ে উত্তাপ অহতে করতে চায়।

রমা একটু দ'রে শোয়।

ভাক্তার আরো বিশ্বিত হয়। বোতাম খুলতে-খুলতে বলে—তোমার অস্ত কি আমার ব্যবসা ছাড়তে হবে নাকি ? এদিকে রুগী মরবে আর আমি—

রমা ঠোঁট হু'টো কুঞ্চিত করে মাত্র। বলে—এমনি শান্তিতে মরত, শেবকালে কতগুলি অমাস্থিক ষম্ভণা পেয়ে যাবে আর কি। বেচারা!

ডাক্তার বলে—তোমার কী হ'ল আজ ?

রমা কথা কয় না, চুপ ক'রে বই-এর দিকে চেয়ে থাকে। ভাজ্ঞারও জামা-জুজো ছেড়ে চুপ ক'রে বঙ্গে — ওরই পাশে। সময় গড়িয়ে চলে। একটি বিবাদক্লিট মুখের ওপর হ'টি বাথাতুর নিশুভ চোথ মনে হয়, সেই বিশীর্ণ ছ'থানি হাত বাড়িয়ে দেওয়া। সেই ক্রু শতচ্ছিয় নোংরা আলোয়ানটা—পায়ে জুতো নেই, কাল রাজে ওর ছেলেটি মারা গেছে!

রমা উঠে পড়ে; সান ক'রে আদে। ভাক্তারও স্নান ক'রে থেয়ে নের। তুপুরটা তেমনি মদকলকুজনে অতিবাহিত হয় না—ভাক্তার নিয়মিত অভ্যাদের ব্যতিক্রম ক'রে নিচে ল্যাবরেটরিতে চ'লে যায়, রমা শিশিরম্বিত মান প্রকোরকের মতো চুপ ক'রে শুয়ে-শুয়ে অদ্রবর্তী রাশ্ডাটা দেখে—

সমস্ত ঘরে যেন আসর বিরহের স্থমগ্র একটি শোকস্থারা ঘনায়িত হ'রে উঠেছে। ভাজারের পরীক্ষা তথনো সফল হয়নি। অনেক রাত্রে তরে অন্ধকারে ভাজারের চোথে রেবতীর সেই ক্লিষ্ট বিপাত্র মূথ ভেসে আসে, সেই বিক্লভ দেহটা যেন একটা উন্ধত তর্জনীর মতো ওকে শাসায়, সেই প্রসারিত ত্'টো হাত যেন ওকে নিষ্ঠুর মূট্টাঘাত করবার জক্ত উন্মূথ হ'য়ে ওঠে। ও সহসা পার্যচরী রমাকে তৃই বাছ-বন্ধনে অম্পত্তব করে, ভাবে—ভাগ্যিস্ ঐ কগী রমানয়, ও নিজে নয়—ওর কোনো আত্মীয়-বন্ধু, একজন অপরিচিত পথিক! যেন স্বস্তি পায়। ওর পালে সভি্টের রমা—
স্বচ্ছকান্তি, অভিনবযোবনা, অভিমানিনী।—ও নিজে ক্ষ্মু, সবল, অর্থশালী। তৃপ্তির নিশাস ফেলে।

রমা আজ আর ভালো ক'রে কথা কয়নি, হাসেনি। ভাবে, চঞ্চলা রমার চেয়ে এই মানিনী অবনমা রমার মধুরতা কোনো অংশে হান নয়।

ভাক্তার নিয়মভঙ্গ ক'রে একটু আগেই নিচে নামল আজ। যেন রেবতীর বেশীক্ষণ ব'লে থাকতে না হয়, কেমন আছে না জানি! রমা স্বামীর ভাড়াতাড়ি চ'লে বাওয়ার দিকে চেয়ে থেকে একটা দীর্গনিশ্বাস ফেললে।

তথনো রেবতী এনে পৌছোয়নি—কেউই নয়। বিশেষ কেউ আদেও না। শেষ পর্যান্ত ভাক্তারিই করতে হবে এ-সম্বন্ধে ভাক্তারের কোনোই স্থিরতা ছিল না। ভাক্তার হওয়াটা ওর জীবনে একটা আকস্মিক তুর্ঘটনা। তবু ভাবে—তবু যদি একজন এল, ভধু টিকে-থাকার আনন্দের কাঙাল হ'য়ে, ওরই দোরে ওকে বিম্গ ক'রে কী লাভ ?

ভাক্তার জানলা দিয়ে রেবতীর দেই ধূলিলিগু ব্যাধিজীর্ণ পা-ছু'টে। দেখবার আশায় রাস্তার দিকে চেয়ে থাকে।

ব্যেবতী আনে—অতি কষ্টে। ভাকার চেয়ার ছেড়ে উঠে ওকে সম্বর্ধনা করে। বলে—কেমন আছেন ?

রেবতী অত্যস্ত কাতর-স্বরে বলে—যন্ত্রণা আরো বেড়েছে। আজকে আর আপিস যাওয়া হবে না।

ভাক্তার ওকে চেয়ারে বসতে ব'লে বলে — খুব কি ?

-- थ्व।

ভাক্তার ওকে প্রবোধ দেয় : ও কিছু নয়, সেরে বাবে।

মৃহুর্তের জন্ত বেবতী আবার ওর সমস্ত বন্ধণা ভূলে বায়। বলে—আর কতদিন?

# —এই মাস্থানেকের মধ্যেই ভালো হ'রে উঠবেন।

বেবতী তারি ছপ্তি অম্ভব করে। তাবে—একমাস! বিস্তীর্ণ আছুর সমুদ্রে একটা মাস ত একটা ক্ষণিক বৃদ্ধ । এক বংসর বাদে ও কোনোদিন হয়ত এই পরম ছংখদায়ক পরম কুংসিত মাসটার কথা মনেও করবে না। একবার একটা মাস কোনোরকমে কাটাতে পারলেই হয়! এটা মাদ— চৈত্র মাসে বখন দক্ষিণ থেকে হাওয়া দেবে, সে হাওয়া ওরই জন্য বিধাতা পরম ক্ষেহে পাঠিয়ে দেবেন—ভাবতে চোখের কোণে জল আসে।

বাড়ি এসে বেবতী দেয়ালে-টাভানো বাংলা ক্যালেণ্ডারটা নেড়ে-চেড়ে দেখে। চৈত্র মাসের একটা তারিথ পেন্সিল দিয়ে দাগ দেয়—সাতাশে চৈত্র। সেদিন হরভ ওর শরীরে এই ছংসহ ক্লান্তি থাকবে না—বিশীর্ণা শিপ্রা আবার কলধবনি ক'রে উঠবে। ভাক্রারের সময় নির্ধারণ ক'রে দিতে কিছু ভূল হ'তে পারে— একমাসে না হোক বড় জোর ছ'মাসে ও সেরে উঠবেই। ও মনে-মনে সেই আগামী সাতাশে চৈত্রের বেলা বারোটার কথা মনে করে — ক্যালেণ্ডারে চেয়ে দেখে সে-তারিখটায় রবিবার পড়েছে, আপিস যেতে হবে না! সেদিন রোম্র কত প্রথর হবে, কত ধূলো উড়বে কে জানে? সেদিন ও আবার বছেন্দে হেঁটে বেড়াতে পারবে, অতি সহচ্ছে নিশাস নিতে পারবে—এই ওর স্থথ! হয়ত সেই রোক্রেই ও বেরিয়ে পড়বে— কিছা হয়ত আর কিছু করবে যা মোটেই অসাধারণ নয়।

তবু কিছু না খেয়েই আপিলের দিকে রওনা হয়। কিছুই রাধা হয়নি। ভাবে, পথের থেকে এক পয়সার মৃড়ি-মৃড়কি কিনে নিলেই হবে। দিন কয়েক পরেই ভ মাইনেটা পাবে— আরো কয়েক দিন পরে— যাকই বা না এ রোধো চাক্রি—ছদি আবার স্বাস্থ্য ফিরে পায়, মোট বইতেও নারাজ হবে না।

কিন্ত কত দ্র গিয়েই রেবতী ফিরে এল। শিপ্রা তথনো কাঁদছে। ওর মাধার কাছে ব'সে বললে বাধাটা বড়ড বেড়েছে। ধেতে পারলাম না।

শিপ্রা তবু মৃথ তোলে না। যে-জায়গাটায় ওর সস্তান শেষ চোথের পাতা হু'টি বুজেছে, সেইথানেই বুকটা দিয়ে প'ড়ে আছে। এখন আর একট্ও আওয়াজ করতে পারছে না।

রেবতী চুপ ক'রে ব'দে ভাবে—সাতাশে চৈত্রেও ও এমনি আর্গিস বাবে না।
কিছু আজকের সঙ্গে সেদিনের কত তকাং!

আরে। অনেকগুলি দিন গেল। বে-পথ আসতে আগে রেবতীর পনেরো মিনিট লাগত, এখন সেই পথটুকু ভাততেই ওর একঘন্টার ওপর লাগে। আসে—অডি আন্তে-আন্তে লাঠি ভর দিয়ে—তবু ভাকারকে তার করণার ক্ষা মনে-মনে ধন্যবাদ দেয়। নিকের ক্টটাকে বেশি ব'লেই মানে না, ভাকার যে ওকে বিনা পয়সায় চিকিৎসা করছে, সেইটেই বেশি।

দিন-কে-দিন ওর অবস্থা ভয়ন্বর হ'য়ে উঠছে। হলদে দাঁত, চোথ পাঁতটে, বরাবর সেই ছোট র্যাপারটাই গায়ে দিয়ে আসে—খালি পা—বিকট, বীভৎস।

ভবু যদি বলে: কবে ভালো হবো ? ভাক্তার জবাব দেয়: সবই সময় লাপে মশায়।

আবার যদি বলে: ভালো হবো ত ? ডাজার স্বাভাবিক মুক্কবিয়ানা ক'রে বলে: বড়্ড দেরি হ'রে গেল ব'লেই এতটা বেগ পেতে হচ্ছে। তা, আমার হাতে যথন আছেন, ভালো হ'য়ে যাবেন বৈ কি। এ ত আর হাতুড়ে চিকিৎসা নয়।

ক্ষণিক মৃত্ব একটি হাসিতে রেবতীর ঠোঁট ত্ব'টো একটু বিক্ষারিত হয়। সেই হাসি দেখে ডাক্তারের বুক শিউরে ওঠে।

এক-এক সময় ভাক্তারের মন দাঙণ স্থাণায় কিলবিল ক'রে ওঠে। ইচ্ছে করে, শক্ত মুঠি ত্টো দিয়ে বকের ঠ্যাং-এর মতো বেবতীর গলাটা টিপে ধরে। কিম্বা এমন একটা ওমুধ দের, বাতে বেতে-বেতে মাঝপথেই—

পারে না তা। নিজের ট ্যাকের পয়সা থেকেই ওম্ধ-পত্তের থরচ জোগায়। থেতে শুতে সব সময়েই ভিক্ষার্থীর ত্'টি প্রসারিত হাত ওকে যেন অমুসরণ করে। ও মনে একট্ও স্বস্তি পায় না।

দিন-রাত্রি পরীক্ষা চলে। শরীর অবদন্ন হয়, মন বিম্থ হ'য়ে আসে, তবু ল্যাবরেটরিতে রাত জেগে ব'সে-ব'সে নানান রকম তথা আবিকারের আশার প্রহর গোনে। রমার নির্বাসপতনের অস্পষ্ট শব্দ শোনবার জন্ম ওর আর এতটুকুও কোতৃহল নেই। ও ভাবে, একটা ওম্ধ ও বের করতে পারত—আর রেবতী বদি খালি একটি দাগ সেই ওম্ধ থেয়েই ভালো হ'য়ে বেত—ওর চোথের স্মৃথে রোজ ভোর বেলা এমনি পাংশু মৃথে জীর্ণ বেশে ভিক্ক্কের মতো, অপরাধীর মতো আর দাঁডাত না—

রাড বেশি ক'রেই ওপরে যার। রমা এক পাশে ঘুমিয়ে থাকে, কোনো কোনোদিন ইজি চেয়ারেই—ডাজার থানিকক্ষণ থোলা ছাতে পাইচারি করে, আর কেবলই রেবতীর সেই কুৎনিত রোগবিক্বত ব্যথিত মুখটা ওর মনে পড়ে। মনে হয়. কে বেন ওর পিছে-পিছে একান্ত নিঃশব্দে, একান্ত অলক্ষিতে হেঁটে বেড়াচ্ছে, বেন ছুই হাত মেলে কী ভিক্ষা চাইছে—কী কাহিল ছু'টো হাত! ডাজার তখুনি ঘরে এসে শোর, ঘুমন্ত রমাকে একটু শর্মণ্ড করে না। চোথ বুলে থাকে, মনে হয় সমন্ত ৰাড়িতে বেন রেবড়ীর ক্ষিত মৃতি ক্ষির হ'রে ঘূরে বেড়াচ্ছে—বেন ভিক্কের বেলেই নয়, দ্বার বেলে। যদি যেচে না পার, তবে যেন চুরি ক'রে, জোর ক'রে ছিনিয়ে নিয়ে যাবে।

এক-এক সময় ভাক্তার ভাবে, শহরের একজন সেরা ভাক্তার দিয়ে ওর চিকিৎসা করানো বাক। নিজের ওপর ওর একটা দারুল ম্বুণা হয়। ভাবে, এতদিন বিলেভে থেকে পয়সা থরচ ক'রে ভাক্তারি শিথে আসার এই কি পরিণাম ? ও দূচতার সঙ্গে ব'লে ওঠে: আমিই ভালো করব। থাটের ওপর উঠে বসে। দেখে পালে রমানেই। কখন বে বারান্দায় চেয়ারটা টেনে নিয়ে ওয়েছে, কে জানে ? ভাক্তার অন্থির হ'য়ে খোলা ছাতে টহল দিতে লাগল। আপন মনে বলল – মৃত্যুর সঙ্গে আমারই এ মৃদ্ধ। কখনই জিততে দেব না ওকে।— শ্ব জোরে পা ফেলে ভাড়াতাড়ি হেঁটে বেড়ায়।

পরে আবার ভাবে—কে এ রেবতী ? কোথাকার কে না কে একটা কেরানি, তাকে নিয়ে এত মাথাব্যথা কেন ? ওর জন্ম এত থরচপত্র করা, বিনাম্ল্যে এত পরিশ্রম করা—কি বোকামিই না হয়েছে ! ও ম'রে গেলে ডাস্কারের কী-ই বা ক্ষতি, চিকিৎসা-শাল্পের কী-ই বা অপমান ? যে ভূল করবে, শান্তিভোগ করতেই হবে তাকে—তার জন্মে পরের কী এসে যায় ? রেবতীর কাছে ডাক্তারের কী দায়িছ আছে ? পৃথিবীতে এত বড়ো দয়ার দাগর না হ'লেও ত চলে ! ভগবানের ইচ্ছা, ও কট্ট পাবে, মরবে —তাতে ডাক্তারের কিছুই করবার নেই । কী হবে এ-সব পরের কিছু মাথায় নিয়ে ? ডাক্তার ত আর রেবতীর কাছে থারে না কিছু ৷ ওর ইচ্ছে নেই আর ডাক্তারি করবার, তাতে রেবতীর অভিযোগ করবার কিছুই নেই । নিশ্রম ।

ভাক্তার হঠাৎ রমাকে ঠেলে তুলে বললে—চল, কাল ভোরেই আমরা কোথাও বেরিয়ে পড়ি। আর ভালো লাগছে না কলকাতা—

রমাও হঠাৎ তার অভিমানের ঘোমটা টেনে ফেলে উৎস্কু উৎফুল্লস্বরে বললে— খাবে ?

ভাক্তার থানিকক্ষণ চুপ ক'রে থেকে বললে— কিছু হাতে যে প্রকাণ্ড একটা রুগী, ক্রেমন ক'রে যাই ?

রমা ঘাড় ফিরিয়ে ফের চোথ বুজে প'ড়ে থাকে। ডাক্তার বললে বাঁচবার কি অদম্য ইচ্ছা ওর! সমস্ত ইচ্ছার চেয়ে প্রচণ্ড। কালই যাওয়া হ'তে পারে না।

বিনিম্ন রাজি রমার অসম্ব লাগে। বেন কোন্ একটি অপরিচিত বেদনা, কোন একটি আসর মৃত্যুর ঘনায়মান অন্ধকার ওর আর স্বামীর মধ্যে কি একটি অদৃষ্ঠ মবনিকা বিস্তার করেছে। এই অভিমানের ভার কবে যুচবে? রমার চোখ জনে ভ'রে মাসে। ভাবে, মামীর থেকে ও বেন কত দুরে স'রে গেছে। এই নিচুর অকারণ বিচ্ছেদ মার ও সইতে পারে না।

ভাক্তার আবার গিয়ে শোয়। ভাবে—ভোর হ'লেই আবার রেবতীর সঙ্গে দৃথা হবে। ভাবতেই ভয় হয়। সারা রাভ আর ঘুম হয় না। রমারও না।

একদিন সত্যি-সত্যিই রেবতী আর এল না।

ভাক্তার ঘুম থেকে উঠেই নিচে নেমে এসেছিল রেবতীর প্রত্যাশার। পূবের জানলাটা দিয়ে বছক্রণ রাস্তার দিকে তাকিয়ে রইল—এই বৃঝি রেবতী আসে! যে যায় তারই মৃথের দিকে তাকাতে চেষ্টা করে; ইচ্ছে করে ভেকে স্বাইকে ভ্রধায় কারু কোনো ব্যাধি আছে কি না, সমস্ত ব্যাধির মুখোম্থি দাঁড়িয়ে সংগ্রাম করবার জনমা স্প্রা জাগে।

হঠাৎ এক সময় নেপালি চাকরটাকে ভ্রধায় : সেই বাবৃটি এসেছিল রে ? চাকর উত্তর দেয় : না ত !

আর কখনই বা আসবে ? এসে ফিরে যাবার মতো অসহিষ্ণু সে নয়। তব্ রেবতী আসছে না দেখে ডাক্তার একটুও স্বস্তি বোধ করছিল না। এটা ওটা ক'রে আরো থানিকক্ষণ কাটালো, আবার চুপ ক'রে চেয়ারটায় বসলো। ভাবলো আজ যদি রেবতী আদে, তবে নিশ্চয়ই ওকে ডাক্তার ওর মনোমত ওযুধ দিয়ে দেবে। ও সভািই এবার যাক, ডাক্তারকে মুক্তি দিক!

কিন্ত, কেন রেবতীকে ভালো করা যাবে না?— ভাজার নিজের ভীক্ষতা ও অক্ষমতাকে সহসা মনে-মনে কশাঘাত ক'রে সজাগ হ'য়ে উঠল। আবার হেলান দিয়ে ভাবতে বসলো—ব'য়ে গেছে! ছনিয়ার সবাইকে যদি ভালো ক'রভে হবে তাহলে এখানে মাছ্যের পা ফেলবারো জায়গা হ'ত না। রেবতী মরবে, সে একটা বেশি কথা কি ? ও ত একটা না-খেতে-পাওয়া গরিব কেরানি মাত্ত!

ডাক্তার আরো থানিকক্ষণ ব'লে থেকে কি ভেবে ওপরে উঠে গেল।

রমার খুম ভেঙেছে বটে, কিন্তু বিছানা ছেড়ে তথনো ওঠেনি। ভোরের রোদ একটুখানি চুলে এসে পড়েছে, ছুই চোখে সদ্য-জাগরণের একটি প্রশাস্ত আভা! উঠে কি-ই বা করবে ভেবে ওঠেনি, গুয়ে-গুয়ে কিছু না-ভেবে সময় কাটানোটা বেশ উপজ্ঞোগ করছে।

ভাক্তার ঘরে এসে চেয়ারে বসলো। রমা ভাবছিল তেমন দিন থাকলে এই বিছানায় এসেই উনি বসতেন, ওকে চুমু থেতেন, এথনো ওঠেনি দেখে একটু ধক্তেন, হয়ত বা হাত ধ'রে টেনে তুলে দিতেন— ভাক্তার অপরাধীর মতো কিছুক্ষণ চুপ ক'রে থেকে বললে সেই রুগীটি আজ এখনো এলো না।

त्रमा ७ स्त्र ७ स्त्रहे वन्त्न-- (वाथ इम्र इ'स्त्र श्राह ।

—না না, হ'তেই পারে না তা।— ডাক্তার একরকম চেঁচিয়ে উঠল: আমি ওকে ভালো ক'রবই। ওকে আমার ভালো ক'রতেই হবে।

রমা ঠাট্টা ক'রে বললে – হঠাৎ এত পরার্থপরতা ?

ভাক্তার ততোধিক ব্যঙ্গ ক'রে বললে—মেয়েমান্নষ, তুমি তার কি ব্ঝবে ? এ হচ্ছে যুদ্ধ, আমি জয়ী হ'তে চাই।—কিন্তু কেন সে এলো না।

রমা উঠে ব'সে একটা ফাঁস খোঁপা বাঁধতে-বাঁধতে বললে – চিকিৎসার হাভ থেকে সরতে পারলেই হয়ত ও বাঁচে।

ক্ষেপে গিয়ে ভাক্তার বললে—ওর মৃত্যু বৃঝি এতই সন্তা কেননা ভালো ক'রে চিকিৎসা করবার ওর টাকা নেই, ওর পথ্য ছোটে না, ও পাপী ? বাঁচবার অধিকার ষদি কারু থাকে, ত থালি ওর। আমার তোমার নয়।

রমা ভুরু কুঞ্চিত ক'রে বললে—কেননা ওর আপিস করতে হয়, না খেতে পেয়ে ওর ছেলে মরে— ওর জীবনে কোনো উদ্দেশ্য, কোনো আনন্দ, কোনো আকাজ্জা নেই—তাই ?

নিচে কিসের আওয়ান্ধ শুনে ভাক্তার উৎকণ্ঠিত হ'য়ে ব'লে উঠল: ঐ বৃধি ও এলো। ওকে আন্ধ আর বাড়ি যেতে দেব না, এথানে রেখেই চিকিৎসা করব। দেখি সারে কি না।

ব'লে ভাড়াভাড়ি নেমে যায়। ঘরে ঢুকেই চেঁচিয়ে ভাকে : ঝুন্টু, ঝুন্টু !

নেপালি চাকরটা পর্দা সরিয়ে এসে দাঁড়ায়। ডাক্তার বলে—বার্টি এসে বৃঝি ফিরে গেল ? আমি ওপরে ছিলাম, ডেকে আনলি না কেন ? বোকা!

बून्ট्र वनल - कार्रे वात् चारमि।

— আদেনি ? ভাক্তার জানলার কাছে এসে একটু দাঁড়ায়। পরে চাকরটাকে টাকা দিয়ে বলে— নিগারেট নিয়ে আয় কিনে। একটা কাগজে নিগারেটের নাম লিথে দেয়। আরো বলে— রাস্তায় যদি সেই বাব্টিকে দেখিস, বলিস যে ভাক্তারবাবু এখনো বাড়িতেই আছেন। বুঝলি ?

বিকেলেও রেবতী এলো না। দিনের মুমুর্ আলো দেখে রেবতীর রোগক্লিষ্ট পাণ্ডর কুৎসিত মুখ মনে পড়ে।

ডাক্তার ওপরে উঠে গিয়ে রমাকে বলে- চলো, কার্নিভালে বাই।

পরে বলে—চিরকাল আমার ভাক্তারি করতেই হবে এমন কথা কুর্টিতে আমার লেখেনি। ছেড়ে-ছুড়ে একদিন পরম বৈষ্ণব হ'মেও যেতে পারি। যথন যা মন চায় ভাতেই মন দেব— তাই স্থা। একটাকে নিয়েই চিরজীবন আঁকড়ে থাকতে হবে এ-কথা মানায় বোকা বা প্রতিভাবানের মুখে। আমি ও ছ'টোর কোনটাই হ'তে চাই না। নাও, চটপট সারো।

রমা সাদাসিধে একথানি শাড়ি পরে। কচি নিয়ে ডাক্তারের আজ আর কোনো প্রশ্নই ওঠে না। এ-বাড়িটা থেকে কোনো স্থযোগে বেরিয়ে পড়তে চায়—রমাকে একলা ফেলে যেতেও মন বেন কিছুতেই সরে না।

গাড়িতে রমার একখানি হাত নিজের ত্'হাতের মধ্যে কঠিন ক'রে চেপে ধ'রে ডাক্তার বলে—আমরা কত ছোট আমরা একটি মানুষের সামান্ত চোথের জলও মুছে দিতে পারি না। কত অক্ষয় আমরা।

কার্নিভাল রাজোভানের মতো শোভা পাচ্ছে। রমা আর ডাক্টার ত্র'জনেই অক্সম্মের মতো হেঁটে বেড়ায়, যেন পথ ভূলে এসে পন্দেছে এথানে, কোনো উদ্দেশ্য নেই। ডাক্টার বলে—হুইপ-এ চড়বে ?

त्रमा वल-ना. बाक।

সমস্ত উৎসবের আলোকমালা মান ক'রে ডাক্ডারের চোথে একটি রোগবিবর্ণ বিকৃত ও বিষণ্ণ মুখ ভেসে বেড়ায় ছুই চোথে তার কি নি:শন্দ ব্যাকুল যাক্কা! স্থামীর বার্থতা-বোধের বেদনা অহুভব ক'রে রমা নিজেকেও বার্থ মনে করে, হেসে কথা কইতে চায়, নিজের হাসি নিজের কাছেই অত্যন্ত করুণ লাগে।

ফিরে যাবার সময় গাডিতে কেউ একটিও কথা কয় না।

বাড়ি এসে অন্ধকারে ডাক্টার যেন কা'র বিধাক্ত দীর্ঘনিশাস শোনে—যেন কা'র হাহাকার রাশীকৃত হ'য়ে আছে। ও তাড়াতাড়ি ভয়ে পড়ে— শোবার আগে একটা ঘুমের ওবুধ থেয়ে নেয়, যাতে রাতে আর ঘুম না ভাঙে।

রমা তক্নিই ওরে পড়ে না, ডেুসিং টেবিলে আয়নায় নিজের মূথের দিকে চেয়ে থাকে। নিজেকে হঠাৎ অত্যন্ত বিফল ও নিরাশ মনে হয়। অপ্পষ্ট ক'রে অতীতের একটুথানি আবার মনে পড়ে।

সকাল বেলা উঠে ডাক্তারের অত্যম্ভ ক্লান্তি লাগছিল, তবু দেরি না ক'রেই 'নিচের ঘরে গিয়ে বসলো।

বুন্টুকে জিগ্গেদ ক'রে জানা গেল —দে-বাব্টি আজো এখন-তক্ আদেনি। রোদ বত চড়া হয়, ভাক্তারের মন ততই হতাশ, চঞ্চল হ'য়ে ওঠে। তারপর এক সময় মোটর নিয়ে বেরিয়ে পড়লো, স্কে কভগুলি টা্ফা নিয়ে। সাহেব-ভাক্তারকে তাঁর বাড়ি গিয়ে পাওয়া গেল। তাঁকে তার প্রাণ্য ভিজিট আগে দিয়েই ভাক্তার বলে—তোমাকে আমার সঙ্গে এক্সুনি এক জায়গায় বেতে হবে। বোধ হয় আর নেই।

সাহেব টাকাটা ডুয়ারে রেখে বলে—আগে দেখেই আসি।

এঁদো গলি—এক পাশ দিয়ে একটা কাঁচা নর্দমা-—সাহেব নাকে কমাল দিয়ে দাঁড়ালো। ডাক্তার ঠিকানাটা আবেকবার মিলিয়ে দেখলে। পরে চেঁচাতে লাগলো: রেবতীবাবু, রেবতীবাবু!

ভেতর থেকে কোনো সাড়া আদে না, একটা কান্তার শব্দও না। তথু ছুপুরের-রোন্তের প্রথরতা নির্ণয় করবার অক্সই যেন একটা কাব্ব নিদারণ কর্মশব্বর চীৎকার করছে।

অগত্যা দরজা ঠেলেই ভাকার ঢুকে পড়ে—পেছনে সাহেব। এই পথ দিয়েই হয়ত মৃত্যু এসেছে, কিন্তু নিঃশব্দ পদস্কারে, কী অলক্ষিতে —কাপুক্ষরের মতো।

একেবারে ঘরে চুকে প'ড়েই ডাক্তার বলে—রেবতীবারু কেমন আছেন ?

তক্তপোষটার ওপর রেবতী শোয়া— হিকা উঠেছে। এবারে যাবে, বড় জোর-ঘণ্টা ত্'য়েক আছে। দেখেই ভাক্তারের মন হাহাকার ক'রে উঠল। পাশে ব'সেই। নাড়ী পরীক্ষা করলে। সাহেবকে বললে— হোপলেস।

সাহেব কি-একটা ওয়ুধের কথা ব'লে চ'লে গেল।

মৃন্ধুর শিয়রে একটি জীলোক ব'সে মৃত্-মৃত্ পাথার হাওয়া করছে — ভাজার জহমানে বুঝলে, মেয়েটি রেবতীর জী। ভারি শীর্ণ, মলিন—কোলের ওপর কার ছোট একটি লাল জামা, একটি ভাঙা ঝুমঝুমি। ওকের দেখে সম্বস্ত হ'য়ে ঘোমটাটিনে দিয়েছিল, এখনো ঘোমটার কাঁক দিয়ে সেই ছোট লাল জামাটিই দেখছে।

মেঝের ওপর কতগুলি বমি — কতগুলি মাছি ভন্-ভন্ করছে।
ডাক্তার বললে — বমিটা কথন হয়েছে ?
প্রথম কিছু বলতে চায় না, পরে বহু অভয় পেয়ে শিপ্সা বললে— কাল।
—এখনো নিকোন নি কেন ?
শিপ্রা উত্তর দেয় না।
ডাক্তার বললে — আপনাদের আর কেউ নেই ?
শিপ্রা ঘাড় নেড়ে বললে—কেউ নেই।
ভাক্তার বললে — বহুন, আমি এই ওর্থটা নিরে আসছি।

ওর্ধ এনে রেবতীকে খাইরে দেয়। রেবতীর আর খাবার শক্তি নেই, কব বেরে গড়িরে পড়ে। ডাক্তার ভাবে, শেষ পর্যান্ত অপেকা ক'রেই যাবে নাকি? কী লাভ থেকে? কে ওর রেবতী?

সমস্ত ঘরে দারিদ্রোর কী কদর্য বীভৎসতা ! বাসনপত্র ওলোট-পালোট, এঁটো তোলা হয়নি কত দিন থেকে কে জানে, নোংরা জামা-কাপড় আর পোড়া করলার ছাই, রোগীর বমিতে আর জামাতে একাকার ! আর রেবতীর মুখটা কি বিকট, ভয়ত্বর—হাঁ-করা ঠোঁট ত্'টোর মাঝে কি কুৎসিত ত্বণা ! — ডাক্তারের সমস্ত শরীর রি-রি ক'রে উঠল । আবার বললে—আপনাদের কেউ নেই আর ?

শিপ্রা তেমনি ঘাড় নেড়ে জানালে—কেউ নেই।

ডাক্তার তারপর স্বাব কিছু না ব'লেই টুপ ক'রে বেরিয়ে এলো।

মোটরে ক'রে অনেকক্ষণ বিমনার মতো ঘুরতে লাগলো। ভাবে—এই বুঝি রেবতীর নিশাস থেমে গেল, কি হবে তারপর ? ঐ মেয়েটির কি হবে ? কোথার যাবে ? রেবতীই বা কোথায় গেল ? হয়ত এখনো যায়নি, হয়ত এখনো আরেকবার শেষ চেষ্টা ক'রে দেখলে হয়।

किन्छ क्वन ? शक ना।

বাড়ি এসেই ভাক্তার রমাকে বললে—ও গেল। পারলাম না বাঁচাতে। রমা আর্ডস্বরে চেঁচিরে বললে গেছে ?

—এখনো হয়ত একেবারে যায়নি। কিন্তু যাবে। কেউ নেই একা স্থী। কোথায় যে ভাসবে কে জানে। মেয়েটি কিছুই হয়ত বুঝতে পারছে না।

পরে বললে — সত্যিই ও আর ভাল হ'ল না, রমা। হাঁা, ঐ অমুথ হ'লে ভাল হয়ও না, এমনি বেরাড়া অমুথ। আমি চেটা করতে আর কমুর করলাম কই ? এই রোগে প্রতি বছরে আমাদের দেশে হাজার হাজার লোক মরে। হাজার হাজার রেবতী। — কে কার খোঁজ রাখে ?

পাইচারি করে স্মার বলে – যাক, বেঁচে থাকলে একদিন না একদিন ক্ষেত্র ভূগত। বাঁচাটা বিজ্ঞান বহু আর কিছুই মনে হ'ত না। এই বেশ হ'ল—শাস্তি পেলে। আমার কাছ থেকে একদিন আত্মহত্যা করবার জন্ত বিব পর্যন্ত চেয়েছিল। যাক, আত্মহত্যার পাপ ত আর করেনি—

চেয়ে দেখে রমা ছুই হাতে মুখ ঢেকে কাঁদছে। - কেন? রেবতী মরল ব'লে সেই ছু:খে, না ডাক্তার তাকে ভালো করতে পারল না - লেই লক্ষায়?

আবার অন্ধবার অ'মে উঠেছে। কন্কনে শীতের হাওরা বইছে। একটু মেছও করেছে বৃধি।

ভাক্তার ছাতে পাইচারি ক'রে বেডার—মনে হয় ওর অপরাধের যেন অস্ত নেই। মনে হয়, বেবতী যেন লক্ষ-লক্ষ করতল প্রানারিত ক'রে ওর কাছে তার জীবন ভিক্ষা করছে। যেন বলছে— যে-জীবন আমার নিলে, ফিরিয়ে দাও, ফিরিয়ে দাও!

ভাজার যুষের ওর্ধ থেরে তাড়াতাড়ি শুরে পড়ল। রমাও। বাডালের বেগ বেড়েছে অন্ধকারে মরাকারার মতো!

হঠাৎ রমা খুমের মধ্যে উৎকট চীৎকার ক'রে উঠল : ওগো, কে ঘেন ডাকছে

ভাক্তারও অকমাৎ ঘুম ভেডে আর্তনাদ ক'রে উঠল : কে ? রেবতী ?

এবং উঠেই জানলা দিয়ে নিচে মুখ বাড়িয়ে দিয়ে দেখলে রেবতীর সন্ধান পাওরা যায় কিনা। কিছুই দেখা গেল না। খালি, এই শীতের রাভেও ফুটপাতের ওপর কতগুলি গৃহহীন পথিক শুয়ে আছে।

আর কিছু না!

যে-কে-সে

নান দীঘি—উত্তর-পশ্চিম কোণে অন্ধকৃপ!

ছবিটার বিশেষ কোনো, অর্থ আছে ব'লে কারুই কোনোদিন মনে হয়নি—
জিরিয়ে-জিরিয়ে অর্থ করবার মতো সময়ও কারো সন্তা নয়। মোড়ের মাথায় ট্রাম
থেকে নেমেই অন্ধকার খোপরিতে গিয়ে মাথা গলাতে হয়। বাইরে যে একটা প্রকাপ্ত
আকাশ আছে মনে করবার মতো কারো ফুরসং নেই। না থাক, ভাতে কারু কিছু
ক্ষতি হয়েছে ব'লেও মনে করে না কেউ।

বাঁধা রাস্তা, ছোট পৃথিবী, বোবা আশা— বল্লারু কেরানিরা আছে বেশ বৈঠকখানা থেকে বেরিয়ে বউবাজারে প'ড়ে সোজা ভ্যালহোসিঃ ছোলারে গিয়ে ওঠা
— সমস্তটা পথ বিনয়ের মৃথস্থ হ'য়ে আছে। ফিয়ার লেনের কাছে সেই বুড়ো
রিক্ষাওরালাটা কিরায়ার আশায় ব'লে ব'লে ঝিমোয় : চিৎপুরের মোড়টা পেরতেই
সেই খোঁড়া ভিক্কটা তমনি হাত পেতে ভিক্ষা চায় সেই একছেয়ে হ্লরে—কতদিন
খেকে যে এমনি বলছে তার হদিন নেই— না বদলেছে একটা কথা, না বা হ্লয়েয়
একটা টান ! আর কত দূর এগিয়ে এলেই কতগুলি অসহায় রোগা, পাঙ্র মৃথ,
পানে-ঠালা তোবড়ানো গাল, চাললে চোথ, পান্ডটে কপাল —মৃথের আগাগোড়ায়
একটা ঘোলাটে, ফ্যাকানে ভাব ! সেই বন্ধা রনিকতা, রাজে হাজ্লামের, কেই

ব'সে ব'সে কলম-চালানো—পুরোনো, পচা, ভেজাল !— এভ বড়ো পৃথিবীতে ভরের আর কিছুই করবার নেই।

সেই ভিথিরিটার কাছে তার কারার বেমন অর্থ নেই—তেমনিই।

দিন যায়— এর মধ্যে এইটুকুই শুধু লাভ বে মাস ফুরোয়। ক্যালেগুারের দিকে চেয়ে-চেয়ে ওরা প্রত্যেকটি দিন গোনে — সপ্তাহের আর ছ'টা কালো দিনের ওপর চোখ বুলিয়ে যেই রবিবারের লাল দিনটির কাছাকাছি আলে অমনি চোথ খুশিভেডাগর হ'য়ে ওঠে—সেই দিনটির সম্ভাবনায় ওরা ব'লে ব'লে স্বস্তির নিখাল ফেলে—শনিবার আপিল থেকে গিয়েই বিছানায় প'ড়ে প'ড়ে ঠেলে ঘুম দিভে পারবে ভেবে ভৃপ্তির শেষ থাকে না, কেননা রবিবার সকালে কেউ আর আপিলের দোহাই দিরে ঘুম ভাঙাতে গা ঠেলবে না বাঁচা যারে!

কিন্তু দিন কি সত্যিই কাটে ?

আপিসে চুকেই নিজের চেয়ারটা টেনে বসতে যেতেই—সেই মৃথ! একদিনো
নড়চড় হয় না। সেই, স্ভায়ের বাধা নিকেলের চশমাটা নাকের ভগায় এসে ঠেকেছে,
সেই কৃঞ্চিত কৃৎসিত মৃথের উপর একটা বীভৎস বিবর্ণতা, নীচের পুরু ঠোঁটটা চেপে
রেথে তু'টো অপরিকার লখা দাঁত চোখা হ'য়ে ঝুলে রয়েছে, বা গালে প্রকাশু একটা
মাংসের চিপি, তার মাথায় বড়ো একটা আচিল—ঐ মৃথটা দেখলেই বিনয়ের সমক্ত
গা কালিয়ে আসে; মনে হয়, ওঁর টুটিটা চেপে ধ'য়ে ওঁকে একেবারে সাবাড় ক'য়ে
দেয়! বেঁচে থেকে ওঁর লাভ কি—কি দরকার ? ক্রপণ কৃষ্টিত আকালের যেটুকু করণ
আলো এ-ঘরটিতে এসে পড়েছে, হাত বাড়িয়ে তাকে লুফে নেবার অধিকার ওঁকে
কে দিল? সামনে থেকে উনি স'য়ে গেলে বিনয় যেন ভালো ক'য়ে আয়ো একট্
নিশাস নিতে পারবে, খোলা জানলা দিয়ে এক টুকরো নীল আকাশ ওর দিকে
চেয়ে এক মৃহুর্তেই যেন চেনা ক'য়ে ফেলবে। বুড়ো শিববাব্কে ওর মনে হয় যেন
শ্রশান থেকে উঠে এসে চেয়ারে ব'সে একট্ হাফ নিচ্ছেন!

অথচ লোকটার বিনুমাত্র ভব্যতা নেই। বাট ছোঁয়ছোঁয়, কিন্তু ওঁর চরিত্রে নাঃ
আছে বার্দ্ধকোর গান্তীর্য, না বা বয়সোচিত ব্যবধান। যৌবনে লোকটা দেদার থরচ
ক'রে ক'রে এখন একেবারে ফতুর দেউলে হ'রে গেছেন—ভধু স্বাস্থ্যেই নয়, সহজ
সামাজিক শ্লীলতায়ও। সমস্তটা মৃথ ব্যাভিচারে চিম্সে হ'য়েও ধারালো আছে,
ছ'টো চোথে সমস্ত ছঃথের অন্তর্মানেও একটা অকৃত্রিম ধূর্ততা, বুকের পাঁজরগুলি
অ'লে অ'লে শেষ হ'য়ে এলেও ওদের তলাকার আগুন এখনো নেভেনি। ইাই
পর্যান্ত কাপড় তোলা, সার্টে একটাও বোভাষ নেই, মুখে তাড়ির গদ্ধ, থক থক ক'য়ে
কেন্দে মেন্ডের ওপরই থৃতু কেনেন, আর সমর নেই অসমর নেই গকেট থেকে চাকঃ

চাকা ভালের মিছ্রি বার ক'রে কড্মড্ ক'রে চিবিয়ে খান—কোনোদিন পকেটে ক'রে কাঁয়ক্ডা-ভাজাও নিয়ে আসেন কাগজে মুড়ে।

বোবনে কা'কে নাকি উনি ভালোবেসেছিলেন ! সে-কথা জাঁক করে বল্লভে ওঁর একটুও লক্ষা নেই, বরং বেন খুব মজা পাছেনে চোখ-মুখের এম্নি একটা ভাব করেন। বলেন : ভালোবেসেছিলাম বটে, কিন্তু তাকে মর্য্যাদা দেবার মডো ভাষার সাধনা ছিল না, সাধ্যও ছিল না।

ওঁর সারা মুথে প্রতিহিংসার একটা কঠোর উগ্রতা আছে। সমুথের দাঁত ফুটো অত তীক্ষ হ'য়ে ঝুলে রয়েছে ব'লেই হয়ভ। চোথ রুজে ওঁর কথা ভাবলে থালি ঐ হিংশ্র দাঁত ফু'টোই চোখে পড়ে।

বলেন—সাধে কি আর বাপ-মা সথ ক'রে নাম শিব রেখেছিলেন ?—ভথু ভাঙ্ থেয়ে টং হ'য়ে প ড়ে থাকবার জয়েন্ট নয় হে—

গলা থাঁথরে পরে বলেন—কাঁধ ত্'টোতে বে সভীর দেহভার ব'য়ে বেড়াবার ক্ষতা ছিল তাও ওঁরা জানতেন নিশ্চয়। কিন্তু সে-মেহনৎ আর ক্রতে হ'ল না। সেই কাঁধে আজকাল আপিসের ফাইল ব'য়ে বেড়াচ্ছি। বাঁচা গেছে। যাই বলোভাই, মরা মাহুবের ওজন আছে কিন্তু।

সবাই উৎস্থক হ'য়ে বলে—ব্যাপারখানা কি, শিব-দা ? মদন-ভক্ষ ?

— ব্যাপারখানা স্থকতেই ভারি গুরুতর। দশ বছর প্রণয়ের রিহার্দেল দিয়েদিয়ে ঠিক বিয়ের আগে স্থবমা দেখা করতে এলো করজোড়ে নিবেদন করলে:
আপনি আমার দাদা, আপনাকে চিরকাল দাদার মতোই পূজো ক'রে এসেছি।
বললাম: সে কি স্থবমা ? সেদিনো মে কবিতার প্রেমনিবেদন ক'রে চিঠি লিখেছ ?
স্থবমা বললে: ওসব ছোট বোনজ্ঞানে আমাকে ক্ষমা করবেন। বললাম: বেশ।
শেষকালে আমাকে তোমার স্থামীর কাছে শালা বানিয়ে রেখে গেলে?

স্বাইর হাসি ও আগ্রহ আরো বেড়ে গেল, গলা উচিয়ে জিজেস করলে—চলে গেল স্থরমা ?

—সহক্ষে কি বেতে চায় ভাই । —প্রধাম ক'বে বাবে। বললাম : সক্ষেবেলা হাত পা ধুয়ে তব্রুপোবের ওপর ব'সে আছি, পারে ধুলো ত নেই ; দাঁড়াও, বাইরে থেকে থালি পায়ে একট্ ঘুরে আসি গে। ঘুরে এসে দেখি হুরমা ঘরে নেই। তখন মাইরি একটা সনেট লিখতে ইচ্ছে হয়েছিল, বুকটা একেবারে ফুটো হ'য়ে সেছে কি না—সনেট লেখবার ভুরীয় অবস্থা।

<sup>—</sup>ভারণর ?

<sup>—</sup>এর আবার ভারণর কি? বছর করেক পরে নারেকবোদ-এ দেখা। অচিন্তা/২/৩•

দেখলাম—খাসা মোটা হয়েছে —দিব্যি টাবা নের্। একেবারে একটি নধর চোল, কিছা তারো রাজসংভরণ—পিপে। দেখে চোখ জ্ডিয়ে গেল। ভরীপোতটির নাম ভনলাম, কন্দর্শারি। নাম ভনে কিছ বিশেব ভরসা হ'ল না, ভাই। কেননা, নামের লক্ষতি রাখতে গিয়ে তাঁকে যদি সতীদেহ কাঁথে ক'রে বেড়াতে হয়, তাহলেই হয়েছে।

সমস্ত নির্মম ব্যঙ্গোজির অন্তরালে প্রচ্ছন্ন একটি নিরানন্দতা আছে। ওঁর বিবাজ বীজংস মুখের পানে চেয়ে স্বারই একটা ভয়াবছ বিভ্যুলা জাগে বটে, কিছু কেমন একটা করণাও হয়। ওঁকে দ্বুণা করা অসম্ভব।

ব'লে চলেন: কিন্তু ভগ্নীপোভটির আমার সেই দায়িত্ব বইতে হ'ল না। ছোট বোনটিকে পটল-সেদ্ধ থাবার ব্যবহা ক'রে দিয়ে নিজে আলগোছে এক দিন পটল তুললেন। সেদিন সভ্যিই স্বন্তির নিশাস ফেললাম, বিনয়। ভাৰলাম, ওর বৈধব্যের সঙ্গে-সঙ্গেই আমার বিয়ের লগ্ন এসে পৌচেছে

মৃখের প্রত্যেকটি কর্কশ রেখা চোখকে বিদ্ধ করে। সবাই স্তম্ভিত হ'য়ে ওঁর কথা-গুলি যেন গিলতে থাকে, কারু জিভের ভগায়ই প্রতিবাদের ভাষা আসে না।

একটু থেমে শিববাব্ ফের বলেন—উনপঞ্চাশ বছরে বাত আর বউ ঘরে আনলাম। তার পরের ইতিহালটা আগের মতো ক্ষিপ্ত না হ'লেও নেহাৎই সংক্ষিপ্ত। বউ বাতের ছুতোয় শয়াশায়ী হ'রে রইলেন, বড়ো বড়ো ছেলে ত্'টো মারা পড়লো, একটা ঘুড়ি ওড়াতে গিয়ে ছাত থেকে প'ড়ে—আরেকটা কালীপ্জোয় হাউই ছুঁড়তে। একটা মেয়ে হয়েছে—এইটুকুন, পাঁচ বছর বয়স – কোমর থেকে পা পর্যন্ত অবশ। শাম্কের মতো ব্কে হেঁটে-হেঁটে চলে —দেখতে সে ভারী মজার! মেঝের ঘ্যায় বুকে ঘা পর্যন্ত হ'য়ে গেছে। তোমরা একদিন বেয়ো আমার বাড়ি। আমার মেয়ের বুকে-হাঁটা দেখে আসবে। পয়সা দিয়ে দেখবার মতো। সভিত্য। —ভগু কি তাই ? ওর নাম রেখেছি ফুৎফুৎ। যদি বলি: ফুৎফুৎ, মা আমার! গালভরা হাসি ওর দেখে কে ? ছোট-ছোট ছ'খানি হাত বাড়িয়ে আমার দাড়ি ধরতে চায়! পারে না। ওর মুখের সামনে উরু হ'য়ে ব'দে ওর এই নিক্ষল চেটাটি উপভোগ করি। তোমরা বেয়ো একদিন।

শিববাবুর স্থী বিছানার ভয়ে ওয়েই পাড়া মাধার করতে থাকেন। ভখন আপিন-ক্ষেৎ শিববাবু মাত্র বাড়ি ঢুকেছেন।

--বাৰ্লি, ভোমার কি হায়া হবে না কোনোদিন ? আমাকে ভূমি এমনি ভইরে-

चই্রেই মারবে নাকি ? আমার সারা পিঠে খা হ'রে গোল সেদিকে ত আজো নজর পড়ল না ? বুড়ো হ'রে কি চোখে ছানি পড়েছে ? উঠে খেতে পারি না ব'লে কি উপোস ক'রে ক'রেই আমসি হ'রে বেতে হবে ? দাঁত বার ক'রে হাসতে হয়, ড' কেওড়াতলায় গিরে হাস গে।

च्रत करमरे मश्राम हज़राज बारक।

শিববাৰু বলেন—তোমার আর-আর অঙ্গ-প্রত্যঙ্গের মতো জিভটা বে করে অসাড় হবে আমি ভাই থালি ভাবি।

স্বী স্বার্ড চীৎকার ক'রে ওঠেন : দাও না, তাই দাও না, টু'টিটা ধর না টিপে, জিভটা বেরিয়ে পডুক।

শিববাবু হেদে বলেন—ছি ! স্ত্রীলোকের একচেটে অধিকার সেই বৈধব্য থেকে ভূমিই বা বঞ্চিত হবে কেন ? আর ক'টা দিনই বা সবুর করতে হবে ?

ব'লে শিববাৰু মাটি থেকে বিকলাঙ্গ মেয়েটাকে কোলে তুলে নিয়ে রান্নাঘরে গিন্ধে উন্নদে আগুন দেবার চেষ্টা করেন। ধরাতে কি পারেন ছাই! বোজুই এমনি হয়। মেয়েটাকে উপুড় ক'রে নামিয়ে রেথে চুপ ক'রে ফ্যানের টগবগ শোনেন।

কোনো রকমে ভাত ভাল নামিয়ে একটা থালায় ক'রে থানিকটা নিয়ে জীর মুখের কাছে এনে ধরেন। বলেন—প্রিয়ে, থাও।

শ্বী মৃথ ঝামটা দিয়ে ওঠেন : ভোমার হাতের ছোঁয়া আমি থাব না। ব'লে মৃথ সিঁটকোন।

স্বামী বলেন—আমার হাতের চড়-চাপড়ো ত আর কম থাওনি। হাতের এ ফুটো গরম ভাতও তোমার সইবে।

শ্বী তেতে বললেন—ফেলে দাও আন্তাকুঁড়ে।

মূখের কাছে থালাটা আরো একটু ঠেলে নিয়ে স্বামী বললেন—ভাই ড ফেলছি। হাঁ কর।

चौ मां ए मां परित्र बहेत्नन।

শিববাবু বললেন—তোমাকে ষডই কেন না ঘেরা করি, এক বিষরে ভোমাকে আমাব ভারি ভালো লাগে—তৃমি মোটা নও ব'লে। ঢাাঙা ছিপছিপে গড়ন আমার ভারি পছকা। ভোমার এই অহুথটিকে তাই আমি অহরহ ধন্তবাহ হিই। নইলে, আমার কপালে তৃমি একটি আন্ত পিপে হ'য়ে দাঁড়ালেই হ'ত আর কি! সর্মেনী হ'তে হ'ত।

ন্ত্ৰী মুখ খি চিন্নে বললেন--- চেলাকাঠ- আর ঝাঁটার কাঠি ছটোই ঢ্যাভা আৰ ছিণ্ছিপে - — শত্যি ! এই উপমাটার জন্ত তুমি ফুল-মার্ক পেতে পার— ে ः । ৩-ব্'টোর বে খুব ভালো সাদৃশ্য আছে এ কথা আমার আগে মনেই হয়নি । নাও, খেয়ে নাও । কেননা রাগটা জুড়িয়ে খেতে গেলে দেখবে কপালদোরে ভাতটাও জুড়িয়ে গেছে । সে-বোকামি তোমাদের ধাতে আছে কিনা ।

ভাতের থালাটা বিছানার ওপর রেখেই শিববার উঠে এলেন।

স্থী ভাবলেন-প্রতিশোধ একটা নিতে হবেই। কিছু না-খেয়েই নয়। সকাল থেকে পেটে কিছু পড়েনি, রাগের চেয়ে ক্ষ্ধার ধারই বেশি।

বিছানাটার কাছেই শিববাব্র সেই বোতামহীন ভোরাকাটা সার্টটা প'ড়ে ছিল।
থেয়ে না-আঁচিয়ে সেই সার্টটাতেই হাতের এটো রগড়ে-রগড়ে মুছলেন। কাল কি
প'রে আপিসে যান, দেখা যাবে।

পাশের ঘরে শিববাবু মেয়েকে ঘুম পাড়িয়ে পাইচারি করছিলেন। আকাশে হয়ত ক্লফপক্ষের বিবর্ণ পাণ্ড্র চাঁদ ছিল, ফাল্পনের রাতে কুঁড়ির অন্তরালে কত কিশোরী রজনীগন্ধা হয়ত প্রফুল যোবনের অপ্র দেখছিল—কত কি হচ্ছিল, তার কি কিছু হিসেব আছে? অগুন্তি আশা, অফুরন্ত অন্ধকার, অঢেল অশুন্তল। কিছু শিববারু তাবছিলেন মদের দোকানে গত মাসের দেনাটার কথা—সব চুকিয়ে না দিতে পারলে গলায় একটি ফোটাও গলবে না। কত বাকি আর মাস ফুরোতে?

হঠাৎ আপিলে সেদিন শিববাবু বিনয়কে প্রশ্ন করলেন : আপনি বিয়ে করেছেন ? বিনয় বললে—করেছি বৈ কি। বিয়ে আবার কে না করে ?

— বলেন কি ! আপনাকে খুন করব, বিনয়বাবু !

বিনয় হেসে বললে—কেন ? বিয়ে করেছি ব'লে ?

শিববাৰু শৃত্যে একটা খুসি মেয়ে বললেন—নিশ্চয়ই। তেত্তিশ টাকার কেরানির: শাবার বিয়ে কি।

বিনম্ন বললে – পৃথিবীর' সমস্ত জিনিসই বুঝি টাকায় ধার্য হয়, শিববার ?'
বিবাহ কি ওধু একটা বিলাস ?

শিববাৰ জন্মটি ক'রে বললেন—কে বলে নয় ? অথটাই সেথানে প্রকাণ্ড উপদর্গ। কাট্রন উপদর্গ—থাকে কি তাহলে ? ওধু লাস। লাস-বাহক হওয়াটা খুব ক্ষথেক নয়।

বিনন্ন বললে— আপনি কি বলতে চান, টাকাই ভালোবাসার কম্পাদের কাঁটা 🏲 তেত্তিশ টাকার কেরানিকে বৃদ্ধি কেউ ভালোবাসতে পারবে না ? শিববাবু অবাক হ'রে বললেন—আপনাদের দিনে ভালোবাসার বাজার-দর প'ড়ে গেছে বুঝি। তেত্রিশ টাকা ?—ভারি সক্তা ত। মেলে ঐ দরে ?

- —এ আপনার বাড়াবাড়ি, শিববার্। সব জিনিস উড়িয়ে দেওয়াই আপনার ফ্যাসান। হরিশ্চন্দ্র যথন ভিক্ক হ'য়ে পথে বেফলেন তথন শৈব্যার ভালোবাসা টিকিয়ে রাথবার জন্তে তাঁর টাকে তেজিশটা আধলাও ছিল না। ভূলে গেছেন বুলি ?
- কিছুই ভূলিনি ভাই। কিন্তু আজকালকার শৈব্যারা যে বেজায় সভ্যা হ'য়ে উঠেছেন। কত তেক্রিশ টাকায় একথানা 'কার' হয় মৃথে-মৃথে হিসাব কবতে পার ?
  - ·· ছাই ! কবিরা বলেন এক ফোটা অঞ্চল তথু।

মৃথ গন্তীর ক'রে শিববাবু বললেন - আপনার ফাঁসির আরেকটা চার্চ্ছ পাওয়া গেল, বিনয়বাবু! আপনি আন্ধকাল নিশ্চয়ই কোনো ছি চকাঁছনে কবিতা পড়ছেন। কেরানির আবার ও কেন ? চালাবেন কলম, তারে তারে বউ-এর মেকছতে ঘা হ'লে লাগাবেন মলম। থালি এই তুই কান্ধই ত দেখতে পাচিছ।

থানিক থেমে ফের বললেন—ধরুন, আপনারো একটা উপদর্গ আছে— আপনি গ্রান্ধ্রেট। কাটুন আপনার উপদর্গ—কি থাকে? নর, নর, নর! জেজিশ টাকাও নয়।

তর্কের খাতিরেই হয়ত তর্ক করা—নইলে বিনয় কি জানে না সব ?

জীবনে যে সব বাড়তি আশা ছিল সব কেটে-কুটে মানানসই ক'রে এই তেবিশটাকার কেরানিগিরির সঙ্গে খাপ খাইয়ে নিতে হয়েছে। টিকে থাকবার জন্ত আলো আর হাওয়াটুকুও হিসেব ক'রে কিনে নিতে হয়—দোকানি একটি কাণাকড়িও ভূল-চুক করে না। যে সমস্ত চোখা ও ধারালো আকাজকা ছিল ভাগা তার লোহার হাভুড়ি দিয়ে পিটিয়ে-পিটিয়ে সব ভোঁতা ক'রে দিয়েছে। পরিচিত জুড়োর মধ্যে পা গলালেই যেমন তাকে আত্মীয় ব'লে মনে হয়, তেমনিই এ জীবন। কোখাও এতটুকু ব্যতিক্রম নেই—নিটোল, নিভাজ। ছি ড়ে গেলে ফের তালি লাগিয়ে নিতে হয়।

বেমন, প্রথম পক্ষটি মৃক্তপক হ'রে পলাতক হ'তেই বিনয়ভূষণ কের তালি লাগিয়ে জীবনের ফাঁকাটা ভরাট ক'রে তুলেছে।

এক খুনে ভাকাত নাকি একবার সন্ত্যাসীর গেক্ষা প'রে ফেরার হরেছিল। মজা এই, সংসারে আর নাকি ফেরবার নামও করেনি রুলি নিয়েই ঝুলে পড়েছে। তেমনি ধারা বিনয়ভূষণও কেরানির মুখোস প'রে ঠিক তারই মধ্যে মুখের ভৌলটি মানানসই ক'রে নিয়েছে— মুখের মধ্যে এমনি একটা হতালা, এমনি একটা মালিজ। —এপারে ওর এই পুরোনো বালিখনা নড়বড়ে ঘরের মধ্যে নড়বড়ে ভক্তপোষটি; ওপারে ক্লাইভ ফ্লাটে প্রায়ন্ত্রনার ঘরে একখানা ছারণোকান্ত্রল চেয়ার—জীবনের ওর সদর রাজার টার্মিনান ঐ পর্যন্ত । এর বাইরে কোথায় এরোপ্নেনে ঠোকাঠুকি লাগলো, কোথায় কোন্ দেশ যুদ্ধের সাঁজোয়া প'রে সন্তিন উচিয়ে ব্যাপার সন্তিন ক'রে ভূলেছে,মড়ক লেগে কোথায় সমস্ত সহর উজার হ'য়ে গেল – এ-সব বাজে খবরে ওর প্রয়োজন নেই । আজকাল বাঙলা দেশে নিবারণ চক্রবর্তী নামে বে একজন অমিভ-শজিশালী কবি উঠেছেন, ও তার থবরই রাখে না । রাথলেও, তাকে আসভে দেখে বারণ করতে বা বন্ধণ করতে কোনটাতেই ওর স্পৃহা নেই ।

অথচ তর্কের মুখে মুখ বুজে থাকা ওর ধাতেই নেই—সব বিষয়ে মন্ত জাহির করা চাই-ই। সে-মত বেমনি পুরোনো তেমনি পচা— তার মধ্যে একটা উৎকট উগ্রভা আছে। মেয়েদের শিক্ষার বিহুদ্ধে ও থড়গহস্ত, স্ত্রী-স্বাধীনতা ওর তু' চোথের বিব, তপোবল বতটা না হোক্ তপোবনই ও বেশি পছন্দ করে। বিধাতা ওকে বেন করমায়েদ দিয়ে তৈরি করিয়েছিলেন।

সন্ধা। ভালহোসি-স্বোয়ারের চার-পাশের রাস্তাগুলোতে লোক কিলবিল করছে। আপিস ভেঙে গেছে; বউবাজারের সরু ফুটপাত ধ'রে কেরানিরা সার্ বেঁধে মার্চ ক'রে চলেছে—কাঁথে ছাতি। যেন যুদ্ধ জয় ক'রে ফিরছে।

কিন্ত এই সন্ধায় ওর ঘরের কি অবস্থা ও বেশ ভেবে নিতে পারে। বড় ছেলেটা আছা ন' দিন ধ'রে জরে পুড়ছে— এক ফোঁটা ওর্ধ পড়েনি। ছোট মেয়েটা ট্যা ট্যা করছে নোংরা মেঝের ওপর প'ড়ে—অবাদ্ম্মী চারু নিঃশন্দে ঘরের কাঞ্চ ক'রে বাছে ক্ষিপ্রপদে—পরনের কাপড়টা সেলাই-করা, হ'টি হাতে থালি হ'টি শাথা, নাকের উপর একটা নাক্ষাবি আছে ব'লেই মুখখানিকে বেশি করুণ মনে হয়!— নিশ্চরই এখন উন্থনে আগুন দেওয়া হয়েছে, সমস্ত পাড়াটা দম বন্ধ ক'রে আছে, কাচা ছেনের ওপর মশাগুলি গুঞ্জন ক'রে ফিরছে।

চিরাভান্ত পদক্ষেপে বিনয় এগুতে থাকে।

মালের পনেরোই— মেল-ছে। কাপড়ের তাড়া থেকে মুথ তুলে শিববারু বললেন
— বাই বলুন, আপনাদের পরম ধার্মিক ভগবানবাবৃটি আর বাই হোক, ভারি
বেরলিক।

কথাটা কোথায় গিয়ে পৌছুবে ঠাওরাতে না পেরে বিনয় কলম থামিয়ে চুপ ক'রে রইল।

শিববাৰু খুণাৰ হাসি হেসে বললেন— দ্বকার হয়নি ব'লেই আপনাদের ভগৰান-

বাৰ্টিকে খোলামোদ কৰিনি, ভাৰ জন্তেই বোধহুৰ এমন একটা খেলো ছুনিকভা কৰলেন। আমাৰ মন্তন গৰিব গোবেচাবাৰ ওপৰ হাত না তুললে বৃদ্ধি তাঁৰ ভক্তাৰ লাখৰ হ'ত। বলিহাৰি!

विनन्न वनल---व्याभाव कि ?

—ব্যাপারটা জলের মতোই তরল ও লোজা। বড়বাবু বললেন— এই দিন পনেরো ফুরুলেই আমাকে তলপি গুটোতে হবে। বললেন: বুড়ো নিয়ে আর কাজ চলবে না, এমৃ. এস. সি. আসছেন। মনে-মনে বললাম: ভোমাদের ভগবানবাবৃটির ত বয়দের গাছ-পাধর নেই, তাঁকে থারিজ করবার কারু মুরোদ নেই ব'লেই বৃঝি আমার ওপর তমি! বড়বাবু বললেন: ভিস্মিস। বললাম: লেলাম, গুভমনিং। এমন ভাবে ভিস্মিস কথাটি বললেন বেন আমাকে মোলায়েম কিসমিস থেতে দিলেন আর-কি।

বিনয় বাথা পেয়ে ব'লে উঠল : চাকরি গেল, শিববার ?

টেবিলের ওপর কলমটা ছুঁড়ে ফেলে শিববাবু বললেন—্তথু কি চাকরি? স্কালে-বিকালে ত্' পেয়ালা চা পর্যান্ত। বেতো স্ত্রী, বিকল শিত। সংসারে আর রইল কি ?

বিনয় কঠিন ক'রে বললে—সংসারে বা ছিল তা নিয়ে কোনো দিনই ও আপনাকে গর্ব করতে দেখিনি। ত্রী পিটটান দিলে আপনিও বে বুক-টান ক'রে আপনার নামের মর্ব্যাদা রাখবার জন্ম কিছু ব্যস্ত হবেন তেমন ছুর্বলতা ত আপনার চরিত্রে নেই। আপনার ভাবনা কি ?

শিববাবু বললেন—স্ত্রী পিটটান দিলে শ্বশান থেকে তাঁর প্রান্ধবাসরের পথটুকু ইটিতে গিয়েই আমাকে সটান শ্রীঘরে গিয়ে ঘরজামাই হ'তে হবে—তাবনাটা তারি জন্তে। বিয়োগান্ত নাটকার আমি পেছপা নই বিনয়বাবু, থরচান্ত নাটকাতেই আমার ভয়।

হঠাৎ কণ্ঠন্থরটা কোমল ক'রে বললেন—কিন্ত মুঠির মুখ্যে থেকে একজন এমনি ফসকে বাবে এও বে সয় না সহজে। বহু বছর আগে এমনি একদিন একজন ভোজন বাজির মতো উবে গিরেছিল! মাহ্মবের নাগালটা এত ছোট, মুঠি ছুটো এত ছুর্বল কেন? বারে বারে ভাগ্যের কাছ থেকে এ-হার আর হাত পেতে নিতে পারি না বে।

বিনয় ভুক কুঁচকে বললে—নিভে পারবেন না জেনেও ভ অনেক জিনিব নিয়েছিলেন, শিববাৰু। এ-হারও ভাই নিভে হবে।

— নিতে হবে। সেইটেই কথা, শত চেটা ক'রেও রাখা বার না।

## —রেখে লাভ ?

—এমনি রাখার জন্তে রাখা—রাখতে পারার মধ্যে ভারি একটা গৌরব আছে। যেতে দিতে তবু যে মন চায় না। কিন্তু আমি রেখে দিতে চাই—আমার বেতো স্ত্রীকে, কান্তাল শিশুটিকে, যেমন আজো এই বুড়ো বয়সেও সেই বছদিনকার ভূলে-বাওয়া যৌবনের প্রথম ফু:খটিকে রেখে দিয়েছি।

শিববাবুর চোখ জলে ভরে আলে বুঝি, বিনয় হতভদ হ'য়ে চেয়ে থাকে।

শিববাবু চোথের জলটা রুথে রেখে বললেন—আজ আমার গতযৌবনা কাছিল কলালসার স্ত্রীর শুকনো কুৎসিত মুখের পানে চেয়ে যেন নিজের জীবনের শৃগুতাটাকে মুখোমুথি ক'রে দেখলাম। তার সীমা কে নির্দেশ করবে ?

আপিস ছুটি হ'তেই শিববাব কুঁজো হ'য়ে ছাতি বগলে ক'রে আন্তে আন্তে পথ চলতে ক্ষক করলেন। কোন্ পথে বাড়ি বেতে হবে তারো যেন হদিস নেই—কোধায় এর শেষ, তারো ঠিকানা নেই কোনো। গিয়ে আবার উত্থন ধরাতে হবে, সকালে আপিসের তাড়াতাড়িতে এঁটো বাসন ক'টা মাজা হয়নি, তাই মাজতে হবে গিয়ে—মেয়েটা হয়ত কাঁদছে আর বুকে হেঁটে-হেঁটে বাপকে হয়ত এ-মরে. ও-মরে পুঁজে বেড়াছে! তাকেও একটি বার কোলে নেওয়া চাই।

সেদিন বিনয়কে শিববাবু বলেছিলেন: আপনার কি, জোয়ান বয়েস, একদিন সংসারে বীতস্পৃহ হ'য়ে বেরিয়ে পড়বেন। গোতম বদি পৃথিবীর কাছে ক্ষমাভাজন হ'য়ে থাকে, আপনিও হবেন।

বিনয় বলেছিল: আপনার ত মহাপ্রস্থানের সময় এগিয়ে এসেছে শিববাবু, বানপ্রস্থ নিয়ে ভেসে পড়ুন না।

কি জানে বিনয় ? বিকলাঙ্গ অবোলা শিশুর কী কাকুতি—রোগা পদ্ মৃষ্র্ ব্রীর কাতর দৃষ্টির কী গভীরতা !

শিববাবু চোথ ছাড়িয়ে বেডেই বিনয়ের মনে হ'ল—লালদী বি কথাটার মধ্যে একটা রূপক প্রাক্তর আছে। দী দির জল কেরানিরই রক্তে লাল হ'রে উঠেছে। উত্তর পশ্চিম কোণে অন্ধকুপ ওদেরই কিংসটন কোম্পানির আপিসটা।

আছকের ঘটনা স্থদ্র ভবিশ্বতে যখন প্রাতম্ব হ'রে উঠবে, তখন এই হবে ভার বাখ্যা।

মাস ফুরোয়—কৃষ্টিত স্থিত মূখে নৃতন মাসের প্রথম তারিখটি বেন বহু যুগ পরে হেসে এসে দেখা দেয়।

- শিববাবু বললেন আজই শেব, বিনয়বাবু।
- विगन हम्तक खर्ठ : किरनद ?
- আমার চাক্রির, আমার স্ত্রীর।
  - —আপনার স্থীর মানে ? কেমন আছেন তিনি ?
  - मकान त्थरकहे चान छेटांट । तहें रन वादन अवादन ।
  - —বলেন কি ? ভবে এসেছেন কেন <u>?</u>

একট্ হেনে শিববাব বললেন —এসেছি কেন ? চরিশটা টাকার জন্তেই ত সব— বরস্ত ত্রী, বিকলাঙ্গ শিশু। তাকে আর অর্জন করতে না পারলেও বর্জন করতে ত পারিনে।

বিনয় বললে — আচ্ছা, এখন চলুন বাড়ি, আমি যাচ্ছি আপনার সঙ্গে।

্ হাত জ্বোড় ক'রে শিববাবু বললেন —মার্জনা করবেন। আমার জন্ম কট সইতে হবে না আপনার। ব'লেই চোখের নিমেষে শিববাবু খ'দে পড়লেন। বিনয় ও হ'রে রইল।—ভাবলে, বড়োর বড়াই এবার ঘূচেছে।

বেমন-কে-তেমন — আন্তে আন্তেই পা চালিয়ে চলছিল—অক্তমনশ্ব, উদাসীন। হঠাৎ একটা মোটর গায়ের ওপর হুড্মৃড়িয়ে পড়ছিল আর-কি! আচমকা মোটর থেকে কে ডেকে উঠল: আরে, বিনয় বে!

কলেজের বন্ধ — সৌরীন। হাওয়া থেতে চলেছে, পাশে নবপরিণীতা স্ত্রী। সপ্রতিত স্থলর মেয়েটি!

বিনম্ন বললে — বছদিন পরে খুব জাঁকালো রকমই সম্ভাষণ করছিলে, ভাই ! কেমন আছ ?

স্ত্রীর স্থন্দর ম্থথানির পানে চেয়ে সৌরীন বললে —চমৎকার। আর ভূমি ?

- ছ্যাক্ড়া গাড়ি। তোমাকে দেখে ভারি খুলি হ'লাম। মোটর কবে কিন্লে ?
- —- নেরেকে মোটরে চড়িয়ে বেড়াবার জন্ত খণ্ডর বৌতৃক দিয়েছেন। আচ্ছা, বাই।

ভতক্ষণে সোফার ষ্টার্ট দিয়েছে। মোটর বেরিয়ে গোল।

নেই দিকেই থানিকক্ষণ তাকিরে থেকে বিনয় আপন ব্কের মধ্যে কোথায় যেন একটি বাক্যহীন অস্পষ্ট বেদনা অহন্তব করলে। হাওরায় মেরেটির চূল ও ঘোমটার ওড়া থেকে পশ্চিম আকাশে প্রথম অক্ট তারাটির ফোটার মধ্যে যেন একটি স্থমপুর স্থাবেশ আছে। এই স্তিমিত সম্ভালোকে আকাশের নিচে ওদের জীবনের এই নিভ্ত মুহূতগুলি খালি একলা ওদেবই । কোখাও এতটুৰু বাধা নেই, না বা এতটুৰু আড়াল ! মেয়েটির মুখে অপরিসীম ভৃত্তি, সোরীনের চাপা ঠোটের কোণে কি উজ্জল অহন্বার ! সব, সব মিছে—সমাজ, সংলার, শালান—সমস্ত । আজকের সন্ধ্যায় এই স্থনিবিড় অন্তরক্তার তুলনা কোখায় ?

পকেটে তিনখানি দশটাকার নোট, আর তিনটি খুচরো টাকা। এই টাকা তিনটি ও অপবায় করবে। ও টাাল্লি ক'রে চাককে হাওয়া খাইয়ে আনবে। হিসাবের খাতায় থরচের ঘরে এত বড় বাহাজানি জীবনে কোনোদিন হয়নি, না হোক্; এই ভাকাতির বিশ্বজে ও বিবেকের কোনো ভাকেই কান দেবে না। ওখু চাককেই চৌরক্তী আর গড়ের মাঠ দেখিয়ে আনবার জন্ম নয়েত্রেকও ও ভালো ক'রে নক্ষক্রনীও আকাশ দেখিয়ে আনতে চায়—প্রিয়া নারীয় অন্তর্লীন রহস্তাটি উদ্ধার ক'রে নিতে চায়, ও চায় ক'টি মৃহুর্তের জন্ম ওর কেরানি-জীবনের য়ানি ভূলে খেতে, চাকর য়ান হ'টি চোথের মণি কোতৃকে কলহাক্তে সারিখ্যে চুমনে চঞ্চল ক'রে তুলতে।

মনে অফুরক খুলি নিয়েই ও চলেছে— হঠাৎ পাশে থেকে কে ভাকলে: বিনয়বাবু!

চেয়ে দেখলে – ভ ড়ির দোকান। বেন্ধায় ভিড় লেগেছে। কে ভাকে ওথান থেকে ?

মৃথ বাড়িয়ে চেয়ে দেখলে—শিববাব্! মদ থেয়ে চুচ্চুুরে মাভাল হ'য়ে ব'লে আছেন—হতঞ্জী চেহারাটার এমন একটা ছবিষহ কদর্য।ভা আছে যে গা রি-রি ক'রে এঠে।

বিনয় একটু এগিয়ে এদে বললে—এ কি হচ্ছে, শিববাৰু ? আপনার স্ত্রী মর-মর,
আর আপনি—

শিববাব বাধা দিলেন: আরে ভাই, এমনিই বাবে, এভক্ষণে কাবার হ'রেও গেছে হয়ত। মিছিমিছি ভাজার ভেকে কভগুলি গরচা দিই কেন? কভ দিন ধ'রে গলাটা কাঠ হ'রে ছিল, থবর ভ রাথ না? নিজের প্রাণ উৎসর্গ করাটা যভ বড়োই মহৎ কাজ হোক না কেন দাদা, আত্মরকা করাটা ভারো চেয়ে মহৎ।

বিনয় বললে— আপনি বে এত বড়ো পাৰও জানভাষ না।

শিববাবু না চটেই বললেন—কোনোদিন ভ থাওনি, ভাই ওর ৰাজ্ও জান না। পাষওই বটে। আরে ভাই, মদ না থেয়ে বে শ্মশানে মড়া পুড়ভে পারি না আমি।

विनम्र वन्त्न- नव ठाकाठाई त्राह् ?

— এই শেব পান্তর। একটা ফুটো পরসাও নেই। খাবে ভাই একটু ? সিটি! কিনয় গর-গর করতে করতে বেরিয়ে গেল।

তা'বি জন্তেই আজকের দিনে চাক্রর মুখে গালে ঠোটের কোণে ও হাসির হাসক্হানা কোটাবে এই ওর পণ। শিববাব্র স্থার মতো যদি অভিমান ক'রে ও-ও মৃত্যুর অভিসারিণী হয়! নারীজাতির ওপর শিববাব্র এই মর্মান্তিক অপমানের ও প্রতিশোধ নেবে। যে-চাক্রকে অবহেলায় ঠেলে রেখেছিল তাকে আজ ও আদরে, স্নেহের ঐকান্তিকতায় ভূবিয়ে দেবে। চাক্র তা'র অভ্যন্ত সঙ্কীর্ণ গৃহকোণ থেকে বাইরে বেরিয়ে আফ্রক ওর হাত ধ'রে।

স্ত্রী-স্বাধীনতা ও চায় না বটে - কিন্তু থালি আন্ধকের সন্ধ্যাটুকুর জন্ম যদি একটু ব্যতিক্রম হয় তাতে গোটা মহাভারতটা অন্তর হ'য়ে যাবে না।

সেই উন্থনের ধেঁীয়া, সেই ছোট মেয়েটার প্রাণাস্ককর চাঁচানি, সেই জ্বেনের ভ্যাপসা গন্ধ — কিন্তু বিনয়ের মূখে বিরক্তির চিহ্নটি পর্যন্ত নেই। প্রশান্ত লাবণ্যে মূখ ছেব্নে গেছে। বললে—চারু, মাইনে পেলাম, নাও, রাখ।

চারু তার পেলব করতলে টাকা কয়টি গ্রহণ করলে। চাবি দিয়ে টিনের বাস্কটি খুলে কাপড়-চোপড়গুলির তলায় যত্ন ক'রে টাকা কয়টি রেখে দিল।

হঠাৎ বিনয় বললে--ট্যাক্সি ক'বে বেড়াভে যাবে, চাক ?

ওর চোথে ভাসছিল সৌরীনের গর্বোজ্জল প্রদীপ্ত মুখ ও পাশে তার অকুটিতা স্বন্ধাবগুটিতা নববধৃটির কথাভরা হ'টি চোথের স্বচ্ছ আভা! পৃথিবীতে উন্থনের ধোরা আর ডেনের গন্ধই ত সব নয়!

বিনয় ৰললে—চল, বেরিয়ে পড়ি, একথানা ফর্সা দেখে শাড়ি প'রে নাও। আছে ত ?

চারুর চোথে মুথে খুশি উপচে পড়তে লাগল, বললে- হঠাৎ এই সথ ?

—স্থটা হঠাৎই হয় চাক-কভদিন যে ফাঁকা আকাশ দেখিনি, তুমি গুনে বলতে পারবে না। চলো, দেরি ক'রো না।

বেরেটা তথনো তারস্বরে চেঁচাচ্ছে। মেয়েটাকে মাটি থেকে তুলে নিয়ে তাকে একটু আদর করলে, বাপের হাতের এই আকস্মিক ও অপ্রত্যাশিত আদর লাভক'রেও মেরেটা কণ্ঠ থামিরে নীরবে বাপকে ধয়াবাদ জানালে না। বিনয় বললে—নন্দার কাছে রেখে এসো।

নন্দা বিনরের ছোট বোন। খণ্ডরবাড়ি থেকে দাদার বাড়ি বেড়াভে এসেছে। চাক বললে—ঠাকুর-ঝিকে নিয়ে গেলে হয় না ? বিনয় হেনে বললে—তোমার বেমন বুদ্ধি! আজকের দিনে পৃথিবীতে থালি আমি আর ডুমি, সেথানে আর কেউ নেই।

চারু অবাক হ'য়ে বললে—দে কি ! খুকিকেও নিয়ে যাব না ?

—না। ওকে তক্তপোষের নিচে না-হয় ফেলে রেখে চল, শিগ্গির! ভাববে, আমাদের সংসার নেই, সমাজ নেই, শাসন নেই – থালি আমরা, আমি আর তৃষি! ওপরে চলেছে তারার সারি, নিচে গুণু আমরা তু'জনে।

বিনয়ের যেন কি হয়েছে। চারু কিছু ঠাহর করতে না পেরে পাশের ঘরে চ'লে গেল।
নন্দা ব'সে ব'সে বিনয়ের আগের পক্ষের বড়ো ছেলেটার মাধার পাখা করছে।
চারু ঘরে চুকে ক্রন্দনরত মেয়েটাকে নন্দার পাশে বসিয়ে দিয়ে বললে –রাথতে
বললেন উনি।

नन्ना পाथा थामिष्य वनतन -महादानी श्रक्ताभानत देखका पितन नाकि ?

- -- আমাকে উনি বেড়াতে নিয়ে যাচ্ছেন ট্যাক্সি ক'রে—
- বল কি ? হাওয়া গাড়িতে ? কত থরচ পড়বে, জান ?
- —দে-হিদেব উনি করবেন।
- জান, বেই টাকাটা জমনি হাওয়ায় উড়োবে তা দিয়ে এই রোগা ছেলেটার মূথে ঘু'চামচে ওষ্ধ পড়ত। বেচারার মূথপানে চেয়ে দেথেছ একটিবার ? পেটে ধর নি ব'লে কি একটু মমতাও হ'তে নেই ?

চাক বললে মোকদমা করতে হয় ওঁর দক্ষে কর গে।

ব'লে মেয়েটাকে তুলে নিয়ে পিঠে ত্ম ত্ম ক'রে কিল বসিয়ে ওর কারা আরো চড়িয়ে দিয়ে বলতে লাগল: তুই মরিল না কেন হতভাগি? তুই মরলেই ত স্মামার হাড় জুড়োয়! তোর কেন জ্বর হয় না, তুই কেন চোথ বুজিল না?

মেরেটাকে যত মারে, যতই কোল থেকে নাবিরে দিতে চার, ততই ও কাঁদে আর মারের আঁচল আঁকড়ে ধরে। তারপর মেরেটাকে জাের ক'রেই ঠেলে দিরে চাক্ষ কাপড় বদলাতে গেল।

বিনয় মোড় থেকে ট্যাক্সি ধ'রে আনতে গেছে।

যখন ট্যাক্সি নিয়ে ফিরে এলো, মেয়েটা তথন চেঁচিয়ে সমস্ত বাড়ি মাধায় করেছে। বিনয় বললে - মেয়েটাকে নিয়েই চলো সঙ্গে ক'রে। সব মাটি।

ট্যাক্সি ছেড়ে দিল। মেয়েটার কান্না তবু থামে না। চারু মেয়েটার কান্না থামাবার ক্ষন্ত নানারূপ চেষ্টা ক্রতে লাগল।

বড়ো রাস্তায় পড়েছে। চারু বললে ঠাকুর-ঝি খুব টাস টাস কথা ভনিরে দিল। সোয়ামি বড় চাকরি করে ব'লে দেমাকে মাটিতে পা পড়ে না। বিনয় প্রশ্ন করলে: কি বলছিল ?

— বলছিল, ছেলেটা মরছে, আর ওঁরা দেব-দেবী হাওয়া থেতে যাছেন। কী ফুটুনি ক'বে কোড়ন দিয়ে কথা বলা!

বিনয় হেসে বললে— ও দব কথা আজকের জন্ম ভূলে যাও, শিকেয় ভূলে রাখ;
—হেলের অহখ, বাড়িভাড়া বাকি, মৃদি কাল শাসিয়ে গেছে;— সে-সব আর কাকর, আমাদের নয়। আমাদের দেহে প্রচুর স্বাস্থ্য, সিন্দুকে মেলাই টাকা আমরা ট্যাক্সিচড়ছি। বেশ পা ছড়িয়ে গা মেলে বোস। জবুথবু কেন ?

চাক্ল বললে— আপিসের বাবুকে ব'লে তোমার মাইনে বাড়িয়ে নাও না। আমায় অস্তত একজোড়া তুলও কিনে দাও না। দেখেছ, শাড়িটা ফর্সা হ'লে কি হবে, আঁচলের দিকটা কি রকম হেঁড়া। একটা নিকার ছাড়া মেয়েটার একটাও আন্ত জামা নেই।

বিনয় বললে—ওসব কথা ছেড়ে দাও এখন, বাড়িতে ব'লো ষত খুলি।
চাক্ল ফের ঘটা ক'রে বলছিল – রায়দের বাড়ির কাওখানা শুনেছ ত ?—
বিনয় বাধা দিয়ে বললে—ওসব কথায় এখন কি দরকার ?

আকাশে অল্প অল্প মেঘ করছে। বিনয় ভাবছিল, এ নয়, এ ও চায়নি হঠাৎ বললে—আচ্ছা, এ কি হ'তে পারে না বে তুমি চারু নও, আর কেউ—আমিও বিনয় নই, আর কেউ। হ'তে পারে না, না ?

থালি মনে পড়ছিল—শিববাবুর সেই লোলুপ বিষ্ণুত মুখচ্ছবি নয়, সোরীনের দান্তিক অথচ স্থন্দর মুখকান্তি। গায়ে সিন্ধের পাঞ্চাবী ও উদ্পুনি, কেমন পরিপাটি ক'রে চুল আঁচড়ানো, হাতে সোনার ঘড়ি। পাশে যেন একটি ফুলের গেলাস!

নন্ধ, নন্ধ। এ ও চান্ধনি। বাকে ও চায় তাকে ও চেনে না, নাম জানে না— যে আজ এত কাছে ব'লে থেকেও দূর থাকবে—সমস্ত নিঃশবতাই বান্ধা, বার দূরত্বের মধ্যেও স্থনিবিড় সারিধ্য আছে। কে সে ? বিনরের ছোট পৃথিবীটিতে কোনোদিন ভার পদচ্ছি পড়েনি।

বিনয় মুখ বাড়িয়ে স্থমূথে कি দেখছিল।

চান্ধ ভতকণ অনর্গল কঠে তার সাংসারিক অভিযোগ বিবৃত করছে। মান্তে ধনে-সর্বের শ্বচ থেকে ক্লে ক'রে রায়েদের খেয়ের হাতের পনেরে। ভরি সোনার ভারমনকাটা তালা পর্ব্যন্ত ! বুলি-পাড়া থামিয়ে বললে—কি দেখছ ?

বিনয় বললে—দেশছি, বিটারে কন্ত উঠছে। দেড় টাকা হ'লেই ফিরতে হবে। তিন টাকার বেশি হ'লেই গেছি আর কি !

এর থানিক বাদেই ছাইভারকে ও বললে— কের ৷ চাক বললে—এরি মধ্যে ? বিনয় বললে আক্তে হাা। চাক বললে—টাকা তো সক্তে আনোনি।

—বাড়ি ফিরে গেলেই দেওরা যাবে। কিছু একটা কথা ভাবছি, অমনি পারে হোঁচে যথন বেড়াই তথন কত চেনা লোকের সঙ্গেই বে অকারণে দেখা হ'য়ে যার। 'আছকে আমার এই সোভাগ্যের দিনে রাস্তায় কি কেউ নেই যে এই পরম আভর্কাকর ব্যাপারটি তাদের থাতায় নোট ক'রে রাথে ? তুমি আমার স্বী নও, এমনি একজন অস্তরক বৃদ্ধু, প্রিয়া—এ কথাওত কেউ কেউ ভূল ক'রে ভেবে নিভে পারে। সেদিক দিয়ে আজ আমার পরম তুর্দিন, চাক। স্বী ছাড়া তুমি আর আমার কেউ নও আর কারু চোথেও আর কিছু নও। এই আমার ভয়ানক তৃঃথ।

মিটারে যখন ছ' টাকা উঠেছে, হঠাৎ একটা চাকা দারুণ আর্তনাদ ক'রে ফেটে ফেনে গেল।

বিনয় ব'লে উঠল : এই যা ! উপায় ?

ড্রাইন্ডার বললে - অক্স গাড়িতে যান। ব'লে প্রাপ্য টাকার জ্বন্তে হাত পাতলো। বিনয় বললে—টাকা সঙ্গে নেই, আমার বাড়ি যেতে হবে।

ড়াইভার কিছুতেই রাজি হয় না। এই নিয়ে একটা তুম্ল কোলাহল বেঁধে গেল
—ভিড়ের মধ্যে চারু আকণ্ঠ ঘোমটা টেনে ক্রন্দনরত মেয়েটার মুখ চেপে ধ'রে
নিঃশব্দে ঘামতে লাগল।

অবশেষে পাঁচ জনের মধ্যস্থতায় ঠিক হ'ল ড্রাইভারকে বিনয়ের সঙ্গেই আলবৎ বাডি গিয়ে টাকা নিয়ে আসতে হবে।

বিনয়ের পিছ্ন-পিছু চারু গুটি-গুটি এগুতে লাগলো। বিনয় খ্ব বড়ো-বড়ো পা চালিয়ে এগিয়ে গেল, যেন পশ্চাঘতিনী নারীটির সঙ্গে ওর কোনই সংস্রব নেই, তাকে ও চেনেই ন । চারুর প্রতি বিনয়ের মন একেবারে ডিক্ত হ'য়ে উঠেছে। চারু বে প্রকাণ্ড ঘোমটা ঝুলিয়ে রোরুগুমান মেয়েটাকে শাস্ত করবার বার্ধ চেটা করতে-করতে পথ ভাঙছে তার জন্তে ওর বিনুমাত্র সহাছ্ভূতি নেই। পথের লোক বে এই শতিভাবকহীনা মেয়েটির প্রতি সন্দিশ্ধ দৃষ্টি নিক্ষেপ করবে তাতে ওর কুঠাও নেই কিছু।—একবার ইচ্ছে ছচ্ছিল পাশের গলি দিয়ে ন'রে পছলে কেমন হয়!

মোড়ে এসে একটু দাঁড়াল। পেছন থেকে প্রায় মিনিট পাঁচেক বাদে চারু একে ওকে ধরল। ঘোমটা না খুলেই ধমক দিয়ে উঠল: ডিড়ের মাঝে ভোমার ঐ জ্তো-জোড়া চিনে-চিনে আর কড়দুর চলব আমি ?

বিনয় বললে—বেশ ত ব্যায়াম হচ্ছে। ব'লেই আবার এগিয়ে চলল। ট্যাক্সি ড্রাইডারটাও সঙ্গে সঙ্গে আসছে। মেষ যে এত ঘন হ'য়ে এসেছে বিনয়ের খেয়াল নেই। পেছনে তাকিয়ে দেখলে
চাক তার যোমটা খুলে চোখ ওপরে তুলে আকাশে মেঘের সমারোহ দেখছে!
মেঘেরই মতো ওর বুক ভরে ছুক ছুক ক'য়ে উঠেছে বুঝি। চাক বে তার কালো ছ'টি
চোখ তুলে মেঘ দেখবে এ বিনয় কোনোদিন তাবেনি। ঐ অবগুঠনটি আছে
ব'লেই ওর ম্থখানি যেন স্থমধ্র একটি অপরিচয়ের রহতে চাকা আছে; কিন্তু বাড়ি
গিয়ে ঐ ঘোমটাটি বখন কমিয়ে আনবে, তখন ওকে আর এমন স্থকর লাগবে না।

বৃষ্টি পড়তে স্থক্ষ করন, সবাই গাড়ি কিছা গাড়িবারান্দার গিয়ে আপ্রায় নিলে।
শালি বিনয়ই থামল না, পেছনে ওর পুরাতন স্ত্রী আর মেয়ে! বড়ো ছেলেটা
বিছানা নিয়েছে, ছোটটাও নেবে—না ভিজনেও নিত। শিথ ট্যাক্সি-ড্রাইভারটা
কিছুতেই দাঁড়াতে দিছে না—নিজে একটা ওয়াটার-প্রুক্ত গায়ে চাপিয়েছে কি না।

ললাটে এত বিড়মনাও লেখা ছিল।

কোনো বৰুমে বাড়ি এসে পৌছুনো গেল।

নন্দা বেরিয়ে এসে বললে—এ কি কাও!

विनम्र टिंहिएम वनाल - छोका वात्र क'रत्र माख छ'रहे।।

ভিজে কাপড় নিয়েই চাক্ল চাবি খুঁজতে গিয়ে দেখলে চাবি পাওয়া যাচছে না। কোথায় গেল চাবি ? দেখতে-দেখতে ভানা গজাল নাকি ওর ? কাপড়-চোপড় বালিশ ভোষক ছরকোটু ক'রেও কোথাও মিলছে না।

নন্দাকে বললে – আমার চাবির রিংটা তাড়াতাড়ি ফেলে গেছলাম, দেখেছ কোখাও ?

নন্দা মূখ বেঁকিয়ে বললে — তোমাদের ট্রাঙ্কের চাবিও জানি না, মনের চাবিও জানি না।

বিনয় একেবারে কথে এল: কোথায় টাকা ? ব্যাটা সেই কথন থেকে জোকের মতো লেগে আছে। ঝক্মারি! এত দেরি হচ্ছে কেন ?

**ठाक यूथ काँ** क्यां क्र क'रत वनल- कार्वि शांकि ना ।

বিনয় মুখ ভেওচে উঠলো: চাবি পাচ্ছি না! টাকাগুলি গেল বুঝি লোপাট হ'য়ে ? হত হাড়ি!

আনাচ-কানাচ আন্তাকুঁড় পর্যন্ত চাবি খোঁজা হ'ল। উনি নিরাকার অদৃত্তই থেকে গেলেন।

অগতা। বিনয় রাগ ক'রে বাজটা ছ' কাতে নেবের প্রান্ত বাজারে আছ্টে কোনে। বাজার ভালাটা খুলে গেল। ভুগন নেখা গেল ছোট চানিটি নাজার মুখেই আটুকৈ আছে। ছ'টো টাকা বার ক'রে নিয়ে বেডে-বেডে বিনয় বললে —তোমার জন্ম তথু-তথু ছটো টাকা উড়ে গেল আজ—একেবারে থামোখা। তা দিরে দশ বারে: দিন বাজার থরচ হ'ত—ছেলেটার ওর্ধ হ'ত, হরত মরত না। সাথে কি বলেছে--স্ত্রীয়ু রাজকুলেয়ু চ ? সাথে কি শিববারু এত বিগড়েছেন ? কেলেছারি না কেলেছারি! কেরানির স্ত্রী, তার আবার কেরামতি দেখ—হাবেন গাড়ি চ'ড়ে! থেকিশিয়ালি রাজা হ'লেও জুতো থায়। ছোঃ!

টাকা পেরে ড্রাইভারটা গালি পাড়তে পাড়তে চ'লে গেল।

বৃষ্টি থেমে গেছে—কাপড় ছেড়ে চাক্ষ গিয়ে নোংরা সেই রারাদ্বের চুকেছে, মেঝেতে চিৎ হ'য়ে মেয়েটা তারস্বরে চেঁচাচ্ছে, ড্রেন থেকে ফের গন্ধ উঠছে—জীবনে এই সত্যি।

সবচেয়ে বড়ো সন্ত্যি— কালকে আবার ভোর হবে। কালকে থেকে আবার আপিস স্থক।

## দিনের পর দিন

সদর দরজা পেরিয়ে রাস্তায় নামবার আগে ডাক্তার একট্থানি থামলেন।
—এই যে।

বিমল তাড়াতাড়ি তাঁর কুঠিত হাতের মধ্যে ভিজিটের টাকা কয়টা গুঁজে দিলো। তারপর অত্যন্ত অস্তরকের মতো প্রশ্ন করলো: সভ্যিই কেমন দেখলেন ?

বিমলের ধারালো চোথের দিকে চেয়ে সে-প্রশ্ন আর উড়িয়ে দেওয়া গেল না ;-ডাক্তার শুধু একটু হাসলেন।

বিমল গন্ধীর হ'য়ে বলল – মিথ্যে আশা দেওয়াই আপনাদের ব্যবসা। রুগী:
মরবে—সরাসরি এমন রার দিলে আপনাদের কে আর ভাকতো বলুন। সব জানি।
তব্ বলুন—একট্ও লুকোবেন না—কদ্দিন আর ও আছে। বেল স্পষ্ট ক'রে বলুন,
আমি তৈরি হই। ,

কথা ভনে ভাকার থমকে দাঁড়ালেন। বললেন—আরো ত্'সপ্তাহ না গেলে, কিছুই বোঝা যাবে না।

## -- इ' मछार !

কাতর, অসহায় কঠবর ! কিন্ত হয়ত তার মাঝে বিশ্রী একটা বিশ্বরের স্থ্যক্ত প্রাক্তর ছিল : ফু'সপ্তাহের মধ্যেই একটা হেডনেন্ড হবে ত । না, তারণরেও—

ইন্সিডটা পট হৰাৰ আগেই ডাক্টাৰ বনলেন—আন ছ' সপ্তাহ টিক্লে এ-ৰাজ্ৰ। বক্ষা পেলেন। তবে তব্ব নেই আর ! ভাকার চ'লে গেলে বিমল নিচের ঘরে একটা চেয়ারে চুপ ক'রে অনেকজ্ঞপ ব'লে রইলো। সন্ধ্যা ঘনিরে এলেছে। আলো আলা হয়নি। কাল থেকে ঠিকে-ঝি-র আরু, ঠাকুরটাও পলাভক। বাড়ি থেকে সনাভনের আজ আসবার কথা—এথনো ক্লেরেনি। একটা লোক ধ'রে না আনলে উত্তন পর্যন্ত ধরানো হবে না। রাজে উপোস ক'রতে হবে।

বৈশিক্ষণ একমনে নিজের দৈয়া-মুর্দশার কথা ভাবতে-ভাবতে হঠাৎ বিমল বিস্তোহী হ'য়ে ওঠে। এত হৃঃখ তাকে সইতে হবে কেন ? এত বড়ো স্বাচীর পক্ষে তার কি প্রয়োজন ছিল ? প্রার্থনা একটা মনের মধ্যে পুঞ্জিত হয়ে ওঠে হয়ভ, কিন্তু তা উচ্চারণ করবার আগেই সে মৃ'হাত দিয়ে অন্ধকার অমুভব করতে-করতে উপরে চ'লে আলে।

বিভা এরি মধ্যে মোমবাতিটা জেলেছে। স্বামীর পায়ের আ্ওরাজ পেয়ে বিভা থেঁকিয়ে উঠলো: কী করছিলে এতক্ষণ ? ভাজারের গাড়ি ক'রে হাওরা থেয়ে এলে বুঝি ? ওমুধটা নিয়ে আসতে হবে না ?

—এই এবার বাই।

বিমল ঘরে এলো।

—তোমার কি—বেক্সতে পারলেই হ'ল। ওষ্ধ আনতে গিয়ে পাঁচটি ঘণ্টা কাটিয়ে দিয়ে আস আর-কি! আজ ক্লাবে ব্রিন্ধ খেলতে গেলে না? বাও না, আমি তোমার কে?

এ-সব আর সর না। বিমল কক্ষররে বলল—কি করতে হবে বাপু স্পষ্ট ক'রে বলো। ওর্ধ আনতে বাব, না এখানে ব'সে তোমার সঙ্গে আডচা দেব ?

— আমাকে বলতে হবে ? তোমার একটা কাগুজান নেই ? ভিজিট দিয়ে ভাক্তার ভাকলে তার মুখ দেখাতে নাকি ? ওই কাগজটায় সে আমার কুটি লিখে গেছে ?

কাগজটা হাভ থেকে কেড়ে নিম্নে বিমল বলল—ভা বললেই হয়। যাছিছ ভিসপেন্সারিতে।

ঠোঁট ফুলিরে বিভা বলল—ভাই বাও! আর ভোমাকে পায় কে ? ধর্মের বাঁড় হ'মে এই ছুভোম বেনিয়ে পড় আর-কি! কিছ কুঁজোটা বে বিকেল থেকে ঠন্ঠন্ করছে লে-থেয়াল আছে ? ভেটার গলা বে কাঠ হ'য়ে গেল। বি আলেনি ব'লে কুঁজোটার জল ভরলে ভোমার হাতে কোনা পড়ভো নাকি ? শোন, জল না পেলে অচিয়া/২/০১ জিভ্ বের ক'রে আমি ম'রে যাবো দেখো। ফিরে এসে আমাকে আর দেখতে পাবে না।

কথার কান না পেতে প্রেসরূপশানটা হাতে ক'রে বিমল নিচে নেমে এলো। ঘর-দোর এলো, জানলাগুলি হাওয়ার হাহাকার করছে -- নোনা-পড়া দেয়ালে রাস্তার গ্যাদের আলোয় একটা জাম-গাছের শীর্ণ ছায়া কিল্বিল করছে--দেখে বিমলের গা কেমন ছম্ছম্ ক'রে উঠলো। গ্যাসের আলো প'ড়ে নিচের অন্ধকারটা বেখানে একটু ফিকে হয়েছে, হঠাৎ বিমল দেখতে পেলো—দেখানে নিরালায় ব'লে কে-একটি মেয়ে চিরুনি দিয়ে চুল আঁচড়াচ্ছে ! কিছ একটু ভালো ক'রে ঠাহর করতেই চোথে পড়লো মেয়েটিও ব'সে নেই, প্রসাধন-সাধনাও তার শেষ হয়েছে। শৃক্ত মেঝেটা বিধবার সিন্দুরহীন কপালের মতো বিধুর হ'য়ে উঠলো। বিমল ধমকে গেল। এই নিরাত্মীয় সংসারে কে এই মেয়েটি —কা'র মানসম্বর্গম্বলিতা কবিতা না-জানি! হঠাৎ পাশে কার পায়ের শব্দ শুনে বিমল চমকে চেয়ে দেখলো সেই মেয়েটিই ক্রত-পদে রান্নাঘরে ঢুকেছে – হাঁড়ি-কুঁড়ি খৃস্তি-হাতার স্পষ্ট আওয়ান্ত পাওয়া গেল। প্রসাধন ছেড়ে মেয়েটি এবার রন্ধনে মনোনিবেশ করেছে। কড়া-য়ে খুস্তি-নাড়ার সঙ্গে-সঙ্গে হাতের চুড়ির বাজনাটি হান্ধা কবিতার মতোই মিঠে। পকেট হাতড়ে দেশলাই বের ক'রে বিমল রাল্লা ঘরের দরজার কাছে এনে ফদ্ ক'রে কাঠি ধরালো। কোথায় বা উত্তন, কোথায় বা কে ! স্থুপীকৃত ঘু টের ওপর দাঁড়িয়ে একটা বেড়াল থাবা বাড়িয়ে পোকা ধরবার কসরৎ করছে। কাঠিটা আধাখানা না পুড়তেই কে ষেন পেছন থেকে ফুঁ দিয়ে আলোটা নিবিয়ে দিলে। হাতের স্পর্শের চাইতে সে-নিশাস ঢের বেশি স্পষ্ট, ঢের বেশি স্থল ! বিমল আরেকটা কাঠি জালালো । থানিকটা অন্ধকার বিপন্ন হ'য়ে পথ ছেড়ে দিলো—ছ' পা অগ্রসর হ'য়ে এ-দিক ও-দিক চাইতেই কানে এলো থাবার-ঘরে ব'সে কে বেন কাঁসার বাটির গায়ে ঝিলুকের আওয়াজ করছে। হুধ-থাওয়ানোর বেলায় কাঁছনে ছেলেকে মা'র প্রবোধ-প্রয়াদের মতো। किन्न घरत नम्, वाहरतन এই वानान्नार्टि — একেবারে বিমলের পায়ের কাছটিতে। সে-মুখে অথচ ভাববিহবল মাতৃত্বের এক বিন্দু হুষমা নেই, কঠিন শীর্ণ মৃথে কেমনতরো একটা কক্ষ বীভৎসতা। সে-বীভৎসতা স্বাভাবিক শ্রীহীনতার নয়, অচরিতার্থ কামনার। তবু মুখটি যেন বিমলের কেমন চেনা-চেনা লাগলো। অথচ আক্র্যা এই, প্রসাধনরতা লাবণাললিতা সেই মেয়েটি হঠাৎ কেমন ক'রে বেশ-বাদ পরিবর্তন ক'রে এমন কুৎদিত হ'য়ে গেল। ভয়ে বিমল পড়লো পিছিয়ে। মেয়েটিও मनक অভিবাদনের ভঙ্গিতে মাথায় ঘোমটা টান্লে। দে-মুখ অদুখ্য হ'ল বটে, किন্ত কোলের তার শিশুটি যে মরা, অসাড় ৷ এই না সেই ছেলেটি ছথের ঝিত্রক ছুড়ে কেলে জন্তলোভে মা'র বক্ষবিস্তীর্ণ রানীক্ষত আঁচলের তলায় বারে-বারে মৃথ ভাজছিল। দৃঢ়কার, পূর্ণবিশ্বব, স্কৃষ্ ছেলে। বিমল গলা ছেড়ে চেঁচিরে উঠতো হয়ত, কিছ এতক্ষণে কৃপিটা লে জালতে পেরেছে। পৃঞ্জিত অন্ধকার তরল হ'ল। ডাড়ে বিমল শাষ্ট দেখতে পেলো মরা ছেলেকে মেঝের উপর ছুঁড়ে ফেলে মেয়েটি সিঁড়ি বেয়ে উপর-তলায় ছুটে পালাছে। শাষ্ট বিভা—বিমলের আর-সন্দেহ নেই। যে-ছেলে ভার পেটে মরেছে তারই এ বিফল-ক্ষপ্ন ! মেঝের উপর চূণখলা দেয়ালের খানিকটা চল্টা প'ড়ে আছে মাত্র — কখন প'ড়ে থাকবে কে জানে।

বিমলের সমস্ত শরীর শির-শির ক'রে উঠলো—থোলা জানলা-দরজাগুলি জন্ধনির এমন একটা বিপুল বহির্জগতের দিকে সঙ্কেত করছে যে বিমল না পারলো চেঁচাতে, না বা সেই অপস্থয়মানা প্রেতিনীর পশ্চাদ্ধাবন করতে। ব্রের বাইরে কলকাতা যেথানে কোলাহল-হলাহলে ফেনিল হ'য়ে উঠেছে, দেখানে নেমেছে মৃত্যুর স্থাচির স্তন্ধতা—গুধু পারহীন পরিধিহীন প্রাস্তর; না আশা, না আশ্রয়।

धीरत धीरत এको अको क'रत विमलात मृश्मान व्यवशां मरक ह'रा अला। তার আর সন্দেহ রইলো না যে দীর্ঘ দিনরাত্রির অক্লান্ত প্রতীক্ষার পর বিভার আজ এত দিনে উড়ে পালানো! তাই অন্ধকার সাঁতরে নব-নক্ষত্রলোকের দিকে বাত্রা করবার আগে নিচে নেমে তার সঙ্গে দেখা করতে এসেছিল। মা ষ্থন দেশের বাড়িতে মরেন, তথন বিমল জবলপুরে - প্লেগের ভয়ে দেহাতে গিয়ে তাঁবু গেড়ে পেন্টালুন প'রে সাহেব সেজেছে। মারা যাবার রাতে মা বিমলের শিয়রের কাছে फॅांफ़िख मनाति जूल वललन: **ठललूम**; विरम्न क'रत मश्नाती रहान, विमन। **यामात** এই শেষ ইচ্ছাটি রাখিদ বাবা। আন্তর্যা, বিকেলেই এলো টেলি; মা নেই। বিভাও তেমনি যাবার আগে তার অতপ্ত সংসার-সৃষ্টির আকাজ্জা বহন ক'রে নিচে নেমে এসেছিল-রায়াঘরে, সেবা-স্থায়; মুকুর সন্নিধানে, লাবণাচর্চায়; শিশুপালনে, গর্ভধারণের গবিত ঐশর্ধা ! আবার সে উপরে চ'লে গেছে –কত উপরে, কত মেঘন্তর পেরিয়ে, আবিষ্ণুত ও অনির্ণীত কত তারায় বিশ্রাম নিয়ে-নিয়ে – নীল, সর্জু, হলদে তারা ! উপরে উঠলেই ঠিক বিমল দেখতে পাবে সেই মান শ্যার উপর বিভা মধ্যগগনে রুঞ্পক্ষের অন্তিম চাঁদের মতো বিবর্ণ ;--- দেহ ত নয়, দড়ি ! হার্ট বে এত হুর্বল এ-কথা অথচ ডাক্তার ব'লে গেলেন না। বেচারি স্বামীর কাছে জল থেতে ट्राइडिन, रम-अज्ध भिभामा नियार रम विनाय नियारह ।

নিমেনে বিমলের গলা কাঠ হ'য়ে এলো। চীৎকার করতে পারলে হয়ত লে বাঁচতো, কিন্তু স্ত্রীর মৃত্যু সম্বন্ধে এমন একটা অটুট সন্দেহ পোষণ ক'রেও সে সামান্ত একটা দীর্ঘ নিমাস পর্ণান্ত ফেললো না। মৃতদেহ সংকার ক'রে দে তাহলে আর এ-বাড়িভে ফিরবে না—এই ফাঁকা বাড়িতে কিসের বা তার আকর্ষণ - সে সোজা স্থীরদের মেস্-এ চ'লে বাবে। আজ রাজে আর ব্রিজ নয়, হাভ-পা ছড়িয়ে লখা চৌকস একটি যুম।

কুপিটা হাতে ক'রে বিমল উপরে উঠতে লাগলো। ভরে সমস্ত হাত-পা কালিরে আসছে কবে কোনদিন বিভার প্রতি অক্সায় করেছিল সে-ভাবনায় প্রতি মৃহুর্তে সে ভার টুঁটির উপর ছ'টো জিঘাংস্থ থবনথর হাতের মূঠো করনা করছে—নবযুগের নতুন কাহনে তাকেই বৃথি এবার সহমরণে যেতে হ'ল। স্ত্রীজাতীয়া এবং জৈব জগতে প্রিয়তমা হ'লেও অদেহা বিভার সঙ্গে নিশ্চয়ই সে এঁটে উঠবে না। সেই ভেবেই ভার ভয়।

ব্য স্তর্ধ—মোমবাতিটা নিবে গেছে। জানলার সার্সিতে একটা পোকার বনবত মাথা-ঠোকার আওয়াজকে বিমল আরেকটু হ'লে বিভার নিখাস ফেলবার শব্ধ ভেবেছিল। পোকাটা পালিয়েছে—ঘরে জীবন-চাঞ্চল্যের আর এতটুকু আভাস নেই। মৃত্যুর সঙ্গে এই তুপীকৃত অন্ধকারের একটা চমৎকার সঙ্গতি আছে। ফুল-শব্যার দিনে (রাতে নয়) বিমল যেমন চোথে একটি দোহল্যমান কৌতুহল নিয়ে বিভার অবগুটিত মৃথলী দেখবার জল্যে উকি মেরেছে, আজো তার মৃত্যু-কলন্ধিত চিরস্কুর্প্ত মৃথখানি দেখবার জল্যে লালসার আর তার শেষ নেই। আজকের ঘর জনাকীর্ণ নয়, ধরা পড়বার আর লক্ষা কোথায়— তবু চোরের মতো নিতান্ত নিংশব্দে, টিপে-টিপে পা ফেলে বিমল একটু-একটু ক'রে এগোতে লাগলো। পাছে বিভা তার ঘুম থেকে জ্বেগে ওঠে, পাছে বিমলের সকল সন্দেহ একটি কদর্যা কুশ করণ দেহে দেখে মিথা৷ হয়! বিমলের চোথে মৃত দেহের মতো স্কল্য আজু আর আছে কী!

খরজার ওপার থেকে বিমল ডাকলো: বিভা!

এক মুহূর্ত কোনো সাড়া নেই। স্থিব্যাপিনী সেই নিঃশন্ধতা বিমলের চিত্তকে অভিভূত করলে।

এবার বিমল সাহস ক'রে ঘরে ঢুকেছে। বিছানার উপর বিভা উপুড় হ'রে শুরে
—ভঙ্গিটা কঠিন, চুলগুলি বিশ্রস্ত। ডাকবার কি আর প্রয়োজন আছে ? সে-ডাক
শালি ভারায়-ভারায় প্রতিধ্বনিত হবে, মর্ভাতলে ভার আর উত্তর কৈ ? রোগী
বেমন আপন ক্ষতহানে হাত রাখে, তেমনি সম্ভর্গণে বিমল বিভার খোলা পিঠের
উপর হাত রাখলো। নিবিড় শীতল শর্শে তার হাত এবার সান করুক!

—এ কি ! তুমি বাওনি এখনো ওযুধ আনতে ?—বিভা থেঁকিয়ে উঠেছে : এযুধ-বিষুধ বদি না-ই থাওয়াবে, তবে পা দিয়ে গলাটা চেপটে দাও না শেব ক'রে। আচমকা হাড থেকে কুপিটা ছিটকে প'ড়ে গিয়েছিল, সেটাকে লক্ষ্য না ক'ৰে বিমল পকেট থেকে দেশলাই বের ক'রে মোমবাতিটা জালালো। তার হাত কাঁপছে। বাতিটা তুলে বিভার মৃথের কাছে আনতেই বিভা ধমকে উঠলো: কী দেখছ ইদিকে ? ঐ তো কুপিটা প'ড়ে আছে। কী যে কর!

আলোটা বাঁচিয়ে রেখে বিমল বললে—তোমার জল ভেষ্টা পেয়েছিল না ? কাঁচের মাশটা কৈ ? কলে এখনো হয়ত ফোঁটা-ফোঁটা জল গড়াচ্ছে, ধ'বে নিমে আসি থানিকটা স্থাীর আফ্ক, সে ভোমার কাছে বসলে আমি গিয়ে ওমুধ নিমে আসবো।

শাশ নিম্নে বিমল আবার নিচে নেমেছে। কোথায় সেই ছায়ামূর্তি ? রাজের পর রাত অনিপ্রায় মজিজ তার ক্লান্ত হ'য়ে গেছে—এই ছায়া তার রাশি রাশি নৈরাক্ষের ছারা! কিয়া তার জীবনে যে প্রেতিনী দিনের পর দিন পদচারণা করছে এ হয়ত তারই অশরীরী প্রতিচ্ছবি!

জন নিম্নে বিমল উপরে এলো। তার কাঁখের উপর ভর দিয়ে বিভা নেই জলটুকু জতি কটে পান করলে; ঠোঁটের প্রান্তের জলটুকু বিমলই দিলো মুছিয়ে।

ন্ধিশ্ব আলো, একট্থানি পিপাসা, একট্থানি স্পর্শ—ঘরের হাওয়া কণভবে আবার মিঠে হ'রে ওঠে। বিছানায় গা এলিয়ে বিভা বলে: ভাক্তার কী ব'লে গেল ? বাঁচবো না ?

মাথার চুল প্রায় সব উঠে গেছে, তারই মধ্যে আঙুল বুলুতে-বুলুতে বিমল বলে: ভাক্তারের সাধ্য কি ও কথা বলে? আমারই প্রার্থনার কি আর জোর নেই ? ভাক্তার বললে, ত্ব'সপ্তাহের মধ্যেই তুমি সেরে উঠবে। কাল থেকে জ্বর ত তোমার আজ অনেক কমেছে।

- কমেছে নাকি ? বিভার শুক্নো ঠোটের ধারে স্বল্লায়ু একটি হাসি ভেসে উঠলো: কৈ, আমাকে ত বলনি স্পামাকে কিন্তু উনি বল্লেন এই নতুন ওযুধটা থেলেই পেটের মন্ত্রণা অনেকটা আরাম হবে।
  - निक्त । जानि वारे, निख जानि ता।
  - —না, তুমি আরেকট্ বোস আমার কাছে। রাতে কি থাঁবে ?

विमन निष्ट् र'य जीत क्लाल शीरत अक्षि हुन्न मिला।

দি ড়িতে কা'র জুতোর আওয়াজ স্পষ্ট হ'য়ে উঠলো। বিমল ভাড়াভাড়ি মুখ
ভূলে বললে—স্থীর এতকণে এলো বোধহয়।

খবে ঢুকেই স্থীর প্রশ্ন করলো: আজ কেমন আছ, বৌদি? ব'লে জামার স্বশুলি পকেট উজাড় ক'রে সে নানা জাতীয় ফল বের করতে লাগলো—বেদানা, আপেল আর কমলালেবু: এইসব সওদা ক'রে আসতে দেরি হ'রে গেল। কেমন আছ আজ ?

বিভার মৃথ স্থথে উচ্ছল হ'য়ে উঠেছে: আজ অনেক ভালো মনে হচ্ছে। জানো, জর আজকে নেই বললেই হয়। নতুন ভাক্তার আজ যিনি এসেছিলেন তাঁকে দেখলেই কেমন ভরসা হয় ভালো হ'য়ে উঠবো। (বিমলকে) তৃমি এবার যাও, ঠাকুরপোই ত এখন বদতে পারবে।

—ই্যা, আর কি —। স্থীর কোটটা খুলে ব্র্যাকেটের হুকে টাণ্ডিয়ে রেথে বিভার শিয়রে ব'সে রুমাল বের ক'রে ঘাড় নাড়তে লাগলো: নিচেটা একেবারে অন্ধকার। ঝি-চাকর কেউ আসেনি বুঝি ?

স্বামীর নীরবতা লক্ষ্য ক'রে বিভা অন্তমনে কথন জানলা দিয়ে বাইরের দিকে চেয়েছিল— আকাশ, না তারা, না তার বর্ণহীন ভবিন্তৎ—কী যে সে নির্ণন্ত করছিল বলা কঠিন; হঠাৎ স্বামীকে সম্বোধন ক'রে কি-একটা কথা বলতে গিয়ে টের পেলো ঘরে বিমল নেই।

## —উনি চ'লে গেলেন ?

বিভার একথানা হাত মৃঠির মধ্যে টেনে নিয়ে নাড়ী পরীক্ষা করতে করতে স্থাবি বলল—হাঁা, এইমাত্র। তারপর একটু থেমে: তোমার জর কিছু কমেছে ব'লে ত মনে হচ্ছে না।

হাতটা সরিয়ে নিয়ে বিভা ফিকে একটু হেসে বলে তুমি ছাই ডাক্ডার হবে।
ছাই তুমি অমন মোটা-মোটা বই পড়। ক্ষণীর সামনে সত্য কথা বলতে নেই।
ব'লেই হঠাৎ গন্তীর হ'য়ে গেল: কোনো রকমেই কি ভালো হওয়া যায় না,
ঠাকুরপো ? ওঁকে এক দিনের জন্তেও খুশি করতে পারলাম না। বিয়ের পর বছর
খানেক বেতে না বেতেই এই যে বিছানা নিয়েছি, বোধ হয় চিতেয় চড়বার আগে
আর ছাড়া পাবো না।

মাঝখানে স্থাব কি বলতে যাচ্ছিল, বিভা বাধা দিয়ে বললে । দেদিন ওঁর ম্থে ভনলাম কে-একটা ছেলে নাকি নিজের মাথার মধ্যে স্বচ্ছন্দে গুলি চালিয়ে আত্মহত্যা করেছে। মরার মধ্যে নাকি ভীষণ মজা আছে। আমি ত তা ভাবতেই পারি না, ভয়ে সমস্ত শরীর আমার কেঁপে ওঠে। সেদিন যে ভূমিকম্প হয়েছিল, মনে আছে, ঠাকুরপো ? দেয়াল-ছাত ভেঙে মাটির মধ্যে মিলিয়ে যাবো ভাবতে দে-ক'টা মূহুর্ভ যে আমার কী ক'রে কেটেছে বলতে পারবো না। তারপর থেকে সব সময়েই আমার মনে হচ্ছে আমি যেন শৃত্যে যুরতে-যুরতে মাটির মধ্যে চুকে বাচ্ছি। মরতে আমি

কিছুতেই পারবো না। কিছু মরতে বধন সন্ডিট্র হবে একদিন, তখন হয়ত টেরও পাবো না একটু। কি হবে ?

বিভার শক্তি তুই চোখে অসহায় বেদনা !

শক্তমনক্ষের মতো স্থাীর বললে—ভালো হবে। জরটা ফের একটু নামলেই হাওয়া বদলাতে নিমে বাবো ভোমাকে। তুমি তখন আবার অভতের করবে তুমি নব-বধু মনে দেহে পরিচয়ে। যৌবনকে আবার আবিকার করবে, বৌদি।

বিতা বলে—তোমাদের কত কট দিশুম। মা আর মলিনা এলেছিল, ওঁদের পেয়ে জর-টর সব পালালো—পুরী যাওয়া ঠিক ক'রে ফেলেছিলুম। ওদিকে বাবা মর-মর, মলিনারও সম্বন্ধ একটা প্রায় পাকা হ'য়ে এসেছে, মা আর দোর করতে পারলেন না। বললেন: পুরী গিয়ে ঠিকানা দিয়ে চিঠি দিস। হুড়ম্ড় ক'রে আবার জর এসে গেল। কোথায় বা পুরী, কোথায় বা কী!

বিভার কপালে আন্তে আন্তে হাত বুলুতে বুলুতে স্থীর বললে—তোমার পুরী বেতে ইচ্ছে করে ?

—খালি যেতে ইচ্ছে করে, ঠাকুরপো। ট্রেনে চাপলেই আমি ভালো হ'রে বাবো মনে হয়। গায়ে ছ-ছ ক'রে হাওয়া লাগলেই জর নেমে যাবে দেখো। আমাকে ভোমরা এমন ক'রে আটকে রেখেছ কেন? পেটের ব্যথাটা আবার টের পাচ্ছি যে, ঠাকুরপো। ওষ্ধটা নিয়ে উনি এখনো ফিরলেন না। ষ্টোভটা ঠিক ক'রে রাখ, উন্থন-টুন্থন আজ ধরানো হয়নি; পেটে হট্-ওয়াটার ব্যাগটা একবার চাপাতে হবে। মাগো!

স্থীর নিচে গিয়ে ষ্টোভ মেরামত করতে বসলো। উপর থেকে বিভার আর্তনাদ কানে আসচে : ওর্ধটা এক দাগ থেলেই কিন্তু এতক্ষণে ব্যথাটা নিশ্চয় পড়ে বেত। তা হয়ত ঐ টাকা দিয়ে উনি গেছেন ফিল্ম দেখতে। মাহুষের মরতে ভয় করলেই কি আর মরণ হয় না নাকি ?

বিমল যথন ফিরে এলো, স্থীর ষ্টোভ সারিয়ে তার মাথায় এনামেলের ছেক্চি
চাপিয়ে জল প্রায় ফুটিয়ে এনেছে। বিমলকে দেখতে পেরেই স্থীর উদ্বিয় হ'য়ে প্রশ্ন
করলো: ওম্ধ এনেছ ?

বিমলের কঠে উবেগের বাষ্ণাটুকুও নেই : কেন ?

— বেদির বে ভীবণ বাধা উঠেছে, এতক্ষণে বোধ হয় স্বজ্ঞান হ'রে পড়েছেন।
ভকনো হালি হেলে বিমল বললে—স্বজ্ঞান! বল কি! এই নাও ওয়্ধ।
ওয়ুধের মোড়কটা থুলতে খুলতে স্থধীয় প্রায় ছুটে উপরে উঠে গেল। বলভে-

বলতে গেল: ব্যাগে জলটা পুরে তুমিও শিগ্ গির এস. বিমল-দা। ডাক্লারকে আরেকটা কল দিতে হ'তে পারে। হয়ত একটা ইনজেকশান লাগবে।

ভাজারকে ফের ভাকতে বেতে হয় কি না ভারই সহেতের প্রতীক্ষার বিমশ নিচে একা আছকারে উৎকর্ণ হ'রে ব'সে বইলো। কিছু ভাজারকে আর দরকার নেই। ওর্ধ তাঁর জোরালো; এক র্ডোক পেটে পড়তেই বিভা বেশ চাঙ্গা হ'রে উঠেছে।

খবরটা স্থীরই এসে দিল: মিনিট পনেরোর মধ্যেই ওর্ধটা ধরেছে, বিমল-দা। ম্থ-চোখের চেহারা বেমন হ'রে উঠেছিলো তার ওপর ওর্ধ নিয়ে তৃমি ফিরছ না—আমি একেবারে অথৈ জলে প'ড়ে গিয়েছিলাম আর-কি। তাবলাম আর বৃক্ষিরাধা গেল না।

स्थौदात मृत्थत भारत रहत्त्र विमन नोत्रत नामान अकरे रामल।

—বখন ওঁর এমনি ব্যথা ওঠে তখন একা-একা কী ক'রে তৃমি **থাক** ?

অত্যন্ত অসহায় শবে বিমল বললে—এই ভরদায়ই থাকি যে, ভগবানের রুপায় আবার দে-ব্যথা আন্তে-আন্তে মিলিয়ে যাবে। হয়-ও তাই। নিবতে-নিবতে বাডি আবার জলে ওঠে।

--এই ভাক্তারই 'কণ্টিনৃ' কর। এতেই হয়ত উনি সেরে উঠবেন। বিমলের মুখে সেই বিবর্ণ হাসি আবার ভেসে উঠলো।

সি ড়ির এক ধাপ নেমে স্থার বললে—তুমি একলাটি অন্ধকারে চূপ ক'রে ব'লে আছ কেন ?

বিমল বললে—এই ত বেশ আছি। তোমার বৌদি ত এখন একটু মুম্ফেন।

—না, শৃঁজছেন ভোমাকে। উপরে যাও এবার।

স্থীরের মূখে উচ্চারিত হ'ল ব'লে এই থবরটি মিধ্যা হ'লেও বিমলের কেন-না-জানি ভালো লাগলো। বিমল বললে—তুমি যাচ্ছ কোথায় ?

—একটা ফিডিং-কাপ কিনে নিয়ে আদি গে। যাব আয় আদবো। তুরি ভতক্ষ ওঁর কাছে সিয়ে বোদ একটু। ক্ষীকে একা-একা থাকতে দিতে নেই।

শেষের কথাটা শুনে বিমলের মূখ সহসা কেমন গন্তীর, কঠিন হ'রে উঠলো। ভারপর অল্প একটু কেশে বললে—ভার চেয়ে আমিই বরং ফিভিং-কাপটা নিমে আসি গেনা। আমারই বা কভক্ষণ লাগবে ?

—না, বৌধি আমাকে বাবে-বাবে ব'লে দিলেন ভোমাকে ওপরে পাঠিয়ে দিভে। আমি এনে পড়লেই আবার ছুটি পাবে। আছকে থেকে রাভে আমিই ভিউটি ব্দেব'খন। তুমি খুমিয়ো। ব'লে পকেট থেকে টর্চ বার ক'রে পথ চিনতে-চিনতে স্থার বেরিয়ে পড়লো।

সেই করা শ্রীহীন শৃষ্টিতলাবণ্য নারীদেহ, ঘরের দেয়ালে মৃত্যুর নিয়তদোত্বলামান ছায়া—বিমলের মন বিভ্ঞায় সঙ্কৃচিত হয়ে এলো। সেই ঘরে এমন একটা চাপা বিশ্রী গন্ধ আছে যা বিমলের জীবনকে একেবারে পদ্ধিল ক'রে ছেড়েছে। ওষ্ধের মতোই বিশ্বাদ বিভার সালিধ্য—তার চেয়ে এই খানিক আগে শহরের অঞ্জন্ত মৃথরতায় সে বে নির্বারিত চঞ্চল জীবনানন্দ ভোগ করে এসেছিল তার মাদকতা কতো নিদারণ।

তবু তাকে পা টিপে-টিপে উপরে উঠে ষেতে হয়।

বিভা নির্জীবের মতো প'ড়ে আছে। ঘড়ির স্থংপিণ্ডে মুহুর্ত-মালার পদধ্বনি বাজছে; তা ছাড়া অটুট নিস্তন্ধতা। বিভা সত্যিই নিখাস নিচ্ছে কি না, কোতুহলী হ'রে বিমল তার নাকের কাছে মুখ নোয়ালো। প্রেসক্রপশানে ডাক্তারেরও ত ভূল হ'তে পারে। কিয়া, এক ওমুধ দিতে হয়ত অহা ওমুধ কম্পাউগ্রার ভূল ক'রে মিশিয়ে ফেলেছে। এমন বে হ'তে পারে:না কোনোকালে তার অবস্থি কোনো প্রমাণ নেই। কে জানে তাই টের পেয়ে স্থাীর হয়ত আগে থেকে সরে পড়েছে।

নিশাস শোনা বাচ্ছে না। নিমেবে বিমলের মনে হ'ল ঘর-দেয়াল বাধা-বন্ধন সব ভেডে-চুরে ছত্রখান হ'রে চারদিক একেবারে ফাঁকা পরিকার হ'রে গেছে। এখন বে তাকে চীৎকার ক'রে উঠতে হবে তার ভাবার্থ প্রতিবেশীরা ঠিক বুঝতে পারবে ত ? শুভরাজির পর এভ গভীর জানন্দে বিমল জার কোনোদিন স্ত্রীর দেহ স্পর্শ করতে বায়নি। আকৃল সম্ভাবনায় তার সর্বশরীর রোমাঞ্চিত হ'তে লাগলো।

বুকের উপর স্বামীর স্পর্ল পেয়ে বিভা কর্কশকণ্ঠে চেঁচিয়ে উঠলো : এতক্ষণ ছিলে কোথায় ? ওষ্ধ আনবার নাম ক'রে কোন্ রাজ্যজয়ে বেরিয়েছিলে শুনি ? ও কি, পান খেয়ে ঠোঁট ছ'টো ভ খুব লাল করেছ দেখছি। বলি, পান কে দিলে ?

বিমল বিমৃত, মৃথে কথা নেই; এবার নিচ্ছে সে অমুভব করতে চেটা করছে স্বভাই সে নিখাস ফেসছে কি না।

— বলি, কোন্ খ্রী-হন্তের পান থাবার লোভে রোজ দক্ষেবেলায় এমনি বাওয়া হয় শুনি ? আমি ত একটা হাড়গিলে হ'রে আছি, তাই বুঝি এবার থেকে উদ্ভূ-উদ্ধু ! ক'টা পান থেলে ? আর কিছু ?

বিমল তবু নিৰুত্তৰ, খুণায় ৰে দৰে বাবে তার পর্য্যন্ত শক্তি নেই।

—'বেশ ত তাকে বিয়ে ক'রে নিম্নে এলেই হয়। আমি বৃদ্ধি তোমার পথের

কাঁটা। মালিশের ঐ ওবৃধটা ওনেছি বিব, দাও না থানিকটা মূখে ঢেলে—চিরদিনের মতো ঠাণ্ডা হ'রে বাই। তারপর আমাকে বা-সব বলেছিলে সব আবার তাকে বোলো। আমি কিন্তু তাকে শাপ দিয়ে বাবো সে যেন বিধবা হয়; সিঁত্র নিয়ে আমার মতো মরার সোভাগ্য তার যেন সাতজ্ঞরেও না হয় কথনো।

বিমল এবার স্ত্রীকে আদর করবার ভান ক'রে বললে—কী বলছ যা-তা। ঘরে রান্নার আজ কিছু জোগাড় নেই, তাই ওযুধটা তৈরি করতে ব'লে এক হোটেলে কিছু খেয়ে নিলাম। খাওয়ার পর ছ্'বেলায় ছ'টি যে আমার পান চাই সে-কথা ভূমি ভূলে গেলে নাকি ?

বিভা আর্তনাদ ক'রে উঠলো : কিছুই ভূলিনি গো, কিছুই ভূলিনি, কিছু আমার এথনো মরণ হয় না কেন ?

আচন্ধিতে বিমলেরও মুখ দিয়ে বেরিয়ে এলো: হয় না কেন ?

কথাটা যে ফস্কে যাবে বিমল তা স্বপ্নেও ভাবেনি, কিন্তু বিভা উঠলো ক্ষিপ্ত হ'য়ে। বললে—কেন, কেন আমি মরতে যাবো? তুমি আমার কে যে জোমার জন্যে প্রাণটা আমার বলি দিতে হবে ? ব'লেই ত্ব'হাতে মুখ ঢেকে ছ-ছ ক'রে সেকাদতে স্বক্ষ করলে।

মৃশকিল ! বিমল তাড়াতাড়ি তাকে কোলের কাছে আকর্ষণ ক'রে স্নিশ্বকণ্ঠে বললে - ছি বিভা, কি শুনতে কি যে তুমি শোন তার ঠিক নেই। আমার কাছ থেকে কে তোমাকে ছিনিয়ে নেবে ? তোমার মরতে চাওয়ার চাইতে আমার বাঁচাতে চাওয়ার ইচ্ছাটা ত আর কম নয়। আমি তোমাকে না বেতে দিলে তুমি বাবে কী ক'রে ?

কিছ কা'র কথা কে শোনে ? কেঁদে-ককিয়ে হাত পা ছুঁড়ে ধান্ধা মেরে আঁচড়ে-কামড়ে বিভা স্বামীকে একেবারে বিপর্যন্ত ক'রে ফেললে। রাগে বিমল বোধহয় তাকে আরেকটু হ'লে আঘাত ক'রে বসতো, কিছু এমন সময় ফিডিং-কাপ হাতে স্থাীরের আবির্ভাব দেখে সে সামলে গেল:

– নাও, তোমার বোদিকে দামলাও এবার। তোমাদের দ্বাইকে ছেড়ে ধাবেন ভেবে কেঁদে একেবারে ভ্বন ভাসাচ্ছেন। আমি কাছে থাকলে উচ্ছাদ মারো বেড়ে ধাবে। বার্লি-ওয়াটারটা তুমিই ক'রে নিয়ো ভাই, কেমন ?

বিভার অজ্পশ্রেৎসারিত কান্নার দিকে চেয়ে স্থধীর বললে—সে আর বলভে হবে না।

ও্যুধ-পত্তে কাপে-গ্লাশে বোঝাই টেবিলটার কাছে এসে বিমল কি একটা ছোট শিশি তুলে ধরলো; বললে—ছ'ঘণ্টা পর পরই তো মিকশ্চারটা রিপিট করছে হবে, না ? এই রইলো এটা। ও, না, এটা সেই মালিশের ওর্ধ। দেখো, ভূল ক'রে এটা খাইরে দিয়ো না বেন। এটা আলাদা করে রাখা উচিত।

মালিলের ওর্ধটা বিমল একধারে সরিয়ে রাখলো—আলাদা ক'রে। যাবার সময় মুখ না ফিরিয়েই ব'লে গেল: ওটার দিকে একটু দৃষ্টি রেখো, স্বধীর।

ত্ব'সপ্তাহেও কিছু স্থরাহা হ'ল না — বিভার অস্থুথ আরো বেড়ে গেল। পশুর্ সাতাশে ভালে তার রোগভোগের এক বংসর পুরো হবে।

বিভা বলে—মাকে শিগ্গির থবর পাঠাও, শেষকালে সেবার অভাবে মারা পড়বো নাকি ?

তিক্তম্বরে বিমল বলে— সেবার কোনখানটায় তোমার ত্রুটি হয়েছে শুনি ? ওযুধে-পথ্যে ডাক্তারে-কবরেজে একটা জমিদারি প্রায় ফতুর ক'রে এনেছ।

স্থীর মাঝে প'ড়ে ঝগড়াটাকে আর গড়াতে দেয় না, বলে—তবু অস্থের সময় সব সন্তানেরই মাকে কাছে পেলে ভালো লাগে, বিমল-দা। চাই কি, মাকে পেয়ে বৌদি সেরেও উঠতে পারেন। তাছাড়া মলিনার বিয়ে হ'য়ে গেছে, এখন ত ওঁর ছুটি।

অতএব মাকে টেলি করা হ'ল।

মাকে পেয়ে বিভা আবার সত্যিই সেরে উঠছে।

- ডাক্তার আজ কী ব'লে গেল বলো না।
- ব'লে গেল আর ভয় নেই। দিন সাতেক পরেই তুমি একটু চলতে পারলে আমরা পুরী যাবো। বাড়ি আমাদের ঠিক হ'য়ে আছে— ঠিক সমুদ্রের পারে
- কিন্তু আমি আর তুমি। ঠাকুরপো থেতে চাইলে তাকে বারণ ক'রে দিয়ো। তার পড়াশুনোর ক্ষতি হবে নিশ্চয়ই। মাকে ত ফিরে থেতে হবেই বাবার হাপানিটা নাকি ফের বেড়েছে।
  - বিদেশে একা-একা থাকতে তোমার অস্থবিধে হবে না ?
- একা কোথায় ? এক দিকে তুমি, অন্ত দিকে সমূত্র। তোমাদের ত্জনকে নিয়ে আমার আনন্দের আর অবধি থাকবে না। জরটা আর না-হয়, এক যুম পরে চোথ চেয়ে জেগে দেখি সাতটা দিন অছেন্দে ফুরিয়ে গেছে! জর আর আসবে না, কি বলো ?

স্ত্রীর কপালে হাত রেখে বিমল বলে না, এই সেরে উঠলে আর-কি ! বছদিন পরে মাধাটা আজ ধোয়াতে তোমাকে ভারি স্থন্দর লাগছে।

তুপুরের নির্জনতায় হারানো হর বুঝি আবার ফিরে আসে। বিভা বলে—আরেকটু ঘেঁষে এসে বোস না। মাকে এখন একটু ছুটি দিয়েছি। এ ক'দিন তাঁর আর নিশাস ফেলবার ফুরসং ছিল না। তারপর একটু থেমে: সভ্যিই আমি খুব কুংসিভ হ'রে গেছি, না? দেয়াল থেকে আমাদের ঐ কোটোটা পেড়ে আনো না, আর ঐ আরনাটা।

বিমল পালত্তের উপর আরো একটু বিস্তৃত হ'রে ব'দে বলে—কপালে তোমার সিলুর – এই তোমার বড়ো সৌন্দর্যা, বিভা।

বিভার চোখে জল আদে; স্বামীর একটা হাত গালের উপর টেনে এনে বলে— কত প্রদা আমার জন্তে ভোমার বেরিয়ে গেল। চাকরি না ক'রে যাত্ প্রদা আছে তা আরামে ভোগ করবে ব'লে কত-কিছু মতলব করেছিলে, কিছুই আমি হ'তে দিলাম না। আচ্ছা, আমি যদি ম'রে মাই, তবে তুমি আবার বিয়ে করবে ?

বিমল তার গালে হাত ব্লুতে-ব্লুতে বলে — ও-কথা বলতে নেই, বিভা। কে কার আগে মবে, কিছু ঠিক আছে ?

- না, কেন তৃমি বিশ্নে করবে না। এমন বাজে স্বার্থপরতা আমার নেই। তৃমি আবার বিশ্নে কোরো। আমার জন্তে তৃমি সম্লেদি হ'য়ে থাকবে দে-কথা ভাবনেও আমার তৃঃথ হন্ন। ম'রে গেলে আমি উকি মেরে তোমাদে তৃ'জনকে দেখতে পাবো ত ?

কোন কথা না ক'মে বিমল তাড়াতাড়ি নিচু হ'মে স্ত্রীকে চুম্বন ক'রে বাকালোত বন্ধ ক'রে দেয়।

বিভা বলে—আত্ব ত আমি তালো আছি, ক্লাবে যাও না আগ।

—হ্যা, **আ**জকে একবার বাবো !

চকিতে বিভার মুখ মেঘলা হ'য়ে আসে। শিথিল হাতটা ধীরে কণালের উপর রেখে সে চোধ বোজে। আলাপ আর জমে না।

তুমি এখন একটু দুমোও। ব'লে বিমল উঠে পড়ে।
 কর বায় কেটে।

ক্লাব থেকে রাড ক'রে বাড়ি ফিরে এসে ভনলো বিভার আবার জর এসেছে। সঙ্গে পেটে সেই তীব্র বাধা। স্থার ভাক্তার ভেকে এনেছিল, ইন্জেকশান দিয়ে বুম পাড়িয়ে রেখে গেছেন। ক্লাবে বিমলকেও থবর দেওয়া হ'ত, কিন্তু অযথা তাকে বিব্রত করবার ইচ্ছা নাকি বিভার ছিল না; তাই চাকরকে অ র পাঠানো হয়নি।

বিমল শাশুড়িকে লক্ষ্য ক'রে বলল সে কেমন কথা ? বাড়িতে বমে-মানুষে টানাটানি আর বাইরে আমি নিশ্চিত্ত হ'লে তাস পিট্বো ? ভাবনা বৃঝি থালি আপনাদেরই ? আমি বৃঝি কেউ নই ? ব্যথাটা আর পড়তে চায় না। তবু বিকেল হওয়া-মাত্রই বিমল বেরিরে পড়ে, কেরে গভীর রাতে। ফেরবার সময় ওদের গলির মুখের কাছে একটু দাঁড়ায়, একটা আর্তনাদ শোনবার আশায় কান পেতে থাকে। এমনো হ'তে পারে প্রথম আঘাতের প্রাবল্যে স্বাই স্কঞ্জিত হ'রে গেছে। হয়ত বিমলের আবির্ভাবে সে-স্কর্জা সহসা টুকরো-টুকরো হ'রে যাবে।

ত্ত্ব-ত্ত্ব বৃক নিয়ে বিমল উপরে উঠে আসে। সমুখেই স্থানিকে দেখতে পেয়ে ওধায় : কেমন আছে ?

স্ধীর বলে— সেই একই স্ববস্থা।

কোনো কোনোদিন বলে— একটু ভালো। ব্যথাটা নেই। অবো নামবার দিকে।
শাশুড়ির আর সয় না, একদিন বলেন— বাড়িতে এমন একটা ক্ল্পী, এত রাভ
ক'রে বাড়ি না ফিরলে কি আর চলে না বাছা ?

বিমল মুখের 'পরেই জবাব দেয়: আপনারাই ভ আছেন্। আমি থেকে আর কি করব। সুধীরই ত সব তদারক করছে। বাড়িভে ভাজার বৃত্তির ত হাট ব'কে গেছে। এততেও যদি না সারে তবে আমি আর কি করি বদুন।

ক্লাবে তাসের আজ্ঞা দারুণ জমে উঠেছে এমনি সময় সনাতন হস্তদস্ত হ'য়ে ছুটে এসে একেবারে ফরাসের ধারে আছড়ে পড়লো: বাব্, শিগ্সির বাড়ি চলুন।

তাস ভাঁজা না থামিয়েই বিমল ওধোল : কেন, কি হয়েছে ?

উত্তর কি হবে বিমলের বুঝি জানা ছিল। নইলে কি জার চাকর পাঠিয়ে দিয়েছে ?

সনাতন হাঁপ নিয়ে বলল - শিগ্গির চলুন ৰাবু, মা'র অবস্থা ভালো নয়। দাদাবাবু আপনাকে ভাকতে পাঠালেন।

ঘরের সব লোক স্তব্ধ হ'য়ে সনাতনের মুখের দিকে তাকিয়ে রইলো।

বিমল বললে— বেঁচে আছে ত?

উত্তর कि হবে বিমলের জানা ছিল বৈ कि।

- এখনো আছেন, কিন্তু বেশিকণ বোধহয় আর নেই।
- --- চল বাচ্ছি। সঙ্গে তোমরা কেউ আসবে নাকি হে শস্তু ? তুমি পাঁচুগোপাল ? শ্বলানে নিয়ে বাবার লোক আমাদের নেই তেমন।

শন্তু বললে—কাল থেকে আমার সর্দি ভাই।

পাঁচুগোপালের বাডি চেৎলার হাট পেরিরে, মড়া পুড়িরে একা ক্রিছে ভার ভর করবে। ष्मणा विमन এकार वाफ़ि हनतना।

সনাতন বললে আপনাকে মোটরে ক'রে ভাড়াভাড়ি বাড়ি ফিরতে বলেছে। মা হয়ত আর নেই।

বিমল ধম্কে উঠলো: এত রাজে কোপায় তোর মোটর ? রাস্তা দিয়ে যাচ্ছে একটাও ?

- · আপনি ধদি বলেন ত বড় বাস্তা থেকে একটা ধ'রে নিয়ে আসি।
- -- তোর আসতে আসতে ওদিকে সব সাফ হ'য়ে বাক্। দরকার নেই। চল্পা চালিয়ে।

গলির মুখে এদে বিমল দাঁড়ালো; সনাতন খানিকক্ষণ শৃক্ত দৃষ্টিতে সমুখের দিকে চেয়ে থেকে হঠাৎ টেচিয়ে উঠলো: মা আর নেই, বাবু। তাঁকে আর দেখতে পেলেন না।

- —কি. কি ক'রে জানলি তুই ?
- কারা ভনতে পাচ্ছেন না ?
- --তুই পাচ্ছিদ ? কোথায় ?

তুইজনে উৎকর্ণ হ'য়ে থানিকক্ষণ চেয়ে থাকে। কাল্লা কোথাও সন্ত্যি শোনা যায় না। ফাঁকি।

বিমল ধমকে ওঠে: ঠেসে গাঁজা খেয়েছিস ব্ঝি ? কানের মধ্যে ব্ঝি লাট্টু-ঘোরার আ ওয়াজ হচ্ছে ?

- তাই যেন হয়, বাবু। আমাদের যেন কাঁদতে না হয় কোনোদিন।

কিন্তু কে জানে, হয়ত থানিকক্ষণের জন্মে কান্নাটা চাপা প'ড়ে আছে। কাঁদবার মধ্যে ত শাশুড়ি –বুড়ো ফুসফুসে আর কন্ত জোর হবে!

নিচেই স্থারের সঙ্গে দেখা। ব্যাকুল হ'য়ে বিমলের ফেরবার প্রতাক্ষা করছে।

পাংশুমুখে বিমল প্রশ্ন করলো : কি ?

স্থীর বললে—অবস্থা থ্বই থারাপ হয়েছিল মাঝে; পরাণবাবুদের বাড়ি থেকে ব্যানাজিকে ফোন ক'রে দিলাম। ইন্জেকশান দিয়ে ব্যথাটা বন্ধ ক'রে দিলেন বটে, কিন্তু হার্টের অবস্থা স্থবিধের নয়। রাতে ফের ব্যথা উঠলে একটা ওয়্ধ থেতে দিয়ে গেছেন। তাতে যদি না ধরে, তবে আবার তাঁকে কল দিতে হবে। কী সাজ্যাতিক ব্যথাই যে এবার স্থক হয়েছে!

— স্থামাকে আগে থবর পাঠাওনি, স্থার ? ব'লে বিমল অত্যন্ত ক্রতপদে উপরে কর্মের

উপরে শোকের সমারোহের ক্রাট হয়নি। সমবেদনা জানাতে প্রতিবেশিনীরা পর্যান্ত এনে জ্টেছে। মা বিক্যারিত শৃষ্ঠ দৃষ্টিতে অন্ধকার দেয়ালের দিকে চেয়ে জাছেন।

বিভার চেহারা দেখে সন্দেহ হয় এই রাজিও সে টিকবে না ৷ মুখচ্ছবি আন্ত, পাঞ্র, আভাহীন!

বিমলকে ঘরে ঢুকতে দেখে পাড়ার মেয়েরা সবাই সম্ভস্ত হ'য়ে উঠলেন । বিমল অভিবান্তভার ভান ক'বে সেই জনতার মাঝেই স্ত্রীকে স্পর্ল করতে যাচ্ছিলো, এক জন বর্ষীয়সী মহিলা তাকে বাধা দিয়ে বললেন—অনেকক্ষণ পর এই একটু ঘুমিয়েছে বাবা, তোমার ছোঁয়া পেলে তক্সাটুকু ভেঙে যেতে পারে। তুমি ত আর অবোধ নও। তোমার অধীর হ'লে কি চলে? ঘুম যখন এসেছে একটু, এ-রাত্রি হয়ত কেটে বাবে।

প্রেম প্রমাণিত করতে বিমল বিভার পায়ের কাছে অতি সম্ভর্পণে বসতে যাচ্ছিলো, হঠাৎ বিভা তন্ত্রা ভূলে স্পষ্ট প্রথর কঠে ব'লে উঠলো : এথেনে আবার মরতে এসেছ কেন ? যাও যাও, দূর হও এখান থেকে। পান খেয়ে আসনি আজ ? আমি মরলেই ত তোমার রাস্তা পরিষ্কার হ'য়ে যাবে। অত দিন আর দেরি কেন ? এক্ষ্পিই ধ'রে আনো না একটা। ত্র'জনে মিলে খ্ব তাস পিট্তে পারবে। যাও আমার সম্থ থেকে। ঠাকুরপো একে আবার এ-ঘরে চুকতে দিয়েছ কেন ?

এ জগতে এমন অপমান কে কবে পেয়েছে ? তবু অলোকিক উদারতার ভান ক'রে বিমল উপস্থিত স্বাইকে উদ্দেশ্য ক'রে বললে—রোগে ভূগে-ভূগে বেচারি একেবারে গেল। কাঁহাতক আর মাধার ঠিক থাকে। কিন্তু ঈশ্বর ব'লে সত্যি কি কেউ নেই ?

বাইরে বারান্দায় এসেই হাঁক দিলো : স্থার ! স্থার ততক্ষণে সাইকেল ক'রে ওয়ুধের দোকান ঘুরে এসেছে।

- ওষ্ধটা আনলে ?
- हैं। এই यে। श्राष्ट्रा नाम नित्न या शाक्।
- —ভা নিক্। দেখি।

স্থীরের হাত থকে ওষুধটা নিয়ে নেড়ে চেড়ে দেখতে-দেখতে বিমল বললে— বাথাটা স্থাবার উঠ্লেই থাইয়ে দিতে হবে বলেছে ? এমন কালো রং! বিষ-টিষ নম্ন তো?

অল্প একটু হেনে স্থার বললে—তোমার মাথা থারাপ নাকি ?

— ষাই, টেবিলের উপর রেখে আদি। তোমার থাওয়া হয়েছে ত ?

- না। এবার মেস্ খেকে একটু খুরে আসি গে। বৌদি ভ এখন একটু খুম্ছেন —ব্যথাটা উঠ্লেই হার্ট গ্লাফেক্ট করে—সেই বা ভর।
- সে কি, মেন্-এ বাবে কি ? এখানে ভোমার খাওয়ার জোগাড় হয়নি ?' ঠাকুরটা পালিয়েছে এরি মধ্যে ?
  - ---না না, দে-জন্মে নয়। মেদ্-এ আমার দামান্ত একটু কাজ আছে।
  - -किन्छ कथन कि इम्र वना वाम्र ना।
  - আমি দশ মিনিটের মধ্যে ফিরে আসবো।

গভীর হতাশার স্থরে বিমল বললে—কিন্ত শত্যিই কি আর আশা নেই, স্থার ?

স্থীরের কঠে অভয় : কার সাধ্য বৌদিকে ছিনিয়ে নেয় ? তুমি বাও ওপরে— এর মধ্যে ব্যথা উঠ্লে ওর্ধটা এক দাগ খাইয়ে দিয়ো। আমি এই আস্ছি।

বিমল উপরে উঠে গেল, কিন্তু রোগীর ঘরে নয়—একেবারে ছাতে, খোলা ছাতে। জীবনে এবার সে সভ্যিই ছুটি পাবে, পাবে বিভূতি, অমেয় অধিকার। প্রতিদিনের এই অপরিবর্তনীয় পুনরাবৃত্তির মাঝে নিজেকে আর সে কয় ক'রে ফেল্বে না। তার অনেক কর্ম, অনেক সাধনা, অনাবিদ্ধৃত ভবিদ্ধুং! সে চায় স্ত্রোভ — অজন্ম, ফেনিল, গাঢ়! সে-স্রোতে মৃতদেহ ভেসে নিশ্চিক্ক হ'রে যাক্। একা সে পরিপূর্ণ ক'রে বাঁচলেই বিপূলা পূথী আর নিরবৃধি কাল কুতার্থ হবে।

কিন্তু বেশিক্ষণ ছাতে থাকলে চলবে না, স্থার এসে থোঁজ পেলে লজ্জার ব্যাপার হবে। ঘরে না থাকলেও কাছাকাছি কোথাও প্রতীক্ষা করা উচিত।

দোতলায় নামতেই স্থারের সঙ্গে দেখা— এইমাত্র সে ফিরেছে। স্থার জিগ্গেস করলো; বেদ্নাটা ওঠেনি ?

विभाजत भूथ निष्य विविद्य अला : ना वाधर्य ।

—বোধ হয় ? থবর নাওনি ? স্থাীর বিমলের প্রতি তীব্র কটাক্ষ হেনে ঘরে গিয়ে দেখলো বিভা তথনো চুপ ক'রে চোখ বুছে আছে। নিশাস বেন আর টানভে-পারছে না।

বিমল একবার একটু উ কি মেরে অবস্থাটা আন্দান্ধ ক'রে অতি আন্তে আন্তে ঘরে চুকে পড়লো।

সব চুপচাপ। কারো মূথে রা নেই। মৃত্যুর পদধ্বনি শুনবার আশায় সবাই বেন ধ্যান করছে।

কিন্তু কভক্ষণ ! হঠাৎ সমস্ত শরীরে আহত লাপের মতো কুওলী পাকিরে বিজ্ঞা। বিকটখনে চীৎকার ক'রে উঠলো। সেই ব্যথা ! শ্বধীর লঠনটা তুলে টেবিলটা হাতড়ে চেঁচিয়ে উঠলো: ওব্ধ ? নেই ওব্ধটা ? বিষল বিভার বিক্বত বেদনার্ড মুখের দিকে চেয়ে শুকনো গলায় বললে—কেন, ঐ টেবিলের ওপরই ত রেখেছিলাম। কোখায় স্বার বাবে ?

টেবিলে ছোট-বড়ো নানা মাপের শিশি-বোতল রাশীকৃত হ'রে আছে— স্থারীর আল্প আলোকে কিছুরই ঠিক দিশে পায় না। মেয়েরাও সন্তম্ভ হ'রে খুঁজতে লেগেছে। পালন্তের তলা থেকে কেউ ফিনাইল-এর বোতল বের ক'রে শুণোয়: এটা ? কেউ আ্লেলিঙ সল্টের নীল শিশিটা খুজে এনে বলে: এটা নিশ্চরই।

विमन चित्र, जिज्जानाशीन।

বিজ্ঞা সমানে চীৎকার করছে। বিজ্ঞার মা দেয়ালে কণাল কুট্ভে লেগেছেন। স্থানি তীক্ষবে থমকে উঠলো: কোথায় রেখেছ ওষ্ধ ? তোমার এতটুকু দায়িত্ব নেই ? শিগ্নির পুঁজে বার ক'রে দাও বলছি।

বিমল টেবিলের দিকে এগিরে এসে নির্লিপ্তের মতো বললে—তোমার হাত থেকে নিয়ে এথেনেই ত রাখলাম। উড়ে ত আর বায়নি। সব ওলোট-পালোট ক'রে রাখলে কী ক'রে থোঁজা বায় বলো ? আলোটা একটু বাড়িয়ে দাও না।

সহসা শরীরে একটা মোচড় দিয়ে বিভা দাঁতে দাঁত ঘবে একটা বীভৎস শব্দ করলে। লগুনটা মেঝের উপর বসিয়ে স্থধীর তাড়াতাড়ি বিভার কাছে ছুটে এলো, অঞ্চবিগলিত করণ স্বরে ভাকলে: বৌদি।

স্থীরের কর্চে এই কাকুতি শুনে ঘরময় শোকবন্তা উদ্বেল হ'য়ে উঠলো। বিভার জীবনের পরমলগ্ন ঘনিয়ে এলো বৃঝি। এই দৃষ্টা বিমল আর ছির হ'য়ে দেখতে পারলো না। সহসা চেঁচিয়ে উঠলো: এঁয়া। ওষ্ধের শিশিটা যে আমার পকেটেই ছিল দেখছি।

স্থীর বিভার শ্যাপ্রাস্থে নত হ'মে দাঁড়িয়েছিল, এবার থাড়া হ'ল। রুচ, নির্মম সে-ভঙ্গি! হাত বাড়িয়ে বলল—শিগ্গির দাও।

—এ কি ? শিশিটা বে ভাঙা ! ওষ্ধ সব বে কর্থন প'ড়ে গেছে, স্থীর ! কী হবে ?

ঘরে শোকের আরেকটা প্রবল ঢেউ আলোড়িত হ'য়ে উঠলো।

— শিগ্ গির ছুটে বাও, ব্যানার্জিকে ডেকে নিয়ে এসো। আমার সাইকেলটা নিয়ে বাও। এক্পি। খুমের থেকে টেনে তুলে নিয়ে আসবে। আর তোমরা একটু থাম দেখি দ্যা ক'রে। এখনো আশা আছে। দেখি আমি কা করতে পারি।

এখনো আশা আছে !

বিমল অবস্থি সাইকেলটা নিলে না। সে যে সাইকেল চড়তে জানে এ-সম্বন্ধে আচিছা/২/৩২

স্থারের কাছে কোনো নন্ধির নেই। রাস্তার বেরিরে এসে গলির মোড়ের পানের দোকান থেকে সে বিড়ি কিনলো ও আরো থানিকটা এগিরে এসে একটা পাহার-ওয়ালার সঙ্গে দেশের রাজনৈতিক অবস্থা নিয়ে দিব্যি গর কুড়ে দিলে।

ভাজারের বাড়ি বাওয়া, তাঁর ঘূম ভাঙানো, মোটরের সোফার বাগানো— ব্যানার্জি নিজে ড্রাইভ করতে পারে কি না কে জানে—ইত্যাদি ত একটা তুড়ি মেরে লাফ দিলেই ঘটে ওঠে না। ঘড়ি ত ইলেকট্রিকে চলে না আর। কত দিনের গুমোটের পর দক্ষিণ থেকে আজ কেমন হাওয়া দিয়েছে। আকাশ-ভরা তারা। একটা ট্যাক্সি পেলে চৌরঙ্গিতে বেশ একটু বেডানো বেড বা হোক।

ঘন্টা থানেক স্বচ্ছন্দে কেটে গেছে। বিমল মছর পায়ে বাড়ির মুখে স্বপ্রসর
হ'ল।

কিছ গলির মোড়ে এসে দাঁডাতেই সেই স্বৃপ্ত নিস্তন্ধতা। পাড়াটা নিঝুম।
আরো দু' পা এগিয়ে এসে বিমল ধামলো। তার বাড়িটা পটে আঁকা ছবির মতো
ছির। খোলা জানলায় আলো দেখা বাছে বটে, কিন্তু একটিও অফুট শব্দ শোনা
বাজে না।

ব্যাপার কী ?

সদর দরজা খোলা—সনাতন বাইরে শুয়ে আছে। তবে ওকে ফেরবার স্থ্যোগ না দিয়েই বিভাকে ওরা নিয়ে গেছে নাকি ? সোজা শ্মশানে যাবার থবরটা বলতেই সনাতন এথনো ব'সে আছে বৃঝি। এথন ক'টা বাজলো ? পার্কে বেঞ্চিতে ব'সে ও ঘুমিয়ে পড়েছিলো হয়ত, ঘণ্টার আর হিসেব নেই।

বিমল চাকরটাকে শুধোল: কি ?

- —একটু ভালো আছেন এখন।
- --- সে কি রে ? ভালো আছেন কি বলছিন ?
- —হাা, বাবু, ধান না ওপরে।

চোরের মতো বিমল ,উপরে উঠে এলো। দোতলার মাঝের দালানটায় স্থাীর অন্থির হ'য়ে পাইচারি করছে। রোগীর দর স্তব্ধ। আলোগুলি কমানো। আবহাওয়াটি হাবা।

विमन दिन दिन देवीय: वास है दिन है जिल्ला के विमन है

নিতাম্ব অপরাধীর মতো ধরা গলায় বিমল বললে —বাড়িতে নেই। কোন্ এক জকরি কল্-এ চুঁচড়োয় চ'লে গেছেন বললে।

— চ'লে গেছেন ? সে কি কথা ? আমার সঙ্গে appointment ক'রে চ'লে গেলেন ? এ হ'তেই পারে না। রাতের ফি কি আর আমরা দিতাম না ?

- দিভামই ত।
- তুমি কোন্ ব্যানার্জির বাড়ি গিয়েছিলে ? চক্রবেড়ের প্রতাপবাব্র বাড়িতে না ?

চোথ কপালে তুলে বিমল বললে – না ত। আমি গিরেছিলাম বিভন স্থীটে। ছি ছি! যাবো এবার ? এই ত কাছেই '

বাধা দিয়ে স্থার বললে - দরকার হবে না। বোদি এখন বেশ ভালো আছেন।
—ভালো আছেন ?

—হাঁা, ভাগ্যিদ তথন বৃদ্ধি ক'রে মেদ্ থেকে দিরিঞ্চা নিয়ে এসেছিলাম, মরীয়া হ'য়ে নিজেই ঈশ্বরের নাম নিয়ে দিলাম ইন্টাভেনাস্। এম বি হ'য়ে বেরুবার দিন পর্যান্ত ছ' মাদ প্রতীক্ষা করতে গেলে বৌদিকে আর এ-বাজা ঠেকানো বেত না, বিমল-দা। সাহদ ক'রে বিভা জাহির ক'রে দিলাম—অবশ্র মহাজনের পদাস্ক অফ্সরণ ক'রেই। হাতে-হাতে ফল মিলে গেল। হার্ট ত্র্বল বটে, কিন্তু বোধহয় আজ আর ভয় নেই।

নীরবে আর ত্' চকর হেঁটে ফের বললে - তুমি খুব বেশি আস্ত হ'রে পড়েছ, সনাতন তোমার জন্তে বিছানা ক'রে রেখেছে—তুমি এবার ঘুমোও গো।

বিমল শুধ্ বলতে পারলো: আর তৃমি ?

---আমাকে সারা রাত জেগে পাহারা দিতে হবে। তুমি ষাও।

এবার আর ব্যানার্জি নয়, স্থার সাহেব-ভাক্তার নিমে এলো। সঙ্গে-সঙ্গে ভোজবাজি!

তেরো দিন যেতেই জর গেল নেমে, বাথা গেল তলিয়ে। একুশ দিনের দিন বিভা বিছানায় উঠে বসতে পারলো। বিমলের হাত ধ'রে ধীরে-ধীরে জানলায় এসে দাঁড়াতে পারলো আরো সপ্তাহ থানেক বাদে।

বিভাকে আর পায় কে ? যতে। কিছু ছেলেমান্ষি, যতো কিছু আথর্টেপনা! ছাতে উঠে ঘৃড়ি ওড়াবে, বৃষ্টিতে ভিজবে, তেঁতুলের টক না থেলে ইহজীবনে আর অর্থ থাকবে না। রোক্দুরে দিয়ে নতুন শাড়ি পরে, পরিত্যক্ত ত্'চারগাছি চুল নিম্নে বিম্নিন বাধবার চেটা করে. রূপামূশীলনে বার্থকাম হ'য়ে স্বামীর সংজ্ঞামূসারে কপালে ফুলের ক'রে সিন্দুর আঁকে।

কিন্তু পৈতৃক সহজের কি স্থা ধ'রে হঠাৎ একদিন বিভার হাঁপানি দেখা দিলো।

সাহেব ডাক্তার বললেন : হাওয়া বদল কর। পুরী মন্দ নয়।

বিভার খুশি আর ধরে না। বাড়ি ত কবে থেকেই পাকা, সঙ্গে বাবে সনাভন আর ঠাকুর, মা আসবেন, বরের সঙ্গে মলিনা এসেও বেড়িয়ে বেতে পারে।

স্থীর বলে-সার আমি বুঝি বাদ?

विका दिल बल-जूमि मा शालहे ज वाम।

আর — দেহরক্ষী বিমল, ভারবাহক ! একটি অন্থিতৃপকে কাঁধে ক'রে ভার সমস্ত জীবন পরিক্রমণ করতে হবে !

বিভা বলে—সমূদ্রের নাম শুনেই আমার নির্বাস ভ'রে আসে, ঠাকুরপো। লোনা অব্য গারে লাগিরে আমি সোনা হ'রে ফিরে আসবো দেখো।

সাহেব ভাজার ব'লে দিলেন: যত খুশি গায়ে হাওয়া লাগিয়ো, কিন্তু থাওয়া-দাওয়া স্বাহ্ম ভূঁ সিয়ার। Ozone-এই ওজন বাড়বে।

বিভা নাক সিঁটকে বলে: রেখে দাও ডাক্তারি। আমার নিজের জোরে শরীরে খাস্ব্যের জোরার নিয়ে আসবো। আমার দেহই হবে আমার কাব্যস্ঞী।

টেন ছাড়লে বিভা বললে— আমার আবার নতুন ক'রে বিয়ে হচ্ছে। কী যে ভালো লাগছে বলবার মতো ভাষা খুঁজবো ব'লেই এখনো বেঁচে আছি। ব'লে নির্জন কামরায় বিভা বিমলের বুকের উপর মাধাটা এলিয়ে দিলো।

বিমল বললে— ওষ্ধপত্ৰ, নতুন atomizerটা—সব সঙ্গে নিয়েছ ত ?

विका विभना र'रम वनान-निरम्भि । किन्न ७-मव जान नागरव ना माथा ।

—বেশ ঠাণ্ডা আসছে কিন্তু। র্যাপারটা ভাল ক'রে গায়ে দাণ্ড। কক্ষটারটা কোষার রাখলে আবার ? গলাটা জড়াণ্ড। পায়ে মোজা আছে ত ?

বিভা আপত্তি করলো: ঠাকুরপো বলে হাওয়া লাগালে বুকের কিচ্ছু ক্ষতি হয়
না

—কোঁপরদালালি করতে ঠাকুরপো আজ আর সঙ্গে নেই—এই রক্ষে। নাও,

অপরাধীর মতো নির্বিরোধে বিভা ক্রমশ একটি জামা-কাপড়ের পুটলি হ'তে বাবে।

- —এই হাঁচতে ক্ষুক করেছ ত ? হয়েছে ! দাঁড়াও, জানলাটা তুলে দি।
- -- জানলা তুলে দিলে আমি ম'রে যাবো।

কাঠের জানলাটা নামিয়ে ও কাঁচেরটা তুলে দিতে-দিতে বিমল গভীর হ'য়ে বললে—মরা অত সস্তা নয়।

म्रा मिरक कानना मिरत विका मुक श्रास्त्रत मिरक करत बहेरना।

পরে অন্তরঙ্গ হবার চেষ্টায় স্বামীর কাছে এসে করুণকর্চে বললে—স্বামি ম'রে গেলে তুমি কাঁদতে ? কী ব'লে কাঁদতে বলো না।

— কাঁদবার দিন মান্থথের ফুরোয় না একদিনে। কিন্তু রান্তির ক'রে বক-বক না ক'রে এখন একটু ঘুমোও দেখি। বেশি রাত জেগে পেট-গরম হ'লে **ভাবার নেই** বাধাই টের পাবে'খন!

কথাটা অভিশাপের মতো কানে লাগে। বিভা চূপ।

ভারণর আবার দে-ই বলে—আমি এমন একটা কঠিন অস্থ থেকে ভালো হ'রে উঠলাম, অধচ তুমি একদিনো আমাকে একটু আদর করলে না।

বিমলের কথাটা বিদ্ধাপের মতো শোনায় : ভালো হ'য়ে উঠেছ নাকি ?

- --- নিশ্চর। বাঁচবো —আমার এই ইচ্ছাই আমাকে আযুমতী ক'রে রাখবে।
- —তুমি পাৰে আয়ু, আর তাকে টি কিয়ে রাখতে আমার আয় যাবে শুল্পের বরে— হিসেবটা ঠিক হ'ল না।

বিভার মৃথ মলিন হয়ে ওঠে: কিন্তু তোমার আশীর্বাদে আমি বদি আয়ু পাই, ভবে আমার কল্যাণে শৃত্য তোমার বামবর্তী সংখ্যা নিয়ে অজত্র হ'য়ে উঠবে। আমি বামে থাকলে তোমার শক্তি ও সম্পদের আর অভাব কোখায় ?

এই ব'লে সে নিজেই স্বামীর গ্রীবাবেষ্টন ক'রে নিজের গাল এনে বিমলের গালে ঠেকালো। মুহুর্তে বিমল আহত হ'য়ে বললে – তোমার জ্বর হয়েছে ফের ?

বিভার মৃথ ওকিয়ে একেবারে এতটুকু হ'য়ে গেল। চোথ হু'টি ভীত, মৃথে অপার বিষয়তা! নিজের কণালে নিজেই হাত রেথে অম্পষ্ট ক'রে বললে—অর ? না ত ?

—না ভ কি ? প্লষ্ট জর। বা'র করো থার্মমিটার।

পাছে রূঢ় নিদারুণ সভ্যের মূখোমুখি হ'তে হয় দেই ভয়ে বিভা **আর বাঞ্চ** খুললে না।

—বেশ। জব-জব করতেই জর্জর হ'য়ে থাক আর কি। তারপর ধমকে: শুদ্রে পড় এক্ষ্ণি। ওঁকে জাবার আদর করতে হবে!

বিভা বিক্লক্তি না ক'রে গুটিস্থটি হ'য়ে অমনি বেঞ্চির উপর শুরে পড়লো। মনেমনে গুনে-গুনে তেজিশ-কোটি দেবতার কাছে সে প্রার্থনা করতে লাগলো—জর
বেন ভার না আসে! হাঁপানি হ'লে এক সময় কমবার সভাবনা আছে, অল-অল
পেটে-বাধা কট ক'রে তব্ চাপা যায়, নিজে না ঢাক পেটালে কেউ টের পায় না;
কিন্তু অর একবার হাড়ের মাঝে বাসা নিজে আর বেতে চায় না—গায়ে হাড

ছোঁয়ালেই যে ধরা পড়বার ভয় ! তবে সমূলে সে কেমন ক'রে স্থান করবে ? সমূলে স্থান না করলে সারবে কী ক'রে ?

সমূদ্রের ধারেই ছোট একতলা বাড়ি— নৃতন চুণকাম করা, ফিটফাট। সামনে
সমূদ্র - ফুলশয়ার রাতে বিভারই হৃদয়ের মতো বাাকুল। অহনিশি গর্জন করছে।
কলকাতায় রোগের যন্ত্রণায় সে যথন আর্তনাদ করছিলো তথনো সমূদ্র এমনি
প্রতিধবনি করেছে। বিভা তার জীবনের নিবিড়তম স্থক্কতম মূহুর্ভটির কথা ভাবতে
চাইলো। সে কবে? কোথায়? বিভা তা জানে না, তবু তথনো এই সমূদ্রে
সহাম্ভৃতিতে দ্বির হ'য়ে দাড়িয়ে সে-স্তক্কতার পরিমাপ করেনি। কিসের তার এই
গর্জন?

জানলার পাশে ব'সে বিভা প্রভাতে-সন্ধ্যায় তুপুরে-রাত্রে থালি সমূদ্র দেখে। বেন কোন বীরবল্লভ! নীল সবৃদ্ধ লাল কালো সমূদ্র। কক্ষ কর্কশ বন্ধুর নিষ্ঠুর সমূদ্র! উত্তরঙ্গ,:উব্দেল! বালিতে বিশ্বক, জলে ফেনা। ব'সে ব'সে বিভা তন্ময় হ'য়ে চেউ গোনে।

সেই যে ট্রেনে সে হেঁচেছিল তাই থেকে তার আবার জ্বর হ'ল। পুরীতে ডাজার আর ডাকা হ'ল না। হ'দিন যেতে না যেতেই হাঁপানি। সেদিন পেটের ব্যথাটাও একটু টের পেলো বোধ হয়। মূথ ফুটে বিমলকে আর বলল না অবস্থি।

বিভা কাতর স্বরে বললে - আমাকে বৃঝি স্নান করিয়ে স্থানবে না একদিন ? নিষ্কে ত দিব্যি ছু'বেলা স্নান করছ।

বিমল রুক্ষ হয়ে বললে —কেন করব না ? আমার ফুসফুস ত আর আমসি হ'য়ে বায়নি ?

- --কিন্তু সমূত্রে নামলে আমারও সব অহ্থ ধুয়ে যাবে দেখো।
- বেমন ট্রেনে চাপলেই তোমার সব ব্যাধি উড়ে যাবে! লচ্চা করে না বলতে ?
- দেখি না একদিন। আজকে ত আর জর নেই। বেশ ভালই ত আছি।
  মুখ ভেওচে বিমল বললে বেশ ভালই ত আছি। তারপর বলবে, বেশ ভালই
  ত হাঁচি। পুরীতে আসবার জল্মে এত পেখম মেলেছিলে কেন? কলকাতায় মরডে
  বুঝি মন ওঠে না? মাঝখান থেকে টাকার আছে। কালই কলকাতা ফিরে বাবো,
  বুঝাল?

বিভার অভিমানের আর মৃথ নেই; অমনের ক'রে বলে—কিন্তু যাবার আগে
আমাকে একদিন সমূদ্রে সান করিয়ে নিয়ো, লম্মীটি। একটিবার।

বিমল বললে - না।

— আমি ভোমাকে পুকিয়ে রাজে চ'লে যেতে পারি স্থান করতে, কিছ একা সামার সমূদ্রকে ভারি ভয় করে।

পরে চিঠির কাগজ ছি'ড়ে সে স্থীরকে চিঠি লিখতে বসে: খালি সমূত্র হ'লেই চলে না ঠাকুরণো, তুমি এসো। কবে আসবে ?

জানলা দিয়ে বিভা সমস্তক্ষণ থালি সমূত্র ও সমূত্রতটের দৃষ্ট দেখে। কিন্তু কালকের রাতে বিমলকে আর সে লুকুতে পারেনি। পেটের ব্যথার তাকে টেচাতে হয়েছে।

আজই বাত্রে বিমল তাকে কলকাতায় ফিরিয়ে নিয়ে বাবে।

প্রাচীরের চাপে সমূজ এবার শুকোল ! আর তরঙ্গ নয়, চাকা ! বিভা চোখ বুজে কলকাতার সেই এঁদো ক্ষুদ্র কুঠুরিটার কথা ভাবতে গিয়ে শিউরে উঠলো।

বিমল অত্যম্ভ ব্যস্ত হ'য়ে এসে জিগ্গেস করলে : সমূত্রে নাইতে যাবে ?

বিভা প্রথমটা বিমৃত্ হ'য়ে চেয়ে রইলো। কাল বে তার প্রায় ত্'য়ের কাছে জর ছিল, আর এখনো বে তা নর্ম্যাল হয়নি তা স্বামীর অজ্ঞানা নেই। সে আমতাআমতা ক'রে বললে—গায়ে বোধ হয় এখনো জর আছে। নেব টেম্পারেচার ?

বিমল বললে—দরকার নেই। ওটুকু জবে কিছু হবে না। কিছুতেই কিছু হয় না তোমার। সমুদ্রে নাইবার তোমার এত সাধ—এসো। সনাতনকে সঙ্গে নাও।

আনন্দে বিভা সহসা লাবণ্যময়ী হ'য়ে উঠলো। সমূদ্রের ঢেউ—প্রথম পুরুষ-স্পর্দের চাইতেও রোমাঞ্চময় ! কোমরে কাপড় জড়িয়ে বিভা ছোট খুকির মতো হাত-তালি দিয়ে উঠলো।

স্থামীর হাত ধ'রে কাঁধে সামান্ত একটু ভর দিয়ে বিভা বালিতে পা ভূবোভে-ভূবোভে অগ্রসর হ'তে লাগলো। বহন ক'রে নিয়ে মেতে স্থামী কট্ট পাছেন এ-কথা ভাবতে লক্ষার আর তার শেব ছিল না। সে হাঁপিয়ে পড়েছে দেখে বিমল তাকে এক সময় কোলে তুলে নিলো। বিভা বিমলের কাঁধের উপর মূথ লুকিয়ে ভাবছিল —সমূল ত সে পেয়ে গেছে।

পেছনে সনাতন-কাপড়-চোপড় নিম্নে আসছে ছ্'জনের। হাওয়ায় বিভাকে উড়িয়ে নেয়। পায়ের তলায় তেউ এসে তাকে আছাড় দিয়ে ফেলে প্রায় টেনে নিয়ে যাচ্ছিলো, সে বিমলের একটা পা ধ'রে ফেললো: শিগ্পির ডোল আমাকে।

চেউটা পিছু হটতেই নিষেই সে ভাড়াভাড়ি উঠে পড়লো।

वनन-- वाद अक्ट्रे र'तन रहिन वाद कि। जुनि वानाक श'रद शाका।

শামীর হাভ ধ'রে ভরে-ভরে বিভা জলে নামতে থাকে। বিমল বলে—ভর কি? শামিই ত ধ'রে আছি। চেউটা এলেই নিচু হ'রে ভুব দেবে—ওটা চ'লে গেলেই আবার সাফ।

বিভা বিমলকে প্রাণপণে আঁকড়ে ধ'বে বলে – ছলিয়াগুলোকে ডাকো।

- एतकात तह ।
- আমার ভারি ভর করছে। কাজ নেই সমুক্রনান ক'রে। চলো উঠে পড়ি।
- কিসের ভয় ? ব'লে বিষল বিভাকে শক্ত ক'রে ধ'রে আরো দ্রে টেনে নিয়ে বেতে লাগলো। প্রচণ্ড একটা ঢেউ আসে, বিভাকে নিচু হ'তে বলে—বিভা সব সময়েই মিল রাখতে পারে না, একটা অদৃশ্য হ'তে না হ'তেই আরেকটা এসে তাকে গ্রাস করে।

হঠাৎ সে হাত তুলে চীৎকার ক'রে উঠলো : আমি গোলাম। শিগ্ দির আমাকে বাঁচাও।

সে-স্বর বিমল ছাড়া কেউই আর তনতে পায় না। লে তাকে আরো দ্বে জলের তলায় টেনে আনে।

কণতরে চেউরের মাঝে বিভার মৃথ একবার ভেসে ওঠে—ভয়বিহ্বল বীভংস কদর্যা সে-মৃথ। ছুই চোখে অসহায় অস্থনয়। স্বামীকে প্রাণপণে আঁকড়ে ধ'রে সে আর্তনাদ ক'রে উঠলো: আমার বুকটা কেমন করছে। কেমন বেন।পারি না আর। ভূলে নিয়ে চলো আমাকে।

বিমল হয়ত এক মৃহুর্ত বিধা করলো। বা হয়ত করলো না। বিভার দৃঢ় মৃঠিটা শত্যস্ত জোর ক'রে ছাড়িরে নিয়ে সে তাকে উন্মন্ত চেউরের মধ্যে আলগোছে ছেড়ে দিলো।

পারে সনাতন ব'সেছিল। বিমলকে একা উঠতে দেখে সে আকুলকর্চে প্রশ্ন করলো: বাবু, মা, মা কোখার ?

বিমল উত্তর দেবার অন্ত আর দাঁড়ালো না।

দেশলাইয়ের বাবে কাঠি ছিল না, তাই মুখের নিবস্ত চুকটটা বাঁচিয়ে রাখবার ব্যন্ত গোটা চার-পাঁচ টান দিয়ে রমেশ শুধোল: এখন কি উপায়, কুতার্থ ?

কভার্থ ঠোট উপ্টে বললে—উপার একটা হবেই—

রমেশ ঘাড় নেড়ে বললে—কিন্তু গোঁফ-কামানো ছেলে আমি নামাতে পারবো না ব'লে রাখছি।

কুতার্থ বললে—তা আমি জোগাড় ক'রে দেব-ই। এ-জায়গাটার বহু বছর আগে একবার এসেছিলাম। সামনের ঐ বাবলা গাছটার ধার দিয়ে যে-পথটা থালের দিকে এগিরে গেছে— ঐ পথটা ভারি চেনা-চেনা। আপনি ঘাবড়াবেন না।

চুকটের আৰু ফুরিরে এসেছে, ছুঁড়ে ফেলে দিয়ে রমেশ বললে – না ঘাবড়েই বা কি করি! জোগাড় ক'রে জানো একটি। এ বিষয়ে ত তোমার হাত আছে। কিন্তু খালি জোটালেই ত চলবে না, টালও ত সামলাতে হবে — '.

— बाच्छा व्यथि । व'त्न क्रजार्थमয় ठामয়्यो काँदि क्रिंत्स क्रम् । दितिয় लान ।

একটি অখ্যাত ছোট শহর আশে-পাশে হ'শ থানি গ্রাম ম্যালেরিয়ায় ঠাসা।
বড় দিনের ছুটিতে বড় শহর থেকে এক থিয়েটার পার্টি এসেছে—বিনা
নিমন্ত্রণেই। হ' রাজি থিয়েটার হবে ব'লে আগেই রটিয়ে দেওয়া হয়েছিল। রটিয়ে
দেওয়া হয়েছিল—মালতী: জীমতী চমৎকারিণী দাসী।—মানে, মেয়ের পার্টে খিনি
নামবেন তিনি মেয়েই।

এ থবরে সারা শহরে ও গাঁরে হৈ চৈ প'ড়ে গেছ্ল — টেজে দাঁড়িয়ে মেরেমাছ্য বইরের কথা গড় গড় ক'রে মুখন্ত ব'লে:বাবে—এ আলে-পালের গাঁরের লোকের কাছে একেবারে অবাক কাও—কিছ শহরের বারা মাথা, মানে বারা টাক ও টিকি, তাঁদের কেউ-কেউ এ নিম্নে মহা গোল পাকিয়ে তুলছেন—বলছেন : ছেলের। বাবে বিগড়ে, মেয়েদের মন বাবে বিধিরে। বন্ধ ক'রে দাও।

রমেশবারু বললে— আপনিই হয়ত বন্ধ হ'রে যাবে। আপনাদের বা দেশ— মশাদ্বই মশগুল। আসতে-আসতেই আমাদের চমৎকারিণী দাসীর অর-চমৎকার হয়েছে। আমরা নিজেরাই পাল গুটোর।

শহরের উকিল বগলাবারু বললেন—তাই গুটোন মশায়;—হাওয়া উত্তরে। মেরেমাছ্য নাবালে এক পরসাও মিলবে না আপনাদের—চমৎকারিণীর ওষ্ধের ধরচটি পর্যন্ত নয়। আমাদের এখানে বনের মশা আছে থাক— বিলাসের মশাল চাইনে। অভিনয় আম্বা চাই বটে, কিছু অবিনয় নয়। বগলাবাবুর আর যাই থাক, গলা আছে বটে; — দেখতে, ও শুনতে।
বগলাবাবু যেতে-না-যেতেই একথানা ছ্যাক্ডাগাড়ি'এসে দাঁড়ালো। দোর খুলে
কুতার্থ নামছে। পিছনে একটি মেয়ে।

কৃতার্থ ঘরে ঢুকেই বললে-এনেছি মশাই, দেখুন বাজিয়ে এবার।

মেয়েটি ভারি ভীক্ষ, ঘোমটাটি একটু টেনে দেয়ালের সঙ্গে মিশে রইল। দাঁড়াবার ভিচতে একটি কোমলতা আছে। প্লে-তে মালতীকে এমনি একবার দাঁড়াতে হবে, —ব্যমেশবাবু পছন্দই হ'ল হয়ত।

বললে—তুমি যে আমাকে কৃতার্থ করলে হে! ব্যাপার ?

বুক চাপড়ে ক্বতার্থ বললে —থালের পারে যে এমন কলি ফোটে কলিকালের পক্ষে এ একটা সোভাগ্য, রমেশবাবু। বাং-চিং ক'রে হাল-চাল সমঝে নিন। চলবে ? র' এক পেগ পেটে যাওয়ার মতো একটি ঘোর-ঘোর লাগছে না ?

মেয়েটি ততোই যেন মাইয়ে যেতে থাকে।

রমেশ ভধোল: তোমার নাম কি ?

মেয়েটি হোমটার ফাঁক থেকে জবাব দিলো: সরলা।

স্বরটা একটু ভাতু বটে, একটু জোলো - কিন্তু ভারি স্পষ্ট।

কৃতার্থ বললে—ঘোমটাটা একটু কমিয়েই আনো না, দিনের আলোয় এত ভয় কিলের ?

নিবিড় অন্ধকারের মডোই কালো ত্'টি চোথ—ঘোমটা একেবারে মাধার ওপর তুলে আনলে – কিন্তু ত্'টি চোথেই যেন অন্ধকারের অগাধ স্নেহ মাথা। সমস্ত মুথে একটি ভারি নিষ্টি কমনীয়তা আছে, পাতলা ঠোঁট তু'টি পরস্পরের সঙ্গে ভারি আস্-গোছে ছোয়াছু'য়ি ক'রে আছে, একটুথানি কপাল— রমেশের মনে হচ্ছিল মাপলে হয়ত তু' আঙুলের বেশি হবে না, চিবুকটি একটু চ্যাপটা হ'য়ে গালের তু'দিকে ছড়িয়ে পড়াতেই মুথথানিতে এমন একটি পেলবতা এসেছে।

মেয়েটি একটি লাবণ্যের নদী। খুব স্রোভ নেই – খেন বিকেলের আলোয় টল্টল্ করছে।

নাটকের নায়কের দক্ষে কল্পনায় যতবার রমেশের সম্ভাষণ হয়েছে - অমনি তার মুখের ভৌলটি, ভাসা-ভাসা হ'টি চোথে অমনি একটি সম্বেহ কুণ্ঠা, তথু দাঁড়ানো-টিতেই অমনি একটি অ্থমা ! মেয়েটি বেশ।

রমেশ ঢোঁক গিলে বললে — তুমি পড়তে জানো ত

সরলা বললে — জানি একট্-একট্। তবে কয়েকবার শুনলেই মনে ক'রে রাখতে পারি। রমেশ হঠাৎ উৎসাহিত হ'য়ে টেচিয়ে উঠলো: ভোরা এখানে দাঁড়িয়ে কি দেখছিস রে, নিমাই ? দে ঐ চেয়ারখানা সরলাকে এগিয়ে।

তিন-চারখানা হাত বেরিয়ে এলো একসঙ্গে।

চেয়ারের দরকার হ'ল না। সরলা মাটিতেই বসলো।

রমেশ জিজ্ঞেদ করলে : তুমি আমাদের দঙ্গে প্লে করবে ? প্লে মানে থেলা নয়, নাটক।

कुछार्थ जुक कुँठत्क वनात - ७, छा थिना-है। कि वरना रह -

ঠোটে হাসি ফুটতে না দিয়েই সরলা বিজ্ঞের মতো বললে—সংসারটাই ত থেলা শুনেছি।

ক্বতার্থ হাততালি দিয়ে ব'লে উঠল: কেয়াবাং। সরলা শুধু আমাদের দর্শন দেনই না, শেখানও।

রমেশ বললে পারবে করতে ?

সরলা বললে—শিথিয়ে দিলে কেন পারবো না ? আমাদের শুধু পাথা নেই, নইলে ত আমরা পাথীই।

কুতার্থ ফের ভুরু কুঁচকোল। বললে—পাথা নেই, কিন্তু উড়তে জানো **খু**ব। তোমরা পোকাও।

সরলা বললে —স্বাপ্তন দেখলেই উড়ে পড়ি। তাতে স্বাপ্তন নেভে না, পাখাই পোড়ে।

মেয়েটি দেখতে ভীতু. কিন্তু কথায় জ্বিলিপি !

রমেশ বললে ছোট্ট একট্থানি পার্ট, কিন্তু ভারি শক্ত। ছ' তিন দিনে তৈরি ক'রে দিতে হবে। আমরা আস্চে শনিবারেই নামিয়ে দিতে চাই, আজ মঙ্গলবার —পারবে ত ? মোটে তিনটি সিন।

मत्रना घाफु व्यत्मकथानि दश्निया मिला।

— আজ দুপুরেই তাহলে তোমাকে নিয়ে আসবো। যার এই পার্ট করবার কথা ছিল, সে পড়েছে অস্থথে তাই মৃশকিল যেমন মারাত্মক, তাড়াও তেমনি। কেননা আস্চে হপ্তায় বগুড়ায় একটা বায়না আছে - আগাম টাকা নিয়ে ব'লে আছি। থেয়ে-দেয়ে দুপুরে আস্বে ত ? বাড়ির ভিড় এ হ'দিন একটু সরিয়ে দাও;— এই নাও।

ব'লে রমেশ মনিব্যাগ খুলে একথানা দশ টাকার নোট সরলার দিকে প্রসারিত ক'রে দিলো। সরলা আঁচলের খুঁটে নোটটি বেঁধে কোমরে ভালো ক'রে গুঁজে নিলে। ওর তুই চোথ খুশিতে উছলে উঠেছে। রমেশ বললে —গাড়ি ক'রে ওকে পৌছে দিরে এসো, কুতার্থ। সরলা বললে — গাড়ি কি হবে ? কতটুকুই বা পথ — হ' কদম। হেঁটেই বাচ্ছি। রমেশ বাস্ত হ'রে বললে— তবে বা নিমাই, ওকে একটু এগিরে দিয়ে আয়।

নিমাই পা বাড়ান্তিল, দরলা পেছন না চেয়েই বললে — দিনের বেলায় লোক লাগবে কেন? একলাই ভ বাওরা-আসা করি — আমি খুব বেভে পারব। আসব ছুপুরে।

সরলার চলাটিও বেশ —এক মুঠো ঝির্ঝিরে বাডাসের মডো, বেশ জিরিয়ে-জিরিয়ে চলে। বাবলা গাছের গোড়া থেকেই পথটা বাঁক নিয়েছে। আর দেখা যায় না।

কিসের গাড়ি -কিসের লোক !

সরলার সঙ্গে পৃথিবীর আজ নতুন ক'রে গুভদৃষ্টি -- মগভালের লাজুক হলদে ফুলটির পর্যান্ত । থালে জেলের। জাল ফেলেছে নৌকোর গলুই-এ দাঁড়িয়ে, পারে কা'রা বেত চাঁছছে, রোদ্ধুরে থোলা পিঠ পেতে কা'দের বাড়ির বৌ কলার পাতায় তেল মেথে বড়ি দিচ্ছে—সরলার ইচ্ছা করে সবাইর সঙ্গে চেঁচিয়ে কথা কয়। ওদের ছায়া মাড়ালে স্থান করে— ঐ যে পুরুতঠাকুর আসছেন তাঁকে দূর থেকে একটা দান্তাক্র ক'রে বসে; কাউকে খামোকা জিজ্ঞেস করে: বাবুইহাটির এ-রাস্তা দিয়ে নাক-বরাবর পেরিয়ে গেলে কত দূরে ঐ সবুজ মেঘটাকে মৃঠির মধ্যে ধরা যায়—

সরলা ট্রাকে-গোঁজা নোটটা বারে-বারে অহুভব করতে-করতে বাজি চলে।

বাড়ির উঠোনে পা দিয়েই সরলা ডাক ছাড়ে: ওলো ও ভূতি, কি করছিন ? দেখে যা শিগ্, গির—আমি থেটার করবো। থোদ ফরিদপুর থেকে থেটারের দল এসেছে – আমাকে পার্ট দিয়েছে। আমি রাণী সাজ্ধবো—মাথায় মৃকুট, গলায় মটরমালা, পায়ে সেই জুতো—ঐ বে ঘোড়ায় চ'ড়ে ছোটলাট এসেছিল, তার বিবির সেই খুর-তোলা জুতো দেখেছিলি, তেমনি। রাজা আমার পায়ের কাছে প'ড়ে কড কাঁদবে কপাল কুটবে ভামি ঘাড়টা এমনি ক'রে থাকব—

সরলা ঘাড়টা তেমনি ক'রে দেখালো।

ভূতি ঘর থেকে বেরিয়ে এসে সরলার এ অস্বাভাবিক উচ্চাসে একেবারে খ' হ'য়ে গেছল। বলনে – কি লো, ঘোড়দৌড় দেখে এলি নাকি ?

সরলা বলতে থাকে: এই ভাখ বায়না দিয়েছে দশ টাকা। দশ পয়সার বেপারি— দেখেছিস এমনি কাগজ – সবুজ নীল কালো কালি—পড়তে পারিস? দশ রূপেয়া! ক' আনা জানিস? এক টাকায় বোল আনা—দশ টাকায়? এবার সভিাই ভূতির চোখ চড়ক-গাছ। দম নিয়ে বশলে — সভিা বশছিস, সরি ? পথে ভূড়িয়ে পেলি নাকি লো ? এত ভাগিা ভোর ?

—পথে আমার জন্তে সব মুক্তো ঢেলে রেখেছে, ভোদের জন্ত ভেঁতুল-বিচি! গাঁচ মুখে গাঁচ হাটে আমার নাম বিকার— কে জানত আগে? কোখা সে ফরিলপুর, সেথান থেকে আমার নাম তনে এসেছে এই শহরে! আমাকে তাদের দলে ভর্তি ক'রে নেবে। ভারি শক্ত শ্লে নিয়ে নেমেছে রে ভূভি—সব চেয়ে শক্ত পার্ট পড়েছে আমার হাতে। কে আর করবে বল? সলে নিয়ে এসেছিল একটাকে—মুখ দিয়ে একটা রা বেকল না—আর আমাকে কেই বলা, দিলাম ব'লে গড় গড় ক'রে: প্রাণনাথ, রাথ তব পদতলে! বাবুদের সে কী ভারিক! বললে—সরলা, তোমার ছাড়া কাক্ত আর সাধ্যি নয়।—বারে-বারে হাঁটু গেড়ে বসতে-বসতে পা হু'টো ব্যথা হ'য়ে গেছে।

কি যে বলবে সরলা ঠিক ঠাহর করতে পারে না। বলে—আসছে শনিবার সদ্ধায় হবে। তোদের দেখিরে দেবো মাগনা—পাশ পাওয়া যাবে চের। দেখবি রাণীর পোযাকে কী মানায় আমাকে! রাজা — সে সেজেছে নবিগজের জমিদারের ছেলে—আমার পায়ের কাছে মুক্তো ঢালবে; মাথার মুক্ট খুলে রাখবে, কমাল মুখে পুরেকত ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদবে - আমি ঠার সিংহাসনে ব'লে থাকবো, মাথা উঁচু ক'রের রাখবো।

ব'লে সরলা মাথটো কড়িকাঠের দিকে উচু ক'রে ধরে।
ভূতি বলে-- মাগনা দেখাবি ত সত্যি ? ছাপানো কাগন্ধ বিলি হবে না ?
—হবে লো, সব হবে।

ব'লে সরলা বারান্দার ওপাশে গিয়ে আমার তাক ছাড়লো: ও বাড়িউলি-দিদি! বড়ো যে সেদিন ঘরভাড়ার পাওনা টাকা নিম্নে ভম্বি করছিলে, নাও তোমার টাকা, —সাড়ে পাঁচটাকা ফিরিয়ে দাও দিকিন।

ৰাজিউলি নোটটা হাতে পু'ৱে বললে—সাজে পাঁচ টাকা কি ? সেদিন যে তোর অটলবাবু তু' পাঁইট মদ খেৱে গেল—তার দাম কে দেবে ?

সরলা বললে— তা আমি कि कानि ? বে সিলেছে ভার থেকে নাও গে—

—ভা ত বটেই লো, ছুড়ি। কে সে বে ভাকে আমি স্থ ক'রে মদ দিতে বাবো ? ভোরই পীরিতি পোড়ে ব'লে না আমি সে আমি বুঝছিনে বাছা, হাতের কাছে কর্করে টাকা আমি ছাড়ছিনে, নিতে হ'লে তুমি আদায় ক'রে নিয়ো —

সরলার মোটেই ঝগড়া করবার মন ও অবসর ছিল না; क्लर्ग- নাও- নাও,

় ঝামেলা রাখো, বা নেবার নিয়ে বাকিটা ফিরিয়ে দাও শিগ্গির। হিসেব-ফিসেব পরে হবে'খন। আমার ঢের কাজ।

খুচরো টাকা ক'টা নিয়ে থেতে-বেতে সরলা বললে — অমন বাবুর মূখে ঝাড়ু!
বাড়িউলি ঘর থেকে বেরিয়ে এলে মুখ-ঝাম্টা দিয়ে বললে কার মূখে ঝাড়ু
লো, ছুঁড়ি ? লজা করে না বলতে ? সেদিন ত ঐ বাবুই জুতোর গোড়ালিটা দিয়ে
বোঁচা নাকটা খেঁৎলে দিয়েছিল! ঐ খেঁৎলানো নাক নিয়েই ত সেই বমি-মুখো
বাবুর সামনে পিকদানি তুলে ধরেছিলি!

পরে গঞ্জীর হ'য়ে বললে—অত ছুটোছুটি ভালো নয় সরি, বাবুর কানে তুলবো কিছা!

সরলা বললে তুলো না! সরি এবারে সরে পড়ছে—বাব্র ভোয়াকা আর সে রাথে না। পায়ের ক'ড়ে আকুলের ডগায় বেঁধে রাথতে পারি—

বাড়িউলি চাপা গলায় তথু বললে—আচ্ছা।

সরলা ঝিকে পাকড়ালে। বললে—তোমাকে এক্ছণি সাজো-ধোপার বাড়ি যেতে হবে, মাসি। পয়সা না পেলে কাপড় দেবে না ব'লে শাসিয়েছে—এই ছ'টা পয়সা ওর মুখের ওপর ছুঁড়ে মেরে দিয়ে এসো ত। বলো—এবার থেকে ছ' টাকা দিয়ে বিলেত থেকে কাপড় কাচিয়ে আনবো। ও ভয় দেখায় কি ? এক্ছণি যাও, মাসি—গঙ্গাজলিটা প'রে আমার এক্ছণি আবার বেকতে হবে। আর শোনো, এখন আর রাঁধবার সময় হবে না ছ' পয়সার ফুল্রি নিয়ে এসো— আর, আর ছ'পাতা আলতাও কিনে এনো—কতটুকুনই বা হাঁটতে হবে যাও লক্ষ্মী! মোটমাট দশ পয়সা দিলাম—কিছু ফিরলে আমাকে আর ফিরিয়ে দিতে হবে না, তোমার ছেলে হরির নামে নিয়ো—

ঝি বলতে-বলতে ধাচ্ছিলো: ফিরবে তোমার মাথা— সরলা আর একটা পয়সা ছুঁড়ে দিয়ে বললে – নাগু তবে আরেকটা —

সরলার চোথে নিজের ঘরটাই শুধু আজ বিশ্রী লাগছে। জানলা দিয়ে রোদ এসে ঘরের সমস্ত কদ্ব্যতা ঘেন বা'র ক'রে ফেলেছে। নোংরা বিছানা, ছেঁড়া বালিশ, আ-মাজা বাসন-কোসন, দেয়ালে ঝোলানো মাংসের ও মদের দাগ-লাগা অটলবাব্র চুড়িদার আদ্দির পাঞ্জাবিটা। দিনের আলোয় ঘরটাকে যে এত বিরস এত বেমানান লাগে সরলার তা কোনোদিন চোথে পড়েনি।

সরলা জানলাটা বন্ধ ক'রে থালের পারে এসে দাঁড়ালো। রোদ কতটা চড়া হ'লে ওথানে যাবার মতো তুপুর হবে মনে-মনে ও তারই হিসেব করছিল। ছাই গাড়ি! ওর পা বেতো ঘোড়ার চেয়ে আগে যাবে। বি এসে ছিসেব দিলে। মোট এগারো পয়সাই লেগেছে। বললে – ছ' পয়সার ফুলুরিতে 'ক লোকের পেট ভরে ?

সরলা বললে—তুমি কি বোকা, মাদি! আমি কি পেট ভ'রে থাবার জন্তে তোমাকে বাজারে পাঠিয়েছি নাকি? আমার বে আজ নেমস্তর থেটার-পার্টিভে। আমি রাণী সাজছি – দেখানে কত থাবার দেবে 'খন। ক'টা না ক'টায় থাওয়া হয়, সে-জন্তে ক্ষিদেটাকে একটু মেরে রাখবার জন্ত ত্'টো চিবিয়ে যাওয়া। ও আর আমি ছোব না মাদি, ও তোমার হরিকে নিবেদন ক'রে দাও গো। আর শোন আমি তোমাদের মাগনা থেটার দেখিয়ে দেব'খন। তুমি যেয়ো হরিকে নিয়ে—বাপের বয়সে তোমরা তা কথনো দেখনি।

সরলা তাড়াতাড়ি চান ক'রে নিলে। আয়নার কাছে ব'সে-ব'সে অনেক কসরৎ করবার সময় নেই মনে ক'রে তাড়াতাড়ি চুলটা জড়িয়ে নিয়ে, ধোয়া শাড়ি সেমিজ প'রে পারে টাটকা আলতা আর কপালে কাঁচপোকার টিপ লাগিয়ে না থেয়েই বেরিয়ে পড়লো। বড়ো রাস্তার উকিলবাবুর বৈঠকথানায় ঘটিটা দেখবার জক্ত একবারটি নিচু হ'য়ে চোখ পেলো না। যা হোক গে, একটু আগে যাওয়াই ভালো।

এখন কোচোয়ান্রা সব খেতে গেছে, আড়গাড়ায় গাড়ি মেলাই ভার হবে। থেটারের বাব্দের শুধু শুধু কট্ট দিয়ে লাভ কি ? স.লা এমন কি নবাবের বেটি!

পথ বেন সরলার এক নিখাসেই ফুরিয়ে গেল। পায়ের কাঁচা আলতার দাগ তথনো তকোয়নি, কাঁচা মাটির রাস্তায় ছোট-ছোট দাগ লেগেছে।

শহরের এ-বাড়িটা রমেশবাবুরই—এতদিন প'ড়ে ছিল।

পাশের মাঠে সকাল থেকেই টেন্ধ থাটানো চলেছে—এ-পাড়ার সমস্ত হরামিই লেগে গেছে—হোগলা তেরপল বাঁশ দড়ি পাটাতন বেঞ্চিতে ঠাসা। ময়মন্সিং থেকে সিন্ এসে পৌচেছে। কে একজন সিন্গুলিকে তদারক করছে, একটু-একটু মেরামং করছে ছোট-ছোট ছেলে মেয়েদের ভিড়—একজন ধম্কে উঠলেই সবাই ছিট্কে পড়ে—আবার গুটি-গুটি এসে জড়ো হয় -- কোলাহুলে বাতাস যেন টুক্রো-টুক্রো হ'রে যাছে!

সরলা এলে দাঁড়ালো।

রমেশবাবু তথন ভেতরে কথাবার্তায় ব্যস্ত ছিল। শহরের কয়েকটি বয়য় ছেলে রমেশকে অভয় দিছিল: বগলাবাব্র গলাবাজিতে ভড়্কাবেন না, মশায়। আর যাই হোক, গেঁজেল ছেঁাড়াদের হেঁড়ে গলায় 'প্রাণনাথ' ভাক ভনতে কক্ষণো পার্ব না আমরা আত্মারাম থাঁচাছাড়া আর কি! চোথ বু'জে কানে আঙুল চুকিয়ে কডকণ ব'লে থাকা যাবে ?

রমেশ হেলে বললে— সে-ভর আমার নেই— তের তের বগলাবারু দেখেছি। ছেলেদের থেকে একজন বললে— নিচু ক্লাশের টিকিট চার আনাই করবেন মশাই —ভাই জোটাতে আমাদের প্রাণাস্ত।

রমেশ বললে—খতই কেন না উনি বগল বাজান, আমাদের চমৎকারিণীকে দেখে ও তার য়্যাকৃটিং ওনে উনি বদি বিশ্বয়ে হাঁ হ'রে না বান, ত কি বলেছি!

এমনি সময় নিমাই উৎফুল্ল হ'য়ে চেঁচিয়ে উঠলো : সরলা এসেছে।

রমেশ তাড়াতাড়ি চেয়ার ছেড়ে ছেলেগুলিকে বিদায় দেবার চেষ্টায় বললে—আচ্ছা, তাই কথা রইলো। একদিন না-হয় ইুডেণ্টদের হাফ ক'রে দেবো।

— त्वन, त्वन, ठम<कात । व'ल ছেলেরা হাসিমূপে विनाम निला।

তেমনি কৃষ্টিত অবশুর্গন টেনে সরলা এসে দাঁড়িয়েছে। ঘোমটার তলা দিয়ে ভিজা চুলগুলি পিঠের ত্'দিকে বেঁপে পড়েছে—ফিন্ফিনে শাড়িট পরাতে সরলাকে উড়িয়ে নিয়ে বাচেছ—সরলার কটিট যেন মৃঠির মধ্যে ধ'রে নেওয়া বায়—এমনি হালকা! সমস্ত মূথে বিবাদের একটি স্তিমিত অপূর্ব 🕮!

সরলা ঘোমটাটা আলগোছে একটু কমিয়ে আনলে; বললে—থেয়েই এসেছি।
—তবে তুমি ওথানে একটু বোদ, আমরা চান ক'য়ে থেয়ে নিই, পরে মহড়া
স্থক হবে। ও নিমাই, সরলাকে একথানা বই এনে দে ত ! তুমি ত পড়তে পার
একটু-একটু—এখন একটু চোখ বুলিয়ে নাও—পরে হাত-পা নাড়া সব আমি শিখিয়ে
দেবো! মোটে তিনটি সিন তোমার—লাই সিনটার সমস্তই তোমার ওপর নির্তর
করছে—তুমি বেঁকলেই সমস্ত বই বেকাস্। ঐটেই বেশ ভালো ক'য়ে করতে
হবে। পার্টে তোমার নাম মালতী-মালা—জালন্ধরের রাজার একমাত্র মেয়ে। তুমি
রাজকুমারী।

সরলা অবাক হ'য়ে রমেশের মুখের দিকে তাকিয়ে ছিল—গলা বেন শুকিয়ে আসছে। জেগে-জেগে রোদ্বের দিকে চেয়ে-চেয়ে ও স্থা দেখছে। ওর সমস্ত জীবনের সঙ্গে বেথাপ্পা এই মূহুর্ত ক'টি যেন স্থমধুর মদিরায় ভিজে গেছে। ওর রাজকুমারী!

রমেশ একটু হেলে পাশের ঘরে চলে গেল।

সরলা চেয়ারে না ব'সে ঘরের একটি কোণে মাটির ওপর তেমনি বস্যেছ— দেয়ালে পিঠ রেখে। নিমাই বই নিয়ে এলো। পাতাগুলি উন্টোতে-উন্টোতে কাছে. এনে বগলে - ভূতীয় অঙ্কের প্রথম দৃশ্যে তোমার আবির্ভাব—টেজে তুমি আর আমি।
ছ্'জনে প্রগাঢ় প্রেম হচ্ছে। মাঝের দৃশ্যটাতে তুমি আমার প্রেমে সন্দিহান হবে—
শেব দৃশ্যে একেবারে কেপে গিয়ে ছুরি নিয়ে মারতে আসবে—কিন্তু—

**७-**चत्र त्थरक त्राम (रंतक উঠলো : निमारे !

নিমাই বললে—যাই ··· কিন্তু আমাকে, আমাকে কি ক'রে মারবে ভূমি ? কে সামার নাগাল পার ? তোমাকে পেরে সরলা, সত্যিই আমার র্যাকৃটিং খুলে বাবে, পিপের মতো মোটা চমৎকারিণীর সঙ্গে ষ্টেক্কে প্রেম করাও একটা প্রকাণ্ড ছর্জোগ । প্রর ছ'পলা গলার চামড়া দেখলে ভরেই আমার গলা কাঠ হ'রে আলে—প্রেমের বৃলি বেকবে কি ছাই ! ভূমি এসেছো—ভালোই হয়েছে । এমনি একটি মেয়েই আমি চেয়েছিলাম—ছ'টি চোখে এমনি একটা লক্ষা—তোমাকে পেয়ে মনে হচ্ছে সমস্তশুলি সিন বেন একেবারে জীবস্ত হ'রে উঠবে—গানের মতো, ছবির মতো!

সরলার ত্'চোখ ক্বতজ্ঞতায় ভ'রে এসেছে—নিমাইর প্রতি অনির্বচনীয় শ্রদ্ধায় ও ম্বেছে ওর মূথের সমস্ত রেথাগুলি কোমল, কমনীয় হ'য়ে এলো। কিছুই বলতে পায়লো না, থালি একটি সপ্রেম কুঠায় নিমাইর মূথের দিকে চেয়ে চোথ নামিয়ে নিলো।

ও-ঘর থেকে রমেশবাবুর আরেকটা বিকট আওয়াজ আসতেই নিমাই তাড়া-তাড়ি বইথানা সরলার কোলের ওপর ফেলে পিঠ দেখালো।

চমৎকার ছেলে এই নিমাই ! উনিশ কুড়ির বেশি হবে না। ছিপছিশে পাত্লা চেহারাটা, টানা-টানা চোথ, কথায় যেন মধু ঢালা। এর সঙ্গে প্রেম করবার সময় ষ্টেজে দাঁড়িয়ে কি-কি কইতে হবে জানবার জন্ম সরলা তাড়াতাড়ি বইয়ের ভূতীয় অঙ্কের প্রথম দৃশ্য খুলে বসলো। একটু কট্ট ক'রে-ক রে পড়তে লাগলো—চমৎকার!

প্রথমেই মালতী অর্থাৎ সরলা বলবে: কি স্থন্দর চাঁদ উঠেছে—জ্যোৎস্বায় আকাশ ধ্যে যাচছে। পিকগণ কলরব করছে—ফুলের গন্ধে, আকাশের নীলিমায় এত মধু। চলো উন্থানে যাই।

তারপর হিরণকুমার ওরফে নিমাই বলবে: উভান ? ছার উভান—এ গৃহই আমার আকাশ, আমার অর্গ, মালতী! তোমার মুখখানি আমার চাঁদ, তোমার কঠবরে লক্ষ পিকের কুহরণ, তোমার হ'টি পরিপূর্ণ অধ্বের রঙিন পেয়ালায় রঙিন মদিরা!

সরলা আর পড়তে পারে না, আবেশে সমস্ত গা অবশ হ'য়ে আসে। কে ষেন তর দিকে ত্'টি সকম্প সাগ্রহ বাছ বিস্তার ক'রে দিয়েছে—কা'র কণ্ঠতরে যেন ত্বেহপূর্ব কাতর কাকৃতি। তথু কথার মধ্যে বে এত মাদকতা থাকতে পারে সরলা কি তা আনত ? নিমাই—নিমাই ওকে এই সব বলবে ? ভার পরে---

খাওয়া-দাওয়ার পর রিহার্সেল হুরু হ'ল।

দি ইয়ং ইণ্ডিরা খিয়েট্রিক্যাল পার্টির প্রোপ্রাইটার, ম্যানেজার ও প্রধান র্যাক্টার
—লমস্তই রমেশবাবৃ। এমন কি জালদ্বর-পতন নাটকের লেখকও শ্বরং উনিই।
লোকটি চৌকোন।

ৰাই হোক—স্বন্ধ হ'ল রিহার্দেল। স্বাইরই পার্ট তৈরি—ছ'বছর নানা জায়গায় বুরে-বুরে জালন্ধর-পতনেরই অভিনয় চলেছে। তাই সমস্ত দিন-রাত্রি ভ'রে তথু সরলার পার্টেরই মহড়া দিতে হবে।

ভূতীয় অব্যের প্রথম দৃত্ত : সরলা আর নিমাই ! দৃরে চাঁদ, কাছে নদী—দৃত্তের পৃষ্ঠপট।

শমন্ত রাজ্যের লক্ষা এনে সরলাকে গ্রাস করেছে। ত্ব'বার তিনবার চেষ্টা ক'রে সরলা যা বললে তার আর তুলনা হয় না। যাভাবিক লক্ষায় ওর কণ্ঠয়রে একটি অক্ট কোমলতা এসেছে, তা ওনে সবাই মৃদ্ধ হ'রে গেল। সমবেত অভিনেতার ভারিফ ওনে সরলার মন গভীর আনন্দে সান ক'রে উঠলো—জীবনের এই আনন্দের আখাদ বিনি ওকে প্রথম দিলেন, ওর ইচ্ছা হচ্ছিল, ছুটে সেই কুতার্থবাবুর পারের ধূলো যাথায় নের—রমেশবাবু, নিমাইবাবুরও।

শার নিমাই ! এই দ্ব'বছরের মধ্যে নিমাই শার কথনো এত ভালো শভিনয় করেনি।

রমেশ শরলাকে মোশন দেখিয়ে দের, উচ্চারণের তারতম্য শেখায়, ষ্টেজে চলা-ক্ষেরার ভঙ্গিতে সজুত করবার চেষ্টা করে। সরলা ঠিক-ঠিক শিখে নেয়— যেখানে বেটুকু ভূল করে সেই ভূলটুকুই বেন সবার চোখে স্থযমানণ্ডিত হ'য়ে ওঠে।

কুভার্থ বললে—কেয়াবাৎ ! এই ঠিক !

একেবারে একটি আ্নকোরা মেয়ের পক্ষে এমন টেজ-ফ্রি হ'য়ে অভিনয় ক'রে বাওরা—সবাই প্রশংসাস্চক বলাবলি করে। ততই সরলার মনে একটা আত্মবিশ্বাস আসে, তেজ আসে, নিমাইর প্রতি ওর সত্যিকার স্নেহ র্বেন ততই একটা প্রকাশ পাবার আশা করতে থাকে।

এই এক সিন-এই সরলা দাঁড়িয়ে গেছে।

চতুর্থ অংকর তৃতীর দৃষ্টে আবার সরলার অভাদর—এবারে অক্ত প্রকার মনো-ভাব নিরে। মালকানা-নগরের রাজপুত্তীর সঙ্গে হিরণকুমারের প্রেম হ'রেছে মনে ক'রে মালতীর ক্রুর লন্দেহ, আহত অভিমান! ৰাশকানা-নগৰের রাজপূত্রীর ভূমিকার বে নেমেছে সে রোগা, চিম্নে—ভার দিকে ভাকালে লরলার রাগের চেয়ে করুণাই বেশি হয়।

নে-সিনটাও কোনো বৰুৰে উৎবে গেল-চলনসই।

এবারে শেষ অন্তের শেষ দৃষ্ট। রমেশবারু কলমের থোঁচা মেরে এই দৃষ্টাটকে একেবারে অসজমাট ক'রে তুলেছে —সব দৃষ্টাকে টেক্কা মেরেছে এ।

কিন্ত এই সিনটিতে এলে সরলা হাঁপিয়ে পড়লো। কিছুতেই পারলো না কোটাতে।

এই দিন-এ মালতী হিরণকুমারকে হত্যা করবার জন্ম হাতে বিবাক্ত ছুরিকা নিয়ে প্রবেশ করবে—চোধে জলবে দীপ্তি, অধরে কুটিল হিংসা, ক্রোবে সমস্ত দেহ বেন একটি লালামিত বহিংশিখা! সরলা কিছুতেই মুখে-চোধে সেই মুখভাব আনডে পারে না—মুখখানি তেমনি স্কোমল ও স্কুমারই থেকে যায়।

ছुवि ভোলা-छि उकि इत्र ना।

কৃতার্থ অবজ্ঞাস্চক শব্দ ক'রে বলে —না, হ'ল না। আমাদের চমৎকারিশী এ-জারগাটা কি চন্দ্রকার ক'রত।

নিষাই প্রতিবাদ করে: প্রথম দিনে চমৎকারিণীর সাধ্যি ছিল না এমন উৎবোদ। ত্' পাঁচবার দেখিয়ে দিলে সরলা চমৎকারিণীর ওপর ভবল প্রয়োশন পাবে।

রমেশবার সরলাকে দেখিয়ে দেয়, গোঁফ জোড়া ছুলিয়ে মুখে একটা বিকটডা আনে, কণ্ঠখনকে হেঁড়ে ক'রে ভোলে;—সরলা অন্থকরণ করে বটে, কিন্তু মুখে কিছুতেই দে-দৃঢ়তা আলে না। ওর নিটোল চিবুকটিই ওর মুখের এই কুলির অমাছ্যিক বক্ততার বিক্লমে বিভাহে করে —ওর ছ'টি চোখের দেই ব্রীড়ার কুরাশা কিছুতেই কাটে না, কণ্ঠখন একটু তীক্ষ হয় বটে, কিন্তু তার মৃত্তা খোচে না। হাডেছরি ত নয়, বেন কুলের বালা নিয়ে এসেছে।

কৃতার্থ পূরিয়ে নিমে বলে —হবে না। কিন্তু এ-লিনটাই সব—একে মার্ডার হ'তে দিলে প্লে-ই ফ্রা। এখানে চমৎকারিণীর কি আশ্চর্যা রকম ভেলিভারি ছিল।

রমেশও হাল ছেড়ে দের। সরলার মুখ এতটুকু হ'রে আসে।

সরলা ঢৌক গিলে বলে—একদিনেই কি আর হয় ? অভ্যেস ভ নেই— কালকেই দেখবেন ঠিক হ'রে বাবে।

নিষাই দার দিরে ওঠে: নিশ্চরই। একদিনে ওর পার্টসের বা প্রমাণ পাওরা গোল, কোচিং পেলে চমংকারিণী ত ছার, প্রভাও ওর কাছে খেঁবতে পারবে না। আছো, তার পরেরটুকু হোক। সরলা উৎস্থক হ'য়ে প্রস্পাট্ শুনতে লাগলো - এর পরে কি স্মাছে !

মালতীমালা প্রথমে ত ছুরি উচিয়ে হিরণকুমারকে খুন কর্তে এলো—এসে খুব খানিকটা স্থাত উক্তি ক'রে ষেই সত্যি-সত্যি ঘুমন্ত হিরণকুমারের বুকে ছুরি বসিয়ে ছিতে বাবে, দেখবে হিরণকুমার আগেভাগেই বিষ খেরে ঠাগু হ'য়ে গেছে ! তখন মালতীর কী সে অন্থলোচনা ! ছুরি ফেলে দিয়ে বিনিয়ে-বিনিয়ে কী কারা সে — হিরণকুমারের বুকের ওপর লুটিয়ে-লুটিয়ে !

সেই কালার মধ্যেই ধ্বনিকা-পতন।

নিমায়ের মাধাটা কোলের কাছে টেনে এনে সরলা সত্যি-সত্যিই কেঁদে ফেললে
—চোখের কোণ বেয়ে অশ্রুধারা গড়িয়ে পড়তে লাগলো। নিমাইর কোঁকড়ানো চুলভলি নিয়ে ওর শীর্ণ আঙুল ক'টির কা সে আদর, যেন আঙুলের ফাঁক দিয়ে জলের
মতো সমস্ত হৃদয় গ'লে পড়ছে!

নিমাই চোথ বু'জে স্তব্ধ হ'য়ে সরলার কোলের কাছে মাথাটা রেথে মড়ার মতোপ'ড়ে আছে। সরলার কায়া ভনে ওর নিজেরও চোথ ভিজে উঠছে। থালি ওর সেই দিদির কথা মনে পড়ে, যিনি ওর অস্থথের সময় প্রাণপণ সেবা করেছিলেন সেবার।

সরলার কারা ও কাকুতি শুনে স্বাই মৃগ্ধ হ'য়ে যায়। একজন বললে— অভিয়েশ্য-এর বুক ফেটে যাবে।

খালি কৃতার্থ-ই সর্বাস্তঃকরণে মানতে চায় না। বলে—বুক ত ফাটবে, কিন্তু এর খানিক আগে যে ছুরি-হাতে দেখে হেসেই বুক ফেটে গেছে। ফাটা বুক আবার কাটে কি ক'রে?

लाइ लाकरें। वनल- ज्य कारे। वूक ब्लाफ़ा नागय, कुलार्थवावू।

প্রশাস করতে-করতে রমেশ এতক্ষণ ভাবছিল—জ্ঞালন্ধররাজের পার্ট ছেড়ে হিরপকুমারের পার্টেই নেমে যাবে কি না! বললে—কিন্তু এই দেখো চমৎকার মানিয়ে যাবে, কৃতার্থ!

—ভা মানিয়ে নিতেই হবে এক রকম ক'রে। কিন্তু চমৎকারিণী কি স্থন্দর ক'রেই বে কনটাস্টটা ফুটিয়ে তুলত ! পড়লো জরে --

ৰমেশ তাড়াতাড়ি বললে—ওকে ওবুধ-পথ্য দিয়েছিল ত রে নেমা ! সন্ধ্যে হ'য়ে গেছে বে !

নিমাই ওম্থ-পথ্য নিয়ে ও-ছরে গেল। চমৎকারিণী বিছানায় ভয়ে ককাছে। জরটা একটু কমেছে বিকেলের দিকে। উঠে ব'লে কান থাড়া ক'রে সরলার রিহার্সেক, ভনছিল।

বললে – কে নিয়েছে মালতীর পার্ট ? নিমাই উদাসীনের মতো বললে – চিনি না।

চমৎকারিণী বললে - পারছে না বৃঝি ! বোকার মতো **হাণুস্-হণুস্ কি রকষ** কাঁদছিল, একলা হাসতে-হাসতে আমার কোমরে ব্যথা ধ'রে গেছে—

নিমাই চ°টে উঠে বললে—তোমার চেয়ে ঢের ঢের ভালো করে। ওকে পেয়ে আমি বর্তে গেছি। হাঁফ ছেড়ে যেন বেঁচেছি—

- —বটে ? হাঁফ ছেড়ে বেঁচেছ ? থাব না আমি ওষুধ, ডাক রমেশবাবুকে।
- —ভাকছি। ব'লে নিমাই স'রে পড়ল।

রাভ বাড়ছে।

এক-থালা থাবার ও এক-পেয়ালা চা ত্ব' হাতে ক'রে নিমাই সরলার কাছে একে দাঁড়ালো। বললে -- তোমার মুখ শুকিয়ে গেছে, থেয়ে নাও থানিকটা।

সরলা অল্প একটু হেদে বললে ~ আপনার মৃথও তো শুকনো, আপনিও খান।

- --জামি থাব'খন।
- -- আপনি না খেলে আমি খাব না।

घरतत कारण माँ फ़िरा -माँ फ़िरा प्र'करन था वारतत थाना है। स्मय कतरना ।

রমেশ ভাকলে: নিমাই!

নিমাই তাড়াতাড়ি চায়ের পেয়ালাটা সরলার হাতে নামিয়ে দিয়ে বললে— যাই।

রমেশ সরলার হাতে আবার একখানা দশ টাকার নোট গুঁজে দিলে। বললে
-- গাড়ি ডেকে দি ?

मत्रना वनल-मत्रकात रूप ना।

— কালকে ঘূম থেকে উঠেই এসো। এথানেই থাবে-দাবে। ব্রুলে ? ঘাড় নেড়ে সাড়া দিয়ে সরলা একা পথে বেরিয়ে পড়লো।

বাবলা গাছটার বাঁক খুরতেই সরলা অবাক হ'রে চেঁয়ে দেখলে সামনে গাড়ি নিয়ে দাঁড়িতে আছে নিমাই। গাড়িতে উঠে এসো, সরলা।

मत्रना जाशिक करामा ना। गाफ़ि थाला प्रिक गफ़ाला।

ত্'জনে মুখোমুখি বসেছে। নিমাই বললে—তোমার দিকে টেনেছিলাম ব'লে চমৎকারিণী ফণা তুলে আছে। কিন্তু তোমাকে ব'লে রাখছি সরলা, তুমি না থাকলে আমি কক্ষণোই এবারে প্লে করবো না; ডাঙার কাছে নোকো এনে ভূবিরে মারবো ওদের।

সরলা বেন সমূত্রের কূল দেখে ; গর্বে, স্থথে ওর বুক ভগমগ ক'রে ওঠে !

নিমাই পকেট থেকে সিগারেট বা'র ক'রে বলে খাবে ?

সরলা ঐ নিগারেটই থার ; তবু বলে—না। নিমাইর সামনে ওর নিগারেট থেতে ইচ্ছা করে না।

নিমাইও খার না। বলে—ঐ সিনটাতে খুন করতে আসাটাই বড়ো নয়, ভালোবাসার লোককে ম'রে গেছে দেখে ছুরি ফেলে আর্তনাদ করাটাই বড়ো কথা। কার্টেন পড়বার সময় লোকের মনে খালি তোমার ঐ কারাই খুরে বেড়াবে—চোখের জলে ভেজা তোমার মুথখানিই তাদের চোখের ভারায় আঁকা থাকবে।

সরলা বলে—আপনি পৃথিবীতে আর নেই, এ-কথা মিথ্যি-মিথ্যি ক'রে ভাবলেও আমার কারা পায়।

किन्न कथां । त्यह कदार ना कदार मदनाद जादि नक्ना (भरना।

নিমাই ভাবে — সরলার ঐ আঙুল ক'টি আবার নিজের চুলের মধ্যে রাখে, কিছ হাত কাড়িয়ে ধরবার পর্যান্ত সাহস হয় না। জানলা দিয়ে বাইরে চেয়ে থাকে।

থালের কাছে গাড়ি এসে দাঁড়ায়। সরলা নিজেই কবাট খুলে নেমে পড়ে। বলে,
——স্বাসবেন ? কিন্তু ব'লেই মনে-মনে পীড়িত হ'রে ওঠে।

নিমাই বলে—কুতার্থবাবু ওরা তোমাকে অপমান করেছে, কিছ ভার শোধ আমি নেব। আচ্ছা, বাই।

নিমাই গাড়োয়ানকে বললে—শহরটার খানিক এদিক-ওদিক ঘোরে। ভবল ভাঙা পাবে।

এবারে সিগারেট ধরায়।

সরলা ফাঁকে দাঁড়িয়ে থাকে—গাড়িটা বে অদৃত্য হ'য়ে গেছে ভার পর্যান্ত ছঁস নেই।

ভেতরের দাওয়ায় পা দিতেই বাড়িউলি খ্যা খ্যা ক'রে উঠলো: বলি, সরি এসেছিস ? তুই কেমনতরো মাহায় লো, ছুঁড়ি! সারা তুপুর-সন্দে টো টো ক'রে বেড়াবি, আর এখেনে যত রাজ্যের লোক এসে মুখ খারাপ ক'রে যাবে ?

সরলা যেন গাড়ি থেকে এবারেই সত্যি নেমে আসে। ওর গভামগতিক কর্দর্য্য বিরস জীবন ওর সঙ্গে মুথোমুথি হ'য়ে দাঁড়ায়। ফুলশব্যার ওপর কে যেন এক বোভক্ষরত্ব চেলে দেয়— ওর গা ঘিনঘিন্ ক'রে ওঠে।

बल - कि र'न वाष्ट्रिन-मिमि?

— কি হ'ল ? সেই অটল ছোড়া বিকেলের দিকে এসেছিল কভকগুলো চেলা জুটিয়ে। ভোকে ঘরে না দেখে কি কেলেছারিটাই না ক'রে গেল। আমার থেকে ভিন চার পাইট ক'রে দিশি-বিলিভি চেরে নিরে খেরে বনি ক'রে গাঞ্চাগালি দিরে জিনিসপত্র ছব্কট ক'রে লখা দিলে—একটি পরসা দিরে সেল্না। বললে—সরি হেবে।

সরলা ক্ষেপে ওঠে : হাঁা, সরিই ত দেবে ! কেন ? সরি কি ওর জ্তোর ত্থতলা নাকি ? খালি বোডলগুলো ওর মূখের ওপর ছুঁড়ে মারতে পারলে না ? এবারে আক্ষ না, বাঁাটাপেটা ক'রে বদি না তাড়াই ত আমি বাম্নের মেয়ে নই ।

বাড়িউলি বলে— বাম্নের মেরে ব'লে আর দেমাক করিসনি ছুঁড়ি। কেন বাড়ি থাকবিনে শুনি ? বাঁধা লোকের টাকা খেরে আবার তার ওপরে চালবাজি। কেন লে গালাগাল করবে না ?

সরলা বলে—রেথে দাও, অমন লোক বাজারে কাণা কড়িতে বিকোন। ও রকম বাবু আমার চাইনে। আমি কালই এ-বাড়ি থেকে খ'সে পড়বো ?

- —থেটার-ফেটারের কথা সব তার কানে উঠেছে। বলেছে—থেটারে আঞ্চন লাগিয়ে দেবে, আর তোর মুঞ্চা আন্ত রাখবে না।
- —তার হ'রে তুমি লড়তে এসো না, বাড়িউলি-দিনি। আহ্বক লে, দেখি ভার বাপের বাড়ে ক'টা মাথা। তার মুখে বনি নোড়াটা আমি না বনি, ভ কি বলেছি। কত টাকার মন খেরেছে লে? কত টাকা পেলে তুমি গলা থামাবে? ব'লে সরলা আঁচলের শুঁট থেকে নোটটা বাড়িউলির দিকে ছুঁড়ে দিরে নিজের বরে এসে হরজা বন্ধ ক'রে দিলো।

সব ঘর নোংবা, জিনিসপত্ত এলোমেলো, কাচের জাগ গ্লাশ ভাঙা, ট্রে-টা উল্টোনো —কোথা থেকে একটা উৎকট গন্ধ আসছে। সরলা অন্ধকারে থমকে রইলো —দেশলাই জালাবার পর্যন্ত যেন সামর্থ্য নেই।

বৃকের মধ্যে সরলা বে গানের স্থরটি নিয়ে এসেছিল, টুকরো-টুকরো হ'য়ে গেল
—ও বেন আঝার নরককৃতে এসে পড়েছে, বেখানে সেই অটল আর সরলা, সেখানে
না আছে মালতী. না বা হিরণকুমার !

সরলা মর বেকে বেরিয়ে খালের পারে এসে দাঁড়ালো।

পরে কি ভেবে আবার ঘরে গেল, ল্যাম্প আলালে—কোমরে কাপড় জড়িন্নে বালতি ক'রে জল এনে ঘর সাফ করতে বসলো।

পঞ্চম অব্যের পঞ্চম দৃশ্যে নিমাইর মাখাটি কোলে নিয়ে বে-হাত দিয়ে ওর কপালে বেহুস্পর্শ বৃলিয়ে দিয়েছে দেই হাতে স্থণা অটলের বমি নিকোতে হচ্ছে তেবে ওর চোখ দিয়ে টস টস ক'য়ে অল পড়তে লাগলো। ও সন্তিটে আর এথানে থাকবে না, থিয়েটারে ভিড়ে বাবে—বে-থিয়েটারে হিরপকুমার আছে, বে-থিয়েটারে মৃত বন্ধুয় উদ্দেশ্যে ক্লামির শোক করতে গিয়ে সন্তিয়-সন্তিট্ই কারা পার। जृष्ठि चरत अला। वनल<del>- जाज</del> कि र'न रत, नतना ?

সরলা বললে—কড ! কভ বড়ো শক্ত পার্ট বে হাডে নিরেছি, লে দেখবি সিরে। টেক্সে খুন করডে হবে।

ভূতি ভয়ে আঁৎকে ওঠে, সরলাকে জড়িয়ে ধ'রে বলে -বলিস কি লো ?

সরলা হেসে অভর দিয়ে বলে—সভ্যি-সভিাই কি আর খ্ন করবো নাকি কোকা মেয়ে ! পুলিশ নেই ? খুন করতে যাবো খাঁড়া উচিয়ে—এমনি ক'রে—চেয়ে ছাখ, এমনি দাঁত খিচিয়ে— ছাখ ত ঠিক মতো হচ্ছে কি না—

ভূতি অত-শত বোঝে না, বলে—ই্যা, ই্যা হয়েছে—তারপর কি হবে ? বসরোধের চেয়ে ভূতির কোতৃহল বেশি।

—তারপর বেই থাঁড়া চালাতে যাবো, দেখবো হিরণকুমার আগেই বিষ থেক্সে ভবলীলা ঘুচিয়েছে। তারপরে অন্তর ফেলে দিয়ে তার মাধাটা কোলে নিয়ে কাঁদবো। বললে-বলতে সরলার চোথে ব্যথার কুয়াশা ঘনিয়ে আসে।

সরলা ভূতিকে ফের অভয় দেয়: সেই হিরণকুমার সত্যিই বিষ থাবে না রে, পরে পর্দা প'ড়ে গেলে জেগে উঠবে। অমাকে থাবার থাইয়ে দিলে, গাড়ি ক'রে বাড়ি পৌছে দিলে—ভারি স্থানর ছেলেটি, ভাই। মনের মতো। দেখিস এখন।

দোর-গোড়ার কে একটি ছোট ছেলে এসে দাঁড়ালো—ঝি-মাসির ছেলে, ছবি।

হরি বনলে—আমাকে আর মাকে সত্যি-সন্তিয় মাগনা থেটার দেখাবে, সরলা-দি?

সরলা হাসিমৃখে বললে—দেখাবো। যাস ভোৱা।

হরি খুশিতে উছ্লে প'ড়ে বললে—তোমাদের হ'য়ে গেলে দেখো আমরাও একটা থেটার করবো বাব্ডলার মাঠে। কাগজ দিয়ে সব ভীমের গদা বানিয়েছি, বালের ধরুক।—সেদিন তোমাদের নিয়ে যাবো। দেখবে—

ছুটতে-ছুটতে চ'লে গেল।

ঐ সামান্ত ছু'টি মিষ্টি'থেয়েই সরলার পেট ভ'রে আছে। ঝিকে বিদায় ক'রে দিলো।

পাড়াটা নিরিবিলি হ'রে এসেছে। সরলা দোর বন্ধ ক'রে দিয়ে ওর ছোট্ট আয়নাখানি বেড়ার গায়ে মানানসই ক'রে লাগিয়ে ছুরির অভাবে চিক্লণীটাই ছুরির মতো বাগিয়ে নিজের মনে শেষ দৃশ্রের মহড়া দেয়। আয়নায় সমস্ত মৃথের ছায়া পড়ে না দূর থেকে—বেটুকু পড়ে তাতেই ও ওর মৃথের চেহারার আন্দাজ ক'রে নিজে পারে। যতই ও ওর মৃথ কক্ষ কর্কশ বলদৃশ্য করতে চায়, ততই ওর মৃথের শীর্ণভা বীভৎসভর হ'রে উঠতে থাকে ! গান্তীর্ব্যের সঙ্গে হিংসার কাঠিন্ত মেশাতে পারে না —ভাই দেখায় কুৎসিত, হাক্তকর !

कि क'রে বে মানিরে নেবে ভেবে উঠতে পারে না।

অবশেবে হাল ছেড়ে দিয়ে একটা ছেড়া বালিশ কোলে নিয়ে পার্টের বাকি
অংশটুকুর মহড়া দেয়—বালিশকে ভাবে হিরণকুমার; তার জন্ত রাভ ক'রে সরলা
অনর্থক অপ্রথম করে।

এমন স্থন্দর ক'রে সরলার জীবনে ভোর হয়নি। ভোরবেলাটি ওর কাছে অত্যস্ত শবিত্ত ও পরিচ্ছর লাগছে।

খুম থেকে উঠে সরলা ভাবছে—কে খেন ওর কাছে আসবে আজ। নিমাইকে ত ও আসতে ব'লে দেয়নি। কিছু না ব'লে দিলে কি আসতে নেই? অটলকে তাড়িয়ে দিলেও ত সে আসে।

বেলা বেড়ে চলে, কিন্তু সরলার ভারি থালি-থালি লাগে। অদ্রে রাস্তায় গাড়ির আওয়াজ পেলেই ওর বুক আশায় ত্লে ওঠে। কিন্তু পরে ভাবে—ওর কাছে আসবার এই একটিই ত সদর রাস্তা নয়—অধু গাড়িই ত তার বাহন নয়—সে এসেছে ভার বুমের মধ্যে, অজানতে ঘুম ভাঙার মধ্যে, মনের গোপন থিড়কির ত্রার দিরে।

ষে আদৰে না, তার জন্তে এমনি অনর্থক প্রতীক্ষা ক'রে থাকবার মধ্যে যে ছ:সহ স্থথ আছে, সরলা কোনোদিন তা জানত না।

রোদ উঠতে-না-উঠতেই সরলা বেবিয়ে পড়লো।

নিমাইকে কাছে পেরে সরকা ভধোক: ভেবেছিলাম সকালবেলা আসবেন।

নিমাই বললে- মানেজারের ছকুম তালিম করতে-করতেই সব গরমিল হ'য়ে বায়। আজ থেকেই ষ্টেজ-রিহার্সেল স্থক হবে। তোমার প্রবেশ-প্রস্থানগুলি ঠিক ক'রে নিতে হবে। মৃথস্থ হয়েছে ?

সরলা বললে--- একটু-একটু হয়েছে।

—ম্যানেজার বলেছিল পার্টটা ভোমাকে লিখে দিতে—আমার হাতের লেখা ভ জার বুঝবে না ছাই, তাই আমার বইখানাই তুমি নাও।

ব'লে নিমাই পকেট থেকে ছেঁড়া জালদ্ধর-পতন বইখানি সরলার হাতে গুঁজে দিলো।

নিমাই বললে—দেখো, আজ আরো ভালো হবে। তোমার হাতের আদর পাবার জন্ত আমার কপালটা নিস্পিস্ করছে। তোমার কালা ভনলে আনার মন ক্ষেম্ম ক'রে ওঠে। সরলার ঠোঁট ছ'টি তথু একটু কাঁপে।

টেজ বাঁধা হ'রে গেছে— বেঁড়া ও টিন দিয়ে চারদিকে দেরা, পাড়ার ছেলেমেয়েগুলো ফুটো ক'রে উকি দিতে চার, আর কে ওদের সব ভাগিয়ে দিতে থাকে। এথানে গানের আর নাচের সহড়া চলেছে—এ পারে র্যাকৃচ্চি—ঐথানে সিন্ পেন্টিং, সিন্ সিফটিং চলেছে।

সমস্ত বাড়িটা গৈ গৈ করছে—যেন একটা উৎসব!

সরলা সব ভূলে ষায়—থালপারে সেই নোংরা ঘর, সেই শীভকালে রাভ বারোটা পর্যান্ত ফাঁকে জব্থবু হ'য়ে ব'লে থাকা, সেই একদেরে বিশ্রী কথাবার্ডা, সেই আটলবাবুর বীভংস মুখ! ওর বন্দী পৃথিবী যেন হঠাৎ একটা অপরিমিত পরিধিলাভ করে। আকাশকে আজ ওর খুব বড়ো লাগে— সমস্ত অবকাশ পূজার আনন্দে পরিপূর্ব হ'য়ে ওঠে। ভাবে, ও সত্যিই অটলের রক্ষিতা রুতদাসী নয়—ও সত্যই রাজকুমারী! ও ভালোবাসে, প্রেমিককে হারিয়ে ও বৈরাগিনী হয়েছে—ওর দারিক্রা, ওর বিরহের কি স্থন্দর ব্যাখ্যা! সরলা সব ভূলে যায়, মিথ্যার মাদকতা ওর ক্লান্তি ঘুচোয়— ও নতুন ক'রে পৃথিবীতে জন্মলাভ করে।

ভধু হু'টি দিনের জন্মেই। তা হোক।

আজ ভোরে চমৎকারিণীর জব ছেড়েছে। শরীর ছুর্বল বটে, কিছু অচল নয়— গড়াতে-গড়াতে এনে একটা চেয়ার নিয়ে বসলো। অভিনয় সম্বন্ধে টিপ্পনির ভার আর শেষ নেই। ক্বভার্থময় পেছনে দাঁড়িয়ে চমৎকারিণীর টিপ্পনিরই তারিক করে।

রমেশ বলে - তুমিই আজ থেকে প্রস্পাচ কর হে, মধুস্থদন। তোমারই ভ কাজ।

মধুস্দন বই হাতে করে।

আজকে একেবারে গোড়াগুড়ি থেকে। স্থতীয় অংক গৌছুভে পৌছুভে প্রায় বারোটা বাজে।

স্থক হ'ল তৃতীয় স্বন্ধ। সরলা মাৎ ক'রে দিলো।

কিন্ত শেষ দৃষ্ঠ আসতেই সরলার আর হ'রে ওঠে না। মারবার সময় এমন একটা ভাব হয়, বেন খুব শক্ত একটা দড়ির গেরো খুলছে মাত্র—খুন করছে আসছে না। মুখ কিছুতেই কুঞ্চিত কর্কশরেখাসঙ্গ হ'য়ে উঠতে পারে না। একটা বিশীর্ণ দৈয়ে ফুটে ওঠে ওধু।

চমৎকারিণী মূথ টিপে টিপে হাসে। কুতার্থ তার সঙ্গে তাল রাখতে গিয়ে হালির হুর সপ্তম গ্রামে তুলে দেয়। বলে—হবে না, রমেশবাবু। শুক্তিকাস্! রমেশ বলে—হবে না বলনেই ত হয় না। এ নিয়েই চালিয়ে দিভে হবে আপাতত।

চমৎকারিণীর হাসি কিছুতেই থামে না। বেন মদের পিপের মৃথ ছুটে গেছে, তার থেকে ফেনিল উচ্ছাস উঠছে।

নিমাই একেবারে রুখে ওঠে; বলে - চোখের সামনে অমনি হাসলে কে পার্ট করতে পারে ? রইলো আপনার থিয়েটার । চ'লে এসো সরলা।

সরলা আয়ত চোথ মেলে নিমাইর দিকে তাকায়। ওর অপমানের বেদনা শ্লেছে স্থানীতল হ'য়ে ওঠে।

রমেশ হাঁকে: নিমাই ! এ কি অস্থায় কথা তোর। পরের সমালোচনা কি ক'রে বন্ধ করবি ? এগিয়ে এসো সরলা, আবার চেষ্টা কর । অমন হাগাহাসি ক'রো না, চমৎ ! আমাদের এ-ই চালিয়ে নিতে হবে। জরে প'ড়েই ত তুমি সব বিতিকিছিছ ক'রে দিলে।

—বিতিকিছি ? নিমাই ফের প্রতিবাদ করে: সরলার সম্প্ত শরীরে প্রেমের বে একটি সহজ লীলা ও পেলবতা আছে তা চমৎকারিণীর কোথায় ? ওর শ্বরে আপনি-থেকে একটি শ্বেহের হ্বর আছে - কেমন চমৎকার মানায় ওকে! চমৎকারিণীকে খুনের পার্টেই বেশি খোলে — কিন্তু সরলা যেন মূর্তিমতা সরলতা! আপনার বই থেকে ঐ খুনের অংশটুকু কাটা-প্রুফের মতো বাদ দিন।

রমেশ এ-সব কথা কানেই তোলে না। আবার পার্ট চলে। সরলা আবার বার্থ হ'রে লক্ষায় মাটির সঙ্গে মিশে যেতে চায়।

পরেরটুকু আর আদে না। নিমাই বলে — ও যেমনি হচ্ছে হোক, বাকিটুকুতে কেঁদে সরলা আগের সমস্ত ফটি ধুয়ে নিয়ে থাবে। দেখেছেন, একদিনে কেমন মুখস্থ ক রে ফেলেছে — চমৎকারিণীর লেগেছিল পুরো একটি বছর।

চুমৎকারিণী চেঁচিয়ে ওঠে: আমাকে এমনি ধারা অপমান করলে আমি আজই চললাম কলকাতার ফিরে।

কুতার্থও চেটিয়ে ওঠে: মৃথ সামলে, নিমাই ! ঝগড়ার সম্ভাবনাটা কাটিরে ওঠবার জন্ত রিহার্সেল্টা থানিকক্ষণ বন্ধ থাকে।

রাত্রে সরলাকে গাড়ি ক'রে এগিরে দিতে-দিতে নিমাই বললে আমার ষদি অনেকগুলি টাকা থাকত, তবে তোমাকে নিয়ে নতুন একটা থিয়েটার খুলতাম। ডোমাকে কো-য়াক্ট্রেস পেয়ে সভ্যিই আমার ভেতরে এক'। আবেগ আনে— কাউকে দিয়ে খুব মিষ্টি ক'রে একটা প্রেমের গল্প লিথিয়ে নিতাম। সরলা হেসে বলে— আপনি নিজেই ড পারেন। পরকে খোসামোদের দরকার হয় না।

একটুখানি মাত্র পথ—এক নিশ্বাসেই ফুরিয়ে যায় । সর্বলার ইচ্ছা করে, নিমাইকে ঘরে নিয়ে যায়, নিজ হাতে রেঁথে ওকে কিছু খাওয়ায়, ফর্সা চাদর বা'য় ক'য়ে ওর জন্ত নিজ হাতে নত্ন একটি বিছানা পেতে দেয়. ও ঘুমিয়ে পড়লে শেষ অঙ্কের শেষ দৃশ্যের মতো ওর চুলগুলিতে আঙুল বুলিয়ে দিতে দিতে ছ'টি ফোঁটা চোথের জল ফেলে।

সরলা মৃথ ফুটে নিমন্ত্রণ করতে পারে না।

ভাবে, এই বন্ধ গাড়ির মধ্যেই শুধু ত্ব'টি মূহুর্তের জন্ম ওর এই ছোট্ট ক্ষণিক সংসার --নিমাইর সঙ্গে । সমস্ত পৃথিবী থেকে বিচ্ছিন্ন---মাসতী আর হিরণকুমার।

গাড়িটা থামলে দরলা নামে, নিমাই হঠাৎ ওর আলোয়ানটা দরলার গায়ে জড়িয়ে দেয়, বলে—তোমার শীত করবে না হ'লে।

সরলা আপত্তি করে না, আলোয়ানটি আরো নিবিড় ক'রে জড়িয়ে পরিচিত ঘরে এসে ঢোকে। আজ আর কান্ধ সঙ্গে কথা কয় না—ভূতির সঙ্গেও না। আলোয়ানটা গায়ে দিয়েই ঘুমিয়ে পড়ে।

সরলার জীবনে আরেকটি পরিচ্ছন্ন রাত্রি কাটে, ঘুম থেকে জেগে পবিত্র প্রভাতকে মনে-মনে অভিবাদন করে।

ভক্রবার। কাল প্লে। আজ ডেুস-রিহার্সেল।

পার্ট সরলার মৃথন্থ হ'য়ে গেছে। ওর একাগ্র মনোযোগের দরুপই তা সম্ভব হ'ল। ছুরি-মারার ভঙ্গিটিও এক-রকম চলনসই ক'রে এনেছে।

ও এর মধ্যে নিজের ক্রটির ব্যাখ্যা পর্যান্ত বা'র ক'রে ফেলেছে; বৃঝিয়ে বলে—
এই অবস্থায় মালতীর মূখে খুব একটা হিংমতা আসতেই পারে না, সেই হিংসা ও
কোধের সঙ্গে বে ওর একটি মমতা ও শোক মেশানো আছে তাই তার মূথে
কোমলতাটা স্বভাববিক্ত নয়।

বলা বাছল্য ভাষ্যকার স্বয়ং নিমাই।

সকালবেলা ছুটতে ছুটতে হরি এসে হাজির - হাতে একথানা ছাপানো কাগজ। সরলার দোর-গোড়ায় এসে হাঁপাতে-হাঁপাতে বললে - গাড়িতে ক'রে কাগজ বিলি হচ্চে, সরলা-দি। আমাকে কি দের ? বললাম - আমার সরলা-দি খেটার করবে, তথন দিলে। গাড়ির ছাতে ব'সে সানাই বাঞ্চাচ্ছে—আর কত লোক বে গাড়ির সঙ্গে ছুটছে, সরলা-দি! রামৃ ত চাকার তলায়ই পড়ে গেছ্ল আরেকটু হ'লে!

গর্বে আনন্দে সরলার বৃক ছলে ওঠে— এত বড়ো একটা আনন্দব্যাপারে ওর কিছু অংশ আছে ভেবে ও ধন্ত হ'রে ধায়।

ভূতি কোতৃহলী হ'রে কাছে আসে। সরলা হরির হাত থেকে কাগজটা নিয়ে প'ড়ে সকলকে ব্ৰিয়ে দেয়। মারখানে একটা ছবি আছে – তার অর্থ করে।

বলে -- এই হিরণকুমার বিষ খেয়ে ভয়ে আছে, আর আমি এমনি ছুরি নিমে মারতে আসছি।

সমস্ত নাটকের মধ্যে এই ব্যাপারটাই সব চেম্নে বোমহর্বক ব'লে তারই ছবি ব্লক ক'বে বিজ্ঞাপনে ছেপে দেওয়া হয়েছে।

ভূতি ও আর-সব মেয়েরা ঈর্বায় জর্জর হ'য়ে সরলার পানে তাকায়। ভূতি বলে
--- কিন্তু এ ত তোর ছবি নয়।

সরলা তা জানে। এ চমৎকারিণীর ছবি – যেন নুমুগুমালিনা চামুগু ;—হিরণ-কুমারকে ও কোনোদিন ভালোবেসেছিল তার কোনো প্রমাণই তাতে পাওয়া যায় না – যেন বরাবরই ও একটা শাকচুরি। আর শুয়ে আছে—নিমাই, ক্ষু চুল, চোথের পাতা বোজা—একখানি হাত মাটির দিকে ঝুলে পড়েছে।

সরলা হেদে জবাব দেয়: আমার ছবি কোথায় আর পাবে বলো। এমনি একটা এঁকে দিয়েছে। আমার অমনি মোটা হ'লেই হয়েছিল আর কি! পার্ট থেকে নাকচ ক'রে দিও।

কিন্তু নিজের মনকে এই ব'লে বোঝার—অনেক দিন আগে থেকেই এগুলি ছাপা ব'লে মালতীর ভূমিকায় সরলার নামটা আর হ'লে ওঠেনি।

পা ব'লে মালতার ভূমিকায় সরলার নামচা আর হ'রে ওঠোন। সরলা বলে—আজ সব পোবাক প'রে বিহার্গেল হবে—এখুনি বেতে হবে।

ছরি মিনতি ক'রে বলে—আমাকে টুপ ক'রে কোনোখান দিয়ে আজ চুকিয়ে দিতে পারবে না, সরলা-দি ? ভোষাদের পোষাক-পরা নাঁটক দেখবে।

সরলা হেসে ওকে প্রবোধ দেয়: আজ কি, কালই ভ দেধবি। পুব ভালো জায়গায় বসিয়ে দেব'খন। মাকে নিয়ে ধান।

হরির যেন দ্বর সন্ন না, বলে—পুব ভালো জান্নগা দেবে ? বাং, কেয়া মজা ? রামু ওরা ত জান্নগাই পাবে না।

হরি নাচতে-নাচতে বেরিয়ে গেল।

সরলাকে এখুনিই বেফতে হবে। ঘরে বেটুকু সমন্ন থাকে— সান করা, একটু থাওয়া কি না থাওয়া—সব সময়েই অফুটখরে পার্ট আওড়ার। ও এই নিয়েই আছে। ওর তিনদিন আগেকার অতীত জীবনের সঙ্গে খেন ওর কোনোই সম্পর্ক নেই—তাকে ও চেনেই না।

ছেস্-রিহার্দেল স্থক। সর্জ রঙের শাড়ি প'রে জালদ্ধর-রাজকুমারী শ্রীমতী মালতীমালা ওরফে সরলাস্থ্রী বেন সর্জ মেঘের পরীর মতো পাখা মেলে এই শহরের মাটিতে নেখে এসেছে!

সরলার দিকে চেয়ে কে বলবে ও সভ্যিই একগাছি মালভীর মালা নয়!

পিঠে কালো পরচুল মাটি ছোঁয়-ছোঁয়, শাড়ি-পরার ভঙ্গিটিতে কি আশ্চর্য স্থ্যা ! হাতে আভ্রণ ! গলায় পুশহার !

আৰ সন্মুখে হিরপকুমার—রাজপুত্রের বেশে। মাধার সোনার মৃক্ট, তাভে পাখীৰ পালক গোঁজা।

সমন্ত টেজ গমগম ক'রে ওঠে —ডে-লাইটের স্থতীত্র আলোতে পরস্পরের চোখে একটি বিহবল মৃগ্বতা আবিষ্কার ক'রে ত্'জনে আবিষ্ট হ'রে পড়ে। অভিনয় ভনে সবাই তবু হ'রে বার।

কিন্ত শেব দৃশ্ত আবার তেমনি জলো হ'রে আসে। ক্লতার্থমর কিছুতেই সার দের না, তুর্বল ব'লে উচ্চহাশ্ত থেকে ৰঞ্চিত হ'রে চমৎকারিণী একটা বীভৎস কটু আওয়াজ করে।

নিমাই বলে—স্বার-স্বারদের স্বভিনয়ের পাঁচি কড বে গলদ থাকে তার কেউ থোঁজ করে না, এ-বেচারির ছুরি-ধরা ঠিকমতো হয় না ব'লেই যত ঠাট্টা। আপনারা ড ছাই সমঝদার, দেখবেন লোকে কি রকম নেয়।

কুভার্থ বলে—লোকে ড আর ডোমার মডো গাড়োল নর—ভাদের রসবোধ ব'লে একটা জিনিস আছে।

রমেশ সীমাংসার স্থরে বলে—না না—এই স্থামাদের চালিরে নিতে হবে। বেশ হবে, সরলা। তুমি একটও ঘার্ষ্টিয়ো না।

রিহার্দেবের শেবে, সরলা দামী পোষাক ছেড়ে তার আটপোরে শাড়িখানি । পরলে। সরলা যেন নিমাইর চোখে রহস্তময়ী হ'রে উঠেছে।

নিমাই ৰললে—দেখবে কি রকম ভিড় হবে, হাততালিতে প্রত্যেকটি কথা ভূবে যাবে, দেখো।

সরলা মনে-মনে ছবি আঁকে—বিপুল জনসমারোহের কুল-কিনারা করভে পারে না।

কিন্ত বাইরে বেরিমে এসে সরলা কাকর দেখা পায় না। গাড়ি নিয়ে কেউই বাবলা গাছের তলায় দাঁড়িয়ে নেই। সরলা ভাবে, হয়ত গাড়ি স্থানতে গিয়ে দেরি হচ্ছে;—একটু অপেকা করে, কেউ আবার পাছে কিছু সম্পেহ করে এই ভরে বেশিকা দাঁড়াভেও পারে না। অবকারে গা ছম্ছম্ করে। এ কেমনভরো লোক—একট্ও ভাবনা নেই ? সরলা বৃকের মধ্যে একটা অস্বন্ধি নিয়ে বাড়ি কেরে। ভাবে, লোবের বন্ধ তালাটা খুলভেই তার সঙ্গে দেখা হ'রে বাবে।

নিবাইর র্যাপারটা গাল্পে জড়িয়ে গুল্পে পড়ে। ভাবে, হয়ত তক্ষ্ণিই নিবাই গাড়ি নিয়ে এনে বুরে গেছে।

বাতের মতো বাত একটা—আশা-আকাজ্ঞার তরা ! ওর চোথের সমূথে রাশীকৃত লোক—সবাই হাততালি দিছে, মুখ হ'রে ওর মূথের ওর পোবাকের দিকে চেরে আছে । অটল বদি বার, সেও হাঁ হ'রে বাবে, চিনতেই পারবে না ৷ কেউ দিন্তা থানেক নোট নিয়ে আসতে পারে, ও তা ছুঁতে ফেলে দেবে —ও হিরণকুমারের নাসনাবাসিনী প্রিয়া ! তার অস্তেই ও গেকরা পরবে ।

শনিবার — দিনের মতো দিন। পাঁজিতে এ-দিনটি ধেন সরলার জন্ত রিজার্জড ছিল।

চোখ মৃখ ধ্রেই নিমাইর র্যাপারটি গারে জড়িরে সরলা রওনা হ'ল থেটার বাজি।

যাবার সময় ভূতিকে ব'লে গেল: তুপুরে একবার এলে পাল দিয়ে যাবো বেতাদের।

সরলার স্থাবর আব্দ অন্ত নেই। ওর মধ্যে এত বড়ো শক্তি প্রস্থা ছিল, এত বড়ো কাব্দের বোগ্যজা ছিল জানতে পেরে ও গর্বে একেবারে ফুলে উঠেছে। নিজেকে জাবিকার করবার মতো অহন্বার বোধকরি জার কিছু নেই। ও এ ক'দিন একটা বাতালেরো মূব দেখেনি, ওর সমস্ত জাচরণে একটি ভক্রতা এসেছে—মনে একটি বিপ্রামের সক্তে প্রশান্তির স্বাধ পাক্ষে! কত ভালোঁ লাগছে ওর - জীবনের বৃহৎ বৈচিত্রের আ্বাধ্ পেরে ও বস্তু হরেছে।

मिक्कि, जांक के मानकीमानात मरका नम्मानिनी ह स्थि दिए भारत ।

मदना अस्म भी मुरना । नव किंक् मांहे । नव निक्षिनिमिक्ति ह रस्त भारत ।

किंक नवाहे क्यन केंशांनीन । नवनारक स्वर्थ कांक के रूका नहें । निमाहे कहे ?

नस्मिवाव्य वनाय — जांक विद्यार्थन स्वर्थ ना ?

नस्मिवाव्य कर्मा केंग्रिस भारत अकवात हर्ष - करमकि निन ।

मदना किंक्न व्यक्त केंग्रिक भारत ना ।

রমেশ আর ষাই হোক মৃথচোরা নয়; বৃঝিয়ে দেয়। বলে —তোমাকে আৰ
আমাদের প্লে-তে লাগবে না। চমৎকারিণী সেরে উঠেছে, দে-ই মালতীর পার্টে নামবে।

সরলা ব'সে পড়লো। ওর তামের ঘর দমকা হাওয়ায় ছত্রথান হ'য়ে গেল।

রমেশ আরো খুলে বললে— মার্ডারের সিনটা তোমাকে দিয়ে কিছুতেই হ'ল না—
কুতার্থ ওরা কিছুতেই রাজি হয় না। তা ছাড়া চমৎকারিণী ভালো হ'য়ে এই পার্টিটা
এখানে আবার করবার জন্ত ভারি কুঁকে পড়েছে। জানই ত ও আমাদের দলের
সেরা য়্যাকট্টেন। ওকে ত আর চটাতে পারি না।

সরলা ত্' হাতে মুখ ঢেকে ফুঁ পিয়ে কেঁদে ওঠে, ছেলেমাস্থবের মতো ! এক মুহুর্তে ও ষেন একেবারে ফুরিয়ে গেছে।

রমেশ কথা প্রবোধ দিতে চেষ্টা করে: তুমি কিছু মনে কোরো না, সরলা। বিকেলে তুমি এসো ধিয়েটার দেখতে। তোমাকে আর কয়েকটা টাকা দেব'খন, থিয়েটারের পরে কিখা কাল সকালে এসে নিয়ে যেয়ো।

वस्यम ठ'ल राम।

সরলা কোথায় গিয়ে যে ওর এই কান্না লুকোবে, জায়গা খুজে পাচ্ছে না। ওর কাছে পৃথিবী যেন আজ সমস্ত জায়গা খুইয়ে বসেছে।

থানিকক্ষণ এ-দিক ও-দিক নিমাইর থোঁজ করলে—কোথাও তাকে পাওয়া গেল না। খুঁজতে খুজতে পোষাকের ঘরে এলো—সেথানেও নিমাই নেই। মধুস্দন বাক্স থেকে পোষাক আর চূল খুলে দড়িতে ঝুলিয়ে রাথছে। কাল রাত্তে সরলা ঐ সবুজ শাড়ীটি পরেছিল—আর নিমাই ঐ মুকুটটা।

একজনকে জিজেদ করলে: নিমাইবাবু কোথায় বলতে পারেন ? লোকটা কি কাজে বাস্ত ছিল, বললে—জানি না।

চট ক'রে একটা কথা সরলার মনে প'ড়ে গেল—বোধহয় নিমাই পালিয়েছে। নিমাই ওকে কলেছিল, যদি সরলাকে শেষ পর্যন্ত না নামায়, তবে ও বেঁকে ৰসৰে, পালিয়ে যাবে, পারের কাছে নোঁকো এনে ডুবিয়ে মারবে!

ঠিক তাই। সর্বাকে নামাবে না জেনে অভিযানে বেদনায় নিমাই বিবাসী হয়েছে।

সরলার মনে বল এলো—ধর্মের জন্ধ আছেই। এই প্রবঞ্জন্বের সমূচিত শাস্তি দরকার! বেশ হবে। নিমাই না থাকলে থিয়েটারই হ'তে পাবে না, ছিরণকুষারের পার্টে আর কেউ তৈরি নেই।

নিমাইব প্রতি শ্রদায় ভালোবাসায় সরলার মন ভ'রে ওঠে।

সরলা বিমর্থ মুখে মিয়েটার-বাড়ি থেকে বেরিয়ে আসে। বাবলা গাছটার তলার
ব'লে ও চোথের জল আর চেপে রাখতে পারে না। জীবনে ও চের কেঁলেছে, এর
চেরে চের বড়ো বেগনায়—কিন্তু আজকের মতো নিজেকে কোনোদিন এমন বার্থ
মনে করেনি। ওর চোথের থেকে দিনের আলো বেন কে শুবে নিয়েছে।

কিন্ত নিমাইকে আন্ধ ওর চাই—একান্ত ক'রে চাই। এ সংসারে ও-ই সরলার একমাত্র বন্ধু– থালি ওকেই সরলার অপমান স্পর্শ করেছে। নিমাইকে আন্ধ সরলা ভার ছোট ঘরটিতে নিম্নে সমস্ত পৃথিবীর নাগালের থেকে আড়াল ক'রে রাখবে।

নিমাইকে কোখাও বুঁজে পাওয়া বাচ্ছে না বে ! বাজার, গাড়ির আডভা, অনি-গলি কোথাও নিমাই নেই । নিমাই নেই । নিমাই দেশ-ছাড়া হয়নি ত ?

হঠাৎ মনে হ ল, নিমাই হয়ত ওরই বাড়ি গিয়ে ব'লে আছে—ওকে সঙ্গে ক'রে নিম্নে যাবার জক্ত । সরলার সমস্ত শরীর আনন্দে শিউরে উঠল।

সরলা তথুনি বাড়ি সেল। রোদ তথন বেশ চড়া হয়েছে। সরলার ঘরে কেউ শাসেনি, কেউ ওর খোঁজও করেনি।

বাড়িউলি ঠাট্টা করে: আজ যে লোকের ওপর ভারি দরদ—

ভূতি তার ঘর থেকে বেরিয়ে আসে, সরলার চেহারা দেখে ধম্কে হার। বলে
—তাের কী হয়েছে, সরলা ? কাঁদছিস কেন ?

সরলা বলে—এই মাত্র পার্ট ক'রে আসছি। আমার বে কাঁদবারই পার্ট।

মূখে ঠুন্কো হাসি ফুটোবার চেষ্টা ক'রে বলে—সেই তথন থেকেই কাঁদছি।
নিজে কেঁদে পরকে কাঁদাবো—তাই বড়ো শক্ত রে। হাা রে ভূতি, আমার কাছে
কেউ আসেনি ঢ্যাঙাপানা কর্দাপানা একটি ছেলে, গায়ে ক্লানেলের পাঞ্জাবি ?
আসেনি ? কেউ না ?

সরলা ভগ্নোৎসাহ হ'য়ে-বলে—তবে ষাই ফের খেটার-বাড়ি। তাকে খুঁছে পাওয়া যাছে না—তার সঙ্গেই আমার পার্ট। তাকে কোথাও না দেখে স্বাই ভারি ভড়কে গেছে। কোথায় যে গেল!

ব'লে সরলা কের বেরিয়ে পড়লো থিয়েটার-বাড়ির দিকে।

ভূতি বললে—আমাদের পাশ কই সরলা ?

সরলা বলতে-বলতে গেল: দরজায় গিয়ে আমার নাম করলেই ছেড়ে দেবে— ভাবিসনে।

সেখানে গিয়ে ফের নিমাইর খোঁজ নিলে—কেউ কিছু জানে না। কিন্তু কারু মুখে লেশমাত্র উল্লেগের চিহ্ন নেই। স্বয়ং রমেশবাবৃধ হাসিমুখে গল্লগুজব করতে-করতে তদারক ক'বে বেড়াচ্ছে—সরলার দিকে চেয়েও দেখছে না।

**468/2/08** 

ঠিক উচিত প্রতিশোধ নেওরা হবে। হিরপকুমার নাগতীর স্পানান নইডে পারেনি, তার হও দিরে গেছে।

একজন বললে—নিমাই শহরের গণ্যমান্তদের বাড়িতে-বাড়িতে উচু ক্লাদের টিকিট বেচতে গেছে।

টিকিট বেচতে গেছে ? অসম্ভব !

অসম্ভবই বা কেন ? হয়ত এই অক্সায় পরিবর্তনের থবর এথনো নিমাইর কানে ওঠেনি। তাই সরলার অভিনয় স্বাইকে দেখাবার জ্বন্ত টিকিট বেচতে নিমাইর এড আগ্রহ। নইলে নিজে গা ক'বে টিকিট বেচবার মতো ছেলেই নয় সেণ্

সরলা যেন নিমাইর মনের সমস্ত গলি-ঘুঁজি চিনে ফেলেছে। চললো ফের শহরের দিকে। যদি রাস্তায় দেখা হয়।

কুধার শরীর টা টা করছে—সরলার হুঁস নেই। ও এই অবিচারের প্রতিবিধান চায়—বে তার প্রেমিক, বে তার সর্বস্থ—তার কাছে।

काथा अ निमारेव प्रथा निर्हे । यहि लानरे, मत्रनारक किन मत्म निरह लान ना ?

সন্ধ্যা হ'তে না হ'তেই হরি আর তার মা সরলাদের বাড়ি এসেছে। হরি বললে—আমাদের জন্ম পাশ রেখে গেছে, ভূতি-দি ?

হরি নতুন জামা-কাপড় প'রে এসেছে, হাতে একটা থেলনা রিষ্ট-ওয়াচ বাঁধা, মাধায় দিব্যি টেরি বাগানো। হরির মা-ও কাপড় কেচে শুকিরে প'রে এসেছে।

ভূতি বললে—পাশ রেখে ধায়নি। বলেছে, টিকিট নিডে দরজায় যে থাকবে তাকে সরলার নাম করলেই বসবার জায়গা ক'রে দেবে।

হরি বাস্ত হ'য়ে বললে — তবে আগে-ভাগে চলো, ভূতি-দি, জায়গা পাওয়া বাবে না। বেজার ভিড় হ'য়ে বাবে। আর কাপড় বাছতে হ'বে না, একখানা এমনি প'রে চলো।

ভূতি ধমক দিয়ে উঠলো: এখনো আরম্ভ হ'তে ছ্' ঘণ্টা বাকি—
ভূতিও তার সাধ্যমতো সেজে নিলো। তিন জনে বেরিয়ে পড়লো—হরি আগে
আগে, লহা-লহা পা ফেলে হাত ছলিয়ে-ছলিয়ে। পথ ঘাট ওর নথদর্পণে।

দারুণ লোর-গোল— লোকে গিসগিস করছে। বগলাবাবুর ভবিস্তবাণী আংশিক রূপেও সফল হয়নি। হরি বললে—বড্ড দেরি হ'রে গেছে, ভূতি-দি। জায়গা পেলে হয়। মেয়েমামুষগুলো চলতেই পারে না, কাপড় পরতেই তিন ঘটা।

থিয়েটার আরম্ভ হ'তে এখনো কিছু দেরি আছে। হরি দরজার সামনের লোকটিকে গিয়ে গন্তীয়ভাবে বেমানুম বললে—সরলা-ছিকে ডেকে দাও ত ? रंगाकि वनान - एक नवना-पि ?

হরি অবাক হবার ভান ক'রে বললে—কে সরলা-দি ? বা: —তুমি নতুন লোক কৃষি ? সরলা-দি, বে ব্যাক্টো করছে, কাগজে-কাগজে বার ছবি উঠেছে, দাঁত দিরে ঠোঁট কামড়ে সেই বে একটা সরা মাহুব খুন করতে ছুরি নিয়ে ছুটেছে—সেই সরলা-দি !

ভূতি বৃথিয়ে বলে: এই নাটকে মালতীর পার্ট নিয়ে বে নামবে আজ। লোকটি বিয়ক্ত হ'য়ে বললে—সর্লা-ফরলা ব'লে এখানে কেউ নেই। মালতীর পার্টে যে নামছে তার নাম চমৎকারিশী দাসী—সরলা আবার কে?

—বাং, আমাদের বলেছে গেটে এসে তার নাম বললেই আমাদের ছেড়ে দেবে, ভেতরে জায়গা ক'রে দেবে —তার নাম স্বাইর মুখে-মুখে!

লোকটি বললে—তোমাদের দরলা-দিটি ভারি দৌধীন দেখছি। যাও, জায়গা ছাড়, অন্ত লোকদের পথ ক'রে দাও।

হরি বিমর্থ হ'য়ে বললে –চুকজে দেবে না ? দেখ না ভেতরে গ্রিয়ে, সরশা-দি ব'সে আছে, হয়ত সাজছে। তোমার হু'টি পায়ে পড়ি, ভন্রলোক, আমাদের ছেড়ে সাও।

ভদ্ৰলোক কথা গ্ৰাহ্ করে না :

ও দিকে चन्छ। পড়ে, मिन ওঠে, म्रा क्टिः खुक हम ।

হরি এবার গলা ছেড়ে কেঁদে ওঠে। হরির মা বলে — কি দারুশ মিধ্যুক এই ছুঁচো হারামজাদি — কি ভীষণ চালবাজ। এ যে জাঁহাবাজ ভাকাত বাবা — একে প্রিশে দিতে হয়।

ভূতি ত্বম ত্বম ক'রে পা ফেলতে-ফেলতে বলে—ফিক্লক ও বাড়ি। তর দেবাক আমি ডাঙছি অটলবাবুকে দিয়ে।

হরি কিছুতেই আসবে না, বেড়ার ফাঁকে চোথ রেখে ও কি দেখছে ওই আনে।
মা বত টানে ও ততই বেড়া আঁকড়ে থাকে। শেষে মা'র হাতের চার পাঁচটা
কিল খেমে হরি হেরে যায়। হরির চীৎকারে বাইরের অক্কার বিদীর্থ হ'ডে
থাকে।

সরলা আবেক প্রতিবেশিনীর ঘরে গিয়ে কথন ঘুমিয়ে পড়েছিলো, যখন খুয ভাতে তথন বিয়েটার আরম্ভ হ্বার সময় কাবার হ'য়ে গেছে।

নিশ্চরই এখনো নিমাই কেরেনি —রমেশবাবুর উবেগ অশান্তির আর সীমা নেই। চমৎকারিণী খুব জব্দ হয়েছে। কৃতার্থের ফুট্নি ঘুচেছে। খুব মঙ্গা! নিশ্চরই থিয়েটার আর হয়নি, লোকেরা ধ্ব গালাগাল করছে, রমেশবারুকে বাধ্য হ'রে পরদা কিরিরে দিতে হচ্ছে।

মজা দেখতেই হয়ত সরলা ও দিকে পা চালালো। কিছ একটু কাছে আসতেই ওর সমস্ত শরীর কাঁপিয়ে ভারি শীত করতে লাগলো—এত শীতেও পিপাসায় গলা কাঠ হ'রে এলো। দূরে ডে-লাইট দেখা যাছে। থিয়েটার হছে বৈ কি!

সরলা গেল এগিয়ে। ওর দম বন্ধ হ'য়ে আসছে।

ছুটে গ্রিম দরজার লোকটিকে বললে—নিমাইবাবু এসেছেন ?

- —সে কখন--
- —তাঁকে একটু ডেকে দিতে পারেন ?
- ---বা:, এই তৃতীয় অঙ্কের প্রথম দৃশ্য হচ্ছে। উনি য্যাক্ট করছেন বে---

ছতীয় অকের প্রথম দৃশ্য ! সরলার চোথ ফেটে জল পড়তে লাগলো । সমস্ত দৃশ্যটি সরলার মৃথস্থ ! সেই সব কথাগুলি নিমাইকে আবার চমৎকারিণী বলছে—সরলা বা বলেছিল আগে ! কণ্ঠস্বরে সেই আবেগ, স্পর্শে সেই উত্তাপ ! তার মনের কথাগুলি বা বইরের আথরে সরলার অজানতে প্রকাশ পেয়েছিল তা চমৎকারিণীর মৃথ দিয়ে বেকচ্ছে!

তবু নিমাই বলেছিল —তোমাকে পেয়ে সরলা, আমার মনে ভাবের জোয়ার আসে, তোমাকে না নামালে আমি ওদের তুবিয়ে মারবো।

ইবার অভিমানে অপমানে কেঁদে সরলা ধূলার সঙ্গে মিশে যেতে চায়।

কানে কিছুই আদে না বটে, কিন্তু সরলা চোখের সামনে সমস্ত হাব ভাব আঁকা দেখতে পায়। সেই মোটা বেঁটে চমৎকারিণী তার মৃত নিমাইকে কোলে নিয়ে আদর করবে ভেবে সরলা নিজে নিজের চুল ছেঁড়ে. হাত কামড়ায়, কপালে করাঘাভ করে।

ইচ্ছা করে একটা ক্ষ্ষিত আর্তনাদের মতে। প্রেচের ওপর গিয়ে ফেটে পড়ে। বিকট চীৎকার ক'রে অভিনয়ের সমস্ত হক্ষা ঢেকে দেয়।

ক্ধার সমস্ত গা, অবশ- নিমাইর থোঁজে হেঁটে-হেঁটে পা একেবারে ভেঙে পড়ভে চাইছে।

আন্তে-আন্তে থিয়েটার ভেঙে যায়।কোলাহল ক'রতে-ক'রতে লোক স'রে পড়তে থাকে। ততক্ষণ সরলা ব্যাপার মুড়ি দিয়ে চুপ ক'রে ব'সে থাকে। সবাই চমৎকারিণীর প্রশংসায় পঞ্চমুখ হয়ে বাড়ি ফেরে। প্রত্যেকটি কথা সরলার কানে আসে।

—খুনের সিনটা কি রকম করলে ! ওয়াগুারফুল !

— কি স্থলর ! অথচ কি ভীষণ ! ভয় লাগে, ভালোও লাগে । পয়সা দার্থক, ভাই ।

সরলা আর বলে না, বাড়ি চলে। চলতে আর পারে না। কেঁদে-কেঁদে মুখ বিবৰ্ণ ছ'লে গেছে।

নি:কাম পাড়া স্বাই বুমিয়েছে। ভৃতিও হয়ত। সদর খোলা ছিল।

ধর ঘরে এসে দেখে মিট্মিট আলো জলছে। ভেতরে অটল একা ব'লে মদ খাছে। সরলার সমস্ত শরীর কালিয়ে এলো।

শটল তথনো বেহঁদ হ'রে পড়েনি, সরলাকে দেখেই ওর রক্ত ফুটে উঠলো। হাতের মৃঠিতে ধরা ছিল মদের মাশটা, তাই মারলো ছুঁড়ে সরলার মাথা লক্ষ্য ক'রে।

বললে শালির আমার থেটার করা হচ্ছে—তিন দিন ধরে ছুরে-ছুরে আমি ছামরান হ'মে পড়েছি —

भवना 'वावा रागा' व'तन पूरत পएतना । किन्कि मिस्र तक पूर्टिष्ट् ।

এতেও অটলের তৃপ্তি হয় না, জুতোটা দিয়ে সরলার পিঠের খাল ছিছে দেয়। বলে বলে কি না খেটারের দলে ভিড়ে যাবো…মদের দাম দেবে না, রান্তির বেলা বাড়ি আসার নাম নেই…

বলে, আর লাখি-জুতো চলতে থাকে।

সরলা অটলের পায়ের নিচে প'ড়ে একেবারে ভেঙে গেছে। বাড়িউলি প্রথম মনে-মনে মজা দেশে, পরে অটলকে থামাতে আসে। ভৃতিই মাধায় ব্যাপ্তেজ ক'রে দেয়।

ভোরবেলা সরলার ষথন জ্ঞান ফিরে আদে, তথন সারা গায়ে বিষম বাধা, জর, মাধা ছিঁড়ে পড়ছে যেন সারা বছর ও কিছু থায়নি। পায়ের কাছের জানলা ছিয়ে ভূর্বোদয় দেখা যাছে।

এত ত্থেও ওর স্বপ্ন কাটেনি ! ভোরের আলোর মনে হচ্ছে স্বেন ওর কাছে ওর হিরণক্ষার আসছে — মাধায় তার সোনার মৃত্ট, তাতে পাধীর পালক গোজা।

ı		
1		

# **কেলোরক**

জ্ঞন্তব্য : এই পর্বে অচিন্তাকুমারের প্রাথমিক বে সকল রচনা বিভিন্ন পত্ত-পত্তিকার প্রকাশিত হয়েছিল, অথচ পুস্তকাকারে গ্রথিত হন্ননি, সেই সকল রচনাবলী ক্রমশ সংযোজিত হবে। ভাঙা ধ্বনে-পড়া একটা একতলা বাড়ীতে গরীব এক কেরাণী আর তার মমতাময়ী প্রিয়া একটি স্থন্দর থোকাকে খিরে আনন্দ-ভাল বয়ন করত আর তাদের ছোট ছটি হৃদয়-পেয়ালায় অমৃত পরিবেশন করত।

কিছ একদিন মেঘলা আকাশের কালো গুমোট তাদের খুশীভরা জীবনের ওপর ছায়া ফেললে।

খুনভটি তাদের প্রায়ই হয়, অভিমানে তাদের হাসি-কায়া দিয়ে তারা নব-নব প্রোমের থেলা আবিদ্ধার করে। ছেলেটি হয়ত মেয়েটির ঘোমটা খুলে ফেলে চুলের ঝোপার হালকা বাঁধুনিটা এলো ক'রে সারা মুখে কালো চুলগুলি ছড়িয়ে দেয়, মেয়েটি 'বাঙা' বলে অভিমান করে আর কথন থিক্ ক'রে হেদে ফেলে। ··

ছেলেটি হয়ত পড়ছে, মেরেটি কাছে দাঁড়িয়ে নানান কথা কইছে, আর কথা কইবার ফাঁকে-ফাঁকে একটা দড়ি দিয়ে ছেলেটির পাঞ্চাবির সঙ্গে চেয়ারের পায়াটা বেঁথে দিছে। ছেলেটি মেয়েটির কথার মধুপান করতে করতে এত মশগুল বে কিছুই টের পাচ্চে না। মেয়েটি পাৎলা রাশ্বা ছটি ঠোঁটের আড়ালে একটি ছুই হাসি চেপে রেখে চলে বায়, ছেলেটি প'ড়েই চলে।

পড়া দাক্ষ ক'বে হঠাৎ তাড়াতাড়ি উঠতে গিয়ে চেয়ারস্থদ, উলটে পড়ে যায়, মেয়েটি কর্ণার মন্ত খিল খিল ক'বে হাদে, ছেলেটিও অপ্রতিভ হয়ে দড়ির বাঁধন খুলে মেয়েটিকে ধরে, ভাব লাল গালে আন্তে ছটি চড় ও লিঠে ছোট্ট মিটি একটি কিল লাবে, মেয়েটি হাততালি দিয়ে হাদে ও অবশেষে একটি মধুর চুমায় এই অভিনয়টির শেষ হয়।

কোনোদিন বৃষ্টি নেষে আদে সারা আকাশ অন্ধকার ক'রে, শিল পড়ে, মেয়েটি ভার ক্ষীণ কটিতে আঁচলটা বেঁধে চুলগুলি ঝুঁটি ক'রে মাথায় জড়িয়ে নিয়ে ছেলেটির লক্ষে শিল কুড়োডে উঠোনে ছুটে আদে, জলে ভিজার আন্দে চুজনে মাতাল হয়ে শিল কুড়োয়ে, চেঁচামেচি করে; আর ওপরে জানলায় দেড় বছরের ছোট থোকাটি দাঁভিয়ে-দাঁড়িয়ে বাবা-মা'র কাও দেখে আর নব-নব অর্থহীন অফুট কথায় আনক্ষ

খোকাকে একটা চেরারে দাঁড় করিরে ছুজনে হান্ড বাড়িয়ে সামনে দাঁড়ার। বা বলে আমার কোলে, বাবা বলে—আমার কোলে।

ছুই খোকা চেমারটিডে ভার ছোট-ছোট পা ফেলে নাচে, কারো কোলেই স্বীপিরে পড়ে না, ভারপর যা-বাবা ছজনেই খোকাকে জড়িরে ধ'রে তাকে চুমার আছের ক'রে দের, থোকা ব্যাচারী ভারী বিব্রত হরে পড়ে। থোকাকে চুমু দেরার কাঁকে ছল ক'রে নিজেদের মধ্যেও একটু বিনিময় হয়। খন্তর ভাস্থরতীন এই দূর প্রবাসে একা-একা এই ছটি ছেলে মেয়ে খুশির হাট খুলে সারা দিন-রাভ বেচাকেনা কয়ে আর দিনের পর দিন কাঁচায়।

কি একটা পর্ব উপলক্ষে সেদিন অফিস সকালেই ছুটি হয়ে সিয়েছিল। ছেলেটি ঘরে ঢুকে দেখে মেয়েটি মেকের উপুর হয়ে ভয়ে আকাশের দিকে চেয়ে চৌদ্ধ লাইন মিলিয়ে-মিলিয়ে কবিতা লিখছে! মেয়েটি কয়নায় এত দিলভোল ছিল, ছেলেটি বে ঘরে ঢুকে উকি মেয়ে তার কবিতার খানিকটা দেখছে তা টেরই পেলে না। ছেলেটি তাড়াতাড়ি নীচু হ'য়ে বললে, বেশ কবিতা লিখছ ত! মেয়েটি অভ্যন্ত লক্ষায় উঠে বসে তাড়াতাড়ি কাগজটা বুকের মধ্যে লুকিয়ে ফেললে। ছেলেটি অনেক সাধালাধি করতে লাগল লেখাটা দেখতে, মেয়েটি কিছুতেই রাজী হ'ল না। ছেলেটি অভ্যন্ত রাগ ক'য়ে উঠে দাঁড়িয়ে বিজ্ঞপ ক'য়ে বললে, ভারী ভো বিছে, ভা আবায় কবিতা লেখা ছছে!

মেরেটি অভিমানে সারা মৃথথানি রাঙা ক'রে বললে, আচ্ছা বেশ, আমার ছাই লেখাই ভালো! বলে কাগজটা বা'র ক'রে ভক্ষণিই টুকরো-টুকরো ক'রে ছিঁছে কেলে রাগ ক'রে খোকাকে নিয়ে অক্ত ঘরে চলে গেল।

সামান্ত একটি ঘটনা, ভারপর থেকে এই ছুটি খামী-স্ত্রী কথা বন্ধ ক'রে আছে আঞ্চ পাঁচ দিন। কেউ কারু সঙ্গে কথা কর না, তব্ও ঠিক তেমনি নির্বিবাদে সংসারের কাচ্চ চুকে বার। এই অভল অভিমানের মধ্যেও ভালের থেলা চলে। দিনের মধ্যে ভারা চোখে চোখ মিলাতে ভর করে, কেউ কাকর কাছে এক মিনিটের জক্তও বসে না।

রাতে ছেলেটি একলা ভক্তপোষের প্রপর ঘূমিয়ে পড়লে মেয়েটি মেঝেয় মাছুর বিছিয়ে শোর, মাঝরাতে ছেলেটি উঠে ঠাণ্ডা লাগবে ব'লে খোকাকে নিজের কাছে তুলে নেয়, আর একটা কাঁথা মেয়েটির গামে বিছিয়ে দিয়ে খোকাকে বুকে নিয়ে ঘু:মায়। কেউ কারু সঙ্গে কথা না কইলেও খোকাকে উপলক্ষ ক'য়ে ভারা কর্ত্বার খেলা করে। ছেলেটি খোকাকে কোলে নিয়ে হ্বর করে পছ মেলায়—

> ম্থটি বেন হাঁ-ড়ী, চলল বাপের বা-ড়ী, পুড়ি রাগের ঝাঁ-জে, পদ্ভ মেলে না-বে!

মেরেটি আবার তথ্নি খোকাকে কোলে ক'রে তেমনি ছরে বলে—

ধেরে ছটি তা-ত দকাল থেকে রা-ভ বেজন কলম পি-বে, পত্ত জানে কি লে?

সকাল বেলায় ছেলেটির কাছে মেয়েটি একটা সিকি কি আধুলি ছুঁছে বেয়, ছেলেটি পরসাটা কুড়িয়ে একটা ধামা নিরে বাজার করতে বার, বাজার ক'রে এনে ধামাহৃত্ব, সমস্ত মাছ তরকারী রারাঘরে মেয়েটির কাছে চেলে দিয়ে আলে, ক্ষেরেটি অল্ল একটু বেসে ছড়ানো জিনিসগুলি গুছোতে থাকে।

রবিবারের তৃপহর। ছেলেটি চেয়ারে হেলান দিরে একখানি বাংলা উপজ্ঞান পড়ছে, আর মেয়েটি বরে থোকাকে ঘুম পাড়াচ্ছে মূখে-মূখে ছড়া বানিয়ে, ছেলেটি একমনে সেই দব ওনছে ও মনে-মনে ভারী খুশি হচ্ছে। মেয়েটি কলছে মিটি স্থায়ে

থোকা এখন খুমো.

চোথের পাতার চুমো ! থোকন আমার মাণিক, নীল আকাশের থানিক! খোকন আমার লোনা, কপাল চাঁলের কোণা!

ভারপর আবার স্থর-ফের্ডায় গাইছে—

টুলটুলে ভোর মিশমিশে চোথ তুলতুলে ভোর গাল, কোন্ পটুরা আঁকল ঠোঁটে ভোরের মেঘের লাল !

হঠাৎ ঝন্ঝন্ ক'রে কড়া নড়ে উঠল, ছেলেটি তাড়াভাড়ি দরজা খুলে দিতেই দেখতে পেলে তাদের বাড়ীর দামনে একটি গাড়ী দাঁড়িরে, ও একটি স্বেশা ভরুণী প্রামুদ্ধ মূথে দাঁড়িয়ে বাড়ীর চেহারা দেখছেন। ছেলেটিকে দেখেই ভরুণী একটু হেলে বললে, চিনতে পাড্ছেন না ?

ছেলেটি বললে, হা পাচ্ছি বৈকি, আছ্ব। কোথেকে?

ভক্ষণী বললে, কলকাভা এসেছিলুম বোনের বাড়ী, এখুনিই পাঁচটার ট্রেফে বেভে হবে আবার। ভা পাণড়ি আছে ভো এখানে ? না, বাশের বাড়ী ?

ছেলেটি বললে, আছে আন্থন। বলেই একছুটে মেয়েটির কাছে একে হাজির হয়ে ভাঞাভাঞ্জি বললে ওগো ভোমার সই এসেছে। কে সই ? ব'লে মেরেটি চমকে সম্ভস্ত হয়ে এগিয়ে চলল। এগিয়ে দেখে পাপড়ি! খুব প্রফুল হয়ে মেয়েটি তরুণীটির ছান্ত ধরে অভার্থনা ক'রে খরে নিয়ে বসাল আর ছেলেটি তরুণীটির ঠাকুরপোর সঙ্গে বাইরের খরে বসে গল্প-গুজুব করতে লাগল।

এই স্বৰ্ধরী শিক্ষিতা ভরুণীটির দক্ষে মেয়েটির আলাপ ও ভাব হয় সেবার টেনে কলকাতা আসবার সময়। ভাব এতদ্র গড়ায় বে, ভারা সই পাতিয়ে বসে পাপড়ি'।

প্রায় এক বছর পরে জরুণীটির দক্ষে তার দেখা। তাদের এই নগণ্য নোংরা তাঙা বাড়ীতে এই ধনীর গৃহিনীটির যথেষ্ট অভ্যর্থনা হচ্ছে না বলে মেয়েটি তারী পীড়িত হচ্ছিল, তবুও তার স্নেহ, সেবা ও হাসি দিয়ে সমস্ত বজায় রাখছিল সে। খানিকক্ষণ আলাপ ক'রে, খোকার ঘুম ভাঙিয়ে তাকে চুমু খেয়ে, মেয়েটির ভরস্ত গালছটো একবার টিপে দিয়ে তরুণী বললে—এবার উঠি. উনি একেবারে উদ্গ্রীব হয়ে আছেন। আজ পাঁচটার টেন ধরতে না পারলে একেবারে সর্বনাশ। এবার থেকে চিঠি লিখো কিছে—

ভরুণী উঠতে ৰাচ্ছে দেখে মেয়েটি বললে, বা মিষ্টিমুখ ক'রে যাবে না বৃঝি ? ভরুণী 'না-না' বলে আপত্তি জানালেও মেয়েটি মানা মানলে না।

চাবির রিঙ ও চূড়ীর আওয়াজ শুনে ছেলেটি বাইরের ঘর থেকে বেরিয়ে এল। মেয়েটি একটি টাকা ছেলেটির হাতে গুঁজে দিয়ে তাড়াতাড়ি বললে, কিছু থাবার কিনে নিয়ে এদ। ছেলেটি তক্ষ্ণিই থাবার কিনতে ছুটল।

খাবার কিনে এসে ছেলেটি ডাকলে—খোকা **—** 

মেয়েটি বেরিয়ে এদে খাবারের ঠোঙাটি হাত থেকে নিয়ে বললে, পাপড়ি নাকি মিষ্টি খায় না, তুমি কিছু কমলানেবু কিনে আন! নেবু না পেলে একটা লেমেনেছ্ নিয়ে এন।

ছেলেটি उक्षि तित् वाना हुछैन।

নেবু নিমে একে সেমেটি একথানি সাজানো থালা তার হাতে দিয়ে বললে এথানা বাইরে ঠাকুরপোকে দিয়ে এস। আমি নেবু নিয়ে বাচ্ছি।

দোরের গোড়া পর্যন্ত এসে মেরেটি তরুণীকে বিদায় দিলে. তঞ্ণী গাড়ীতে গিয়ে উঠল রাঙা মূখ বাড়িরে বললে চিঠি লিখো কিন্ত এবার; আর ছুটি হলে পুজোর, ওঁকে নিয়ে আমাদের ওখানে একবার বেডিয়ে এস।

গাড়ীটা চলে গেল।

মেয়েটি সদৰ দৰজাটা বন্ধ ক'ৰে দেখলে বাড়ীতে আবাৰ তেমনিই একটি নীৱৰ আনন্দে কাপছে, কে বেন এনে দমকাৰ মত সমস্ত গুমোট উড়িয়ে দিয়ে গেল! ভাদের কথা কওয়া বে এমনভাবে স্থক হবে, এ-কথা মেয়েটি কোনোদিন ভাবেনি। এডদিনের চুপ ক'রে থাকার পর এখন সে ছেলেটির কাছে কেমন ক'রে বে এগোবে ভেবে পাচ্ছিল না, একটি আনন্দময় লক্ষায় ভার সমস্ত গতিটি নিথর হয়ে পড়েছে।

ছেলেটি উৎস্থক হয়ে মেয়েটির প্রতীক্ষা করছে ঘরে বসে কিন্তু মেয়েটি দরজার আড়ালে দাঁড়িয়ে দাঁড়িয়ে ভাবছে, তাকে এই লজ্জা থেকে কে বাঁচায়। কি ক'রে সে তার মুথের পানে চাইবে তারপর !—

সে আন্তে আন্তে ঘরে এসে চুকল তার সমস্তটি দেহ হাসির রঙে ছুপিয়ে, তার পরিপূর্ণ চোথে ঠোটের টানে গালের কাঁপনে হাতের ভালে বুকের দোলায় সব্থান থেকে হাসি ঝরে পড়ছিল।

ছেলেটি উঠে দাঁড়িয়ে কাছে এসে হেসে ভার হাসিটিকে অভার্থনা ক'রে মেয়েটির ছটি হাত কাঁথে জড়িয়ে নিমে তার সমস্ত গুমোট মুছে দিল—অনির্বচনীয় আনন্দভরা ছোট্ট একটি—

## নায়ক-নায়িকা

একটা চমৎকার গল্পের প্লট্ পাওয়া গেচে। । দেশেহারা হয়ে গল্পের নায়ক-নায়িকার নাম খুঁজাচ, কিন্তু হাতড়ে হাতড়ে একটা আনকোরা একেবারে নৃতন কবিজ্ময় নাম কিছুতেই আসচে না। । । ।

রাত তথন বারোটা প্রায় হয়ে এল, কেবল ভাবচি, মনোমত নাম কিছুতেই মিলচে না, এ যেন তাঁথ-কাকের মতন ধর্ণা দিয়ে প'ড়ে থাকা!

হঠাৎ আমার মনে হ'ল আমার থোলা জানলার স্থম্থে কে একটা কালো বলিষ্ঠ লোক অন্ধকারকে শিউরে দিয়ে পক্ষ কণ্ঠে বললে - আমাকে তোমার গল্পের নায়ক করো!

আমি আঁৎকে উঠলাম—তোমাকে নায়ক করব ? কি তোমার নাম ? লোকটা দৃঢ় কণ্ঠে বললে-- বামাচরণ।

—বামাচরণ ? আমি হো-হো ক'রে হেনে উঠলাম।

লোকটা কঠিনভাবে জানলার শিকটা ধ'রে বললে—কেন ? আমার নাম ভোমার পছন্দ হচ্ছে না ? ভোমার উপস্থাসের নায়ক হবার বোগ্যতা কি আমার একটুও নেই ? চিরকালই তুমি আমাকে কেবল চাকর, মরোয়ান, বাজার-সরকার আর দেওরান করবে ? কেন, আমাকে নারক করলে ভোমার উপস্তানের কাট্ডি কি অনেক ক'মে বার ?

আমি লোকটার মৃথের দিকে চেয়ে হাসতে লাগলুম।

লোকটা বললে— আমার জন্তে কেবল রেখেছ ছঁকো আর গাঁজা। কেন, আমি কি ভালোবাসতে পারি না? আমার প্রেমের উপাখ্যান কি ভোমার গরের থাতার লেখা যায় না, না. আমার প্রেমটা এতই খেলো আর বাজে, বে তার মূল্য একটুও নেই? আমি বি. এ এম. এ. পাশ করি না, প্যাসনে চশমা পরি না, সিগারেট খাই না, টেড়ী কাটি না, বাঁশী বাজাই না, মার্কেটে ঘূরি না—তাই কি আমি নায়ক হবার যোগ্য নই? আমার নাম বামাচরণ এই কি আমার চরম অপরাধ?

আমি হাসি চেপে বললুম -- কিন্তু তোমার সঙ্গে নায়িকা হবে কে ?

লোকটা হাতছানি দিয়ে কাকে যেন ভাকতে লাগল। থানিকবাদে একটি অন্ত ভ্লতফ্ কালো রমণী তার পাশে এদে দাঁড়াল। মাথার চুলগুলি টেনে ক'ষে মুঁটি ক'রে বাঁধা, কপাল ও চুলগুলি তুর্গন্ধ তেলে চপ্চপ্করচে, নাকে হুদর্শন-চক্রের মতো একটা নৎ, ত্-কানে প্রায় গোটা কুড়ি মাক্ড়ি, দাঁতে অমাবস্থা-রাতের মতন মিশি মাধানো, গলায় একটা লোহার হাঁহুলি, পরনে একটা লাল পাছা-পেড়ে শাণী তাতে চ্যাপমা হলুদের দাগ লাগানো, ত্-পায়ে তুটো রূপোর মল— বয়স এই ত্রিশ-ব্রিশ হবে।

রমণী স্থির কণ্ঠে বললে - আমি ভোমার গল্পের নায়িকা হব। আমি কৌতুহলী হয়ে বললুম— ভোমার নাম কি ?

মেয়েটি বললে আমার নাম ? আমার নাম· । হাসতে হাসতে পেটে থিল পড়ল। জগদস্বা ? তাহলেই হয়েছে ! হাঃ হাঃ হাঃ ।

রমণী বিরক্ত হয়ে বললে—আমার এই চেহারায় ও নামে কিছুতেই তোমার উপস্থাসের নায়িকা হতে পারব না ? লেখা, পাপড়ি, বৃথিকা, হাস্মাহানা—এমনি চং-করা বিবিয়ানার নামই তোমার পছল হয়, এমন ঠাকুর-দেবতার নাম মনে ধরে না ? আমি আনারসী-বারানসী শাড়ী পড়ি না, এলানো চুলে ফাঁসগেরো দিয়ে কান ঢেকে চুল বাঁধি না, উচু হীল-ওয়ালা ভূতো প'রে হুলতে-হুলতে চলি না ও আছাড় খাই না, পুডিং কাট্লেট্ রাঁধতে পারি না, তাই কি আমি তোমার নায়িকা হবার অবোগ্য ? আমার এ কালো বুকে তোমার গল্পের ফুলরী শিক্ষিতা নারীর মতনই প্রেম জাগে না, কবিতা উথলে ওঠে না ?

আমার হাসির মাত্রা আরও বেড়ে গেল।

दिश्य बामाठद्रव जाद जगनवा थाना जाननाठा পেরিয়ে जामाद चर्द अरम

ছুকল । কি করবে বে বাবা! ঐ শক্ত কালো ছ-হাতে ছ-গালে ছ-টাটি বসিয়ে ছেবে না তো ! না না ওগো, তোমাদেবই আমি গল্পের নায়ক-নায়িকা করব।…

আমার খরের দেওয়ালের এক নিরালা কোণে রাধা-কুঞ্জের বামিনী-মিলনের একটি বর্ণ-বহুল কুন্দর ছবি ছিল। কিন্তু তার ওপর আমার কোনো মোহ বা আকর্বণ ছিল না, হয়ত আমার আধুনিক কচির সঙ্গে এই ছবিটা একটুও থাপ খেত না ব'লে। কেখি, বামাচরণ আর জগদধা বেশী কিছু নামস্থলত উপত্রব না ক'রে ধীরে-ধীরে কেই ছবিটার মধ্যে লীন হয়ে গেল।…

যাঃ, কি এতক্ষণ কাজে আবোল-ভাবোল স্বপ্ন দেখছিলাম ! মনে-মনে থানিকক্ষণ হাসলুম। গল্পবো আর এগোলই না। আলো নিভিয়ে ঘূমিয়ে পড়লুম।

মাঝরাতে মনে হ'ল সেই ছবির ক্লফ সেই কদমশয়ন থেকে উঠে দাঁড়িয়ে রাধাকে কললে—চল, এই কারাগার থেকে মুক্তি নিয়ে আমরা বেরিয়ে পড়ি! এই তরুণ কবি দিনাস্তেও আমাদের মুখের পানে চোথ তুলে চায় না, আমরা যে গোপনে এখানে ভালোবাসার অভিনয় করচি তার একটুও মর্ম গ্রহণ করতে পারে না, তার উপস্তাসের নায়ক-নায়িকার নাম খুছে মরে; আর, আমরা যে তার বুকের আগারে কলা হয়ে দিন কাটাচ্চি, এত নিকটে থাকি, আমাদের কথা সে একটুও ভাবে না, অভি-পুরোনো ব'লে সে আমাদের অবহেলা করে ফেলে তায়! চল, আমরা এই তও পূজারীর মন্দির থেকে বেরিয়ে ঘাই।

ব'লে ক্লণ্ড তার বাঁশী তুলে নিলে, আর রাধিকা তার অগোছাল কেশ-বাস বিক্তন্ত ক'রে ক্লণ্ডের পাশে-পাশে চলতে লাগল মেঘের পথে-পথে চাঁদনী আলোর শিক্ষ রূপার দেশে!

কৃষ্ণ ঘাড় হেলিয়ে বাঁশী বাজাচে আকুল করা খ্রে, আর রাধিকা তার বা হাতের ভঙ্গিমাটিকে বেঁকিয়ে কৃষ্ণের গ্রীবাটি বেষ্টন ক'রে চলেচে ভাষাহীন আনন্দ-ছম্মে!

কতদ্ব এগিরে গেলে মনে হ'ল—ওরা যেন সেই গোকুলের ক্বঞ্চ-রাধা নয়, আমাদেরই পাড়ার পচা বস্তির বামাচরণ আর জগদখা, অনন্ত অভিসারের পথে নৃতন রূপ নিয়ে সত্যিকারের প্রণয়ী-প্রণিয়িণী, চিরযুগের কবির ক্লনার নায়ক-নায়িকার কুশল-মৃতি!

## "পাৱে যাবার আর কে আছে ?"

প্রকাও জাহাজটার মধ্যে চূড়ান্ত গোলমাল চলেছে।

গোপন অশ্র, উচ্ছল কলহ স্থা, উত্তপ্ত স্পর্শ-বিনিময়, চিঠি দেবার প্রতিজ্ঞা, ব্যস্ত সারেত্র ও থালাসী, দেরী-হয়ে-উদ্বিয় যাত্রীদল।

জনতা থেকে একট দূরে একটি প্রত্যক্ষগোচর নির্জনতায় জাহাজের রেলিঙ ধ'রে দাঁড়িয়ে একটি পুরুষ ও নারী পারের দিকে চেয়ে ছিল, বেথানে পদিল পিছল ঘাটের ওপর পাতলা বাদল টিপ্ টিপ্ ক'রে ঝ'রে পড়ছে।

খুব স্থাকর দৃশ্য সেটি নয়। এও সম্ভাবতঃ খুব আশ্চর্য নয় যে মেয়েটি সর্বাঙ্গ 
ঢাকা প্রকাণ্ড গরম জামাটা গায়ে দিয়েও ক্ষণে ক্ষণে ক্রেপে উঠছিল পারের দিকে
চেয়ে।

"শীত করছে, নোর। ?" ছেলেটির হাত একমুহুর্তের **জন্ম মে**য়েটির হাতথানি ভার্শ করল।

"বাতাসটা যেন বি<sup>\*</sup>ধছে," মেয়েটি বললে—"কিন্তু আমি ঠাণ্ডা লাগার কথা ভাবছি না:"

মেয়েটি দাত দিয়ে তার নীচের ঠোঁট চেপে ধরল। ছেলেটি তার পানে একবার চেয়ে চোথ ফিরিয়ে নিল : সে জানত, নোরা তার মেয়ের কথা ভাবছে। ঐ ক্ষে
শিশুটিই তাদের মধিযথানে এসে দাঁড়িয়েছিল। স্বামীটা অসভ্য মাতাল, সে ভ
আনেক দিনই গ্রাঞ্বের বাইরে চ'লে গেছে, গুধু সেই এক রতি জুইফুলের মতো
টাটকা খুনীটিই তার জীবনের এই পাঁচ বছর ধ'রে ছেলেটির প্রেম ও আকাজ্ঞার
মধ্যে একটি ক্ষুত্ত অথচ ছ্রতিক্রম্য বাধা বিস্তার করেছিল।

কিন্তু এখন একান্ত হতাশ ও নিরুপায় হয়ে নোরা ছেলেটির সঙ্গে চ'লে যাওয়ার অন্তর্রোধে সম্মত হয়েছে। ছোট ছেলে যেমন প্রজাপাতির পাথায় হাত রাখে, এমনি ক'রে আত আলগোছে ছেলেটি যখন আনন্দকে স্পর্শ করতে পারছে, তখন কি না নোরা তার কথা না-ভেবে অন্ত পুরুধের উপহারদন্ত বঞ্চিত রিক্ত নিঃসম্বল সন্তানের কথা ভাবছে!

প্রচণ্ড দর্মা তাকে গ্রাস করছিল, ক্রোধ এত তপ্ত হয়ে উঠেছিল যে মুখ দিয়ে তার কথা বেকল না। নোরা তার এই নিস্তন্ধতা লক্ষ্য করেনি। সে রেলিঙে ভর দিয়ে তন্ময় হয়ে ঘাটের ভিজা শীতল বৃষ্টি-ঝলমল পাথরগুলির পানে চেয়ে রইল।

ঝির ঝির ন্বির---বাদল:চলেছে। যেন তার কাছে ছুটে আসনার জন্ত কার ছুটি অফুট পদশব !

দে কায়ায় ফুঁপে উঠল, নীল ঘোমটার অন্তরালে তার ম্থখানি চোথের জলে ভিজে গেছে। তার পার্থের এই লোকটিকে একম্হুর্তে একাস্ত মূল্যহীন ব'লে মনে হ'ল। তার ছটি বাহু পরম ঔংস্ক্রের কামনা করছিল একটি স্ক্রেমল শাদা ও গোলাপী জামা পরা ক্লে টুকটুকে দেহ, ত্তি তুলতুলে পা ও একটি স্ক্রেল মাধাভরা সোনালি চুলের তেউ! এই লোকটিকে মনে হচ্ছিল বিদেশী—অপরিচিত। কিছু লে যে তার দেহের মাংস, বুকের হাড়! যৌবনের সমস্ত স্থগদ্দ দিয়ে বে সে তাকে রচনা করেছে! অনাগত স্থাল্ববিভ্ত ভবিশ্বতে তার কি হবে? যে মা তাকে নির্দয় অনাত্মীয়দের হাতে কেলে চ'লে গেল সে মাকে কি ও মূণা করবে না ?

ঝির ঝির ঝির—বাদল সমান তালে ঝ'রে চলেছে।

ওগো, কে ষেন অফুট পদধ্বনি তুলে তার কাছে ছুটে আসতে চায়!

কোথা থেকে একটা জলচর পাথী টেচাতে স্থক্ষ করেছে। কাছের থেকে একটা লোক তীক্ষরে টেচাচ্ছিল—"পারে যাবার আর কে আছে ?"

আবার চাঞ্চল্য স্থক হ'ল। ঘাটের কাছে ভিজা ছাতার তলায় আশ্রম নেবার জক্ত সবাই ছুটাছুটি ক'রে বেরুতে লাগল। মান মেঘলা আকাশের দিকে লক্ষ্য করে এখানে দেখানে কয়েকটি রুমাল উড়তে লেগেছে যেন পূর্ণ প্রক্টিত শেতপদ্মের পাপড়ি!

এবার জাহাজ ছাড়বে। পাশের ছেলেটি তাড়াতাড়ি তার বাছ দিয়ে মেয়েটিকে বন্দী করল। মেয়েটি ঘাড়ের ওপর তার নিখাসের স্পর্শ পেল। ছেলেটি বিজয়গর্বে বঙ্গে উঠল— "এবার আমাদের ছুটি, নোরা ছুটি, ছুটি।"

তার তথ্য তাঁর দৃষ্টি যেন মেয়েটির ছটি চোথ পুড়িয়ে দিছে। মেয়েটি তাকে জ্বোর ক'রে ঠেলে সরিয়ে দিল। সে তাকে দ্বণা করে—এই জচেনা বিদেশীকে।

"আমাকে বেতে দাও।" নোরা আরুল কঠে কেঁদে উঠল। ছেলেটি তাকে ধ'রে রাখবার জন্ম চেষ্টা করতে যেতেই মেয়েটি তার সেই ছটি ব্যগ্র লোলুপ হাতে আঘাত করল।

"পারে বাবার আর কে আছে ?" শেষ ভাক বেজে উঠল আবার।

"হা, আর একজন।"

নিজের গলার স্বর সে নিজেই চিনতে পারছিল না। সে সিঁ ড়ি দিয়ে ছুটে চলল।

অবশেষে তার তুই উৎস্থক পা বখন পারের মাটি স্পর্শ করল, ভখন সমস্ত বৃষ্টি

বিস্তুপ্তি একজ হয়ে একসকে বলে উঠল—"মা!"—

•

<sup>°</sup>নুইস্ হিলন্ধার্স হইতে। অচিস্তঃ/২/৩৪

#### কাকের বাসা

জানা নেই শোনা নেই একেবারে অপরিচিত ছটি ছেলে মেরের বিজে হরে গেল।

দানাই বাজ্বদ, আলো জ্বল্য, উলু উঠল, হাউই উড়ল, আর ছটি অচেনা অজানা প্রাণী হাতে হাত ঠেকিয়ে তুর্বোধ সংস্কৃত বচন তনতে লাগল, আর তাদের ছটি স্কুদয় তারার আলোর মত ধীরে ধীরে কাঁপতে লাগল।

মেয়েটি সলজ্ঞ ঘোমটার আড়াল থেকে চোথ ছটি আনন্দে একটু ডাগর ক'রে ভাবলে—চমৎকার বর হবে আমার, কত খুনী, কত…

ছেলেটি ভাবলে—চমৎকার ক'রে গ'ড়ে তুলব আমার প্রিয়াকে, কেমন স্থাপ দিন বাবে। শুভদৃষ্টি হয়ে গেল। ছ'জন পরস্পারের পানে চেয়েই চোখ নামাল—কেউ বেন ভভ খুনী হতে পারল না চেহারা দেখে। ছেলেটি ভাবলে – রংটা বেমন চাঁপা স্থালের মতো বলেছিল তেমন তো মোটেই নয়, এ কি ছাই! মেয়েটি ভাবলে—কৈ, তেমন জোয়ান ভ নয়, এ বে ভারী হালকা নীর্ণ!

বাসর ঘরে ছেলেটি বললে - তুমি গান গাইতে পার শুনলাম, একটা বন্ধও তোমাকে দিয়েছে দেখলাম বাজাবার। কিন্তু আমাদের বাড়ীতে ঐ সবের কিছু চর্চা নেই। বাবা গান একদম পছন্দ করেন না. খিয়েটার বায়স্কোপ তাঁর ছু'চক্ষের বিষ। তাই ওটা নিয়ে যাওয়া চলবে না বুঝলে ?

মেয়েটি অস্তরে ভারী পীড়িত হয়ে ঘাড় নেড়ে জানালে—আচ্ছা…

মেরেটি ছেলেটির সঙ্গে ঘর করতে এল তার কর্মস্থানে কলকাতায়।

ছেলেটি একদিন বাড়ী ফিরে এসে দেখে মেরেটি আর একটি ছেলের সঙ্গে বাইরের ঘরে ব'নে গল্প গুজব করছে ও হাসছে। দেখেই ছেলেটির সর্বাঙ্গ বেন পুড়ে গেল। সে ভাড়াভাড়ি ঘরে ঢুকে মেরেটিকে কর্কশ কঠে ভাকলে — শুনে যাও! মেরেটি জয় পেরে তার্কে অমুসরণ করলে।

পাশের ঘরে ঢুকে ছেলেটি নিষ্ঠুর খরে বললে—ও কে ? ওর সঙ্গে যে বেশ গলা ছেড়ে হাসি ঠাটা করছ ? বাড়ীর বৌ হয়ে যার তার সামনে বেরুতে লক্ষা হয় না ?

মেয়েটি সম্ভন্থ হয়ে বললে—উনি বে আমার নরেন দা, আমাদের গাঁয়েই ত ওঁরা বাকেন, কড আপনার…

ছেলেটি ক্ষিপ্ত হয়ে বললে,—হোক গে, রজের সম্বন্ধের ভ কেউ নয়, কি কাজ ভর কাছে বেলনো ? যাও ভেতরে। মেরেটি কাতর কঠে বললে—সে কি কথা ! উনি এখানে এসেই আমার শৌজ নিডে এসেছিলেন । একটু জলখাবার ।

ছেলেটি মুখ খিম্চে বলে উঠল—খাবার জলখাবার! যে লুকিরে পরের বৌর সঙ্গে দেখা করতে খাসে, তাকে জলখাবার! কোখাকার…

ষেষ্টে ছই কানে ছ'হাত দিয়ে সেখানে ব'লে পড়ল।

সদ্বা উৎরে গেছে, মেয়েট দরজার কাছে চুপ ক'রে ব'সে ছিল। তারার আলো মৃত্কস্পমান কচি দেবদাকর পাতার এলিয়ে পড়েছে। সমস্ত আকাশটা ধেন তন্ত্রা। এই নরেনদার সঙ্গে তার ছেলেবেলার দিনগুলি কত আমোদে কেটে গিয়েছিল। ফুলের পাপড়ির মত সেদিনগুলি হাওয়ায় সে ছড়িয়ে দিয়ে এসেছে। এই নরেনদাই একদিন তার চিব্কের পাশে ছোট তিলটি দেখে বলেছিলেন—আন পরী, তোমারই মতন একটি মেয়ের গালের তিল দেখে এক পার্শী কবি এই সমস্ত ভ্বন দিয়ে দিতে চেয়েছিলেন। এই নরেনদাই তার বিয়ের রাতে দ্রে নদীর বালুচরে ব'লে ব'লে থালি বাশী বাজিয়েছিল, ঝাউয়ের মর্মরতানের সঙ্গে বাশীর কারার সে কি কাতর কোলাকুলি।

হঠাৎ স্বামীর আওয়াজ পেয়ে দে চমকে উঠল। ছেলেটি চেঁচিয়ে বললে— এখনো উন্থনে আগুন দেওয়া হয়নি যে ! রামা চড়বে না আজ ?

মেয়েটি চোণের জল মুছে আন্তে-আন্তে কয়লা ভাঙতে চলল।

একদিন মেয়েটি স্বামীকে গিয়ে বললে—স্বামার জন্ত ছটো সেমিজ কিনে এনো স্বাপিস থেকে স্বাসবার সময়।

ছেলেটি অবাক হয়ে গেল -- সেমিজ কেন ?

—-আমার বিয়ের যতগুলি ছিল, সব ছিঁড়ে গেছে; সম্প্রতি আর ছটো না ছলে চলবে না। ছেলেটি বিক্বত কণ্ঠে বললে—অত সব বাবুয়ানির আছারা আমার কাছে পাবে না, যাও। আমাদের মেয়েরা গ্রীষ্টান নয়, আমাদের মা দিদিরা লব সেমিফ বিনেই ঘরকয়া করেছে। অত রূপ ফলাবার স্থ থাকে, বাপের বাড়ীডে ভাই-এর কাছে লেখাে, আমার ছারা কিছু হবে না।

আপিস সকাল-সকাল ছুটি হয়ে গিয়েছিল। ছেলেটি বাড়ী ফিরে এসে দেখে মেজেয় বুক পেতে মেয়েটি একখানি বই পড়ছে। ছেলেটি খপ ক'রে বইটা কেড়েনিয়ে দেখলে বইথানি—বিন্দুর ছেলে; বিয়ের উপহার! কর্কশ কঠে বললে—এ সব রাবিশ অস্ত্রীল বই পড়ছ বে?

মেয়েটি খাড় তুলে ভধোলে--পড়েছ বইথানি ?

ছেলেটি মুখ বিকৃত করে বললে—আর আমার কাজ নেই, এই সব নন্দেল

প'ড়ে মরালৃদ্ খারাপ করি আর কি ! কতকগুলো বাজে গুলিখোর বাংলায় জন্ত্রীল বই ছাপিয়ে দেশের ছেলেমেয়েগুলোকে একেবারে নষ্ট ক'রে দিলে। এই দব বই পড়ো না খবরদার। মেয়েদের পড়া শোনারই বা বিশেষ কি প্রয়োজন — তাদের ত জন্ম ম্যাজিষ্টেট হবার জো নেই— এ নিয়ে ছেলেটি বক্তৃতা দিয়ে চলল।

এ সব কথার উত্তরে কিছু বলা যায় কি না মেয়েটি তাই ভাবছিল। চড়া রোদ বেন অপ্রতীন বেদনার মত জলছে। উদলা পিঠে চুলগুলি মেলে ঘোমটা তুলে মেয়েটি দাঁড়াল। জানলা দিয়ে তাদের রুদ্ধ বাঁকা গলিটার শ্বেষ দেখা যাছিল না। একটা কুলি মেয়ে চুপড়ি ক'রে কয়লা কুড়োছে। একটি কালো কুলি-ছেলে তার খোঁপা ধরে টেনে গুন্গুনিয়ে একটা হ্বর ভেঁজে মেয়েটির চুপড়িতে পোড়া কয়লা তুলে দিতে লাগল। মেয়েটি হঠাৎ ছেলেটির গালে ছোট্ট একটি চড় দিলে। তার কচি আছুলে বে কালি লেগেছিল তা ছেলেটির গালে কলঙ্কের মত চুম্বনের মত হয়ে রইল। ছেলেটির হানি কি স্বছছ! হানির মধ্যে অস্ট্ট একটি কথার কুঁড়ি যেন কাপছে।

পাশের বাড়ীর বোটি এসে মেয়েটিকে তাদের বাড়ীতে ধ'রে নিয়ে গেল বেড়াতে। ছেলেটি বাড়ী ফিরে এসে তাকে দেখতে না পেয়ে একেবারে খাপ্পা হয়ে উঠে বেশ তীব্রস্বরে মেয়েটিকে লক্ষ্য ক'রে গালি বর্ষণ করতে লাগল। স্বামী এসেছে জেনেই মেয়েটি তাড়াতাড়ি বিদায় নিয়ে ছুটে বাড়ী চ'লে এল। ছেলেটি রাগে গিস্বিস করতে-করতে কর্কশক্ষে বললে—সবাইকে এ রূপ না দেখালে ব্ঝি ভাল লাগেনা ? অচেনা পরের বাড়ীতে চং ক'রে বেড়াতে যাবার কি দরকার ছিল শুনি প

মেরেটি নরম গলায় বললে—ওদের বাড়ীর বে আমাকে ধ'রে নিয়ে গেল।
আমি কি করি ?

— ওরা জানে এ বাড়ীতে পুরুষ-টুরুষ নেই, তাই এসেছিল, কিন্তু ওদের বাড়ীতে গণ্ডায় গণ্ডায় লোক গড়াগড়ি যাচ্ছে। কেন গেছলে ওদের বাড়ী ?

মেমেটি বললে—তা কি আমি জানি ?

— আমি তোমাকে বলিনি বউ-মাত্র ঘরের মধ্যে থাকবে, অত বাইরে বেরিয়ে রূপের বিলিক হানবার জন্ম তারা জন্মায়নি। কেন কথা শোনা হয় না ?

উন্থনে ভাতের হাঁড়ি চাপিয়ে নেয়েটি দ্বির হয়ে দেয়ালে পিঠ রেখে ব'সে ছিল। ভার সমস্ত তন্ততে শ্রান্তির শিথিল স্থমা। জানলা দিয়ে আকাশের থানিকটা দেখা ৰাচ্ছে। কৃষ্ণপক্ষের রাড, পূবের আকাশ অন্ধকারে ভারী, অসাড় হয়ে রয়েছে.
মৃত্যুর মত পাংশু, গুমোট ! ভাঙা চাঁদ কথন উঠবে তারই জন্ম তমখিনী রাজি বেন প্রতীকা করছে। মেয়েটিও এই কৃষ্ণপক্ষের পাংশু মলিন আকাশ, সেধানে চাঁদ উঠবে না।

হঠাৎ ছেলেটি ছুটে এসে তাকে এক ঝটকায় উঠিয়ে চেঁচিয়ে বললে—তুমি ওদের বাড়ীতে পায়েদ থেয়েছ ?

মেয়েটি ভড়কে গিয়ে বললে—কে বললে ভোমাকে ?

- यहे वनुक ना, थिया कि ना वन।
- —থেয়েছি।

ছেলেটি মৃথ বিক্লত ক'রে বললে—থেয়েছি ? লক্ষ্ণা হয় না বলতে? জান না ওরা কামেৎ, তুমি বাম্নের বো হয়ে…

মেয়েটি জ্ব'লে উঠে বললে - কায়েতের রান্না থেলে কি হয় ? জিভ**্খ'সে** পড়ে ?

ছেলেটি তিব্রুকর্চে নললে --কি হয় ? গোবর থেয়ে প্রায়শ্চিত্ত না করলে আমি তোমার হাতের জল গ্রহণ করব না।

মেয়েটি মরীয়া হয়ে বললে—না করলে গ্রহণ ! প্রায়ন্তিত্ত তো তোমার করা উচিৎ যার মৃথ থেকে এমন জঘন্ত —প্রায়ন্তিত আমি করব না। ইস্ ?

—প্রায়শ্চিত্ত না করলে তোমাকে আমি ত্যাগ করব।

মেয়েটি দৃঢ় কণ্ঠে বললে—করো ত্যাগ। তোমার ত্যাগকে কে ভরার ?

ছেলেটি রূথে উঠে বললে—কি? এত বড় কথা? জুতো মেরে একেবারে মৃথ ভেঙে দেব। মেয়েটির বুক ত্'লে উঠল ঢেউয়ের মত। দৃপ্ত কণ্ঠে বললে মারোদি থি জুতো ? ব'লে সোজা হয়ে দাঁড়াল।

—কি, মারতে পারি না ? ব'লে ছেঁড়া জুতোটা ছেলেটি ছুঁড়ে মারবে। কিন্তু মেয়েটির গায়ে না লেগে ভাতের হাঁড়ির মধ্যে পড়ল লক্ষ্যন্তই হয়ে।

তথন আকাশে চাঁদের উত্তরীয় দেখা দিয়েছে।

একদিন ছেলেটির ঘরে মেয়েটিকে খুঁজে পাওয়া গেল না।

সমাজ মেরেটিকে অসকরিত্রা ক্লটা ব'লে ভং সনা করলে, নরেনকে জাতিচ্যুত একদরে করলে, আর সেই অন্ধ ভক্ত ছেলেটিকে তার বিতীয়পক্ষ জুটিয়ে দিলে তার হিঁত্যানির পুরকার-স্কুপ।

জীবন দেবতা তাঁর রদের পেয়ালাগুলি থালি ভরাট ক'রে চলেছেন।

### সবচেয়ে সে আপ্নার

পড়ার ঘরে ব'লে সে লিখছিল।

প্রিয়ার কল্পনা প্রজাপতির মতো পাখা ছড়িয়ে তার চারপাশে ঘুরে বেড়াছে।
বেন আঙুরের মতো তার আঙুলগুলি ছেলেটির চুলগুলির মধ্যে লতিয়ে দিছে
— এমনি মনে হচ্ছিল।

কাগজের ওপর দিরে কলমটা থস্থসিয়ে ছুটছিল—আর ছেলেটির চাপা ঠোঁটের কোণে মৃত্ একটি হাসি। দে-প্রিয়াকে ভালোবাসতে পাওয়া বা ফেরা-ফিরভি ভারো ভালোবাসা পাওয়ার মধ্যে নিবিড় অসহ স্থা! ছেলেটি কলমটা ভাড়াভাড়ি ছুঁড়ে ফেলে দিল। লিখতে চেষ্টা করা র্থা। ভার শুধু এখন গা এলিয়ে দিয়ে চুপটি করে পড়ে থাকতে ইচ্ছা করছিল। সে ভার প্রকাশু চেয়ারটায় শুয়ে পড়ে পাইপ্টা ধরাল। ক্রছ ঘরের এই উত্তাপটি কি মিষ্টি! আশ্রুর, মায়্রা ভার কাছে নেই আজ — ভাকে ছাড়া এটুকুনও ভেভো লাগে। সে ভো অনায়াসেই ভার হতে পারভো —

বিরে করাটা তার কি বোকামিই হয়ে গেছে ! অসহায় চিরকণ্ণ স্ত্রী—হয়ত কালকেই ম'রে যাবে, কিয়া হয়ত বছরের পর বছর বেঁচেও পাকতে পারে।

এর মধ্যে পাঁচটি বছর তো এই রোগের সাঁতিসেতে অন্ধকারের মধ্য দিয়ে কেটে গেল। এ পাঁচ বছরে তার প্রেমও তো মীইয়ে গেছে। প্রেম কতদিনই বা বাঁচে ? তার ঘরে যেতেও এখন ঘেরা বোধ হয় —মেয়েটি তার কাছে একটা পাঁকের পোকা। সেই লঘাটে মুখ, ঘোলাটে ঝাপসা হই চোখ, শীর্ণ শিটিয়ে-পড়া হাত,—আর হুই ঠোটের মাঝে ওষুধের সেই চিরন্তন গন্ধ - সে এগোতে পারে না। কিন্তু তবু, তবু একদিন সে কী স্থলরীই না ছিল!

টেবিলের একধারে তার স্ত্রীর একখানি ছবি। অক্সমনম্বের মতো সেদিকে তাকাল! কত বছর বাদে সেদিকে তাকাছে সে আজ! এতদিন তো ঐ ছবিটা প্রাণহীন, আসবাবেরই সামিল ছিল। কিন্তু আজ হঠাৎ সে হাত বাড়িয়ে ছবিটিকে নিজের কাছে নিয়ে এল। একটি কিশোরী মেয়ের ছবি, ছটি চোথ উজ্জ্বল বিশাসে পরিপূর্ণ, মাধায় একয়াশ চুল! তার চুল কি স্থলর পাশুটেই না ছিল! কতদিন ঐ ঘন কেশগুছেে সে তার প্রাস্ত আঙ্গুলগুলি ল্কিয়ে রেখেছে। সে পাথীর মতোগান গাইত। তাদের ঘর তো তথন স্থের আলোয় আর ফুলের গদ্ধে ভরা ছিল।

ছবিটা তাড়াতাড়ি সে ঠেলে দিলে। পেছনের দিকে চোথ ফিরিয়ে লাভ কি ? এই সম্থ—এই নিকটই তো তার সব কিছু—তার মায়্রা। তার মায়্রা জীবনে একটি দিনের জন্মও রোগে মান হয়নি, তার টুল্টুলে ভরা ছটি গালে অর্থক্ট গোলাপের আভা, ছটি নৃত্যচঞ্চল পায়ের তালে বাস্থ্যের মদিরা উছলে পড়ছে। ৰাৰ্বাৰ পৰ্বাক্ত বিভীৰ্ণ প্ৰান্তৱের স্থামল হুগৰ,—ভার চুৰনে ওষ্ধের তেতো গৰ নেই।

পড়ার বরের দরজা খুলে গেল। নার্স ভেতরে এসে বললে—"আপনাকে বিরক্ত করছি হরত। কিন্তু সিন্সেন্ গ্রাহামের অবস্থা আরো ধারাপ হচ্ছে। আপনাকে না দেখে কিছুতেই যুয়োতে চাচ্ছেন না। আসবেন ?"

ছেলেটি নার্গকে অস্থসরণ করলে। অনবরত উঠে বাওয়ায় সে মনে-মনে ভারি চটে। কিছুই তো করতে পারে না সে— সে একা থাকতে চায়। কিছু রোদীর ঘরের চৌকাঠটার কাছে এসে দাঁড়াতেই মৃহুর্তের মধ্যে কেমন ক'রে কি আনি হয়ে গেল। ঘরে বাজি ছিল না। স্থান্তের লালিমা সে ঘরে বিচ্ছুরিত হচ্ছে। বিছানায়ও এসে পড়েছে। আশ্চর্ব। মেয়েটিকে এত তাজা ও তরুণ তো কোনোদিন দেখায়নি। ছেলেটি খুসি হয়ে তার কাছে গিয়ে তাকে চুমন করলে। ভূলে গেল তার চুলে পাক ধরেছে, তার চোখের কাছের চামড়াগুলি কুঁচকে গেছে। এই চুমনে অনেক-দ্রেক্রে আসা গত দিনের হারানো শ্বতি যেন শিউরে উঠল।

মেয়েটি বিশ্বিভ হয়ে তাকাল। তারপর অজান্তে কখন সে তার কাহিল বাছটি স্বামীর গলার ওপর তুলে দিয়েছে। ধীরে নিশ্বাস ফেলে বললে,—"তুমি আমাকে আগের মতোই চুমু দিলে। তুমি যেন আমাকে ভালোবাস।"

"তোমাকে ভালোবাসি বৈকি।"— হঠাৎ মুখ দিয়ে ভার বেরিয়ে এল। কিছ
ব'লে ফেলার পর সে ভেবে দেখলে সভিয় কথাই সে বলেছে। বিবাহের রহস্তময় স্ক্র
বন্ধন-ডোর আবার তাকে ধীরে-ধীরে বাছ্ ক'রে মেয়েটির কাছে নিয়ে এসেছে। এ
ভো ভার একান্ধ ভার! সে তাকে ভালোবাসে বৈকি—নিশ্চয়ই! সবচেয়ে এই
ভো ভার আপ্নার। মেয়েটি হাসল— হুর্বল কীণ হাসি— কিছ সান্ধনায় ও ছৃথিভে
ভা ভিজা!

- —"আমাকে তুমি ক্ষমা কোরো। কতদিন অক্সায় ক'রে তেবেছি তুমি আমাকে চাও না, আমাকে নিয়ে তুমি বিরক্ত হয়ে গেছ। কী স্থপ, তুমি আমার কাছে—
  একেবারে আমার বুকের কাছটিতে।"—মেয়েটি তার দিখিল শীর্ণ আঙুলগুলি দিয়ে
  স্থামীর গালে অতি কোমল আঘাত দিতে লাগল—চুম্বনের মডো।
- —"আমি আজ সন্ধায় কী ফুল্প দেখেছি, জান ? যেন তপ্ত বালুচরে আমি একা হেঁটে চলেছি—মাইলের পর মাইল। আমি একেবারে একা। ভূমি আমাকে ফেলে চ'লে গেছ। ভোমাকে থালি ভাকছি, ভূমি আসছ না। মনে হচ্ছিল, ভোমাকে আমি একেবারে হারিয়ে ফেলেছি।"
  - —"বোকা যেরে!" ছেলেটি আবার ভাকে চুমু দিলে।—"আমি বে ভোমার

শিছ-পিছু ছুটে আসছিলুম, দেখনি ? বালির ওপরে পারের শব্দ, কি করেই বা ভনবে ?"

মেরেটি নিশাস ফেললে।—''আশ্চর্য, আমার তথন তা মনে হয়নি কিছা। স্বপ্রেও তোমাকে ছেড়ে থাকতে পারছিলুম না। মরণের বিরুদ্ধে আমার তো থালি এই-ই নালিশ যে তোমাকে সেথানে পাব না। নইলে মরতে আমার কত স্থ্য। আমার কি মনে হয়, জান ? মনে হয় আমি এম্নি এক সদ্ধ্যায় ধীরে ধীরে মিলিয়ে বাব।—কোথায় ? ত্র্যান্তের লালিমার মাঝে। তৃমি কাঠের বাক্সটায় সভিয়-সভিয় আমাকে গোর দিতে পারবে না।"

ছেলেটি তাকে বুকের মধ্যে টেনে নিল। মায়্রা তথন অনেক দ্রে চ'লে গেছে

—হারিয়ে গেছে যে মেয়েটি তার বাছর বন্ধনে বন্দী—সে-ই তার প্রিয়া, সে
তার স্থী।

কিন্ত মেয়েটি মারা যাবার পর—-সে এর পরে হঠাৎ একদিন মারা গেল, দেদিন মেঘলা ছিল, সূর্য ওঠেনি— ছেলেটি মায়ুরাকে বিয়ে করল।

ভবেই দেখা যাচ্ছে, জীবনে সবচেয়ে যে কাছে, বাহুর মধ্যে—সবচেয়ে সে স্ত্যি,—স্বচেয়ে সে আপুনার !\*

#### ভোৱা

স্থানাটোরিয়াম-এ আটজন রুগী— স্বাই যক্ষায় ভুগছে। স্ব রুগীদের মধ্যে যক্ষা রোগীই বেশি থামথেয়ালি। জর একটুথানি বেড়ে গেলেই ভয়ে, রাগে বা হতাশায় ওরা অরুঝ ব্যানব্যানে হয়ে ওঠে।

ষন্ধার পোকাগুলির কিন্তু এক অন্তুত শক্তি আছে - রুগীকে মারে, অপচ বাঁচবার প্রবল ভ্রুষা তার মনের মধ্যে নিরস্তর জাগিরে রাথে। যে রুগী মৃত্যুর ছ্য়ারের কাছে এসে দাঁড়িয়েছে, তারও অগাধ বিশাস যে সে বেঁচে উঠবে;— আর প্রেমের জন্ম আতুর হওয়া তো যন্ধা রোগের প্রধান লক্ষণ। নৃতত্ববিদ ই্রমপেল-ই. মনে হচ্ছে, এই অবস্থার নাম দিয়েছিল "ধন্ধারোগীর আশা।"

ক্রিমিয়ার এক ক্লগী-আবাসে আটজন বন্ধারুগী;— ভোরা নামে এক অফ্রাভকুলনীলা মেয়ে তাদের দেবা ও তন্ধাবধান করত। মাঝে মাঝে ও বলত বে ওর বাজ্ঞী এসথোনিয়ায়, আবার কথনো বলত ওর দেশের নাম কেরিলিয়া। ও ছিল বেজায় মোটা ও ঢ্যাপসা, কিন্তু লয়ুচরণ—ওর গতি বেমন ক্রন্ত তেম্নি নিপুণ। ওর

गूरेन् दिन्जार्न दरेएछ ।

সারা মৃথে ঘোড়ার ভালমানধির ভাব মাধানো; ওর আঁটা লাল ঠোঁটের ফাঁকে করুণ একটু হাসি— চর্বির মতো ভেলতেলে; ওর বেগুনি-রঙের বড় বড় চোথ ঘুটিতে সেই হাসির ভেল ধেন ভাসছে।

ও যথন কিছু ভাবত, ওর মিওনো চোথ দুটো ঘোলাটে হয়ে উঠত ও চোথের দৃষ্টি দীদের মতো ঘোর হয়ে যেত। যেমন অশিক্ষিত তেমনি বোকা—বেশি চালাকি করতে গেলেই বোকামি বেরিয়ে পড়ত। তাই ক্রগীরা ওকে ঠাট্রা ক'রে 'বোকা' ব'লে ভাকত। ও কিন্ধু তাতে রাগ করত না - খালি হাসত। ক্রগীদের প্রতি মা'র মভোই ওর সহিষ্ণুতা। যথন যক্ষা ক্রগীরা তাদের চটচটে বিবর্ণ হাত দিয়ে ওকে আঁচড়াত, স্কুড়্ম্ড দিত, ও মরণ-পথ্যাত্রীদের সেই ভিজা দুঃখী হাতগুলি নিজের বড় বড় লাল থাবা দিয়ে আন্তে সরিয়ে দিয়ে বলত ''না। এ কি করছ হ''

অনেকেই কাতর কঠে ওকে প্রেম জানাল,—দোকানি, দালাল,— একটা জোয়ান জেলেও, বউ তার মারা গেছে বটে। সবাই ওর সৌন্দর্বের কর্কশতায় মৃশ্ব হয়েছে—ওর দৈহিক বল, অবিশ্রাস্ত উদ্বাম, ওর শচ্ছন্দ সহজ শ্বভাব। স্বাই এই শাস্ত, বিনম্ভ মেয়েটিকে জীবনের সহচরী ক'রে নেবার জন্ত উন্মৃথ। কিন্তু ওর ভাবখানা এমনি উদাসীন,— যেন ধনী মহাজন ঠিকই জানে কখন ও কি করে তার মৃলধন গচ্ছিত রাখতে হবে। এই সব ক্লগীদের অবিরাম কাকৃতি যেমন ভানত, তেমনি বোকার মতো, কিন্তু একান্ত নম্ভতায় বিয়ের সমন্ত প্রন্তাব প্রত্যাখ্যান করত,— একটি আসারও হাত পেতে নিত না।

যথন উকুরে হাওয়া দেয়, তথনো ওর গরম ঘোচে না। পাহাড়ের ওপর ছোট বাড়ীটিকে ঘিরে ঘন কুয়াশা গুমোট ক'রে যথন ঘুপটি মেরে থাকে গরম কোট ও মোটা কছলে গা মৃড়ে রুগীরা যথন অসন্তোষে বক্ বক্ করে. ওর তথনো গরম! রাতে স্বাইকে ঘুম পাড়িয়ে ডোরা ওর মাথাটা এক কালো রুমাল দিয়ে ঢাকে,— রুমালের এক কোণে একটি লাল গোলাপ তোলা,— ছাতে এসে দাঁড়ায়, আর আমারই জানলার নাচে নতজায় ংয়ে আকাশের দিকে চিয়ে দীর্ঘনিশ্বাস কেলে প্রার্থনা করে—

"ওগো ভগবানের মা···বীভ আমাদের প্রস্কৃ! হে সেণ্ট নিকোলাস, ঈশরের গরীব ভূতা !···"

ভোরার মধ্যে কবিতার একটি রেশও আমি পাইনি। ফুলকে ও ভালবাসত ।,
বলত—ওরা থালি ঘরের জঞ্চাল ও ধুলো বাড়ায়। এক রাতে এক পুরোতের স্নী
বখন পাকস্থলীর ক্ষাতে মারা বাবার সময় আকাশ ও তারার ঐশর্য দেখে বিভোঞ,

উচ্চুদিত হয়ে উঠেছিল ভোৱা নিষ্ঠুরের মতো ওর সমস্ত উৎসাহ ভাসিয়ে দিকে বলেছিল---''আকাশটা ঠিক ডিম-ভাজার মতো !''

একদিন ন'য়ের নম্বরের স্প্রাটি হাজির হ'ল। অনেক কট ক'রে হাঁপান্ডে-হাঁপান্ডে সিঁড়ি বেয়ে ওপরে এসে রেলিঙটা ধ'রে ডোরাকে বললে—"'দেখ কেমন স্থলম মামি! না?"

ঐ কথার স্থারে ফুর্তি ও বেদনা মিশে রয়েছে। হেসে ও ঐ বিপুলবপু মেয়েটির পানে চেয়ে রইল,—ওর ফীড বুকের দিকে।

"বা:। কি চমৎকার মজবুত জোয়ান তুমি।" বাতাস গিলে গিলেও তাড়াতাড়ি কথা কয়,—''তুমি আমাকে ফের ভালো ক'রে দেবে ? দেবে না ?''

"নিশ্চয়ই। শেব বৈ কি।" ভোরা বললে।

লোকটার মুথ প্যাচার মতো, বিড়ালের মতো গোল গোল চোথ, নাকটা ডগার কাছে বেঁকে এসেছে, কালো একটুথানি গোঁফ — নিষ্ঠুর মুথ, যেন ঠাট্টা করছে।

সেই দিন থেকে ভোরা একেবারে বদলে গেল। কে যেন ওকে যাতু করেছে।
আমাদের অস্থবিধের আর শেষ রইল না। আমাদের কথা আর তত শোনে না,
তাড়াতাড়ি আমাদের ঘরের মধ্যে দিয়ে ছুটে যায়, গাফিলি ক'রে ঘর সাক্ষ করে,
আমাদের বকুনি ও নালিশের উত্তরে রাগে থালি ঘোঁৎ ঘোঁৎ করে—কিন্তু ওর
কাদাটে ছুই চোথে যেন অপরূপ নেশা,—আলোর নেশা!

ও সহসা খেন কালা আর কানা হয়ে গেছে। কেবলই গভীর ঐৎস্থক্যে ছাতের দিকে মুখ ক'রে দাঁড়ায়—ংখানে সেই বেচারা ছাত্রটি—নাম ফিলিপফ—প্যাচার মতো মুখ,—অনবরত কাশে ও হাঁপায়। একটু ফাঁক পেলেই ডোরা ওর কাছে ছুটে ষায়, সুর্থ ডুবলেই ওর ঘরে গিয়ে সেঁথায়—আর বেরিয়ে আসে না।

ও ? ও ত মরতে বসেছে। অভুত রকমের মরা—হেসে আর ঠাট্টা ক'রে। সব সময়েই একটা হালকা স্থর শিস্ দিচ্ছে, আর বারে বারেই কাশ উঠছে ভাতে—
মাটি হয়ে বাছে স্থরটা। ওর চারধারে বেন একটা কুত্রিমতা আছে,—বেপরোরা
বিবাগীর ভাব —আর বাই হোক, বেশ কায়দা ক'রেই মুখোপটা পরেছে কিন্তু।

"তুমি এই সব মাথা-পাপলামি দেখে কি ভাবছ ?" ওর বেড়ালের চোখ মটকে ও আমাকে ওথোয়—"কেমন লাগে তোমার ? দিন, রাত্তি, জন্ম, ভালোবাসা, জ্ঞান, মৃত্যু – কি বল ? খ্ব মজার না ? আমার মডো ছাব্বিশ বছরের লোকের কাছে কিছ ভাত্তি মজার এ সব। "ভোৱা!"

জিনিস পত্রের ওলোট-পালোট, চামচের নাড়া-চাড়া তনি ভোরা এসে দাড়ার,

— নীরবে ছটি চোথ আগ্রহে বিক্ষারিত হরে থাকে। এই লোকটির হতুম তামিক করতে।

"ওগো আমার ছোট্ট হাতীটি, চট্ ক'রে কিছু আঙুর এনে দাও।" আমাকে শুনিয়ে পরে বলে –"নেহাৎই হাঁদা মেয়েমায়ুষ।"

ও সমস্ত রুগীকেই ম্বুণা করে আর তাদের ছোটখাট সমস্ত মূদ্রাদোবকে নির্দয়ের মতো ঠাট্টা করে। ওকেও কেউ ভালোবাসে না। আমরা ছজনে কিন্তু বন্ধু হয়ে গেছি, — আমরা ছজনেই সাহিত্য ভালোবাসি কি না।

"মাহুষের সব কিছু আবিষ্কারের মধ্যে সাহিত্যই সেরা।" বিবর্ণ হাত দিয়ে ঠোঁট ছুটো ঘ'সে ও বলে—"আর ষতই জীবন থেকে দূরে সরানো, ততই স্থানর।"

সামার মনে হয়, ও ঠিক ক্লাতেই মরছে না,— ওর বুকের ঠিকু মাঝধানটাতে কে বেন স্থাবি চালিরেছে।

এই ক্লগী-আবাদে আসবার আটষটি দিন বাদে ও মারা গেল,—মৃত্যু ষথন কামড় বসিয়েছে, তথন ও থালি প্রলাপ বক্ছিল—"ফিমা,…সমস্ত জীবন…আমি ভালোবেসেছি তোমাকে একা…চিরকাল ফিমা…প্রিয়া…"

বিছানার পায়ের তলায় ব'লে ছিলাম আমি, আর ভোরা দাঁড়িয়ে ছিল ফিলিপফের পাশে, আর ওর প্রকাও থাবা দিয়ে ওর নোংরা চুলগুলি টানছিল। ওর বাছর তলায় একটা ছোট পুটলি।

"কি বলছে ও ?" ভেব্ড়ে গিয়ে ডোরা আমাকে জিগ্গেদ করলে—"কে এই ফিমা ?"

"একটি মেয়ে নিশ্চয়ই — যাকে ও এতদিন ভালোবেসেছে, এখনো বাসে।"

"ভালোবাদে ?—এই ফিমাকে ?" ভোরা মৃঢ়ের মতো চেঁচিয়ে উঠল—"না, না, ও যে আমাকেই ভালোবাদে। যে দিন ও এথানে এল, দেই দিন থেকেই-—"

কিন্তু ফের ফিলিপফের প্রলাপ শুনে ভোরা ওর মলিন ক্রনতা ছটি তুলে ওর ভিজা মুখটা জামাটা দিয়ে মুছে ফেলে সেই পুঁটলিটা আমার হাঁটুর ওপর ছুঁড়ে দিলে। বললে—"এই ওর শব আন্তরণ; মোজা, একটা দার্ট, আর কতকগুলি টিলা পাজামা।" তারপর ঘর ছেড়ে নিঃশব্দে চ'লে গেল।

প্রায় কৃড়ি মিনিট বাদে ফিলিপফের প্রলাপ থামল। ও থানিকক্ষণ শাদা দেওয়ালের মাঝে জানলার কালো গরাদটার দিকে আকুল চোথে চেয়ে থেকে দীর্ঘখাস ফেললে। কিছু বলতে চাইল হয়ত, গলা বুজে এসেছে। ঘুনে-থাওয়া ওর ছোট কুঁক্ড়ানো দেহটা মোচড় দিয়ে একেবারে টান, লখা হয়ে গেল—জগাধ শান্তি দ ডোরাকে ভাকতে গেলাম। ও ছাতে চুপ ক'রে দাঁড়িয়ে আছে,—আর ফে দ্বাস্থনীমার ছই কালো আকাশ আর পৃথিবীর বৃক তে বাঘেঁষি করে রয়েছে,—কে কোন্ জন চেনা বাক্তে না—সেই দিকেই ওর উদাস চোথ ছটি। ও ওর চ্যাপসা মুখটা আমার দিকে ফেরাল —সে মুখ কী কর্কশ ও নিষ্ঠুর। অন্তুত কিন্তু।

"ওর হয়ে গেছে। বাও, ওকে বা'র কব, ভোরা।"

"কক্থনো না।"

ভোরা ওর পা দিয়ে মাটি আঁচড়াতে লাগল।

"কক্থনো না।" ফের ও বললে—"ও রকম লোকের কোন কাজে আমি আসব না। ভাব, কি রকম লোক ? আমাকে বললে যে আমাকে নাকি ও ভালোবাসে, কিছ বরাবর $\cdots$ "

"হা, কিন্তু ও যে মরতে বদেছিল, তা বুঝি দেখনি ?"

"তাতে কি ? হাঁ, তা ত দেখেছিলাম; আমি ত আর কানা নই। আমার শেষ পয়সা ক'টি দিয়ে পর্যন্ত ওর জন্ম মৃত্যু-উপহার কিনে দিয়েছি। যেদিন ও আসে সেইদিনই মনে-মনে বলেছিলাম —আহা, বেচারা। …মরতে বসেছিল বটে। মরে ত সবাই। তার জন্যে মিপ্যা কথা কেন, —ঠকানো কেন ? আমি আর কাউকে ভালোবাসিনি'—আমাকে ও বললে ?—কেমন? - এই ত তোমার প্রিয়া কে. বেরিয়ে গেল। শহতবার শুসি মর, কিন্তু মিপ্যা কথা কয়ো না।"

চাপা গলায় कथा कहे हिल ७, আর যেন कि ভাবছিল।

হঠাৎ ও ফুঁ পিয়ে কেঁদে উঠল !—বেন বুক ভাঙা ছঃথ ! বেন এক বাটি ফুটস্ক গরম জল গিলে ওর সমস্ত বুকটা ও পুড়িয়ে ফেলেছে।

"এস ডোরা।"

"ভোমার যদি এতই দয়া হয়ে থাকে, তুমিই গিয়ে ওকে সাজিয়ে দাও। আমি কক্থনো যাব না। আমার কে ও ?···খেলনা একটা।"

"মরা মান্ত্রকে কি ক'রে সাজাতে হয় আমি যে জানি না।"

"আমার কি তাতে ? আমি ওকে চিনি না।"

"কিন্তু শত হ'লেও ও বে ম'রে গেছে।"

"কি হয়েছে তাতে? আমাকে নিয়ে টানাটানি করে। না। ওরকম লোককে আমি চোথ দিয়ে আর দেখতে চাই না।—ঠক, মিখ্যুক।"

শেষ পর্যস্ত ভোরা গেলই না. গোঁ ধ'রে একলা চুপ ক'রে ছাতে দাঁড়িয়ে রইল।
আমি যথন ফিলিপফকে সাজাঙ্ছিলাম, চাপা অথচ বুকভাঙা ককানি ভনে ছাতে
দোঁড়ে চ'লে এলাম।

মাহুবকে এক এক সময় জ্ঞান্ত অঞা বিসর্জন করতে হয়,—তাতে না থাকে

শীতসতা, না থাকে শাস্তি;—ভোরার চোথেও সেই আগুনের মতো অশ্র । মেঝের ওপর হাঁটু গেড়ে ব'সে ও ওর মাথাটা রেলিঙে কুটছে, আছড়াক্ডে, – ফুঁপিয়ে উঠছে, ককাক্তে—আর অনবরত চেঁচাক্তে গলা ফাটিয়ে—

"আমার উৎকট প্রিয়তম, - আমার কৃত্র রাক্ষ্স, - আমার ছাগল ছানাটা…"\*

সাত খুন সাপ

ফুর্তির ফুর্ফুরি! সেলা বসেছে!

ঝিস্থকের ছোট্ট নোলকটির মতোই মূখ,- কচি, টুলটুলে। বাপের হাতটা টেনে ঝুঁকে প'ড়ে বললে বাবা, ঐ ঘোড়াটা।

বাপ ধমক দিয়ে বললে—দ্ব বোকা মেয়ে! মেয়েমান্থৰ বৃঝি ঘোড়ায় চড়ে?
ফুল্রি কিনবি?

বাপ যত না করে, মেয়ে তত গোঁ ধরে ;—বাপ মেয়ের গালে, একটা ঠোনা বসিয়ে দিল।

না কেঁদে মেয়ে বায়নাটা আরো চেঁচিয়ে জাহির করে তথু। হাত পা ছোড়া ছেড়ে মিনতি করে বলে—দাও না গো। চাই না আমি তেলে-ভাজা।

মা-ছোড় মেয়ে—ক্সাওটা, নাছোড়বান্দা।

দোকানী হাঁকলে -দশ আনা---

বাপ মেয়েকে ছিনিয়ে আনতে পারে না, মেয়ে বসে পড়ে ঘোড়াটাকে **ত্র'হাতে** আঁকড়ে বুকের ওপর চেপে ধরেছে। যেন কতকাল পরে ওদের ছজনের দেখা,—
নতুন করে চেনাচিনি।

অগত্যা বাপ টাঁ যাক থেকে দশ আনা পয়সাই বের ক'রে দেয়।
বললৈ—রাতে কিন্তু এক মুঠো মুড়িও চিবোতে পারবি না রান্ধ্সি।
মেয়ে স্বচ্ছলে ঘাড় কাৎ ক'রে বলে—আছো। আজ আমার কিদে পায়ও নি।
কাঠের ঘোড়াটা একবার কাঁথে, একবার কাঁধে ক'রে চলে।

বাপ বললে - আমার কাছে দে! কেলে দিবি।

जूब दिक्तिय प्याप्त वनातन-जिम् ?

ভতেও এল ঘোড়াটা কোলে নিয়ে।

বাপ বললে—এ কি পোড়ারমূখী ? এটাকে বিছানায় ভূলছিস কেন ? রেখে আয় দাওয়ায়।

পকির ভারারি হইতে।

মেরে ভারিছি গলার বললে—হাঁা! বেখে আসি দাওরার ফেলে—আর রাজা-বাবুর ছেলেরা চুরি করে নিক!

ভারপর আর বৃথা কথা কয় না! বাপের আছেশ উপেকা করেই নিশ্চিম্ব মনে শোয়,—বোড়াটাকে বৃকে জড়িয়ে।

বাপ মেয়েকে ত্'হাত বাড়িয়ে বুকে টেনে আনতে চায়, মেয়ে ঝাম্টা দিয়ে বললে ও তা হ'লে কার কাছে শোবে ? একলা ? ঈস্ !—

অশত আর ঘেটু। জমিদার-বাড়ীর ঢ্যাপসা গছজ, আর কাহিল থ্তুরো পাতার কুঁড়ে। যেন হন্তমানের বগলের তলায় স্থের বোঁচ্ কাটা — ছেঁড়া চ্যাপটানো।

ভোরবেলা দাওয়ায় ব'সে, বুড়ো বেচারাম শিলে জল ঢেলে ক্ষ্রে শান দেয়।
জমিদার বাড়ীর মৃত্রি দড়ি-বাঁধা ঠুনকো কাঁচের চশমাটা খুলে রাথতে রাথতে
বললে দাড়িটা টেং দাও হে বেচু।

রোজ এমনি করেই বেচারা বেচারামের বউনি হয়—মাগনা। মৃ্ছরি এক আধ সময় বলে বটে—মাসকাবারে। তা, কাবার হয়, কিন্তু থাবার হয় না। বেচারামের টাঁয়ক হুটো অনবরত ফ্যা ফ্যা-ই করে।

তবুও কামাতে হয়। জমিদার-বাড়ীর দেউড়ি দিয়ে ছ্'বার বে যাওয়া আসা করে, তার প্রতাপে আর যাই হোক, বেচারামের শান-দেওয়া ক্ষ্রটা অস্ততঃ সায় দেয়।

নাকের ভগায় চশমা ঝুলিয়ে ঘাড়টা ছুলিয়ে ছুলিয়ে চলে তারপর।

কাঠের ঘোড়ার সঙ্গে মাটির মেয়ের নিবিড় জানাশোনা,—যেন এ জন্মেরই শুধু নয়। তথনো মাটি আর কাঠ কিছুই ছিল না।

পাঁচ বছরের মেয়ে কাঠের ঘোড়ার কারিগরের কেরামতি দেখে মনে মনে তারিফ করে। জিভ দিয়ে আওয়াক্ষ ক'রে মুক্তবির মতো বলে - ছাট্ ছাট্ —

কাঠের ঘোড়াও মাটির মেরের কারিগরের কেরদানিতে বোকার মতো মুগ্ধ হয়ে থাকে। তাই নড়ে না বৃঝি।—

বেশী সক্ষম নয় বলেই চলতে পারছে না ভেবে পেসাদি ঢেঁকিশাক থেকে স্থক ক'রে পেঁপে গাছের ভাঁট পর্যন্ত ছিঁড়ে ছিঁড়ে এনে ঘোড়াটাকে থাওয়ায় । তবুও ঘাড় বাঁকায় না দেখে ভাবে,—এ বুঝি একেবারেই শিশু। তাই আনাড়ী ঘোড়াটাকে কোলে ফেলে পেসাদি হাঁটু ছলিয়ে ছলিয়ে ঘুম পাড়ায়, আবোল ভাবোল ছড়াকাটে। ঘোড়াটা ঘুমোয় না হয়ত। তাই ফের কথন সওয়ার হয়ে ঘোড়ায় ওপর

এচপে বলে। নিজেই ঠেলে ঠেলে চলে ভারপর। তালে তালে বলে—গড় পড় গড়—

দাওদার এক ধারে ব'সে বেচারাম গামলাতে ভাতের ফাানু গালছিল। বললে — উন্থনের মধ্যে ছিটকে পড়বি পেদাদি।

খানিকক্ষণ ছুটোছুটি ক'রে হায়রান হয়ে পেসাদি চূপ ক'রে ব'সে থাকে— বোড়ার পিঠেই। হয়ত ভাবে।

হয়ত বা সেদিনের কথাই, যখন এই বুড়ী পৃথিবী পেসাদির মতোই পাঁচ বছরের টুলটুলে খুকী ছিল—নাকে চাঁদের চিকণ নোলকটি !···

তারপর হঠাৎ বোর ভেঙে গেলে পেসাদি বিগুণ উৎসাহে ঘোড়ার ঘাড়টা ধ'রে বিষম ঠেলা দিয়ে বললে—চল চালতাতলা।—রোগা ছুর্বল ঘোড়াটা একেবারে চিৎপাৎ হয়ে পড়ল পেসাদিকে শুদ্ধ ই। পেসাদির মুখ দিয়ে থালি বেরুল—এই বা—।

ব্দেশ উন্নের মতোই ভগভগে বেচারামের রাগ—বেন ক্লুটন্ত ফ্যান। পেলাছির মাথার সমন্তগুলি চুল একসঙ্গে মৃঠির মধ্যে থামচে ধ'রে দারুণ ঝাঁকি দিতে দিতে বেচারাম বললে মুথ থিচিয়ে—শারামজাদি, ফেললি—ফেললি তো ভেঙে দশ আনা দামের অলজ্যান্ত বোড়াটা।

লক্ষে চড় চাপড়, আর জিভের গোড়ার গালমন্দ বা আসে। তপ্ত খোলার থই কোটে।

—সভেরো দিন কামিয়ে সাতটা পয়সার আমদানী নেই,—বেটি, ছুঁচোর বাজা—

মা-ছোড় মেরে চাঁছা-স্থরে চেঁচার, আর মা'র মতো মাঝে মাঝে মরা বোড়ার পানে চার,—অসহার! চারটা পা একসঙ্গে বড়বন্ধ ক'রে থলেছে। মার সাঙ্গ হ'লে পেসাদি খোড়া ঘোড়াটাকে কোলে তুলে নিয়ে ওর গায়ে হাত বুলিয়ে দের, আর নিজের চোথের জল মোছে। ভাবে, ও বেন ওর রোগা ছেলে!

পরে ফুঁপোতে ফুপোতে বললে—আমার জিনিব আমি ভেঙেছি—

বাপ তেড়ে এসে মেয়ের কোল থেকে ঘোড়াটা ছিনিয়ে নিয়ে বললে—মর चুঁটে। পরে ঘোড়াটা চুলোর তলায় ঠেলে দিল।—কাঠের ঘোড়ার চিতা।

পুকুর জমিদারের, পুকুর-পাড়ের সজনে-গাছটা বেচারামের এলাকায়।
সেই সজনে গাছের তলায় ছাতা মাথায় দিয়ে ব'সে জমিদারের নাতৃস-তুত্ব দোল-পোবিন্দ ছেলেটা জলে ছিপ ফেলে চেয়ে থাকে, —পলক পড়ে না। গা বেয়ে ঘামু ঝরে, পাশের কুঁজো থেকে জল গড়িয়ে খায়,—মাঝে মাঝে পেছনে ব'লে চাকর পাখা করে —ঝিমিয়ে ঝিমিয়ে।

অপরাজিতা-লতার মতো গাঁরের বোঁ-টি, বেমন স্থামল, তেমনি ম্রে-পড়া। আলগোছে ঘোমটাটা একটু টেনে বলে—ভারি অস্থ ছেলেটার, একটু সন্ধনের ছাল বদি দেন—

গেঁরো মেয়ের গা ভরা সবুজ মাঠের স্বপ্ন, বুড়ো বেচারামের চোখ ছটো নরম হয়ে আসে।

পেশাদি তক্ষণি নোলক নেড়ে ঘাড় কাৎ ক'রে ব'লে উঠল—ইয়া, নাও না ৰত খুসি। আমাদেরই তো গাছ। মা'র হাতে পোতা। দেখবে চল কেমন আমি গাছটাকে ত্'হাতে জড়িয়ে ধরতে পারি—

বেচারাম আপত্তি করে না। চোখের জলে মৃছে-যাওয়া হৃদয়ের পুঁ থির ঝাপসা আখরগুলি যেন হঠাৎ ভাগর হয়ে ফুটে ওঠে;—বোকা নাপিত তাই প'ড়ে প'ড়ে বিভার হয়ে যায়। যেমন আখর কোটে তারার—রজনীগন্ধার।

ঐ বৌটিকে খেন ও চেনে। ঘোমটার তলায় যে চোথ ছটি দেখতে পায়নি, সেই চোথ ছটিকে!

তারপর শিলের ওপর ক্র ঘ'ষে ঘ'ষে শান দিতে থাকে।

বোটি ছোট ঘুটি হাতে ভোঁতা দা-টা ধ'রে বহু কষ্টে চেঁছে চেঁছে ছাল ছাড়ায়। পেসাদি ব'কে চলে। বলে—এই দেখ, কেমন মজার জিনিব,—তোমাদের আছে?

বৌটি সত্যিই অবাক হয়ে দেখে।—প্রকাণ্ড একটা উইর টিপি,—যেন প্রকাণ্ড একটা রাজা।

কি ব্যস্ততা! - বোটির ছটি চোখ জ্বলজ্ঞল ক'রে ওঠে। ভাবে, - এ জারেকটা পৃথিবী,—কি ভাবে, বোঝে না। পেসাদির টানা টানা চোখ ছটি দেখে রোগা ছেলের কথা মনে করে বুকটা টন্টন্ ক'রে ওঠে। আঁচলে সজনের ছাল বেঁধে নেয়। উঠোনটা পেরোবার সময় ভেমনি আলগোছে একটু ঘোমটা টানে।

রোক্ষই আদে ছাল নিতে। সন্ধনে গাছটা ছিল বলেই ত তবু মনে ক'রে আদে,—নইলে ত এতদিন ভূলেই ছিল। বেচারামের এক এক সময় ভারি ইছা হয়, বোটিকে ডধোয়—ভূমি এতদিন কোথায় ছিলে ? কিছ ঘোষটা ভূলে ফেললেই পাছে ও অচেনা, পর হয়ে যায়, সেই ভয়ে কিছুই বলতে সাহস পায় না। থানিক চোখ মেলে, পরে চোখ বুল্লে ওকে দেখে।

বৌটি আঁচলে ক'রে বেঁধে খই আর মৃত্তি নিয়ে আসে রোজ। উইর চিপিটার-চারপাশে সেগুলোর হরির লুট দের। বলে—এরাও তো প্রাণী। আমি তো আমার ছেলের কল্যাণে এতগুলো গরীব মাহ্যকে থাওয়াতে পারব না। এদেরই খাওয়াই, ভূমি চোখ মেলে দেখো হরিঠাকুর।

উইর রাজ্যে তোলপাড় লাগে,—মারামারি,— ভাগবাট্রা নিয়ে কামড়া-কামড়ি।
—যুদ্ধ,— বিপ্লব,—সভ্যব।

সেদিন গাছটার তুর্দশা দেখে বেচারাম একেবারে থামের মতো থ হ'রে গেল। গোড়ার দিকটা একেবারে ফাড়া হয়ে গেছে। বেমন রাগ বুড়োর,—শান দেওয়া ক্রের মতোই ধার!

অভ্যেস মতো সেদিনও বোটি এলে বেচারাম একেবারে ফেটে পড়ল—তুমি বজ্জ বেশি 'নাই' পেয়েছ, না ? কি করেছ গাছটার চেহারা ? এ কি তোমার বাপের জমিদারি নাকি ?

হুৰ্বল বৌটি ঘোমটাটা আরো একটু টেনে আন্তে আন্তে ফিরে যায়। আঁচলে-বাঁধা মুড়ির পুঁটুলিটা পথের ওপরই ছিটিয়ে দেয়।

রাগে গর্গর্ করতে করতে পেদাদিকে একটা অকারণ চড়<sup>্</sup>মেরে বেচারাম বগলের তলায় গামছার পুঁটলিটা নিয়ে বাজারে চ'লে যায় তারপর। বুকটা যেন কেন থালি থালি লাগে।

বোটি আর আসে না। ফের যেন ভূলে গেছে, —এমনিই মনে হয় বৈচারামের। অক্তমনস্কের মতো গাছের গোড়ায় পায়চারি করে একটু। গাছটা যেন অঞ্জজল ফেলছে। পরে উইদের বৃহৎ সংসাবের ব্যস্ত অভ্যস্ত জীবন্যাত্রা দেখে। তারপর ভাতের ফ্যান উতলে পড়ছে দেখে ছুটে যায়।

বৌটি আসে না। বৈশাথের ঝাঁঝালো বাতাসে বুড়ো বেচারাম খেন কোন্ ছেলে-হারা মা'র কাতর ককানি শোনে!

ষেন কোন্ বিরহিনীর -

বাজার থেকে ঘাড়ের ঘাম মৃছতে মৃছতে এসে বেচাঝাম উঠোনে দাড়াতেই,—
দক্ষিণ দিকটা কেমন যেন ফাঁকা ঠেকল। এগিয়ে এসে দেখল—একেবারে
ক্ষিকার।

সম্প্রে-গাছটার ভালগুলো সব কাটা, ঠুঁটো। তথু ধড়টা জড়িয়ে ধ'রে পেসাদি হাপুস চোথে কাঁদছে।

বেচারাম টেচিয়ে উঠল,—কি ব্যাপ্যার, রাক্সি?

পেসাদি বলে না, বলে জমিদারদের বেদরদী দারোয়ানটা। ব্যাপার বিশেষ কিছু
নয়, বড় রাজাবাবুর বঁড়শীতে একটা কাৎলা প্রায় কাৎ হয়েছিল, হেঁচকা টান মারতে
আচিতা/২/০০

শিকার তো ফদকালই, স্তো গিয়ে আটকালো সম্বনের ঠালার। ভাইভেই বার্ খায়া হয়ে গাছটাকে একেবারে বেকুব ক'রে ছাড়লেন।

বেচারাম বোকার মতো চেঁচিয়ে ওঠে,—ফেটে পড়ে বোমার মতো।—কে তোর বড় রাজাবাব্, নিয়ে আয় আঁটকুড়ের ব্যাটাকে,—দেখি তার ঘাড়ে ক'টা মাধা। ইয়ার্কি পেরেছে হেতা ?

দারোয়ানটা দাঁত দেখিয়ে হাসে।

বেচারাম কপাল কোটে গাছের গোড়ায়,—পেসাদি তেমনি ত্ব'হাতে জড়িয়ে কাঁদে,—যেন আবার মা হারিয়েছে।

থাবার আর মৃথে তোলে না,—অভ্যেস মতো দাওয়ায় ব'সে বেচারাম ক্ষুর শান দিতে থাকে। ভাবে, তৃটি থাড়ু হীন পারুল-পায়ে কেউ তার উদাস উঠোনকে চমকে পুকুর-পাড়ে যাবে না আর। তার যে আরেক ছেলে মরল—

ক্ষুর দিয়ে জমিদারের ছেলের দাড়িই পরিপাটি ক'রে কামিয়ে দিতে হবে,—এ পর্বস্থ ।

সেই বাতেই।

একলা একলা কাঁহাতক আর একছেয়েমি ভালো লাগে ? বিধাতা মাঝে মাঝে ম্থ বদলান। ছি চ্কাঁছনের হঠাৎ থেয়াল হল, কাঁদবেন, কুঁদবেন। আকাশের ঝাঁঝর। কুঁড়ে লাথো ফুটো দিয়ে কালা নামল মাটির পাঁজরা কাঁপিয়ে,—মীরের ষথন বা মর্চি।

কলে, ভূবো কমলের তলার জমিদারের ডাম্বেল-করা ভোমল-ছেলেটার ভূঁড়ি ফাঁপিয়ে চৌকস ঘুম হল, আর মরা সজনে-গাছের তলার উইর চিপিটা গেল ভেসে, হারিয়ে,—ছত্রধান হয়ে।

যুদ্ধ বেঁধেছিল, সাম্রাজ্যের ইস্তক কাবার হয়ে গেল। কিংবা মহামারীতে উজাড়,
—ভূমিকম্পে সাবাড়। আবার কি!

পেসাদি একটু হুতাশ করে, বুড়ো বেচারাম এক গর চেয়ে দেখে খালি ক্ষুর শানাতে থাকে—

বেন কিছুতেই মনোমতো ধার হচ্ছে না।

আধবুটে থোকার নতুন মর্জি, পিচকিরিতে রঙ ছুঁড়বেন। আকাশ গাচ নীল, মাটি পাংলা সবুজ, ফুলে ফুলে প্রজাপতির পাথায় রঙের দীপান্বিতা।—

অমিদারের হোঁৎকা ছেলেটার বিয়ে।

**.** 

বেচারাম বললে—বাঁশের কুল্ফি থেকে তোর মারের খাড়ু জোড়া বার কর শেলাদি— পেসাদি বললে—কোখা বাচ্ছ বাবা ? রাজাবাবুর বাড়ী নেমস্তলে যাবে না ?

— শেষ পুঁজি থাড়ু জোড়া নিয়ে বাজারে যাচ্ছি মা, বাঁধা দিতে। কে যাবে ঐ ছোটলোকদের বাড়ী ? আমরাও ফুর্তি করব আজ, —মায়ে-পোরে মিলে।

পেসাদি मृथ काँ ह्याहू क'रत बनल - वारत, याव ना वृक्षि नृष्ठि स्थरि ?

—আমরা হ্বন দিয়ে ফ্যান-ভাতই থাব, মা। ওদের চেয়ে ঢের ভালো—তারপর বাজারেই বায়।

ফিরে আসতেই পেসাদি হাঁপাতে হাঁপাতে বললে—পেট ভ'রে লুচি মোণ্ডা থেয়ে এলাম বাবা, সন্দেশ তিনটে খেয়ে, আরে৷ ···

বেচারাম ঠাদ ক'রে মেয়ের গালে এক চড় বসিয়ে দিয়ে রুখে বললে—পরের বাড়ীতে কেন থেতে গেলি পোডারমুখী ? বললাম না—

কোঁচড় থেকে চালগুলো রাগ করে মাটির গুপর ফেলে দিল। পেসাদি ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদে, আর মাটিগুদ্ধ চালগুলো গুছোয়।

বেচারাম ব্কের মধ্যে ছটি খাড়ুর রুত্ঠুন শোনে,—জলত ধ্বনি । পারে পারে, পাতাবাহারের পাতায় পাতায় পোকার পাথায় পাথায় খাড়ু বাজিয়ে কে বেন এল।

তারপর ও এক সময় নিজেই জমিদার বাড়ীতে থেয়ে যায়,—হয়ত তাকেই দেখতে।

থেতে থেতে ভাবে থাড়ু ত্'গাছি বাঁধা দেবার কি দরকার ছিল ? ষা হোক, পেট ঢাক করেই বাড়ী ফেরে—

দেখা হয় না। তথু তায়ে তায়ে বুড়ো বেচারাম খাড়ুর আওয়াজ শোনে,—আপন বুকের মধ্যে।—

বেড়া বেয়ে বেয়ে চালকুমড়োর ডগাটা আকাশের পানে আঁকুপাঁকু ক'রে উঠেছে। তুলতুলে ফুল ফুটতে দেখে পেদাদি হাততালি দিয়ে উঠল। বেন পেদাদিরই নাকে ঝিছকের ঠুনকো ছোট্ট নোলকটি। চালকুমড়ো লতাটা বে ওর সই।

বেচারাম বললে - আরো পুঁতে দেব বিচি,—বেচব। বেশ হবে।

পেলাদি ঘূটি চোথ চালকুমড়োর ফ্রফুরে পাৎলা ফুলের মতো কাঁপিয়ে বললে
--- তুমি আমাকে কাঁথে ক'রে তুলে ধরবে আর আমি ছিঁড়ে ছিঁড়ে ভালা তরব।

বেচারাম ছুই চোথের তরল লেহে ছুর্বল লতাটাকে ভিজিয়ে দিয়ে বললে—নাম্ক একবার বিষ্টি,—থন্থন্ ক'রে উঠবে।

ब्र्ज़ात्र कार्थ वाथ रत्र वात नाता। ভाবে म नव पितन कथा,---ब्र्ज़ात व्की

বেন এই পোড়া খোলার চাল, আর তার বুক জড়িয়ে লভিয়ে কার বেন অসংখ্য পেলব বাছ-লভার ব্যাকুলভা !···

नकान्दना मृहति वलहिन- এकर्षे मांजित्य वाश रहं त्वहू । दरंतिहि ।

বেচারাম বোধহর দাঁড়িয়েই গেছল একটু। কিছু বাজার থেকে অভাবনীয় রূপে সাড়ে তিন আনা পর্মা টাঁয়কে ক'রে নিয়ে আসতে আসতে বেচারাম হাঁচির বন্ধনামের ওপর দম্ভর মতো সন্দিহান হয়ে উঠল।

খাঁ থাঁ রোদ হঠাৎ কুটে কালো মেঘের আঠায় একেবারে লেপ্টে চেপ্সে গেল। দমকা হাওয়ার বেদম ধমক হৃদ্ধ হয়েছে, -- দেয়ার গমক। বেচারাম চিমিয়ে চিমিয়েই চলেছে, -- বগলের তলায় ক্যাকড়ার পুঁটলিটা। ভাবতে ভাবতে চলেছে, -- চৌদ্দটা পয়সা একসঙ্গে দেখে পেসাদির তৃই চোখ খানিক-আগের রোদে-উজ্জ্বল আকাশের মতো খুনিতে উছল হয়ে এখনকার ঠাও। আকাশের মতে সান্ধনায় শীতল হয়ে যাবে।

बानि । त्यात वृष्टि त्याय अन ।

বেচারায়ের হঠাৎ মনে পড়ল ছুঁচো মুহুরিটার হাঁচি । বুকটা ছাৎ ক'রে উঠল। মনে হল, সমস্ত আকাশ খেন হাঁচছে।

ঘরে এলো, বাতি বাতাসে নিবে গেছে। বেচারাম কুলুঙ্গি হাতড়ে দেশলাই বার ক'রে জালালে, দাওয়ায় উঠে; হাওয়ায় হারিয়ে গেল। ঘরে এসে জালালে এবার।

মাটির ওপর শোয়া পেসাদি--

সলতেটা বাড়িয়ে পিলফ্জের ওপর রাথতে রাথতে বেচারাম বললে ঠাগুার মাটির ওপর ভারে আছিন কেন ? রাধার কিছু জোগাড় করিন নি বৃঝি ?

খালি পুকুরের ভরপুর বুকে টুপুর টুপুর নৃপুর বাজে। পেসাদি টুও করে না, পাশ ফিরেও শোয় না, গা মোড়াও দেয় না। অন্ধকারের মত অচল।

বেচারাম এগিয়ে এসে দেখল,—নীল; মুখ দিয়ে ফেনা উঠছে।

ছু'হাত দিয়ে মের্য়েকে বাঁকি দিতে দিতে বললে - বুমিয়ে আছিস কেন লো ?' বিছানায় তবি চ। লুকিয়ে কি খেয়েছিস, রাক্ষ্সি ? বাব্দের ছোট দক্তি ছেলেটা বুঝি ঢিল ছুঁড়েছে আজো? নে ওঠ, পেসাদি, বুড়ো বয়সে সারাদিন হয়রানি ক'রে আর রক্ষ করতে পারি না—

বেজায় বুম পেসাদির,—ঘরের ও-কোণ থেকে কোন্ একটা প্রাণী ঘুম ভেঙে নিজের ছিপছিপে রুশ শরীরটি টান ক'রে সটান ঘরের বাইরে চ'লে যায় — বেচারাম ঠাহর ক'রে দেখল—ভোরা-কাটা সাপ! বিত্বাৎ-লতা বেমন অন্ধকার চুঁড়ে চুঁড়ে কী খুজে মরে, ভেমনি বেচারামের চামড়ার চোথ ছুটো চকচকে ক'রে উঠল। চাপা, বদা, ভাঙা গলায় কেমন একটা শব্দ ক'রে উঠল—বাঘের নিখাদের মতো!

হঠাৎ পেদাদির ছই গালে ঠাদ ঠাদ ক'রে কডগুলি চন্ড মারতে মারতে বলতে লাগল — ওঠ হারামজাদি, অবেলায় ঘুমোনো হচ্ছে ? ঘর বাঁট দেওয়া পর্যন্ত হন্ধনি ? লারাদিন কেবল খেলা, কেবল ছুটোছুটি ? ভিজেকাঠ ধরিয়ে কে এখন ফুঁদেবে ? —

অভিমানিনী পেদাদির মতোই আকাশ থেকে কে যেন ফুপোতে ফুপোতে বলছে—আমার জিনিষ আমি ভেঙেছি, তামার তাতে কি ?

বেচারাম ছুটে বাইরে বেরিয়ে এল বৃষ্টিতে,— হয়ত সেই সাপটারই খোঁজে। এদিক ওদিক ওপড়ানো সজনে গাছটার গর্তের কাছে, উজ্ঞার-করা টিপিটার পাশে সাপটাকেই চায় হয়ত। চায় হয়ত সাপের বন্ধু আকাশের বিভাৎকে, চাকুর চাবুক ক'রে যেন চাবকে চাবকে কাকে ঘেয়ো ক'রে দিতে চায়।

কিছুই না, – ভরম্ভ পুকুরের বৃকে বেহায়া শাপলা ছলে ছলে নাচে, নব নেবুর মৃত্
গন্ধে ভিজা হাওয়া উচাটন হয়ে চালকুমড়োর লতার জগায় আলগোছে চুমু দেয়।
আর জমিদার-বাড়ীর আন্তাবলের ঘোড়াটা পর্যস্ত—নাক ভাকিয়ে ঘুমোয়।

চালকুমড়োর লভা, - আর সাপ।

বিধাতার যখন যা থেয়াল, যখন যে রকম ফুটানি। কেঁচো আর কচ্ছপ।—
ব্যাপার বিশেষ কিছু নয়. জমিদারের ছোট ক্যাবলা ছেলেটা সহিসের ছঁকো
থেকে জ্বলম্ভ কলকেটা তুলে ছুঁড়ে দিয়েছে শ্ন্যে। দিয়েই বাহাছুর ছেলের বাহবা
আর ধরে না। কলকেটা পড়েছে গিয়ে খড়ের গাদার।

ঝামার মতো ঝাঁ ঝাঁ রোদ — চোথে ঝাল লাগে, কালা আ্বানের জিখা বেন ত্রের সঙ্গে একটু থোসগল্প করবার জন্ম আকালে উঠেছে।

পুকুর পাড়ে দাঁড়িয়ে বেচারাম হঠাৎ দাঁত কড়মড় ক'রে উঠল—বেশ হয়েছে।
যায় আগুনটা ও পাশ দিয়ে আগু বাড়িয়ে, ব্যাটাদের সর্বস্থ যায়,—আয়ার বেমন
পেসাদি গেল।

ভিড় জ'মে গেছে। পেদাদি থাকলে ও এদের মতোই চোখ ভাগর ক'রে আগুনের রাক্ষ্দেপনা দেখত।

পরের জিনিব পুড়তে দেখলে স্বারই মজা লাগে—
সহিস দারোয়ান চাকর বাকরয়া বাল্ডি নিয়ে ছুটে জল আনতে বাছিল,

জমিদারের বড় তরমূজ ছেলেটা থেথিয়ে ব'লে উঠল— কি হবে জল এনে ? যাক না এ ক'টা খড় পুড়ে !—

বেচারামের ইচ্ছা হল, সঙ্গে সঙ্গে এ জাম্বানটারও মৃথ পুডুক !

তা কি হয় ? হঠাৎ এক সময় আগুনের শিখা থামোকা বেচারামের চাল বেয়েই এল যা হোক!

ষেন চালকুমড়োর লতার জন্ম পেসাদি ওর চিতা থেকে বাছ বাড়িয়ে দিয়েছে !

বেচারাম বোকার মতো চীৎকার করে উঠল। তাড়াতাড়ি দারোয়ানের হাত থেকে বালতিটা কেড়ে নিয়ে ছুটে পুকুর থেকে জ্বল তুলে ছুটল ঘরের দিকে। ঐ একবারই। থালি নিজের তাকড়ার পুটলিটা বাঁচাতে পারল। কিই বা ছিল আর ?

ু সন্ধনে গাছটার কাটার পর ধেমন—তার চেয়ে বড় ফাঁকা, একেবারে আকাশের সঙ্গে কোলাকুলি। চাল নেই চুলোও নেই।

চালই খারাপ হয়েছিল খেলার,—যে খেলোয়াড় এমনি বেচালই খেলে। পাকা ঘুঁটি ঘরের কাছে এসে মারা পড়ে।

তারপর আবার সন্ধ্যা হয়, তারা ফোটে,— মরা মাদারের ডালে বাতাস কপাল কোটে, শেফালিকারা শিশিরের সঙ্গে ফষ্টি নষ্টি করে।

সারারাত হাতে কোন কাজ নেই। অগত্যা বেচারাম সারারাত বাইরে ব'দে ব'সে ভাঁতা ক্রটাতেই শান দেয়।

এক এক ক'রে গোনে। কাঠের ঘোড়া, সন্ধনে-গাছ, উইর চিপি, খাড়ু, পেসাদি, ঘর, আর চালকুমড়োর লতা; এক এক ক'রে সাত। বেচারাম আঙ্গুলের কড় গোনে —আর ক্রে শান দিতে থাকে।

বিধাতার সাত খুন মাপ।

কিন্তু আটবারের নার--

এমন কথা কি কেউ কোথাও গুনেছে ? বুড়ো নাপিত, গায়ের চামড়া বুলে পড়েছে, লাউবিচির মতো দাঁত, পথের লেড়িকুতার সামিল—সে কি না প্রতিজ্ঞা করে বিধাতার ওপর প্রতিশোধ নেবে ? কথা গুনে আকাশের তারাগুলি পর্যস্ত দাঁত বের ক'রে হাসে!

কিছুর মধ্যে কিছু না—হঠাৎ বেচারাম শান দেওয়া ক্ষটা দিয়ে **ঘাড়ে একটা** পোচ্ দিলে—

পরেই ভ্যাবাচ্যাকার মতো চেঁচিয়ে উঠে চুপ করে যায়। গোঙায়।

চেঁচানি ভনে মূছরি ছুটে এল কাছা খুলে। সংস্থ বিস্তর লোক। রজের ফিনিক। গৰুর গাড়ী করে লোকজন বোকা নাপিতকে পাশের সহরের হাসপাতালে নিয়ে গেল। এখনো প্রাণটা ফুটো দিয়ে বেরোয়নি।

তারপর আবার ভোর হয়ে আনে, ফিঙে ফড়িকের দল ফুর্ফুর্ করে উড়ে বেড়ায়, মাঠে গরুর হুধ দোয়ার শব্দ গরুর গলায় মৃত্ ক্ষণিক ঘণ্টাধ্বনির সঙ্গে মিশে বায়!

তিন বচ্ছর ধ'রে বুড়ো বেচারাম জেল খাটছে। কাল ছাড়া পাবে।

প্ৰা

## কবি সভ্যেক্সনাথ দক্ত

বাওলার আকাশে আবার নবীন নাল মেঘের মিছিল ছফ হল, কিছু বাওলার কাজরী পঞ্চাশৎ-এর কবি আর নেই। বর্ণার কবি বৃষ্টিকে সঙ্গে ক'রে এসেছিলেন আবার বৃষ্টিকে সাথে ক'রে নিয়ে গিয়েছেন। জানি না আজ বাওলার কোন্ ঘরে কোন্ ভাবুকের ত্ব'নয়নে ব্যথার কুয়াসা জমে এল এই বিরহী আষাঢ়ের কাজর কারা ভনে। আজ আযাঢ়কে অভিনন্ধন দেবার জন্ত সভ্যেক্রনাথ নেই। মনে হয় বাওলা সভ্যেক্রনাথকে ভূলে আছে। ভাই দেখি, পঁচিশে বৈশাথের জন্ম-ভিথি-উৎসব গুখু শান্তিনিকেতনের শাল-শিশুর প্রাক্ষণ-তলেই সারা হল, বাওলার ঘরে ঘরে সেউৎসবের বাতি জ্লল না।

শুভ পঁচিশে বৈশাখটি স্থন্দর ও পবিত্র করে তুলবার জন্ম বাঙলার ঘরে ঘরে কল্যাণী অন্তঃপুরলন্দ্রীরা সম্ভন্নান করে নব পুশ্মঞ্জরীতে গৃহপ্রান্ধ বিভূষিত করল না, শন্ধ-নির্বোবে পরীতে পরীতে কবির জন্মবার্তা প্রচার করল না, আনন্দক্তীর সমস্ত সংসারের বর্ণহীন বিরস আকাশকে রঙিয়ে দিল না। তাই যেমন দিনের পর দিন আসে তেমনি করেই লুকিয়ে লুকিয়ে দশই আঘাঢ় এসে চলে গেল। শুধু মর্মাহত আকাশ একবার শুমরে উঠে জন্ম হয়ে গেল। আর কিছু না! আমরা এখনো আমাদের দেশের সাহিত্যকে জাতীয় সম্পদ বলে ভাবতে শিখিনি। আমরা দেশকে ভালবাদি, মিধ্যা কথা!

সভ্যেদ্রনাথের কবিতার আনোচনা করবার ঠিক সময় এখনো আসেনি। কারো সাহিত্য সম্বন্ধে সভ্য বিচার করতে হলে তাকে একটু দূর থেকে দেখতে হয়।

বাঙলার কবিভার এখন যা স্রোভ চলছে সভোল্রনাথ ভার মধ্যে মিশে আছেন। তাঁকে বিচ্ছিন্ন করে দেখবার এখনো সময় হয়নি। তবে এটা খুব নিশ্চিন্তে বলা বেডে পারে যে বাঙলা দেশে আধুনিক যুগে এমন কোন কবি জন্মগ্রহণ করেননি, যিনি সভোজ্রনাথকে ডিঙ্গিয়ে রবীক্সনাথের পাশে গিয়ে বসতে পারেন। সভোক্সনাথ যেমন একজন ওস্তাদ technician তেমনি প্ৰকাণ্ড আৰ্টিষ্ট। তাঁব সমস্ত কবিতার স্থৰ কথাকে উত্তীর্ণ করে অপরপ পেয়েছে। ধ্বনিই তাঁর কবিতার প্রাণ, এবং এই ধ্বনিতেই তাঁর সমস্ত কবিতার impression। বাঙলা ভাষার পায়ের বেড়ী খুলে দিয়ে হাঁটতে শিথিয়েছেন ববীক্সনাথ, তাঁর পারে মুপুরও বেঁধে দিয়েছেন কিন্তু নাচতে শেখালেন সভোদ্র। আর সে নভোর কী বিলাস! যেন বিশ্ব-উর্বশী স্বর্গের সভার ভার বৌবন-পুশিত তহদেহলতা লীলায়িত ক'রে নৃত্য করছে ! লোহা-ঢালাইর মত বাংলা দাহিত্যের কামার-শালায় রবীননাথ জড় শক্ত ভাষাকে গলিয়ে তাকে দিলেন শ্রোত-গতি-বেগ, আর সত্যেন্দ্রনাথও সেই কারথানায় এই গুরুর কাছ থেকে শিক্ষা গ্রহণ ক'রে সেই পূর্ণ-উজানি স্রোতস্বতীকে শাখা প্রশাধায় প্রধাবিত ক'বে দিলেন। রবীক্সনাথের পর আর কেউ বাঙলা ভাষাকে এত নমনীয় ও এত গতিশীল করতে পারেনি, কথার ভাগুরে ভাষাকে এত সম্পংশালী কেউ করতে পারেনি সতোক্রনাথ চাডা।

আমাদের দৈন্ত দেশেও, ভাষায়ও। দেশের দৈশ্ত যুচল কি না জানি না, কিছ ভাষার দৈন্ত অনেকটা যুচেছে, বলতে পারি। আজ বে পরিপূর্ণ প্রচুর আবেগে বাঙলা ভাষার গোম্থী বয়ে চলল, সে এসে কোন মহাসাগরে লীন হবে কে জানে, কড ভঙ্ক উষর মৃত্তিকা রসাঞ্চিত হয়ে উঠবে তারও বা হিসাব কৈ ? রবীন্দ্রনাথ বদি সমস্ত বাঙলার মাথার মৃকুট, সত্যেক্তনাথ তার গলার মণিমালা!

সভ্যেক্তনাথের কবিতার আবার সহিষ্ণু স্থশামল বাঙলার রান আদ্র মাটির সৌরভ উঠছে ! বাঙলার কথায় সভ্যেক্তনাথের বৃক ভরে আছে । বাঙলার প্রীকে এমন সহজ্ব অনাভয়র ও শ্লিয় ক'রে আর কেউ আঁকেননি ।

মধ্ব চেয়েও আছে মধ্য —
সে এই আমার দেশের মাটি,
আমার দেশের পথের ধ্লা
থাটি সোনার চাইতে থাঁটি!
চন্দনেরি গন্ধভরা,—
শীতলকরা,—ক্লান্ধি-হরা

বেখানে তার অঙ্গ রাখি সেখানটিতেই শীতল-পাটি !

মউল ফুলের মালা মাথায়, লীলার কমল গন্ধে মাডায়, পায়জোরে তার লবঙ্গ ফুল অঙ্গে বকুল আর দোপাটি। নারিকেলের গোপন কোবে অন্নপানী জোগায় গো সে, কোলভরা তার কনক ধানে আটটি শীবে বাঁধা আটি।

সতোক্রনাথের এই বাঙলার কবিতাগুলি যেন নিরাভরণা রুশতরু খ্রামা পদ্ধীকিশোরীর মত। তার হই চোথে সন্ধার স্নেহ ভরা। বাঙলার কথা বলতে সভ্যেন্ত্রনাথের ছন্দ ও ভাব আহলাদে হলে উঠছে মৃত্যু হ। বাঙলার ছেলেরা ছুটির পর হলা
করতে করতে বাড়ী ফিরে চলেছে, তাদের চোথের জ্যোতি দেহের কান্তি ভাদের
ক্র্তির চাঞ্চলা ও প্রজাপতির মত লঘু নৃত্য দেথে কবি আনন্দে বিভোর হচ্ছেন।
এর মাঝে সত্যেন্ত্রনাথের প্রাণের সরসতার সন্ধান পাই। তিনি মুখ গোমরা করে,
কথনো নিজের দেশ বা জাতিকে নিজীব পদ্ধ ব'লে স্বাকার করেননি, তাঁর সকল
চিন্তায় ও কর্মে ছিল প্রচণ্ড নির্ভাকতা ও স্বহর্লত তেজ। তিনি আনন্দবাদী ছিলেন।
বিশাসেই বিশ্বেশ্বর—এ তাঁরও জীবনের মূল মন্ত্র ছিল। তাই তিনি নিজের দেশের
ভবিত্তৎ সন্থক্তে চিরদিন আশান্বিত ছিলেন। এবং এই আশার শন্ধ বাজিয়ে গেছেন
ভিনি—

তবু ওরাই আশার থনি—
সবার আগে ওদের গণি,
পদ্ম কোষের বজ্ঞমণি ওরাই গুব স্থমঙ্গল;
আলাদিনের মায়ার প্রদীপ ওই আমাদের ছেলের দল।

তাঁর 'ভাভারসির গানে' সভ্যি সভ্যিই রসের ভিয়ান উঠছে। বাঙলার প্রাণের মিটি একটি গছ ভাভে পাছি —ঠিক ভাভারসিরই মত। এমন মিঠা হাভের এত স্কুম্মর কবিভা আর পড়েছি ব'লে মনে হর না।

মিঠার মিঠা ! তাতারিদ ! তুমি কি মিটি !
বিধাতার এই স্পষ্টি মাঝে বাঙালীর স্পষ্টি !
প্রথম শীতে রোদের মত
তপ্ত যত মিটি তত,
মিতা তুমি পদ্ম মধুর—অমৃত বৃষ্টি !
লোভের জিনিষ ! তাতারিদি ! তুমি কি মিটি !

রদেব ভিয়ান্ বার করেছি আমরা বাঙালী,
বস তাতিয়ে তাতারসি, নলেন্ পাটালি।
রদের ভিয়ান্ হেখায় স্থক,
মধ্র রসের আমরা গুরু,
( আজ•) তাতারসির জন্মদিনেশ্ভাবছি তাই থালি—
আমরা আদিম সভা জাতি আমরা বাঙালী।

শব্দ-চয়ন ও সয়িবেশে তাঁর মত নিপুণ রূপদক্ষ বড় দেখা যায় না, এক বিদেশী রসেটি ও স্থইন্বার্ণ ছাড়া। কয়েকটি কথার আঁচড় কেটে একটি পরিপূর্ণ অ্ননর ছবি চোখের সামনে ফুটিয়ে ভোলায় তাঁর অপূর্ব ক্ষমতা। - 'ভাত্র-শ্রী' কবিতাটিভে বাঙলার ভামল অ্গন্ধ-ভিন্ধ রমণীয় মৃতিথানি কি অপরূপ করেই না ফুটেছে তাঁর নৃত্যশীল কয়েকটি কথার মোলায়েম রেখাপাতে!

ছাতিম গাছে দোল্না বেঁধে তুলছে কাদের মেয়েগুলি, কেয়া-ফুলের রেণুর সাথে ইল্শে গুঁড়ির কোলাকুলি; আকাশ-পাড়ার শ্যাম-সায়রে যায় বলাকা জল-সহিতে, ঝিল্লি বাজায় ঝাঁঝর, উলু দেয় দাছরী মন মোহিতে!

তাঁর 'চিত্র শরৎ' ক্ষবিতাটিও এমনি picturesque। ছটি সরল কথার আড়ালে একথানি ছবি টাঙানো

> তাল-বাকলের রেথায় রেথায় গড়িয়ে পড়ে জলের ধারা, স্ব-বাহারের পদ্দা দিয়ে গড়ায় তরল স্থরের পারা! দিঘির জলে কোন্ পোটো আজ আঁশ ফেলে কী নক্ষা দেখে, শোল পোনাদের তরুণ পিঠে আল্পনা যে যাছে এঁকে!

কবিতা যে শুধু কথার মিল নয়, সে যে একটা আর্ট, তা সভ্যেন্দ্রনাথের কবিভান্ন

পূর্ণমাজায় পরিক্ট। তার সমস্ত ছন্দের বন্ধনের মধ্যে তাবের মৃক্তির ঐশর্যা নিহিত রয়েছে। এই সভ্যেন্দ্রনাথের কবিতার বড় পরিচয়! তার 'কিশোরী' কবিতাটি ছন্দ্র-সম্পদে বতই স্থান হোক না কেন, কথার কেরামতি বতই থাক না কেন, সব কিছু মিলে বে ঐ কবিতাটি একটি চমৎকার রস স্পষ্টি, আট, একথানি হীরার টুকরো তা হটি চারটি লাইন পড়লেই বোঝা বায়। মনে হয় সভ্যেন্দ্রনাথ তথু কবিই নন, তিনি বেন water colour-এ ছবি আঁকছেন।

সে ৰে ঘাটে ঘট ভাষায় নিতি অঙ্গ ধুয়ে সাঁঝের আঙ্গে, मिथा भूर्निया हाँ ए जूव मिर्य नाय, চাদমালা তায় ভাসতে থাকে! জলের তলে থবর পেয়ে বেরিয়ে আদে মুণাল মেয়ে, কলমী-লতা বাডায় বাছ বাহুর পাশে বাঁধতে তাকে; তার রূপের শ্বৃতি জড়িয়ে বুকে চাদের আলো ভাদতে থাকে! সে ধূপের ধেঁায়ায় চুলটি শুকায়, বিনি স্থতার হার সে গড়ে, দোলন চাঁপার ননীর গায়ে আলোর সোহাগ ছড়িয়ে পড়ে! কানভা চাঁদ থোঁপা বাঁধে. পিঠ-ঝাঁপা তার লুটায় কাঁধে, তার কাজন দিতে চক্ষে আজো চোথের পাতায় শিশির নঁড়ে: সে বেনীতে দেয় বকুল মালা ৰিনি স্থতার হার দে গড়ে।

'ইল্লে-গুঁড়ি' কবিভাটিতেও তাই। একটি অতি সাধারণ তুচ্ছ জিনিসকে কথার রঙে কি স্থানর ক'রে ফুটিয়ে ভোলা। সমস্ত ব্যাপারটি যেন একটি অপূর্ব শ্রী লাভ করেছে। এই কবিভাটিতে আমরা তথু লঘু একটি ছন্দ পাই না, এর মাঝেও আমরা শ্রীমতী বাঙলার একটি অপরপ রমণীয়তা দেখতে পাছি। ইল্শে-গু ড়ি পরীর খুড়ি,— 'কাথার চলেছে ? ঝুমরো চূলে ইল্লে-গুঁ ড়ি মুক্জো ফলেছে ! ধানের বনের চিংডিগুলো লাফিয়ে ওঠে বাড়িয়ে নূলো; বাঙে ডাকে ওই গলাফুলো, আকাশ গলেছে; বালের পাতায় ঝিমোয় ঝিঁ ঝি

খু টিনাটি তৃচ্ছ জিনিসগুলিকে রঙিয়ে তোলায় তাঁর ভারি ওস্তাদি। স্বামী স্ত্রীকে 'ওগো' বলে সংখ্যন করছে – সেই মিষ্টি ছোট্ট ডাকটির মাঝে কি মধুই না লুকিয়ে! সত্যেন্দ্রনাথ তাকে ভাষায় ফুটিয়ে তুললেন —

ক্ষমৎ মাঠো এবং ক্ষমৎ মিঠে
এই আমাদের অনেক দিনের 'গুগো',
চাবের ভাতে সন্থ ঘিরের ছিটে
মন কাড়িবার মস্ত বড় Rogue-ও!
ফুল-শেষে সেই 'মৃথে-মৃথের' 'গুগো',
রোগের শোকের তৃঃথ-স্থথের 'গুগো'!
সব বয়সের সকল রসে ঘেরা,—
নয় সে মোটেই এক পেশে এক চোখো,
বাংলা ভাষা সকল ভাষার সেরা
স্পিম্ মধুর ভাকের সেরা 'গুগো'!

তাঁর 'সাড়ে চ্য়ান্তর' কবিতাটির মধ্যেও একটি অনাড়ম্বর ভাবের লাবণ্য আছে। একটি অশিক্ষিতা পরীবধ্ প্রবাসী স্বামীকে চিঠি লিখছে। চিঠিটির প্রতি ছত্তে একটি মধুর প্রীতি ও কোতৃকের নৃত্য — বা তথু আর্দ্রহার বাঙলার মেয়ের মনেরই বাদিলা। সভ্যেক্তনাথ তাকেও ভাষায় জীবস্ত করেছেন।

কিন্তু তাঁর বাঙলার প্রেমকে ভাজলামান দেখতে পাই, 'গঙ্গা-রুদি বঙ্গভূমিতে'। বাঙলার প্রতিটি তৃণ প্রতিটি গুলিকণা প্রতিটি জলবিন্দু তাঁর বুকে আনন্দের রোমাঞ্চ র্তুলছে। তিনি নেথানে বিশ্ব-বাওলার রাজরাজেখরী মৃতির ধ্যান করছেন সাধকের মতো—

কামরপা তুই কামাখ্যা তুই, দাক্ষায়নী দক্ষিণা, বিশ্বরূপা! শক্তিরূপা! নও তুমি নও দানহীনা! 'গঁম' ধাতু তোর দেহের ধাতু গঙ্গা-হুদি নামটি গো, গতির ভূথে চলিদ্ কথে, বাংলা! সোনার তুই মৃগ! চির যুবন্মন্ত্র জানিদ্ চির্যুগের রঙ্গিনী, শিরীষ ভূলে পান্-বাটা তোর ভুল্ল কদম-অঞ্চিনী!

রবীন্দ্রনাথ যে প্রেমে বিভোর হয়ে 'সোনার-বাংলা'র গান গেরেছিলেন, ভেমনি ক্রে সভ্যেন্দ্রনাথও গেয়েছেন—

কোন্ দেশেতে তরুলতা—
সকল দেশের চাইতে খ্যামল ?
কোন্ দেশেতে চল্তে গেলেই—
দল্তে হয় রে দ্র্কা কোমল ?

বাঙলার গঞ্চা পদ্মা মেঘনা তিন্ত। দামোদর কর্ণফুলী সত্যেঞ্জনাথের অন্তরে ভাবের মন্দাকিনী বইয়ে দিয়েছিল। স্থদ্র দাজিলিঙ থেকে স্থক্ষ ক'রে চট্টলা পর্যাস্ত কিছুই তিনি বাদ দেননি। চট্টলাকেও তিনি মহিমময়ীর মৃতিতে দেখছেন—

স্পরী তুমি কোমলে-কঠিন, বিরাজিছ কিবা গৌরবে, কঠিনতা তুমি চেকেছ সব্জে— সব্জ বনের সৌরতে; নীলিমা-ভামলে কঠিনে-কোমলে অপরপ রপ-ফুর্তি গো, চট্টলা! তুমি বঙ্গভূমির ভূবনেশ্বরী মূর্তি গো! হিন্দু-বৌজ-ম্সলমানের অভেদ-ধাত্রী চট্টলা! . কমনীয়া! তুমি সহ নমনীয়া রপসী:! কপাল-কুগুলা!

কিছ বাঙলার আর একটা রূপ আছে যা অনাহারে জীর্ণ, ভয়ে পাণ্ডর, দারিস্ত্রের প্রশীজিত, রোগে জর্জর, কুসংস্কারে কল্বিত; সত্যেন্দ্রনাথ ধূলিধুসর বাঙলার সেই মূর্ডিখানিও দেখেছেন, কিছ ভয় পাননি, আশা হারাননি। বাঙলা ভার শ্বশানের ব্বে পঞ্চবটি রোপণ করেছে। শত বন্ধন ছুংথের মধ্যেও মূক্তবেণীর গলা বলের কুলে মুক্তি পরিবেশন করে বাচছে। তাই তিনি লিখলেন—

মন্ধন্তরে মরি নি আমর। মারী নিয়ে বর করি,
বাঁচিয়া গিয়েছি বিধির আশীবে অমৃতের টীকা পরি'।
দেবতারে মোরা আত্মীয় জানি, আকাশে প্রাদীপ জালি,
আমাদের এই কুটীরে দেখেছি মাহুবের ঠাকুরালি;
ঘরের ছেলের চক্ষে দেখেছি বিশ্বভূপের ছায়া,
বাঙালীর হিয়া অমিয় মথিয়া নিমাই ধরেছে কায়া।
বীর সন্ন্যাসী বিবেকের বাণী ছুটেছে জগৎময়,
বাঙালীর ছেলে ব্যান্তে বৃষ্টে ঘটাবে সমন্বয়।

সত্যেক্তনাথের দেশপ্রীতি তাই বাঙলার মানচিত্রেই আবদ্ধ নয়, সমগ্র ভারতকে সেই প্রেম আলিঙ্গন করেছে। এবং অবশেষে এই প্রীতি দেশ কাল পাত্র অভিক্রম ক'রে সমগ্র স্বাষ্টির মাঝে এসে লীন হল। তিনি হিমালয়ের স্তব করছেন—'হিন্দুর ক্রদি-গগনের চির উজ্জ্বল শনী বারাণসীর বন্দন। গান গেয়েছেন, যেথানে নব নব আত্মার সঙ্গে নব নব আত্মার নবীন আত্মীয়তা চলেছে।

শুভরত পূজারীর মত তিনি ভারতের আরতি করছেন ছালিক্য ছলের অফুসরণে। আবেগে তাঁর ভাষা গদগদ হয়ে উঠেছে। তাঁর এ ধরনের কবিতাগুলি ধেকে স্পষ্ট বোঝা যায় বৈদিক শাস্ত্রে তাঁর বৃংপত্তি ছিল অপরিসীম। তিনি,শুধু ভার্ক কবিই ছিলেন না, তিনি ছিলেন বছবিগ্য পণ্ডিত, ক্বতী সমালোচক। তিনি পুরোণো শাস্ত্র ও কাব্য মন্থন করে নৃতন ভাবের অমৃত স্পষ্ট করেছেন। কাব্যে ও পুরাণে এইন কোন ছন্দ নেই যা সভ্যেন্দ্রনাথ বাঙলার সহজ্ব ক্রত গতিশীল ভাষায় গড়ে তোলেননি। তাঁর ক্ষমতা এদিক দিয়ে কবিতায় ও ভাষায় অক্ষয় হয়ে থাকবে।

জয় জয় ভারত ! বিশের গুতা !
পূথীর তিলক ! তীর্থজুতা !
মন্দার-মূকুল ! নন্দন চ্যুতা ! জয় ! জয় !
পদ্মের মেলায় লক্ষীর ছবি !
কাব্যের কবির তুই বান্ধবী !
নিকাম যাগের নিশ্বল হবি ! জয় ! জয় !

ভারতের বন্ধনের বেদনা নিরস্বর তাঁকে পীড়িত করেছে। তাই তিনি বন্দী ভারতের মৃক্তির স্তোত্ত রচনা করেছেন! সমসাময়িক কোন আন্দোলন বা প্রচেষ্টার কল্পনা থেকে সত্যেন্দ্রনাথ নিজেকে বিছিন্ন ক'রে রাথেননি। এর মাঝে তাঁর প্রকাণ্ড সহাম্ভূতির সঞ্চয় দেথতে পাই। 'জালিনওয়ালের জ্ঞালা' তাঁরও মর্ম স্পর্শ করেছিল।

ব্যারের প্রতি তিনি চিরকাল কিপ্তের মত মুবল প্রয়োগ করেছেন এবং বা কিছু বত্য হুগভীর বিশাল হুন্দর তার প্রতি তাঁর শ্রুদ্ধা ও প্রীতি ছিল অনির্বচনীয়। তাই তিনি বীর-বৈশ্বর মহাত্মা গান্ধীকে যে অপরূপ স্তোত্র রচনা ক'রে অভিনন্দন করেছেন, তাতে তাঁর নির্মল আকাশের মত উদার মহান চরিত্রের, বৃহৎ শান্দমান প্রাণের ও শক্তিমান নিরহন্ধার প্রেমের পরিচয় পরিক্ষ্ দেখতে পাই। এমন কবিতা বাঙলা দেশের সাহিত্যে অতুলনীয়। কবির পরিচয় বদি কাব্যই ঘোষণা ক'রে থাকে. তবে সভ্যেন্দ্রনাথ সত্যিসত্তিই সত্যেন্দ্র, দীপ্তিতে সে ভাস্কর, সীমাহীনতায় সে সমূদ্র, উদার্ঘ্যে সে আকাশ।

ক্ষাণের বেশে কে ও ক্লভন্থ - ক্লাণু পুণ্যহবি,—
জগতের যাগে সভ্যাগ্রহে ঢালিছে প্রাণের হবি !
কৌস্থলি-কুলি করে কোলাকুলি কার সে পভাকা ঘেরি,
কার মৃত্বাণী ছাপাইয়া ওঠে গব্দী গোরার ভেরী !
কোর টাকা কার ভিক্ষা-ঝুলিতে. অপরূপ অবদান,
আগুলিয়া কারে ফেরে কোটি কোটি হিন্দু-মুসলমান !
আত্মার বলে কে পশু-বলের মগজে ডাকায় ঝিঁ ঝিঁ
কে রে ও থর্ব সর্ব্ব-পূজ্য ? 'গাছিজী !' 'গাছিজী !'

এবং এই দেশ-পূজায় প্রণোদিত হয়ে তিনি দেশের কীর্তিমান ত্যাগী বিজ্ঞাহী বৈরাগী সম্ভানের যশোগাথ প্রচার ক'রে বেড়িয়েছেন। বে কেউ-ই 'ভয়-তরণের স্থধা-করণের উদাহরণের মালা' পূণ্য জ্যোতির জ্ঞালায় জ্ঞালিয়ে রেখে গেছেন, তিনি তাঁদেরই গান গেয়েছেন প্রাণ ভ'রে। তাঁর আদর্শ যে কত বড়, সে বে হিমাচলের চূড়া চূম্বন করছে তা বৃম্বতে পাই তাঁর এই সম্জ্র-নির্ঘোষের মত উদান্ত কবিতায়! তিলকের তিনি যে স্তোত্ত রচনা করেছেন তাতে তাঁরও শক্তিব্যঞ্জক দৃঢ় দৃগু কঠোর চরিত্তের পরিচয় পাই, বা ইস্পাতের মতই ধারালোও কঠিন!

সাচ্চা পুরুষ-বাচ্চা সে বে মর্দ্ধ তেজের ছবি—
নয় কোনদিন অন্ত জুজুর জয়ে;
জিকা-পদ্মী নয় জিখারী, নয় সে প্রসাদ-লোজী,
শান্ত কথা বল্ত গুজু হয়ে।
খোসামোদের তোষাখানার ছিল না তার ঠাই,
আড়াই-কড়ার অনারেব,ল্ নয়,
সে ছিল লোক-মান্ত তিলক, তুলনা তার নাই,
ভাতীয়তার তিলক সে অক্যা।

ভিনি এই স্থরে গোখ্লের গান গেয়েছেন। বে কেউ চরিত্রে তেজে সাধনার অসরত্বের অমৃত পান করেছেন তাঁদের স্বাইকে তিনি প্রমাণ করেছেন। রামমোছন নিবেদিতা বিবেকানন্দ রবাস্ত্রনাথ বিজ্ঞাসাগর জগুদীশচন্দ্র মধুস্থন দীনবন্ধ অক্ষরকুমার বিজ্ঞেলাল গোবিন্দদাস স্বাই তাঁর চিত্ত-তীর্থে আসন পেয়েছেন। তিনি বৈদীভূমক ছন্দে রাজর্বি রামমোহনকে বন্দনা করেছেন। বিদেশিনী নিবেদিতা তাঁর দেবতার্ক্রন পুণাবতী ভগিনী ছিলেন। 'বার্রসিংহের সিংহশিশু'র ভর্পণ করতে তিনি গাইলেন—

সেই বে চটি—দেশী চটি—বুটের বাড়া ধন,
বুজ্ব তারে, আন্ব তারে, এই আমাদের পণ;
সোনার পিঁড়ের রাথব তারে, থাক্ব প্রতীক্ষার,
আনন্দহীন বঙ্গভূমির বিপুল নন্দিগাঁর,

'সাগরে যে অগ্নি থাকে' সত্যেন্দ্রনাথই প্রথমে তা আবিষ্ণার করলেন বিভাসাগরের। মধ্যে। জগদীশচন্দ্রের স্থতি গানে তিনি গাইলেন—

মরমী তুমি চরম-থোঁজা মরম শুধু খুঁজেছ গো,
লক্ষাবতী লতার কি যে সরম তাহা ব্রেছ গো;
অজানা রাজপুত্র সম জড়ের দেশে এক্লাটি
পশিয়া নূপ-বালার ভালে ছোঁয়ালে এ কি হেমকাঠি!
হিম বা ছিল তপ্ত হ'ল মেলিল আঁথি মূর্চ্ছিত,
নূতন পরিচয়ের নব চন্দনেতে চর্চিত!
বনের পরী তুলিল হাই জাগিল হাওয়া নিশ্বাদে,
জড়েরা বলে মনের কথা তোমার প্রতি বিশ্বাদে।

কিন্ত খাদেশের মহাত্মাদেরই তিনি পূজা করেননি খালি, পৃথিবীর যে কেউ গোরবে ও ঐক্সল্যে মধ্যাহ্মার্ডণ্ডের মত উচ্চতম আকাশ-শিথরে আরোহণ করন্তে পেরেছেন তাঁদের স্বারই কাছে তিনি বিনীত ভক্তের মত কাব্যের শ্রদ্ধাঞ্চলি নিবেদন করেছেন। ম্যাকস্থইনির মৃত্যুতে তিনে গাইলেন —

কে তাহারে বন্দী করে ? ফন্দী এঁটে বাঁধ্বে কে সিদ্ধৃকে ?
মৃক্ত পুক্ষ, মৃক্তি তাহার হাতের মূঠার মৃক্তো হ'রে আছে;
'মৃক্ত হবই'! এ কথা যে বল্তে পারে জার ক'রে বৃক্ ঠুকে—
পাষাণ-কারা তাসের গৃহ, লোহার শিকল বার্ধ যে তার কাছে।

তিনি মৃত্যুঞ্জর কবি মনীধি: টলাইর, অগ্নি-সন্থ তেঞ্জনী বিশ্ববন্ধ উইলিয়ম ইেড-এর আরাধনা করেছেন। তাই তিনি 'সাত মনীবির বন্দনীর রাখালের' জরাদিনে ফুলের কাঁটার জালা সহ্ ক'রে যে অপরূপ শুব রচনা করেছেন ভাতে তাঁর নির্মূপ্ত পবিত্র বছল চিন্তথানি দর্শণের মত প্রতিভাত হচ্ছে। তাঁর মাঝে সন্ধীর্ণতার কুণ্ঠাক্রেদ ছিল না,:তিনি ছিলেন বন্ধহীন বাউল বৈরাগী।

তাই ত তোমার জন্মদিনের নাম দিয়েছি আমরা বড়দিন,
ন্মরণে যার হয় বড় প্রাণ, হয় মহীয়ান চিত্ত স্বার্থলীন
আমরা তোমায় ভালবাসি, ভক্তি করি আমরা অখ্টান,
তোমার সঙ্গে যোগ যে আছে, এই এসিয়ায় আছে নাড়ীর টান।
ওথানে ঠাই নাই প্রভু আর, এই এসিয়ায় দাড়াও স'রে এসে—
বৃদ্ধ জনক-কবীর-নানক-নিমাই-নিতাই-ভক-সণকের দেশে;
ভাব-সাধনার এই ভুবনে এস তোমার নৃতন বাণী লয়ে,
বিরাজ করো ভারত-হিয়ার ভক্ত মালে নৃতন মণি হয়ে।

এবং এই ঋষির ঋষি মহাপ্রাণ খৃষ্ট নৃতন মূর্তি পরিগ্রহ করলেন ধৈর্য্যসূচ জিফু এই মহাত্মা গান্ধীর মধ্যে।

সত্যেন্দ্রনাথের দেশপ্রীতির মধ্যে অন্ধতা ছিল না। তাই যা কিছু কুসংস্কারে আচ্ছন্ন, স্পন্দনের অভাবে নিবীর্য্য নিশ্চেতন, যা কিছু চিত্তের সন্ধার্ণতায় আন্ধ ও সীমাবন্ধ, তার প্রতি তাঁর বিজ্ঞাহ ছিল প্রচণ্ড ও প্রচুর! রবীন্দ্রনাথ তাঁর সম্বন্ধে বলেছেন—

অক্সায় অসত্য যত, যত কিছু অত্যাচার পাপ কুটিল কুৎসিত ক্রুর, তার পরে তব অভিশাপ বর্ষিয়াছ কিপ্রবেগে অজ্বনের অগ্নিবাণ সম, তুমি সত্যবীর, তুমি স্কুকঠোর, নির্মল নির্মাম, করুণ কোমল।

সভোজনাথের মধ্যে পাই প্রাচুর্গ্য, তেজ, দৃঢ়তা, শক্তি, সংযম যা আর কোন কবির মধ্যে পাই না। তাঁর বিজ্ঞাহের মধ্যে মাজলামি নেই, তা কেন্দ্রীভূত শক্তির সাহায়ে সংঘত ও ছির; আর এই সংঘমই আর্ট ও impression-এর গোড়ার কর্ত্তা। শক্তির পরিন্দুরণই তাঁর কবিতার বিশেষত্ব। অক্যায়কে তিনি চিরকাল শাসনি করেছেন। তাই 'মৃত্যুক্ষর্থরে' তিনি লিখলেন—

হার অভাগ্য ! বাংলা দেশের সমাজ-বিধির তুল্য নাই,
কুলটাদের মূল্য আছে কুলবালার মূল্য নাই !

কিশোর বারা প্রাণের টানে চাইবে তারা কিশোরী,
হার কি পাপে রয়েছে দেশ বিধির বিধান বিসরি ?

বেদিন দমরতী করেন অরম্বরে মাল্যদান,
তথন নারীর দেবতা হতে নরের প্রতি অধিক টান ;
আমরা এখন দিচ্ছি ভেঙে নারীর প্রাণের সেই মোহ,
পুরুষ নারীর মাঝে এখন কুবেররুপী কুগ্রহ।

সমাজের অস্তার উৎপীড়ন তিনি সইতে পারতেন না। রখুনন্দনের মৌলিকখ-হীন উন্থ-সংহিতার যে নির্জনা একাদশীর বিধান রয়েছে তাতে তিনি ব্যাখ্যা-কারের নীচতা ও নিষ্ঠুরতারই প্রমাণ দেখছেন। তাই তিনি বাঙলার ছেলেদের ভাকছেন—

কে নেবে এই পুণ্যব্রত ? কে হবে মার পুত্র গো ?
একাদশীর তেপান্তরে খুলবে কে জলসত্র গো ?
কে নেবে মন্দারের মালা মান্তজাতির আশীর্বাদ ?
আশার আছি দাঁডিয়ে বে তার করতে বিজয়-শন্ধনাদ।

সভ্যেন্ত্রনাথ অভেদের বেদ রচনা করেছেন। জাতির বন্ধন তিনি অভিক্রম করতে চেরেছেন। 'গো-ন আঁকড়ি গরুরা থাকুক, মাহ্ব মিলুক মাহ্ব সাথে!' জন্মের লক্ষে বে জাতির সম্বন্ধ, সেখানে জাতির বড়াই কোথার? জন্ম ত একটা accident। মহন্তব্যই জাতীয়ত্বের মাপকাঠি। পৈতা ত মোটে সিকি পরসার হতো। তাই তিনি আশার বাণী প্রচার করে গেছেন prophet-এর মতো বে—

আসিছে সেদিন আসিছে সেদিন
চারি মহাকাশ মিলিবে যবে,
বেই দিন মহা-মানব-ধর্মে
মহুর ধর্ম বিলীন হবে।

Patel bill পাশ করবার সময় টিকি-পদী সনাতনীদের বে শিবা-ছলোড় উঠেছিল ভার বাজ করে তিনি একটি অতি comic কবিতা রচনা করেছেন 'পাজিল শ্রেষার বা প্রসন্থ প্রতিবাদ '। এমন ধারালো ও বৃদ্ধিমান humour পূব মুর্জাত। তিনি বারাধানীকে উল্লেখ করে বললেন—

তুৰি কি কথনো করিতে পার গো শুটি অশুচির জেন ?
তুৰি বে জেনেছ চরাচর ব্যাপী চির জনমের বেন।
তথ ছইতে ত্রম অবধি অভেন বলেছ তুমি,—
তেনের গণ্ডী তুৰি রাথিয়ো না, অয়ি বারাণসী ভূমি!

ভাই ভিনি বেশরের মধ্যে দেবভাকে দেখলেন। নফর সূপুর মধ্যে ভিনি খৃষ্টকে দেশলেন; বে পত্তে অগোরব মানেনি, অস্পুত্ত মেধরকে বিপন্ন দেখে ভার উদ্ধারের ক্লম্ম অকাভরে নিজের প্রাণ বিসর্জন দিল।

রবীজ্ঞনাথ বে আনন্দে বলাকায় যৌবনের অর্চনা করেছেন, সেই আনন্দে সভ্যেক্সনাথও সর্জের ছত্ততলে যৌবনকে রাজটীকা পরিয়েছেন। বে পাতা শীতে জরার পীত হরে গেছে, যা কিছু শুকনো নিস্তেজ নিশ্চেই তাকে তিনি ভাল নাসেননি। তিনি সর্জ পাতার গান গেয়েছেন। যারা কাঁচা সাঁচা, যাদের মহা বাঁচার থেয়াল নেই, যারা ঝোড়ো হাওয়ার ক্রত্ততালকে ভয় করে না, যারা সভ্তেজ প্রাণের দীপার্থিতা জ্লেলে বসেছে, তাদেরই জয়গাথা তিনি রচ্না করলেন।
জগৎ মোক্লনাভের বয় নয়।—

> নয় দে **ডথ্ই** তত্বকণা নয় দে মাত্র মন্ততা, তরুণ বাহা তাহাই তথ্য,—বদ্হে সবৃদ্ধপত্র তা।

কিশপদের হাস্তে তরুণ হয়ে তরুর দল তরুণ হতে ভাকছে। ফুলবিলানী দ্বিন হাওয়া তার ফুঁরে তুলোট-পুঁথি উড়িরে দিছে। এর মাঝে সাল-প্রেলীডে ভিনি নবীনকে আহ্বান করছেন—বৃহৎ প্রাণের রসদ জোগাতে—

> জানিরে দে রে এই প্রভাতের নবীন প্রভার দেব্তাকে নৃতন হবার শক্তি চিরন্তন, ডুবিয়ে দেরে অন্থশোচন যা কিছু আক্ষেপ থাকে—

> > चाजरक काभा मव ए विमर्जन!

তাঁর 'জাগৃহি' কবিভাভেও এই নববোঁবনের ভোত্র। পুরাতনের জীর্ণ স্তম্ভ বিধীর্থ ক'বে বোঁবনের সিংহসূর্ভি বাইরে আসছেন। সর্বেপারা বটের বীজে ভবিক্সভের বনস্পতি বাস কর্ছে। পুরাতনের ভিষ টুটে নৃতন পাখী আঁথির আলোক দিয়ে অনুকারে আথি কোটাছে—ভারই জয়গান। তিনি জয়াইনী কবিতায় ভয়-পাঞ্ পাওবের বন্ধ-জনার্দনকে অভিনন্ধন দিছেন, রাসন্ত্যে বোঁবনের আনক্ষ হিল্লোলিভ ক'বে লোহার ভয়ন্তর কবাট বিচুর্ণ করে আসতে। তাই ভিনি সিন্ধ্-লোলাছ বিরাট বৃক্তর পাক্ষনে হুলবার জন্তে বন্ধুদের আহ্বান করছেন বন্ধরে দাছানো ওই জাহাজে চ'ড়ে লন্ধীর সন্ধানে বেড়িরে পড়তে। কাঁটার বৃক্ত

ঝাঁপিয়ে পড়বার জন্তে তিনি বৌবনকে ভাকছেন—শত অপথ আপদের মধ্যে।
মহেশবের কটাক্ষেতে কাঁটা যে কুস্থম শয়া হয়। যে কাঁটাকে কোল দিতে পারে
সেই ত শিব, নিকণ্টক! ডোবা-জাহাজ তুলবার প্রতিজ্ঞা ত খালি বৌবনেরই।
গাই-গোত্রের গ্রাম্য স্বার্থ ঘূচাবে ত এ যৌবনই। ষম্নার কালো জলের সঙ্গে
গঙ্গাজলের যে কোলাকুলি, তা ভুধু জলে জোয়ার এসেছিল বলেই বৌবনের
জোয়ার!

আমরা এতক্ষণ ভাবুকতার দিক দিয়ে সভ্যেশ্রনাথকে বুঝবার চেষ্টা করেছি। এখন তাঁর ছন্দের বিষয় নিয়ে কিছু আলোচনা করব। সত্যেক্সনাথ সারা সাহিত্য-कौरन ध'रत इत्कत त्वांका चाएं करत विक्रिताइन- এ अत्नत्कत अखिरमान, জানি। কিন্তু সত্যেশ্রনাথের ছন্দের বন্ধন ঠিক নদীর ছই পারে স্থীর তীরের বন্ধনের মতন। ইন্দ্রিয়ের বেদীর ওপরই তিনি অতীন্দ্রিয়ের মন্দির রচনা করেছেন। নদী ষেমন তুই কুলের সীমা বজায় রেখে আপন আনন্দে অভিসারিকা নটীর মত চলেছে দুরের যাত্রায় নব নব ছন্দে, তেমনি:সভ্যেন্দ্রনাথের কবিতা ছন্দের ক্র∾নে অহরহ সেই যাত্রার আনন্দ বিচ্ছুরিত ক'রে চলেছে। তাঁর সমস্ত কবিতা চলছে। কথার তক্মা এটে জাঁর ভাবগুলি দেপাইর মত সঙীন উচিয়ে দাঁভিয়ে রয়নি। তিনি ব'দে ব'দে মুদ্ত করতাল বান্ধাচ্ছেন না। তিনি বাউল হয়ে চলেছেন। কথনো বান্ধাচ্ছেন বানী, কখনো বা একতারা, কখনো বা খঞ্চনী, কখনো বা নূপুর। তিনি তাঁর কবিতাকে নদীর পারে নৌকার মত বেঁধে রাথেননি, তিনি তাঁর না' ভাসিয়ে দিয়েছেন। ছন্দ কুত্তিমতা হতে পারে, কিছু তার ভেতরেই স্বাধীনতার স্ফৃতি, মুক্তির আনন্দ। ্তিনি ভাবকে ছন্দের কারাগারে বন্দী ক'রে রেখেছেন। তিনি ভধু নীরস ছন্দের ভেষীবাজী দেখাতেই কবিতা লেখেননি, তাঁর অস্তরে যে রসের বেদনা বা অসামের কাকুতি উঠেছিল দেই অরপকে তিনি রূপ দিয়েছেন ছন্দে। ভাবের প্রতিমা হচ্ছে এই ছব্দ। পাথী ষেমন উড়ে চলে নীড় ছেড়ে আকাশের পানে পাথার ঝাপট্ দিতে দিতে, সভোজনাথের কবিতাও তেমনি ছন্দের ক্রন্দন-কলরোল তুলে ছুটে চলেছে ভাবের রথে চ'ড়ে সেই নিত্যকালের ও নিত্যলোকের আদিম রসিকের সন্ধানে। তিনি তথু ছন্দের পটুয়া ছিলেন না, তিনি ভাবেরই উপাসনা করেছেন ছন্দের भागाया ।

আর এই ছন্দের বর্ণচ্ছটায় তিনি বাঙলাভাষাকে অপরূপ সম্পৎশালী করেছেন।
তার হাতে পরিয়েছেন করন ও পায়ে বেঁধেছেন মঞ্চীর। বাঙলা ভাষা তাই ছন্দের
অহন্ধারে পৃথিবীর যে কোন সাহিত্যের সভায় শ্রেষ্ঠ আসন লাভের দাবী করতে
পারছে।

আধ্নিক যুগে যাঁরা বাঙলায় কবিতা লিখছেন তাঁদের মধ্যে রবীন্দ্রনাথ ও সত্যেন্দ্রনাথের চিছ্ক প্রতিমূহুর্তে পরিলক্ষিত হচ্ছে। সত্যেন্দ্রনাথও রবীন্দ্রনাথের পদতলে ব'সে রসের দীক্ষা নিয়েছেন। রবীন্দ্রনাথ ছিলেন সত্যেন্দ্রনাথের গুরু, তবে ছন্দের এই স্পান্দনের জন্ম তিনি রবীন্দ্রনাথকেই গুরু স্বীকার ক'রে এসেছেন! বাঙলার সাহিত্য-আকাশে এই ফুটি সুর্য্য চন্দ্র অক্ষয় হয়ে জন্সবে।

আগেই বলেছি সত্যেক্তনাথের সমস্ত ছলের মধ্যেই যাত্রার আনন্দ বাজছে। সব চলছে। কেউই থেমে রয়নি। তাই তিনি গিরি-দরী-বিহারিনী চঞ্চলনৃত্যা ঝর্ণায় এই যাত্রার আনন্দগান শুনছেন—যেন ঝর্ণা উতরোল সিন্ধুর সন্ধানে যাত্রা করেছে।

ঝর্ণা ! ঝর্ণা ! স্থন্দরী ঝর্ণা !
তরলিত চন্দ্রিকা ! চন্দন-বর্ণা !
স্থান্দল সিঞ্চিত গৈরিকে স্থর্ণে,
গিরি মল্লিকা দোলে কুম্বলে কর্ণে,
তমু ভরি যোবন, তাপসী অপর্ণা !
ন্ধর্ণা !

পান্ধীর গানেও চলার ছন্দ বেন্ধে চলেছে। ছয় বেয়ারা পান্ধী নিয়ে বেমন ফ্রন্ড তালে ছোটে, তাঁর কবিতাও তেমনি তালে ছুটেছে; ফ্রা—

পেরজা পতি
হলুদ বরণ—
শশার ফুলে
রাথ্ছে চরণ!
কার বহুজি
বাসন মাজে?
পুকুর ঘাটে
ব্যক্ত কাজে;
এঁটো হাতেই
হাতের পোঁছায়
গায়ের মাথার
কাপড় গোছায়।

যথন পান্ধী বইতে বইতে বেয়ারারা ক্লান্ত হয়ে এল, তথন তাদের সেই ক্লান্তির স্থাটি অবধি তিনি কথায় ধরে ফেললেন--- পাকী চলে বে !

অল চলে বে !

আর দেরী কত ?

আরো কত দ্র ?

"আর দ্র কি গো ?

ব্ডো শিবপুর

ওই আমাদের ;

ওই হাটতলা,

ওরি পেছুখানে
বোষেদের গোলা।"

তিনি চরকার গানে চরকার ছন্দকে বাঁধলেন। তাঁর ছন্দের এই বিশেষত্ব বে তিনি অবিকল কবিতার তালের সঙ্গে কথাবন্তর সম্পর্ক রেখেছেন, চরকার গানকে পরারের ছন্দে লেখেননি।

ঝর্কার ঝুর্ঝুর ফুর্ফুর্ বইছে !
চর্কার বুল্বুল্ কোন্ বোল্ কইছে ?
কোন্ ধন দরকার চর্কার আজ গো ?—
কিউড়ির খেই আর বউড়ির পাঁজ গো !
চর্কার ঘর্বর পল্লীর ঘর-ঘর !
ঘর-ঘর ঘি'র দীপ,— আপনার নির্ভর !
পল্লীর উল্লাস জাগ্ল সাড়া—
দাঁড়া আপনার পায়ে দাঁড়া ।

মাঝিরা দ্বের পাল্লা দিয়েছে পালীতে। মাঝিদের দাঁড় কেলার ভালে ভালে তিনি ছন্দ রচনা করলেন। তিনি ত্রিপদীতে পালীর গান লেখেননি।

চূপ্, চূপ্,—এই ডুব
ভায় পান্কোটি,
ভায় ডুব চূপ্, চূপ্,
ঘোমটায় বউটি।
বক বক কল্সীয়
বক বক শোন গো,
ঘোষ্টায় কাক য়য়,
য়ন উয়ন গো!

এই ছন্দে চলার মধ্যে বেশ একটি ধীর ও সংবত আনন্দ ররেছে। কিছ বিশা সম্থীন দেখে তারা দাঁড় খুব কবে ধরে ভাড়াভাড়ি নোকা চালাচ্ছে। সেই ছন্দ—

পাঁচ পীরেরই শীর্ণি মেনে
চপ্রে টেনে বইঠা হেনে;
বাঁক সমূথে, সাম্নে ঝুঁকে
বাঁর বাঁচিরে ডাইনে কথে
বুক দে টানো, বইঠা হানো—
লাভ সভেরো কোপ-কোপানো।

শাবার প্রাপ্ত হয়ে সবাই চলেছে খুব আন্তে বেয়ে। বিপদ শার নেই। ভখনকার ক্লান্তির স্থর:—

> ফিরছে হাওয়া গায় ফ্র্-দেওয়া, মালা মাঝি পড়ছে থ'কে; রাডা আলোর লোভ দেখিয়ে ধরছে কারা মাছ গুলোকে!

তাঁর 'খুম্তি-নদীতে'ও নদীটি তহুগাত্রী কিশোরীর মত লখু ছন্দে ঠুম্রী তালে নেচে চলেছে। তাঁর কবিভার আর কতগুলি ছন্দের নম্না দিছি। এগুলি একদিকে বেষন তাঁর শব্দনিবাঁচন ও ভাবব্যস্থনার অসীম ক্ষমতার পরিচয় দিছে অক্তদিকে তেমনি ভাষার লালিভ্যে কবিতার কথাবস্তকে অনিব্চনীর স্থন্দর করে তুলেছে। ভাবের নগ্নতা ভৃগু করতে পারলেও মুখ্ধ করতে পারে না। ছন্দের অবশুঠন টেনে সভ্যেন্দ্রনাথের কবিতার রূপ-প্রভার আর অন্ত রহল না।

(۲)	সেখা	তন্ত্ৰ বি	বীন্কার	মৃহ্ণ ল	गोत्र !
	শৈৰা	মের্ঘন্	শীর্বন		
	<b>লে</b> থা	वर्राष	পৰ্কভ	ৰছু ত	ঠাম !
	নে বে	ত্ৰ্গম	ত্ত ব	ৰক্ষেত্ৰ	थान ।

## খাবার খার এক রকম

(২) আহা ঠুক্রিয়ে মধু- কুল্কুলি
পালিয়ে গিয়েছে বুলবুলি ;—
টুল্টুলে ভাজা ফলের নিটোলে
টাটুকা ফুটিরে বুল্বুলি !

গোৱী ও (৩) বাহুপাশে বাধাবাছ **\*** করে একি কোলাকুলি ভৃপ্তি ও किका । একি বেনী-কালো চুলে পিছলে वक ! খুচে গেল কালো-গায় গোরা-গায় वन्य ! স্থী-স্থথে मृत्थ मृत्थ ହୁହ୍ଁ ନି:-नका ! জয়তু ব-यूनां अत्र ! जर्म जर्म গঙ্গা!

(৪) Young Lochinvar-এর হন্স-

खरे	সিন্ধুর টিপ	সিংহল দ্বীপ	কাঞ্চনময়	टानमा !
उंश	ठम्मन चांत्र	অঙ্গের বাস	তামূল-বন	क्म।
যার	উত্তাল তাল-	কুন্দের বায়—	মছর নিশ্-	শাস্!
আর	উচ্ছল যার	অম্বর, আর	উচ্ছन यात्र	হাস !

তাঁর 'হরমূক্ট' কবিতাটি যেন পাহাড়ের চূড়া ক্রমশ অতিক্রম করে যাচ্ছে, ধাপের পর ধাপ। ওঠবার ছন্দ!

(৫) হর মৃ- কুট! হরম্- কুট!
ভূ-ম্বর- গের অংমের-কুট
গগনে প্রায় ভিড়ায়ে কায়
করিতে চায় ভারকা লুট!

(৬) আবার—

সত্যেক্সনাথ সংস্কৃত ছব্দের মৃত হস্ব দীর্ঘের উচ্চারণ অহুসরণ করেননি; বাঙলার স্বভাবত উচ্চারণের কোন ভেদ নেই, তাই তিনি বাঙলা উচ্চারণেকই অহুসরণ করেছেন। সংস্কৃত ছন্দ্রশাস্ত্রের অনেকগুলি কঠিন ছন্দ্রকে তিনি বাঙলা রূপ দিরেছেন। একটুখানি নম্না দিরেই তিনি ছেড়ে দেননি। বতদ্র সম্ভব ও দরকার তত্তদ্র তিনি সেই ছন্দ্রে uniformity বজায় রেখে টেনে নিয়ে গিয়েছেন; তার জন্তে ভাব তার কোন কালেই থর্ব হয়নি; বরং মারো মাঝে চমৎকারকে লাভ করেছে। কঠিনতম পঞ্চামর ছন্দ্রক্রেও তিনি রূপ দিয়েছেন—'ব্লিক্কুতাওবে'—

প্রাচীন জগৎ গুঁড়াও এবং ন্তন জ্বন গড়াও হেলায়,

উঠুক্ কেবল 'ববম্' ববম্' চতুঃসীমার বেলায় বেলায়।

অত্র পৃত্র বহুদ্রায়

ও নীল মৃঠার জানাও পেৰণ !

জানাও সোহাগ কী ভীম ভাষায়!

প্রেমের ক্ধার কী অন্বেষণ !

यामिनी ছम्म्य উपार्यण-

উড়ে চলে' গেছে বৃশ্বৃশ্,

শৃক্তময় স্বৰ্ণ পিঞ্চর ;

. ফুরায়ে এসেছে ফান্তন,

र्यावत्मत्र जीर्न निर्जत्र।

মেঘদ্তের মন্দাক্রাস্তা ছন্দে তিনি বর্ধার বোধন করেছেন—
পিক্লল বিহ্বল ব্যথিত নভতল কই গো কই মেঘ উদয় হও,
সন্ধ্যার ভক্রার মৃরতি ধরি আজ মক্র মহর, বচন কও;
সংর্ব্যের রক্তিম নয়নে তুমি মেঘ, দাও হে কজ্জ্জল পাড়াও ঘুম,
বৃষ্টির চুম্বন বিথারি চলে যাও অঙ্গে হর্বের পড়ুক ধুম।

শাদূল বিক্রীড়িত ছন্দের নম্না-

সিন্ধুর রোল

মেৰে ভিড়্ল আৰু,

গরজে বাজ,

ৰিছাৎ বিলোল-

রক্ত চোথ!

ঝঞ্চার দোল

সারা স্টিময়—

कारा धनमः

ভাওৰ বিভোল—

ছায় ছালোক!

বে বৌবন কল্পনায় ভাবে ও অন্থয়াগে গোলাপের মত অগদ্ধ-আকুল ও রাম-বস্তুকের মত রঙীন, সে বৌবন সত্যেক্সনাথের ছিল না। তাঁর বৌবন ছিল মহীক্তের - মত নির্তীক বলিষ্ঠ ও দৃঢ়। তিনি বে করেকটি lyric লিখেছেন তা অতুলনীয়। তাঁর গুজরাতী গর্বা একটি অপূর্ব রয়। সেই ছন্দে লেখা, এবং বিরহের কোনাম আকুল।

পাব্ব না এক্লাটি আজ বরে পাব্ব না বইছে !

চাঁচ ভাকে পাপিয়াকে ছুচৌ কথা কইছে !

নিরালার কোল ভরা

যুল জাগে জালো-করা,

(स्ट कात प्न्रिष् गरेला।

जबरे भाषात्र-भाता

জ্যোছনাম মাভোয়ারা

দিশেহারা হল হাওয়া চৈতে।

কী ফুল কোটায় হাম ছনিয়ায় চোথের চাওয়া!

চোখেৰ চাওয়ায় কভ হাবানো, পাওয়া ৷

চোধে চোধে দেয়া নেয়া

চোখে পাড়ি চোখে খেয়া

**চাহনিতে हिन्ही राज्या**!

চাহনির উড়ো পাথী

का रुख मिला कांकि।

ट्राप्य-ट्राप्य हात्मनी-हाख्या !

তাঁর 'কাজরী-পঞ্চাশং'-এ বর্ণার ভিজা দিনে মাটির ব্যাকুল গজের সঙ্গে সঙ্গে কালয় থেকে আনন্দের ব্যাকুলতা উঠেছে —

ভোমরা চোখে কাজল দিয়ো

হরিণ-লোচনা।

ওই কাজলে আমরা করি

काष्ट्री ब्रह्मा।

**७३ काषरन** रग्न तभा मकन

ৰাম্প জোছনা,

थरे काजरन छेजन दिशा

লুকাম শোচনা।

তার 'কুছুম-পঞ্চাশৎ'-এ অনুরাগের গান---

- नथी वाबीब लाल वन् कि वन हित्त ?

— याथि अनाव कुँ फ़ि महे ! निडा फ़िरा !

সমূহাগের স্বাবীর

. जाद जन हु'बाधिद

গাঁচা হোলির খেলা হার ইহাই নিরে।

সভোজনাথ চিরকাল আনন্দ ও বৌবনের তর্ণণ করেছেন। তাঁর কবিভার মধ্যে বার্থতা বা ব্যাকুল বেদনার হুর ছিল না। তাঁর আবেগ সমুদ্রের মত উদ্দাম নয়, ব্রুদের মত প্রশাস্ত।

অনেকে সভ্যেক্সনাথকে প্রথম শ্রেণীর কবি বলে শীকার করতে চান না, কারণ তাঁর বেলীর ভাগ কবিতাই দেশ বিদেশের কবিদের কবিতার অমুবাদ। কিছ বারা তাঁর অমুবাদ-কবিতাগুলি ভাল করে পড়েছেন তাঁরা সহজেই বুঝতে পারবেন সভ্যেক্সনাথের কবি-প্রতিভা সেই অমুবাদে নৃতন শক্তিতে পরিস্কৃরিত হয়েছে। রবীক্রনাথ এই সম্পর্কে যা বলেছেন তা অক্ষরে অক্ষরে সভ্যি—"অমুবাদগুলি বে অমান্তরপ্রাপ্তি। আত্মা এক দেহ হতে অক্ত দেহে সঞ্চারিত হইয়াছে ইহা শিল্পকার্য্য নহে, ইহা স্প্রীকার্য্য। বাংলা সাহিত্যে এ অমুবাদগুলি প্রবাসী নহে, ইহারা অধিবাসীর সমস্ত অধিকারই পাইয়াছে—ইহাদিগকে পূর্ব্বনিবাসের 'পাস' দেখাইয়া চলিতে হইবে না।" তার অল্প অমুবাদ-কবিতাতেই বিদেশের গন্ধ মিলবে, সভ্যেক্তনাথ অস্বাদের বিশেষত্ব। এমন কি মাঝে মাঝে তিনি বিদেশী ছন্দ অবধি বজার রেখেছেন। ত্ব-একটি নুনমুনা দিলেই বোঝা যাবে। পার্শী-কবি অর্দেশর থ্যবর্দার-এর গুজরাতী অজুনী ছন্দে লেখা খোকা কবিতাটি বাঙলা তেমনি ছন্দেই লেখা—কে বলবে এ অমুবাদ ?

হাস্ তুই খেপ্ তুই কলরব কর্ তুই
স্থমধুর হাসি দিয়ে ম্থথানি ভর্ তুই
বাপ মার কোল জুড়ে থাক স্থলর তুই
থোকা তুই ভালো থাক রে।

করাসী মেয়ে-কবি মার্গেলিন ভালমোর-এর 'থুকীর বালিশ' কবিতাটি ভারি মিষ্টি। সভ্যেন্দ্রনাথের অহ্বাদ পড়ে কেউ বৃষবে না বে, এংমৌলিক নয়। এত সোজা ভর্জমায় এত মিষ্টম শ্কিয়ে রয়েছে বে বলা বায় না।

> আমার ছোট বালিশটিরে ! কি মিটি ভাই তুই, ভোর উপরে মাধা রেখে রোজ আমি ঘুমূই। আমার জন্তে তৈরী তুমি, কেমন তোমার গা, তুলোর ভরা তুলতুলে, আর কিছু ভারি না। আকাশ বধন ভাকছে, বালিশ ! ভাঙছে ঝড়ে দেশ, ভোমার ভিতর মুধ লুকিয়ে ঘুমুই আমি বেশ।

জাপানী মেরে ওহাক প্রজাপতির মন্দির-কৃষ্টিমে জাছ পেতে বসে বরের প্রার্থনা করছে। কে বলবে ও নোগুচির লেখা ? অহবাদক বেন নিজেই কবিতা লিখছেন মন থেকে। তিনি অন্ত দেশের বধুকে ধেন নিজের ঘরে এনে জালতা কৃষ্কুম অবঞ্চঠন সিন্দুর দিয়ে সাজিরে দিয়েছেন—

"দাও হেন বর সাগরের মত গম্ভীর ধার বাণী, আন্-ভূবনের অজানা স্বর্জি পরাণে মিলাবে আনি, কল্প আঙুলে ফুটাবে ষে মোর সকল পাপড়িগুলি !" ওহারুর প্রাণে চন্দ্রমল্লি रहती भून **ए**ठि ज्नि'। "দাও হেন স্বামী যে আমার পানে চাহিবে সহজ স্থথে.---বে চোখে খামল প্রান্তর চায় উষার অরুণ মুখে; চুম্বনে যার তরুণী ওহারু নারী হবে রাতারাতি।" अशक्त कार्थ ठक्तमञ्ज. ঢুলে চেরীফুল-গাতি।

সত্যেন্দ্রনাথ এমনি ক'রে সাহিত্য-মহাপীঠ থেকে বিন্দু বিন্দু ক'রে তীর্থ সলিল সংগ্রহ করেছেন। তিনি বে বছ বিভায় পারদর্শী ছিলেন, অনেক ভাষায় বে তাঁর জ্ঞান ছিল, তাঁর এই রাশি রাশি বিভিন্ন ভাষা থেকে চমৎকার স্থন্দর অহ্বরাদগুলি থেকেই সত্যিই বোঝা বাঁয়। তাঁর প্রবল ও প্রচণ্ড স্বাদেশিকতা তাঁকে সঙ্কীর্ণমনা করেনি। তিনি সকল দেশের রসিক সাহিত্যিকের সঙ্গেই পরম আত্মীয়তা অহ্ভব করতেন। এবং এই আত্মীয়তার রাখী পরিয়ে সকলকেই তিনি বাঙলার সাহিত্য-মগুণে নিমন্ত্রণ ক'রে এনেছেন। বে-কেউ স্থন্দরের তপস্থাকার, যে-কেউ শিল্প-কলায় নিত্যকালের রসিককে বন্দনা করেছে তাকেই তিনি প্রণাম করেছেন। তাঁদের লেখা অহ্বরাদ ক'রে তিনি একদিকে বেমন তাঁর অস্তরের ভক্তি জানিয়েছেন, তেমনি বাঙলা ভাষাকেও সমৃদ্ধ করে তুলেছেন। তাঁর নিমন্ত্রণে গংক্তিবিভাগ ছিল না। সমস্ক

কবিকেই তিনি এক ছন্ততলে স্থান দিয়েছেন। ক্ষিয়ার কবি লার্মন্টক, রেলাইরেক, টলইর; ক্রান্সের পল্ ভার্পেল, মিস্তাল, আলপ্রে দে মৃদ্যে, আঁপ্রে শেনিয়ে, ভল্টেরার, লেঁজং দি লিল প্রভৃতি; ইংলণ্ডের শেলী, কাঁটস্, ব্রাউনিং, য়েটস, ব্রীজেস্, স্থউনবার্ণ প্রভৃতি; পোলাণ্ডের দিছিভিচ্, ক্রেড়িক নীছি; বেল্জিয়ামের মেটারলিয়, মন্তনাইকেন প্রভৃতি; ইতালির দাস্তে বোয়ার্দো পেত্রার্ক; আমেরিকার পো, ছইটম্যান; জাপানের নোগুচি; চীনের লো-তৃং; স্পেনের লোপ ভি ভেগা প্রভৃতি পৃথিবীর বহু বহু কবি ও রসিকেরা তাঁর নিমন্ত্রণে অতিথি হয়ে বাঙলার সাহিত্য-সভা উজ্জল করেছেন। এবং এই নিমন্ত্রণে সত্যেন্ত্রনাথই সম্মানিত হয়েছেন বেশী।

কিছ তিনি তাঁর প্রাণের পরিপূর্ণ প্রীতি-অর্য্য স্থাপন করেছিলেন রবীন্দ্রনাথের পরমপদমূলে ! তাঁর মত রবীন্দ্রনাথকে কোন কবি এত celebrate করেননি । তাঁর কবিতার রবীন্দ্রনাথের নিত্য আনন্দ-উৎসব জমেছে । তাঁর এই রবীন্দ্র-প্রীতি থেকে তাঁরই সরস স্বিশ্ব স্থাণের স্থান্দের স্বাদ পাচ্ছি । কবির মর্য্যাদা করে তিনি নিজ্বের কবিতাকেই সোন্দর্য্য ও মর্য্যাদা দান করেছেন । বাঙলার প্রোরবের নিথি সত্যেন্দ্রনাথেরও বুকের কৌন্তভমণি ছিল ! রবীন্দ্রনাথের স্বেছ তাঁর ছিল প্রকাণ্ড বিত্ত । তিনি রবীন্দ্রনাথের জয়গানে নিত্য মাতোরালা ।

জগৎ-কবি-সভায় মোরা তোমার করি গর্ব্ব, বাঙালী আজি গানের রাজা, বাঙালী নহে থর্ব্ব।

তাঁর 'অর্থা' 'আভূাদয়িকে' 'দিখিবরীতে' 'মালাচন্দনে' 'পরমারে' 'কবি-ব্রুবিলীতে' সব খানেই কবি-প্রশস্তি-স্তোত্ত উঠছে। প্রদ্ধা-হোমে তিনি গৌড়ী গায়ত্তী ছন্দে কবিগুরুর স্তব করছেন।

> জয় কবি ! জয় জগৎ প্রিয় ববেণ্য হে বন্দনীয় ! অগমশ্রুতির শ্রোত্রিয় ! জয় ! জয় !, পাবনী-বাগদেবীর কবি ! পাবীর বীর গায়ন রবি ! পুণ্য পাবকছবি । জয় ! জয় !

তাঁর সঙ্গে সমস্ত বাঙলা বিশ্বকবি-ছত্ত্রপতিকে নমস্বার করছে—
চারি মহাদেশ যার ভক্ত, করে ভক্তিনিবেদন,
শুদ্ধ বলি শ্রমা সঁপে উবোধিত শাস্থা অগণন.

ভাবের ভূবনে দার চারি সুগে আসন অক্স,

যার দেহে মৃতি ধরে ঋবিদের অমৃত অভয়,

অমৃতের সন্ধানী বেইধ্যানী হে নিবৰ্শ সাধনায়—

নমন্ধার! নমন্ধার! বার্শার তারে নমন্ধার!

'বে ভারা হারাল ছ্য়ভি বে পাখী ভূলিয়া গেল গান, এ সংসারে কোখা ভার স্থান ?'

সভ্যেত্রনাথের অকাল ভিরোধানে বাংলা সাহিত্যের কি ভীবণ ক্ষতি হয়েছে ভা
আমরা আলো ববীক্রনাথের ছায়ার তলায় বসে বৃশ্বতে পারছি না। তিনি নানান
গ্রাম্য ও অপত্রংশ শব্দে বাঙলা ভাষাকে পরিপুষ্ট ও বেগবান করেছেন। তিনি
বে-বিষয় নিয়েই কবিতা লিখুন না কেন, তাঁর হাট-হন্দ সমস্ত জেনে লিখতেন। তাঁর
বৃহৎপত্তি ছিল অসাধারণ। তাঁর 'দিল্লী-নামা' কবিতা তার সাক্ষ্য দেবে। মৃত পত্রের
দল বেষন তরুণ কিশলয়ের মধ্যে আবার জয়লাভ করে, তেমনি সভ্যেক্রনাথও নবীন
কবিদের কবিভায় বারে বারে জয়লাভ করবেন। বে সমৃক্রে বান ভাকালেন
রবীক্ররাথ ও বে সমৃক্রে-পান্দী দোলালেন সভ্যেক্র, সে পান্দী চড়ে বহু কবির দল
বিরাট উত্তাল উমি ভেদ করে স্বন্থ্রের আশায় পাড়ি জমাল ব'লে। সভ্যেক্রনাথের
অপরিপূর্ণ লাধনা ভবিশ্বতের প্রচেটার মধ্যে পূর্ণভা লাভ করবে।